সংক্ষিপ্ত ভৈষজ্যতত্ত্ব।

বা

মেটিরিয়া মেডিকা সার-সংগ্রহ

অর্থাৎ

ব্রিটিশ্ ফার্মাকোপিয়া গৃহীত সমুদয় ঔষধ-দ্রব্যের সংক্ষিপ্ত বিবরণ।

শ্রীরাধাগোবিন্দ কর এল্, আর্, সি. পি.

প্রণীত।

তৃতীয় সংস্করণ।

(সংশোধিত ও পরিবর্দ্ধিত।)

SANKSHIPTA BHAISHAYATATTVA

OR

NOTE-BOOK OF MATERIA MEDICA

BY

R. G. KAR L. R. C. P.

THIRD EDITION.

1905.

Calcutta.

PUBLISHED BY GURUDAS CHATTERJEE,
201, CORNWALLIS STREET, BENGAL MEDICAL LIBRARY
PRINTED BY T. C. ASH, AT THE VICTORIA PRESS.
2, GOABAGAN STREET.

তৃতীয় সংস্করণের ভূমিকা।

পূর্ব্ব সংস্করণ নিঃশেষিত হওয়ায় এই সংস্করণ প্রচারিত হইল। ইহা সঙ্কলনে নূতন ব্রিটিশ্ ফার্মাকোপিয়া অনুলম্বিত হইয়াছে। আশা করি, ইহা দ্বারা চিকিৎসকগণের ও পরীক্ষার্থীদিগের সহায়তা হইবে।

১লা জুন্ ১৯০৫।

সূচিপত্র।

বিষয়।	পৃষ্ঠা।
উপক্রমণিকা	১
ঔষধের তৌল ও পরিমাণ	২
ঔষধ-দ্রব্যের প্রয়োগরূপ সকলের বিশেষ বিবরণ ...	৩
ঔষধ-প্রয়োগ-বিবরণ	১২
মাত্রা-নির্ণয়	১৫
ব্যবস্থাপত্র বা প্রেস্কৃপশন্স্	১৭
ব্যবস্থাপত্রানুসারে ঔষধ-বণ্টন প্রণালী ...	১৯
ঔষধ-দ্রব্য সকলের ক্রিয়া এবং আময়িক প্রয়োগ ...	২১
ঔষধ-দ্রব্য সকলের শ্রেণীবিভাগ ...	২৪
১। যে সকল আণুবীক্ষণিক উদ্ভিদ্ জীব বা কীট মনুষ্য-শরীরে বিবিধ উৎপাত উৎপাদন করে, অথবা শরীরের বাহিরে তাহাদের দ্বারা যে সকল প্রক্রিয়া সাধিত হয়, তাহাদের উপর কার্য্যকারক ঔষধ সকল	২৪
২। যে সকল ঔষধ দ্রব্য রক্তের উপর কার্য্য করে ...	২৭
৩। যে সকল ঔষধ হৃৎপিণ্ডের উপর ক্রিয়া দর্শায় ...	৩০
৪। যে সকল ঔষধ রক্তবহা নাড়ী সকলের উপর কার্য্য করে	৩১
৫। যে সকল ঔষধ-দ্রব্য চর্ম্মের উপর কার্য্য করে ...	৩৪
৬। যে সকল ঔষধ-দ্রব্য মূত্রবিধানের উপর কার্য্য করে ...	৩৬
৭। যে সকল ঔষধ-দ্রব্য শারীরিক সন্তাপের উপর কার্য্য করে	৪০
৮। যে সকল ঔষধ-দ্রব্য শ্বাস ক্রিয়ার উপর কার্য্য করে ...	৪৩
৯। যে সকল ঔষধ-দ্রব্য পরিপাক-যন্ত্রের উপর কার্য্য করে	৪৭
১০। যে সকল ঔষধ-দ্রব্য স্নায়বীয় ও পৈশিক বিধানের উপর কার্য্য করে	৬৬
১১। যে সকল ঔষধ-দ্রব্য জননেন্দ্রিয় সম্বন্ধীয় যন্ত্রের উপর কার্য্য করে	৭৫
১২। যে সকল ঔষধ-দ্রব্য পরিবর্ত্তন-ক্রিয়ার উপর কার্য্য করে	৭৭
ঔষধ-দ্রব্য ও প্রয়োগরূপ সকলের বিবরণ ...	৭৮
নির্ঘণ্ট	২৪৬

নূতন (১৮৯৮ খ্রীঃ) ব্রিটিশ্ ফার্মাকোপিয়ায় যে সকল পরি-বর্ত্তনাদি হইয়াছে তাহাদের সংক্ষিপ্ত বিবরণ।

ঔষধ দ্রব্যের বলের পরিবর্ত্তন।

ঔষধ-দ্রব্য	পরিবর্ত্তন	মাত্রা
য়্যাকোঃ ক্লোরোফর্ম্ঃ	পূর্ব্বতন বলের অর্দ্ধেক	½—২ আং
ডিকক্ঃ গ্রেনেটিঃ কর্টিঃ	পূর্ব্বতন বলের দ্বিগুণ	
এম্প্ল্যাস্ঃ মেন্থল্	কিঞ্চিৎ ক্ষীণতর	
একষ্ট্রঃ বেলাডন্ঃ য়্যালক্ঃ	পূর্ব্বতন বলের প্রায় এক-তৃতীয়াংশ	¼—১ গ্রেং
,, নিউসিস্ ভম্ঃ	পূর্ব্বতন বলের প্রায় দ্বি-তৃতীয়াংশ	¼—১ গ্রেং
,, ওপিঃ লিকুঃ	মর্ফাইন্ শতকরা ৭৫, ৭·৫ ; অরিষ্টের অনুরূপ বল	৫—৩০ মিং ⅛—১ গ্রেং
,, কাইসষ্টিগ্ঃ	পূর্ব্বতন বলের এক চতুর্থাংশ	
ইন্ফঃ ক্যারিয়োফিঃ	ম্যাস্যারেশন্ প্রক্রিয়ার সময় হ্রাস করা হইয়াছে, ও বলের কিঞ্চিৎ পরির্ত্তন হইয়াছে	½—১ আং ½—১ আং ½—১ আং
,, ক্যাস্ক্যারিল্ঃ	,,	১—২ আং
,, চিরাটিঃ	,,	½—১ আং
,, আর্গটিঃ	,,	½—১ আং
,, রিয়াই	,,	
,, সার্পেন্ট্ঃ	,,	৫—১০ মিং
ইঞ্জেকঃ য়্যাপোমর্ফঃ হাইপোডার্ম্ঃ	১১০ মিনিমে ১ গ্রেণ্	২—৫ মিং
,, মর্ফাইঃ হাইপোঃ	টার্ট্রেট্ সহ প্রস্তুত, পূর্ব্বতন বলের প্রায় অর্দ্ধেক	
ল্যামেলী কোকেয়িনী	পূর্ব্বতন বলের চতুর্গুণ	

ঔষধ-দ্রব্য	পরিবর্ত্তন	মাত্রা
লিনিঃ সিনাপিস্	কিঞ্চিৎ উগ্রতর	
,, টেরেবিন্থ্ঃ	পূর্ব্বতন অপেক্ষা কম টার্পেণ্টাইন্ আছে	
লাইকর্ ; এপিস্পাষ্টিঃ	পূর্ব্বতন বলের দ্বিগুণ	
পাইল্যুঃ ফস্ফরঃ	,,	১—২ গ্রেঃ
স্পিঃ ক্যাজুপাট ঃ	পূর্ব্বতন বলের পাঁচগুণ	৫—২০ মিঃ
সিনেমমঃ	,,	৫—২০ মিঃ
,, জুনিপরঃ	,,	২০—৬০ মিঃ
,, ল্যাভেণ্ড্ঃ	,,	৫—২০ মিঃ
মেন্থঃ পিপ্ঃ	,,	৫—২০ মিঃ
,, মাইরিষ্টিঃ	,,	৫—২০ মিঃ
সাপোঃ মর্ফাইন্	পূর্ব্বতন বলের অর্দ্ধেক	
সিরাপ্ ফেরি আইয়োড্ঃ	১১ মিনিমে ১ গ্রেণ্ ফিরাম্ আইয়োডাইড্	½—১ ড্রাঃ
		½—১ ড্রাঃ
,, জিঞ্জিবারঃ	এক-তৃতীয়াংশে উগ্রতর	
টিংচার্ সকল	নিম্নলিখিত অরিষ্ট সকল ভিন্ন সকল গুলির সমান মাত্রা—	½—১ ড্রাঃ
টিংচুরা	য়্যাকোনাইটিঃ, বেলাডনঃ, ক্লোরোফর্ম্ঃ এটঃ মর্ফ্ঃ কক্সাই, কল্‌চিঃ সেম্ঃ, জেলসিমিঃ, লোবেলঃ ইথর্, নিউসিস্ ভমঃ, ওপিঃ, পডফিল; সিলি ষ্ট্রাম্নঃ, ষ্ট্রোফ্যান্থ্ঃ, ডিজিটালিস্।	৫—১৫ মিঃ
আঙ্গুঃ য়্যাসিড্ঃ বোরিঃ	কিঞ্চিৎ ক্ষীণতর, এক্ষণে শতকরা প্রায় ১০ অংশ	
,, ,, কার্ব্বলিক্ঃ	কিঞ্চিৎ ক্ষীণতর, শতকরা ৪ অংশ	
,, ,, স্যালিসিলঃ	ক্ষীণতর, শতকরা ২ অংশ	
,, য়্যাকোনিটিঃ	উগ্রতর শতকরা ২ অংশ	
,, য়্যাট্রোপিঃ	সামান্ত পরিবর্ত্তিত, শতকরা ২ অংশ	
,, বেলাডনী	উগ্রতর, সমগ্র উপক্ষার শতকরা প্রায় ৩ অংশ।	

ঔষধ-দ্রব্য	পরিবর্ত্তন	মাত্রা
আঙ্গুঃ ক্যান্থারাইড্ঃ	কিঞ্চিৎ ক্ষীণতর, শতকরা প্রায় ১০ অংশ	
,, ক্রিয়োজোট্ঃ	কিঞ্চিৎ ক্ষীণতর, শতকরা ১০ অংশ	
,, ইউকেলিপ্ট্ঃ	পূর্ব্বতন বলের অর্দ্ধেক	
,, গ্যালী	কিঞ্চিৎ উগ্রতর	
,, ,, কাম্ ওপিঃ	উগ্রতর, এক্ষণে শতকরা ৭½ অহিফেন	
,, হাইড্রার্জ্ঃ কোঃ	ক্ষীণতর, এক্ষণে শতকরা ১৯½ অংশ পারদ	
,, ,, নাইট্রেঃ ডিল্ঃ	ক্ষীণতর, এক্ষণে শতকরা ২০ অংশ উগ্র মলম	
,, ,, অক্সাইঃ রুব্রাঃ	কিঞ্চিৎ ক্ষীণতর, শতকরা ১০ অংশ	
,, ,, সাব্ক্লোরঃ	কিঞ্চিৎ ক্ষীণতর, শতকরা ১০ অংশ	
,, প্লাম্বাই য়্যাসেট্ঃ	কিঞ্চিৎ উগ্রতর, এক্ষণে শতকরা ৪ অংশ	
,, ,, কার্ব্ঃ	কিঞ্চিৎ ক্ষীণতর, এক্ষণে শতকরা ১০ অংশ	
,, ,, আইয়োডিঃ	কিঞ্চিৎ ক্ষীণতর, এক্ষণে শতকরা ১০ অংশ	
,, ষ্টাফিসেগ্রাঃ	পূর্ব্বতন বলের প্রায় অর্দ্ধেক	
,, সাল্ফিউরঃ	পূর্ব্বতন বলের অর্দ্ধেক, এক্ষণে শতকরা ১০ অংশ	
,, ,, আইয়োড্ঃ	ক্ষীণতর, এক্ষণে শতকরা ৪ অংশ	
,, ভেরাট্রাইন্ঃ	উগ্রতর, এক্ষণে শতকরা ২ অংশ	

প্রস্তুত প্রণালীর পরিবর্ত্তন।

ঔষধ-দ্রব্য	পরিবর্ত্তন	মাত্রা
ষ্যাসেট্ঃ ইপিকাক্ঃ	তরল সার হইতে প্রস্তুত; ২০ তে ১	১০—৩০ মিঃ
ষ্যাকোঃ ক্যাম্ফর্ঃ	স্পিঃ ক্যাম্ফর্ সহযোগে প্রস্তুত, ১০০০ এ ১	
কন্‌ফেক্ঃ সাল্‌ফিউরিস্	গ্লিসেরিন্ সংযোজিত হইয়াছে	
এম্‌প্লাস্ঃ বেলাডন্ঃ	তরল সার হইতে প্রস্তুত	
,, ক্যান্থিরিডিস্	প্রস্তুত করিতে মাইরিষ্টিসি তৈল পরিত্যক্ত হইয়াছে	
,, প্লাইসিন	মাইরিষ্টিসি তৈল পরিত্যক্ত হইয়াছে	
,, রেজিন্	কার্ড্ সোপের পরিবর্ত্তে হার্ড্ সোপ্	
,, সেপোনিস্	কার্ড্ সোপের পরিবর্ত্তে হার্ড্ সোপ্	
এক্‌ষ্ট্রাক্ট্ঃ আর্গটী	আর্গটিন্	
,, ইউয়োনিমাই সিক্ঃ	কিয়ৎ পরিমাণ ক্যাল্‌সিঃ ফস্ফঃ আছে	২—৮ গ্রেণ
,, নিউসিস্ ভমঃ	ষ্ট্রীকনিয়া শতকরা ৫ অংশ।	১—২ গ্রেণ
,, ফাইসষ্টিগ্ঃ	পুরাতন বলের ⅙	¼—১ গ্রেণ
,, সার্সী লিক্ঃ	বল ⅛	¼—১ গ্রেণ
	১এ১। গ্লিসেরিন্ সংযোজিত হইয়াছে।	ℨii—iv
গ্লিসেরিন্ঃ বোর‍্যাসিস্	জল পরিত্যক্ত হইয়াছে	
ইঞ্জেক্ঃ য়্যাপোমর্ফ্ঃ হাইপোডার্মিকা	১১০ মিনিমে ১ গ্রেণ্। কিঞ্চিৎ অম্লীকৃত	৫—১০ মিঃ
,, আর্গটী হাইপোডার্মিকা	প্রকৃতপক্ষে ৩ এ ১ এক্‌ষ্ট্রাক্ট্ঃ	৩—১০ মিঃ
,, মর্ফাইনী হাইপোডার্মিকা	টার্ট্রেট্ সহ প্রস্তুত, ১০৫ ষ্ট্রীঃর প্রায় অর্দ্ধেক বল	২—৫ মিঃ

ঔষধ-দ্রব্য।	পরিবর্ত্তন।	মাত্রা
লিনিমেণ্ট: য়্যামোনায়ী	য়্যামণ্ড্ অয়িল্ সংযোজিত হইয়াছে	
" সেপোনিস্	হার্ড্ সোপের পরিবর্ত্তে সফ্ট্ঃ	
,, সিনেপিস্ কোঃ	মেজিরিয়ন্ পরিত্যক্ত হইয়াছে	
লাইকর্ য়্যাট্রোপিনঃ সাল্ফ্;	নষ্ট না হয় এ উদ্দেশ্যে স্যালিসিলিক য়্যাসিড্ সংযোগ করা হইয়াছে	½—১ মিঃ
,, হাইড্রার্জ: পারক্লোর:	য়্যামনঃ ক্লোরঃ পরিত্যক্ত হইয়াছে	
লোশিয়ো হাইড্রার্জ্ঃ নাইগ্রা	গ্লিসেরিন্ ও মিউসিল্ঃ ট্রাগাকান্থ্ঃ সংযোজিত হইয়াছে	
মিষ্ট্ঃ য়্যামোনিয়েসাই	সিরাপঃ টোল্যুঃ সংযোজিত হইয়াছে	ʒss—i
.. ক্রিয়োজোটাই	য়্যাসিড্ঃ য়্যাসেটিকঃ গ্লেসিয়াল্ঃ পরিত্যক্ত হইয়াছে	ʒss—i
.. ক্রিটী	য়্যাকেসিয়ার পরিবর্ত্তে ট্রাগাকান্থ্	ʒss—i
,. গোয়েসাই	য়্যাকেসিয়ার পরিবর্ত্তে ট্রাগাকান্থ্	ʒss—i
.. ওলিঃ রিসিনি	পরিবর্ত্তিত ও অপেক্ষাকৃত উৎকৃষ্ট প্রয়োগরূপ	
.. সেনী কোঃ	সাল্ ভলেটাইল সংযোজিত হইয়াছে	
পিল্ঃ য়্যালোজ্ এট্ মাই্	স্যাফ্রন্ পরিত্যক্ত হইয়াছে	
,. ফেরি	পট্ঃ কার্বঃ পরিবর্ত্তে সোড্ঃ কার্ব্ঃ এক্সিঃ	
.. ফস্ফরাই	কিঞ্চিৎ পরিবর্ত্তিত হইয়াছে	
পাল্ভ্ঃ ক্রিটী য়্যারোম্যাট্ঃ	স্যাফ্রন্ পরিত্যক্ত হইয়াছে	
" " " কাম্ ওপিয়ো	স্যাফ্রন্ পরিত্যক্ত হইয়াছে	
সিরাপ্ লিমোনিস্	সরস ত্বকের অরিষ্ট সংযোজিত হইয়াছে	ʒss—i

ঔষধদ্রব্য।	পরিবর্ত্তন।	মাত্রা।
টিংচার্‌ঃ ক্লোরোফর্ম্‌ঃ এট্‌ মর্ফাইনী কোঃ	বল বৃদ্ধি করা হইয়াছে (টিংচার্‌স্‌ দেখ)	
,, রিয়াই	স্যাফ্রন্‌ পরিত্যক্ত, গ্লিসেরিন্‌ সংযোজিত হইয়াছে	
ট্রোচিঃ বিস্‌মাথ্‌ঃ কোঃ	সাব্‌নাইট্র এর পরিবর্ত্তে কার্বনেট	
আঙ্গুঃ ক্রিয়োজোটাই	হোয়াইট্‌ পারাফিন্‌ বেসিস্‌	
,, প্ল্যাম্ব্‌ঃ য়্যাসেট্‌ঃ	,, ,, ,,	
,, ,, কার্ব্‌ঃ	,, ,, ,,	
,, ,, আইয়োডিড্‌ঃ	ইয়েলো ,, ,,	
,, রেজিনী	কিঞ্চিৎ পরিবর্ত্তিত	
,, জিন্সাই ওলিয়েটঃ	হোয়াইট্‌ প্যারাফিন্‌ বেসিস্‌	
ভাইনাম্‌ ইপেকাক্‌ঃ	২০তে ১ তরল সার	
,, কুইনাইনী	কুইনাইন্‌ হাইড্রোক্লোরাইড্‌ সহ প্রস্তুত	
একষ্ট্‌ঃ য়্যালোজ্‌ বার্বেঃ	ডিকক্ট্‌ঃ য়্যালোজ্‌ কোঃ এবং একষ্ট্রাক্ট্‌ কলোসিন্থ্‌ কোঃ তে একষ্ট্রাক্ট্‌ য়্যালোজ্‌ সকট্রাইনার পরিবর্ত্তে	
লোজেঞ্জ্‌ সকলের বেস্‌ সমূহ	পরিবর্ত্তিত হইয়াছে	
অয়িন্ট্‌মেন্ট্‌ সকলের বেস্‌ সমূহ	প্রায় অধিকাংশ স্থলে পরিবর্ত্তিত হইয়াছে	
একষ্ট্‌ঃ বেলাডন্‌ঃ ভিরিঃ	একষ্ট্‌ঃ বেলাডন্‌ঃ বি. পি. ১৮৮৫র সমতুল	
লিনিঃ আইয়োডাই	এক্ষণে ষ্ট্রাইকর্‌ আইয়োডাই ফর্টিস্‌ নামে উক্ত হইয়াছে।	

যে সকল ঔষধদ্রব্য সংযোজিত হইয়াছে ।

ঔষধদ্রব্য	পরিবর্ত্তন	মাত্রা
য়্যারারোবা	পিউরিফায়েড্ গোয়া-পাউডার	
অয়ান্ন্ঃ কর্টেক্স্ রিসেন্ঃ		
বেঞ্জল		
বিস্মাথ্ স্যালিসিলাস্ ...		
কেফীন্ সাইট্রাস্ এফার্ভে-		৫—২০ গ্রেণ্
সেন্স	সাইট্রেট্ শতকরা ৪	ℨi—ii
কাউচুক		
কার্বন্ বাইসালফাইডাম্	বিশুদ্ধীকৃত	
কোকেইনা	বিশুদ্ধ উপক্ষার (য়্যালক্যালয়িড্)	
কোডেইনী ফস্ফাস ...	৪ অংশ জলে ১ দ্রবণীয়	
একষ্ট্ঃ বেলাডোনী লিকুঃ	বেলাডোনার অন্যান্য প্রয়োগরূপ প্রস্তুত করণার্থ ব্যবহৃত হয়	$\frac{১}{৪}$—২ গ্রেণ্
একষ্ট্ঃ ইপেকাক্ঃ লিকুইঃ		
একষ্ট্ঃ জেবরাণ্ডি লিকুইড		কফনিঃসারক $\frac{১}{২}$—২ মিনিম্ ; বমনকারক ১৫—২০ মিনিম্।
,, নিউসিস্ ভম্ঃ লিকুঃ		
,, ষ্ট্রোফ্যান্থাই		
	ষ্ট্রিক্নাইন্ শতকরা ১·৫	৫—১৫ মিং
গ্লিসেরাইনাম্ য়্যাসিডাই বোরিসাই	স্যাকঃ ল্যাক্টিস্ সংযুক্ত চূর্ণ	$\frac{১}{৪}$—১ গ্রেণ্
,, পেপ্সিনি		
হাইড্রার্জঃ ওলিয়াস্		
হাইয়োসাইনী হাইড্রোব্রোমাইডাম্	১ ড্রামে ৫ গ্রেণ্	ʒi—ii
		$\frac{১}{২০০}$—$\frac{১}{১০০}$ গ্রেণ্
হাইয়োসাইয়েমিনী সাল্ফাস্		$\frac{১}{২০০}$—$\frac{১}{১০০}$ গ্রেণ্
ইন্ফ্ স্কোপেরিয়াই	ডিককশনের পরিবর্ত্তে	℥i—ii

ঔষধদ্রব্য	পরিবর্ত্তন	মাত্রা
কেয়েল ইনাম্		
ল্যামেলী হোমাট্রোপিনঃ	প্রত্যেকে $\frac{1}{৫০০}$ গ্রেণ	
লিকরেস্ কন্‌সেন্ট্রাটাইঃ- ক্যালাম্বা, চিরেটা, কাস্পেরিয়া, ক্রামেরিয়া, কোয়াসিয়া, রুবার্ব, সেনেগা, সেনা ও সার্পেন্টারি	কন্‌সেন্ট্রেটেড ইন্‌ফিউজনের স্থলে প্রয়োগার্থ	প্রত্যেক ℨss – i
	... ...	ℨss—ii
লাইকর ইথিল নাইট্রাইটিস্	ইথিল নাইট্রাইট, শতকরা ৩	২০ – ৬০ মিঃ
,, হেমেমেলিডিস্	উইচ হ্যাজেল পত্র হইতে চুয়াইয়া প্রাপ্ত	
,, হাইড্রোজেনঃ পারক্সাইডাই	১০ ভল্যুম্	ℨss—ii
,, মর্ফাইনী টার্ট্রেটিস্	১১০ মিনিমে ১ গ্রেণ	১০—৬০ মিঃ
,, প্যাংক্রিয়েটিস্	সদ্যঃ গৃহীত প্যাংক্রিয়াস্ হইতে প্রস্তুত	
,, পাইসিস্ কার্বনিস্	কুইলেয়িয়া সহ য়্যালকহলিক সোলুশন্	
,, সার্সী কোঃ কন্সেট্রেঃ		ℨii—iv
,, থাইরয়িডাই		৫—১৫ মিঃ
লিথিয়াই সিট্ঃ এফার্ভেসঃ (শতকরা ৫)		ℨi—ii
মর্ফাইন টার্ট্রাস্	অতিশয় দ্রবণীয় লবণ	$\frac{1}{8}$—$\frac{1}{2}$ গ্রেণ
ন্যাফথল (বিটা ন্যাফথল)		৩—১০ গ্রেণ
ওলিয়াম্ পাইনাই	পাইনাই সিলভেষ্ট্রিস্ পরিবর্ত্তে পাইনাই পিউমিলিয়োনিস্ হইতে প্রস্তুত	
ওলিয়াম্ রোজী	অটো অব রোজেস্	
প্যারাফিন্ লিকুইডাম্	বর্ণহীন প্যারাফিন্ অয়িল	
ফাইসষ্টিগমিনী সালফাস্	সালফেট অব এসেরিন্	$\frac{1}{৬০}$—$\frac{1}{২০}$ গ্রেণ
পিল: কুইনাইনী সালফেটিস্		২—৮ গ্রেণ
পিল: কার্বঃ প্রীপারেটা		

ঔষধ-দ্রব্য।	পরিবর্ত্তন।	মাত্রা।
প্রুনাই ভার্জিনিয়ানী কর্টেক্স্		
কুইলেয়িয়া কর্টেক্স্		
কুইনিঃ হাইড্রোক্লোরাইডাম্ য়্যাসিডাম্	জলে সাতিশয় দ্রবণীয়	১—১০ গ্রেণ
স্যালল্ (ফেনিল্-স্যালিসিলেট্)		৫—১৫ গ্রেণ
স্পিরিট্ এনিসাই (১০ এ ১)		৫—২০ মিনিম
ষ্ট্রিকনাইনী হাইড্রোক্লোরঃ		১/৬৪—১/১৬ গ্রেণ
সাপোজিটোরিয়া য়্যাসিডাই কার্বলিসাই	প্রত্যেকে ১ গ্রেণ্ ফেনল্	
,, বেলাডোনী	প্রত্যেকে ১/২ গ্রেণ্ একষ্ট্রাঃ বেলাডোনাঃ য়্যাল্কঃ	3ss—i
সিরাপ্ য়্যারোম্যাটিকাস্		3ss—i
সিরাপ্ ক্যাল্সিস্ ল্যাক্টো-ফস্ফেটিস্		3ss—i 3ss—ii
		3ss—ii
,, ক্যাম্ফোরী য়্যারোম্যাটিঃ	১ ড্রামে ১/৪ গ্রেণ	
,, কোডেয়িনী		
,, ফেরি ফস্ফঃ কাম্		
,, কুইনিঃ এট্ ষ্ট্রিকঃ		3ss—i
,, গ্লুকোসাই	ট্রিয়েকল্ পরিবর্ত্তে	৫—১৫ মিনিম
,, প্রুনাই ভার্জঃ		৩—১০ গ্রেণ
টেরেবিনাম্		
থাইরয়িডিয়াম্ সিক্কাম্		
টিংচ্যুরা আর্গটী য়্যামোনিয়েটা		
,, প্রুনাই ভার্জিনিয়ানী	৪ এ ১	3ss—i
,, কুইলেয়িয়ী		3ss—i
ট্রোচিঃ য়্যাসিডাই কার্বলিসাই	প্রত্যেকে ১ গ্রেণ্ ফেনল্	3ss—i
,, গাম্ ইউকেলিপ্টঃ	,, ,, রেড গাম্	
,, গোয়েসাই রেজিন্	৩ গ্রেণ রেজিন্	

ঔষধদ্রব্য	পরিবর্ত্তন	মাত্রা
ট্রোচিঃ ক্রামেরিয়ী	১ গ্রেণ একষ্টঃ ক্রামেরিয়া	
" " এট্		
কোকেয়িনী	ইঃ " কোকেয়িন্ সংযোজিত	
আঙ্গু য়্যাকুয়ী রোজী	কোল্ড ক্রীম্	
" ক্যাপ্সিসাই	চর্ম্মপ্রদাহক	
" কোকেয়িনী	উপক্ষার শতকরা ৪	
" হাইড্রাজঃ ওলি-য়েটাই	মার্ক্যুরিক ওলিয়েট্ শতকরা ২৫	
" " অক্সিডাই ফ্লেভাই	১ আউন্সে ১০ গ্রেণ	
" প্যারাফিনাই	কঠিন ও কোমল প্যারাফিনের মিশ্র।	

উল্লেখযোগ্য।

নাম সম্বন্ধীয় পরিবর্ত্তন।

পুরাতন নাম (১৮৮৫ খ্রীঃ)	নূতন নাম (১৮৯৮ খ্রীঃ)।
আর্গটিনাম্	= একষ্টঃ আর্গটি
ইঞ্জেক্শিয়ো আর্গটিনি হাইপোডার্মিকা	= ইঞ্জেক্শিয়ো আর্গটি-হাইপোডার্মিকা
লিনিঃ ক্যাম্ফঃ কোঃ	= লিনি ক্যাম্ফঃ য়্যামনঃ
লিনিঃ আইয়োডাই	= লাইকর্ আইয়োডাই ফর্টিস্
লিকঃ কোকেয়িন্ হাইড্রোক্লোরঃ	= ইঞ্জেক্শিয়ো কোকেয়িনঃ হাইপোডার্মিকা
পিলঃ য়্যাসাফীটিডী কোঃ ...	= পিলঃ গ্যাল্বেনাই কোঃ
টিংচুরা ক্লোরোফর্ম্মাই এট্ মর্ফঃ	= টিংচুরা ক্লোরোফর্ম্মাই এট্ মর্ফঃ কোঃ

সংক্ষিপ্ত ভৈষজ্যতত্ত্ব।

১৮৯৮ খৃঃ অব্দের ব্রিটিশ্ ফার্মাকোপিয়ার ভারতবর্ষীয় ও ঔপনিবেশিক অতিরিক্তাংশে
(১৯০০ খৃঃ অব্দ) গৃহীত ঔষধ-দ্রব্য সকলের সংক্ষিপ্ত বিবরণ।

নাম।	উৎপত্তি।	ভৌগোলিক স্থান*	ব্যবহার্য্য অংশ	ক্রিয়াদি।	প্রয়োগরূপ।	মাত্রা।
য়্যাকেসিয়ী কর্টেক্স্ (বাবলা)	য়্যাকেসিয়া য়্যারেবিকা, য়্যাকেসিয়া ডিকারেন্স্, ভিক্টোরিয়ান্ ও য়্যাস্মেনিয়ান্ ওয়াটল্।	ভারতবর্ষ, অষ্ট্রেলেশিয়া উপনিবেশ, পূর্ব্ব উপনিবেশ।	শুষ্কীকৃত বল্কল	সঙ্কোচক, অল্প মাত্রায় বলকারক।	ডিকক্টাম্ য়্যাকেসিয়ী কর্টেসিস্	½–২ আউন্স্।
য়্যাকেলাইফা (মুক্তবর্ষী)	য়্যাকেলাইফা ইণ্ডিকা।	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ।	সরস ও শুষ্কীকৃত ওষধি	কফনিঃসারক, বমনকারক।	একষ্ট্রাক্টম্ য়্যাকেলাইফী লিকুইডাম্ সাক্কাস্ য়্যাকেলাইফী	৫—৩০ মিনিম্। ১—৪ ড্রাম্।

* যে সকল স্থানে এই সকল ঔষধ-দ্রব্য ও প্রয়োগরূপ ব্রিটিশ্ ফার্মাকোপিয়ায় অনুমোদিত হইয়াছে, সেই সকল স্থানকে ভৌগোলিক স্থান বলিয়া উল্লেখ করা গেল।

নাম।	উৎপত্তি।	ভৌগোলিক স্থান	ব্যবহার্য্য অংশ	ক্রিয়াদি।	প্রয়োগরূপ।	মাত্রা।
য়্যাধাটোডা (বাকশ,)	য়্যাধাটোডা ভেসিকা (যাষ্টিশিয়া য়্যাধাটোডা)	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ।	সবস ও শুষ্কীকৃত পত্র	কফনিঃসারক, আক্ষেপ নিবারক।	একষ্ট্রাক্টাম্ য়্যাধাটোডী লিকুইডাম্ সাক্কাস্ য়্যাধাটোডী টিংচুরা য়্যাধটোডী	২০—৬০ মিনিম্ ১—৪ ড্রাম্। ½—২ আউন্স।
য়্যাগ্রোপাইরাম্ (কাউচগ্রাস্, ট্রিটিকাম্)	য়্যাগ্রোপাইরাম্ রেপেন্স্ (ট্রিটিকাম্ রেপেন্স্)	অষ্ট্রেলেশিয়ান্ উপনিবেশ, পূর্ব্ব উপনিবেশ, উত্তর মার্কিন্ উপনিবেশ।	শুষ্কীকৃত সংশ্লিষ্ট নিরাট কন্দ (রিজোম্)	মূত্রকারক, স্নিগ্ধকারক।	ডিকক্টাম্ য়্যাগ্রোপাইরাই একষ্ট্রাক্টাম্ য়্যাগ্রোপাইরাই লিকুইডাম্	½—২ আউন্স। ১—২ ড্রাম্।
য়্যালষ্টোনিয়া (ছাতিম)	য়্যাল্‌ষ্টোনিয়া স্কোলেরিস্ য়্যাল্‌ষ্টোনিয়া কন্‌ষ্ট্রিক্টা	ভারতবর্ষ, অষ্ট্রেলেশিয়ান্ উপনিবেশ, পূর্ব্ব উপনিবেশ।	শুষ্কীকৃত বল্কল	সঙ্কোচক, বলকারক, কৃমিনাশক।	ইন্‌ফিউজাম্ য়্যাল্‌ষ্টোনিয়ী টিংচুরা য়্যাল্‌ষ্টোনিয়ী	½—১ আউন্স। ½—১ ড্রাম্।
য়্যাণ্ড্রোগ্রাফিস্ (কালমেঘ)	য়্যাণ্ড্রোগ্রাফিস্ পানিকুলেটা	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ।	শুষ্কীকৃত উদ্ভিদ	তিক্তবলকারক, জ্বরঘ্ন।	ইন্‌ফিউজাম্ য়্যাণ্ড্রোগ্রাফাইডিস্	½—১ আউন্স।

নাম।	উৎপত্তি।	ভৌগোলিক স্থান।	ব্যবহার্য্য অংশ।	ক্রিয়াদি।	প্রয়োগরূপ।	মাত্রা।
					লাইকার্ য়্যাণ্ড্রোগ্রাফাইডিস্ কন্সেণ্ট্রেটাস্	½—১ ড্রাম্।
					টিংচুরা য়্যাণ্ড্রোগ্রাফাইডিস্	½—১ ড্রাম্।
য়্যারিষ্টোলোকিয়া (ইশারমূল)	য়্যারিষ্টোলোকিয়া ইণ্ডিকা	ভারতবর্ষ, পূর্ব্বউপনিবেশ।	শুষ্কীকৃত কন্দ ও মূল	সঙ্কোচক, উত্তেজক, কফনিঃসারক।	লাইকার্ য়্যারিষ্টোলোকিয়ী কন্সেণ্ট্রেটাস্	½—২ ড্রাম্।
					টিংচুরা য়্যারিষ্টোলোকিয়ী	½—১ ড্রাম্।
আর্ণিসী ফ্লোরেস্	আর্ণিকা মণ্টেনা	উত্তর মার্কিন্ উপনিবেশ।	শুষ্কীকৃত পুষ্পমঞ্জরী	মাস্তিষ্ক্য উত্তেজক, মাদক, মূত্রকারক, ঘর্ম্মকারক	টিংচুরা আর্ণিসী ফ্লোরাম্	½—১ ড্রাম্।
অর্যান্সিয়াই কর্টেক্স ইণ্ডিকাস্	সাইট্রাস্ অর্যান্সিয়াম্	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ।	সরস ও শুষ্কীকৃত ত্বকের বাহ্যাংশ	আগ্নেয়, উত্তেজক, বায়ুনাশক, সুগন্ধি	যে সকল প্রয়োগরূপে শুষ্কীকৃত ও টাট্কা তিক্ত কম-	

নাম।	উৎপত্তি।	ভৌগোলিক স্থান।	ব্যবহার্য্য অংশ।	ক্রিয়াদি।	প্রয়োগরূপ।	মাত্রা।
(ভারতবর্ষীয় কমলাত্বক)					লাত্বক ব্যবহৃত হয়, ইহা তৎপরিবর্ত্তে ব্যবহার্য্য হয়।	
য়্যাজাডিরাক্টা ইণ্ডিকা (নিম)	মেলিয়া য়্যাজাডিরাক্টা	ভারতবর্ষ, পূর্ব্বউপনিবেশ	কন্দের শুষ্কীকৃত বল্কল।	বলকারক, আগ্নেয়, সঙ্কোচক, কৃমিনাশক	ইন্‌ফিউজাম্ য়্যাজাডিরাক্টী ইণ্ডিসী টিংচ্যুরা য়্যাজাডিরাক্টী ইণ্ডিসী	½—১ ড্রাম্। ½—১ ড্রাম্।
বেলী ফ্রাক্টাস্ (বিল্ব)	ঈগল্‌ মার্মেলস্	ভারতবর্ষ, পূর্ব্বউপনিবেশ	সরস অর্দ্ধ পক্ক ফল	মৃদুবিরেচক, সঙ্কোচক, পোষক	একষ্ট্রাক্টাম্ বেলী লিকুইডাম্	১—২ ড্রাম্।
বার্বারিস্ (দারুহরিদ্রা)	বার্বারিস্ এরিষ্টেটা	ভারতবর্ষ, পূর্ব্বউপনিবেশ	শুষ্কীকৃত কাণ্ড	বলকারক, আগ্নেয়, আক্ষেপনিবারক, মৃদু বিরেচক	লাইকার্ বার্বেরিডিস্ কন্সেন্ট্রেটাস্ টিংচ্যুরা বার্বেরিডিস্	½—১ ড্রাম্। ½—১ ড্রাম্।
বিটেল (পাণ, তাম্বূল)	পাইপার্ বিটেল্	ভারতবর্ষ, পূর্ব্বউপনিবেশ.	পত্র।	মৃদু উত্তেজক, লালনিঃসারক		

নাম।	উৎপত্তি।	ভৌগোলিক স্থান।	ব্যবহার্য্য অংশ।	ক্রিয়াদি।	প্রয়োগরূপ।	মাত্রা।
				বায়ুনাশক.		
বিউটিয়া গামাই (পলাশ গঁদ)	বিউটিয়া ফ্রণ্ডোসা	ভারতবর্ষ, পূর্ব্বউপনিবেশ	কাণ্ডে অস্ত্রাঘাত দ্বারা প্রাপ্ত নির্যাস	সঙ্কোচক	যে সকল প্রয়োগরূপে কাইনো ব্যবহৃত হয় সেই সকল স্থলে কাইনোর পরিবর্ত্তে ইহা ব্যবহার করা যাইতে পারে।	
বিউটিয়া সেমিনা (পলাশ বীজ)	বিউটিয়া ফ্রণ্ডোসা	ভারতবর্ষ, পূর্ব্বউপনিবেশ	বীজ	কৃমিনাশক, মৃদুবিরেচক	পাল্‌ভিস্ বিউটিয়ী সেমিনাম্	১০—২০ গ্রেণ
ক্যালট্রপিস্ (আকন্দ, মাদার)	ক্যালট্রপিস্ প্রোসেরা, ক্যালট্রপিস্ জাগ্যান্টিয়া	ভারতবর্ষ, পূর্ব্বউপনিবেশ	শুষ্কীকৃত মূলের বল্কল	পরিবর্ত্তক, বলকারক, ঘর্ম্মকারক, বমনকারক	চূর্ণ টিংচ্যুরা ক্যালট্রপিস্	৩—১০ গ্রেণ্ বলকারক, ৩০—৬০ গ্রেণ্, বমনকারক। ½—১ ড্রাম্।

নাম।	উৎপত্তি।	ভৌগোলিক স্থান।	ব্যবহার্য্য অংশ।	ক্রিয়াদি।	প্রয়োগরূপ।	মাত্রা।
ক্যাম্বোজিয়া ইণ্ডিকা (তমাল গাঁদ)	গার্সিনিয় মোরেলা	ভারতবর্ষ, পূর্ব্বউপনিবেশ	গাম্-রেজিন্	বিরেচক		½—২ গ্রেণ্।
ক্যাটেকিউ নাইগ্রাম্ (কৃষ্ণ খদির)	য়্যাকেসিয়া ক্যাটেকিউ	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ, উত্তর মার্কিন্ উপনিবেশ	কাষ্ঠ হইতে প্রস্তুত সার	সঙ্কোচক	যে সকল প্রয়োগরূপে ক্যাটেকিউ ব্যবহৃত হয়, সেই সকলে তৎপরিবর্ত্তে ইহা ব্যবহার করা যাইতে পারে।	
সিসাম্পেলস্ (নিমুক)	সিসাম্পেলস্ প্যারেরা	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ	শুষ্কীকৃত মূল	মূত্রকারক	ডিকক্টাম্ সিসাম্পেলাই এক্‌ষ্ট্রাক্টাম্ সিসাম্পেলাই লিকুইডাম্	½—২ ড্রাম্। ½—২ ড্রাম্।
কসিনিয়াম্ (হলদি গচ্)	কসিনিয়াম্ ফেনেষ্ট্রেটাম্	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ	শুষ্কীকৃত কাণ্ড	তিক্ত বলকারক, আগ্নেয়	ইন্‌ফিউজাম্ কসিনিয়াই	½—১ আউন্স্।

নাম।	উৎপত্তি।	ভৌগোলিক স্থান।	ব্যবহার্য্য অংশ।	ক্রিয়াদি।	প্রয়োগরূপ।	মাত্রা।
					লাইকর্ কসিনিয়াই কন্সেন্ট্রেটাস্	½—১ ড্রাম্।
					টিংচ্যুরা কসিনিয়াই	½—১ ড্রাম্।
কিউকার্বিটি সেমিনী প্রীপারেটা	কিউকার্বিটা ম্যাক্সিমা, কিউকার্বিটা পেপো	ভূমধ্যস্থ উপনিবেশ	প্রস্তুতীকৃত সরস পক্ক বীজ	কৃমিনাশক		৩—৪ আউন্স্, জল বা দুগ্ধ সহ মাড়িয়া।
ডেট্যুরা ফোলিয়া (ধুতুরা পত্র)	ডেট্যুরা ফাষ্টুয়োসা বা য়্যাল্বা ডেট্যুরা মেটেল্	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ, পশ্চিম ইণ্ডিয়ান্ উপনিবেশ	শুষ্কীকৃত পত্র	মাস্তিষ্ক্য ও স্নায়বীয় উত্তেজক, মাদক, আক্ষেপনিবারক, বেদনানিবারক, নিদ্রাকারক		
ডেট্যুরা সেমিনা (ধুতুরা বীজ)	ডেট্যুরা ফাষ্টুয়োসা	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ	শুষ্কীকৃত বীজ	মাস্তিষ্ক্য ও স্নায়বীয় উত্তেজক, মাদক,	টিংচ্যুরা ডেট্যুরী সেমিনাম্	৫—১৫ মিনিম্।

নাম।	উৎপত্তি।	ভৌগোলিক স্থান।	ব্যবহার্য্য অংশ।	ক্রিয়াদি।	প্রয়োগরূপ।	মাত্রা।
				আক্ষেপনিবারক, বেদনানিবারক, নিদ্রাকারক		
এম্বেলিয়া (বিড়ঙ্গ)	এম্বেলিয়া রাইবেস্, এম্বেলিয়া রোবাষ্টা	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ	ফল	কৃমিনাশক, আগ্নেয়, বায়ুনাশক	চূর্ণ	১—৪ ড্রাম্।
গসিপিয়াই রেডিসিস্ কর্টেক্স্ (কার্পাস্)	গসিপিয়াই হার্বেশিয়াম্	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ, উত্তর মার্কিন্ উপনিবেশ, পশ্চিম ইণ্ডিয়ান্ উপনিবেশ	শুষ্কীকৃত মূলের বল্কল	জরায়ু-সঙ্কোচক (আর্গটের ন্যায়)	ডিকক্টাম্ গসিপিয়াই রেডিসিস্ কর্টিসিস্	½—২ আউন্স্।
					একষ্ট্রাক্টাম্ গসিপিয়াই রেডিসিস্ কর্টিসিস্ লিকুইডাম্	½—১ ড্রাম্।
গ্রিণ্ডেলিয়া	গ্রিণ্ডেলিয়া স্কোয়ারোসা, গ্রিণ্ডেলিয়া রোবাষ্টা	অষ্ট্রেলেশিয়ান্ ও উত্তর মার্কিন্ উপনিবেশ	শুষ্কীকৃত পত্র ও মঞ্জরী	আক্ষেপ নিবারক, কফনিঃসারক, মূত্রকারক	একষ্ট্রাক্টাম্ গ্রিণ্ডেলিয়া লিকুইডাম্	১০—২০ মিনিম্।

নাম।	উৎপত্তি।	ভৌগোলিক স্থান	ব্যবহার্য্য অংশ	ক্রিয়াদি।	প্রয়োগরূপ।	মাত্রা।
গামাই ইণ্ডিকাম্ (গঁদ)	য়্যাকেসিয়াস্ য়্যারাবিকোলিয়া	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ	কাষ্ঠ হইতে নির্গত নির্য্যাস	স্নিগ্ধকারক, আবরক	মিউসিলেগো গামাই ইণ্ডিসী গাম্ য়্যাকেসিয়ার ও মিউসিলেজ্ অব্ গাম্ য়্যাকেসিয়ার পরিবর্ত্তে ব্যবহার্য্য।	
হিরুডো অষ্ট্রেলিন্	হিরুডো কুইকোয়েঙ্কুয়েটা	অষ্ট্রেলেশিয়ান্ উপনিবেশ		রক্তমোক্ষণার্থ ব্যবহার্য্য		
হাইগ্রোফাইলা (কোকিলাক্ষ)	হাইগ্রোফাইলা স্পাইনোসা	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ	শুষ্কীকৃত সমূল ওষধি	মূত্রকারক, ঘর্ম্মকারক, স্নিগ্ধকারক	ডিকক্টাম্ হাইগ্রোফাইলী	½—২ আউন্স্।
ইস্পাবুলা (ইশপগুল)	প্লাণ্টেগো ওভেটা	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ	শুষ্কীকৃত বীজ	স্নিগ্ধকারক, মৃদু-সঙ্কোচক, বলকারক	ডিকক্টাম্ ইস্পাবুলী	½—২ আউন্স্।
কালাডানা (কালাদানা)	আইপোমিয়া হেডেরেসিয়া	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ	শুষ্কীকৃত বীজ	বিরেচক	চূর্ণ	৩০—৫০ গ্রেণ্।

নাম।	উৎপত্তি।	ভৌগোলিক স্থান	ব্যবহার্য্যঅংশ	ক্রিয়াদি।	প্রয়োগরূপ।	মাত্রা।
					পাল্ভিস্ কালাডানী কম্পোজিটাস্	২০—৬০ গ্রেণ্।
					টিংচ্যুরা কালাডানী	½—১ ড্রাম্।
					কালাডানী রেজিনা	২—৮ গ্রেণ্।
কাভী রিজোমা	পাইপার্ মেথিষ্টিকাম্	অষ্ট্রেলেশিয়ান্ উপনিবেশ	ত্বকবিহীন শুষ্কীকৃত, বিভক্ত সংশ্লিষ্ট নিরাট কন্দ	বলকারক, মূত্রকারক	এক্ষ্ট্রাক্টাম্ কাভী লিকুইডাম্	৩০—৬০ মিনিম্
কাইনো ইউকেলিপ্টাই	বিবিধ প্রকার ইউকেলিপ্টাস্	অষ্ট্রেলেশিয়ান্ উপনিবেশ	কন্দ হইতে প্রাপ্ত নির্য্যাস	সঙ্কোচক	যে সকল প্রয়োগরূপে কাইনো ব্যবহৃত হয়, সেই সকল প্রয়োগরূপে তৎপরিবর্ত্তে ইহা ব্যবহার করা যাইতে পারে।	৫—২০ গ্রেণ্।
মাইলেব্রিস্	মাইলেব্রিস্ কোলিরেটা	ভারতবর্ষ, আফ্রিকান্ উপনিবেশ, পূর্ব্ব উপনিবেশ	শুষ্কীকৃত পতঙ্গ	দাহক, ফোস্কাকারক	য়্যাসিটাম্ মাইলেব্রিডিস্, এমপ্ল্যাষ্ট্রাম মাইলেব্রি-	

নাম।	উৎপত্তি।	ভৌগোলিক স্থান।	ব্যবহার্য্য অংশ	ক্রিয়াদি।	প্রয়োগরূপ।	মাত্রা।
					ডিস্, এমপ্ল্যাষ্ট্রাম্ মাইলেব্রিডিস্ ক্যালিফেশিয়েন্স, লাইকর্ এপিস্প্যাষ্টিকাস্ মাইলেব্রিডিস্, আঙ্গুয়েণ্টাম্ মাইলেব্রিডিস্	
মাইরোব্যালেনাম (হরিতকী)	টার্মিনেলিয়া চেবুলা	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ	শুষ্কীকৃত অপক্ক ফল	মৃদুবিরেচক আগ্নেয়, বলকারক, সঙ্কোচক, পরিবর্ত্তক, বায়ুনাশক	চূর্ণ আঙ্গুয়েণ্টাম্ মাইরোব্যালেনাই, আঙ্গুয়েণ্টাম মাইরোব্যালেনাই কাম ওপিয়ো	½—১ ড্রাম্।
ওলিয়াম্ আজোয়ান্ (জোয়ানের তৈল)	ক্যারাম কপ্টিকাম	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ	ফল হইতে চুয়ান তৈল	উত্তেজক, আগ্নেয়, বায়ুনাশক, আক্ষেপনিবারক		১—৩ মিনিম্।

নাম।	উৎপত্তি।	ভৌগোলিক স্থান।	ব্যবহার্য্য অংশ	ক্রিয়াদি।	প্রয়োগরূপ।	মাত্রা।
ওলিয়াম্ য়্যামেকিস্ (চীনার বাদামের তৈল)	য়্যাকেরিস্ হাইপোজিয়া	ভারতবর্ষ, আফ্রিকান্, পূর্ব্ব ও অষ্ট্রেলেশিয়ান্ উপনিবেশ	বীজ হইতে নিপীড়ন দ্বারা প্রাপ্ত তৈল	স্নিগ্ধকারক, আবরক	ব্রিটিশ ফার্মাকোপিয়া গৃহীত মর্দ্দন, মলম ও পলস্ত্রা প্রস্তুত করিতে অলিভ্ অয়িলের পরিবর্ত্তে ব্যবহার করা যাইতে পারে।	
ওলিয়াম্ গল্‌থেরিয়ী	গল্‌থেরিয়া প্রোকাম্বেন্স্ বেটুলা লেণ্টা	উত্তর মার্কিন্ উপনিবেশ	প্রথমোক্তের পত্র হইতে ও বেটুলা লেণ্টার বল্কল হইতে চুয়ান তৈল	পচননিবারক পর্য্যায়নিবারক, বাতঘ্ন		৩—১০ মিনিম্।
ওলিয়াম্ এ্যান্ড্রোপোগনিস্ সাইট্রেটাই (গন্ধবেনার তৈল)	এ্যান্ড্রোপোগন্ সাইট্রেটাস্	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ পশ্চিম ইণ্ডিয়ান্ উপনিবেশ	চুয়ান তৈল	উত্তেজক, বায়ুনাশক, আক্ষেপনিবারক		½—৩ মিনিম্।

নাম।	উৎপত্তি।	ভৌগোলিক স্থান	ব্যবহার্য্য অংশ	ক্রিয়াদি।	প্রয়োগরূপ।	মাত্রা।
ওলিয়াম্ গাইনোকার্ডিয়া (চালমুগরার তৈল)	গাইনোকার্ডিয়া ওডোরেটা	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ	বীজ হইতে নিপীড়ন দ্বারা প্রাপ্ত তৈল	পরিবর্ত্তক, বলকারক, পচননিবারক		৫—মিনিম্, ক্রমশঃ বৃদ্ধি করিয়া ½—১ ড্রাম্
ওলিয়াম্ সিসেমাই (তিলের তৈল)	সিসেমাম্ ইণ্ডিকাম্	ভারতবর্ষ, আফ্রিকান্, পূর্ব্ব ও উত্তর মার্কিন্ উপনিবেশ	বীজ হইতে নিপীড়ন দ্বারা প্রাপ্ত তৈল	স্নিগ্ধকারক, আবরক	ব্রিটিশ্ ফার্মাকোপিয়া অনুমোদিত মর্দ্দন, মলম ও পলস্ত্রা প্রস্তুত করিতে অলিভ্ অয়িলের পরিবর্ত্তে ব্যবহার করা যাইতে পারে।	
অলিভেরাই কর্টেক্স্	সিনেমোমাম্ ওলিভেরাই	অষ্ট্রেলেশিয়ান্ উপনিবেশ	শুষ্কীকৃত বল্কল	আগ্নেয়, বায়ুনাশক, উত্তেজক, বলকারক	টিংচ্যুরা অলিভেরাই কর্টিসিস্	½—১ ড্রাম্

নাম।	উৎপত্তি।	ভৌগোলিক স্থান	ব্যবহার্য্য অংশ	ক্রিয়াদি।	প্রয়োগরূপ।	মাত্রা।
পাইক্রোরাইজা (কটুকি)	পাইক্রোরাইজা কুরোয়া	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ	শুষ্কীকৃত সংশ্লিষ্ট নিরাট কন্দ	বলকারক, পর্য্যায়নিবারক, আগ্নেয়, মৃদু-বিরেচক	এক্‌ষ্ট্রাক্টাম্ পাইক্রোরাইজী লিকুইডাম্ টিংচুয়া পাইক্রোরাইজী	২০—৩০ মিনিম্। ½—১ ড্রাম্।
পডফিলাই ইণ্ডিসি রিজোমা (পাপরা)	পডফিলাম্ ইমোডাই	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ	শুষ্কীকৃত সংশ্লিষ্ট নিরাট কন্দ ও মূল	বিরেচক	পডফিলাই ইণ্ডিসি রেজিনা টিংচুয়া পডফিলাই ইণ্ডিসি	½—১ গ্রেণ। ৫—১৫ মিনিম্।
সাপান (বকম)	সীসাল্‌পাইনী সাপান	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ	আভ্যন্তরিক কাষ্ঠ	সঙ্কোচক	ডিকক্টাম্ সাপান	½—২ আউন্স্।
টাইন্‌স্পোরা (গুলঞ্চ)	টাইনস্পোরা কার্ডিফোলিয়া	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ	শুষ্কীকৃত কাণ্ড	বলকারক, পর্য্যায় নিবারক, পরিবর্ত্তক,	ইন্‌ফিউজাম টাইন্‌স্পোরী লাইকর্ টাইন্‌স্পোরী কন্‌সেন্ট্রেটাস্ টিংচুয়া টাইনস্পোরী	½—১ আউন্স্। ½—১ ড্রাম্। ½—১ ড্রাম্।

নাম।	উৎপত্তি।	ভৌগোলিক স্থান।	ব্যবহার্য্য অংশ	ক্রিয়াদি।	প্রয়োগরূপ।	মাত্রাদি।
টোডেলিয়া (কাকাতোদালি)	টেডোলয়া য়্যাক্যুলিয়েটা	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ	শুষ্কীকৃত মূলবল্কল	বলকারক, উত্তেজক, পর্য্যায়নিবারক, বায়ু নাশক	ইন্‌ফিউজাম্ টোডিলিয়ী লাইকর্ টোডেলিয়ী কন্‌সেন্ট্রেটাস্	১—২ আউন্স্। ½—১ ড্রাম্।
টার্পেথাম্ (তেউড়ি)	আইপোমিয়া টার্পেথাম্	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ, উত্তর মার্কিন্ উপনিবেশ	শুষ্কীকৃত মূল ও কাণ্ড	মৃদুবিরেচক	চূর্ণ টিংচ্যুরা জ্যালাপী কম্পোজিটা	৫—২০ গ্রেণ্। ½—১ ড্রাম্।
টাইলোফোরী কোলিয়া (অনন্তমূল)	টাইলোফোরা য়্যাজ্‌মাটিকা	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ	শুষ্কীকৃত পত্র	বমনকারক, কফনিঃসারক, ঘর্ম্মকারক	চূর্ণ	½—২ গ্রেণ্ কফনিস্সারক; ১৫—৩০ গ্রেণ্ বমনকারক।
আর্জিনিয়া (জংলি পিঁয়াজ)	আর্জিনিয়া ইণ্ডিকা, সিলা ইণ্ডিকা	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ	তরুণ কন্দ	কফনিঃসারক, মূত্রকারক	য়্যাসিটাস্ আর্জিনিয়ী অক্সিমেল্ আর্জিনিয়ী	১০—৩০ মিনিম্। ½—১ ড্রাম্।

নাম।	উৎপত্তি।	ভৌগোলিক স্থান।	ব্যবহার্য্য অংশ	ক্রিয়াদি।	প্রয়োগরূপ।	মাত্রা।
					পাইল্যুলা ইপিকাকুয়ানী কাম্ আর্জিমিয়া	৪—৮ গ্রেণ্।
					পাইল্যুলা আর্জিনিয়ী কম্পোজিটা	৪—৮ গ্রেণ্।
					সিরাপাস্ আর্জিনিয়ী	½—১ ড্রাম্।
					টিংচুরা আর্জিনিয়ী	৫—১৫ মিনিম্।
ভেলিরিয়ানী ইণ্ডিসী রিজোমা (টগর)	ভেলিরিয়ানী ওয়ালিচিয়াই	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ	শুষ্কীকৃত সংশ্লিষ্ট নিরাট কন্দ ও উপমূল	স্নায়বীয় উত্তেজক, আক্ষেপনিবারক।	টিংচুরা ভেলিরিয়ানী ইণ্ডিসী য়্যামোনিয়াটা	½—১ ড্রাম্।
ভাইবার্ণাম্	ভাইবার্ণাম্ প্রনিফোলিয়াম্	ভারতবর্ষ, পূর্ব্ব উপনিবেশ, উত্তর মার্কিন্ উপনিবেশ	শুষ্কীকৃত বল্কল	অবসাদক, জরায়বীয় বলকারক	একষ্ট্রাক্টম্ ভাইবার্ণাই প্রনিফোলিয়াই লিকুইডাই	১—২ ড্রাম্।

নূতন প্রয়োগরূপ। এক্‌ষ্ট্রাক্টাম্ গ্লাইসিরাইজী স্পিরিট্যুয়োসাম্।
মাত্রা, ½—১ ড্রাম্।

ভৌগোলিক স্থানের ব্যাখ্যা।

ভারতবর্ষ। আজমির-মারোয়ার, আন্দামান্, আসাম, বাঙ্গালা, বেরার, বোম্বাই, ব্রিটিশ্ বেলুচিস্থান, ব্রহ্মদেশ, মধ্যপ্রদেশ, কূর্গ, মাদ্রাজ, উত্তর-পশ্চিম প্রদেশ, অযোধ্যা, পাঞ্জাব, সিন্ধু।

আফ্রিকান্ উপনিবেশ।—বাসুটোল্যাণ্ড্, বেচুয়ানাল্যাণ্ড্, উত্তমাশা অন্তরীপ বা কেপ্‌কলোনী, গ্যাম্বিয়া, গোল্ডকোষ্ট্, লেগস্, নেটাল্, সেণ্ট্ হেলেনা, সিরা লিওন, অরেঞ্জ্ রিভার, কেপ্‌কলোনি, ট্রান্স্‌ভাল্, উত্তর ও দক্ষিণ নাইজিরিয়া।

অষ্ট্রেলেশিয়ান্ উপনিবেশ। নিউ সাউথ্ ওয়েল্‌স্, কুইন্স্‌ল্যাণ্ড্ দক্ষিণ অষ্ট্রেলিয়া, টাস্‌মেনিয়া, ভিক্টোরিয়া, পশ্চিম অষ্ট্রেলিয়া বৃটিশ্ নিউ গিনি, ফিজি দ্বীপপুঞ্জ, নিউ জীলণ্ড, পশ্চিম প্যাসিফিক্।

পূর্ব্ব উপনিবেশ। সিংহল, হংকং, লাবুয়ান্, মরিশস্, সেলিবেস্ দ্বীপপুঞ্জ, ষ্ট্রেট্‌স্ সেটল্‌মেণ্ট্‌স্।

ভূমধ্যস্থ উপনিবেশ। সাইপ্রাস্, জিব্রাল্‌টার্, মাল্টা।

উত্তর মার্কিন্ উপনিবেশ। ব্রিটিশ্ কলম্বিয়া, মানিটোবা, নিলবার্ণস্‌উইক্, উত্তর-পশ্চিম-টেরেটারি, নভস্কোশিয়া, অণ্টেরিয়ো, প্রিন্স্-এড্‌ওয়ার্ড্ দ্বীপ (ক্যানেডা রাজ্য); নিউ-ফাউণ্ড্-ল্যাণ্ড্।

পশ্চিম ইণ্ডিয়ান্ উপনিবেশ। বাহামা দ্বীপপুঞ্জ, বার্‌বাডস্, বার্‌মুডা দ্বীপপুঞ্জ, ব্রিটিশ্ গায়েনা, ব্রিটিশ্ হণ্ডুরাস্, জামাইকা ও টার্ক্‌স্ ও কেইকস্ দ্বীপসকল, লিওয়ার্ড্ দ্বীপপুঞ্জ (এণ্টি-গিউয়া, ডোমিনিকা, মণ্ট্‌সিরাট্, সেণ্ট্ ক্রিস্‌টফার্ ও নেভিস্, ভার্জিন্ দ্বীপ সকল), ট্রিনিডাড্ ও টেবোগো, উইণ্ড্‌ওয়ার্ড দ্বীপ সকল (গ্রেনেডা, সেণ্ট্‌ভিন্‌সেণ্ট্)। ফক্‌ল্যাণ্ড্ দ্বীপ সকল।

সংক্ষিপ্ত ভৈষজ্যতত্ত্ব।

উপক্রমণিকা।

চিকিৎসার্থ ব্যবহার্য্য ঔষধ আদি সম্বন্ধে জ্ঞানকে মেটিরিয়া মেডিকা বা ভৈষজ্যতত্ত্ব বলে। মেটিরিয়া মেডিকাকে চারি শ্রেণীতে বিভক্ত করা যায়;—১, মেটিরিয়া মেডিকা প্রপার্ বা প্রকৃত বা বিশুদ্ধ ঔষধদ্রব্যতত্ত্ব. ২, ফার্মেসি বা ঔষধদ্রব্য-সংস্কার বা প্রয়োগোপযোগী-করণ-বিদ্যা; ৩, ফার্মাকোলজি বা ঔষধদ্রব্যাদির ক্রিয়া বিষয়ে জ্ঞান; ৪, থিরাপিউটিক্স্ বা আময়িক অবস্থায় ঔষধদ্রব্যাদির প্রয়োজন বিষয়ে জ্ঞান।

ঔষধদ্রব্যের আময়িক-প্রয়োগ-জ্ঞান দুই প্রকার;—১, র‍্যাশন্যাল্ বা যুক্তিসঙ্গত বা যৌক্তিক আময়িক প্রয়োগ;—২, এম্পাইরিক্যাল্ বা বহুদর্শনসিদ্ধ। রোগের নৈদানিক অবস্থা জ্ঞাত হইয়া, এবং কোন ঔষধ-দ্রব্য শরীরের কোন্ স্থানে কিরূপ কার্য্য করে, এবং কি প্রকারে কোন্ ঔষধ-দ্রব্য সেই নৈদানিক অবস্থা তিরোহিত করিতে পারে তাহা জানিয়া যে ঔষধ প্রয়োগ করা যায়, তাহাকে যৌক্তিক (র‍্যাশন্যাল্) আময়িক প্রয়োগ কহে। যথা—হৃৎপিণ্ডের মাইট্রাল্ কপাটের পীড়ায় ডিজিটেলিস্ প্রয়োগ।

ঔষধের ক্রিয়া বিষয়ে কিছু না জানিয়া যে, ঔষধ প্রয়োগ করা যায়; যথা—এগিউ জ্বরে কুইনাইন্ ব্যবহার; ইহাকে অশাস্ত্রীয় বা এম্পাইরিক্যাল্ থিরাপিউটিক্স্ বলে।

যে শাস্ত্র দ্বারা প্রকৃত ঔষধ দ্রব্যাদি ব্যতিরেকে, যথা—পথ্য, দেশস্থ জলবায়ু, স্নান, রক্তমোক্ষণ, ইত্যাদি দ্বারা রোগের উপশম বা রোগীকে আরোগ্য করা যায়, তাহাকে সর্ব্বাঙ্গীণ (জেনের‍্যাল্) থিরাপিউটিক্স্ কহে।

সচরাচর ব্যবহৃত ঔষধদ্রব্যের নামকরণ, প্রস্তুত-প্রণালী ও মাত্রা যে গ্রন্থে বর্ণিত আছে, তাহার নাম ফার্মাকোপিয়া। দেশ-ভেদে ভিন্ন ভিন্ন ফার্মাকোপিয়া ব্যবহৃত হয়। গ্রেট্ ব্রিটেন যে ফার্মাকোপিয়া

ব্যবহৃত হয়, তাহাকে ব্রিটিশ্ ফার্মাকোপিয়া বলে। কোন নূতন ঔষধ আবিষ্কৃত হইয়া অনুমোদিত হইলে ফার্মাকোপিয়াতে তাহা গৃহীত হয়। যে সকল ঔষধদ্রব্য ফার্মাকোপিয়াতে গৃহীত হইয়াছে, তাহাদিগকে অফিসিয়াল্ বলে।

যে বিদ্যা দ্বারা ঔষধদ্রব্যকে বিবিধ প্রকারে প্রস্তুত, সংস্কার ও সংযোগ করিয়া প্রয়োগোপযোগী করা যায়, তদ্বিষয়ক জ্ঞানকে ফার্ম্মেসি বলে।

ঔষধের তৌল ও পরিমাণ।

গ্রেণ্ চিহ্ন gr.

৪৩৭.৫ গ্রেণ্	=	১ আউন্স্, চিহ্ন	℥
১৬ আউন্স্ বা ৭০০০ গ্রেণ্	=	১ পাউণ্ড্ „	℔
১ স্ক্রুপল্	=	২০ গ্রেণ্ „	℈

পূর্ব্বে য়্যাপথিক্যারিজ্ তৌল ব্যবহৃত হইত; ইহার ১ আউন্স্ = ৪৮০ গ্রেণ্; অধুনা “অফিসিয়াল্” নহে এবং গ্রেট্ ব্রিটনে ব্যবহৃত হয় না।

তরল ঔষধের মাপ।

মিনিম্ চিহ্ন ♏

৬০ মিনিম্	=	১ ড্রাম্, চিহ্ন	ʒ
৮ ড্রাম্	=	১ আউন্স্ „	℥
২০ আউন্স্	=	১ পাইণ্ট্ „	O
৮ পাইণ্ট্	=	১ গ্যালন্ „	C

শুষ্ক দ্রব্য ও দ্রব দ্রব্যের পরিমাণের সম্বন্ধ।

১ মিনিম্	=	০.৯১	জল	গ্রেণ
১ ড্রাম্ (তরল)	=	৫৪.৬৮৭	„	„
১ আউন্স্	=	৪৩৭.৫	„	„
১ পাইণ্ট্	=	৮৭৫০.০০	„	„
১ গ্যালন্	=	৭০০০০.০০	„	„

* ইউরোপীয় চিকিৎসকগণ মাত্রা লিখিবার জন্য রোমীয় সংখ্যা-চিহ্ন ব্যবহার করেন। তদ্ যথা—

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
I	II	III	IV	V	VI	VII	VIII	IX	X
১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০
XI	XII	XIII	XIV	XV	XVI	XVII	XVIII	XIV	XX

৩০	৪০	৫০	৬০	৭০	৮০	৯০	১০০
XXX	XL	L	LX	LXX	LXXX	KC	C

যথা Oii = ২ পাইণ্ট্; ℥vi = ৬ আউন্স্; gr. viii = ৮ গ্রেণ্।

গার্হস্থ্য পরিমাণ।

১ চা-চামচ	=	১ ড্রাম্ তরল
১ ডেজার্ট্ চামচ	=	২ ,, ,,
১ টেব্‌ল্ চামচ	=	৪ ,, ,,
১ ওয়াইন্ গ্ল্যাস্	=	প্রায় ২ আউন্স্
১ চা-বাটি	=	৫ আউন্স্ তরল
১ ব্রেক্-ফাষ্ট্-বাটি	=	৮ ,, ,,
১ টাম্‌ব্লার্ গ্ল্যাস্	=	১১ ,, ,,

১ ফোঁটা = ১ বিন্দু = ১ ড্রপ্। ইহার স্থিরতা নাই। যথা –

পরিস্রুত জল	=	৪৫ বিন্দুতে ১ ড্রাম্
সুরা	=	১৩৮ ,, ,, ,,
ঈথার্	=	১৫০ ,, ,, ,,
হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্		৪৫ ,, ,, ,,

ঔষধদ্রব্যের প্রয়োগরূপ সকলের বিশেষ বিবরণ।

১। য়্যাসিটাম্ (Acetum); ভিনিগার; সির্কা। ইহা প্রস্তুত করণার্থ ঔষধদ্রব্যকে য়্যাসিটিক্ য়্যাসিড্ সহ (ভিনিগার্ নহে) চুয়াইয়া, অথবা উহাতে ভিজাইয়া ছাঁকিয়া লইতে হয়।

ব্রিটিশ্ ফার্মাকোপিয়াতে পাঁচটি য়্যাসিটাম্ গৃহীত হইয়াছে। যথা—য়্যাসিটাম্ ক্যান্থারিডিস্। য়্যাসিটাম্ ইপেকাকুয়ানী; য়্যাসিটাম্ সিলী, য়্যাসিটাম্ মাইরোব্রিটিস্, য়্যাসিটাম্ আর্জেনিয়ী।

২। য়্যাকোয়া (Aqua); ওয়াটার্; জল। ইহা তিন প্রকারে প্রস্তুত হয়;—১ম, ঔষধদ্রব্যকে কুট্টিত করিয়া জলের সহিত বকযন্ত্রে চুয়াইয়া লইতে হয়। ২য়, যাহার জল প্রস্তুত করিতে হইবে তাহার তৈলকে জলের সহিত মিশ্রিত করিয়া বকযন্ত্রে চুয়াইয়া লইতে হয়। এবং ৩য়, যে সকল য়্যাকোয়া কেবল শীতল জলে দ্রব করিয়া প্রস্তুত হয়।

প্রথম প্রকারে প্রস্তুত য়্যাকোয়া সকল;—য়্যানিথাই; এনিসাই; ফ্লোরিস্ অর্যান্শিয়াই (কমলাপুষ্পের জল); কারুই; (বিলাতী জিরার জল); সিনেমোমাই (দারুচিনির জল); ফেনিকিউলাই; লরোসিরেসাই; পাইমেন্টী; রোজী, স্যাম্বুসাই।

দ্বিতীয় প্রকারে প্রস্তুত য়্যাকোয়া সকল;—মেন্থী পিপারিটা; মেন্থী ভিরিডিস্।

তৃতীয় প্রকারে প্রস্তুত য়্যাকোয়া সকল;—ক্যাম্ফোরী; ক্লোরোফর্মাই।

৩। এডেপ্স্ (Adeps) এবং এডেপ্স্ ল্যানী (Adeps Lanae); লার্ড্ এণ্ড্ উল্ ফ্যাট্।—এডেপ্স্ বেঞ্জোয়েটাস্, এডেপ্স্ ল্যানী হাইড্রোসাস্।

৪। চার্টা (Charta); পেপার্; কাগজ। ঔষধদ্রব্য কাগজের উপর মাখাইয়া শুকাইয়া প্রস্তুত করিতে হয়। বাহ্যপ্রয়োগার্থ ব্যবহৃত হয়।

ফার্মাকোপিয়াতে একটি মাত্র চার্টা আছে। যথা—চার্টা সিনাপিস্।

৫। কলোডিয়া (Collodia); কলোডিয়ন্স্। ঈথার্ অথবা সুরাদ্রবে পাইরক্সিলিন্ দ্রব করিলে ইহা প্রস্তুত হয়।

তিনটি মাত্র কলোডিয়ন্ আছে।—কলোডিয়াম্, কলোডিয়াম্ ফ্লেক্সাইল্ এবং কলোডিয়াম্ ভেসিক্যান্স্।

৬। কন্‌ফেক্‌শিয়ো (Confectio); কন্‌ফেক্‌শন্; খণ্ড। ঔষধদ্রব্যের চূর্ণকে শর্করা বা শর্করার পাক বা মধুর সহিত মর্দ্দন করিয়া কর্দ্দমাকার করিলে ইহা প্রস্তুত হয়।

কন্‌ফেক্‌শন্ সকল;—পাইপ্যারিস্ (গোলমরিচের খণ্ড), রোজী গ্যালিসী (রক্ত গোলাবের খণ্ড), সেনী (সোণামুখীর খণ্ড), সাল্‌ফিউরিস্ (গন্ধকের খণ্ড)।

৭। ডিকক্টাম্ (Decoctum); ডিকক্‌শন্; ক্বাথ। ইহা ঔদ্ভিদ ঔষধদ্রব্যের স্থায়ী বীর্য্যের দ্রব। ঔদ্ভিজ্জ পদার্থকে আবৃত পাত্রের মধ্যে পরিস্রুত জলের সহিত সিদ্ধ করিলে ক্বাথ প্রস্তুত হয়। দাড়িম্ব মূলের ছালের ক্বাথ ভিন্ন সমুদয় ক্বাথ প্রস্তুত করিতে ১০।২০ মিনিট্ পর্য্যন্ত ফুটাইয়া ছাঁকিয়া লইতে হয়। ক্বাথ দুই প্রকার,—মিশ্র ও অমিশ্র। একাধিক পদার্থ জলের সহিত সিদ্ধ করিয়া যে ক্বাথ প্রস্তুত হয় তাহাকে মিশ্র, এবং কোন একটি-মাত্র পদার্থ হইলে তাহাকে অমিশ্র ক্বাথ কহে।

মিশ্র ক্বাথ দুইটি; যথা—কম্পাউণ্ড্ ডিকক্‌শন্ অব্ য়্যালোজ, ডিকক্টাম্ হীমেটক্সিলাই।

ডিকক্‌শন্ সকল;—একেসিয়ী কর্টিসিস্, এগ্রোপাইরাই, সিসাম্পেলি, গসিপিয়াই রেডিসিস্ কর্টিসিস্, হাইগ্রোফাইলী, ইস্‌পাঘুলী, পাপাব, য়্যালোজ কোঃ গ্র্যানেটাই কর্টিসিস্, হীমেটক্সিলাই।

৮। এফার্ভেসেন্ট্ গ্র্যানিউল্‌স্ (Fffervescent Granules) এই সকল প্রয়োগরূপ জলের সহিত মিশ্রিত করিলে উচ্ছলৎ হয়। ইহাদের মধ্যে একটি চূর্ণাকার, ও ফার্মাকোপিয়ায় চূর্ণ মধ্যে বর্ণিত হইয়াছে,—এফার্ভেসেন্ট্ টার্টারেটেড্ সোডা পাউডার্। ইহারা সুখ-সেব্য।

এফার্ভেসেন্ট্ প্রয়োগরূপ সকল—কেফিন্ সাইট্রেট্, লিথিয়াম্ সাইট্রেট্, ম্যাগ্‌নেসিয়াম্ সাল্‌ফেট্, সোডিয়াম্ সাইট্রোটার্টেট্, সোডিয়াম্ ফস্ফেট্, সোডিয়াম্ সাল্‌ফেট্, টার্টারেটেড্ সোডা পাউডার্।

৯। এম্‌প্ল্যাষ্ট্রাম্ (Emplastrum); প্ল্যাষ্টার্; পলস্ত্রা। জলপাইয়ের তৈল, মুদ্রাশঙ্খ, কঠিন সাবান, ও মোম প্রভৃতি দ্রব্য অগ্নিসন্তাপে গলাইয়া, বস্ত্রখণ্ডে, বা চামড়ায় মাখাইয়া প্রস্তুত হয়। ইহারা ঔষধদ্রব্য সকলকে শরীরে সংলগ্ন রাখিবার নিমিত্ত এবং ক্ষতের ধার গুটাইয়া আনিবার নিমিত্ত প্রয়োজিত হয়।

প্ল্যাষ্টার্ সকল;—য়্যামোনায়েসাই কাম্ হাইড্রার্জিরো, বেলাডোনী, ক্যালিফেসিয়েন্স্, ক্যান্থারিডিস্, হাইড্রার্জিরাই, মেন্থল্, ওপিয়াই, পাইসিস্, প্লাম্বাই, প্লাম্বাই আইয়োডিডাই, রেজিনী, সেপোনিস্, ক্যালিফেসিয়েন্স্ মাইলেব্রিডিস্, মাইলেব্রিডিস্।

১০। এনিমাটা (Enemata); ক্লিষ্টার্; পিচকারী। সরলান্ত্র-মধ্যে পিচকারী দ্বারা প্রয়োগ উদ্দেশ্যে প্রস্তুত তরল প্রয়োগরূপ। সমুদয় পিচকারী শ্বেতসারের মণ্ডের সহিত প্রস্তুত করা যায়; কেবল হিঙ্গুর পিচকারী পরিস্রুত জল সহযোগে প্রস্তুত হয়। যখন বিরেচনার্থ ব্যবহৃত হয়, তখন পিচকারীর পরিমাণ অধিক; অন্ত্রমধ্যে পিচকারী রাখিবার আবশ্যক হইলে পরিমাণ অল্প। গুহ্যমধ্যে এনিমা প্রয়োগ করিয়া তদুপরি একখানি তোয়ালিয়া দিয়া চাপিয়া রাখিবে।

এনিমা সকল;—য়্যালোজ্ (মুসব্বর), য়্যাসাফীটিডি (হিঙ্গু), ম্যাগ্‌নিসিয়াই সাল্‌ফেটিস্, ওপিয়াই (অহিফেন), টেরেবিন্থিনী (টার্পিন্ তৈল)।

১১। এসেন্‌শিয়া (Essentia); এসেন্স্। ১ অংশ ঔষধদ্রব্যের তৈল, ৪ অংশ শোধিত সুরায় দ্রব করিলে ইহা প্রস্তুত হয়। দুইটি মাত্র এসেন্স্ আছে।—

এসেন্‌শিয়া এনিসাই এবং এসেন্‌শিয়া মেন্থী পিপারিটী।

১২। একষ্ট্রাক্টাম্ (Extractum); একষ্ট্রাক্ট্; সার। সরস উদ্ভিদের নিষ্পেষিত রসকে বা শুষ্কীকৃত ঔষধদ্রব্যের দ্রবণীয় অংশকে উৎপাতন দ্বারা গাঢ় করিয়া লইলে এই প্রয়োগরূপ প্রস্তুত হয়। সার বিবিধ প্রকার,—

(ক) ফ্রেশ একষ্ট্রাক্ট্ বা সরস সার। কুট্টিত উদ্ভিদ্ হইতে নিষ্পেষিত রসকে ২১২ তাপাংশ ফার্ণ্হীট্ উত্তাপে উত্তপ্ত করিয়া অণ্ডলাল সংযত করিবে; পরে ছাঁকিবে; যাহা ছাঁকিয়া আসিবে তাহাকে ১৬০ তাপাংশ ফার্ণ্হীট্ উত্তাপে গাঢ় করিয়া লইবে।

ব্রিটিশ্ ফার্মাকোপিয়া-গৃহীত একষ্ট্রাক্ট্ কল্চিসাই ও একষ্ট্রাক্ট্ ট্যারাক্সেসাই এই রূপে প্রস্তুত হয়।

(খ) গ্রীন্ একষ্ট্রাক্ট্ বা হরিৎ সার।—নিষ্পেষিত উদ্ভিদ্-রসকে ১৩০ তাপাংশ ফার্ণ্হীট্ উত্তাপে উত্তপ্ত করিয়া হরিৎবর্ণ দ্রব্য সংযত করিয়া, ছাঁকিয়া রাখিয়া দিবে; যাহা ছাঁকিয়া আসিবে তাহার অণ্ডলাল সংযত করণার্থ ২০০ তাপাংশ ফার্ণ্হীটে উত্তপ্ত করিবে; পরে ছাঁকিয়া ১৪০ তাপাংশ ফার্ণ্হীট্ উত্তাপে ছাঁকা দ্রবকে গাঢ় করিয়া শর্করার পাকের ন্যায় করিবে; অনন্তর পূর্ব্বোক্ত পৃথগ্ভূত বর্ণ-দ্রব্য মিশ্রিত করিয়া সমুদয়কে যথোচিত গাঢ় করিয়া লইবে।

ব্রিটিশ্ ফার্মাকোপিয়ায় নিম্নলিখিত হরিৎসার সকল গৃহীত হইয়াছে;—একষ্ট্রাক্ট্ বেলাডোনা, হাইয়োসায়েমাস্।

(গ) য়্যাকোয়াস্ একষ্ট্রাক্ট্ বা জলীয় সার।—শুষ্ক বনজ দ্রব্যকে শীতল বা উষ্ণ অথবা স্ফুটিত জলে ভিজাইয়া ফাণ্ট্ প্রস্তুত করিয়া ঐ ফাণ্ট্‌কে অগ্নিসন্তাপ দ্বারা গাঢ় করিয়া লইবে।

ব্রিটিশ্ ফার্মাকোপিয়ায় নিম্নলিখিত জলীয় সার সকল গৃহীত হইয়াছে;—একষ্ট্রাক্টাম্ য়্যালোজ্ বার্বেডেন্সিস্, য়্যান্থেমিডিস্, গ্লাইসিরিজী (যষ্টিমধু), জেন্শিয়েন্, ক্রামিরিয়ী, ওপিয়াই

(ঘ) লিকুইড্ একষ্ট্রাক্ট্ বা তরল সার।—জলীয় সার সকলকে শর্করার পাকের ন্যায় গাঢ় করিয়া লইলে ইহা প্রস্তুত হয়। নষ্ট না হয় এতদর্থে কতক পরিমাণে সুরা মিশ্রিত করিয়া লইতে হয়।

তরল সার সকল;—একষ্ট্রাক্টাম্ বেলাডোনী লিকুইডাম্, একোনাইটী, আধাটোডী, এট্রোপাইরাই গসিপিয়াই রেডিসিস্ কর্টিসিস্, বেলী, সিসাম্পেলী, গ্লাইসিরাইজী পিরি-ট্যুরোসাম্, ফ্রিণ্ডেলিয়ী, কাভী, পাইক্রোরাইজী, ভাইবার্ণাম্ প্রণিফোলিয়াম্ ক্যাস্কেরী স্যাগ্রেডী, সিমিসিফিউগী, সিঙ্কোনী, কোসী, আর্গটী, গ্লাইসিরিজী, হেমেমেলিডিস্, হাইড্রাষ্টিস্, ইপেকাকুয়ানী, নিউসিস্ ভমিকী, জেবরাণ্ডি, ওপিয়াই, প্যারেরী, সার্সী ট্যারাক্সেসাই।

(ঙ) য়্যাল্কহলিক্ একষ্ট্রাক্ট্ বা সুরাবসিত সার।—শুষ্ক বনজ দ্রব্যকে শোধিত সুরা, পরীক্ষিত সুরা, অথবা শোধিত সুরায় ও জলে ভিজাইয়া, ছাঁকিয়া, যথোচিত গাঢ়ত্ব প্রাপ্ত করাইয়া লইবে।

একষ্ট্রাক্টাম্ নিউসিস্ ভমিকী বেলাডোনা, ক্যানেবিস্ ইণ্ডিসী, কলোসিন্থ কোঃ, আর্গটী,

জ্যালাপী, ফাইসষ্টিগ্‌মেটিস্‌, রিয়াই, য়্যামোনিয়াম্‌ ও অন্যান্য অধিকাংশ সার এইরূপে প্রস্তুত হয়।

(চ) ঈথিরিয়্যাল্‌ একৃষ্ট্রাক্ট্‌ বা ঈথার্‌ঘটিত সার।—ইহা বিবিধ প্রকারে প্রস্তুত হয় ;—(১) ঈথার্‌ সহ পার্কোলেট্‌ করিয়া গাঢ় করিয়া লইবে। যথা—একৃষ্ট্রাক্টাম্‌ ফিলিসিস্‌ লিকুইডাম্‌। (২) সুরাবসিত সার প্রস্তুত করিয়া ইহাকে ঈথারে ভিজাইয়া রাখিবে, পরে গাঢ় করিয়া লইবে। যথা—একৃষ্ট্রাক্টাম্‌ মেজিরিয়াই ঈথিরিয়াম্‌। (৩) ঔষধ দ্রব্যকে ধৌত করিয়া তৈলবিহীন করতঃ জলীয় বা সুরাবসিত সার প্রস্তুত করিয়া লইবার পূর্ব্বে ঈথার্‌ দ্বারা পার্কোলেট্‌ করিয়া লইবে। যথা — একৃষ্ট্রাক্টাম্‌ ষ্ট্র্যামোনিয়াই।

(ছ) য়্যাসেটিক্‌ একৃষ্ট্রাক্ট্‌ বা য়্যাসেটিক্‌ য়্যাসিড্‌-ঘটিত সার।—কুট্টিত বনজ পদার্থে য়্যাসেটিক্‌ য়্যাসিড্‌ সংযোগ করতঃ ফ্রেশ্‌ একৃষ্ট্রাক্ট্‌ প্রস্তুত করিয়া লইবে। যথা—একৃষ্ট্রাক্টাম্‌ কল্‌চিসাই য়্যাসেটিকাম্‌।

(জ) ড্রাই একৃষ্ট্রাক্ট্‌ বা শুষ্ক সার।—তরল সারে শতকরা কুড়ি অংশ ক্ষীর-শর্করা মিশ্রিত করিয়া এরূপ গাঢ় করিতে হয় যে, শীতল হইলে ভঙ্গুর হয়, পরে চূর্ণ করিয়া লইবে। যথা—একৃষ্ট্রাক্টাম্‌ ইউনিমাই সিক্কাম্‌, ষ্ট্রোফ্যান্থাই।

১২। গ্লাইসেরাইনাম্‌ (Glycerinum) ; গ্লিসেরিন্‌।—ঔষধদ্রব্যকে গ্লিসেরিন্‌, বা গ্লিসেরিন্‌ ও জল সহযোগে মর্দ্দন করিয়া প্রয়োজনানুসারে মৃদু সন্তাপ দ্বারা দ্রব করিবে। বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়।

গ্লাইসেরাইনাম্‌।—য়্যাসিডাই বোরিসাই, য়্যাসিডাই কার্বলিসাই ; য়্যাসিডাই ট্যানিসাই ; য়্যামিলাই ; য়্যালুমিনিস্‌ ; বোরেসিস্‌ পেপসিনী প্লাম্বাই সাব্‌য়্যাসিটেটিস্‌ ; ট্র্যাগাকান্থী।

১৩। ইন্‌ফিউজাম্‌ (Infusum) ; ইন্‌ফিউজন্‌ ; ফাণ্ট্‌।—ঔষধদ্রব্যকে স্ফুটিত পরিস্রুত জলে ভিজাইয়া ছাঁকিয়া প্রস্তুত করা হয়। কোন কোন দ্রব্যকে শীতল জলে ভিজাইতে হয় ; যথা,—ক্যালাম্বা এবং কোয়াসিয়া। চিরেতা ও কাস্পেরিয়ার ফাণ্ট্‌ প্রস্তুত করিতে ১২০ ফার্ণহাইট্‌ তাপাংশ উষ্ণ জল ব্যবহৃত হয়। দুইটি মিশ্র ফাণ্ট্‌ আছে ; যথা,—ইন্‌ফিউজাম্‌ জেন্‌শিয়েনী কম্পোজিটাম্‌, এবং ইন্‌ফিউজাম্‌ অর‍্যান্‌শিয়াই কম্পোজিটাম্‌। তদ্ভিন্ন আরও কয়েকটি ফাণ্ট্‌ একাধিক পদার্থে প্রস্তুত হয়, কিন্তু উহাদিগকে মিশ্র ফাণ্ট্‌ বলে না ; যথা—সিঙ্কোনী য়্যাসিডা, রোজী য়্যাসিডা, ও সেনী।

ইনফিউজাম্ সকল।—এন্‌ষ্টোনিয়ী, এণ্ড্রোগ্রেফাইডিস্, এক্সাডিরাক্টি, ইণ্ডিসী, ক্যসিনিয়াই, টাইনস্পোরী, টোডেলী, অর‍্যান্‌শিয়াই (কমলাত্বক), অর‍্যান্‌শিয়াই কোঃ, বুকু, ক্যালাম্বী, ক্যারিয়োফাইলী, ক্যাস্কারিলী, চিরাটী, সিঙ্কোনী য়্যাসিডা, কাস্পেরিয়ী, ডিজিটেলিস, আর্গটী, জেন্‌শিয়েনী, ক্রামিরিয়ী, লাপুলাই, কোয়াসিয়ী, রিয়াই, রোজী য়্যাসিডাম্, স্কোপেরিয়াই, সেনী, সার্পেন্টেরায়ী, ইউভী আর্সাই।

১৪। ইঞ্জেক্‌শিয়োনেস্ হাইপোডার্মিকা (Injectiones Hypodermica); হাইপোডার্মিক্ ইঞ্জেক্‌শন্‌স্। এই সকল প্রয়োগরূপ ত্বক্‌নিম্নস্থ ঝিল্লিমধ্যে সূক্ষ্ম পিচকারী দ্বারা প্রয়োজিত হয়। ব্রিটিশ্ ফার্মাকোপিয়ায় চারিটি মাত্র এই প্রয়োগরূপ গৃহীত হইয়াছে; যথা,—

ইঞ্জেক্‌শিয়ো য়্যাপোমর্ফাইনী হাইপোডার্মিকা, ইঞ্জেক্‌শিয়ো আর্গটিনী হাইপোঃ, ইঞ্জেক্‌শিয়ো মর্ফাইনী হাইপোঃ। ইঞ্জেক্‌শিয়ো কোকেয়িনী হাইপোঃ।

১৫। ল্যামেলী (Lamellæ); ডিস্ক্‌স্; ক্ষুদ্র চাক্তি।—ইহা গ্লিসেরিন্ সংযুক্ত জেলেটিনের ক্ষুদ্র চাক্তি। প্রত্যেক চাক্তির ওজন $\frac{1}{50}$ গ্রেণ্। ল্যামেলী কোকেয়িনের ওজন $\frac{1}{18}$ গ্রেণ্। চারিটি মাত্র ক্ষুদ্র চাক্তি গৃহীত হইয়াছে; যথা,—

ল্যামেলী—য়্যাট্রোপাইনী ($\frac{1}{5000}$ গ্রেণ্); কোকেয়িনী ($\frac{1}{50}$ গ্রেণ্); ফাইসষ্টিগ্‌মিনী ($\frac{1}{1000}$ গ্রেণ্), হোমেট্রোপাইনী ($\frac{1}{100}$ গ্রেণ্)।

১৬। লিনিমেণ্টাম্ (Linimentum); লিনিমেণ্ট্; মর্দ্দন।—কর্পূর, সুরা, সাবান ও তৈল সহযোগে প্রস্তুত করা যায়। লিনিমেণ্টাম্ য়্যাকোনাইট্ ও আইয়োডাই প্রলেপ রূপে ব্যবহৃত হয়; আর আর লিনিমেণ্ট্ ত্বকে মর্দ্দন করিতে হয়।

লিনিমেণ্ট্ সকল।—য়্যাকোনাইট্, য়্যামোনিয়া, বেলাডোনা, ক্যাল্‌সিস্, ক্যাম্ফর্, ক্যাম্ফর্ য়্যামোনিয়াটা ক্লোরোফর্ম্, ক্রোটন্ অয়িল্, মার্কারি, ওপিয়াম্, পটাশ্ আইয়োডাইড্ উইথ্ সোপ্, সোপ্, সির্নেপিস্, টার্পেন্টাইন্, টার্পেন্টাইন্ উইথ্ য়্যাসিটিক্ য়্যাসিড্।

১৭। লাইকর্ (Liquor); সোল্যুশন্; দ্রব।—ঔষধদ্রব্যকে জলে বা পরিস্রুত জলে অথবা অন্য দ্রবকারকের সাহায্যে দ্রবীভূত করিয়া লইতে হয়। ইহাদিগের মধ্যে তিনটি মাত্রা লাইকর্ প্যাঙ্ক্রিয়েটিস্, লাইকর্ থাইরয়িডিয়ি এবং লাইকর্ এপিস্প্যাষ্টিকাস্, জান্তব পদার্থ হইতে প্রস্তুত।

লাইকর্ সকল।—য়্যাসিডাই ক্রমিসাই, য়্যামোনিয়ী, য়্যামোনিয়ী ফর্টিস্, য়্যামোনিয়াই য়্যাসিটেটিস্, য়্যামোনিয়াই সাইট্রেটিস্, আর্সেনিকেলিস্, আর্সেনিসাই হাইড্রোক্লোরিকাস্, আর্সেনিয়াই এট্ হাইড্রার্জিরাই আইযোডিডাই, য়্যাট্রোপাইনী সাল্‌ফেটিস্, বিস্‌মাথাই এট্ য়্যামোনিয়াই সাইট্রেটিস্, ক্যাল্‌সিস্, ক্যাল্‌সিস্ ক্লোরিনেটী, ক্যাল্‌সিস্ স্যাকারেটাস্, ক্লোরাই, ক্যালাম্বী কন্সেণ্ট্রেটাস্, কাউচুক্, চিরাটী কন্সেণ্ট্রেটাস্, কাস্পেরায়ী কন্সেণ্ট্রেটাস্, কোকেয়িনী হাইড্রোক্লোরেটিস্, এপিস্প্যাষ্টিকাস্, ইথিল্ নাইট্রাইটিস্, ফেরি য়্যাসিটেটিস্,

ফেরি পার্ক্লোরিডাই, ফেরিপার্ক্লোরিডাই ফর্টিস্, ফেরি পার্নাইট্রেটিস্, ফেরি পার্সাল্ফেটিস্, হেমেমেলেডিস্, হাইড্রার্জিরাই নাইট্রেটিস্ য়্যাসিডাম্, হাইড্রার্জিরাই পার্ক্লোরিডাই, ম্যাগ্নিসিয়ী কার্বনেটিস্, হাইড্রোজেনিয়াই পার্অক্সাইডাই, আইয়োডাই ফর্টিস্, ক্রামেরিয়ী কন্সেণ্ট্রেটাস্, মর্ফাইনী য়্যাসিটেটিস্, মর্ফাইনী হাইড্রোক্লোরেটিস্, মর্ফাইনী টার্ট্রেটিস্, প্যাংক্রিয়েটিস্, পাইসিস্ কার্বনিস্, প্লাম্বাই য়্যাসিটেটিস্ ফর্টিস্, প্লাম্বাই সাব্য়্যাসিটেটিস্ ডাইল্যুটাস্, পোটাসী, পোটাসী পার্ম্যান্গেনেটিস্, কোয়াসিয়ী কন্সেণ্ট্রেটাস্, রিয়াই কন্সেণ্ট্রেটাস্, সার্সাকম্পাউণ্ড্ কন্সেণ্ট্রেটাস্, সেনেগী কন্সেণ্ট্রেটাস্, সেনী কন্সেণ্ট্রেটাস্, সার্পেণ্টেরায়ী কন্সেণ্ট্রেটাস্, সোডী ক্লোরিনেটী, সোডিয়াই আর্সেনিয়েটিস্, সোডিয়াই এথেলিটিস্, ষ্ট্রিক্নাই হাইড্রোক্লোরিডাই, থাইরয়িডাই, ট্রিনিট্রাইনী, জিঙ্কাই ক্লোরিডাই, এণ্ড্রাগ্রেফাইডিস্ কন্সেণ্ট্রেটাস্, এরিষ্টোলোকিয়ী কন্সেণ্ট্রেটাস্, বার্বেরিডিস্ কন্সেণ্ট্রেটাস্, কসিনিয়াইন্ কন্সেণ্ট্রেটাস্, এপিস্প্যাষ্টিকাস্ মাইলেব্রিডিস্, লাইকর্ টাইনোস্পোরী কন্সেণ্ট্রেটাস্, টোডেলী কন্সেণ্ট্রেটাস্।

১৮। লোশিয়ো (Lotio); লোশন্; ধৌত। বাহ্য প্রয়োগার্থ জলীয় দ্রবে লিণ্ট্ ভিজাইয়া বা ধৌতরূপে স্থানিক প্রয়োগ করা যায়। ফার্মাকোপিয়ায় দুইটিমাত্র লোশন্ আছে; যথা—

লোশিয়ো হাইড্রার্জিরাই ফ্লেভা এবং লোশিয়ো হাইড্রার্জিরাই নাইগ্রা।

১৯। মেল্ (Mel); হনি; মধু।—মধু সহযোগে ঔষধদ্রব্য মর্দ্দন করিয়া প্রস্তুত করা যায়।

ফার্মাকোপিয়ায় চারিটিমাত্র এই প্রয়োগরূপ আছে; যথা—মেল্ বোরেসিস্, মেল্ ডেপ্যুরেটাম্, মেল্ অক্সিমেল্, মেল্ অক্সিমেল সিলী।

২০। মিশ্চ্যুরা (Mistura); মিক্শ্চার্; মিশ্র।—এক বা একাধিক ঔষধদ্রব্য জলে দ্রবীভূত করিলে, অথবা জলে দ্রব না হইয়া কেবল মিশ্রিত হয় এমত দ্রব্যসকলকে জলের সহিত মর্দ্দন করিয়া মিশ্রিত করিলে ইহা প্রস্তুত হয়।

মিশ্চ্যুরা সকল।—য়্যামোনিয়েসাই, য়্যামিগ্ডেলী, ক্রিয়েজোটাই, ক্রিটী, ফেরি কম্পোজিটা, গোয়েসাই, ওলিয়ো রিসিনী, সেনী কম্পোজিটা, স্পিরিটাস্ ভাইনাই গ্যালিসাই।

২১। মিউসিলেগো (Mucilago); মিউসিলেজ্; মণ্ড। গঁদ বা শ্বেতসারকে উষ্ণ বা শীতল জলে দ্রব করিলে মণ্ড প্রস্তুত হয়। ইহাদিগকে তৈল ও ধূনাদি, জলে অদ্রবণীয় পদার্থসকলকে আধার স্বরূপে ব্যবহার করা যায়।

মিউসিলেজ্ সকল।—য়্যাকেসিয়ী, ট্রাগাকান্থী।

২২। ওলিয়েটাম্ (Oleatum); ওলিয়েট্।—ঔষধদ্রব্যকে ওলেয়িক্ য়্যাসিডে দ্রব করিয়া প্রস্তুত করা যায়। ইহারা বাহ্য প্রয়োগার্থ ব্যবহৃত হয়।

একটি মাত্র এই প্রয়োগরূপ ফার্মাকোপিয়ায় গৃহীত হইয়াছে ; যথা—ওলিয়েটাম্ হাইড্রার্জিরাই।

২৩। ওলিয়াম্ (Oleum) ; অয়িল্ ; তৈল।—ফল, পুষ্প, পত্র, বল্কল ও বীজাদিকে মর্দ্দন ও নিষ্পেষন করিলে বা জলের সহিত চুয়াইলে তৈল প্রাপ্ত হওয়া যায়।

ওলিয়াম্ সকল।—য়্যামিগ্‌ডেলী, য়্যানিথাই, য়্যানিসাই, য়্যান্থেমিডিস্, ক্যাডিনাম্, ক্যাজুপটি, কারুই, ক্যারিয়োফাইলী, সিনেমোমাই, কোপেবী, কোরিয়েণ্ড্রাই, ক্রোটনিস্, আজোয়ান্, য়্যারেক্সিস্, গল্‌থেরিয়ী, গ্রামেনিস্ সাইট্রেটাই, গাইনোকার্ডিয়ী, সিলেমাই, কিউবেবী, ইউকেলিপ্টাই, জুনিপারাই, ল্যাভাণ্ডিউলী, লিমোনিস্, লিনাই, মেন্থী পিপারিটি মেন্থী ভিরিডিস্, মহুয়ী, মাইরিষ্টিসী, অলিভী, ফস্ফরেটাম্, পাইমেন্টী, পাইনাই, রোজী, রিসিনী, রোজম্যারিনাই, স্যাণ্টেলাই, সিনাপিস্, টেরেবিন্থিনী, থিয়োব্রোমেটিস্।

২৪। ওলিয়ো-রেজিনা (Oleo-resina) ; ওলিয়ো-রেজিন্।—রেজিন্ ও বায়ী তৈলের মিশ্র।

ফার্মাকোপিয়ায় একটিমাত্র এই প্রয়োগরূপ আছে ;—ওলিয়ো-রেজিনী কিউবেবী।

২৫। অক্সিমেল্ (Oxymel) ; অক্সিমেল্। সির্কা ও মধু-ঘটিত প্রয়োগরূপ। যথা—অক্সিমেল্ সিলী।

২৬। পাইল্যুলা (Pilula) ; পিল্ ; বটিকা।—যে সকল ঔষধ অত্যন্ত দুর্গন্ধ ও বিস্বাদ এবং অল্প মাত্রায় প্রয়োজ্য, অথবা উদরস্থ হইয়া ক্রমে ক্রমে দ্রব হউক এরূপ বাঞ্ছনীয়, তাহাদিগকে বটিকাকারে প্রয়োগ করা যায়। ঔষধ-দ্রব্যকে গোলাবের খণ্ড, শর্করার পাক, সাবান ও গুড় প্রভৃতির সহিত মর্দ্দন করিয়া বটিকা প্রস্তুত করা যায়।

পাইলুলা।—য়্যালোজ্ বার্বেডেন্সিস্, য়্যালোজ্ এট্ য়্যাসাফীটিডি, য়্যালোজ্ এট্ ফেরি, য়্যালোজ্ এট্ মার্হী, য়্যালোজ্ সকট্রাইনী, ক্যাম্বোজিয়ী কম্পোজিটা, কলোসিন্থিডিস্ কম্পোজিটা, কলোসিন্থিডিস্ এট্ হাইয়োসায়েমাই, ফেরি, হাইড্রার্জিরাই, হাইড্রার্জিরাই সাব্‌ক্লোরিডাই কম্পোজিটা, ইপেকাকুয়ানী কাম্ সিলা, ফস্ফরাই, প্লাম্বাই কাম্ ওপিয়ো, কুইনাইনী সাল্‌ফেটিস্ রিয়াই কম্পোজিটা, সেপোনিস্ কম্পোজিটা, স্ক্যামোনিয়াই কম্পোজিটা, সিলী কম্পোজিটা, ইপেকাকুয়ানী কাম্ আর্জিনিয়া, আর্জিনিয়ী কম্পোজিটা।

২৭। পাল্‌ভারিস্ (Pulveris) ; পাউডার্ ; চূর্ণ।—একাধিক শুষ্ক ঔষধ-দ্রব্যকে সূক্ষ্ম চূর্ণ করতঃ একত্র মিশ্রিত করিলে ইহা প্রস্তুত হয়।

পাল্‌ভিস্।—য়্যামিগ্‌ডেলী কম্পোজিটাস্, য়্যান্টিমোনিয়েলিস, ক্যাটিকিউ কম্পোজিটাস্, সিনেমোমাই কম্পোজিটাস্, ক্রিটী য়্যারোম্যাটিকাস্, ক্রিটী য়্যারোম্যাটিকাস্ কাম্ ওপিয়ো, ইলেটেরিনাই কম্পোজিটাস্, গ্লাইসিরাইজী কম্পোজিটাস্, ইপেকাকুয়ানী কম্পোজিটাস্, জ্যালাপী কম্পোজিটাস্, কাইনো কম্পোজিটাস্, ওপিয়াই কম্পোজিটাস্, রিয়াই কম্পোজিটাস্, সোডা টার্ট্: এফার্ভেসেন্স্, ট্রাগাকান্থী কম্পোজিটাস্, থিওব্রোমী সেমিনাম্, কালাডানী কম্পোজিটাস্।

২৮। স্পিরিটাস্ (Spiritus); স্পিরিট্; সুরাদ্রব।—ঔষধদ্রব্যকে সুরাতে দ্রব করিলে, অথবা সুরার সহিত চুয়াইলে স্পিরিট্ প্রস্তুত হয়।

স্পিরিটাস্।—ঈথারিস্, এনিসাই, ঈথারিস্ কম্পোজিটাস্, ঈথারিস্ নাইট্রোসাই, য়্যামোনিয়ী য়্যারোম্যাটিকাস্, য়্যামোনিয়ী ফেটিডাস্, আর্মোরেসিয়ী কম্পোজিটাস্ ক্যাজু-পাটাই, ক্যাম্ফোরী, ক্লোরোফর্মাই, সিনেমোমাই, জুনিপারাই, ল্যাভেণ্ডিউলী, মেস্থী পিপারিটী, মাইরিষ্টিসী, রেক্‌টিফিকেটাস্, রোজ্‌ম্যারিনাই, ভাইনাই গ্যালিসাই।

২৯। সাক্কাস্ (Succus); জুস্; রস।—সরস পত্র, ফল ও মূলাদির নিষ্পীড়িত রসের তিন অংশে এক অংশ শোধিত সুরা মিশ্রিত করিয়া রাখিবে; সপ্তাহ পরে ছাঁকিয়া লইবে।

সাকাস্।—বেলাডোনী, কোনিয়াই, হাইয়োসায়েমাই, লিমোনিস্ একেলাইফী, এধা-টোডী, স্কোপেরিয়াই, ট্যারাক্সেসাই।

৩০। সাপোজিটোরিয়া (Suppositoria); সাপোজিটোরিয়া।—যোনি বা গুহ্যমধ্যে প্রয়োগ করণার্থ শুণ্ডাকার বর্ত্তিকা বটিকারূপে প্রস্তুত ঔষধ। থিয়োব্রোম্, সাবান অথবা জেলেটিন্ সহযোগে প্রস্তুত হয়।

সাপোজিটোরিয়া।—য়্যাসিডাই কার্বলিসাই, য়্যাসিডাই ট্যানিসাই, বেলাডনী, গ্লিসে-রাইনী, আইয়োডোফর্মাই, মর্ফাইনী, প্লাম্বাই কম্পোজিটা।

৩১। সিরাপাস্ (Syrupus); সিরাপ্; পাক। ঔষধদ্রব্যকে শর্করার সহিত মিশ্রিত করিলে ইহা প্রস্তুত হয়।

সিরাপাস্।—য়্যারোম্যাটিকাস্ অর‍্যান্‌শিয়াই; অর‍্যান্‌শিয়াই, ফ্লোরিস, ক্যাল্‌সিয়াই, ল্যাক্টোফস্ফেট্, ক্যাস্কেরী য়্যারোম্যাট্ঃ কোডেয়িনী, ক্লোর‍্যাল্, ফেরি আইয়োডিডাই ফেরি ফস্ফেটিস্, কুইনাইন্, এণ্ড্ ষ্টিক্‌নাইন্, গ্লুকোসাই, হেমিডেস্‌মাই, লিমোনিস্, প্রুণাই ভার্জিনিয়ানী, রিয়াই, রিয়াডস্, রোজী, সিলী, সেনী, টোল্যুটেনাস্, জিঞ্জিবারিস্, আর্জেনিয়ী।

৩২। ট্যাবেলী (Tabellæ); ট্যাব্‌লেট্‌স্।—ইহা এক প্রকার চাক্তি। নাইট্রোগ্লিসেরিন্ ট্যাব্‌লেট্ একমাত্র প্রয়োগরূপ।

৩৩। টিংচ্যুরা (Tinctura); টিংচার্; অরিষ্ট।—ব্রিটিশ্ ফার্মা-কোপিয়ামতে অধিকাংশ অরিষ্ট নিম্নলিখিত প্রণালীতে প্রস্তুত হয়। ঔষধ-দ্রব্যের চূর্ণ ২॥০ আউন্স্, ১৫ আউন্স্ সুরাতে ৪৮ ঘণ্টা পর্য্যন্ত ভিজাইয়া রাখিবে; পরে, সমুদয়কে পার্কোলেশন্ যন্ত্রমধ্যে স্থাপন করিয়া আরও ৫ আউন্স্ সুরা ঢালিয়া দিবে; আধার-ভাণ্ডে সমুদয় অরিষ্ট সঞ্চিত হইলে, যন্ত্রমধ্যস্থ ঔষধকে চাপিয়া যাহা অবশিষ্ট থাকে, তাহাও নির্গত করিবে; পরিশেষে আরও সুরা সংযোগে এক পাইণ্ট পূর্ণ করিবে। এতদ্ভিন্ন, অপর অনেকগুলি টিংচার্ ম্যাসারেশন্ নামক প্রক্রিয়া দ্বারা প্রস্তুত হয়।

টিংচ্যুরা।—য়্যাকোনিটাই, আর্ণিসী, ক্যাপসিসাই, সিমিসিফিউগী, বেল্‌সিমাই,

জেবরাণ্ডি, সিঙ্কোনী, সিঙ্কোনী কম্পোজিটা, সিনেমোমাই, বুকু, রিয়াই কম্পোজিটী, বেলাডোনী, ক্যালাম্বী, কার্ডেমোমাই কম্পোজিটা, ক্যাস্কারিলী, ক্রোকাই, ছিরাটা, কিউবেবী, জেন্‌শিয়েনী কম্পোজিটা, ক্রামিরিয়ী, আধাটোডী, য়্যাল্‌ষ্টোনিয়ী য়্যাণ্ড্ৰ্যাগ্রেফাইডিস্‌ এরিষ্টোলোকীয়ী, আর্ণিসী ফ্লোরাম্‌, আজাডিরাক্টী ইণ্ডিসী, বার্বেরিডিস্‌, ক্যালোট্রপিস্‌ ডেটুারী সেমিনাম্‌, জ্যালাপী কম্পোজিটা, কালাডোনী, অলিভেরাই কর্টসিস, কোসিনিয়াই, পাইক্রোরাইজী, পড়ফিলাই ইণ্ডিসী, টাইন্‌স্পোরী, আর্জেনিয়ী, ভেলিরিয়ানী ইণ্ডিসী য়্যামোনিয়াটা, সার্পেন্টেয়ারী, কল্‌চিসাই, সেমিনাম্‌, ডিজিটেলিস্‌, নিউসিস্‌ ভমিসী, ষ্ট্র্যামোনিয়াই, সাম্বাল্‌, জিঞ্জিবারিস্‌, জ্যালাপী, লাপ্যুলাই, সেনেগী, কোনিয়াই, হাইয়োসায়েমাই, য়্যার্ণী, সিলী, সেনী, কম্পোজিটা, পাইরিথ্রাই, য়্যালোজ্‌, য়্যাসাফীটিডী, অর্যান্‌শিয়াই, অর্যান্‌শিয়াই রিসেন্টিস্‌, বেন্‌জোয়িনী কম্পোজিটা, কোয়াসিয়ী, ককসাই, ক্যাটিকিউ, গোয়েসাই য়্যামোনিয়েটা, কাইনো, লিমোনিস্‌, য়্যামোনিয়েটা, ক্যাম্ফোরী কম্পোজিটা, ক্যান্থারিডিস্‌, ল্যাভাণ্ডিউলী কম্পোজিটাস্‌, লোবিলিয়ী ঈথিরিয়া, ওপিয়াই, ওপিয়াই য়্যামোনিয়েটা, ক্যানেবিস্‌ ইণ্ডিসী, প্রুণাই ভার্জিনিয়ানী, ক্লোরোফর্মাই এট্‌ মর্ফাইনী কম্পোজিটা, আইয়োডাই, কুইনাইনী, কুইনাইনী য়্যামোনিয়েটা টোল্যুটেনা, ফেরি পার্‌ক্লোরিডাই, পড়ফিলাই, হেমেমেলিডিস্‌, হাইড্রাষ্টিস্‌ ষ্ট্রোফ্যান্থাই, ভেলিরিয়ানী য়্যামোনিয়েটা, কুইলেয়িয়ী আর্ণটী য়্যামোনিয়েটা।

৩৪। ট্রোচিস্কাস্‌ (Trochiscus); লোজেঞ্জ্‌; চাক্তি।—মুখমধ্যে ধীরে ধীরে গলিয়া কার্য্য করিবে, এ উদ্দেশ্যে এক বা একাধিক ঔষধ-দ্রব্যের ক্ষুদ্র ক্ষুদ্র চ্যাপ্টা চাক্তি প্রস্তুত করা যায়। ব্রিটিশ্‌ ফার্মাকোপিয়ায় তিন প্রকার বেসিস্‌ (চাক্তি প্রস্তুত করণোপযোগী মূলীয় পদার্থ) দ্বারা প্রস্তুত হয়; যথা,—ফ্রুট্‌ বেসিস্‌, রোজ্‌ বেসিস্‌, এবং সিম্প্‌ল্‌ বেসিস্‌ বা টোল্যু বেসিস্‌।

ট্রোচিসাই।—য়্যাসিডাই বেন্‌জোয়েসাই, য়্যাসিডাই কার্বলিসাই, ইউকেলিপ্টাই গামাই, গোয়েসিয়ী রেজিনী, য়্যাসিডাই ট্যানিসাই, বিস্‌মাথাই, ক্যাটিকিউ, ফেরি রিড্যাক্টাই, ইপেকাকুয়ানী, মর্ফাইনী, মর্ফাইনী এট্‌ ইপেকাকুয়ানী, ক্রামেরিয়ী, ক্রামেরিয়ী এট্‌ কোকেয়িনী, পোটাসিয়াই ক্লোরেটিস্‌, স্যান্টোনিনাই, সোডিয়াই বাইকার্বনেটিস্‌, সাল্‌ফিউরিস্‌।

৩৫। আঙ্গুয়েন্টাম্‌ (Unguentum); অয়িন্ট্‌মেন্ট্‌; মলম।—শূকর বা মেষের বসা, বা মোমের মলম, বা প্যারাফিন্‌ বা বেন্‌জোয়েটেড্‌ লার্ডের সহিত ঔষধ-দ্রব্যকে মর্দ্দন করিয়া মিশ্রিত করিলে ইহা প্রস্তুত হয়।

আঙ্গুয়েন্টাম্‌।—য়্যাসিডাই বোরিসাই, য়্যাসিডাই কার্বলিসাই, য়্যাসিডাই স্যালিসিলিসাই, য়্যাকোনিটাইনী, য়্যাকুয়ী রোজী, য়্যাট্রোপাইনী, বেলাডোনী, সিটেসিয়াই, ক্যাপ্‌সিসাই, কোকেয়িনী, ক্রিয়েজোটাই, ইউকেলিপ্টাই, ক্যান্থারিডিস্‌, কোনিয়াই, ক্রাইসেরোবিনাই, গ্যালী, গ্যালী কাম্‌ ওপিয়ো, গ্লাইসিরিনাই প্লাম্বাই সাবয়্যাসিটেটিস্‌, হাইড্রার্জিরাই, হাইড্রার্জিরাই য়্যামোনিয়েটাই, হাইড্রার্জিরাই কম্পোজিটাস, হাইড্রার্জিরাই আইয়োডিডাই রুব্রাই, হাইড্রার্জিরাই নাইট্রেটিস্‌, হাইড্রার্জিরাই নাইট্রেটিস্‌ ডাইলিউটাস্‌,

হাইড্রার্জিরাই অক্সিডাই রুব্রাই, হাইড্রার্জিরাই সাবক্লোরিডাই, হাইড্রার্জিরাই ওলিয়েটিস্, হাইড্রার্জিরাই অক্সাইডাই ফ্লেভাই, আইয়োডাই, আইয়োডোফর্মাই, পাইসিস্ লিকুইডী, প্লাম্বাই য়্যাসিটেটিস্, প্লাম্বাই কার্বনেটিস্, প্যারাফিনাই, প্লাম্বাই আইয়োডিডাই, পোটাসিয়াই আইয়োডিডাই, রেজিনী, ষ্ট্যাফিসেগ্রায়ী, সাল্‌ফিউরিস্, সাল্‌ফিউরিস্ আইয়োডিডাই, ভিরাট্রাইনী, জিঙ্কাই, জিঙ্কাই ওলিয়েটিস, হেমেমেলিডিস, গাইনোকার্ডী, মাইরোবালেনাই, মাইরোব্যালেনাই কাম্ ওপিয়ো।

৩৬। ভেপর্ (Vapor) ; ইন্‌হেলেশন্ ; ধূম।—ঔষধদ্রব্যকে শীতল বা স্ফুটিত জলের সহিত মিশ্রিত করিয়া উপযুক্ত যন্ত্রমধ্যে স্থাপন করিলে যে ধূম নির্গত হয় ; ঐ ধূম শ্বাস দ্বারা গ্রহণ করা যায়।

৩৭। ভাইনাম্ (Vinum) ; ওয়াইন্ ; আসব।—ঔষধদ্রব্যকে শেরি আসবে বা অরেঞ্জ্ ওয়াইন্ নামক আসবে সপ্তাহ পর্য্যন্ত ভিজাইয়া ছাঁকিয়া লইবে। যে সকল দ্রব্য আসবে দ্রবণীয়, তাহাদিগকে দ্রব করিয়া লইবে।

ভাইনাম্।—য়্যাণ্টিমোনিয়েলি, কল্‌চিসাই, ফেরি, ফেরি সাইট্রেটিস্, ইপেকাকুয়ানী, কুইনাইনী, অর্‍্যান্‌শিয়াই, জেরিকাম্।

ঔষধ প্রয়োগ বিবরণ।

ঔষধ দ্রব্যসকল শরীর মধ্যে ভিন্ন ভিন্ন রূপে প্রয়োগ করা যায়। যথা,—

১। রক্তবহা নাড়ী মধ্যে।—এই প্রণালীতে মনুষ্য-শরীরে প্রায়ই ব্যবহৃত হয় না।

২। চর্ম্মের নিম্নস্থ জালবৎ ঝিল্লিতে উপযুক্ত পিচকারী দ্বারা ঔষধ প্রয়োগ, ইহাকে হাইপোডার্মিক্ ইঞ্জেক্‌শন্ কহে। এইরূপ প্রয়োগদ্বারা ঔষধসকল শীঘ্র শোষিত হইয়া ক্রিয়া দর্শায়। অর্দ্ধ-ড্রাম্-মাত্রা একটি পিচকারীর মুখে একটি তীক্ষ্ণ লৌহ-শলাকা সংযুক্ত আছে ; ঐ শলাকার মধ্যে একটি সূক্ষ্ম নল আছে। প্রথমতঃ ঔষধের দ্রব পিচকারীমধ্যে লইয়া, ঐ লৌহ-শলাটি সংযোগ করিয়া, উহা দ্বারা চর্ম্ম ভেদ করতঃ জালবৎ ঝিল্লিতে ঔষধ ছাড়িয়া দিবে। পিচকারী মধ্যে যেন বায়ু বা অন্য পদার্থ প্রবিষ্ট না হয়। সামান্যত ঔষধ উদরস্থ করিলে যে ক্রিয়া প্রকাশ পায়, হাইপোডার্মিক্‌রূপে প্রয়োগ করিলে উহার ক্রিয়া তদপেক্ষা তিন গুণ ; সুতরাং মাত্রাও সেই অনুসারে নির্ণেয়। এইরূপ প্রয়োগে ঔষধ

শীঘ্র কার্য্য করে, এবং ফল অধিক কাল স্থায়ী হয়। চর্ম্ম ভেদ করিবার সময় সাবধান যেন কোন শিরা বিদ্ধ না হয়।

৩। সিরাস্ গহ্বর (সৈহিক ঝিল্লি) মধ্যে।—এই প্রয়োগরূপ প্রায় ব্যবহৃত হয় না। কিন্তু প্লুরা প্রভৃতি সিরাস্ গহ্বর পচন-নিবারক ঔষধ দিয়া ধৌত করিবার আবশ্যকতা হইলে ব্যবহৃত হয়। হাইড্রোসিল্ রোগে টিউনিকা ভেজাইনেলিসে আইয়োডিন্ প্রভৃতি এইরূপে প্রয়োজিত হয়।

৪। শ্লৈষ্মিক ঝিল্লিতে।—ঔষধদ্রব্য সকল মুখ দিয়া উদরস্থ করা যায়, এবং উহা পাকাশয় ও অন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লি দ্বারা শোষিত হইয়া রক্তমধ্যে প্রবেশ করে। ত্বক্ নিম্নস্থ জালবৎ ঝিল্লিতে ঔষধ প্রয়োগ করিলে শোষণ কার্য্য যেরূপ সত্বর সাধিত হয়, ইহাতে তদপেক্ষা অনেক বিলম্বে হয়। পাকাশয় খাদ্যশূন্য থাকিলে ঔষধের ক্রিয়া শীঘ্র প্রকাশ পায় ; খাদ্য পরিপূর্ণ থাকিলে ক্রিয়া প্রকাশ পাইতে বিলম্ব হয়। শ্লৈষ্মিক-ঝিল্লি দ্বারা ঔষধদ্রব্য শরীরান্তর্গত করিতে হইলে, অথবা ঔষধদ্রব স্থানিক ক্রিয়া দর্শাইবে এ উদ্দেশ্যে দেহের অন্যান্য স্থানের শ্লৈষ্মিক ঝিল্লিতে ঔষধ প্রয়োগ করা যায় ; যথা,—

গুহ্যমধ্যে ঔষধ প্রয়োগ।—বিরেচন, এবং শোষিত হইয়া ক্রিয়া প্রকাশ উদ্দেশ্যে ব্যবহৃত হয়। তরল ঔষধ পিচকারী দ্বারা গুহ্যমধ্যে প্রয়োগ করাকে এনিমেটা বা ক্লিষ্টার্ কহে। ঔষধ বটিকাকারে গুহ্যমধ্যে প্রবেশ করাইলে সাপোজিটোরি কহে। ঔষধ সেবন করাইতে হইলে যে মাত্রায় ব্যবহৃত হয়, গুহ্যে প্রয়োগার্থ তাহার তিন গুণ মাত্রা আবশ্যক। এতদ্ভিন্ন সরলান্ত্র ও বস্তিগহ্বরীয় যন্ত্র সকলে স্থানিক ক্রিয়া উদ্দেশ্যে ব্যবহৃত হয়।

লিঙ্গনাল মধ্যে বুজী বা পিচকারী দ্বারা ঔষধ প্রয়োগ।

জরায়ু মধ্যে পিচকারী বা পেসারি আদি রূপে ঔষধ প্রয়োগ।

শ্বাস দ্বারা ঔষধদ্রব্য কণ্ঠনাল এবং ফুস্ফুসের অন্তর্গত করণ। ধূমরূপে বা চুরুট রূপে ব্যবহৃত হয়।

গার্গল্ অর্থাৎ কুল্য বা গর্গরা।

কোলিরিয়াম্ ; আইওয়াশ।—চক্ষু রোগে ধৌতরূপে ব্যবহৃত হয়।

এতদ্ভিন্ন, ডুশ্, নস্য আদি রূপে নাসাভ্যন্তরে ঔষধ দ্রব্য প্রয়োজিত হয়।

চর্ম্ম দ্বারা ঔষধ প্রয়োগ। ঔষধদ্রব্য সকল চর্ম্মোপরি ঘর্ষণ করিলে

শোষিত হইয়া কার্য্য করে। এইরূপে পারদাদি ব্যবহৃত হয়। ব্লিষ্টার্ আদি দ্বারা ফোস্কা করিয়া তাহার ত্বক্ উত্তোলনানন্তর ঐ ক্ষতে ঔষধ প্রয়োগ করাকে এণ্ডার্মিক্ মেথড্ কহে। এই রূপ প্রয়োগে ঔষধ সকল শীঘ্র শোষিত হইয়া ক্রিয়া দর্শায়।

মাত্রা নির্ণয়।

নিম্নলিখিত শারীরিক অবস্থাভেদে ঔষধদ্রব্যের ক্রিয়ার তারতম্য হয়।—

বয়ঃক্রম।—শৈশবাবস্থায় অহিফেনাদি মাদক ঔষধ অতি অল্প মাত্রাতেও সহ্য হয় না; অতএব অতি সতর্কতার সহিত ব্যবহার্য্য। কিন্তু পারদ বা বেলাডোনা বা আর্সেনিক্ ঘটিত ঔষধ অপেক্ষাকৃত অধিক মাত্রায় ব্যবহার করা যাইতে পারে। সাধারণতঃ এ অবস্থায় ঔষধ সকল অতি অল্প মাত্রাতেই কার্য্যকর হয়।

বয়ঃক্রম			মাত্রা
১ বৎসর ন্যূন	...	...	১/১২
২ " "	...	...	১/৮
৩ " "	...	...	১/৬
৪ " "	...	...	১/৪
৭ " "	...	...	১/৩
১৪ " "	...	...	১/২
২০ " "	...	...	২/৩

২১ বৎসরের ঊর্দ্ধ পূর্ণ মাত্রা। ৬৫ বৎসরের পর হইতে মাত্রা ক্রমশঃ হ্রাস করিবে।

আর একটি মাত্রা-নির্ণায়ক নিয়ম প্রচলিত আছে; যথা—

$$\frac{\text{বৎসর বয়স}}{\text{বৎসর বয়স} + ১২}।$$

এরূপে ৪ বৎসর বয়স্ক বালকের পক্ষে মাত্রা প্রৌঢ় ব্যক্তির মাত্রার $\frac{৪}{৪+১২} = \frac{৪}{১৬} = \frac{১}{৪}$ অংশ।

এই নিয়ম অনুসরণ সকল সময়ে যুক্তিসঙ্গত নহে। শিশুদিগকে এই নিয়মে বিরেচক ঔষধ দিলে কার্য্যকারক হয় না। চারি বৎসরের বালককে চারি ড্রাম্ পর্য্যন্ত এরণ্ড তৈল দেওয়া যায় কিন্তু উক্ত প্রণালীমতে ইহার

মাত্রা দুই ড্রাম্ মাত্র। উপরি উক্ত মতানুসারে দুই বৎসরের শিশুর পক্ষে লডে-নামের মাত্রা চারি বিন্দু; কিন্তু ঐই মাত্রায় বিষম বিপদ্ ঘটিতে পারে।

বৃদ্ধ ব্যক্তিদিগকে মর্ফাইন্ আদি মাদক দ্রব্য অপেক্ষাকৃত অধিক মাত্রায় প্রয়োগ করা যায়। বৃদ্ধ বয়সে অবসাদক ঔষধ সহ্য হয় না। দেহের বল ক্রমশঃ হ্রাস হইতে থাকিলে উত্তেজক ঔষধ বিলক্ষণ সহ্য হয়।

স্ত্রী-পুরুষ-ভেদ।—স্ত্রীলোকদিগকে পুরুষগণাপেক্ষা অল্প পরিমাণে ঔষধ প্রয়োজ্য। স্ত্রীলোকদিগের জননেন্দ্রিয়ের ক্রিয়ার উপর লক্ষ্য রাখিয়া ঔষধ বিধান করিবে। রজস্বলাবস্থায় উগ্র ঔষধ দিবে না। অন্তঃসত্ত্বাবস্থায় বমনকারক ঔষধ বা যে সকল ঔষধ জননেন্দ্রিয়, মূত্রগ্রন্থি অন্ত্র প্রভৃতি বিধানে উগ্রতা উপস্থিত করে অথবা যে সকল ঔষধ জীবনী শক্তির অবসাদ উৎপাদন করে তৎসমুদয় প্রয়োগ নিষিদ্ধ।

অভ্যাস।—অনেক উগ্র ও বিষালু ঔষধ অভ্যাস বশতঃ অনায়াসে অধিক মাত্রায় সেবন করা যায়। অহিফেন কঁচিলা সিমুল ক্ষার প্রভৃতি উৎকট বিষদ্রব্যসকল অভ্যাস বশতঃ অনেকে স্বচ্ছন্দে প্রত্যহ সেবন করে। যাহাদের বিরেচক ঔষধ সেবন করা অভ্যাস আছে তাহাদিগকে অধিক মাত্রায় বিরেচক ব্যবস্থা করিবে। অভ্যস্ত অহিফেন-সেবীর তরুণ পীড়ায় সহসা অহিফেন বন্ধ করা অযুক্তি এবং অভ্যস্ত মদ্যপায়ীদিগের সুরা এককালে বন্ধ করিবে না।

শরীরের ভাব।—কোন কোন ব্যক্তির শরীরের ভাব এরূপ থাকে যে কোন কোন ঔষধ অতি অল্প মাত্রায় অধিক ক্রিয়া দর্শায়। কাহারও অতি অল্প মাত্রায় পারদঘটিত ঔষধ সেবন করিলে ভয়ানক মুখ আইসে কাহারও অল্প মাত্রায় টার্পিন্ তৈল সেবন করিলে মূত্রগ্রন্থিতে প্রদাহ ও মূত্রকৃচ্ছ্রের লক্ষণ প্রকাশ পায়। শরীরের এই ভাবকে ইংরাজিতে ইডিওসিঙ্ক্রেসি বলে।

ধাতু।—রক্তপ্রধান ধাতুতে রক্তমোক্ষণ বিরেচনাদি দোহন ক্রিয়া অধিক সহ্য হয়; উত্তেজক ঔষধ সকল সাবধানে ব্যবহার্য্য। শ্লেষ্মাপ্রধান ধাতুতে উগ্র ও উত্তেজক ঔষধ সকল বিলক্ষণ সহ্য হয়। বায়ু প্রধান ধাতুতে মৃগনাভি হিঙ্গু প্রভৃতি স্নায়বীয় উত্তেজক এবং সাল্ফেট্ অব্ জিঙ্ক্ প্রভৃতি বলকারক ঔষধ বিলক্ষণ উপকার করে। পিত্তপ্রধান ধাতুতে বিরেচক ঔষধ সকল অধিক সহ্য হয়।

মনের ভাব।—ভয় ক্ষোভ শোক দুঃখ দরিদ্রতা নৈরাশ্য

প্রভৃতি মনের ভাব দ্বারা জীবনী-শক্তির হ্রাস ও শরীর দুর্ব্বল হয়। এবং ইহাদের বিপরীত ভাব দ্বারা মনের স্ফূর্ত্তি ও জীবনী শক্তির উন্নতি হয়। ঔষধ প্রয়োগ কালে এই সকলের প্রতি দৃষ্টি রাখা কর্ত্তব্য।

বৃত্তি।—যাহারা শ্রমজীবী, তাহাদের শরীর স্বভাবতঃ বলিষ্ঠ হয়, সুতরাং তাহাদিগের পূর্ণ মাত্রায় ঔষধ সহ্য হয়। যাহারা মানসিক পরিশ্রম অধিক করে তাহাদের, এবং যাহারা এক গৃহ মধ্যে অনেক ক্ষণ বসিয়া শ্রম করে তাহাদের, শরীর দুর্ব্বল ও রোগপ্রবণ হইয়া পড়ে। ইহাদিগকে দৌর্ব্বল্যজনক ও অবসাদক ঔষধ অতি সাবধানে প্রয়োগ করিবে।

রোগ।—পীড়িতাবস্থায় ঔষধদ্রব্যের ক্রিয়ার যথেষ্ট তারতম্য হইয়া থাকে; সুতরাং ঔষধদ্রব্যের মাত্রারও তারতম্য হয়। পেরিটোনাইটিস্‌ রোগে অধিক পরিমাণে অহিফেন সহ্য হয়; অ্যাণ্টিপাইরেটিক্স্‌ (জ্বরঘ্ন) ঔষধ সকল সুস্থাবস্থায় শরীরের সন্তাপ হ্রাস করে না, কিন্তু জ্বরের উত্তাপ বিলক্ষণ হ্রাস করে। সুস্থ ব্যক্তির যে পরিমাণ সুরাবীর্য্যে মত্ততা জন্মে, সর্প-বিষের ক্রিয়া দ্বারা কিংবা টাইফয়িডের বিষ দ্বারা শরীরের অবসাদ উপস্থিত হইলে, সেই পরিমাণ সুরাবীর্য্য প্রয়োগে নাড়ীর দ্রুতত্ব বৃদ্ধি পায় না, মনোবৃত্তির বিশৃঙ্খলতা বা অঙ্গসঞ্চালন-শক্তির বিকার উপস্থিত হয় না।

দেশস্থ জলবায়ু।—দেশ-বিশেষের উত্তাপ, আর্দ্রতা, উষ্ণতা, উচ্চতা, নিম্নতা, আদি অবস্থান-ভেদে যে, ঔষধ-দ্রব্যের ক্রিয়ার তারতম্য হয়, তাহা কোন কোন স্থলে স্পষ্ট দেখিতে পাওয়া যায়।

ব্যবস্থাপত্র বা প্রেস্ক্রপ্‌শন্‌স্‌।

রোগবিশেষের প্রতিকার উদ্দেশ্যে চিকিৎসক ঔষধদ্রব্য সকলের যে যে প্রয়োগরূপ দেওয়া উপযোগী বিবেচনা করেন, তাহা ঔষধপ্রস্তুতকারকের অবগতির নিমিত্ত যে পত্রে লিখিয়া দেন, তাহাকে ব্যবস্থাপত্র বা প্রেস্ক্রপ্‌শন্‌ বলে।

ব্যবস্থাপত্রে সাধারণতঃ কতকগুলি সাঙ্কেতিক চিহ্ন ব্যবহৃত হইয়া থাকে; যথা,—

ad. অর্থাৎ অবধি বা সর্ব্বসমেত।

aa. (ana) অর্থাৎ প্রত্যেকের।
Ft. (Fiat) অর্থাৎ প্রস্তুত কর।
Haust (Haustus) অর্থাৎ এককালীন পেয়।
M. (Misce) অথাৎ মিশ্রিত কর। মিঃ।
q. s. (Quantum Sufficiat) অর্থাৎ যথাপ্রয়োজন।
s. s. (Semis) অর্থাৎ অর্দ্ধেক।
Sig. (Signa) অর্থাৎ চিহ্নিত কর।

একটি আদর্শ ব্যবস্থাপত্র সচরাচর নিম্নলিখিত চারি অংশে বিভক্ত ;—১, শিরোভাগ বা ঊর্দ্ধলেখ্য, (সুপারস্কিপ্‌শন্); ২, মাধ্য-লেখ্য বা যে অংশে ঔষধ-দ্রব্য সকলের নাম ও মাত্রা লিখিত হয় (ইন্‌স্ক্রিপ্‌শন্); ৩, অধোলেখ্য বা ঔষধ-প্রস্তুত-কারককে ঔষধ প্রস্তুত সম্বন্ধে উপদেশ (সাব্‌স্ক্রিপ্‌শন্); ৪, ঔষধ ব্যবহার সম্বন্ধে রোগীকে উপদেশ (সিগ্‌নেটিউরা)। এতদ্ভিন্ন, ব্যবস্থাপত্রে রোগীর নাম, তারিখ, চিকিৎসকের স্বাক্ষর থাকা আবশ্যক। শিশু, কিংবা বালক বালিকার বয়স লিখিয়া দেওয়া উচিত ; যথা—অমুকের পুত্র বা কন্যার নিমিত্ত লিখিবার সময় রোগীর বয়স, যথা—চারি মাসের বা চারি বৎসরের ইত্যাদি, লিখিয়া দিবে। ইংরাজি-চিহ্ন ঈটাস্ অর্থাৎ বয়ঃক্রম ; সাঙ্কেতিক ঈট্ (æt.)।

শিরোভাগে "℞" এইরূপ চিহ্ন ব্যবহৃত হয়। ইহা রিসিপি শব্দের সাঙ্কেতিক চিহ্ন ; ইহার অর্থ "গ্রহণ কর"।

মাধ্য-লেখ্য অংশে এক এক ছত্রে এক একটি ঔষধ-দ্রব্যের নাম ও মাত্রা ল্যাটিন্ ভাষায় সংক্ষেপে লিখিত হয়।

অধোলেখ্য।—ব্যবস্থাপত্রের এই অংশে ঔষধ-প্রস্তুত-কারীকে ঔষধ-সম্বন্ধে উপদেশ দেওয়া হয়। সাঙ্কেতিক চিহ্ন দ্বারা এই অংশ লিখিত হয় ; যথা—M. বা মিঃ অর্থাৎ মিশ্রিত কর, Ft. অর্থাৎ প্রস্তুত কর। M. Ft. pill অর্থাৎ মিশ্রিত করিয়া বটিকা প্রস্তুত কর। ইংরাজিতে এই অংশকে সাব্‌স্ক্রিপ্‌শন্ কহে।

রোগীর প্রতি উপদেশ।—ইংরাজিতে ইহাকে সিগ্‌না বলে ; Sig. ইহার সাঙ্কেতিক চিহ্ন। ইহা চিহ্নিত কর বা নিম্নলিখিতরূপে অভিহিত কর (মিশ্র, পেয়, বিষ ইত্যাদি)। অনন্তর রোগীর অবগতির জন্য কিরূপে ঔষধ ব্যবহার করিতে হইবে, সে বিষয়ে উপদেশ লিখিত হয়।

আদর্শ ব্যবস্থাপত্র ও উহার ভিন্ন ভিন্ন অংশ ;—

℞ (ঊর্দ্ধলেখ্য)

Tr : Ferri Perchlor :	ʒii	(মধ্যলেখ্য)
Quin : Hydrochlor :	ʒss	
Mag : Sulph :		
Glycerin :	aa. ℥ii	
Inf : Quas :	ad. ℥viii	

M. Ft. mixtura, (অধোলেখ্য)

Sig. A table-spoonful thrice daily, two hours after meals. (সেবনোপদেশ)

J. B. (স্বাক্ষর)

For Robert Bell Esqre. (নাম)

1st. Jany. 97. (তারিখ)

℞ (ঊর্দ্ধলেখ্য)

টিং ফেরি পার্ক্লোর্:	ʒii	(মধ্যলেখ্য)
কুইনী: হাইড্রোক্লোর্:	ʒss	
ম্যাগ্: সাল্ফ্:		
গ্লিসেরিন্:	aa. ʒii	
ইন্ফ্: কোয়াসিয়ী	ad. ℥viii	

মিঃ। মিশ্র (অধোলেখ্য)

S. অর্দ্ধ আউন্স্ মাত্রায় দিবসে তিন বার, আহারের দুই ঘণ্টা পরে সেবনীয়। (সেবনোপদেশ)

শ্রীত্রৈলোক্যনাথ ভট্টাচার্য্য (স্বাক্ষর)

শ্রীযুক্ত বাবু প্রিয়নাথ বসুর জন্য (নাম)

১লা জানুয়ারি, ৯৭ (তারিখ)

ব্যবস্থাপত্র লিখিতে হইলে উহা পরিষ্কার কাগজে স্পষ্ট করিয়া কালি দিয়া লিখা উচিত। ঔষধের নামগুলি এরূপ সংক্ষেপ করিবে না যে, তাহা বুঝিতে ঔষধ-বিক্রেতার কোনরূপ ভ্রম জন্মে। ব্যবস্থা-পত্র হস্তান্তর হইবার পূর্ব্বে উহা আর একবার ভাল করিয়া দেখিয়া দিবে।

ব্যবস্থাপত্রানুসারে ঔষধ-বণ্টন-প্রণালী।

১৮৮৫ খৃঃ অব্দের কেমিষ্ট্ ও ড্রগিষ্ট্ ডায়েরি নামক পত্রিকায়

ডিস্পেন্সারের কি কর্ত্তব্য তাহা সংক্ষেপে দেওয়া হইয়াছে ; যথা,— ১, ব্যবস্থাপত্রের আদ্যোপান্ত সত্বর ও এরূপ ভাবে পাঠ করিবে যেন মনোমধ্যে কোনরূপ সন্দেহ উপস্থিত হইয়াছে এরূপ প্রকাশ না পায়। ২, ঔষধ প্রস্তুত করণের পূর্ব্বে লেপ-পত্র লিখিবে। ৩, লেপ-পত্রের কালি শোষণের জন্য শোষক কাগজ ব্যবহার করিবে না। ৪, যদি ব্যবস্থা-পত্রে লিখিত কোন মিশ্রে সহজে দ্রবণীয় পদার্থ বর্ত্তমান থাকে, তাহা হইলে খল ব্যবহার করিবে না ; এবং উত্তাপ-সাহায্যে উহা দ্রবীভূত করিবে না, কারণ উহা শীতল হইলে পুনরায় দানা বাঁধিতে পারে। ৫, পাক সকল (সিরাপ) ও জল ভিন্ন অন্যান্য তরল পদার্থ মাপিবার পর মাপের গ্ল্যাস্ উত্তমরূপে ধুইয়া পরিষ্কার করিবে। ৬, তৌল বা নিক্তি প্রভৃতিকে ওজনের পর পরিষ্কার করিয়া যথাস্থানে রাখিবে। ৭, কোন দ্রব্য ওজন করিতে হইলে বাম হস্তে নিক্তি দৃঢ়রূপে ধরিবে, এবং উভয় পাল্লার অবস্থান ও নির্দ্দেশক কাঁটা দৃষ্টে ওজন বিচার করিবে। ৮, নিক্তির পাল্লা কাঁচ-নির্ম্মিত হওয়া প্রয়োজন। ৯, ভিন্ন ভিন্ন ঔষধ-দ্রব্যের তৌল ও পরিমাণ নির্ণয় করণ শিক্ষা আবশ্যক ; এবং দর্শন ও স্পর্শন দ্বারা এই তৌল ও পরিমাণ নির্ণয় শিক্ষা করা উচিত। ১০, যদি কোন বিষয়ে সন্দেহ থাকে, তবে যাহাতে সন্দেহ নাই সর্ব্বাগ্রে তাহা করিবে। ১১, সকল কার্য্যে ক্ষিপ্রহস্ত হওয়া প্রয়োজন ; মুড়িয়া দেওন, বন্ধন, মোহরাঙ্কিত করণ সত্বর সংসাধিত করিবে। ১২, কোন প্রকার সন্দেহ উপস্থিত হইলে নিজের নাম বা গৌরবের লাঘব হইবে বিবেচনা করিয়া অপরের পরামর্শ গ্রহণে কুণ্ঠিত হইবে না। ১৩, কোন বিষয়ে সন্দেহ হইলে ব্যবস্থাপককে জ্ঞাপন করিবে। ১৪, মিশ্রে অদ্রবণীয় পদার্থ বর্ত্তমান থাকিলে "বোতল নাড়িয়া লইবে" এরূপ লেপ-পত্র আঁটিয়া দিবে।

ঔষধদ্রব্য সকলের পরস্পরের অসম্মিলন।—অনেক স্থলে একাধিক ঔষধ-দ্রব্য প্রয়োগ করা হয়, এবং সেরূপ স্থলে চিকিৎসককে একই ব্যবস্থাপত্রে বটিকা, চূর্ণ বা মর্দ্দনরূপে বিবিধ ঔষধ-দ্রব্যকে সম্মিলিত করণার্থ ব্যবস্থাপত্র লিখিতে বাধ্য হইতে হয়। চিকিৎসকের পক্ষে, যথাযথ ঔষধদ্রব্যের সম্মিলনে নির্দ্দোষ ব্যবস্থাপত্র লিখন অতি বিষম ও নিতান্ত প্রয়োজনীয় বিষয়। ইহাতে ব্যবস্থাপত্র-লেখকের কেবল যে ঔষধাদির ও তাহাদের ক্রিয়া সম্বন্ধে সম্যক্ জ্ঞান আবশ্যক তাহা নহে, উক্ত মিশ্র ঔষধ-দ্রব্য সকলের প্রত্যেকের ভৌতিক, রাসায়নিক ও জীবদেহ সম্বন্ধীয় ক্রিয়া-

বিষয়ে প্রচুর জ্ঞান ব্যতীত এই কার্য্য সম্পাদিত হইতে পারে না। অল্প কথা, ব্যবস্থাপত্রে যে সকল ঔষধদ্রব্যের ব্যবহার হয় যাহাতে তাহারা পরস্পরে পরস্পরের সহিত সম্মিলন-বিরোধী না হয়, সে বিষয়ে দৃষ্টি রাখা অতীব আবশ্যক। তিন প্রকারের অসম্মিলন দেখা যায়। যথা—

১। ভৌতিক (ফিজিক্যাল্) অসম্মিলন।—ঔষধ-দ্রব্য সকলের মিশ্র পরিষ্কার দ্রবাকার প্রাপ্ত না হইলে তাহাকে ভৌতিক অসম্মিলন কহে। যথা,—অদ্রবণীয় চূর্ণ ও তৈল জল সহ মিশ্রিত হয় না; স্পিরিট্ সকল, রেজিন্ সংযুক্ত অরিষ্ট সকল, এবং লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ মেল্‌ফার্ণ্ জল সংযোগে কঠিন পদার্থ অধঃপাতিত করে। দেখা যায় যে, অম্লসংযুক্ত কুইনাইন্-মিশ্র লিকরিস্ দ্বারা সুস্বাদ ও সুগন্ধীকৃত করা যায়, কিন্তু অম্ল দ্বারা গ্লাইসিরাইজিন্ অধঃস্থ হয়; ক্লোর্‍্যালে সুরা-বীর্য্যসংযুক্ত দ্রব সংযোগ করিলে সমস্ত ক্লোর্‍্যাল্ উপরে ভাসে।

এই সকল স্থলে সমুদয় অধঃস্থ পদার্থ ইমাল্‌শন্‌রূপে মিশ্রে সর্ব্বত্র বর্ত্তমান থাকে এ উদ্দেশ্যে সদ্যঃপ্রস্তুত মিউসিলেজ্ অব্ য়্যাকেসিয়া, ট্রাগাকান্থ্, দুগ্ধ আদি ব্যবহৃত হয়; কিন্তু মিউসিলেজ্ অব্ য়্যাকে-সিয়া বিবিধ ঔষধ-দ্রব্যের সহিত অসম্মিলিত হয়;—পার্‌ক্লোরাইড্ অব্ আয়রন্, বোর‍্যাক্স, সাব্‌য়্যাসিটেট্ অব্ লেড্ ইত্যাদি। স্থায়ী তৈল ও জল সংমিশ্রিত করিতে লাইকর্ পোটাসী উপযোগী; এতদভিপ্রায়ে মিশ্‌চ্যুরা ওলিয়াই রিসিনিতে লাইকর্ পোটাসী ব্যবহৃত হয়। টার্পিন্ তৈল, মিশ্রে ব্যাপ্ত রাখিবার নিমিত্ত মিউসিলেজ্ অব্ য়্যাকেসিয়া সংযোগ করা যায়।

২। রাসায়নিক (কেমিক্যাল্) অসম্মিলন।—যথা,—গ্লুকোসাইড্ সকল বিযুক্ত অম্ল সহ; অথবা ক্ষার, ক্ষার লবণ, আইয়োডাইড্ বা বা ব্রোমাইড্ সকল উপক্ষার (য়্যাল্‌কালয়িড্) সহ, একত্রে প্রয়োগ অযৌক্তিক; কারণ, ইহাতে ইহারা অধঃপতিত হয়। এরূপে নিম্ন-লিখিত প্রকারে রাসায়নিক অসম্মিলন উপস্থিত হইয়া থাকে।—(১) ট্যানিক্ য়্যাসিড্ বা তৎসংযুক্ত পদার্থ সহ উপক্ষার বা ধাতব লবণ, বিশেষতঃ লৌহঘটিত লবণ অবিধেয়। (২) কার্ব্বনেট্ সকলের সহিত য়্যাসিটিক্ য়্যাসিড্ সংযুক্ত সির্কা (ভিনিগার্) বা পাক (সিরাপ্) প্রয়োগ অযৌক্তিক; কারণ, ইহাতে কার্ব্বন্ ডাইঅক্সাইড্ উদ্গত হয়। (৩) ষ্ট্রিক্‌নাইন্ সাল্‌ফেট্ সহ পোটাসিয়াম্ ব্রোমাইড্ প্রয়োগ করিলে ষ্ট্রিক্‌নাইন্ অধঃস্থ হয়। (৪) ক্লোর‍্যাল্ ও ক্ষার একত্রে

প্রয়োগ করিলে ক্লোরোফর্ম্ প্রস্তুত হয়। (৫) সাল্‌ফেট্ অব্ কুই-নাইন্ সহ স্যাসিটেট্ অব্ পোটাসিয়াম্ প্রয়োগ করিলে প্রভূত পরিমাণে স্যাসিটেট অব্ কুইনাইন্ অধঃস্থ হয়। (৬) চূণের জলের সহিত পারদঘটিত লবণ মিশ্রিত করিলে অক্সাইড্ অব্ মার্কারি অধঃপতিত হয়; ইহা দ্বারা ক্ষার কার্বনেট্ ও বাইকার্বনেট্ বিযুক্ত হয়, কুইনাইন্ ও মর্ফাইন্ ঘটিত লবণ সকলের দ্রব হইতে এতৎসহযোগে কুইনাইন্ ও মর্ফাইন্ অধঃস্থ হয়। (৭) পার্‌ক্লোরাইড্ অব্ মার্কারি অধিকাংশ পদার্থের সহিত অসম্মিলিত হয়।

নিম্নলিখিত ঔষধ-দ্রব্য সকলের রাসায়নিক অসম্মিলন পরিহার একরূপ দুঃসাধ্য।—ক্লোরিন্ দ্রব; আইয়োডিন্ দ্রব; লৌহঘটিত তরল প্রয়োগরূপ; সীস, জিঙ্ক্ ও রৌপ্যঘটিত লবণ; পার্‌ক্লোরাইড্ অব্ মার্কারি, আইয়োডাইড্ অব্ পোটাসিয়াম্; অন্যান্য আইয়োডাইড্; পার্‌ম্যাঙ্গানেট্ অব্ পোটাসিয়াম্; স্যাসিটেট্ অব্ পোটাসিয়াম্; ব্রোমাইড্ অব্ পোটাসিয়াম্; ট্যানিক্ স্যাসিড্; গ্যালিক্ স্যাসিড্; ডাইল্যুটেড্ হাইড্রোসিয়্যানিক্ স্যাসিড্; ধাতুবৎঅম্ল সকল; লাইকর্ পোটাসী; সাল্‌ফেট্ অব্ কুইনাইন্; টিংচার্ অব্ গোয়েকাম্।

যে সকল পদার্থে অক্সিজেনের অংশ অধিক (যথা,—ক্লোরেট্, আইয়োডেট্, পার্‌ম্যাঙ্গানেট্, পিক্রেট্ ও বাইক্রমেট্), তাহাদিগকে, যে সকল পদার্থ সহজে অক্সিজেন্ গ্রহণ করে (যথা,—অঙ্গার, গন্ধক, আইয়োডিন্ কার্বলিক্ স্যাসিড্, গ্লিসেরিন্, টার্পেণ্টাইন্ ও যান্ত্রিক বা অর্গ্যানিক্ যৌগিক পদার্থ) তৎসহ সংমিশ্রণ অযৌক্তিক; কারণ, ইহাতে যে যৌগিক পদার্থ নির্ম্মিত হয়, তাহা সশব্দে ও সবেগে স্ফাটিত হয়।

এতদ্ভিন্ন, বিবিধ ঔষধ-দ্রব্যের দ্রব পরস্পর মিশ্রিত করিলে বিষপদার্থ নির্ম্মিত হইতে পারে; যথা, ক্লোরেট্ অব্ পোটাসিয়্যম্ ও সিরাপ্ ফেরি আইয়োডাইড্ একত্র মিশ্রিত করিলে আইয়োডিন্ বিযুক্ত হয়; ডাইল্যুটেড্ হাইড্রোসিয়্যানিক্ স্যাসিড্ ও ক্যালোমেল্ সংমিশ্রণে সাইয়েনাইড্ অব্ মার্কারি প্রস্তুত হয়, পোটাসিয়াম্ ক্লোরেট্ ও পোটাসিয়াম্ আইয়োডাইডের মিশ্র হইতে দেহের স্বাভাবিক উত্তাপে বিষ-পদার্থ (পোটাসিয়াম্ আইয়োডেট্) উৎপাদিত হয়।

৩। ঔষধের ক্রিয়া সম্বন্ধীয় অসম্মিলন।—বিরেচক ঔষধ সহযোগে সঙ্কোচক ঔষধ প্রয়োগ এইরূপ অসম্মিলনের উদাহরণ। কোন কোন স্থলে এই প্রকার অসম্মিলন চিকিৎসক ইচ্ছাপূর্ব্বক ব্যবহার

করেন। ব্যবস্থাপত্রে বিবিধ ঔষধ-দ্রব্য একত্রে ব্যবহৃত হয়; ভিন্ন ভিন্ন স্থলে ভিন্ন ভিন্ন উদ্দেশ্যে একাধিক ঔষধ-দ্রব্য সম্মিলিত করা হয়; যথা,—প্রত্যেক ঔষধ-দ্রব্য অপরাপর ঔষধ-দ্রব্য হইতে সম্পূর্ণ বিভিন্ন ক্রিয়া প্রকাশ করিবে, অথবা প্রত্যেক ঔষধ-দ্রব্য একইরূপ কার্য্য করিবে, কিম্বা এক বা একাধিক ঔষধ-দ্রব্য প্রধান ঔষধ-দ্রব্যের ক্রিয়া পরিবর্ত্তিত, অর্থাৎ উহার অনভিপ্রেত বিষম বা কোন যন্ত্রণা-উৎপাদক ক্রিয়া সংশোধন করিবে। এই সকল সংশোধক ঔষধ-দ্রব্য সুতরাং পরস্পর ক্রিয়া-বিরোধী; কিন্তু ইহারা এ উদ্দেশ্যে প্রয়োজিত হয় যে, যদিও কোন কোন প্রকারে ইহারা পরস্পর পরস্পরের ক্রিয়া প্রতি-রোধ করে, তথাপি দেহের ভিন্ন ভিন্ন বিধানে প্রত্যেকের স্বতন্ত্র ক্রিয়া প্রকাশ পায়। এইরূপে ক্যালোমেল্ সহযোগে অহিফেন প্রয়োগ করিলে কোষ্ঠকাঠিন্য নিবারিত হয়, অথচ মস্তিষ্কে অহিফেনের ক্রিয়ার কোন ব্যাঘাত জন্মে না, আবার, অহিফেন দ্বারা ক্যালোমেলের বিরেচন ক্রিয়া উৎপাদিত না হইয়া পারদের পরিবর্ত্তক ক্রিয়া প্রকাশ পায়। অধিকাংশ বিরেচক বটিকায় অন্ত্রের কৃম্মিগতির আধিক্য দমন ও যন্ত্রণা নিবারণার্থ বিরেচক ঔষধ-দ্রব্য সহ সংশোধক ঔষধ-দ্রব্য ব্যবহৃত হয়; ইত্যাদি।

ঔষধ-দ্রব্য সকলের ক্রিয়া এবং আময়িক প্রয়োগ।

কোন ঔষধ-দ্রব্যের "ক্রিয়া" বলিলে উহা শারীর-বিধানে যেরূপে কার্য্য তাহাই বুঝায়।

ঔষধ-দ্রব্য সকল পরিবর্ত্তিত না হইয়া যে কার্য্য করে, তাহাকে মুখ্য ক্রিয়া (প্রাইমারি অ্যাক্শন্) বলে; যথা, সাল্ফেট্ অব্ জিঙ্কের বমনকারক ক্রিয়া।

ঔষধ-দ্রব্য সকল শরীর মধ্যে প্রবেশ করিয়া, এবং রাসায়নিক পরিবর্ত্তন-গত, হইয়া আর এক বা একাধিক ঔষধে পরিণত হয়। ঐ নূতন ঔষধের যে ক্রিয়া, তাহাকে গৌণ (সেকেণ্ডারি) ক্রিয়া কহে; যথা,—ইউভা আর্সাই সেবনে মূত্রের উপর যে পচন-নিবারক ক্রিয়া প্রকাশ পায়, তাহার কারণ এই যে, ইউভা আর্সাইএর বীর্য্য আর্বিউটিন্ মূত্রপিণ্ড দিয়া নির্গমনকালে, গ্লুকোসাইড্ ও হাইড্রোকুইনোনে বিশ্লিষ্ট হয়। হাইড্রোকুইনোন্ একটি প্রধান পচন-নিবারক ঔষধ।

ঔষধ-দ্রব্য সকল শরীর মধ্যে প্রবিষ্ট হইয়া কোন যন্ত্রে সংলগ্ন হইলে যে ক্রিয়া প্রকাশ পায়, তাহাকে সাক্ষাৎ বা স্থানিক (ডিরেক্ট্ বা লোক্যাল্) ক্রিয়া কহে। ক্যান্থারাইডিসের ক্যান্থারিডিন্ মূত্রপিণ্ড হইতে বহির্গমনকালে এই যন্ত্রের প্রদাহ উৎপন্ন করে; ইহা ক্যান্থারাইডিসের স্থানিক ক্রিয়া।

সাক্ষাৎ ক্রিয়ার ফল স্বরূপ ঔষধ-দ্রব্যের যে গৌণ ক্রিয়া প্রকাশ পায়, তাহাকে উহার পরম্পরিত বা দূরবর্ত্তী (ইন্‌ডিরেক্ট্ বা রিমোট্) ক্রিয়া বলে উরারী সেবন করিলে শ্বাসপ্রশ্বাসীয় পেশী সকল পক্ষাঘাতগ্রস্ত হয়, সুতরাং রক্ত শৈরিক অবস্থা প্রাপ্ত হয়, এ কারণ ক্রতাক্ষেপ উপস্থিত হয়। ইহাকে উরারীর দূরবর্ত্তী ক্রিয়া কহে।

কতকগুলি ঔষধ-দ্রব্য শরীরের একই বিধান সকলে কার্য্য করিয়া থাকে; এই সকল ভিন্ন ভিন্ন ঔষধ-দ্রব্য দ্বারা, শরীরের ভিন্ন ভিন্ন বিধান সর্ব্বপ্রথমে আক্রান্ত হইয়া থাকে। ইহাদের সমগ্র শারীর ক্রিয়া এই প্রথম আক্রান্ত বিধানের উপর প্রধানতঃ নির্ভর করে। যথা,—য়্যাট্রপিন্ ও উরারী উভয়েই গত্যুৎপাদক (মোটার্) স্নায়ুর পক্ষাঘাত উৎপাদন করে, কিন্তু য়্যাট্রোপিন্ প্রথমে ভেগাস্ স্নায়ুর অন্তে কার্য্য করে, পরে ঐচ্ছিক ও শ্বাসপ্রশ্বাসীয পেশী সকলের গত্যুৎপাদক স্নায়ু সকলের উপর ক্রিয়া দর্শায়; এ কারণ পক্ষাঘাত এবং শ্বাসরোধ বিলম্বে উপস্থিত হয়; নাড়ীর দ্রুতত্ব এতদগ্রে লক্ষণরূপে প্রকাশ পায়। উরারী ঐচ্ছিক ও শ্বাসপ্রশ্বাসীয় পেশীর স্নায়ুর অন্তে প্রথমেই কার্য্য করে, হৃৎপিণ্ড পরে আক্রান্ত হয়; সুতরাং শ্বাসরোধ ও পক্ষাঘাত প্রথমে হয়, এবং নাড়ী বিলম্বে দ্রুতগামী হয়।

ঔষধ-দ্রব্য সকলের শ্রেণীবিভাগ।

ভিন্ন ভিন্ন ঔষধ-দ্রব্য দেহের ভিন্ন ভিন্ন অংশে কার্য্য করে; এবং এতদনুসারে ইহাদের শ্রেণীবিভাগ করা যায়। যথা,—

১ম শ্রেণী।—যে সকল আণুবীক্ষণিক ঔদ্ভিদ জীব বা কীট মনুষ্য-শরীরে বিবিধ উৎপাত উৎপাদন করে, অথবা শরীরের বাহিরে তাহাদের দ্বারা যে সকল প্রক্রিয়া সাধিত হয়, তাহাদের উপর কার্য্যকারক ঔষধ সকল।—

য়্যান্টিসেপ্টিক্স্ বা পচননিবারক ঔষধ সকল।—যে সকল জীবাণু

যাহা পচন-প্রক্রিয়াসাধিত হয়, তৎসমুদয়কে সম্পূর্ণ ধ্বংস করিয়া বা তাহাদের পরিবর্দ্ধন দমন করিয়া ইহারা কার্য্য করে। ইহারা পচন-নিবারণার্থ ব্যবহৃত হয়। রোগীর গৃহ, চিকিৎসালয়, কারাগারাদি স্থানের দূষিত বায়ু (অর্থাৎ যে বায়ু স্পর্শে সংক্রামক রোগে উপস্থিত হয়) সংশোধনার্থ যে ঔষধ ব্যবহার করা যায়, তাহাদিগকে সংক্রমাপহ কহে।

প্রধান পচননিবারক ঔষধ সকলের নাম নিম্নে লিখিত হইল ;—

ক, উত্তাপ। ইহা প্রধান পচননিবারক। অন্যূন ২১২ তাপাংশ ফার্ণহীট্ উত্তাপ এই নিমিত্ত ব্যবহার করিবে। কোন সংক্রামক পীড়ার পর বস্ত্র, শয্যা ইত্যাদি ২০০ হইতে ৩০০ ফার্ণহীট্ তাপাংশে শুষ্ক উত্তাপ প্রদান করিবে, অথবা জলে স্ফুটিত করিবে।

খ, পারক্লোরাইড্ অব্ মার্কারি। ধাত্রী অথবা অস্ত্র-চিকিৎসকদিগের হস্তাদি ধৌত করণার্থ এবং অন্যান্য উদ্দেশ্যে ইহার দ্রব (সচরাচর ১০০০ ভাগ জলে ১ ভাগ) ব্যবহৃত হয়।

গ, ক্লোরিন্। ইহা অত্যন্ত উগ্র ; গৃহ, পায়খানা এবং মূত্রত্যাগের স্থানাদিতে ইহার গ্যাস্ ব্যবহৃত হয়।

ঘ, ব্রোমিন্ ; ঙ, আইয়োডিন্। সচরাচর ব্যবহৃত হয় না ;, ইহারা অতি উগ্র।

চ, কার্বলিক্ য়্যাসিড্ ; নানারূপে ব্যবহৃত হয়।

ছ, কুইনাইন্ ; জ, স্যালিসিলিক্ য়্যাসিড্। ইহারা অত্যন্ত মহার্ঘ। এ নিমিত্ত সচরাচর এ উদ্দেশ্যে ব্যবহৃত হয় না।

ঝ, আইয়োডোফর্ম্। ইহা সাধারণতঃ ক্ষতে ব্যবহৃত হয়।

ঞ, বোরিক্ য়্যাসিড্। ইহা অস্ত্রচিকিৎসায় ও ক্ষতাদিতে ব্যবহৃত হয়।

ট, ক্লোরাইড্ অব্ জিঙ্ক্ ; ঠ, পার্ম্যাঙ্গানেট্ অব্ পোটাসিয়াম্। এই দুইটি বিস্তর ব্যবহৃত হইয়া থাকে।

ড, ইউকেলিপ্টাস্ তৈল। ইহা অস্ত্র-চিকিৎসায় আবশ্যক হয়।

ঢ, সাল্‌ফিউরাস্ য়্যাসিড্। গৃহাদির দুর্গন্ধনাশের জন্য ব্যবহৃত হয়।

ণ, ক্রিয়োজোট্ ; ত, বেঞ্জোইন্ ; থ, সাল্‌ফেট্ অব্ জিঙ্ক্ ; দ, অক্সাইড্ অব্ আয়রন্ ; ধ, লাইম্ ; ন, থাইমল্ ; প, য়্যাল্‌কোহল্ ; ফ, বাল্‌সাম্ অব্ পেরু। ইহারা এ উদ্দেশ্যে তত ব্যবহৃত হয় না।

সেবন করিলে পাকাশয় ও অন্ত্রস্থ, বা শ্বাসগ্রহণ করিলে শ্বাস-মার্গস্থ জীবাণু সকল নষ্ট হয়, অথচ রোগীর পক্ষে কোন হানি না হয়, এরূপ ঔষধ-দ্রব্য এ পর্য্যন্ত জানা যায় নাই।

যে সকল ঔষধ-দ্রব্য দুর্গন্ধ নিবারণার্থ ব্যবহৃত হয়, তাহাদিগকে দুর্গন্ধ-হারক (ডিয়োডোর্যান্ট্‌স্) কহে। বিবিধ পচন-নিবারক ঔষধ এইরূপে কার্য্য করে। কাষ্ঠাঙ্গার ইহাদের মধ্যে প্রধান। আর্দ্র অঙ্গার কার্য্যকারক হয় না।

যে সকল ঔষধ-দ্রব্য উৎসেচন দমন করে, তাহাদিগকে উৎসেচনাপহ (য়্যান্টিজাইমটিক্স্) কহে।

যে সকল ঔষধ-দ্রব্য অন্ত্রস্থ কৃমি সকল নষ্ট করে, তাহাদিগকে কৃমি-নাশক (য়্যান্থেল্‌মেণ্টিক্স্ বা ভার্মিফিউজেস্) কহে।

ফিতার ন্যায় কৃমি (টেপ্‌ওয়ার্ম্‌স্‌. টিনিয়া সোলিয়াম্) ক্ষুদ্র অন্ত্রে বাস করে। ইহাদিগকে ধ্বংস করিবার জন্ম ফিলিক্স্ মাস, টার্পিন্ তৈল, ক্যামেলা, কুসো, দাড়িম্ব মূলের ছাল ব্যবহৃত হয়। মহীলতার ন্যায় কৃমি (য়্যাস্কেরিজ্ লাম্বি্রিকয়িডেস্); এই জাতীয় কৃমি নাশের জন্ম স্যাণ্টোনিন্ প্রয়োগ করা যায়। সূত্রখণ্ডবৎ কৃমি (অক্সি-উরিস্ ভার্মিকিউলেরিস্); ইহাদিগের ধ্বংসার্থে লবণ-জলের পিচকারী, কোয়াসিয়ার ফাণ্ট্, লৌহের প্রয়োগরূপ এবং ডাইল্যুট্ টার্পিন্ তৈল উপযোগী।

ফিতাবৎ কৃমি ও মহীলতার ন্যায় কৃমি নাশার্থ কৃমিনাশক ঔষধ সকল শূন্যোদরে সেবনীয়। ঔষধ প্রয়োগের কয়েক ঘণ্টা পূর্ব্বে বিরেচনার্থ এরণ্ড তৈল দিবে; ইহাতে ঔষধ-দ্রব্য কৃমির গাত্র-সংলগ্ন হওয়ায় কৃমি নষ্ট হয়; অনন্তর তাহাদিগকে বহির্গত করণার্থ পুনরায় বিরেচক বিধেয়।

য়্যাণ্টিপ্যারাসাইটিক্স্।—যে সকল ঔষধ-দ্রব্য পরাঙ্গপুষ্ট জীব (প্যারা-সাইট্) নাশার্থ ব্যবহৃত হয়, তাহাদিগকে পরাঙ্গপুষ্টাপহ বা প্যারাসিটিসাইড্ কহে।

ক। বিবিধ প্রকার টিনিয়া রোগে পারদঘটিত ঔষধ সকল, বিশেষতঃ পারদের ওলিয়েট্, টিং আইয়োডিন্, গ্লিসেরিন্ অব্ কার্বলিক্ য়্যাসিড্, পাইরোগ্যালিক্ য়্যাসিডের মলম, বোরিক্ য়্যাসিডের ধৌত, স্যালিসিলিক্ য়্যাসিডের ধৌত, সাল্‌ফিউরাস্ য়্যাসিড্ এবং থাইমল্ ব্যবহৃত হয়। রোগ স্বল্পস্থানব্যাপী হইলে, ক্রোটন্ তৈল, ক্যান্থারিডিস্, এবং ক্রাইসেরোবিন্ প্রভৃতি উগ্রতাসাধক ঔষধ ব্যবহার করা যায়।

খ। ইচ্ (পাঁচড়া, খোস্) রোগে,—গন্ধক, বাল্‌সাম্ অব্ পেরু, ষ্টোর্যাক্স্ দেওয়া যায়।

গ। পেডিকিউলাই ভেষ্টিমেণ্টোরাম্ নষ্ট করণার্থ অনুগ্র পরাঙ্গপুষ্টাপহ প্রয়োজ্য। ষ্ট্যাফিসেগ্রায়ী মলম সচরাচর ব্যবহৃত হয়।

ঘ। পেডিকিউলাই ক্যাপিটিস্ ও পেডিকিউলাই পিউবিস্ (উকুন) নাশার্থ পারদ-ঘটিত ঔষধ ব্যবহৃত হয়।

পরাঙ্গপুষ্ট কীট নাশার্থ উপরি উক্ত ঔষধ সকল বাহ্যপ্রয়োগ করা হয়।

য়্যাণ্টিপিরিয়ডিক্স্ বা পর্য্যায়নিবারক।—যে সকল ঔষধ প্রয়োগে পর্য্যায়সংযুক্ত পীড়ার পুনরাগমন বন্ধ করে, তাহাদিগকে পর্য্যায়-নিবারক কহে। কি প্রকারে ইহারা কার্য্য করে তাহা বিশেষরূপ জানা নাই। তদ্‌যথা—

সিঙ্কোনা বকল, কুইনাইন্, এবং কুইনাইনের নানাবিধ প্রয়োগরূপ, আর্সেনিক্, ইউ-কেলিপ্টাস্, হাইড্রাষ্টিন্, স্যালিসিন্, স্যালিসিলিক্ য়্যাসিড্, বেবিরিন্, ইহারা পর্য্যায় জ্বরে ও স্নায়ু-শূলে ব্যবহৃত হয়।

২য় শ্রেণী। যে সকল ঔষধ-দ্রব্য রক্তের উপর কার্য্য করে।

ক। যে সকল ঔষধ রক্তের জলীয় অংশের (প্ল্যাজ্‌মা) উপর কার্য্য করে ;—অধিকাংশ ঔষধ-দ্রব্য শোষিত হইয়া প্ল্যাজ্‌মায় দ্রবরূপে অবস্থিতি করে। বিরেচক, ঘর্ম্মকারক, মূত্রকারক ঔষধ সকল প্ল্যাজ্‌মা হইতে কোন কোন পদার্থ বহির্গত করিয়া দেয়, সুতরাং প্ল্যাজ্‌মাব উপাদান পরিবর্ত্তিত হয়। প্ল্যাজ্‌মা ক্ষারগুণ-বিশিষ্ট (য়্যাল্‌কেলাইন্) করিবার জন্য ক্ষার ঔষধ ব্যবহার করা যায়।

এতদর্থে পোটাসিয়াম্, সোডিয়াম্ য়্যামোনিয়াম্, লিথিয়াম্, ম্যাগ্‌নিসিয়াম্, ও ক্যাল্‌সিয়াম্ ঘটিত লবণ সকল ব্যবহৃত হয়। প্ল্যাজ্‌মার ক্ষারত্ব সম্পাদনে ক্ষার লবণ সকলের ক্রিয়ার প্রবলতা অনুসারে পরে পরে উহাদের নাম উল্লিখিত হইল। পোটাসিয়ামের এই ক্রিয়া সর্ব্বাপেক্ষা অধিক, ক্যাল্‌সিয়ামের ক্রিয়া সামান্যমাত্র।

উপরোক্ত ধাতু সকলের সাইট্রেট্ ও টার্ট্রেট্ সকল প্ল্যাজ্‌মায় বিযুক্ত হইয়া ক্ষার কার্বনেট্ রূপ ধারণ করে। প্ল্যাজ্‌মায়, ইহারা সহজে ইউরিক্ য়্যাসিডের সহিত সম্মিলিত হইয়া ইউরেট্‌সে পরিণত হয় ; ইহারা বিযুক্ত ইউরিক্ য়্যাসিড্ অপেক্ষা অধিকতর দ্রবণীয়। ক্ষার সকল মূত্রকারক, এ হেতু ইউরেট্ নিঃস্রবণে সহায়তা করে।

আময়িক প্রয়োগ।—গাউট্ রোগে রক্তের প্ল্যাজ্‌মা মধ্যে ইউরিক্ য়্যাসিড্ অধিক পরিমাণে বর্ত্তমান থাকে, এ কারণ ক্ষারঘটিত ঔষধ প্রয়োগ করিলে বিশেষ উপকার হয়। এই রোগে দীর্ঘকাল ঔষধ সেবন প্রয়োজন ; সুতরাং যে প্রয়োগরূপ দ্বারা অজীর্ণ উৎপাদিত না হয়, তাহাই বিধেয় ; যথা ;—সাইট্রেট্ অব্ পোটাসিয়াম্ অথবা সাইট্রেট্ অব্ লিথিয়াম্ সচরাচর প্রয়োগ করা যায়। এতদুদ্দেশ্যে নানা প্রকার স্বভাবজ ক্ষার জল সকলও ব্যবহৃত হইয়া থাকে।

সীস দ্বারা বিষাক্ত হইলে, সীস শরীরের তন্তু মধ্যে প্রায় অদ্রবণীয় আকারে অবস্থিতি করে। আইয়োডাইড্ অব্ পোটাসিয়াম্ এ স্থলে প্রয়োজিত হয়। ইহা প্ল্যাজ্‌মা মধ্যে প্রবেশ করিয়া আইয়োডাইড্ অব্

লেডে পরিণত হয়; আইয়োডাইড্ অব্ লেড্ প্লাজ্মায় দ্রবণীয়, এজন্য মূত্রযন্ত্র দিয়া প্রস্রাবে বহির্গত হইয়া যায়।

ক্ষার ঔষধ সকল বাত জ্বরে (রিউম্যাটিক্ ফিভার্) বিস্তর ব্যবহৃত হয়। কেহ কেহ বিবেচনা করেন যে, এ রোগে প্লাজ্মা মধ্যে বিশেষ দূষিত পদার্থ বর্ত্তমান থাকে, এবং প্লাজ্মাকে ক্ষারগুণবিশিষ্ট করিলে ঐ পদার্থের দ্রবণীয়তা বৃদ্ধি পায়। এই কারণে রিউমেটয়িড্ আর্থ্রাইটিস্ রোগেও ক্ষার ব্যবহৃত হয়। অধুনা এতৎপরিবর্ত্তে স্যালিসিলেট্ বাত জ্বরের চিকিৎসার্থ প্রয়োজিত হইয়া থাকে।

বিরেচক, স্বেদজনক, মূত্রকারক ঔষধ সকল দ্বারা প্লাজ্মার ঔপাদানিক পরিবর্ত্তন ঘটিয়া থাকে; এ কারণ শোথ, উদরী প্রভৃতিতে উৎসৃষ্ট রস ও বিষ-পদার্থ বহিষ্কৃত হয়।

অপর, রক্তমোক্ষণ বা শোণিত-সংক্রামন (ট্রান্স্ফিউশন্) দ্বারা সাক্ষাৎ সম্বন্ধে প্লাজ্মার ঔপাদানিক পরিবর্ত্তন ঘটে।

খ। যে সকল ঔষধ লোহিত-কণিকার (রেড্ কর্পাস্‌ল্স্) উপর কার্য্য করে।—রক্তের হীমোগ্লোবিনের পরিমাণ হ্রাস হইলে যে সকল ঔষধ তদ্বৃদ্ধি করে তাহারা এই উপশ্রেণীর মধ্যে প্রধান। এই সকল ঔষধকে রক্তজনক (হীমাটনিক্স্) কহে;—

১। লৌহ এবং ইহার লবণ সকল।
২। আর্সেনিয়াস্ য়্যাসিড্।
৩। পার্ম্যাঙ্গানেট্ অব্ পোটাসিয়াম্।
৪। তাম্রঘটিত লবণ সকল।
৫। হাইড্রোক্লোরিক্ য়্যাসিড্। }
৬। পোটাসিয়াম্ ঘটিত লবণ সকল। } অনিশ্চিত।
৭। ফস্ফরাস্। }

ইহাদের দ্বারা প্রত্যেক রক্তকণিকার হীমোগ্লোবিনের পরিমাণ এবং লোহিত-কণিকার সংখ্যাও বৃদ্ধি পায়। পুষ্টিকর খাদ্য, বিশুদ্ধ বায়ু, এবং স্বাস্থ্যের প্রতি, বিশেষতঃ পরিপাক ক্রিয়া বিষয়ে, বিশেষ মনোযোগ রাখিলে, ইহাদের ক্রিয়ার সহায়তা করা হয়। এই শ্রেণীর মধ্যে লৌহ সর্ব্বপ্রধান। কি প্রণালীতে ইহারা রক্তের লোহিত-কণিকা বৃদ্ধি করে এবং রক্তের উৎকর্ষ সাধন করে তাহা এ পর্য্যন্ত জানা নাই।

ইন্‌ডাইরেক্ট্ হীমাটনিক্স্।—ইহারা পরম্পরিতরূপে রক্তজনন-ক্রিয়া সাধন করে। যে কারণে হীমোগ্লোবিনের হীনতা জন্মে, বা নীরক্তা-

বস্থা উপস্থিত হয়, ইহারা তন্নিরাকরণ করিয়া কার্য্য করে; যথা,—উপদংশ-জনিত রোগে পারদ; এবং এগিউ-জনিত রোগে কুইনাইন্ ইত্যাদি।

য়্যাল্‌কোহল্ এবং কুইনাইন্ রক্তের অক্সিজেন্-গ্রহণ,ক্ষমতার হ্রাস করে। ক্ষার সকলের সাইট্রেট্ ও টার্ট্রেট্ কতক পরিমাণে অক্সিডাইজ্‌ড্ হইয়া কার্বনেটে পরিবর্ত্তিত হয়, ইহাতে লোহিত-কণিকার অক্সিজেন্ ব্যয়িত হয়। কার্বনিক্ য়্যাসিড্ ও মর্ফাইন্ লোহিত-কণিকার আকৃতি হ্রাস করে; এবং অক্সিজেন্, হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্ ও কুইনাইন্ উহা বৃদ্ধি করে। অল্প মাত্রায় পারদ দ্বারা লোহিত কণিকার সংখ্যা বর্দ্ধিত হয়। অধিক মাত্রায় সোডিয়াম্ ক্লোরাইড্ দ্বারা কৈশিক রক্তপ্রণালীর প্রাচীর ভেদ করিয়া লোহিত রক্ত-কণিকা সকলের নির্গমন সুগম হয়। কুইনাইন্ ও হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্ রক্তের ওজোনাই জঙ্ শক্তি হ্রাস করে।

অপর কতকগুলি ঔষধ-দ্রব্য দ্বারা হীমোগ্লোবিনের উপাদান পরিবর্ত্তিত হয়, এ কারণ অক্সিজেন্ সহ হীমোগ্লোবিনের সম্মিলন প্রতিরুদ্ধ হয়; যথা,—কার্বনিক্ অক্সাইড্, হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্, ক্লোরেট্ অব্ পোটাসিয়াম্। এতদ্ভিন্ন, য়্যাসিটেনিলাইড্, ফেনাজোন্, ফেনাসিটিন্, ও নাইট্রাইট্ সকল, বিশেষতঃ য়্যামিল্ নাইট্রাইট্ দ্বারা হীমোগ্লোবিন্ " মেট্‌হীমোগ্লোবিনে পরিবর্ত্তিত হয়; য়্যাসিটেনিলাইড্, নাইট্রাইট্ অব্ য়্যামিল্ ও ক্লোরেট্ অব্ পটাশ্ দ্বারা রক্তের লোহিত-কণিকা সকলের ধ্বংস সাধিত হয়।

ফস্‌ফরাস্, আর্সেনিক্, সাল্‌ফিউরেটেড্ হাইড্রোজেন্, টার্পেন্টাইন্, আইয়োডিন্ ও সাল্‌ফার্-দ্বারা অক্সিহীমোগ্লোবিনের অক্সিজেন্ বিচ্যুত হয়।

গ। যে সকল ঔষধ রক্তের শ্বেত-কণিকা সকলের (হোয়াইট্ কর্পাসল্‌স্) উপর ক্রিয়া দর্শায়।—যে সকল উগ্রতা-সাধক ঔষধ-দ্রব্য প্রদাহ উৎপন্ন করে, তাহারা শ্বেত-কণিকা সকলকে কৈশিকা মধ্য হইতে বহির্গত করিয়া দেয়; কিন্তু সিঙ্কোনা-ঘটিত উপক্ষার সকল,—যথা, কুইনাইন্, কুইনিডিন্, সিন্‌কোনিন্,—শ্বেত কণিকার এই পরিভ্রমণ বন্ধ করে। কুইনাইন্ এতন্মধ্যে শ্রেষ্ঠ।

ঔষধ-দ্রব্য দ্বারা রক্তের পূর্ব্ববর্ণিত পরিবর্ত্তন ভিন্ন আর কতকগুলি পরিবর্ত্তন ঘটিয়া থাকে, কিন্তু তাহাদিগকে উল্লিখিত শ্রেণীভুক্ত করা যায় না; যথা,—বিষমাত্রায় পারদ দ্বারা রক্তের তারল্য বৃদ্ধি পায়, রক্তের কঠিনাংশ কম হয়। কড্‌লিভার্ অয়িল্ দ্বারা রক্তের কঠিনাংশ বৃদ্ধি পায়। আইয়োডাইড অব্ পোটাশিয়াম্ দ্বারা রক্তের সংযমন-শক্তি বৃদ্ধি পায়।

৩য় শ্রেণী। যে সকল ঔষধ হৃৎপিণ্ডের উপর ক্রিয়া দর্শায়।

ক। যে সকল ঔষধ হৃৎপিণ্ডের উপর সাক্ষাৎ ক্রিয়া দর্শায়।—যাহারা হৃৎপিণ্ডের সঙ্কোচন বৃদ্ধি করে;—

ডিজিটেলিন্, ষ্ট্রোফ্যান্থাস্, স্কুইল, স্যাপোনাইন্, কন্ভ্যালেরিয়া ম্যাজেলিস্ কেফীন্, ভেরেট্রিন্ ইরিথ্রোফ্লিয়াম্।

(উপরোক্ত ঔষধ সকল অধিক মাত্রায় ব্যবহার করিলে হৃৎপিণ্ড প্রসারিত অবস্থায় বন্ধ হয়। এই সকল ঔষধ নাড়ীর দ্রুতত্ব হ্রাস করে।)

ক্ষার ধাতব ঔষধ-দ্রব্যের লবণ সকলের জলমিশ্র দ্রব, বেরিয়াম্ ধাতু সকলের জলীয় দ্রব, জিঙ্ক্-দ্বিলবণের জলীয় দ্রব, ক্লোর‍্যালের জলমিশ্র দ্রব, কাইসষ্টিগ্মিন্ ক্যাম্ফর, হৃদাকুঞ্চন বৃদ্ধি করে।

এই সকল ঔষধ-দ্রব্য দ্বারা নাড়ীর গতি বিশেষ পরিবর্ত্তিত হয় না।

যে সকল ঔষধ-দ্রব্য হৃৎপিণ্ডের সঙ্কোচনের বল হ্রাস করে এবং সচরাচর প্রসারণ অবস্থায় হৃৎপিণ্ডের ক্রিয়া বন্ধ করে; যথা,—

জলমিশ্র য়্যাসিড্; ক্ষার ধাতব লবণ সকলের উগ্র দ্রব, বেরিয়াম্ ঘটিত লবণ সকলের উগ্র দ্রব, তাম্রঘটিত দ্বিলবণ সকলের উগ্র দ্রব, জিঙ্ক্ ঘটিত দ্বিলবণ সকলের উগ্র দ্রব, ক্লোর‍্যালের উগ্র দ্রব, মাস্কেরিন্, পাইলোকার্পিন্, স্যাপোনাইন্ (অধিক মাত্রায়), য়্যাপোমর্ফাইন্ এমেটিন্, স্যালিসিলিক্ য়্যাসিড্।

যে সকল ঔষধ-দ্রব্য হৃৎপিণ্ডের দ্রুতত্ব বৃদ্ধি করে। যথা,—

য়্যাট্রপিন্, হাইয়োসায়েমিন্, ড্যাটুরিন্, ড্যুবয়সিন্, কোকেইন্, স্পার্টিন্, স্যাপোনিন্।

যে সকল ঔষধ-দ্রব্য হৃৎপিণ্ডের গতি মন্দ করে। যথা,—

ম্যাস্কেরিন্ পাইলোকার্পিন্।

যে সকল ঔষধ-দ্রব্য হৃৎপিণ্ডের স্পন্দনের বল ও সংখ্যা করে।—

য়্যাল্কোহল্, ঈথার্, ক্লোরোফরম্, স্পর্শহারক ঔষধ সকল (য়্যানেস্থেটিক্স্), আর্সেনিক্ঘটিত লবণ সকল, কুইনাইন্ ষ্ট্রিক্নাইন্।

যে সকল ঔষধ-দ্রব্য হৃৎপিণ্ডের স্পন্দনের বল ও সংখ্যা হ্রাস করে।—

য়্যান্টিমনিঘটিত লবণ, য়্যাকোনাইট, হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্, আর্গট্, ভিরাট্রাম্ ভিরিডি, সেভাডিলা।

খ। যে সকল ঔষধ-দ্রব্য ভেগাস্ স্নায়ুর কেন্দ্রের উপর কার্য্য করে।—

যাহারা ভেগাস্ স্নায়ুর কেন্দ্র উত্তেজিত করিয়া নাড়ীর গতির হ্রাস করে।—

ক্লোরোফর্ম্, ক্লোর‍্যাল্ হাইড্রেট্, বিউটল্ ক্লোর‍্যাল্, য়্যাকোনাইট্, ভিরাট্রাম্

গ্রিণ্ডি, নাইকোটিন্, ডিজিটেলিস্, ষ্ট্রোফ্যান্থাস্, স্কুইল্, কনভ্যালেরিয়া ম্যাজেলিন্, হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্, ষ্ট্যাফিসেগ্রিয়া, য়্যাট্রোপিন্, হাইয়োসায়েমিন্, ড্যাটুরিন্ (এই শেষ তিনটী ক্রিয়া প্রকাশের প্রথম অবস্থায় কার্য্য করে)। এতদ্ভিন্ন রক্ত-সন্তাপ (ব্লাড্-প্রেসার্) বৃদ্ধি পাইলে, ও রক্ত শৈরিক অবস্থা প্রাপ্ত হইলে নাড়ী মন্দগতি হয়।

যে সকল ঔষধ-দ্রব্য ভেগাস্ স্নায়ুকেন্দ্রকে অবসাদগ্রস্ত করিয়া কার্য্য করে;—

শেষোক্ত তালিকার ঔষধ-দ্রব্য সকল অধিক মাত্রায়, এবং নাইট্রাইট্ অব্ য়্যামিল্ আদি যে সকল ঔষধ-দ্রব্য দ্বারা রক্তসন্তাপ হ্রাস হয়।

গ। যে সকল ঔষধ-দ্রব্য হৃৎপিণ্ডের ক্রিয়া-বর্দ্ধনকারী কেন্দ্রের (য়্যাক্‌সেলারেটিঙ্গ্ সেণ্টার্) উপর কার্য্য করে।— কোনও ঔষধ-দ্রব্য এই স্নায়ুকেন্দ্রের উপর অবসাদ ক্রিয়া প্রকাশ করিয়া কার্য্য করে কি না তাহা জানা নাই। সম্ভবতঃ নিম্নলিখিত ঔষধ-দ্রব্য সকল এই কেন্দ্রকে উত্তেজিত করিয়া কার্য্য করে;—

য়্যামোনিয়া, কেফীন্, পাইক্রটক্সিন্, ডেল্‌ফিনিন্; এতদ্ভিন্ন যে সকল ঔষধ-দ্রব্য দ্বারা রক্ত শৈরিক অবস্থা প্রাপ্ত হয়।

৪র্থ শ্রেণী।—যে সকল ঔষধ রক্তবহা নাড়ী সকলের উপর কার্য্য করে।—

ক। যাহারা রক্তবহা নাড়ীর উপর স্থানিক কার্য্য করে।—

যাহারা স্থানিক প্রয়োগে রক্তপ্রণালী সকলকে প্রসারিত করে।—

লাইকর্ য়্যামোনিয়ী, নাইট্রেট্ অব্ সিল্‌ভার্, ক্লোরাইড্ অব্ জিঙ্ক্, নাইট্রেট্ অব্ কপার্, নাইট্রেট্ অব্ মার্কারি, আর্সেনিয়াস্ য়্যাসিড্, ক্লোরাইড্ অব্ য়্যাণ্টিমনি টার্টারেটেড্ য়্যাণ্টিমনি, আইয়োডিন্, ব্রোমিন্, ক্লোরিন্, ধাতব অম্ল সকল, য়্যাল্‌কহল্ ঈথার্, ক্লোরোফর্ম্ (শেষোক্ত তিনটী উৎপাতন রোধ করিলে), কার্বনিক্ য়্যাসিড্, বায়বী তৈল সকল, সেনেগা, ক্রাইসেরোবিনাম্, ইপেকাকুয়ানা, ক্যাপ্সিকাম্, মেজেরিয়ম্, ক্রোটন্ অয়িল্, ক্যাম্ফর্, ক্যান্থারিডিস্, কফরাস্, উত্তাপ (যথা—পুল্‌টিশ্ আদি)। উপরিউক্ত ঔষধ-দ্রব্য সকলকে ভাস্‌ক্যুলার্ ইরিট্যাণ্ট্‌স্ অর্থাৎ রক্তপ্রণালী সকলের উগ্রতাসাধক ঔষধ বলে।

এই ঔষধ সকলকে রুবিফেসিয়েণ্ট্‌স্ অর্থাৎ চর্ম্ম-প্রদাহ-কারক কহে; ইহাদিগকে চর্ম্মে সংলগ্ন করিলে রক্ত-প্রণালী সকলের প্রসারণ বশতঃ চর্ম্ম আরক্তিম হয়। উপরোক্ত ঔষধ সকলের অনেকগুলি এত উগ্র যে, তাহারা প্রদাহ উৎপন্ন করে; কেবল মাত্র ফোস্কা উৎপন্ন করিলে ইহাদিগকে ভেসিক্যাণ্ট্‌স্ অর্থাৎ ফোস্কাকারক কহে; যথা, ক্যান্থারিডিস্।

পুয-গুটিকা-উৎপাদক (পাশ্চ্যুল্যাণ্ট্‌স্)।—উপর্যুক্ত ঔষধ-দ্রব্য সকলের

মধ্যে কতকগুলি এত উগ্র যে প্রদাহ উৎপন্ন করে ও গুটিকা জন্মায়. পরে তন্মধ্যে পূয হয়। যথা,—ক্রোটন্ তৈল।

যে সকল ঔষধ শরীরে সংলগ্ন করিলে স্থানিক বিধানকে নষ্ট করে, তাহাদিগকে য়্যাস্কারটিক্স্ বা কষ্টিক্ অর্থাৎ দাহক কহে। যথা,—নির্জ্জল নাইট্রিক্ য়্যাসিড্, ক্লোরাইড্ অব্ জিঙ্ক্, নাইট্রেট্ অব্ সিল্ভার্, এবং আর্সেনিয়াস্ য়্যাসিড্।

কোন উগ্র পদার্থ চর্ম্মোপরি সংলগ্ন করিলে, চর্ম্মস্থ ধমনী ও শিরা সকল প্রসারিত হয়, এবং উহার নিম্নস্থ আভ্যন্তরিক যন্ত্রের ধমনী ও শিরা সকল প্রত্যাবৃত্তরূপে কুঞ্চিত হয়। নিম্নস্থ যন্ত্রের রক্তবহা নাড়ী সকলের আকৃতি পরিবর্ত্তন করণার্থ চর্ম্মোপরি যে উগ্র ঔষধ প্রয়োগ করা যায়, তাহাকে প্রত্যুগ্রতাসাধক (কাউণ্টার্-ইরিট্যাণ্ট্) ঔষধ কহে। স্নায়ুর প্রতিফলিত ক্রিয়া দ্বারা এতৎ সাধিত হয়; ত্বক্স্থিত রক্তবহা নাড়ী প্রসারিত হইয়া তন্মধ্যে রক্তের পরিমাণ বৃদ্ধি হেতু এই ক্রিয়া সম্পাদিত হয় না।

যে সকল ঔষধ-দ্রব্য রক্তপ্রণালীতে স্থানিক প্রয়োগ করিলে তাহাদিগকে সঙ্কুচিত করে।—এই ক্রিয়া দুই প্রকারে সাধিত হয়; ১ম, রক্তবহা নাড়ী সকলের পৈশিক আবরণকে সঙ্কুচিত করিয়া; ২য়, যে অণ্ডলালবৎ জলীয় পদার্থ রক্তবহা নাড়ীর চতুর্দ্দিকে অবস্থিতি করে তাহাদের সংযমন করিয়া এই ক্রিয়া উৎপাদন করে।

প্রথম প্রকারের উদাহরণ;—শৈত্য, সীস ঘটিত লবণ, জলমিশ্র রৌপ্য ঘটিত লবণ, জলমিশ্র সাল্ফিউরিক্ য়্যাসিড্, ফটকিরি, হেমেমেলিস্, আর্গট্, য়্যাসিটেনিলাইড্, ফেনাজোন্।

আর্গট্ রক্তসঞ্চালন মধ্যে প্রবেশ করিয়া রক্তবহা নাড়ীর পেশীয় আবরণকে সাতিশয় সঙ্কুচিত করে। আর্গট্ রক্তবহা নাড়ীর বাহ্যদিকে প্রয়োগ করিলে কোন কার্য্য করে না। উপর্য্যুক্ত ঔষধ-দ্রব্য সকল (শেষোক্ত দুইটী ব্যতীত) রক্তবহা নাড়ী সকলকে সঙ্কুচিত করণার্থ সচরাচর ব্যবহৃত হয়।

নিম্নলিখিত ঔষধগুলি ক্ষুদ্র ধমনী সকল মধ্যে রক্তসহ সঞ্চালিত হইলে তাহাদিগকে সঙ্কুচিত করে;—তাম্র, দস্তা, টিন্, প্ল্যাটিনাম্ এবং বেরিয়াম্ ধাতুঘটিত লবণ সকল প্রবল সঙ্কোচক।

লিথিয়াম্, ক্যাল্সিয়াম্, ষ্ট্রন্সিয়াম্, ম্যাগ্নেসিয়াম্, ক্যাড্মিয়াম্, নিকেল্, কোবাল্ট্ ও লৌহঘটিত লবণ সকল ক্ষীণ সঙ্কোচক।

য়্যাসিটেনিলাইড্ ও ফেনাজোন্ ক্ষুদ্র রক্তবহা নাড়ীর পেশীয় আবরণের উপর আর্গটের ন্যায় প্রবলরূপে কার্য্য করে।

২য় প্রকারের উদাহরণ, অর্থাৎ যাহারা রক্তপ্রণালীর চতুর্দ্দিকের অণ্ডলাল সংযত করিয়া কার্য্য করে।—

ট্যানিক্ য়্যাসিড্ এবং যে সকল ঔষধে ট্যানিক্ য়্যাসিড্ বর্ত্তমান আছে, সীসঘটিত লবণ সকল, রৌপ্যঘটিত লবণ সকল, দস্তাঘটিত লবণ সকল, তাম্রঘটিত লবণ সকল পার্সল্‌ট্‌স্ অব্ আয়রন্, বিস্মাথ্‌ঘটিত লবণ সকল।

খ। যে সকল ঔষধ-দ্রব্য ভাসোমোটার্ স্নায়ু-কেন্দ্রের উপর কার্য্য করে।—

যাহারা রক্তবহা নাড়ী সকলের গত্যুৎপাদক স্নায়ু-কেন্দ্রের উপর কার্য্য করিয়া তাহাদিগকে প্রসারিত করে।—

নাইট্রোগ্লিসেরিন্, নাইট্রাইট্ অব্ য়্যামিল্, নাইট্রাইট্ অব্ সোডিয়াম্, স্পিরিটাস্ ঈথারিস্ নাইট্রোসাই, বেলাডোনা, ষ্ট্রামোনিয়াম্, হাইয়োসায়েমাস্, য়্যাল্‌কহল্, ঈথার্, ক্লোরোফর্ম্, ক্লোরাল্, টার্টারেটেড্ য়্যাণ্টিমনি, য়্যাকোনাইট্, ইপেকাকুয়ানা, লোবিলিয়া, টোব্যাকো (তামাক), ভিরাট্রিন্, হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্, অহিফেন।

কতকগুলি ঔষধ-দ্রব্য অল্প মাত্রায় সেবন করিলে স্নায়ুকেন্দ্রের উপর কার্য্য করিয়া রক্তপ্রণালী সকলকে কুঞ্চিত করে, কিন্তু অধিক মাত্রায় উহাদিগকে প্রসারিত করে যথা—ডিজিটেলিস্, স্কুইল্।

যে সকল ঔষধ রক্তবহা নাড়ীর স্নায়ু-কেন্দ্রের উপর কার্য্য করিয়া উহাদিগকে সঙ্কুচিত করে।—

ডিজিটেলিস্, ষ্ট্রোফ্যান্থাস্, স্কুইল, হেমেমেলিস্, ষ্ট্রিক্‌নাইন্, সীসঘটিত লবণ সকল, য়্যামোনিয়া, আর্গট্।

এতদ্ভিন্ন, কতকগুলি ঔষধ-দ্রব্যের প্রধান ক্রিয়া স্নায়ু-কেন্দ্রের উপর কার্য্য করিয়া রক্তপ্রণালী সকলকে প্রসারিত করণ; তাহাদের ক্রিয়া প্রকাশের প্রথমাবস্থায় রক্তপ্রণালী সকল স্বল্পক্ষণের নিমিত্ত সঙ্কুচিত হয়; যথা,—বেলাডোনা; ষ্ট্রামোনিয়াম্, হাইয়োসায়েমাস্, য়্যাল্‌কহল্, ঈথার্, ক্লোরোফর্ম্, হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্ ও ভেরাট্রিন্।

য়্যাষ্ট্রিন্‌জেণ্ট্‌স্ (সঙ্কোচক)।—যে সকল ঔষধ-দ্রব্য রক্ত-প্রণালী এবং স্রাবক-প্রণালী সকলের পরিধি ক্ষুদ্র করে, ও তন্নিবন্ধন উহাদের রসোৎসৃজনের পরিমাণ হ্রাস করে, মাংশপেশী দৃঢ় করে এবং শরীরের কোমলাংশ সকলের কাঠিন্য জন্মায়।

ষ্টিপ্‌টিক্‌স্, হীমষ্ট্যাটিক্‌স্ (রক্তরোধক)।—ইহারা রক্তকে সংযত করে, তন্নিমিত্ত রক্তস্রাব বন্ধ হয়। সঙ্কোচক ঔষধ সকল, বিশেষতঃ শৈত্য, সীস ও তাম্রঘটিত লবণ সকল, হেমেমেলিস্, আর্গট্, ট্যানিক্ য়্যাসিড্, পার্সল্‌ট্‌স্ অব্ আয়রন্, ম্যাটিকো ও মাকড়সার ঝুল স্থানিক রক্তরোধক।

আময়িক প্রয়োগ।—যে সকল ঔষধ স্থানিক প্রয়োগে রক্তবহা নাড়ী সকলকে প্রসারিত করে, তাহাদিগকে দীর্ঘকাল ক্ষতে লাগাইলে, ঐ ক্ষত উত্তেজিত হইয়া আরোগ্য হয়। বিবিধ প্রদাহ জনিত আবদ্ধ-

রস শোষণার্থ, যথা, কোন কোন সন্ধিস্থলের প্রদাহে আইয়োডিন্, ব্যবহার করা হয়; এবং প্রত্যুগ্রতা-সাধনের নিমিত্ত প্লুরিসি রোগে ব্লিষ্টার্ প্রয়োজিত হয়। যে সকল ঔষধ-দ্রব্য স্নায়ু-কেন্দ্রের উপর কার্য্য করিয়া শরীরস্থ সমুদয় রক্তবহা নাড়ীকে প্রসারিত করে, তাহাদিগকে হৃৎপিণ্ডের কোন কোন পীড়ায়, যথা,—য়্যাঞ্জাইনা পেক্টোরিস্ রোগে, ব্যবহার করা যায়। এই রোগে নাইট্রাইট্ অব্ য়্যামিল্ এবং নাইট্রো-গ্লিসেরিন্ যথেষ্ট ব্যবহৃত হয়। যে সকল ঔষধ-দ্রব্য সার্ব্বাঙ্গিক রক্তবহা নাড়ীসকলকে প্রসারিত করে, তাহাদিগকে ত্বক্স্থিত রক্তবহা নাড়ী সকলকে প্রসারিত করণার্থ ব্যবহার করা যায়, ইহা দ্বারা ঘর্ম্ম বৃদ্ধি পায়, এবং তাপ-বিকীর্ণন অধিক হয়। য়্যাল্কহল্, স্পিরিটাস্ ঈথারিস্ নাইট্রোসাই এবং ইপেকাকুয়ানা এই উদ্দেশ্যে ব্যবহৃত হয়।

সঙ্কোচক ঔষধ সকল প্রধানতঃ রক্ত-রোধক রূপে ব্যবহৃত হয়; অধিক রস-নিঃসরণ বর্ত্তমান থাকিলে, যথা,—উদরাময়, শ্বেতপ্রদর ইত্যাদিতেও ইহারা ব্যবহৃত হয়। ফেরিঞ্জাইটিস্ রোগে ধমনী ও শিরা সকল শিথিল হইলে ইহাদিগকে ব্যবহার করা যায়।

এমোলিয়েণ্ট্স্ (স্থানিক শিথিলতা-সম্পাদক)।—কোন স্থানকে আর্দ্র, শিথিল ও আবৃত রাখিবার জন্য এই শ্রেণীস্থ ঔষধ প্রয়োগ করা যায়।—

ফোমেণ্টেশন্ (উষ্ণ জলের সেক), পুল্টিশ্, বসা, ল্যানোলিন্, জলপাইয়ের তৈল, স্পার্মেসেটাই, পেট্রোলিয়াম্, ভেসেলিন্, তৈলাদি।

ডিমাল্সেণ্ট্স্ (স্নিগ্ধকারক)। -ইহারা প্রয়োগ স্থানকে আবৃত রাখে, স্থানিক আর্দ্রতা ও শৈথিল্য সম্পাদন করে, এবং উগ্র পদার্থের সহিত মিশ্রিত করিলে তাহাদের উগ্রতা হ্রাস করে। ইহাদিগকে প্রায় শ্লৈষ্মিক ঝিল্লিতে প্রয়োগ করা যায়। যথা,—

জেলেটিন্, নানাবিধ গঁদ, মধু, গসিনা, শ্বেতসার, অণ্ডলাল, বিহিদানা ইশবগুল, য়্যারোরুট্, তিসি, যব, যষ্টিমধু, গোধূম, সাগু ও অন্নাদির মণ্ড।

৫ম শ্রেণী। যে সকল ঔষধ-দ্রব্য চর্ম্মের উপর কার্য্য করে।

পূর্ব্বোক্ত শ্রেণীর ঔষধ সকল চর্ম্মস্থ রক্ত-প্রণালী সকলের উপর কার্য্য করে; এতদ্ভিন্ন—

ক। যে সকল ঔষধ ঘর্ম্মের পরিমাণ বৃদ্ধি করে; ইহা-

দিগকে স্বেদজনক (ডায়েফোরেটিক্স্) কহে।—কশেরুকা-মজ্জা-স্থিত স্বেদ-কেন্দ্র অথবা ঐ কেন্দ্র হইতে যে সকল স্নায়ু স্বেদ গ্রন্থিতে গমন করে তাহাদিগকে, অথবা যে সকল স্নায়ু স্বেদ-গ্রন্থিতে সমাপ্ত হইয়াছে তাহাদিগের অন্তর্ভাগ, কিম্বা গ্রন্থিকোষ সকলকে উত্তেজিত করিয়া ইহারা এই ক্রিয়া সম্পাদন করে। অপর, ত্বকস্থিত রক্তপ্রণালীর মধ্যে রক্তের পরিমাণ বৃদ্ধি ও উত্তাপাধিক্য বশতঃ ত্বকস্থিত রক্তপ্রণালী সকল প্রসারিত হয়, এতন্নিবন্ধন স্বেদ-গ্রন্থি সকল উত্তেজিত হয় ও প্রচুর পরিমাণে ঘর্ম্মোৎপাদিত হয়।

১ম। যে সকল স্বেদজনক ঔষধ স্নায়ু-অন্তে (পেরিফেরি) কার্য্য করে ;—যথা,—পাইলোকার্পিন্ ; ইহা দ্বারা ঘর্ম্মের পরিমাণ অত্যন্ত বৃদ্ধি পায়, সম্ভবতঃ ইহা স্বেদ-গ্রন্থির স্নায়ু-অন্ত সকলের উপর কার্য্য করিয়া ঘর্ম্মোৎপাদন করে। উক্ত প্রয়োগ এবং আভ্যন্তরিক সুরাবীর্য্য প্রয়োগ করিলে এরূপে কার্য্য করে।

২য়। যে সকল ঘর্ম্মকারক ঔষধ স্নায়ু-কেন্দ্রে ক্রিয়া দর্শায় ; যথা,—নাইকোটিন্, য়্যান্টিমনিঘটিত লবণ সকল, য়্যামোনিয়াম্ য়্যাসিটেট্, য়্যামোনিয়াম্ সাইট্রেট্, ইপেকাকুয়ানা অহিফেন, কর্পূর।

৩য়। যে সকল ঘর্ম্মকারক ঔষধের ক্রিয়া-প্রণালী সম্বন্ধে সন্দেহ আছে ; যথা,—সেনেগা, কিউবেব্‌স্, কল্‌চিকাম্, স্যালিসিন্, লোবিলিয়া, আর্ণিকা, সাইট্রেট্ ও য়্যাসিটেট অব্ পোটাসিয়াম্। শেষোক্ত দুইটি ব্যতীত অন্যগুলির ক্রিয়া ক্ষীণ।

খ। য়্যান্‌হাইড্রোটিক্স্ (ঘর্ম্ম নিবারক)।—যে সকল ঔষধ দ্বারা ঘর্ম্মের পরিমাণ হ্রাস হয়।—

১ম। যাহারা স্নায়ু-অন্তের উপর কার্য্য করিয়া ঘর্ম্ম রোধ করে ;—য়্যাট্রোপিন্ ইহাদের মধ্যে প্রধান ; ইহা স্বেদ-গ্রন্থিতে পরিসমাপ্ত স্নায়ু-অন্তের উপর কার্য্য করে। হাইয়োসায়েমাস্ এবং ষ্ট্র্যামোনিয়াম্, সম্ভবতঃ এই প্রকারে কার্য্য করে। স্থানিক শৈত্য প্রয়োগেও এইরূপ ফলোৎপাদিত হয়।

২য়। যে সকল ঘর্ম্মরোধক ঔষধের ক্রিয়া-প্রণালী সম্বন্ধে সন্দেহ আছে ; যথা :—অম্ল-সকল, মাস্কেরিন্, নাক্স্ ভমিকা, কুইনাইন্, পাইক্রটক্সিন্, জিঙ্ক্‌ঘটিত লবণ সকল, স্যালিসিলিক্ য়্যাসিড্।

আময়িক প্রয়োগ।—স্বেদ-জনক ঔষধ সকল তিনটি উদ্দেশ্যে ব্যবহৃত হয় ;—১ম, মূত্র-স্রাবণ হ্রাস হইলে ঘর্ম্মের পরিমাণ বৃদ্ধি করণ, এতদভিপ্রায়ে পাইলোকার্পিন্ ব্যবহৃত হয়। ২য়, বিষ-পদার্থ শরীর মধ্য হইতে বহির্গত করণ, এতদভিপ্রায়ে ইউরিমিয়া রোগে পাইলোকার্পিন্ প্রয়োগ করা যায়। অথবা, ৩য়, অধিক উৎপাতন (ইভাপোরেশন্) দ্বারা দৈহিক উত্তাপ-হ্রাস-বৃদ্ধি করণার্থ মৃদু জ্বরঘ্ন ঔষধ (য়্যাণ্টিপাইরেটিক্স্) ব্যবহার ;—

এতদর্থে পূর্ব্বে, য়্যাল্‌কহল্‌, ইপিকাকুয়ানা, য়্যাসিটেট্‌ অব য়্যামোনিয়া এবং অহিফেন পর্য্যাপ্ত ব্যবহৃত হইত। কিন্তু এক্ষণে অধিকতর বীর্য্যবান্‌ ঔষধ সকল আবিষ্কৃত হইয়াছে।

ঘর্ম্ম-রোধক ঔষধ সকল সার্ব্বাঙ্গিক ঘর্ম্মাতিশয্যে, যথা,—যক্ষ্মা-রোগের নিশাঘর্ম্ম, অথবা স্থানিক ঘর্ম্মাতিশয্যে, যথা,—হস্ত বা পদের ঘর্ম্মে ব্যবহৃত হয়।

ঘর্ম্মের উপাদান পরিবর্ত্তিত করে এরূপ ঔষধ জানা নাই, তবে কতকগুলি ঔষধ-দ্রব্য আভ্যন্তরিক প্রয়োগে ঘর্ম্মের সহিত বহির্গত হইয়া যায়; যথা,—

আইয়োডিন্‌, আইয়োডাইড্‌ অব্‌ পোটাসিয়াম, সাক্সিনিক, টার্টারিক্‌ ও বেঞ্জোয়িক য়্যাসিড্‌। শেষোক্ত ঔষধটি হিপ্যুরিক্‌ য়্যাসিড্‌ রূপে বহির্গত হয়।

কতকগুলি ঔষধ-দ্রব্য অধিক মাত্রায় আভ্যন্তরিক প্রয়োগে চর্ম্মের উপর গুটিকা (র‍্যাশ্‌) উৎপাদন করে; সম্ভবতঃ ইহারা চর্ম্ম দিয়া বহির্গত হইবার সময় উগ্রতা জন্মাইয়া কার্য্য করে। যথা,—

কোপেবা, কিউবেব্‌স্‌, ব্রোমাইড্‌স্‌, আইয়োডাইড্‌স্‌, টার্পিন্‌, বেলাডোনা, ক্লোরাল্‌, অহিফেন, কুইনাইন্‌, স্যালিসিলিক্‌ য়্যাসিড, আর্সেনিকঘটিত লবণ সকল, য়্যাসিটে-নিলাইড্‌, ফেনাজোনাম্‌, ফেনাসেটিন্‌, রৌপ্যঘটিত লবণ সকল (ইহারা চর্ম্মের বিবর্ণতা সাধিত করে)।

৬ষ্ঠ শ্রেণী।—যে সকল ঔষধ-দ্রব্য মূত্র-বিধানের উপর কার্য্য করে।

১। যে সকল ঔষধ-দ্রব্য প্রস্রাবের পরিমাণ বৃদ্ধি করে।—ইহাদিগকে মূত্রকারক (ডাইয়ুরেটিক্স্‌) কহে। মূত্র-গ্রন্থিতে দুই প্রকার এপিথিলিয়াম্‌ আছে, এবং ইহাতে রক্তবহা নাড়ী ও রক্তবহা নাড়ী সকলের সঞ্চালক (ভাসো-মোটার) স্নায়ু প্রচুর পরিমাণে আছে, ও ইহা রক্ত-সঞ্চাপের ন্যূনাধিক্যের বিশিষ্টরূপে অধীন; সুতরাং কোন্‌ কোন্‌ মূত্রকারক ঔষধ কি প্রকারে কার্য্য করে তাহা নির্ণয় করা দুরূহ।

মূত্র-যন্ত্রের উপর কার্যকারী ঔষধ সকল;—

ক। যাহারা সার্ব্বাঙ্গিক ধামনিক সঞ্চাপ বৃদ্ধি করিয়া মূত্র-কারক হয়; যথা—

ডিজিটেলিস্‌, য়্যাল্‌কহল্‌, ষ্ট্রোফ্যান্থাস্‌, স্কুইল্‌, কন্‌ভ্যালেরিয়া, ষ্ট্রিক্‌নাইন্‌, কেফিন্‌, গাত্রে শৈত্য প্রয়োগ।

•খ। যে সকল ঔষধ-দ্রব্য মূত্রগ্রন্থিতে স্থানিক ধামনিক সঞ্চাপ বৃদ্ধি করিয়া কার্য্য করে; যথা—

ক্রম্, বুকু, ইউভা আর্সাই, জুনিপার্, টার্পেন্টাইন্, কোপেবা, ক্যান্থারাইডিস্, নাইট্রাইট্ সকল, য়্যাল্কোহল্।

গ। যাহারা স্রাবক স্নায়ু সকল ও মূত্র-গ্রন্থির কোষ সকলের উপরকার্য্য করিয়া প্রস্রাবের জলীয়াংশ ও কঠিন পদার্থ সকল নির্গমন বৃদ্ধি করে; যথা,—

লাইকর্ পোটাসী, য়্যাসিটেট্ অব্ পোটাসিয়াম্, সাইট্রেট্ অব্ সোডিয়াম্ ও অন্যান্য লাবণিক ঔষধ সকল।

আময়িক প্রয়োগ।—হৃৎপিণ্ডের এবং ফুস্ফুসের পীড়ায়, সার্ব্বাঙ্গিক রক্ত-সঞ্চালনের বৈলক্ষণ্য হেতু প্রস্রাবের পরিমাণ সুস্থাবস্থাপেক্ষা হ্রাস হইলে, মূত্রকারক ঔষধ সকল ব্যবহৃত হয়। যে সকল রোগে শরীরের কোন অংশে অতিরিক্ত জলীয় পদার্থ সঞ্চিত হয়; যথা,—ফুস্ফুস্-আবরণের প্রদাহ জনিত আবদ্ধ রস (প্লুরিটিক্ ইফিউজন্) এবং ঔদরীয় জল; সে সকল স্থলে যতদূর সম্ভব, মূত্রগ্রন্থির দ্বারা ঐ জল বহির্গত করণ উদ্দেশ্যে, এই সকল ঔষধ প্রয়োজিত হইয়া থাকে। মূত্র-পিণ্ডের কোন কোন রোগেও প্রয়োগ করা যায়। স্মরণ রাখা প্রয়োজন যে, মূত্রকারক ঔষধ সকল বিভিন্ন প্রকারে কার্য্য করিয়া থাকে, এবং বিভিন্ন কারণে প্রস্রাবের পরিমাণ হ্রাস হইতে পারে, এবং কি কারণে প্রস্রাবের পরিমাণ হ্রাস হইতেছে, স্থল-বিশেষে তাহা নির্ণয় দুরূহ। সুতরাং কতকগুলি মূত্রকারক ঔষধ একত্রে প্রয়োগ প্রথা লক্ষিত হয়; উদ্দেশ্য এই যে, তাহাদের মধ্যে একটি না একটি কার্য্য করিবে।

২। যে সকল ঔষধ-দ্রব্য প্রস্রাবের পরিমাণ হ্রাস করে।—এই সকল ঔষধ অধিক মাত্রায়, মূত্রগ্রন্থির তরুণ প্রদাহ উৎপাদন করে; যথা,—টার্পিন্, ক্যান্থারাইডিস্, ফস্ফরাস্। কিন্তু ইহারা প্রস্রাব হ্রাস-করণ অভিপ্রায়ে প্রয়োজিত হয় না।

৩। যে সকল ঔষধ-দ্রব্য দ্বারা প্রস্রাব অম্লগুণবিশিষ্ট হয়।—একটি মাত্র ঔষধ এই ক্রিয়া সম্পাদনে উপযোগী, যথা;—বেঞ্জোয়িক্ য়্যাসিড্। ইহা মূত্রগ্রন্থি দিয়া নির্গমন কালে হিপ্প্যুরিক্ য়্যাসিডে পরিবর্ত্তিত হয়। মূত্র অতিশয় ক্ষারযুক্ত হইলে এই ঔষধ প্রয়োজিত হয়। স্যালিসিলিক্ য়্যাসিড্ অল্প পরিমাণে এই কার্য্য করিতে সক্ষম, এবং অধিক মাত্রায় সাইট্রিক্ ও টার্টারিক্ য়্যাসিড এবং সাইট্রেট্ সকল এই কার্য্য সাধিত করে।

৪। **যে সকল ঔষধ-দ্রব্য প্রস্রাবের ক্ষারত্ব সম্পাদন করে।**—পোটাসিয়াম্, সোডিয়াম্, লিথিয়াম্ এবং ক্যাল্‌সিয়াম্ ধাতু ঘটিত লবণ সকল এই কার্য্য করে; ইহাদের টার্ট্রেট্‌স্, সাইট্রেট্‌স্ ও য়্যাসিটেট্‌স্ ও প্রস্রাবকে ক্ষারগুণবিশিষ্ট করে; কারণ, ইহারা কার্ব-নেট্ রূপে মূত্রগ্রন্থি দ্বারা বহির্গত হয়। কথিত আছে যে নাইট্রিক্ য়্যাসিড্ মূত্রের য়্যামোনিয়ার পরিমাণ বৃদ্ধি করে এবং সেই হেতু কিয়ৎ-পরিমাণে প্রস্রাব ক্ষারত্ব প্রাপ্ত হয়। য়্যামোনিয়া ঘটিত লবণ সকল আভ্যন্তরিক প্রয়োগে মূত্র ক্ষারগুণযুক্ত হয় না; কারণ, ইহারা দেহ-মধ্যে বিশ্লিষ্ট হয়, সম্ভবতঃ বিশ্লেষণ দ্বারা ইউরিয়া নির্ম্মিত হয়।

লিথণ্ট্রিপ্‌টিক্‌স্ অর্থাৎ অশ্মরী-দ্রাবক ঔষধ সকল।—ইহারা মূত্র পথে মূত্রের কঠিন পদার্থ সকল সংগৃহীত হওন নিবারিত করে। মূত্র অম্লগুণবিশিষ্ট হইলে, সচরাচর ইউরিক্ য়্যাসিড্ দানা রূপে অধঃস্থ হয় ও ইউরিক্ য়্যাসিড্ অশ্মরী জন্মে; কখন কখন অক্সেলেট্ অব্ লাইম্ অশ্মরী উৎপন্ন হয়। এই দুইটি শ্রেণীর অশ্মরী জন্মিবার সম্ভাবনা থাকিলে ক্ষারঘটিত ঔষধ বিধেয়। যদি মূত্র ক্ষার-বিশ্লেষণ-গ্রস্ত হই-তেছে এরূপ হয়, তাহা হইলে ফস্ফেট্ অশ্মরী জন্মে; এ স্থলে প্রস্রাবের অম্লতা সাধন প্রয়োজন;—বেঞ্জোয়িক্ য়্যাসিড্, বেঞ্জোয়েট্‌স্, স্যালি-সিলিক্ য়্যাসিড্, ও স্যালিসিলেট্‌স্ এবং মূত্রের পচন-নিবারক ঔষধ সকল উপযোগী।

আময়িক প্রয়োগ।—ক্ষার সকল প্রধানতঃ মূত্রের অম্লত্ব হ্রাস কর-ণার্থ, ও সুতরাং ইউরিক্ য়্যাসিড্ অধঃপাতিত হওন নিবারণার্থ অথবা ইউরিক্ য়্যাসিড্ অশ্মরী দ্রব করণ উদ্দেশ্যে ব্যবহার করা যায়। এমন কোন ঔষধ-দ্রব্য জানা নাই যদ্দ্বারা অক্স্যালেট্ অব্ লাইম্ অশ্মরী দ্রবী-ভূত করা যায়। গাউট্ গ্রস্ত ব্যক্তির প্রস্রাবে ইউরিক্ য়্যাসিড্ অধঃস্থ হওনের বিলক্ষণ প্রবণতা বর্ত্তমান থাকে; ইহাদের রক্তের ও মূত্রের ক্ষারত্ব সম্পাদনার্থ ক্ষার প্রয়োজ্য। ইউরেট্ অব্ পোটাসিয়াম্ ইউ-রেট্ অব্ সোডিয়াম্ অপেক্ষা অধিকতর দ্রবণীয়, এবং ইউরেট্ অব্ লিথিয়াম্ সর্ব্বাপেক্ষা দ্রবণীয়। সাইট্রেট্ অব্ পোটাসিয়াম্ ও লিথিয়াম্ দ্বারা পরিপাক-বিকার জন্মে না, সুতরাং ইহারাই প্রধানতঃ ব্যবহৃত হয়। অধিক জল পান করিলে, মূত্র জলমিশ্র হওন প্রযুক্ত ইউরিক য়্যাসিড্ ও অক্স্যালেট্ অব্ লাইম্ অশ্মরী সংগৃহীত হওন নিবারিত হয়। স্বভাবজ ক্ষার জল সকল এতদুদ্দেশ্যে প্রচুর ব্যবহৃত হয়।

৫। যে সকল ঔষধ-দ্রব্য মূত্রের পচন-নিবারক।—যদি মূত্র নলীর অবরোধ (ষ্ট্রিকচার্) বা অন্য কোন কারণে মূত্রাধারে মূত্র আবদ্ধ থাকে, অথবা যদি প্রস্রাব পূয়মিশ্রিত হয়, তাহা হইলে ক্ষারত্ব সংযুক্ত পচন-ক্রিয়া সাধিত হয়। মূত্রপিণ্ডের পেলভিসের বা মূত্রাধারের প্রদাহ হইলে সাধারণতঃ এই অবস্থা উৎপন্ন হয়। মূত্রের এই পচন নিবারণার্থ এরূপ ঔষধ-দ্রব্য প্রয়োগ প্রয়োজন, যে উহারা মূত্র দ্বারা বহির্গমনকালে পচন নিবারণ করে ; যথা,—

বেঞ্জোয়িক য়্যাসিড্, স্যালিসিলিক য়্যাসিড, ইউভা আর্সাই, কোপেবা, কিউবেব্স্, চন্দনের তৈল এবং অন্যান্য বিবিধ বাম্পী তৈল।

৬। যে সকল ঔষধ-দ্রব্য মূত্রের উপাদান পরিবর্ত্তিত করে।—প্রায় প্রত্যেক ঔষধ-দ্রব্যই এই কার্য্য করে ; কোন কোন ঔষধ-দ্রব্য প্রস্রাব দ্বারা নির্গত হয়, তদ্বশতঃ, অথবা কোন কোন ঔষধ-দ্রব্য দেহ মধ্যে পরিবর্ত্তন উৎপাদন করে, তজ্জনিত পদার্থ প্রস্রাব দ্বারা নির্গমন বশতঃ, এই ক্রিয়া সাধিত হয়। যথা—

টার্পিন, ক্যান্থারাইডিস্ এবং স্যালিসিলিক য়্যাসিড্ অধিক মাত্রায় প্রয়োগ করিলে মূত্রগ্রন্থির প্রদাহ উৎপাদন করে ও প্রস্রাবে রক্ত নির্গত হয়।

ক্লোরেট্ অব্ পোটাশিয়াম্, য়্যামিল্ নাইট্রাইট্, য়্যাসিটেনিলাইড্, পাইরোগ্যালিক য়্যাসিড, মশ্‌রুম্ দ্বারা বিষাক্ত হইলে, এবং জন্তুর শোণিত-সংক্রামণ (ট্রান্স্ফিউজন অব ব্লড্), দ্বারা লোহিত-রক্তকণিকা সকল বিশ্লিষ্ট হইয়া উৎপন্ন পদার্থ প্রস্রাবে নির্গত হয় এবং প্রস্রাব কৃষ্ণবর্ণ ধারণ করে। ধাতব য়্যাসিড্ আর্সেনিক ও ন্যাফ্থল্ অধিক মাত্রায় সেবন করিলে এতদনুরূপ ক্রিয়া প্রকাশ পায়। ফস্ফরাস অধিক মাত্রায় সেবন করিলে, প্রস্রাবে লিউসিন ও টাইরোসিন প্রকাশ পায় এবং ইউরিয়ার পরিমাণ সাতিশয় বৃদ্ধি পায়। লাবণিক মূত্রকারক ঔষধ সকল দ্বারা মূত্রের কঠিন পদার্থ সকল বৃদ্ধি পায়।

রুবার্ব ও সেনাতে ক্রাইসোফ্যানিক য়্যাসিড্ থাকা প্রযুক্ত, অম্ল প্রস্রাব ধূসরাভবর্ণ ধারণ করে ; এবং প্রস্রাব ক্ষার হইলে ইহাদের দ্বারা বেগুনিয়াবর্ণ হয়। লগ্‌উড্ সেবনে ক্ষার প্রস্রাব লোহিতাভবর্ণ হয়। মূত্র অম্লগুণবিশিষ্ট হইলে উহা স্যান্টোনিন্ দ্বারা পীতবর্ণ হয় ; কিন্তু ক্ষার মূত্র ঈষৎ লোহিতবর্ণ ধারণ করে। কার্বলিক য়্যাসিড্ ন্যাফ্থালিন, ক্রিয়োজোট্ এবং টারের অন্যান্য প্রযোগরূপ সকল, ও ইউভা আর্সাই স্থিত আর্বিউটিন্ দ্বারা মূত্র উজ্জ্বল পীতবর্ণ, এবং মিথিল্ ভায়োলেট্ দ্বারা ঘোর নীল-বর্ণ হয়।

কার্বনিক্ অক্সাইড্ দ্বারা বিষাক্ত ব্যক্তিদের মূত্র কয়েক মাস পর্য্যন্ত পচে না ও দুর্গন্ধযুক্ত হয় না।

কার্বনিক অক্সাইড্, উরারী, য়্যামিল্ নাইট্রাইট্ এবং টার্পেন্টাইন্ দ্বারা বিষাক্ত হইলে, এবং কখন কখন পারদ, মর্ফাইন্, ক্লোর‍্যাল্, প্রসিক্ য়্যাসিড্, স্যাল্ফিউরিক্

য়্যাসিড্ সেবন করিলে প্রস্রাবে এক প্রকার পদার্থ পাওয়া যায়, যাহা শর্করার ন্যায় ফেলিঙ্গস্ কপার্ সোলুশন্ পরিবর্ত্তিত করে। কেহ কেহ বলেন যে, এই সকল ঔষধ সেবন করিলে মূত্রে গ্লুকোজ্ বর্ত্তমান থাকে না, কিন্তু মূত্রে গ্লাইকিউরোনিক্ য়্যাসিড্ পাওয়া যায়।

কতকগুলি ঔষধ-দ্রব্য সেবন করিলে প্রস্রাবে বিশেষ বিশেষ গন্ধ বর্ত্তে; যথা, টার্পিন্ সেবনে প্রস্রাবে ভায়োলেট্ গন্ধ পাওয়া যায়। কিউবেব্স্ ও কোপেবা সেবনে মূত্রে ইহাদের সুগন্ধ পাওয়া যায়।

দীর্ঘকাল সীসধাতুঘটিত ঔষধ সেবন করিলে, মূত্রগ্রন্থির পুরাতন ইণ্টারষ্টিশ্যাল্ প্রদাহ উৎপাদিত হয়। কথিত আছে যে, পারদ দ্বারা কখন কখন এই প্রদাহ উপস্থিত হয়।

৭। যে সকল ঔষধ-দ্রব্য মূত্রাশয় ও মূত্রনলীর উপর কার্য্য করে।—মূত্রমার্গের অবসাদক ঔষধ সকলই প্রকৃত পক্ষে কার্য্যোপযোগী।

যদি প্রস্রাব বিশ্লিষ্ট হইতে থাকে, তাহা হইলে মূত্রের পচন-নিবারক ঔষধ সকল এই শ্রেণীভুক্ত। এতদ্ভিন্ন অহিফেন, বেলাডোনা, হাইয়োসায়েমাস, ষ্ট্র্যামোনিয়াম্, প্যারেরা, বুকু ও ইউভা আর্সাই মূত্রনলী ও মূত্রাশয়ের শ্লৈষ্মিক ঝিল্লির উপর সাক্ষাৎ সম্বন্ধে অবসাদ ক্রিয়া দর্শায়। প্রস্রাব অত্যধিক অম্লগুণবিশিষ্ট হইলে ক্ষার ঔষধ সকল মূত্রযন্ত্রের অবসাদক হইয়া কার্য্য করে।

৭ম শ্রেণী। যে সকল ঔষধ-দ্রব্য শারীরিক সন্তাপের উপর কার্য্য করে।

ক। য়্যাণ্টিপাইরেটিক্স্; জ্বরঘ্ন।—এই সকল ঔষধ-দ্রব্য শারীরিক উত্তাপ হ্রাস করে। সুস্থাবস্থায় শারীরিক উত্তাপ হ্রাস করে এরূপ ঔষধ প্রায় নাই বলিলেই হয়। তবে, কোন কোন ঔষধ, কোল্যাপ্স্ উৎপাদিত হয়, এরূপ অধিক মাত্রায় সেবন করাইলে সুস্থ ব্যক্তিরও দৈহিক উত্তাপ হ্রাস হইতে দেখা যায়। যে সকল ঔষধ-দ্রব্য পীড়াজনিত দেহের উত্তাপাধিক্য হ্রাস করে, তাহাদিগকেই জ্বরঘ্ন (য়্যাণ্টিপাইরেটিক্স্) কহে। মাংস পেশী সকলের মধ্যে সর্ব্বাপেক্ষা অধিক উত্তাপ উৎপাদিত হয়; এবং এই উত্তাপ-জনন-ক্রিয়া কর্পাস্ ষ্ট্রায়েটামের অংশ বা কেন্দ্র-বিশেষের অধীন। অপর, প্রধানতঃ ত্বকের রক্তবহা নাড়ী সকল হইতে তাপ বিকীর্ণন দ্বারা এবং ঘর্ম্মের উৎপাতন দ্বারা শারীরিক উত্তাপ নষ্ট হয়। এই সকল রক্তবহা নাড়ী এবং স্বেদ-গ্রন্থি স্নায়ুকেন্দ্রের অধীন। এতদ্ভিন্ন, ফুস্ফুস্ দিয়াও উত্তাপ নাশ হয়।

সম্ভবতঃ উত্তাপ-জনন ও উত্তাপ নাশ এই ক্রিয়াদ্বয় মধ্যে সমতা-সংরক্ষণ জন্য একটি স্নায়ু-কেন্দ্র সেরিব্রামে অবস্থিতি করে। দৈহিক উত্তাপ সম্বন্ধীয় এই জটিল যন্ত্রের সকল অংশে রক্তপ্রণালী ব্যাপ্ত, সুতরাং কোন অংশের রক্তপ্রণালী বৃত্তির পরিবর্ত্তন হইলে সেই অংশের ক্রিয়া বৈলক্ষণ্য ঘটে।

দৈহিক উত্তাপ-জনন, দৈহিক উত্তাপ-নাশ, এবং দৈহিক উত্তাপের সামঞ্জস্য সংরক্ষণ, কেন্দ্রীয় স্নায়ু বিশেষের যে যে অংশের উপর নির্ভর করে তাহাদের প্রত্যেকে দেহের বিভিন্ন স্থান হইতে কেন্দ্রাভিমুখে উত্তেজনা দ্বারা উদ্রিক্ত হইতে পারে ; ফলতঃ দেখা যায় যে, পূর্ব্বোক্ত ক্রিয়াত্রয়ের প্রত্যেকে সম্ভবতঃ প্রতিফলিতরূপে আক্রান্ত হয়।

যে সকল জ্বরঘ্ন ঔষধ উত্তাপ-নাশ বৃদ্ধি করে।—ঘর্ম্মকারক ঔষধ সকল এবং যে সকল ঔষধ-দ্রব্য ত্বগীয় রক্তবহা নাড়ী সকলকে প্রসারিত করে, তাহারা য়্যাণ্টিপাইরেটিক্স্ রূপে কার্য্য করে। শৈত্য, যথা,—শীতল জলে স্নান, সাক্ষাৎ সম্বন্ধে দেহের উত্তাপ হরণ করিয়া, উত্তাপ-নাশ বৃদ্ধি করে।

যে সকল ঔষধ-দ্রব্য সম্ভবতঃ উত্তাপ-জনন হ্রাস করে।—এ বিষয়ে আমাদের জ্ঞান আপাততঃ অনিশ্চিত ; সম্ভবতঃ ফেনাসিটিন্, য়্যাণ্টিপাইরিন্ এবং য়্যাণ্টিফেব্রিন্ কর্পাস্ ষ্ট্রায়েটামের উপর কার্য্য করিয়া উত্তাপ উৎপাদন হ্রাস করে। কুইনাইন্, স্যালিসিলিক য়্যাসিড্, স্যালিসিন্ কেইরিন এবং থ্যালিন্ ও উত্তাপ-জনন-ক্রিয়া হ্রাস করে ; কিন্তু ইহা স্থিরীকৃত হয় নাই যে, ইহারা দৈহিক উত্তাপ সম্বন্ধীয় যন্ত্রের কোন্ অংশের উপর কার্য্য করিয়া এই ক্রিয়া সাধন করে। শীতল স্নান যে, কেবল শরীরের উত্তাপ হরণ করে এমত নহে, ইহা কিছুক্ষণ প্রয়োজিত হইলে উত্তাপ-জনন-ক্রিয়া হ্রাস হয়।

য়্যাণ্টিমনি, য়্যাকোনাইট্ এবং ডিজিটেলিস্ সম্ভবতঃ রক্ত-সঞ্চালনের উপর কার্য্য করিয়া জ্বরঘ্ন হয়, কিন্তু ইহাদের প্রকৃত ক্রিয়া-প্রণালী এ পর্য্যন্ত জানা যায় নাই। কোন কোন স্থলে দেহাভ্যন্তরে উগ্রতাসাধক পদার্থ বর্ত্তমান থাকায় শরীরে উত্তাপ বৃদ্ধি পায়, এ স্থলে এই উগ্রতাসাধক পদার্থ দূরীকৃত করিলে দৈহিক উত্তাপাধিক্য প্রতিফলিত ক্রিয়া বশতঃ হ্রাস হয়। কখন কখন বিরেচক ঔষধ সকল জ্বরঘ্ন হইয়া কার্য্য করে।

আময়িক প্রয়োগ।—জ্বরীয় উত্তাপ হ্রাস করণ জ্বরঘ্ন ঔষধ সকলের প্রধান উদ্দেশ্য।

যে সকল ঔষধ-দ্রব্য দৈহিক উত্তাপ-নাশ বৃদ্ধি করিয়া জ্বরঘ্ন হয়; যথা, য়্যাল্কহল্, নাইট্রাস্ ঈথার্, য়্যাণ্টিমনি, ইপেকাকুয়ানা ও অহিফেন, পূর্ব্বে সচরাচর এই উদ্দেশ্যে ব্যবহৃত হইত, কিন্তু অধুনা ইহারা এতদর্থে স্বল্পই ব্যবহৃত হইয়া থাকে। শীতল জলে গাত্র মুছাইয়া দেওন (স্পঞ্জিং), বরফ প্রয়োগ, শীতল জলে স্নান প্রভৃতি রূপে শৈত্য সচরাচর এতদভিপ্রায়ে ব্যবহৃত হইয়া থাকে। উষ্ণ জলে গাত্র মুছাইলে রক্তবহা নাড়ী সকল প্রসারিত হয়, পরে ঘর্ম্মোৎপাদিত হইয়া জ্বরীয় উত্তাপ হ্রাস হয়।

কেইরিন, থেলিন্ দ্বারা সম্ভবতঃ দেহের উত্তাপ-জনন-ক্রিয়া পরিবর্ত্তিত হয়। ইহাদের প্রয়োগে বিষম বিপৎপাতের সম্ভাবনা, কারণ ইহাদের দ্বারা কোল্যাপ্স উপস্থিত হইয়া থাকে। তরুণ বাত জ্বরে স্যালিসিলিক্ য়্যাসিড, এবং এগিউ জ্বরে কুইনাইন্ কার্য্য করে। কিন্তু অন্যান্য স্থলে ইহাদের ক্রিয়া অনিশ্চিত। য়্যাণ্টিপাইরিন, য়্যাণ্টিফেব্রিন্ এবং ফেনাসিটিন্ জ্বরঘ্নরূপে সর্ব্বাপেক্ষা অধিক ব্যবহৃত হয়। ইহাদের ক্রিয়া সুনিশ্চিত, এবং প্রয়োগ করিলে কোল্যাপ্সের আশঙ্কা অপেক্ষাকৃত কম। য়্যাণ্টিপাইরিন্ অপেক্ষা য়্যাণ্টিফেব্রিন্ দ্বারা বিপৎপাতের কম সম্ভাবনা। ফেনাসেটিন্ প্রদানে কোন ভয়ের কারণ নাই, কিন্তু ইহার ক্রিয়া তত প্রবল নহে। এই সকল ঔষধ সত্বর শোষিত হয়, সুতরাং সত্বর কার্য্য করে। যে সকল ঔষধ-দ্রব্য উত্তাপ-নাশ বৃদ্ধি করিয়া দৈহিক উত্তাপ লাঘব করে, তাহাদের অপেক্ষা এই ঔষধ সকল অধিকতর প্রবল জ্বরঘ্ন। অপর, যাহারা উত্তাপ-নাশ বৃদ্ধি করিয়া কার্য্য করে তাহাদের ক্রিয়ার কিছুই স্থিরতা নাই, ইহাদের দ্বারা অনেক সময়ে, জ্বরীয় উত্তাপ আদৌ হ্রাস হয় না। এতভিন্ন, যেহেতু যত উত্তাপ-নাশ বৃদ্ধি পাইবে, তৎ-সংপূরণার্থ ততই উত্তাপ-জনন-ক্রিয়া পূর্ব্বাপেক্ষা বৃদ্ধি পাইতে থাকিবে, সুতরাং নাশ-বৃদ্ধি অপেক্ষা উত্তাপ-জনন হ্রাস দ্বারা দৈহিক উত্তাপ লাঘব করণ যুক্তিসঙ্গত।

যে সকল ঔষধ-দ্রব্য সন্তাপ বৃদ্ধি করে;—বেলাডোনা বিষ-মাত্রায় এই ক্রিয়া দর্শায়। কি প্রকারে বেলাডোনা এই কার্য্য সম্পাদন করে তাহা জানা নাই।

উত্তাপ-জনন ও উত্তাপ-নাশ এতদুভয় ক্রিয়ার সামঞ্জস্য সংরক্ষিত হয় এরূপ কোন ঔষধ-দ্রব্য এ পর্য্যন্ত জানা যায় নাই।

৮ম শ্রেণী।—যে সকল ঔষধ-দ্রব্য শ্বাস ক্রিয়ার উপর কার্য্য করে।

এত বিভিন্ন কারণে শ্বাস-ক্রিয়ার পরিবর্ত্তন সাধিত হইতে পারে যে, শ্বাস-প্রশ্বাসের উপর কার্য্যকর কোন্ ঔষধ-দ্রব্য কি প্রকারে কার্য্য করে তাহা নিশ্চয় বলা দুরূহ। রক্তের বা বায়ুর কোন রূপ পরিবর্ত্তন হইলে শ্বাস-গতির ব্যতিক্রম ঘটে। সাক্ষাৎ সম্বন্ধে বা কোন যন্ত্র হইতে প্রত্যাবৃত্তরূপে, শ্বাস-প্রশ্বাসীয় স্নায়ুকেন্দ্রের উপর ক্রিয়া দর্শাইয়া, অথবা শ্বাস-প্রশ্বাসীয় পেশী সকলের সঞ্চালন কোনরূপে পরিবর্ত্তিত হইয়া শ্বাস-ক্রিয়ার উপর ক্রিয়া দর্শিতে পারে। এ ভিন্ন, শ্বাস-ক্রিয়া রক্তসঞ্চালন যন্ত্রের অবস্থার উপর বিলক্ষণ নির্ভর করে। অপর, শ্বাস ক্রিয়ার উপর কার্য্য করা অপেক্ষা যে কারণে শ্বাস কষ্ট হইতেছে তৎদূরীভূত করণ চিকিৎসার প্রধান উদ্দেশ্য।

এ স্থলে যে সকল ঔষধ-দ্রব্য শ্বাস দ্বারা প্রয়োজিত হয় তৎসম্বন্ধে উল্লেখ করা যাইতেছে।

ক। যে সকল ঔষধ-দ্রব্য শ্বাস দ্বারা গৃহীত বায়ুর উপাদানের পরিবর্ত্তন সাধন করে।—কোন কোন ঔষধ-দ্রব্য শ্বাসদ্বারা প্রয়োগ সুবিধাজনক; যথা, ক্লোরোফর্ম্ আদি চৈতন্য-হারক ঔষধ ও নাইট্রাইট্ অব্ য়্যামিল্, কিন্তু ইহারা শ্বাস-ক্রিয়ার উপর কার্য্য করিবার উদ্দেশ্যে প্রয়োজিত হয় না।

কতকগুলি ঔষধ-দ্রব্য শ্বাসদ্বারা গ্রহণ করিলে শ্বাস-নলীর শ্লৈষ্মিক ঝিল্লির উগ্রতা উৎপাদন করে; ইহাদের দ্বারা শ্লৈষ্মিক ঝিল্লির রক্তবহা নাড়ী সকল প্রসারিত হয় এবং নিঃসরণ বৃদ্ধি পায়, ও ইহারা শ্লৈষ্মিক ঝিল্লির চৈতন্যোৎপাদক স্নায়ু সকলকে উত্তেজিত করিয়া প্রতিফলিতরূপে কাশ উৎপাদন করে। যথা,—

শীতল শুষ্ক বায়ু, আইয়োডিন্, ব্রোমিন্, ক্লোরিন্, সেনেগা, ইপেকাকুয়ানা, সাল্‌ফিউরাস্ য়্যান্‌হাইড্রাইড্, নাইট্রিক্ য়্যাসিড্ বাষ্প, য়্যামোনিয়া এবং তামাব। এই সকল ঔষধ-দ্রব্য রোগ-চিকিৎসার্থ প্রায়ই শ্বাসদ্বারা ইন্‌হেলেশনরূপে ব্যবহৃত হয় না। শ্বাস-নলীর উগ্রতাবস্থা বর্ত্তমান থাকিলে এই সকল ঔষধের শ্বাস পরিহার্য্য।

নিম্নলিখিত ঔষধ-দ্রব্য সকল শ্বাসদ্বারা গ্রহণ করিলে শ্বাস নলীর শ্লৈষ্মিক ঝিল্লিতে স্নিগ্ধকারক ক্রিয়া দর্শায়।—

হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্ এবং কোনায়াম্। ইহাদের বাষ্প ফার্মাকোপিয়ায় গৃহীত হইয়াছে।

যে সকল বাষ্প শ্বাস দ্বারা গ্রহণ করিলে, শ্বাস-নলী সকল উত্তেজিত হয়, অর্থাৎ যাহারা উহাদিগের রক্তাধিক্য, নিঃসরণ ও পেশী-বল বৃদ্ধি করে। যথা,—

কার্বলিক্ য়্যাসিড্ gr. xx; কাজুপাট্ তৈল ♏xx; ক্রিয়োজোট্ ℥ss; কিউবেব্‌স্ তৈল, ℥ss; টিং বেঞ্জোয়িনি কোঃ ℥ss; ভেপর্ ওলিয়াই পাইনাই সিল্‌ভেষ্ট্রিস্।

উপরোক্ত পরিমাণে ১৪০° ফার্ণ্‌হীট্ তাপাংশ উত্তপ্ত এক পাইন্ট্ জলে সংযোগ করিয়া শ্বাস গ্রহণীয়।

শ্বাসনলীর শ্লৈষ্মিক ঝিল্লির স্রাবণ দুর্গন্ধযুক্ত হইলে পচন-নিবারক ও দুর্গন্ধনাশক কতকগুলি ঔষধ-দ্রব্যের শ্বাস ব্যবহৃত হয়; যথা,—

ক্রিয়োজোট্, আইয়োডোফর্ম্, বেঞ্জোয়িনের ক্ষীণ দ্রব, কার্বলিক য়্যাসিড, সাল্‌ফিউরাস্ য়্যান্‌হাইড্রাইড্, জুনিপার্ তৈল, কিউবেব্‌স্ তৈল।

যে সকল বাষ্প দ্বারা শ্বাসনলীর আক্ষেপ নিবারণ করা যায়।

কোনায়াম্, ষ্ট্র্যামোনিয়াম্, ক্লোরোফর্ম্, ঈথার্, নাইট্রাইট্ অব্ য়্যামিল্।

খ। যে সকল ঔষধ-দ্রব্য শ্বাস-প্রশ্বাসীয় স্নায়ু-কেন্দ্রের উপর সাক্ষাৎ সম্বন্ধে কার্য্য করে।—(কেরাটিড্ ধমনীতে ঔষধ পিচকারী দ্বারা প্রয়োজিত হইলে যদি সত্বর শ্বাস-ক্রিয়ার উপর ক্রিয়া প্রকাশ পায়, তাহা হইলে সিদ্ধান্ত করা যায় যে, ইহা শ্বাস-প্রশ্বাসীয় স্নায়ু-কেন্দ্রের উপর কার্য্য করে।)

যে সকল ঔষধ-দ্রব্য সাক্ষাৎ-সম্বন্ধে শ্বাস-প্রশ্বাসীয় স্নায়ু-কেন্দ্র উত্তেজিত করিয়া কার্য্য করে।—

(১) ষ্ট্রিক্‌নাইন্। (২) য়্যামোনিয়া। (৩) য্যাপোমর্ফিয়া। (৪) বেলাডোনা। (৫) ষ্ট্র্যামোনিয়াম্। (৬) হাইয়োসায়েমাস্।

যে সকল ঔষধ-দ্রব্য শ্বাস-প্রশ্বাসীয় স্নায়ু কেন্দ্রের অবসাদ জন্মায়,—

ফাইসস্টিগ্‌মিস্, ক্লোর্যাল্, ক্লোরোফর্ম্, ঈথার্, য়্যাল্কোহল্, অহিফেন, হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্, য়্যাকোনাইট্, ভিরাট্রিন, ইপেকাকুয়ানা, য়্যান্টিমনিঘটিত লবণসকল।

য়্যাল্‌কহল্, ঈথার্, ক্লোরোফর্ম্, কেফীন্ এবং কুইনাইন্; ইহারা অবসাদ প্রকাশ করিবার পূর্ব্বে ঈষৎ উত্তেজনা উৎপাদন করে।

আময়িক প্রয়োগ।—যে সকল ঔষধ-দ্রব্য শ্বাস-প্রশ্বাসীয় স্নায়ু-কেন্দ্রকে উত্তেজিত করে, শ্বাসকষ্ট হইলে তাহাদের ব্যবহার করা যায়। ইহাতে শ্বাস-ক্রিয়ার বল বৃদ্ধি পায়। এতৎসঙ্গে শ্বাস-কষ্টের কারণ দূরীকরণার্থ অন্যান্য উপায় অবলম্বনীয়। ইহাদিগকে বিবিধ ফুস্‌ফুসের পীড়ায় ও প্রধানতঃ শ্বাসনলীপ্রদাহে প্রয়োগ করা যায়। য়্যামোনিয়া এবং

স্ন্যাপোমর্ফাইন্ এতদর্থে সর্ব্বদা ব্যবহৃত হইয়া থাকে; এতদ্ভিন্ন, ইহারা প্রবল কফনিঃসারক। শ্বাসনলী হইতে অত্যধিক স্রাবণ হইলে বেলাডোনা বিশেষ উপকার করে।

যে সকল ঔষধ-দ্রব্য দ্বারা শ্বাস-প্রশ্বাসীয় স্নায়ু-কেন্দ্রের অবসাদ ঘটে, তাহাদিগকে এ উদ্দেশ্যে প্রয়োগ আবশ্যক হয় না। কাশের প্রত্যাবর্ত্তক ক্রিয়ার স্নায়ু-কেন্দ্র, শ্বাস-প্রশ্বাসীয় স্নায়ু-কেন্দ্রের সন্নিকটে অবস্থিত; এ কারণে, অহিফেন, হাইড্রোসিয়ানিক্ য়্যাসিড্, কোনায়াম্ এবং ইপেকাকুয়ানা দ্বারা হৃৎপিণ্ড ও ফুস্ফুসীয় পীড়ার সহবর্ত্তী অবিরাম কষ্টকর শুষ্ক কাশ উপশমিত হয়।

নাসিকা, গলনলী, ফেরিঙ্কস্, কর্ণ, দন্ত, লেরিঙ্ক্স্, ট্রেকিয়া, ব্রঙ্কাই, ফুস্ফুস্, প্লুরা, পাকাশয় ও যকৃৎ আদি বিভিন্ন শারীর যন্ত্রের উগ্রতা জনিত প্রতিফলিত রূপে কাশ উৎপন্ন হইতে পারে। এই প্রতিফলিত কাশ নিবারণ করিতে হইলে এতদুৎপাদক কারণ দূরীকরণ প্রয়োজন; সুতরাং কাশনিবারক ঔষধ বহুসংখ্যক।

গ। যে সকল ঔষধ-দ্রব্য শ্বাসনলীর স্রাবণ ক্রিয়ার উপর কার্য্য করে।—

অ। যাহারা স্রাবণ ক্রিয়া বৃদ্ধি করে;

ক্ষার সকল, বিশেষতঃ য়্যামোনিয়াম্ কার্বনেট্, এবং ইহার অন্যান্য লবণ সকল, ইপেকাকুয়ানা, সেনেগা, স্কুইল্, টার্পেন্টাইন্, কর্পূর, বেঞ্জোয়িন্, বাল্সাম্ অব্ পেরু, বাল্সাম্ অব্ টোলু, য়্যান্টিমনিঘটিত লবণ সকল, সাল্ফার্, আইয়োডিন্, তামাক, জেবরাণ্ডি, বিবিধ বায়ী তৈল।

আ। যাহারা স্রাবণ হ্রাস করে;—

য়্যাসিড্ সকল, বেলাডোনা, ষ্ট্র্যামোনিয়াম্, হাইয়োসায়েমাস্।

ই। যাহারা শ্বাসনলীর স্রাবণের উপর পচন-নিবারক হইয়া কার্য্য করে। ঔষধ-দ্রব্য শ্বাসরূপে গৃহীত হইলে এইরূপে কার্য্য করে; ইহাদের বিষয় পূর্ব্বেই উল্লিখিত হইয়াছে। কোপেবা, কিউবেব্স্, এবং অধিকাংশ বায়ী তৈল, অংশতঃ শ্বাসনলীর শ্লৈষ্মিক ঝিল্লি দিয়া নির্গত হয়, এবং এইরূপে শ্বাসনলীমধ্যস্থ স্রাবিত রসের উপর পচন-নিবারক ও সংক্রমাপহ ক্রিয়া প্রকাশ করে।

আময়িক প্রয়োগ।—ব্রঙ্কাইটিস্ রোগে যদি, কফ এরূপ আঠাবৎ হয় যে, নলীর গাত্রে সংলগ্ন হইয়া থাকে ও কাশ দ্বারা নির্গত করা যায় না, তাহা হইলে যে সকল ঔষধ দ্বারা নলীর স্রাবণ বৃদ্ধি পায়, তাহারা

প্রয়োজিত হয়; এবং যে সকল স্থলে স্রাবিত রস এত জলীয় হয় যে, সহজে কফ নিঃসৃত হয়, সে সকল স্থলে যে সকল ঔষধ দ্বারা স্রাবণ ক্রিয়ার হ্রাস হয়, তাহারা প্রয়োজিত হয়। সংক্রমাপহ ঔষধ সকলের আময়িক প্রয়োগ সম্বন্ধে বর্ণন অপ্রয়োজন।

ঘ। যে সকল ঔষধ-দ্রব্য শ্বাসনলীর পেশীয় আবরণের আক্ষেপের শিথিলতা সম্পাদন করে বা আক্ষেপ-নিবারক হইয়া কার্য্য করে।—শ্বাস-কাশ রোগে শ্বাসনলীর আক্ষেপিক সঙ্কোচন হয়; এবং যেহেতু ষ্ট্রামোনিয়াম্, বেলাডোনা, হাইয়োসায়েমাস্ এবং গ্রিণ্ডেলিয়া দ্বারা শ্বাসকাশ উপশমিত হয়, এ কারণে সিদ্ধান্ত করা যায় যে, এই সকল ঔষধ দ্রব্য দ্বারা শ্বাসনলীর শ্লৈষ্মিক ঝিল্লির আক্ষেপের শৈথিল্য সম্পাদিত হয়। ইহাদের মধ্যে ষ্ট্রামোনিয়ামের ক্রিয়া সর্ব্বাপেক্ষা প্রবল। দেহের অন্যান্য যন্ত্র সকলের উপর নিম্নলিখিত ঔষধ সকলের ক্রিয়া পর্য্যালোচনা করিলে অবগত হওয়া যায় যে, উহারা এই প্রকারে কার্য্য করে;—

ক্লোরোফর্ম্, ঈথার্, অহিফেন, ক্লোর্যাল্, গাঁজা, নাইট্রাইট অব্ য়্যামিল্, এবং কোনায়াম্।

আময়িক প্রয়োগ।—শ্বাসনলীপ্রদাহে (ব্রঙ্কাইটিস্) সম্ভবতঃ নলীর প্রদাহ-জনিত উগ্রতা হেতু আক্ষেপ উৎপাদিত হয়। এই স্থলে ষ্ট্র্যামোনিয়াম্ আদি ঔষধ সকল উপযোগিতার সহিত প্রয়োগ করা যায়। এই সকল পেশীয় অবসাদক ঔষধের অনেকগুলি সম্ভবতঃ স্নায়ু সকলের উপরও ক্রিয়া প্রকাশ করে।

ঙ। যে সকল ঔষধ-দ্রব্য শ্বাসনলীর রক্তবহা নাড়ী সকলের উপর কার্য্য করে।—যাহারা সার্ব্বাঙ্গিক রক্তপ্রণালী-বিধানের উপর কার্য্য করে, তাহারা শ্বাসনলীর উপরও এই ক্রিয়া দর্শায়। ইহাদের বিষয় পূর্ব্বে উল্লেখ করা হইয়াছে।

চ। কফ-নিঃসারক (এক্স্পেক্টোর্যাণ্টস্)।—শ্বাস-প্রশ্বাসীয় যন্ত্রের উপর কার্য্যকারক ঔষধ সকলের ক্রিয়া-প্রণালী এত জটিল যে, সাধারণতঃ রোগীর উপর কেবল ইহাদের প্রত্যক্ষ কার্য্য দৃষ্টে ইহাদিগকে দুই শ্রেণীতে বিভক্ত করা যায়;—যাহারা শ্বাসনলীমধ্যস্থ শ্লেষ্মাদি নির্গত করণে সহায়তা করে, অথবা যাহারা তৎকার্য্যে বাধা দেয়। যাহারা কফ নির্গত করণে সহায়তা করে, রক্ত-সঞ্চালনের উপর

তাহাদের ক্রিয়া অনুসারে তাহাদিগকে দুই শ্রেণীতে বিভক্ত করা যায়।

অ। উত্তেজনকর কফনিঃসারক; ইহাদের দ্বারা সার্ব্বাঙ্গিক রক্ত সঞ্চালন উত্তেজিত হয়; যথা,—য্যাসিড্ সকল, য্যামোনিয়া-ঘটিত লবণ সকল, সেনেগা, স্ক ইল্, বেঞ্জোয়িন্, বেঞ্জোয়িক্ য্যাসিড্, বাল্সাম্ অব্ টোলু, বাল্সাম্ অব্ পেরু, টার্পেন্টাইনের প্রয়োগরূপ সকল, টেরেবীন্, ওলিয়াম্ পাইনাই সিল্ভেষ্ট্রিস্, নাক্স-ভমিকা, গন্ধক।

আ। অবসাদক কফনিঃসারক, ইহারা সার্ব্বাঙ্গিক রক্ত সঞ্চলনের অবসাদ জন্মায়,—ক্ষার সকল, য্যাণ্টিমনি ঘটিত লবণ সকল, ইপেকাকুয়ানা, লোবিলিয়া জেবরাণ্ডি, য্যাপোমর্ফাইন, আইয়োডাইড্ অব পোটাসিয়াম্।

আময়িক প্রয়োগ।—কফ-নিঃসারক ঔষধ সকলের প্রয়োগ সম্বন্ধে কোন নির্দ্দিষ্ট নিয়ম বিধান করা অসম্ভব। কোথায় রক্ত-সঞ্চালন উত্তেজিত বা অবসাদগ্রস্ত করিতে হইবে, কোথায় কফ-নিঃসরণ বৃদ্ধি বা হ্রাস করিতে হইবে, কোথায় শ্বাসনলীর আক্ষেপ নিবারণ, শ্বাস-প্রশ্বাসীয় স্নায়ুকেন্দ্র উত্তেজিত করণ, অথবা কষ্টকর, শুষ্ক কাশ দমন, বা পচন-নিবারক ঔষধ প্রয়োগ আবশ্যক, তাহা চিকিৎসক প্রত্যেক রোগী সম্বন্ধে বিশেষ বিবেচনা করিয়া ভিন্ন ভিন্ন ঔষধ-দ্রব্য একত্রে ব্যবহার করিবেন। বক্ষোপরি উত্তাপ প্রয়োগ ও উত্তপ্ত পানীয় সেবন অবসাদ ক্রিয়া প্রকাশ করে এবং শ্বাসনলীর স্রাবণ-ক্রিয়া বৃদ্ধি করে। শৈত্য এবং শীতল পানীয় ইহার বিপরীত কার্য্য করে।

৯ম শ্রেণী।—যে সকল ঔষধ-দ্রব্য পরিপাক যন্ত্রের উপর কার্য্য করে।

ক। যাহারা দন্তের উপর কার্য্য করে।—দন্ত পরিষ্কার করিবার নিমিত্ত সাবান ও নানা প্রকার চূর্ণ ব্যবহার করা যায়। অধিকাংশ দন্ত-মঞ্জনের প্রধান উপাদান চা খড়ি। ইহা ভৌতিক ক্রিয়া সাধন করে; অঙ্গারও এই উদ্দেশ্যে ব্যবহৃত হয়। ভুক্ত দ্রব্যের কত-কাংশ প্রায়ই দন্ত সকলের ব্যবহিত স্থানে সংগৃহীত হয় ও তথায় পচন-ক্রিয়া-গত হয়; এই নিমিত্ত, কুইনাইন্, বোর্য়াক্স্, কার্বলিক্ য্যাসিড্, প্রভৃতি পচন-নিবারক ঔষধ সকল দন্ত-মঞ্জনের সহিত মিশ্রিত করিয়া লওয়া হয়। যদি মাঢ়ী রক্তাবেগগ্রস্ত হয় তাহা হইলে, র্য়াটানি ও সুপারি প্রভৃতি সঙ্কোচক ঔষধ সকল ব্যবহৃত হয়। দীর্ঘ কাল ধাতব অম্ল বা

ফট্‌কিরি ব্যবহার করিলে দন্তের অনিষ্ট সাধিত হয়, লৌহঘটিত ঔষধ দ্বারা দন্ত রঞ্জিত হয়, সুতরাং এই সকল ঔষধ সেবন করিতে হইলে, কাচের নল বা হংসপক্ষ (কুইল্) মধ্য দিয়া সেবন বিধেয়, এবং এই ঔষধ সকল অনেকক্ষণ ধরিয়া কুল্য অবিধেয়।

দন্ত-শূল উপশমনার্থ, স্থানিক বেদনানিবারক ঔষধ, যথা, অহিফেন, ক্রিয়োজোট্, কার্বলিক্ য়্যাসিড্ ব্যবহার করা যায়। ইহাদের কোন একটিতে তূলা ভিজাইয়া দন্ত ক্ষত মধ্যে প্রবিষ্ট করিয়া দিবে। কার্বলিক্ য়্যাসিড্ সংযুক্ত তূলা প্রয়োজিত হইলে, তদুপরি আরও কিছু পরিষ্কার তূলা স্থাপন করিবে, ইহাতে য়্যাসিড্ মুখাভ্যন্তরীয় বিধান সংলগ্ন হওন নিবারিত হয়।

খ। যে সকল ঔষধ-দ্রব্য লাল গ্রন্থির উপর কার্য্য করে।—সাব্‌ম্যাক্‌সিলারি গ্রন্থি কর্ডা টিম্পেনাই স্নায়ুর ক্রিয়ার অধীন। এই স্নায়ু-গ্রন্থির রক্তপ্রণালী সকলের প্রসারক (ভাসো-ডাইলেটর্) স্নায়ুসূত্র, এবং স্রাবণ ক্রিয়া সম্বন্ধে পরিবর্ত্তিত করে এরূপ কতকগুলি সূত্র অবস্থিতি করে, এ ভিন্ন কর্ডা টিম্পেনাই উত্তেজিত হইলে, গ্রন্থির রক্তবহা নাড়ী সকলের পরিবর্ত্তন হেতু, পরম্পরিতরূপে কতকগুলি ক্রিয়া প্রকাশ পায়। এই স্নায়ুকেন্দ্র মেডুল্যাতে অবস্থিতি করে। এই স্নায়ু-কেন্দ্র ভিন্ন ভিন্ন স্নায়ুর উত্তেজনা বশতঃ প্রতিফলিতরূপে উদ্রিক্ত হইতে পারে, এমন কি সায়েটিক্ স্নায়ুদ্বারা, কিন্তু প্রধানতঃ ভেগাসের গ্যাষ্ট্রিক্ শাখাসকলের উত্তেজনা দ্বারা, এবং গ্লসো-ফেরিঞ্জিয়্যাল্ ও গ্যাষ্টেটারি স্নায়ুর জিহ্বা ও মুখাভ্যন্তরীয় স্নায়ু-অন্ত-দ্বারা প্রতিফলিতরূপে উগ্রতা প্রাপ্ত হইতে পারে। অপর, এই গ্রন্থিতে সমবেদক স্নায়ুর শাখা সকল গ্রীবাদেশীয় (সার্ভাইক্যাল্) সমবেদক স্নায়ু-কাণ্ড হইতে উৎপন্ন হয়; ইহারা গ্রন্থির রক্তবহা নাড়ী সকলকে কুঞ্চিত করে (ভাসো-কন্‌ষ্ট্রিক্‌টার্) এবং ইহাদের দ্বারা গ্রন্থির স্রাবণের স্বভাব পরিবর্ত্তিত হইতে পারে; কিন্তু কর্ডা টিম্পেনাইয়ের ক্রিয়া সম্বন্ধে যতদূর জানা গিয়াছে, ইহাদের সম্বন্ধে তত দূর জানা যায় নাই।

যে সকল ঔষধ-দ্রব্য লালার পরিমাণ বৃদ্ধি করে, তাহাদিগকে লাল-নিঃসারক (সায়েলোগগস্) কহে; যাহারা লালার পরিমাণ হ্রাস করে তাহাদিগকে লাল-নিঃসরণ-রোধক (য়্যাণ্টিসায়েলোগগস্) কহে। ইহাদের মধ্যে প্রত্যেক ঔষধ-দ্রব্য বিভিন্ন প্রণালীতে কার্য্য করিতে পারে;

কিন্তু এ স্থলে ইহাদের যে সকল ক্রিয়া-প্রণালী সম্বন্ধে সম্যক্ জানা আছে তাহাদের বিষয় উল্লেখ করা যাইবে।—

১। যে সকল লালনিঃসারক ঔষধ স্রাবক কোষ (সেল্‌স্) সকলের উপর, অথবা ঐ সকল কোষে স্থিত স্নায়ু-অন্ত সকলের উপর কার্য্য করে।—ইহাদের মধ্যে জেবরাণ্ডির ক্রিয়া সম্বন্ধে বিশেষ পরীক্ষা দ্বারা প্রমাণিত হইয়াছে যে, ইহা স্রাবক কোষ সকলের উপর, অথবা কোষস্থিত স্নায়ু-অন্ত সকলের উপর কার্য্য করে।

নিম্নলিখিত লাল-নিঃসারক ঔষধ-দ্রব্য সকল এই প্রকারে ক্রিয়া দর্শায়।

জেবরাণ্ডি, মাস্কেরাইন্, আইয়োডিন্ কম্পাউণ্ড্‌স্, পারদ, তামাক, ফাইসষ্টিগমিন।

শেষোক্ত ঔষধ দুইটি সম্ভবতঃ মেডুলা-স্থিত স্নায়ু-মূলকে উত্তেজিত করিয়া কার্য্য করে। ফাইসষ্টিগমিন দ্বারা সত্বর লালনিঃসরণ-বৰ্দ্ধন সূচিত হয়, কারণ ইহা দ্বারা গ্রন্থি-মধ্যস্থ প্রণালীসকল দৃঢ়রূপে সঙ্কুচিত হয়।

২। যে সকল লালনিঃসারক ঔষধ কেন্দ্রাভিমুখ (য়্যাফেরেণ্ট্) স্নায়ু সকলের, কেন্দ্র হইতে দূরবর্ত্তী, অন্তকে উত্তেজিত করিয়া প্রতিফলিতরূপে কার্য্য করে ;—ইহাদিগের মধ্যে দুইটী প্রধান শ্রেণী দৃষ্ট হয় ;—

(ক) যাহারা মুখ-মধ্যস্থ গ্যাষ্টেটরি ও গ্লসো-ফেরিঞ্জিয়্যাল স্নায়ুকে উত্তেজিত করে ; যথা,—সমুদয় য়্যাসিড্, য়্যাসিড্ সল্টস্, ক্লোরোফর্ম, য়্যাল্‌কোহল্, ঈথার্, সর্ষপ, শুণ্ঠী, প্রভৃতি তীব্র পদার্থ সকল। (খ) যাহারা পাকাশয়ের ভেগাস্ স্নায়ুকে উত্তেজিত করে ; —অধিকাংশ বমনকারক ঔষধ, বিশেষতঃ য়্যাণ্টিমনি ও ইপেকাকুয়ানা।

৩। যে সকল লালনিঃসারক ঔষধ স্রাবক কোষ সকলের উপর, অথবা কোষসকলে-স্থিত স্নায়ু-অন্তের উপর কার্য্য করে। ইহাদিগের মধ্যে য়্যাট্রোপাইন্ সম্বন্ধে বিশেষ পরীক্ষা দ্বারা প্রমাণিত হইয়াছে যে, ইহারা লাল-গ্রন্থির উপর সাক্ষাৎ ক্রিয়া দর্শায়। সম্ভবতঃ ইহা স্নায়ু-অন্ত সকলের উপর কার্য্য করে।

এই প্রকারে কার্য্যকরী লালনিঃসরণ-রোধক ঔষধ সকল ;—

বেলাডোনা, হাইয়োসায়েমাস্, ষ্ট্র্যামোনিয়াম্, নাইকোটিন্ (অধিক পরিমাণে)।

৪। কেন্দ্রাভিমুখী (য়্যাফারেণ্ট্) স্নায়ু সকলের, কেন্দ্র হইতে দূরবর্ত্তী অন্তের অবসাদন উৎপাদন করিয়া প্রতিফলিত

রূপে যে সকল ঔষধ-দ্রব্য লালনিঃসরণ রোধ করে;—ক্ষার সকল, অহিফেন, এবং যে কোন পদার্থ দ্বারা মুখাভ্যন্তরের উগ্রতা উপশমিত হয়। অহিফেনের এই ক্রিয়া অংশতঃ মেডুলা-স্থিত স্নায়ু-মূলের উপর ইহার অবসাদ ক্রিয়া বশতঃ উৎপন্ন হয়।

আময়িক প্রয়োগ;—জ্বররোগে নিঃসৃত লালার পরিমাণ অত্যধিক হ্রাস হয়, সুতরাং মুখাভ্যন্তর সাতিশয় শুষ্ক হয় ও রোগী তৃষ্ণাতুর হয়। কখন কখন লালার পরিমাণ হ্রাস ও মুখ-শোষ একটী স্বতন্ত্র পীড়ারূপে প্রকাশ পায়; এবং সম্ভবতঃ স্নায়বীয় কারণে ইহা উৎপন্ন হয়। বেলাডোনা দ্বারা বিষাক্ত হইলে ইহা একটী প্রধান লক্ষণ। জ্বরাবস্থায় অম্ল-ঘটিত পানীয়, বিশেষতঃ কার্বনিক্ য়্যাসিড্ গ্যাস্ সংযুক্ত পানীয়, লেমনেড্ প্রভৃতি লালনিঃসারক-রূপে ব্যবহৃত হয়। জ্বররোগে পিপাসা নিবারণার্থ যে সকল পানীয় ব্যবহৃত হয়, তাহাদিগকে শৈত্যকারক (রিফ্রেজারেণ্ট্স্) কহে। মুখ-শোষ নামক পীড়ায় জেবরাণ্ডি ব্যবহৃত হয়; বেলাডোনার বিষ-ক্রিয়া-জনিত মুখাভ্যন্তরের শুষ্কতা জেবরাণ্ডি দ্বারা উপশমিত হয়। প্যারদ বা জেবরাণ্ডি আদি জনিত বিষ-লক্ষণ ভিন্ন কদাচ লালনিঃসরণাধিক্য লক্ষিত হয়। কোন কোন প্রকার অজীর্ণ রোগে লালা সাতিশয় কদর্য্য আস্বাদ হয়, এবং এমন কি উহার পরিমাণ হ্রাস হয়, এ স্থলে অজীর্ণের চিকিৎসা অবলম্বনীয়।

গ। যে সকল ঔষধ-দ্রব্য পাকাশয়ের উপর কার্য্য করে।—প্রকৃত পক্ষে ইহাদিগকে নিম্নলিখিতরূপে শ্রেণী বিভাগ করিয়া বর্ণনীয়;—১, যে সকল ঔষধ-দ্রব্য পেপ্সিন্-নিঃসরণের পরিবর্ত্তন সাধন করিয়া, অথবা অন্য কোন প্রকারে সাক্ষাৎ সম্বন্ধে প্রোটিড্ সকলের পেপ্টোন্, প্যারাপেপ্টোন্ ও য়্যালবিউমোসের পরিবর্ত্তনের উপর কার্য্য করে। ২, পাকরসের যে ধর্ম্ম দ্বারা দুগ্ধ দধিতে পরিণত হয়, যে সকল ঔষধ-দ্রব্য সেই ধর্ম্মের উপর ক্রিয়া দর্শায়। ৩, যে সকল ঔষধ-দ্রব্য দ্বারা পাকাশয়ের অম্লরস-নিঃসরণ পরিবর্ত্তিত হয়। ৪, যাহারা শ্লেষ্মা নিঃসরণ পরিবর্ত্তিত করে। ৫, যাহারা পাকাশয়ের স্নায়ুসকলের উপর কার্য্য করে। ৬, যাহারা রক্তপ্রণালী সকলের উপর ক্রিয়া দর্শায়। এবং ৭, যে সকল ঔষধ-দ্রব্য বলকারক ক্রিয়া প্রকাশ করে। কিন্তু ঔষধ সকলের ক্রিয়া সম্বন্ধে এ পর্য্যন্ত এত দূর জ্ঞান হয় নাই যে, পূর্ব্বোক্ত ভিন্ন ভিন্ন শ্রেণী পৃথক্ পৃথক্ সম্যক্রূপে বর্ণন করা যাইতে পারে।

এরূপ স্থলে পাকাশয়ের উপর কার্য্যকারক ঔষধসকলকে নিম্নলিখিত শ্রেণীসকলে বিভক্ত করিয়া বর্ণন বিশেষ উপযোগী।—

১। যে সকল ঔষধ-দ্রব্য দ্বারা নিঃসৃত পাকরসের পরিমাণ বৃদ্ধি পায়। ইহাদিগকে ষ্টমাকিক্ বা আগ্নেয় ঔষধ বলে; এবং বহু-সংখ্যক ঔষধ-দ্রব্য এই শ্রেণীভুক্ত। যে সকল দ্রব্য দ্বারা মুখাভ্যন্তর উত্তেজিত হয়, তাহারা প্রতিফলিতরূপে পাকরস-নিঃসরণ বৃদ্ধি করে; তিক্ত ও সুগন্ধি-দ্রব্য সমুদয় এই প্রকারে কার্য্য করে; এবং ইহাদের দ্বারা ক্ষুধা বৃদ্ধি পায়। আহার-দ্রব্য পাকাশয়-গত হইলেই পাক-রস নিঃসরণ উত্তেজিত হয়। অপর, সম্ভবতঃ তিক্ত ও সুগন্ধি ঔষধ-দ্রব্য সকল পাকাশয়ের উপরও কার্য্য করে। নিম্নলিখিত ঔষধ-দ্রব্য সকল পাকরস নিঃসরণ বৃদ্ধি করে;—

১, গন্ধ-দ্রব্য সকল; ২, তিক্ত দ্রব্য সকল; ৩, ক্ষার সকল; বিশেষতঃ বাই-কার্বনেট্ অব্ পোটাসিয়াম্ ও সোডিয়াম্, এবং স্পিরিটাস্ য়্যামোনিয়ী য়্যারোম্যাটিকাস্; ৪, য়্যাল্কোহল্; ৫, ঈথার্; ৬, ক্লোরোফর্ম্; ৭, ম্যাগ্নিশিয়া; ৮, কার্বনেট্ অব্ ম্যাগ্নিসিয়াম্; ৯, তীব্রাস্বাদ দ্রব সকল (মরিচ, সর্ষপ, হর্স্র্যাডিশ্)।

আময়িক প্রয়োগ।—অজীর্ণ রোগে আগ্নেয় ঔষধ সকল পাকরস নিঃসরণ বৃদ্ধি করণ উদ্দেশ্যে বিস্তর ব্যবহৃত হয়।

২। যে সকল ঔষধ-দ্রব্য দ্বারা পাকরস নিঃসরণের পরিমাণ হ্রাস হয়;—

১, ধাতব অম্ল; ২, য়্যাসেটিক্ য়্যাসিড্; ৩, অধিক মাত্রায় য়্যাল্কোহল্, ঈথার্ ক্লোরোফর্ম ইত্যাদি।

আময়িক প্রয়োগ। এই সকল ঔষধ-দ্রব্য এ উদ্দেশ্যে ব্যবহৃত হয় না। স্মরণ রাখা কর্ত্তব্য যে, ক্ষার দ্রব্যসকল দ্বারা অম্লগুণ-বিশিষ্ট পাকরস নিঃসরণ বৃদ্ধি পায়, ও ইহাদের দ্বারা ক্ষার লালা নিঃসরণ হ্রাস হয়; কিন্তু অম্ল দ্বারা ক্ষার লালার নিঃসরণ হ্রাস হয়, ও অম্লগুণ-বিশিষ্ট পাকরস নিঃসরণ বৃদ্ধি পায়।

৩। যে সকল ঔষধ-দ্রব্য দ্বারা পাকাশয়ের আধেয়ের উপাদান পরিবর্ত্তিত হয়;—অম্ল ও ক্ষার দ্বারা পাকাশয়স্থ আধেয়ের প্রতিক্রিয়ার পরিবর্ত্তন সাধিত হয়। এ উদ্দেশ্যে, অজীর্ণ রোগে যদি এরূপ বিবেচিত হয় যে, নিঃসৃত হাইড্রোক্লোরিক্ য়্যাসিডের স্বল্পতা অজীর্ণের কারণ, তাহা হইলে আহারের প্রায় দুই ঘণ্টা পর জলমিশ্র ধাতব অম্ল বিধেয়। আহারকালে অম্ল প্রয়োজিত হইলে

স্বাভাবিক অম্লরস নিঃসরণ প্রতিরুদ্ধ হয়; কিন্তু আহারের পর, যখন পাকরস দ্বারা যে পরিমাণে অম্লরস নিঃসৃত হইতে পারে, তাহা নিঃসৃত হইয়াছে, তখন ইহা দ্বারা পরিপাক-ক্রিয়া সমাহিত হইতে থাকে। যে সকল অজীর্ণ রোগে, বাস্ত পদার্থের স্বভাব দ্বারা বা অন্য কোন কারণে এরূপ বিবেচিত হয় যে, পাকাশয়ে অতিরিক্ত অম্ল বর্ত্তমান আছে, সে সকল স্থলে ভোজন-কালে ক্ষার, প্রধানতঃ বাইকার্বনেট্ অব্ সোডিয়াম্ ব্যবস্থেয়।

যে সকল স্থলে অনুমিত হয় যে, অজীর্ণ-রোগ, স্রাবিত পেপ্সিনের পরিমাণ-স্বল্পতা-জনিত, সে সকল স্থলে সচরাচর জলমিশ্র হাইড্রো-ক্লোরিক্ য়্যাসিড্ সহযোগে পেপ্সিন্ উপযোগিতার সহিত প্রয়োজিত হয়; কিন্তু এ স্থলে, এবং অন্যান্য বিবিধ প্রকার অজীর্ণ রোগে, নিঃসৃত পাকরসের উপাদান পরিবর্ত্তিত করণের চেষ্টা অপেক্ষা রোগোৎপাদক কারণ নিরাকরণ চিকিৎসার প্রধান উদ্দেশ্য।

পাকাশয়ে পচন ও উৎসেচন ক্রিয়া সাধিত হওন নিবারণ অভি-প্রায়ে বিবিধ পচননিবারক ঔষধ ব্যবহৃত হইয়াছে, কিন্তু তাহাতে বিশেষ ফল প্রাপ্ত হওয়া যায় নাই; কারণ, উদ্দেশ্য অনুসারে যথোপযুক্ত মাত্রায় কোন পচননিবারক ঔষধ প্রয়োজিত হইলে সম্ভবতঃ উহা রোগীর পক্ষে বিষ-মাত্রা হইয়া পড়ে। পূর্ব্বোক্তের ন্যায় এ স্থলেও পাকাশয়ে পচন-ক্রিয়া-সাধক কারণ দূরীকরণই প্রকৃত চিকিৎসা।

এ উদ্দেশ্যে নিম্নলিখিত ঔষধ-দ্রব্য সকল ব্যবহৃত হইয়াছে,—১, কার্বলিক্ য়্যাসিড্; ২, আইয়োডোফর্ম্; ৩, বোরিক্ য়্যাসিড্; ৪, ক্রিয়োজোট্; ৫, ইউকেলিপ্টাস্; ৬, থাইমল্; ৭, হাইপোসাল্ফাইট্ অব্ সোডিয়াম্; ৮, সাল্ফো-কার্বলেট্ অব্ সোডিয়াম্; ৯, সাল্ফিউরাস্ য়্যানহাইড্রাইড্; ১০, বি ন্যাফ্থল্। এতদ্ভিন্ন, অঙ্গারও ব্যবহৃত হইয়াছে, কিন্তু অঙ্গার সিক্ত হইলে কার্য্যকর হয় না।

৪। যে সকল ঔষধ-দ্রব্য পাকাশয়ের রক্ত-প্রণালী-সকলকে প্রসারিত করে।—পাকাশয়ের রক্ত-প্রণালীসকল সাতিশয় উদ্দীপন-শীল, সহজেই উগ্রতা-গ্রস্ত হয়। কোন প্রকার ভৌতিক উগ্রতা-প্রাপ্ত হইলে এবং পাকাশয়ে ভুক্ত পদার্থ, বিশেষতঃ পেপ্টোন্স্, বর্ত্তমান থাকিলে শ্লৈষ্মিক ঝিল্লির রক্তাবেগ উদ্রিক্ত হয়। শ্লৈষ্মিক ঝিল্লিতে রক্তাবেগের আধিক্য, অযথা না হইলে, বিশেষ উপকার করে; কারণ, ইহাতে কেবল যে পাকরস-নিঃসরণ বৃদ্ধি পায় এমত নহে, ইহাতে শোষণ-ক্রিয়ারও সহায়তা হয়।

সমুদয় আগ্নেয় ঔষধ (ক্ষার ভিন্ন), জলমিশ্র ধাতব অম্ল, সাধারণতঃ উগ্রতাসাধক ঔষধ সকল, এবং স্কুইল্, ডিজিটেলিস্, কল্‌চিকাম্, সেনেগা, কোপেবা, ক্যাম্বোজিয়া, গোয়েকাম্ ও ভিরেট্রাইন্ দ্বারা পাকাশয়ের রক্তাবেগ বৃদ্ধি পায়। এই সকল ঔষধ-দ্রব্যের মধ্যে অনেকগুলি উগ্রতা-সাধন উদ্দেশ্যে কখনই ব্যবহৃত হয় না; ফলতঃ আগ্নেয় ঔষধ-সকলই পাকাশয়ের রক্তপ্রণালী সকলের উপর কার্য্য করিবে এ অভিপ্রায়ে প্রয়োজিত হইয়া থাকে। অন্যান্য ঔষধ-দ্রব্যের ক্রিয়া সাতিশয় প্রবল, এমন কি অল্প মাত্রাতেও পাকাশয়ের প্রাচীরের প্রদাহ উৎপাদন করে; অত্যধিক পরিমাণে আগ্নেয় ঔষধ সেবন করিলে পাকাশয়ের প্রদাহ উপস্থিত হইয়া থাকে; এরূপে সুরা দ্বারা গ্যাষ্ট্রাইটিস্ রোগ উৎপাদিত হয়। এই শ্রেণীর ঔষধ দ্রব্য সকলের আনয়িক প্রয়োগ সাধারণতঃ আগ্নেয় ঔষধ সকলের ন্যায়।

পাকাশয় ও অন্ত্রের উগ্রতাসাধক ঔষধ সকল।—

পাকাশয় ও অন্ত্রের বিবিধ উগ্রতাসাধক ঔষধের ক্রিয়া দাহক; ইহাদিগকে গলাধঃকৃত করিলে মুখাভ্যন্তরে ও ফেরিঙ্ক্‌সে সাতিশয় বেদনা হয়, এবং অনতিবিলম্বে ঐ সকল স্থানে প্রবল প্রদাহ উপস্থিত হয়, ও সুতরাং সাতিশয় আরক্তিম, স্ফীত ও বেদনাযুক্ত হয়। সচরাচর জিহ্বা অত্যন্ত বিবর্দ্ধিত হইয়া থাকে। প্রয়োজিত ঔষধ-দ্রব্য ধ্বংসকারক (করোসিভ্) হইলে পচাক্ষত উৎপাদিত হয়; সচরাচর এই ক্ষত শ্বেতবর্ণ, পরিবেষ্টিত বিধান সাতিশয় প্রদাহগ্রস্ত লক্ষিত হয়; শটিত অংশ উঠিয়া গেলে ক্ষত প্রকাশ পায়। বেদনা ও স্ফীতি বশতঃ কিছুকাল আহার-দ্রব্য গলাধঃকরণ এককালে অসম্ভব হয়, অথবা কেবল কোমল বা তরল পদার্থ গলাধঃকৃত করিতে পারা যায়। ঔষধ-দ্রব্য পাকাশয়-গত হইলেই সাতিশয় উগ্রতা উৎপাদিত হয়, সুতরাং রোগী উদর-প্রদেশে অত্যন্ত বেদনা অনুভব করে, ও সচরাচর সত্বরই প্রবল বমনোদ্বেগ ও বমন আরম্ভ হয়। এই বিষ-পদার্থ যত নিম্ন গত হইতে থাকে, ইহার প্রবল উগ্রতাসাধক ক্রিয়া অন্ত্রের উপর প্রকাশ পায়, এবং উদরাময় উৎপাদন করে। বান্ত পদার্থ ও মল রক্ত-সংযুক্ত হয়। এতদ্ভিন্ন, বিবিধ সার্ব্বাঙ্গিক লক্ষণ প্রকাশ পায়; মুখমণ্ডলের ভাব চিন্তাযুক্ত হয়, নাড়ী ক্ষুদ্র ও ক্ষীণ, প্রস্রাব স্বল্প পরিমাণ, দৈহিক উত্তাপের হ্রাস, এবং পতনাবস্থার (কোল্যাপ্স্) সমুদয় লক্ষণ উপস্থিত হয়। অনন্তর পাকাশয় ও অন্ত্রের উগ্রতা

এত অধিক হইতে পারে যে, সমগ্র অন্ত্রাবরণ প্রদাহগ্রস্ত (পেরিটো-নাইটিস্) হয়, অথবা পাকাশয়ে ক্ষত নির্ম্মিত হয় ও এতন্নিবন্ধন পাকাশয়-ক্ষতের সমুদয় লক্ষণ ও ভাবিফল প্রকাশ পায়। ঈসোফে-গাসের প্রদাহবশতঃ উহা সঙ্কোচগ্রস্ত হইতে পারে। যদি বিষ সেবনের অনতিবিলম্বে রোগীর মৃত্যু হয়, তাহা হইলে শবচ্ছেদে পাকাশয় সাতিশয় আরক্তিম ও একাইমসিস্‌গ্রস্ত এবং উহার শ্লৈষ্মিক-ঝিল্লি স্ফীতিগ্রস্ত দেখা যায়। অন্ত্রেরও স্থানে স্থানে এই অবস্থা লক্ষিত হয়। এই প্রবল প্রদাহ বশতঃ অনেক স্থলে পচা ক্ষত উৎপাদিত হয়। স্মরণ থাকা কর্ত্তব্য যে, পাকাশয় ও অন্ত্রের উগ্রতাসাধক ঔষধ সকলের মধ্যে অনেকগুলি মুখাভ্যন্তরে কোন ক্রিয়া দর্শায় না।

৫। যে সকল ঔষধ-দ্রব্য দ্বারা পাকাশয়ের রক্তপ্রণালী সকল কুঞ্চিত হয়।—পূর্ব্ববর্ণিত সঙ্কোচক ঔষধ সকল এই ক্রিয়া সম্পাদন করে। সচরাচর এই সকল ঔষধ-দ্রব্যের পাকাশয়ের উপর ক্রিয়া অপেক্ষা অন্ত্রমধ্যে ইহাদের ক্রিয়ার নিমিত্ত অধিকতর ব্যবহৃত হইয়া থাকে; ইহাদের বিষয় পরে বর্ণিত হইতেছে।

৬। যে সকল ঔষধ-দ্রব্য পাকাশয়ের স্নায়ু সকলের উপর কার্য্য করে;—যে সকল ঔষধ দ্রব্য পাকাশয়ের প্রবল উগ্রতা উৎপাদন করে, তাহাদের দ্বারা পাকাশয়ে সাতিশয় বেদনা উপস্থিত হয়; যাহারা পাকাশয়ে কেবল সামান্য উগ্রতা জন্মায় তাহাদের দ্বারা পাকাশয়ে উষ্ণতা বোধ হয়। চিকিৎসার্থ পাকাশয়ে বেদনা উৎপাদন অবৈধ।

পাকাশয়ের অবসাদক ঔষধ সকল;—এই ঔষধ-দ্রব্য সকল দেহের অন্যান্য অংশে স্থানিক অবসাদ ক্রিয়া প্রকাশ করে। যে সকল ঔষধ-দ্রব্য পাকাশয়ের অবসাদকরূপে প্রধানতঃ ব্যবহৃত হয়,—

কার্ব্বনেট্ অব্ বিস্‌মাথ্, সাব্‌নাইট্রেট্ অব্ বিস্‌মাথ্, অহিফেন, হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্, কার্ব্বনিক্ য়্যাসিড্, বরফ, বেলাডোনা, হাইয়োসায়েমাস্, ষ্ট্র্যামোনিয়াম। ইহারা বেদনা সংযুক্ত বিবিধ প্রকার অজীর্ণ রোগে ব্যবহৃত হয়। ষ্ট্র্যামোনিয়াম্ ভিন্ন উপরোক্ত ঔষধ সকল সচরাচর ব্যবহৃত হইয়া থাকে।

৭। যে সকল ঔষধ-দ্রব্য পাকাশয়ের সঞ্চালনের উপর কার্য্য করে; দেখা গিয়াছে যে, পাকাশয়ের আধেয়ের অম্লতা যত বৃদ্ধি পায় পাকাশয়ের সঞ্চলন তত অধিক হইয়া থাকে। যদি এরূপ

হয় যে, অম্লতা এই সঞ্চালনের কারণ, তাহা হইলে যে কোন কারণে পাকাশয়ের অম্লতা বৃদ্ধি পায়, তদ্বশতঃ পাকাশয়ের প্রবল সঞ্চলন উৎপাদিত হয়। এ ভিন্ন, ষ্ট্রিক্‌নাইন্‌ দ্বারা পাকাশয়ের প্রাচীরের পেশী সকল সাক্ষাৎ সম্বন্ধে উত্তেজিত হয়। আগ্নেয় ঔষধ-দ্রব্য সকল দ্বারাও সম্ভবতঃ পাকাশয়ের সঞ্চালন-সহায়তা হয়; ফলতঃ ধাতব অম্ল সকল, নাক্স্‌ভমিকা, ও আগ্নেয় ঔষধ-দ্রব্য সকল, এই ক্রিয়া সাধন করে। ভুক্ত পদার্থ পরিপাক পাইবার নিমিত্ত পাকাশয় মধ্যে যথোচিত মথিত হওন এত প্রয়োজন যে, অজীর্ণ রোগে যে সকল ঔষধ-দ্রব্য দ্বারা পাকাশয়ের সঞ্চলন-ক্রিয়ার সহায়তা হয় তাহাদের উপযোগিতা অতুল। এ কারণ অজীর্ণ রোগের চিকিৎসার্থ সচরাচর অন্যান্য ঔষধ সহযোগে নাক্স্‌ভমিকা প্রয়োজিত হয়।

বায়ুনাশক ঔষধ সকল (কার্মিনেটিভ্‌স্‌)।—যে সকল ঔষধদ্রব্য দ্বারা পাকাশয় ও অন্ত্র হইতে বাষ্পনির্গমনের সহায়তা হয় তাহা-দিগকে এই আখ্যা দেওয়া যায়। ইহারা পাকাশয় ও অন্ত্রের কৃমি-গতি উত্তেজিত করিয়া কার্য্য করে। রোগীর উপর পরীক্ষা করিয়া দেখা গিয়াছে যে, নিম্নলিখিত ঔষধ সকল বায়ুনাশার্থ বিশেষ ফলপ্রদ;—

সাধারণ আগ্নেয় ঔষধ সকল; গন্ধ-দ্রব্য সকল; তিক্ত বলকারক ঔষধ সকল; তীব্রাস্বাদ ঔষধ সকল; হিঙ্গু; য়্যামোনায়েকাম্‌; ভেলিরিয়্যান্‌; কর্পূর।

৮। বমনকারক ঔষধ-দ্রব্য সকল;—বমন কার্য্যে যে সকল বিবিধ জটিল ক্রিয়ার সমাবেশ, তৎসমুদয় মেড্যুলাস্থিত স্নায়ু-কেন্দ্রের অধীন; দেহের বিভিন্ন স্থান হইতে (যথা—সেরিব্রাম্‌, কোন দ্রব্য আঘ্রাণ বা দর্শন বশতঃ বিবমিষা; মুখাভ্যন্তর ফেরিঙ্ক্‌স্‌, ঈসোফেগাস্‌, ফুস্‌ফুস্‌, হৃৎপিণ্ড, পাকাশয়, অন্ত্র, পিত্তমার্গ, মূত্রগ্রন্থি, অন্ত্রাবরণ ও জরায়ু) কেন্দ্রাভিমুখে উত্তেজনা নীত হইয়া স্নায়ুকেন্দ্র উদ্রিক্ত করিয়া থাকে; সুতরাং যে সকল ঔষধ-দ্রব্য পূর্ব্বোক্ত যন্ত্র সকল বা স্নায়ু-মূলে কার্য্য করে তাহারা বমনকারক ক্রিয়া দর্শাইতে পারে। কিন্তু সাধারণতঃ বমন-কারক ঔষধ সকল বর্ণন করিতে হইলে, কেবল যে সকল ঔষধ-দ্রব্য পাকাশয়ে কার্য্য করিয়া বা মেড্যুলায় স্থিত বমনকারক স্নায়ু-মূলের উপর কার্য্য করিয়া বমন উৎপাদন করে তাহারাই প্রকৃত বমন-কারক ঔষধ বলিয়া বর্ণিত হয়। ক্রিয়ানুসারে তাহারা দুই শ্রেণীতে বিভক্ত;—যাহারা পাকাশয়ের উপর কার্য্য করিয়া বমন উৎপাদন করে, ইহাদিগকে সাক্ষাৎ বমনকারক ঔষধ বলে;—এবং যাহারা

মেডুলার উপর কার্য্য করিয়া বমনকারক হয়, ইহাদিগকে গৌণ বা ইন্‌ডাইরেক্ট্ বমনকারক বলা যায়। যে সকল ঔষধ-দ্রব্য মেডুলার উপর কার্য্য করিয়া বমন উৎপাদন করে, কেহ কেহ তাহাদিগকে সাক্ষাৎ বমনকারক, এবং যাহারা পাকাশয়ে কার্য্য করিয়া বমনকারক হয় তাহাদিগকে গৌণ বমনকারক বলিয়া বর্ণন করেন। যাহা হউক এই নামকরণ-বিভ্রাট পরিহারের নিমিত্ত বমনকারক ঔষধ সকলকে দুই শ্রেণীতে বিভক্ত করা যায়। পাকাশয় সম্বন্ধীয় (গ্যাষ্ট্রিক্) ও স্নায়ু-মূলীয় (সেণ্ট্রাল্)।

বমনকারক ঔষধ সকলকে এই দুই শ্রেণীতে বিভক্ত করিলেও ইহা-দের ক্রিয়া প্রণালী সম্বন্ধে সুনিশ্চিত মত প্রকাশ করা দুরূহ, কারণ কোন কোন ঔষধ দ্রব্য উভয় প্রকারে কার্য্য করে এবং কোন কোন ঔষধ-দ্রব্য রক্তে শোষিত হইয়া তদ্দ্বারা দেহের ভিন্ন ভিন্ন যন্ত্রের উপর কার্য্য করিয়া কেন্দ্রাভিমুখ-স্নায়ু-সাহায্যে বমন উৎপাদক স্নায়ু মূল উত্তেজিত করে।

নিম্নলিখিত বমনকারক ঔষধ সকল সচরাচর ব্যবহৃত হয়;—

যাহারা পাকাশয়ে কার্য্য করিয়া বমনকারক হয়,—য়্যালাম্; কার্বনেট্ অব্ য়্যামোনিয়াম; সাল্‌ফেট্ অব্ কপার্; সাল্‌ফেট্ অব্ জিঙ্ক্; ক্লোরাইড্ অব্ সোডি-য়াম্; মাষ্টার্ড; উষ্ণ জল। ইহাদের মধ্যে সাল্‌ফেট্ অব্ জিঙ্ক ও সাল্‌ফেট্ অব কপার্ ঈষন্মাত্র মেডুলার উপর কার্য্য করে।

যে সকল ঔষধ-দ্রব্য মেডুলাস্থিত স্নায়ু-মূলের উপর কার্য্য করিয়া বমন উৎপাদন করে,—য়্যাপোমর্ফাইন্; টার্টার্ এমেটিক্; ইপেকাকুয়ানা; সেনেগা; স্কুইল্। ইহা-দের মধ্যে ইপেকাকুয়ানা ও টার্টার্ এমেটিক্ অংশতঃ পাকাশয়ের উপর কার্য্য করে। প্রথমোক্ত তিনটি প্রবল বমনকারক এবং পাকাশয়ের উপর কার্য্য করিয়া যাহারা বমন উৎপাদন করে তাহাদের অপেক্ষা অধিকতর সার্ব্বাঙ্গিক অবসাদ জন্মায়।

আময়িক প্রয়োগ।—দুইটি উদ্দেশ্যে বমনকারক ঔষধ সকল প্রয়ো-জিত হয়;—১, পাকাশয়ের আধেয় বহির্গত করণ। পাকাশয় অযথা পূর্ণ থাকিলে বিবমিষা আদি কষ্ট উপস্থিত হয়, এ স্থলে বমনকারক ঔষধ দ্বারা পাকাশয় শূন্য করাইলে যন্ত্রণাদি নিবারিত হয়। বিষ-পদার্থ সেবিত হইলে পাকাশয় হইতে তন্নিরাকরণার্থ বমনকারক ঔষধ ব্যব-হার্য্য। বিবমিষা ও বমন সংযুক্ত শিরঃপীড়ায় বমনকারক ঔষধ দ্বারা পাকাশয় শূন্য করিলে, অনেক স্থলে উপকার প্রাপ্ত হওয়া যায়। ফসেস্ বা ঈসোফেগাস্ মধ্যে কোন বাহ্য পদার্থ আবদ্ধ হইলে বমনকারক ঔষধের ক্রিয়া তন্নিরাকরণে সহায়তা হয়।—২, শ্বাসমার্গ মধ্যস্থ আধেয়

নির্গত করণ উদ্দেশ্যে বমনকারক ঔষধ ব্যবহৃত হয়; বিশেষতঃ শিশু-দিগের পক্ষে ইহা বিশেষ উপযোগী, কারণ উহারা শ্বাসনলী মধ্য হইতে কফাদি সম্যক্ নির্গত করিয়া দিতে পারে না।—এতদভিপ্রায়ে বমন-কারক ঔষধ সকল বালকদিগের ব্রঙ্কাইটিস্, লেরিঞ্জাইটিস্ ও ডিফ্-থিরিয়া রোগে শ্বাসনলী মধ্যস্থ অপ্রকৃত পদার্থ বহিষ্করণে সহায়তা করিবার নিমিত্ত প্রয়োজিত হয়। এ ভিন্ন, লেরিঙ্ক্স্ মধ্যে কোন বাহ্য পদার্থ আবদ্ধ হইলে তাহা দূরীকরণের জন্য ইহারা ব্যবহৃত হইয়া থাকে। বমনকারক ঔষধ প্রয়োগ করিতে হইলে স্মরণ রাখা কর্ত্তব্য যে, যদিও য়্যাপোমর্ফাইন্, ইপেকাকুয়ানা ও টার্টার্ এমেটিক্ অতি প্রবল বমনকারক, কিন্তু ইহারা সর্ব্বাপেক্ষা অধিক অবসাদক; সুতরাং ইহারা অনেক স্থলে অবিধেয়; যথা,—বিষভোজী সাতিশয় কোল্যাপ্স্-গ্রস্ত হইলে ইহাদের প্রয়োগ নিষিদ্ধ। যদি পাকাশয় ও অন্ত্রের প্রবল উগ্রতা-সাধক বিষ সেবিত হইয়া থাকে, তাহা হইলে বমনকারক ঔষধ প্রয়োগ অযৌক্তিক, বরং মুখাভ্যন্তর ও ইসোফেগাসের অবস্থার প্রতি লক্ষ্য রাখিয়া পাকাশয় ধৌত করণ যুক্তিসঙ্গত।

ধমন্যর্ব্বুদ (য়্যানুয়্যরিজম্), অন্ত্রবৃদ্ধি, জরায়ু বা সরলান্ত্র নির্গমন (প্রোল্যাপ্স্), অন্ত্রাবরণ-প্রদাহ (পেরিটোনাইটিস্) গ্রস্ত, অথবা রক্তস্রাবের বশবর্ত্তী ব্যক্তিকে বমনকারক ঔষধ প্রয়োগ নিষিদ্ধ; কারণ বমন-ক্রিয়ায় সাতিশয় কুন্থন উৎপাদিত হয় ও বিষম বিপদ প্রকাশ পাইতে পারে; এহেতু যাহাদের রক্তপ্রণালী সকল পীড়াগ্রস্ত বা সাতি-শয় সঞ্চাপ (টেন্সন্)-গ্রস্ত তাহাদিগকে বমনকারক ঔষধ প্রয়োগ নিষিদ্ধ, কারণ কুন্থনের বেগে রক্তস্রাব উপস্থিত হইতে পারে।

৯। বমননিবারক ও য়্যাণ্টিএমেটিক্স্।—এত বিভিন্ন কারণে বমন উপস্থিত হয় যে, তন্নিবারণার্থ ভিন্ন ভিন্ন স্থলে ভিন্ন ভিন্ন ঔষধ উপকারক, সুতরাং বমননিবারক ঔষধ সকল বহু সংখ্যক; এ কারণ এ স্থলে যে সকল ঔষধ-দ্রব্য পাকাশয়ে বা মেড্যুলাস্থ স্নায়ু-মূলের উপর কার্য্য করিয়া বমন-নিবারণ করে তাহাদের বর্ণন করা যাইতেছে।

যে সকল বমন-নিবারক ঔষধ-দ্রব্য পাকাশয়ে কার্য্য করে; ইহারা পূর্ব্ব-বর্ণিত পাকাশয়ের স্নায়ু সকলের অবসাদক শ্রেণীভুক্ত;—

যথা, বরফ, কার্বনেট্ অব্ বিস্‌মাথ্; সাব্‌নাইট্রেট্ অব্ বিস্‌মাথ্, অহিফেন, হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্, কার্বনিক্ য়্যাসিড্? এ ভিন্ন, যে সকল ঔষধ-দ্রব্য বমন

নিবারণার্থ বিশেষ স্থানিক ক্রিয়া দর্শায়, যথা ;—কোকেয়িন্, অকজ্যালেট্ অব্ সিরিয়াম্, এক মিনিম্ মাত্রায় ভাইনাম্ ইপেকাকুয়ানা, এক মিনিম্ মাত্রায় টিংচার্ অব্ আইয়োডিন্, অত্যন্ত স্বল্প মাত্রায় আর্সিনিয়াস্ য়্যাসিড্, এবং স্বল্প মাত্রায় নিম্নলিখিত ঔষধ সকল—য়্যাল্‌কোহল্, কার্বলিক্ য়্যাসিড্, ক্লোরোফর্ম্, ক্রিয়োজোট্, ঈথার্, নাইট্রেট্ অব্ সিল্‌ভার্, সাল্‌ফোকার্বলেট্ সকল।

যে সকল বমননিবারক ঔষধ স্নায়ুমূলে কার্য্য করে ;—

অহিফেন, ব্রোমাইড্ অব্ য়্যামোনিয়াম্, বোমাইড্ অব্ পোটাসিয়াম্, ব্রোমাইড্ অব্ সোডিয়াম্, ক্লোর্য়াল্ হাইড্রেট্, নাইট্রাইট্ অব্ এমিল্ ; নাইট্রো-গ্লিসেরিন্, ডাইলিউট্ হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্, য়্যাল্‌কোহল্। ইহাদিগের মধ্যে কতকগুলি ঔষধ, যথা,—অহিফেন, য়্যাল্‌কোহল্ ইত্যাদি, পূর্ব্বোক্ত উভয় শ্রেণীর অন্তর্গত।

আময়িক প্রয়োগ।—ইহাদের দ্বারা বমন নিবারিত হয়। ইহারা লক্ষণ উপশম করে মাত্র ; বমন রোগের প্রকৃত চিকিৎসা করিতে হইলে, যদি সম্ভবপর হয়, রোগোৎপাদক কারণ নিরাকরণ আবশ্যক। বমননিবারক ঔষধ সকলের মধ্যে বরফ, ডাইলিউট্ হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্, কার্বনিক্ য়্যাসিড্, বিস্‌মাথ্-ঘটিত লবণ সকল, মর্ফাইন্, ও আইয়োডিন্ দ্বারা বিশেষ ফল আশা করা যায়, কিন্তু ইহাদের সকলেরই ক্রিয়া অনিশ্চিত।

ঘ। যে সকল ঔষধ-দ্রব্য অন্ত্রের উপর কার্য্য করে ;—

অন্ত্র মধ্যে বিবিধ স্রাবিত রস আসিয়া পড়ে, ভুক্ত পদার্থ অন্ত্রমধ্যে আগমনের পূর্ব্বে যথেষ্ট পরিবর্ত্তিত হয়, এবং অন্ত্রমধ্য দিয়া এই ভুক্ত পদার্থ অধোগমনকালে আরও পরিবর্ত্তিত হয় ; আন্ত্রিক পরিপাক ক্রিয়া, অন্ত্রের সঞ্চালন ক্রিয়া এবং অন্ত্রের স্নায়বীয় ক্রিয়ার শারীর-তত্ত্ব জটিল, ও এ সকল সম্বন্ধে আমাদের জ্ঞান এত অল্প, এবং ঔষধ-দ্রব্য সকল অন্ত্র-প্রণালী মধ্যে এতদূর পরিবর্ত্তিত হয়, এবং অন্ত্রের পীড়া সম্বন্ধে এত কম জানা আছে যে, অন্ত্রের উপর কার্য্যকারক ঔষধ সকলকে উহাদের শারীর-বিধান সম্বন্ধীয় ক্রিয়া অনুসারে শ্রেণীবদ্ধ করা যায় না। অন্ত্রের উপর কার্য্যকারক ঔষধ সকলকে দুই শ্রেণীতে বিভক্ত করা যাইতেছে ;—বিরেচক ও সঙ্কোচক।

বিরেচক ঔষধ সকল (পারগেটিভ্‌স্) ;—ইহারা বিবিধ শ্রেণীতে বিভক্ত, যথা—

মৃদুবিরেচক (ল্যাক্‌সেটিভ্‌স্) ;—এই সকল ঔষধ-দ্রব্য প্রধানতঃ অন্ত্রের পৈশিক আবরণকে উত্তেজিত করিয়া অন্ত্রের ক্রিয়া সামান্য বৃদ্ধি করে ; যথা—

মধু, টী কস্, তেঁতুল, ডুমুর, কিস্‌মিস্, য়্যাপল্, ম্যান্না, ক্যাশিয়া প্রভৃতি ফল, গন্ধক, ম্যাগ্‌নিসিয়া, জলপাইর তৈল, এরণ্ড তৈল (অল্প মাত্রায়)।

ইহাঁরা সামান্য কোষ্ঠকাঠিন্যে বিশেষতঃ বালকদিগের কোষ্ঠকাঠিন্যে সাধারণতঃ ব্যবহৃত হইয়া থাকে। বিবিধ ফল, মধু, ছোলা, আদা, প্রভৃতি কোষ্ঠকাঠিন্যের বশবর্ত্তী ব্যক্তিরা আহার্য্যরূপে ব্যবহার করে। আর্গট্, ফাইসস্‌টিগ্‌মা, নাক্স্ ভমিকা, বেলাডোনা, হাইয়োসায়েমাস্ ও ষ্ট্র্যামোনিয়ামেরও বিরেচন ক্রিয়া লক্ষিত হয়। নাক্স্ ভমিকা বিশেষ উপকারক; সম্ভবতঃ ইহা সাক্ষাৎ সম্বন্ধে অন্ত্রের পৈশিক আবরণকে উত্তেজিত করিয়া কার্য্য করে; ইহা আন্ত্রিক স্রাবণ ক্রিয়ার উপর কার্য্য করে না। পুরাতন কোষ্ঠকাঠিন্যে, বিশেষতঃ রক্তাল্পতাগ্রস্ত ব্যক্তির এবং যে সকল ব্যক্তির অন্ত্রের কৃমি-গতি কোন কারণ বশতঃ ক্ষীণ হয়, তাহাদের কোষ্ঠকাঠিন্যে নাক্স্ ভমিকা সচরাচর ব্যবহৃত হয়।

অল্প মাত্রায় বেলাডোনা দ্বারা কৃমি-গতি বৃদ্ধি পায়, কারণ ইহা স্প্ল্যাঙ্ক্‌নিক্ স্নায়ুর ক্রিয়া-দমনকারী (ইন্‌হিবিটরি) সূত্র সকলের পক্ষাঘাত উৎপাদন করে; কিন্তু মধ্যবিধ মাত্রায় ইহার দ্বারা কৃমি-গতি সম্পূর্ণ শমিত হয়। বেলাডোনার এই শেষোক্ত ক্রিয়ার নিমিত্ত প্রধানতঃ ব্যবহৃত হয়। বিশেষতঃ এ উদ্দেশ্যে ইহা অহিফেন সহযোগে প্রয়োজিত হয়। অন্ত্রের উপর হাইয়োসায়েমাসও এই প্রকারে কার্য্য করে, এবং উদরের কামড়ানি নিবারণার্থ ইহা অন্যান্য বিরেচক ঔষধের সহিত ব্যবহৃত হয়; কারণ, উগ্রতর বিরেচক ঔষধ দ্বারা অন্ত্রের যে অনিয়মিত সঙ্কোচন উৎপাদিত হয়, হাইয়োসায়েমাস্ তাহার শমতা ও নিয়মিততা সম্পাদন করে।

আর্গট্ ও ফাইসষ্টিগ্‌মা কচিৎ মৃদুবিরেচক-রূপে ব্যবহৃত হয়।

সামান্য বা সিম্প্‌ল্ বিরেচক ঔষধ সকল।—ইহাদের ক্রিয়া মৃদুবিরেচক ঔষধ অপেক্ষা প্রবলতর। ইহারা অন্ত্রের কৃমি-গতি উত্তেজিত করে ও স্রাবণ-ক্রিয়াও বৃদ্ধি করে। এরণ্ড তৈল, ম্যাগ্‌নিসিয়া আদি কতকগুলি মৃদুবিরেচক ঔষধ অধিক মাত্রায় প্রয়োগ করিলে, সিম্প্‌ল পার্গেটিভ্ হইয়া কার্য্য করে।

এই শ্রেণীর ঔষধ সকল;—য়্যালোজ্, রুবার্ব, রাম্‌নাস্ ফ্রাঙ্গুলা, ক্যাস্‌কারা স্যাগ্রেডা, সেনা, ফেল্ বোভিনাম্। শেষোক্ত ঔষধ-দ্রব্য ভিন্ন ইহাদের সকলগুলি সচরাচর ব্যবহৃত হয়।

অতি বিরেচক বা জলবৎ ভেদ-উৎপাদক ঔষধ

সকল।—ইহাদের দ্বারা অন্ত্রের কৃমি-গতি ও নিঃসরণ-ক্রিয়া সাতিশয় বৃদ্ধি পায়; এবং অধিক মাত্রায় প্রয়োজিত হইলে অন্ত্রের অত্যন্ত উগ্রতা উৎপাদিত হয়, শ্লেষ্মা-নিঃসরণ অধিক হয়, রক্তপ্রণালী সকল অত্যন্ত প্রসারগ্রস্ত হয় এমন কি রক্তস্রাব উপস্থিত হয়, অত্যধিক উদরের বেদনা ও কোল্যাপ্স্ প্রকাশ পায় এবং প্রচুর পরিমাণে জলবৎ-ভেদ সংযুক্ত উদরাময় উপস্থিত হয়। অন্ত্রের কৃমি-গতি-জনিত সঙ্কোচন সচরাচর অনিয়মিত হয়, ও এ কারণ উদরের কামড়ানি অত্যন্ত অধিক হয়; এতন্নিবারণার্থ সচরাচর এই সকল ঔষধের সহিত হাইয়োসায়েমাস্ ব্যবস্থা করা যায়।

নিম্নলিখিত তালিকার এই শ্রেণীর ঔষধ সকলের ক্রিয়ার প্রবলতা অনুক্রমে পরে পরে উল্লেখ করা গেল,—

ক্যালোমেল্, পডফিলিন্, য়্যালোজ্, জ্যালাপ্, স্ক্যামনি, গ্যাম্বোজ্, ওলিয়াম্ টেরে-বিন্থিনী, কলসিন্থ্, ইলেটেরিয়াম্, ক্রোটন্ অয়িল্। সর্ব্বশেষোক্ত ঔষধের ক্রিয়া সর্ব্বাপেক্ষা প্রবল: জ্যালাপ্, ইলিটেরিয়াম্, স্ক্যামনি আদি কতকগুলিকে হাইড্রোগগ্ বলে, কারণ ইহাদের দ্বারা প্রচুর পরিমাণে রস-নিঃসরণ হয় ও জলবৎ ভেদ উৎপাতিত হয়।

আময়িক প্রয়োগ।—দুর্দ্দম কোষ্ঠকাঠিন্যে, এবং দেহ হইতে যত দূর সম্ভব রস দূরীকরণ উদ্দেশ্যে, জলবৎ ভেদ উৎপাদনের নিমিত্ত ড্রাষ্টিক্ বিরেচক ঔষধ সকল ব্যবহৃত হয়। এ কারণ ব্রাইটাময়ে সচরাচর জ্যালাপ্ ব্যবহৃত হইয়া থাকে।

লাবণিক বিরেচক ঔষধ সকল (স্যালাইন্ পার্গে-টিভ্স্)।—প্রকৃত পক্ষে ইহাদের ক্রিয়া-প্রণালী অজ্ঞাত; কিন্তু ইহা নিশ্চিত যে, ইহাদের দ্বারা আন্ত্রিক রস-নিঃসরণ সাতিশয় বৃদ্ধি পায়; ও এই নিঃসৃত রস পুনঃশোষিত হওন প্রতিরুদ্ধ হয়, সুতরাং অন্ত্রমধ্যে অধিক পরিমাণে রস সংগৃহীত হয়। এই রস সংগ্রহ জনিত অন্ত্রের প্রসারণ নিবন্ধন অন্ত্রের কৃমি-গতি মৃদু উদ্রিক্ত হয়, সুতরাং সহজে, বিনা যন্ত্রণায় যথেষ্ট পরিমাণে ভেদ হয়। যে পর্য্যন্ত না অন্ত্র মধ্যস্থ রস লাবণিক ঔষধ-দ্রব্যের দ্রবের শতকরা ৫ বা ৬ অংশ হয়, সে পর্য্যন্ত অন্ত্র মধ্যে এই নিঃসারণ ক্রিয়া চলিতে থাকে; সুতরাং যদি ঔষধ-দ্রব্যের গাঢ় দ্রব প্রয়োজিত হয়, তাহা হইলে অত্যধিক পরিমাণে রস-নিঃসৃত হয়। এই প্রক্রিয়ায় অন্তর্বাহ বহির্বাহ (অস্মোসিস্) নিয়ম যে কোন কার্য্য সাধন করে, সে বিষয়ে সন্দেহ। নিম্নলিখিত ঔষধ সকল লাবণিক বিরেচক।—

টার্ট্রেট্ অব্ পোটাসিয়াম্, য়্যাসিড্ টার্ট্রেট্ অব্ পোটাসিয়াম্, সাল্ফেট অব্ পেটোসিয়াম্, সাল্ফেট্ অব্ সোডিয়াম্, টার্ট্রেট, অব্ সোডিয়াম্, সাইট্রো-টার্ট্রেট্ অব্ সোডিয়াম্, ফস্ফেট্ অব্ সোডিয়াম্, সাল্ফেট অব্ ম্যাগ্নিসিয়াম্।

আময়িক প্রয়োগ।—এই সকল বিরেচক ঔষধ ব্যবহার অনেকের স্বভাবগত হইয়াছে, বিশেষতঃ বিবিধ প্রকার গাউট্গ্রস্ত ব্যক্তিকে লাবণিক বিরেচক ঔষধ সকল বিস্তর ব্যবহৃত হয়। ইহাদিগকে সেবন করিতে হইলে প্রয়োজ্য মাত্রা গ্লাসের মধ্যে ঢালিয়া কিঞ্চিৎ ঈষদুষ্ণ জল সংযোগ করতঃ প্রাতে অল্পে অল্পে সেবন সর্ব্বোৎকৃষ্ট।

এতদ্ভিন্ন, কতকগুলি ঔষধ-দ্রব্য পিত্তনিঃসারক হইয়া বিরেচন-ক্রিয়া প্রকাশ করে; ইহাদের বিষয় যকৃৎ সম্বন্ধে বর্ণনকালে উল্লিখিত হইবে।

পিচকারী, এনিমেটা, বা এনিমা;—যে কোন তরল প্রয়োগ-রূপ সরলান্ত্রমধ্যে প্রয়োজিত হয়, তাহাকে এনিমা বলে। যদি বিরেচক ঔষধ সেবনে বিবমিষা ও বমনের বশবর্ত্তিতা লক্ষিত হয়, কিম্বা যদি অন্ত্রাবরণ-প্রদাহ, অন্ত্রাবদ্ধ, অন্ত্রের ক্ষত বা অন্যান্য পীড়া-বশতঃ যদি বিরেচক ঔষধ গলাধঃকরণ দ্বারা প্রয়োগ অযৌক্তিক হয়, তাহা হইলে ইহা সরলান্ত্র মধ্যে পিচ্কারী দ্বারা প্রয়োজ্য। এরণ্ড তৈল, মুসব্বর, জলপাইর তৈল, ম্যাগ্নিসিয়াম্ প্রভৃতি এই প্রকারে ব্যবহার করা যায়। বিরেচক পিচ্কারী প্রস্তুত করিতে যথেষ্ট পরি-মাণ অনুপান সহযোগে ½ পাইণ্ট্ বা ১ পাইণ্ট্ পূর্ণ করিয়া লইবে; কারণ, সরলান্ত্র প্রসারিত হইলে বিরেচন ক্রিয়ার যথেষ্ট সহায়তা হয়। এক চা-চামচ মাত্রায় গ্লিসেরিন্ সরলান্ত্রমধ্যে পিচকারী দ্বারা, অথবা সপোজিটারিরূপে প্রয়োগ করিলে কোষ্ঠ পরিষ্কার হয়।

আন্ত্রিক সঙ্কোচক ঔষধ সকল (ইণ্টেষ্টাইন্যাল্ য়্যাষ্ট্রিঞ্জেণ্ট্স্)।—ইহাদিগকে নিম্নলিখিত বিবিধ শ্রেণীতে বিভক্ত করিয়া বর্ণন করা যায়; যথা,—

যে সকল ঔষধ-দ্রব্য অন্ত্রের রক্তবহা নাড়ী সকলের উপর কার্য্য করে;—যাহারা সার্ব্বাঙ্গিক রক্তপ্রণালী সকলের উপর সঙ্কোচন ক্রিয়ার নিমিত্ত ব্যবহৃত হয়, তাহারাই এ স্থলে কার্য্য করে। নিম্নলিখিত ঔষধ-দ্রব্য সকল অন্ত্রের উপর সঙ্কোচন-ক্রিয়ার নিমিত্ত ব্যবহৃত হইয়া থাকে;—

সীসঘটিত লবণ সকল, রৌপ্যঘটিত লবণ সকলের ক্ষীণ দ্রব, ফটকিরি, জলমিশ্র গন্ধক দ্রাবক;—

যে সকল ঔষধ-দ্রব্য অণ্ডলালঘটিত ঝিল্লীকে সংযত করিয়া ও এরূপে রক্তপ্রণালী সকলকে কুঞ্চিত করিয়া কার্য্য করে ;—

ট্যানিক্ য়্যাসিড্ ও এতৎসংযুক্ত পদার্থ ; যথা, ক্র্যামেরিয়া মূল, কাইনো, হীমেটক্সিলিন্, সিনেমন্, ক্যাটিকিউ, এবং ইউকেলিপ্টাস্ গাম্, সীসঘটিত লবণ সকল, রৌপ্য-ঘটিত লবণ সকল, দস্তাঘটিত লবণ সকল, বিস্মাথঘটিত লবণ সকল, তাম্রঘটিত লবণ সকল, লৌহের পার্‌সল্ট্‌স্।

যে সকল সঙ্কোচক ঔষধ দ্বারা আন্ত্রিক রস-নিঃসরণের পরিমাণ হ্রাস হয় ;—

অহিফেন, সীসঘটিত লবণ সকল, ক্যাল্‌সিয়াম্ ঘটিত লবণ সকল। প্রকৃত পক্ষে এই সকল ঔষধ-দ্রব্যের প্রকৃত ক্রিয়া-প্রণালী জানা যায় নাই ; কিন্তু সম্ভবতঃ ইহারা আন্ত্রিক রস-নিঃসরণের পরিমাণ হ্রাস করিয়া কার্য্য করে।

যে সকল সঙ্কোচক ঔষধ দ্রব্য অন্ত্রস্থ পেশীয় আবরণের সঙ্কোচন হ্রাস করিয়া কার্য্য করে ,—

অহিফেন, বেলাডোনা, হাইয়োসায়েমাস্ ষ্ট্র্যামোনিয়াম্, সীসঘটিত লবণ সকল, চূর্ণ বিস্মাথ্ ঘটিত লবণ সকল।

আময়িক প্রয়োগ ;—উদরাময় রোগে প্রত্যেক স্থলে রোগের কারণ দূরীকরণ প্রথম উদ্দেশ্য ; যদি এতৎসাধিত হয়, তাহা হইলে উদরাময় দমিত হয়। সচরাচর কোন উগ্রতাসাধক, অজীর্ণ ভুক্ত পদার্থ, এই উদরাময়ের কারণীভূত হয় ; এ স্থলে, এরণ্ড তৈল, রেউচিনি আদি মৃদুবিরেচক দ্বারা অন্নবহা নলীমধ্য হইতে এতন্নিরাকরণ প্রয়োজন। সাধারণতঃ উদরাময় রোগে অধিকাংশ স্থলে সম্ভবতঃ সামান্য অন্ত্র-প্রদাহ হইতে উৎপন্ন হয়, এ সকল স্থলে পূর্ব্বোক্ত যে কোন সঙ্কোচক ঔষধ দ্বারা উপকার হইয়া থাকে ; কারণ, এ সকল স্থলে প্রসারিত রক্তপ্রণালী সকলকে সঙ্কুচিতকরণ এবং আন্ত্রিক রস-নিঃস্রবণ হ্রাস-করণ চিকিৎসার প্রধান উদ্দেশ্য। এতন্নিবন্ধন, আন্ত্রিক সঙ্কোচক ঔষধসকল কয়েকটি একত্রে প্রয়োজিত হয় ; এবং যদি উদরাময় বিষম হয় তাহা হইলে অহিফেন সহযোগে প্রয়োগ বিশেষ ফলপ্রদ। যদি উদরাময়ের অনিবার্য্য কারণ, যথা, অন্ত্রের টিউবার্কিউলাস্ ক্ষত বর্ত্তমান থাকে, তাহা হইলে এতদ্দ্বারা ফল লাভের আশা নিতান্ত স্বল্পমাত্র। প্রকৃতপক্ষে উদরাময় রোগে কেবল ঔষধ প্রয়োগ, চিকিৎসার সামান্য অঙ্গমাত্র ; যদি উদরাময় প্রবল হয় তাহা হইলে সম্পূর্ণ বিশ্রাম, নিতান্ত লঘু ও এককালে স্বল্প পরিমাণ পথ্য বিধেয় ; অধিক পরিমাণে পানীয় নিষিদ্ধ, উষ্ণ পরিধান ব্যবস্থেয়।

ঙ। যে সকল ঔষধ-দ্রব্য যকৃতের উপর কার্য্য করে ;—যকৃত ভিন্ন ভিন্ন ক্রিয়া সাধন করে; যথা,—পিত্তস্রাবণ, গ্লাইকোজেন নির্ম্মাণ ও সঞ্চয়, ইউরিয়া নির্ম্মাণ, অন্ত্রমধ্যে হইতে যে সকল পদার্থ শোষিত হয় তাহাদিগকে নিঃসরণ এবং অন্ত্রমধ্য হইতে যে সকল বিষ পদার্থ শোষিত হয় তাহাদিগকে নষ্ট করণ।

১। যে সকল পদার্থ পিত্ত-স্রাবণের উপর কার্য্য করে ,—মলে অধিক পরিমাণে পিত্ত নির্গত হইলেই যে, অধিক পরিমাণে পিত্ত স্রাবিত হইয়াছে, এমত সিদ্ধান্ত করা যায় না; কারণ, হইতে পারে যে, পিত্তস্থলী ও পিত্তনলী সকল হইতে সম্পূর্ণরূপে পিত্ত নির্গত হইয়াছে, অথবা ডিয়োডিনাম্ মধ্যে যে পিত্ত প্রক্ষিপ্ত হইয়াছে তাহা পুনঃ শোষিত হওনের সময় পাইবার পূর্ব্বেই অন্ত্রমধ্য দিয়া সত্বর-গতি নির্গত হইয়া আসিয়াছে। যে সকল ঔষধ-দ্রব্য দ্বারা প্রকৃতপক্ষে স্রাবিত পিত্তের পরিমাণ বৃদ্ধি করে, তাহাদিগকে সাক্ষাৎ পিত্তনিঃসারক (ডাইরেক্ট্ কোলেগগ্স্) বলে। যে সকল ঔষধ-দ্রব্য দ্বারা কেবল মলে অধিকতর পরিমাণে পিত্ত নির্গত হয়, অথচ পিত্ত স্রাবণের বৃদ্ধি পায় না, তাহাদিগকে পরোক্ষ পিত্তনিঃসারক (ইন্ডাইরেক্ট্ কোলেগগ্স্) বলে।

সাক্ষাৎ পিত্তনিঃসারক ঔষধ সকল ;—

ইহাদের ক্রিয়ার প্রবলতা অনুসারে পরে পরে নিম্নলিখিত তালিকা দেওয়া গেল ;—পডফিলাম্, ইউনিমিন, ইরিডিন্, য়্যালোজ্, ইপেকাকুয়ানা, ডাইলিউট্ নাইট্রিক্-য়্যাসিড্, ডাইলিউট্ নাইট্রো-হাইড্রোক্লোরিক্ য়্যাসিড্, মার্কিউরিক ক্লোরাইড্ সোডিয়াম্ ফস্ফেট্ সোডিয়াম্ স্যালিসিলেট্, সোডিয়াম্ বেঞ্জোয়েট্ সোডিয়াম্ সাল্ফেট্ কলসিন্থ্, কল্চিকাম্ পোট্যাসিয়াম্ সাল্ফেট্ য়্যামোনিয়াম্ বেঞ্জোয়েট্, রবার্ব, জ্যালাপ্ স্ক্যামনি, ডাইলিইট্ আর্সেনিয়াস্ য়্যাসিড্।

এই সকল সাক্ষাৎ পিত্তনিঃসারক ঔষধের মধ্যে ভিন্ন ভিন্ন ঔষধ-দ্রব্যের ক্রিয়া বৈশিষ্ট্য লক্ষিত হয়। কতকগুলি ঔষধ যথা,—সোডিয়াম্ স্যালিসিলেট্ দ্বারা নিঃসৃত পিত্ত সাতিশয় জলীয় হয় ; ইত্যাদি।

পরোক্ষ পিত্তনিঃসারক ঔষধ সকল।—ইহাদের দ্বারা নিঃসৃত পিত্তের পরিমাণ বৃদ্ধি পায় না, ইহারা জেজুনামের উর্দ্ধাংশ ও ডিয়োডিনামের নিম্নাংশকে উত্তেজিত করিয়া কার্য্য করে; সুতরাং পিত্ত পুনঃ শোষিত হইবার কাল-বিলম্বের পূর্ব্বেই পিত্ত নির্গত হইয়া যায়। যথা ;—

পারদ, অধিকাংশ অতি-বিরেচক ঔষধ, ক্যালোমেল্।

আময়িক প্রয়োগ। যে সকল অজীর্ণ রোগে যকৃৎ বিকারগ্রস্ত হয়, সে সকল স্থলে পিত্ত-নিঃসারক ঔষধ বিশেষ উপযোগিতার সহিত ব্যবহৃত হয়। সাক্ষাৎ ও পরোক্ষ পিত্ত-নিঃসারক ঔষধ একত্রে ব্যবহার করিলে উপকার দর্শে; ইহাতে পিত্ত নির্গমন সুনিশ্চিত হয়। পিত্ত দ্বারা অন্ত্রের কৃমি-গতি উত্তেজিত হয়, সুতরাং সমুদয় পিত্ত-নিঃসারক ঔষধ বিরেচক হইয়া কার্য্য করে, এবং ইহারা অন্যান্য বিরেচক ঔষধ হইতে স্বতন্ত্র শ্রেণীর অন্তর্গত; ইহাদিগকে পিত্ত-নিঃসারক-বিরেচক কহে। যকৃতের বিকার-জনিত অজীর্ণ রোগের চিকিৎসায় পথ্যের প্রতি লক্ষ্য রাখা প্রধান কর্ত্তব্য। অশ্বারোহণ, দাঁড়-বাহন প্রভৃতি ব্যায়ামজনিত পৈশিক সঞ্চালন দ্বারা পিত্তস্থলী ও পিত্তনলী সকল হইতে পিত্ত বহিষ্করণ সহায়তা হয়।

পিত্ত-নিঃসরণ রোধক ঔষধ সকল (য়্যাণ্টি-কোলেগগ্স্);—ইহাদিগকে সচরাচর যকৃৎ-অবসাদক (হিপ্যাটিক্ ডিপ্রেসেণ্ট্স্) বলে। ইহাদের দ্বারা স্রাবিত পিত্তের পরিমাণ হ্রাস হয়।

ক্যালোমেল্, ক্যাষ্টর্ অয়িল্, গ্যাম্বোজ্, ম্যাগ্নিসিয়ান্ সাল্ফেট্, অহিফেন, ও য়্যাসিটেট্ অব্ লেড্ এই প্রকারে কার্য্য করে।

কিন্তু ইহাদিগের এই ক্রিয়া এরূপ স্পষ্ট লক্ষিত হয় না যে, ইহাদিগকে অন্যান্য উদ্দেশ্যে প্রয়োজিত হইলে, ইহাদের সেই সকল ক্রিয়ার ব্যাঘাত ঘটিতে পারে। পিত্ত-নিঃসরণ রোধার্থে এই সকল ঔষধ ব্যবহৃত হয় না।

২। যে সকল ঔষধ-দ্রব্য যকৃতের গ্লাইকোজেনিক্ ক্রিয়ার পরিবর্ত্তন সাধন করে।—যে সকল ঔষধ-দ্রব্য দ্বারা প্রস্রাবে শর্করা প্রকাশ পায়, এবং যে সকল ঔষধ-দ্রব্য দ্বারা যকৃতের গ্লাইকোজেনিক্ ক্রিয়ার হ্রাস হয় এ স্থলে, তাহাদিগের বিষয় বিবৃত হইল।

যে সকল ঔষধ-দ্রব্য দ্বারা প্রস্রাবে শর্করা প্রকাশ পায়;—পূর্ব্বে বিশ্বাস ছিল যে, এই সকল ঔষধ-দ্রব্য যকৃতের উপর কার্য্য করে, এবং ইহারা সম্ভবতঃ যকৃতে সঞ্চিত গ্লাইকোজেন্ হইতে নির্ম্মিত শর্করার পরিমাণ বৃদ্ধি করিয়া এই ক্রিয়া দর্শায়; কিন্তু এক্ষণে পরীক্ষা দ্বারা স্থিরীকৃত হইয়াছে যে, মধুমূত্র রোগে কখন কখন ক্লোমগ্রন্থি (প্যাঙ্ক্রিয়াস্) বিকারগ্রস্ত হয়; এই যন্ত্র কর্ত্তন করিয়া ফেলিলে প্রস্রাবে শর্করা প্রকাশ পায় ও মধুমূত্রের অন্যান্য লক্ষণ উপস্থিত হয়। অপর, দেখা যায় যে, পেশী সকল মধ্যে যে ক্রিয়া সাধিত হয়

তাহাদের কোন প্রকার ব্যতিক্রম হইলে মধুমূত্র উৎপাদিত হইতে পারে; সুতরাং যে সকল ঔষধ-দ্রব্য সেবনে প্রস্রাব শর্করা-যুক্ত হয়, তাহারা সকলেই যে, যকৃতের উপর কার্য্য করে, এরূপ সিদ্ধান্ত করা নিতান্ত অসঙ্গত। যে সকল ঔষধ-দ্রব্য দ্বারা প্রস্রাবে শর্করা প্রকাশ পায় তাহাদের সম্বন্ধে পূর্ব্বে মূত্রযন্ত্রের উপর কার্য্যকারক ঔষধ সকলের বিষয় বর্ণনকালে উল্লিখিত হইয়াছে। ইহারা এ উদ্দেশ্যে কখনই প্রয়োজিত হয় না।

গ্লাইকোজেনিক্ ক্রিয়ার অবসাদক ঔষধ সকল।—ফস্ফরাস্, আর্সেনিক এবং য়্যাণ্টিমনি দ্বারা যকৃতের গ্লাইকোজেন্ নির্ম্মাণ-ক্রিয়া হ্রাস ও এমন কি এককালে স্থগিত হয়; অপর, ইহাদের দ্বারা মেদাপকর্ষ উপস্থিত হয়। কোন কোন প্রকার মধুমূত্র রোগে অহিফেন, মর্ফাইন্, ও কোডেয়িন্ দ্বারা প্রস্রাবে শর্করার পরিমাণ যথেষ্ট হ্রাস হয়।

৩। যে সকল ঔষধ-দ্রব্য যকৃৎ দ্বারা ইউরিয়া-নির্ম্মাণ সম্বন্ধে পরিবর্ত্তন সাধন করে।—কথিত আছে যে নাইট্রোজেন্-সংযুক্ত পদার্থ সকলের মধ্যে কতকগুলি, বিশেষতঃ লিউসিন্, যকৃতে পৌঁছিলে, ইউরিয়ায় পরিবর্ত্তিত হয়। ফস্ফরাস্, আর্সেনিক্, য়্যাণ্টিমনি, য়্যামোনিয়াম্ ক্লোরাইড্, ও লৌহ সেবন করিলে প্রস্রাব দ্বারা নির্গত ইউরিয়ার পরিমাণ বৃদ্ধি পায়। এ ভিন্ন, ফস্ফরাস্ দ্বারা প্রস্রাবে লিউসিন্ ও টাইরোসিন্ প্রকাশ পায়। ফস্ফরাস্ যকৃতের উপর কার্য্য করিয়া ইউরিয়ার পরিমাণ বৃদ্ধি করে; তাহার প্রমাণ এই যে, ফস্ফরাস্ দ্বারা বিষাক্ত হইলে যকৃতের সাতিশয় মেদাপকর্ষ উপস্থিত হয়, এবং পাণ্ডু রোগ উৎপাদিত হয়। অপরাপর ঔষধ-দ্রব্য সকল যকৃতের উপর কার্য্য করিয়া ক্রিয়া দর্শায় কি না তদ্বিষয়ে সন্দেহস্থল। য়্যাণ্টিমনি ও আর্সেনিক্ অধিক মাত্রায় কিছু কাল প্রয়োগ করিলে উভয়ের দ্বারাই সার্ব্বাঙ্গিক মেদাপকর্ষ উৎপাদিত হয়। প্রস্রাবে ইউরিয়ার পরিমাণ বৃদ্ধি করিতে হইলে এই সমুদয় ঔষধ-দ্রব্যকে প্রায় বিষ-মাত্রায় প্রয়োগ আবশ্যক; কিন্তু এ উদ্দেশ্যে ইহাদের আময়িক প্রয়োগ হয় না।

অহিফেন, কল্‌চিকাম্, সুরাবীর্য্য ও কুইনাইন্ দ্বারা নিঃসৃত ইউরিয়ার পরিমাণ হ্রাস হয়।

শ্রেণী ১০। যে সকল ঔষধ-দ্রব্য স্নায়বীয় ও পৈশিক বিধানের উপর কার্য্য করে।

ক। যে সকল ঔষধ দ্রব্য পেশী সকলের উপর কার্য্য করে।—ইহাদের এই ক্রিয়ার নিমিত্ত ঔষধরূপে ব্যবহৃত হয় না। ডাং লডার্ ব্রাণ্টন্ ইহাদিগকে নিম্নলিখিতরূপে শ্রেণী বিভাগ করেন,—

১। যে সকল পেশীয় বিষ দ্বারা পেশীর উত্তেজনীয়তার কোন বৈলক্ষণ্য হয় না, পেশীর কার্য্য-করণ-ক্ষমতার হ্রাস হয়;—য়্যাপোমর্ফাইন্, ডেল্‌ফাইন্, সেপোনাইন্, তাম্র, দস্তা ও ক্যাড্‌মিয়াম্, এবং অধিক মাত্রায় য়্যাণ্টিমনি, আর্সেনিক্, প্ল্যাটিনাম্, লৌহ।

২। যাহাদের দ্বারা পেশীর উত্তেজনশীলতা ও কার্য্যক্ষমতা উভয়েরই হ্রাস হয়: যথা,—পোটাসিয়াম্, লিথিয়াম্, য়্যামোনিয়াম্, কুইনাইন্, য়্যাল্‌কোহল্, ক্লোর‍্যাল্, ক্লোরোফর্ম্।

৩। যাহারা পেশীর কার্য্যক্ষমতা হ্রাস করে, ও উত্তেজনশীলতা সাতিশয় অনিয়মিত করে,—সীস, এমেটিন্ ও কোকেয়িন্।

৪। যাহাদের দ্বারা পেশীর "কার্ভের" আকার পরিবর্ত্তিত হয়;—ভেরেট্রাইন্, বেরিয়াম্, ষ্ট্রন্‌শিয়াম্ ও ক্যাল্‌সিয়াম্-ঘটিত লবণ সকল, ডিজিটেলিন্ এবং স্কুইল্।

৫। যাহা দ্বারা উত্তেজনশীলতা বৃদ্ধি পায়;—ফাইসষ্টিগ্‌মিন্।

৬। যাহাদের দ্বারা পেশীর কার্য্য-ক্ষমতা বৃদ্ধি পায়;—কেফীন্ ও থিয়োব্রোমিন্।

খ। যে সকল ঔষধ-দ্রব্য সঞ্চালন-বিধায়ক স্নায়ুসকলের কেন্দ্র হইতে দূরবর্ত্তী অন্তসকলের উপর কার্য্য করে।—এই সকল ঔষধ-দ্রব্যের মধ্যে উরারির ক্রিয়া সম্বন্ধে বিশেষ পরীক্ষা করা হইয়াছে; এবং ইহাতে স্থিরীকৃত হইয়াছে যে, উরারি দ্বারা পেশী-মধ্যস্থ সঞ্চালক স্নায়ুসকল, সম্ভবতঃ উহাদের অন্তসকল, পক্ষাঘাতগ্রস্ত হয়।

নিম্নলিখিত ঔষধ-দ্রব্য সকল পেশীমধ্যস্থ সঞ্চালক স্নায়ুর অন্তসকলকে পক্ষাঘাত-গ্রস্ত করে;—উরারি, কোনায়াম্, বেলাডোনা (য়্যাট্রোপাইন্), ষ্ট্র্যামোনিয়াম্, হাইয়োসায়েমাস্, সেপোনাইন্, স্পার্টিন্, য়্যামিল্ নাইট্রাইট্, ডাইলুটেড্ হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্, কোকেয়িন্, ক্যাম্ফর্, লোবেলিন্, নাইকোটাইন্, মিথিল্ ক্রুসিন্, ইত্যাদি। এতন্মধ্যে উরারি ও কোনায়াম্ সর্ব্বপ্রধান। ইহাদের এই ক্রিয়া উৎপাদন উদ্দেশ্যে কখনই আময়িক প্রয়োগ করা হয় না।

যে সকল ঔষধ-দ্রব্য পেশী-মধ্যস্থ সঞ্চালক স্নায়ুর অন্তসকলকে উত্তেজিত করে;—য়্যাকোনাইট্, নাইকোটাইন্, পাইলোকার্পিন্, পাইরাইডিন্, ষ্ট্রিক্‌নাইন্ (সামান্য মাত্র)। ষ্ট্রিক্‌নাইন্ ভিন্ন, এ উদ্দেশ্যে এই শ্রেণীর ঔষধ-দ্রব্য সকল ব্যবহৃত হয় না; কোন কোন স্থলে যে, ষ্ট্রিক্‌নাইন্ দ্বারা উপকার দর্শে, সম্ভবতঃ তাহা সঞ্চালন-বিধায়ক স্নায়ু সকলের উপর উহার স্বল্প ক্রিয়া বশতঃ প্রকাশ পায়।

গ। যে সকল ঔষধ-দ্রব্য চৈতন্যোৎপাদক স্নায়ু ... র কেন্দ্র হইতে দূরবর্ত্তী অন্তে (পেরিফেরাল্ এণ্ডিঙ্গ্‌স্) ... করে (বিশেষ ইন্দ্রিয় সকলের স্নায়ু ভিন্ন)।—

যাহারা চৈতন্যোৎপাদক স্নায়ু সকলের অন্ত উত্তেজিত করে।— ইহাদিগকে স্থানিক প্রয়োগ করিলে বেদনা উৎপাদিত হয়। ইহারাই স্থানিক রক্তপ্রণালীর উগ্রতাসাধক ঔষধ সমুদয়, এতৎসম্বন্ধে পূর্ব্বে উল্লেখ করা হইয়াছে (পৃষ্ঠা ৩১); ফলতঃ ইহাদের অধিকাংশ ঔষধ-দ্রব্য দ্বারা প্রদাহ উৎপাদিত হইয়া বেদনা উপস্থিত হয়। ইহাদের তালিকার পুনরুল্লেখ অপ্রয়োজন।

আময়িক প্রয়োগ। স্থানিক উগ্রতা-সাধক ঔষধসকল রক্তপ্রণালী সকলের উপর উহাদের ক্রিয়ার নিমিত্ত ব্যবহৃত হয়। এ ভিন্ন, ইহারা প্রত্যুগ্রতা-সাধক; সুতরাং চর্ম্মোপরি প্রয়োগ করিলে যদিও স্থানিক বেদনা উৎপাদন করে, কিন্তু তাহাতে গভীরস্থিত বেদনার উপশম হয়। যদিও স্নায়ুকেন্দ্র হইতে দূরবর্ত্তী স্নায়ু-অন্তে, অর্থাৎ যে স্থানে ঔষধ প্রয়োজিত হইয়াছে তথায়, বেদনা বোধ হয়, কিন্তু স্নায়ুকেন্দ্রে ইহার প্রকৃত অনুভূতি হইয়া থাকে; এ কারণ মূর্চ্ছা, অহিফেন দ্বারা বিষাক্ত হওন, আদিতে রোগীর সংজ্ঞা পুনরানয়নের নিমিত্ত চর্ম্মের স্নায়ুসকলকে উত্তেজিত করা হয়। অপর, স্নায়ু-অন্ত উত্তেজিত করিলে হৃৎপিণ্ড ও শ্বাসপ্রশ্বাস প্রতিফলিতরূপে উত্তেজিত হয়। পূর্ব্বোক্ত স্থলসকলে ত্বরিত কার্য্য করে এরূপ উত্তেজক প্রয়োজ্য, সুতরাং চর্ম্মোপরি তড়িৎ-উত্তেজনা প্রয়োগ সর্ব্বোৎকৃষ্ট।

যে সকল ঔষধ-দ্রব্য চৈতন্য-বিধায়ক স্নায়ু-অন্ত সকলকে অবসন্ন করে।— ইহারা দুই প্রকার;—যাহারা কেবল বেদনার উপশম করে, তাহাদিগকে স্থানিক বেদনা-নিবারক বলে; এবং যাহারা চৈতন্য হ্রাস করে, তাহাদিগকে স্থানিক চৈতন্য-হারক বা স্পর্শ-হারক বলে।

স্থানিক বেদনা-নিবারক ঔষধ সকল;—বেদনা বর্ত্তমান না থাকিলে ইহাদের ক্রিয়া প্রকাশ পায় না,—য়্যাকোনাইট্, কার্বলিক্ য়্যাসিড্, মেন্থল, ডাইলুটেড্ হাইড্রোসিয়ানিক্ য়্যাসিড্, বাইকার্বনেট্ অব্ সোডিয়াম্, ঈথার্, য়্যাল্‌কোহল্ ক্লোরোফর্ম্ (এই শেষোক্ত তিনটি উৎপাতিত হইতে দিতে হইবে), ক্লোর‍্যাল্, বেলাডোনা, ষ্ট্র্যামোনিয়াম্ হাইয়োসায়েমাস্, অহিফেন, ভেরাট্রিয়া, অক্সাইড্ অব্ জিঙ্ক। এই তালিকার সর্ব্বাপেক্ষা যাহাদের ক্রিয়া প্রবল, তাহাদিগকে সর্ব্বপ্রথমে উল্লেখ করা হইয়াছে। এতদ্ভিন্ন, অন্যান্য বিবিধ ঔষধ-দ্রব্য স্থানিক বেদনা-নিবারক বলিয়া কথিত আছে, কিন্তু তাহাদের এই ক্রিয়া সম্বন্ধে সন্দেহ। শৈত্য দ্বারা স্পর্শ শক্তি প্রবলরূপে অবসাদগ্রস্ত হয়, এবং এ

কারণ ইহা উৎকৃষ্ট স্থানিক বেদনা-নিবারক; অপর, উত্তাপ উৎকৃষ্ট বেদনা-নিবারক; স্থানিক রক্তসঙ্কোপ বশতঃ বেদনা উপস্থিত হয়, উত্তাপ দ্বারা রক্তপ্রণালী সকল প্রসারিত হয় ও তন্নিবন্ধন বেদনা নিবারিত হয়।

বিবিধ প্রকার বেদনাযুক্ত পীড়ায় স্থানিক বেদনা-নিবারক ঔষধ সকল ব্যবহৃত হয়। সম্ভবপর হইলে সর্ব্বাগ্রে বেদনা উৎপাদক কারণ নিরাকরণ প্রয়োজন; কিন্তু অনেক স্থলে, যথা স্নায়ু-শূল ও বিবিধ প্রকার কণ্ডুয়ন (প্রুরাইটিস্) রোগে, এতদসম্ভব হয়;

স্থানিক স্পর্শ-হারক ঔষধ সকল;—কোকেয়িন্, কার্বলিক্ য়্যাসিড্, অত্যধিক শৈত্য (বরফ দ্বারা বা ঈথারের স্প্রে দ্বারা উৎপাদিত)। পূর্ব্বে এই স্প্রে সামান্য অস্ত্র-চিকিৎসা আরম্ভের অগ্রে স্থানিক স্পর্শ-লোপের নিমিত্ত ব্যবহৃত হইত; কিন্তু এক্ষণে এতৎ পরিবর্ত্তে কোকেয়িন্ প্রয়োজিত হয়, ইহাদ্বারা অধিকতর স্থানিক চৈতন্য-লোপ হয়।

ঘ। যে সকল ঔষধ-দ্রব্য স্নায়ুকাণ্ডের উপর কার্য্য করে।—ইহাদিগকে দীর্ঘকাল সেবন করিলে স্নায়ুসকলের পুরাতন প্রদাহ উৎপাদিত হয়; স্নায়ুসূত্র সকলের ব্যবধানে সৌত্রিক তন্তু সাতিশয় বৃদ্ধি পায় এবং স্নায়ু-সূত্র সকলের মেদাপকর্ষ উপস্থিত হয়। প্রথমাবস্থায় স্নায়ুসকলের উগ্রতা বশতঃ অত্যন্ত বেদনা ও চিন্‌চিনি উপস্থিত হয়, পরে, যেমন উহাদের ক্রিয়া লোপ হইতে থাকে, অসাড়তা, স্পর্শ-শক্তির লোপ ও পরিশেষে পক্ষাঘাত উপস্থিত হয় এবং সচরাচর এতৎসঙ্গে পোষণ ক্রিয়ার ব্যাঘাত ঘটে।

যে সকল ঔষধ-দ্রব্য দ্বারা স্নায়ু-অস্তের প্রদাহ (পেরিফ্যাল্ নিউরাইটিস্) উৎপাদন করে;—সীস, পারদ, আর্সেনিক্, সুরাবীর্য্য।

ঙ। যে সকল ঔষধ-দ্রব্য কশেরুকা-মজ্জার উপর কার্য্য করে।—বিবিধ প্রকার পরীক্ষা দ্বারা স্থিরীকৃত হইয়াছে যে, নিম্নলিখিত ঔষধ-দ্রব্য সকল মজ্জার সম্মুখ শৃঙ্গের (য়্যাণ্টিরিয়র্ কর্ণিউ) উত্তেজনীয়তা বৃদ্ধি করে,—

ষ্ট্রিক্‌নাইন্, ক্রুসিন্, য়্যামোনিয়া, থেবেইন্, ক্লোরোফর্ম্, ঈথার, আর্গট্, অহিফেন। শেষোক্ত চারিটি ঔষধের ক্রিয়া সামান্য মাত্র, এবং উহাদের ক্রিয়া প্রকাশের প্রথমাবস্থায় এইরূপে কার্য্য করে।

আময়িক প্রয়োগ। কশেরুকা-মজ্জার পীড়ায় সম্মুখ-শৃঙ্গ উত্তেজিত করিবার চেষ্টা দ্বারা কদাচিৎ কোন ফল আশা করা যায়, কিন্তু কথন কথন কশেরুকা-মজ্জার পীড়া-জনিত পক্ষাঘাত রোগে ষ্ট্রিক্‌নাইন্ প্রয়োজিত হয়।

যে সকল ঔষধ-দ্রব্য দ্বারা সম্মুখ-শৃঙ্গের (য়্যাণ্টিরিয়র্ কর্ণিউয়া) ক্রিয়া অবসাদগ্রস্ত হয়;—

ফাইসষ্টিগ্‌মিন্‌, ব্রোমাইড্‌ সকল, সুরাবীর্য্য, ক্লোরোফর্ম্‌, ঈথার্‌, আর্গট্‌, অহিফেন, পারদ,দস্তা-ঘটিত ঔষধ সকল, রৌপ্যঘটিত লবণ সকল, সোডিয়াম্‌ ঘটিত লবণ সকল, পোটাসিয়াম্‌ ঘটিত লবণ সকল. লিথিয়াম্‌ ঘটিত লবণ সকল, য়্যান্টিমনি ঘটিত লবণ সকল, আর্সেনিক্‌ ঘটিত লবণ সকল, কর্পূর, নাইট্রাইট্‌ অব্‌ য়্যামিল্‌ নাইট্রেট্‌ অব্‌ সোডিয়াম্‌, ক্লোর্যাল্‌, কার্বলিক্‌ য়্যাসিড্‌, য়্যাপোমর্ফাইন্‌, ভেরেট্রাইন্‌, টার্পেণ্টাইন্‌, স্যাপোনাইন্‌, এমেটিন্‌, জেল্‌সিমিয়াম্‌। এতন্মধ্যে য়্যাপোমর্ফাইন্‌, সুরাবীর্য্য, ক্লোরোফর্ম্‌, ঈথার্‌, আর্সেনিক্‌, কর্পূর, মর্ফাইন্‌, কার্বলিক্‌ য়্যাসিড্‌, ক্লোর্যাল্‌, নাইকোটিন্‌ ও ভেরেট্রাইন্‌ অবসাদ ক্রিয়া প্রকাশ করিবার পুর্ব্বে স্বল্প মাত্র উত্তেজন-ক্রিয়াপ্রকাশ করে।

আময়িক প্রয়োগ।—কশেরুকা-মজ্জার উপর এই সকল ঔষধ-দ্রব্যের ক্রিয়া প্রকাশার্থ আদৌ প্রয়োজিত হয় না। কশেরুকা-মজ্জার উপর ফাইসষ্টিগ্‌মিনের ক্রিয়া সর্ব্বাপেক্ষা প্রবল, এবং এ কারণ কখন কখন দ্রুতাক্ষেপ সহবর্ত্তী ধনুষ্টঙ্কার আদি অনির্দ্দিষ্ট স্নায়বীয় পীড়া সকলে ব্যবহৃত হয়।

কশেরুকা-মজ্জার পশ্চাৎস্তম্ভের স্ক্লেরোসিস্‌ উৎপাদনে আর্গট্‌ বিশেষ ক্রিয়া দর্শায়। সীস দ্বারা কখন কখন মজ্জার সম্মুখ-শৃঙ্গের বিশীর্ণন উৎপাদিত হয়, এবং দীর্ঘকাল অপরিমিত সুরা পান বশতঃ সমগ্র মজ্জায় স্বল্প অপকর্ষ ঘটিতে পারে।

চ। যে সকল ঔষধ-দ্রব্য মস্তিষ্কের উপর কার্য্য করে;—এই সকল ঔষধ-দ্রব্য মস্তিষ্কের স্থান-বিশেষে কিরূপে কার্য্য করে তাহা সুনিশ্চিতরূপে নির্ণয় করা যায় না। মস্তিষ্কে কার্য্যকারক ঔষধ সকল দ্বারা দুইটি প্রধান সাধারণ নিয়ম প্রতিপন্ন হয়।

প্রথম এই যে, যদি কোন ঔষধ-দ্রব্য দ্বারা ভিন্ন ভিন্ন মাস্তিষ্ক্য ক্রিয়া ক্রমে ক্রমে আক্রান্ত হয়, তাহা হইলে যে মাস্তিষ্ক্য ক্রিয়া সর্ব্বোৎকৃষ্ট পরিবর্দ্ধন প্রাপ্ত হইয়াছে তাহারাই সর্ব্বপ্রথমে আক্রান্ত হয়; অর্থাৎ যে মাস্তিষ্ক্য ক্রিয়া সর্ব্ব প্রথমে ঔষধ-দ্রব্যের ক্রিয়াগত হয়, তাহা সেই ব্যক্তি দ্বারা সর্ব্বশেষে অর্জ্জিত ও মনুষ্যে তাহা সর্ব্বশেষে প্রকাশ পায়। এতৎপরে ক্রমে নিকৃষ্টতর হইতে নিকৃষ্টতর মাস্তিষ্ক্য ক্রিয়া আক্রান্ত হয়; এবং পরিশেষে নিকৃষ্টতম ক্রিয়া, যথা,—শ্বাস ও রক্ত-সঞ্চালন ক্রিয়া আক্রান্ত হয়। সুরাবীর্য্যের ক্রিয়া এই নিয়মের অতি উৎকৃষ্ট উদাহরণ; সুরাবীর্য্য দ্বারা সর্ব্বপ্রথমে বুদ্ধি-বৃত্তির ক্রিয়া, বিশেষতঃ বুদ্ধি-বৃত্তির সর্ব্বশ্রেষ্ঠ ক্রিয়া, যথা,—বিচার-শক্তি ও বিবেচনা-শক্তি, (যে সকল শক্তি সকলের শেষে পরিবর্দ্ধিত) বিকারগ্রস্ত হয়; তৎপরে সঞ্চালন-শক্তির বিকার ঘটে; এবং সর্ব্বশেষে শ্বাসপ্রশ্বাস ও রক্তসঞ্চলনের লোপ বশতঃ মৃত্যু উপস্থিত হয়।

মস্তিষ্কের উপর কার্য্যকারক ঔষধ-দ্রব্য সকল সম্বন্ধে আর একটি নিয়ম এই যে, কোন ঔষধ-দ্রব্য মধ্যবিধ মাত্রায় প্রয়োগ করিলে যদি মাস্তিষ্ক্য ক্রিয়া উত্তেজিত করে, অধিক মাত্রায় সচরাচর উহার পক্ষাঘাত উৎপাদন করিয়া থাকে। উদাহরণ,—কোন ব্যক্তিকে ক্লোরোফর্ম্ প্রয়োগ করিলে, প্রয়োগের অনতিপরে সে বিশৃঙ্খলভাবে ইতস্ততঃ হস্ত পদ ছুড়িতে থাকে, কিন্তু পরিশেষে মাত্রাধিক্য হইলে সে সম্পূর্ণ গতিবিহীন হইয়া পড়িয়া থাকে। মাস্তিষ্ক্য উত্তেজক ঔষধসকল নিদ্রাকারক হইয়া কার্য্য করিয়া থাকে।

যে সকল ঔষধ-দ্রব্য মস্তিষ্কের সঞ্চলন-বিধায়ক স্নায়ুকেন্দ্রের উপর কার্য্য করে।—

নিম্নলিখিত ঔষধ-দ্রব্য সকল দ্বারা মস্তিষ্কস্থ সঞ্চালক ক্ষেত্রের কোষ সকলের ক্রিয়া হ্রাস হয়;—য়্যাল্‌কোহল্, স্পর্শহারক ঔষধ সকল; ক্লোর‍্যাল্; ব্রোমাইড্ অব্ পোটাসিয়াম্; ব্রোমাইড্ অব্ সোডিয়াম্; ব্রোমাইড্ অব্ য়্যামোনিয়াম্।

ব্রোমাইড ঘটিত লবণ সকলের এই ক্রিয়া বশতঃ উহারা মৃগী রোগে ও অন্যান্য দ্রুতাক্ষেপসংযুক্ত পীড়ায় বিস্তর ব্যবহৃত হয়।

নিম্নলিখিত ঔষধ-দ্রব্যসকল দ্বারা মস্তিষ্কের বাহ্যাংশের (কর্টেক্স্) সঞ্চালন কোষ সকল উত্তেজিত হয়;—

য়্যাট্রোপাইন্; য়্যাব্‌সিন্থ্; ষ্ট্রিক্‌নাইন্; ফাইসষ্টিগ্‌মিন্। ইহাদের এই ক্রিয়া উদ্দেশ্যে আময়িক প্রয়োগ হয় না।

সাধারণ মাস্তিষ্ক্য উত্তেজক ঔষধ সকল।—ইহাদের দ্বারা মানসিক বৃত্তি সকল উত্তেজিত হয়, তৎপরে অধিকাংশ স্থলে প্রলাপ ও অসঙ্গত কার্য্যাদি পরিলক্ষিত হয়। ভিন্ন ভিন্ন স্থলে প্রলাপের কথঞ্চিৎ প্রকার-ভেদ দৃষ্ট হইয়া থাকে।

মাস্তিষ্ক্য উত্তেজক ঔষধ সকল,—বেলাডোনা; ষ্ট্র্যামোনিয়াম্; হাইয়োসায়েমাস্; সুরাবীর্য্য; ক্লোরোফর্ম্; ঈথার্; নাইট্রাস্ অক্সাইড্; কফী; চা; গোয়ারানা; কোকা; ক্যানেবিস্ ইণ্ডিকা; লপ্যুলাস্; অহিফেন; স্যাণ্টোনিন্; ক্যাম্ফর্; কুইনাইন্; স্যালিসিলিক্ য়্যাসিড্; তামাক।

ইহাদের মধ্যে অনেকগুলি মাস্তিষ্কেয় উত্তেজকরূপে অভ্যাসক্রমে ব্যবহৃত হইয়া থাকে; যথা,—সুরা, চা, কফী, তামাক, অহিফেন, গাঁজা, কোকা। মস্তিষ্ক উত্তেজনার্থ ঔষধরূপে প্রয়োগ আবশ্যক হইলে সচরাচর ইহাদের মধ্যে কোন একটি প্রয়োজিত হইয়া থাকে। পূর্ব্বোক্ত তালিকার অবশিষ্ট ঔষধ-দ্রব্য সকল শারীর বিধানে উহাদের অন্যান্য ক্রিয়া প্রকাশ অভিপ্রায়ে সচরাচর ব্যবহৃত হয়। এই শ্রেণীর বিভিন্ন

ঔষধ-দ্রব্যের উত্তেজন-ক্রিয়া পর্য্যবসিত হইয়া সত্বর অবসাদে পরিণত হয়।

সাধারণ মাস্তিষ্কেয় অবসাদক ঔষধ সকল ;—সচরাচর ইহাদিগকে তিন শ্রেণীতে বিভক্ত করা হয় ; যথা—নিদ্রাকারক (হীপ্‌নটিক্স্‌ বা সোপরিফিক্স্‌), মাদক (নার্কটিক্স্‌), স্পর্শহারক (য়্যানীস্থেটিক্স্‌)।

নিদ্রাকারক ঔষধ সকল।—ইহাদের দ্বারা স্বাভাবিক নিদ্রার অনুরূপ নিদ্রা আনীত হয়। নিদ্রাকালীন মস্তিষ্ক রক্তাল্পতাগ্রস্ত হয়, এবং এরূপ অনুমিত হয় যে, এই রক্তাল্পতাই নিদ্রার কারণ। সম্ভবতঃ কতকগুলি নিদ্রাকারক ঔষধ মস্তিষ্কের রক্তাল্পতা উৎপাদিত করিয়া কার্য্য করে।

নিদ্রাকারক ঔষধ সকল.—অহিফেন্‌ ; মর্ফাইন্‌ ; ক্লোর‍্যাল্‌ হাইড্রেট্‌ ; বিউটিল্‌ ক্লোর‍্যাল হাইড্রেট্‌ ; ব্রোমাইড ঘটিত লবণ সকল ; হাইয়োসায়েমাস্‌ ; গাঁজা ; প্যারাল্‌ডিহিড্‌ ; সাল্‌ফোন্যাল্‌ ; ক্লোর‍্যালেমাইড্‌ ইউরেথেন্‌ ; ল্যপুলান্‌ ; সুরাবীর্য্য ; ল্যাক্‌টিউকা।

আময়িক প্রয়োগ।—অনিদ্রাগ্রস্ত ব্যক্তির নিদ্রা উৎপাদনার্থ ইহারা ব্যবহৃত হয় ; কিন্তু অনিদ্রা-উৎপাদক কারণ দূরীকরণ ইহার প্রধান চিকিৎসা। মস্তিষ্ক ভিন্ন, দেহের অন্যান্য স্থানের রক্তপ্রণালী সকল প্রসারিত হইলে নিদ্রার উদ্রেক হয় ; যথা,—উষ্ণ স্নান বা যথেষ্ট ভোজনের পর, নিদ্রা আনীত হয়। নিদ্রাকারক ঔষধ সকলের অনেক স্থলে অপব্যবহার হইতে দেখা যায়। নিয়মিত সেবন করিলে অভ্যস্ত হইয়া পড়ে, এবং এমন কি পরে অধিক মাত্রাতেও নিদ্রা হয় না। নিদ্রাকারক ঔষধ সকলের মধ্যে ক্লোর‍্যাল্‌, ব্রোমাইড্‌ ঘটিত লবণ সকল ও ক্লোর‍্যালেমাইড্‌ বিশেষ ফলপ্রদ।

মাদক (নার্কটিক্‌) ঔষধ সকল।—ইহাদের দ্বারা কেবল যে, নিদ্রা উৎপাদিত হয় এমত নহে, অধিক মাত্রায় সেবন করিলে শ্বাস-ক্রিয়া ও রক্তসঞ্চালন-ক্রিয়ার অবসাদ উপস্থিত করে। ইহাদের মধ্যে অনেকগুলি সার্ব্বাঙ্গিক স্পর্শহারক শ্রেণীর অন্তর্ভূত ; অপর গুলি, অপেক্ষাকৃত অল্প মাত্রায়, নিদ্রাকারক।

মাদক ঔষধ সকল।—সার্ব্বাঙ্গিক স্পর্শহারক ঔষধ সকল ; অহিফেন ; ক্লোর‍্যাল্‌ হাইড্রেট্‌ ; বেলেডোনা ; ষ্ট্রামোনিয়াম্‌ ; হাইয়োসায়েমাস্‌ ; সুরাবীর্য্য ; গাঁজা ; ল্যপুলান্‌। সকলগুলিই যথেষ্ট মাত্রায় প্রয়োজ্য।

আময়িক প্রয়োগ। কোন প্রকার উত্তেজনায় স্থৈর্য্য সম্পাদনার্থ ইহারা বিশেষ উপযোগী। ইহাদের মধ্যে অনেকগুলি, যথা অহিফেন ও বেলাডোনা, হৃৎপিণ্ডের পীড়ায় নিদ্রা উৎপাদন ও যন্ত্রণা নিবারণ করিয়া উপকার করে।

সার্ব্বাঙ্গিক স্পর্শহারক ঔষধ সকল।—ইহাদের দ্বারা সম্পূর্ণ চৈতন্য লোপ হয়, সুতরাং আর বেদনা অনুভূত হয় না; সঙ্গে সঙ্গে প্রতিফলিত ক্রিয়ার লোপ হয়। মস্তিষ্কের উপর কার্য্যকারক ঔষধ সকল সম্বন্ধে বর্ণনকালে (পৃষ্ঠা ৬৯) যে দুইটি নিয়মের উল্লেখ করা হইয়াছে, এ সকল ঔষধ সেই দুইটি নিয়ম প্রতিপাদনের উৎকৃষ্ট উদাহরণ; এবং যে অবস্থানিচয় এই নিয়মদ্বয়ের অধীন, কোন ব্যক্তিকে চৈতন্য-হারক ঔষধ প্রয়োগ করিলে সেই সকল অবস্থা স্পষ্ট প্রতীত হয়। যথা,—প্রথমে সর্ব্বোৎকৃষ্ট বুদ্ধিবৃত্তি, কল্পনা-শক্তি উত্তেজিত হয়, রোগী অলীক দর্শন ও অলীক শব্দ শ্রবণ করে, অতঃপর রোগী উচ্ছৃঙ্খলরূপে অসংলগ্ন বকিতে থাকে; কারণ কোন ঔষধ-দ্রব্য দ্বারা কোন ক্রিয়া উত্তেজিত হইলে, ঐ ক্রিয়া-উন্নতি সচরাচর অনিয়মিত হয়, এবং সম্পূর্ণ বিশৃঙ্খলতা উপস্থিত করে। এতদনন্তর মস্তিষ্কের বাহ্যাংশে (কর্টেক্স) স্থিত অন্যান্য সঞ্চালক কেন্দ্র সকল অনিয়মিতরূপে উত্তেজিত হয়; এ কারণ রোগী বিবিধ প্রকার অঙ্গভঙ্গি করিতে থাকে, এবং বাহু ও দেহ ইতস্ততঃ উচ্ছৃঙ্খলভাবে নিক্ষেপ করিতে থাকে। ইত্যবসরে শ্রেষ্ঠতর মানসিক বৃত্তি সকলের ক্ষণ-স্থায়ী উত্তেজনা স্থগিত হয়, এবং দৃষ্টি, শ্রবণ ও স্পর্শ-শক্তির জড়তা হয়, বিবেকশক্তির উপর কর্ত্তৃত্বের লাঘব হয়, ও সুতরাং সহজেই রোগী হাসিতে ও কাঁদিতে থাকে; এক্ষণে তাহার কার্য্যের বা কার্য্য-ফলের দায়িত্ব-জ্ঞান এককালে লোপ হয়। অপর, প্রতীত হইবে যে, পূর্ব্বোল্লিখিত নিয়মানুসারে (পৃষ্ঠা ৭০) মাস্তিষ্ক্য ক্রিয়া সকল অবসাদগ্রস্ত হয়। অনন্তর, মস্তিষ্কের সঞ্চালন-বিধায়ক ক্ষেত্রের উত্তেজনার পর, হৃৎপিণ্ড ও শ্বাস-ক্রিয়া উত্তেজিত হয়। নাড়ী ও শ্বাস প্রশ্বাস উভয়েরই সংখ্যা বৃদ্ধি পায়; রক্তসঞ্চাপ অধিক হয়, ও মুখমণ্ডল আরক্তিম হয়। অতঃপর, যে সকল ক্রিয়া পূর্ব্বে উত্তেজিত হইয়াছে এক্ষণে তাহারা অবসাদগ্রস্ত হয়; প্রথমে মস্তিষ্কের উন্নততর অংশের ক্রিয়া স্থগিত হয়, ও রোগীর সম্পূর্ণ সংজ্ঞা-লোপ হয়,—উজ্জ্বল আলোক, উচ্চ শব্দ, বা বেদনা উৎপাদিত হয় এরূপ কার্য্য দ্বারা রোগীকে জাগরিত করা যায় না; রোগী নিশ্চল, নিস্তব্ধ পড়িয়া থাকে, হস্ত-পদ

ইতস্ততঃ বিক্ষেপণ স্থগিত হয়; প্রতিফলিত ক্রিয়ার লোপ হয়, ও সুতরাং অক্ষি-ঝিল্লি স্পর্শ করিলে পলক পড়ে না; চরণতলে সুড়্ সুড়ি দিলে রোগী পদ সরাইয়া লয় না, কনীনিকা কুঞ্চিত হয়, এবং এতৎ-পূর্ব্বে নাড়ী ও শ্বাস-ক্রিয়া যে দ্রুতগতি প্রাপ্ত হইয়াছে তাহা হ্রাস হইয়া বিলক্ষণ মন্দগতি হয়। এই অবস্থায় রোগীর স্পর্শানুভাবকতার সম্পূর্ণ লোপ হয়; সুতরাং এই অবস্থায় রোগীর গাত্রে অস্ত্রচালনার উপযুক্ত সময়। সঞ্চলন-বিধায়ক কেন্দ্র অবসাদ-গ্রস্ত হইবার পর পৈশিক বলের অবসন্নতা উপস্থিত হয়, পেশী সকল সম্পূর্ণ শিথিল হয় এবং ভৌতিক উত্তেজনা দ্বারা উহাদিগকে উদ্রিক্ত করা যায় না। সন্ধিবিচ্যুতি পুনঃ সংস্থাপনার্থ, এবং সহজে ঔদরীয় যন্ত্রসমূহ হস্ত দ্বারা পরীক্ষার্থ এই পর্য্যন্ত মাদকতার প্রয়োজন। চৈতন্যহারক ঔষধ সকল এই পর্য্যন্তই প্রয়োজ্য। মাত্রা এতদধিক হইলে বিষম বিপৎ-পাতের সম্ভাবনা, অনৈচ্ছিক পেশী সকল শিথিল হয় ও উহাদের প্রতিফলিত উত্তেজনীয়তার লোপ হয়, সুতরাং সরলান্ত্র ও মূত্রাশয়ের অবরোধক (স্ফিঙ্ক্‌টার্) পেশী সকল শিথিল হয়। নাড়ী ও শ্বাস-প্রশ্বাসের অবসন্নতা বিদ্যমান থাকে; বক্ষঃসঞ্চালন ক্রমশঃ ক্ষীণতর ও মৃদুতর হয়; নাড়ী সাতিশয় ক্ষীণ, মন্দগতি ও অনিয়মিত হয়, এবং পরিশেষে হৃৎস্পন্দন প্রসারিতাবস্থায় বন্ধ হয়। অংশতঃ শ্বাস-ক্রিয়া ও অংশতঃ হৃৎপিণ্ডের ক্রিয়া বন্ধ হইয়া মৃত্যু হয়। চৈতন্য-হারক ঔষধের ক্রিয়াগত ব্যক্তি উহার ক্রিয়ার যে কোন অবস্থা হইতে আরোগ্য লাভ করিতে গেলে, শারীর ক্রিয়া সকল যে অনুক্রমে একে একে লোপ পাইয়াছিল, ঠিক তাহার বিপরীত অনুক্রমে একে একে সেই সকল শারীর ক্রিয়া প্রত্যাবর্ত্তন করে। সচরাচর কয়েক ঘণ্টা কাল-বিলম্বে রোগীর মানসিক বৃত্তি সকলের সমতা সংস্থাপিত হয়, এবং রোগী পেশী সকলের সঞ্চালনে সক্ষম হইলে পরও দীর্ঘকাল পর্য্যন্ত উহাদের সম-নিয়োগ করিবার ক্ষমতা থাকে না। ভিন্ন ভিন্ন চৈতন্য-হারক ঔষধ-ভেদে এবং ব্যক্তি-ভেদে ঔষধের ক্রিয়ার বিশেষ বিভিন্নতা লক্ষিত হয়।

সার্ব্বাঙ্গিক স্পর্শহারক ঔষধ সকল,—ক্লোরোফর্ম্; ঈথার্; নাইট্রাস্ অক্সাইড্; বাইক্লোরাইড্ অব্ মেথিলিন্; সুরাবীর্য্য ও ঈথার্ হইতে প্রস্তুত অন্যান্য বিবিধ পদার্থ।

আময়িক প্রয়োগ। অস্ত্রচিকিৎসায় বেদনানুভূত না হয়, সন্ধিবিচ্যুতিতে পেশী সকলের শৈথিল্য সম্পাদিত হয়, উদরীয় যন্ত্রাদি পরীক্ষা, কাল্পনিক অর্ব্বুদ (ফ্যাণ্টম্ টিউমার্) নিরূপণ, বেদনাতিশয্য (যথা,—প্রসববেদনা, পিত্তাশ্মরী বা মূত্রাশ্মরী জনিত শূল বেদনা) নিবারণ, ধনুষ্টঙ্কার, জলাতঙ্ক

আদি রোগে দ্রুতাক্ষেপাবস্থায় স্থৈর্য্য সম্পাদন, ইত্যাদি উদ্দেশ্যে চৈতন্য-লোপ করণার্থ ইহারা প্রয়োজিত হয়।

ছ। যে সকল ঔষধ-দ্রব্য চক্ষুর উপর কার্য্য করে।—

১। যে সকল ঔষধ-দ্রব্য কনীনিকার উপর কার্য্য করে।—

(অ) কনীনিকা-প্রসারক ঔষধ সকল (মাইড্রিয়েটিক্স্),—

(১) যাহারা তৃতীয় স্নায়ুর অন্তসকলের পক্ষাঘাত উৎপাদন করে,—১, য়্যাট্রোপাইন্ ; ২, হোমাট্রোপাইন্ ; ৩, ড্যাটুরাইন্ ; ৪, হাইয়োসায়েমাইন্ ; ৫, জেল্‌সিমাইন্ (সম্ভবতঃ) ; ৬, মাস্কেরাইন্ (সম্ভবতঃ)।

(২) যাহারা সমবেদক (সিম্প্যাথেটিক্) স্নায়ুর অন্তসকলকে উত্তেজিত করিয়া কার্য্য করে ;—কোকেয়িন্।

(৩) যাহারা স্নায়ুকেন্দ্রে কার্য্য করিয়া ক্রিয়া দর্শায় ;—চৈতন্য হারক ঔষধ সকলের ক্রিয়ার শেষাবস্থায়।

(আ) কনীনিকা-সঙ্কোচক ঔষধ সকল (মাইয়োটিক্স্)।

(১) যাহারা তৃতীয় স্নায়ুর অন্ত সকলকে উত্তেজিত করিয়া কার্য্য করে,—ফাইসষ্টিগ্‌মাইন্, পাইলোকার্পিন্, নাইকোটিন্ (সম্ভবতঃ)।

(২) যাহারা স্নায়ুকেন্দ্রে কার্য্য করিয়া ক্রিয়া দর্শায় ;—চৈতন্য-হারক ঔষধ সকল (ক্রিয়া প্রকাশের প্রথমাবস্থায়), অহিফেন।

আময়িক প্রয়োগ। কনীনিকা-প্রসারক ঔষধ সকল, বিশেষতঃ য়্যাট্রোপিন্ ও হোমাট্রোপিন্, অক্ষিবীক্ষণ যন্ত্র দ্বারা চক্ষু পরীক্ষার নিমিত্ত কনীনিকা-প্রসারণ উদ্দেশ্যে, এবং চক্ষু-যবনিকার (আইরিস্) সংযমন নিবারণ বা ছিন্ন করণ উদ্দেশ্যে ব্যবহৃত হয়। য়্যাট্রোপাইনের ক্রিয়ার প্রতিক্রিয়া সাধনার্থ, এবং চক্ষুর বেদনাজনক পীড়ায় চক্ষুমধ্যে অধিক আলোক প্রবেশ নিবারণার্থ কনীনিকা-সঙ্কোচক ঔষধ সকল, বিশেষতঃ ফাইসষ্টিগ্‌মিন্, ব্যবহৃত হয়।

২। যে সকল ঔষধ-দ্রব্য সিলিয়ারি পেশীর উপর কার্য্য করে ;—নিম্নলিখিত ঔষধ-দ্রব্য সকল দ্বারা দৃষ্টি-সংযোজন (য়্যাকমোডেশন্)-ক্রিয়ার বিকার বা পক্ষাঘাত ঘটে,—

১, য়্যাট্রোপাইন্ ; ২, ড্যাটুরিন্ ; ৩, হাইয়োসায়েমিন্ ; ৪, হোমাট্রোপাইন্ ; ৫, কোকেয়িন্ ; ৬, ফাইসষ্টিগ্‌মিন্ ; ৭, পাইলোকার্পিন্ ; ৮, জেল্‌সিমিন্।

য়্যাট্রোপিন্ (অধিক মাত্রায়), হাইয়োসায়েমিন্, ও ড্যাটুরিন্ দ্বারা চক্ষু-অভ্যন্তরীয় চাপ (টেন্‌শন্) বৃদ্ধি পায় ; এবং কোকেয়িন্ ও ফাইসষ্টিগ্‌মিন্ দ্বারা উহার হ্রাস হয়। জেল্‌সিমিন্ দ্বারা অক্ষিগোলকের বাহ্য পেশী সকল, বিশেষতঃ লেভেটর্ প্যাল্‌পিব্রী ও এক্‌ষ্টার্ণ্যাল্ রেক্টাস্

পেশী, অন্তিম স্নায়ু-সূত্রের উপর উহার ক্রিয়া বশতঃ, পক্ষাঘাতগ্রস্ত হয়। ষ্ট্রিক্‌নাইন্ দ্বারা নীলবর্ণ-দর্শন-ক্ষমতা বৃদ্ধি পায়। স্যাণ্টোনিন্ সেবন করিলে প্রথমে সমুদয় পাটলবর্ণ, পরে পীতবর্ণ দেখায়।

জ। যে সকল ঔষধ-দ্রব্য কর্ণের উপর কার্য্য করে।—কর্ণের উপর কার্য্যকারক ঔষধ সম্বন্ধে কিছুই জানা নাই। কুইনাইন্ ও স্যালিসিলিক্ য়্যাসিড্ দ্বারা কর্ণে বিবিধ শব্দ শ্রুত হয় ও কাণ ভোঁভোঁ করে।

ঝ। যে সকল ঔষধ-দ্রব্য সমবেদক (সিম্প্যাথেটিক্) স্নায়ু-বিধানের উপর কার্য্য করে।—রক্তপ্রণালী সকলের উপর ঔষধ-দ্রব্যের ক্রিয়া সম্বন্ধে বর্ণনকালে এ বিষয় উল্লিখিত হইয়াছে।

১১শ শ্রেণী। যে সকল ঔষধ-দ্রব্য জননেন্দ্রিয় সম্বন্ধীয় যন্ত্রের উপর কার্য্য করে।

ক। কামোদ্দীপক ঔষধ সকল (য়্যাফ্রোডিসিয়্যাক্স্)।—ইহাদের দ্বারা রতি-লালসা বৃদ্ধি পায়। বিবিধ প্রকারে এই ক্রিয়া সাধিত হইতে পারে। কটিদেশীয় কশেরুকা-মজ্জায় একটি স্নায়ুমূল অবস্থিতি করে, উহা উত্তেজিত হইলে লিঙ্গোচ্ছ্বাস উপস্থিত হয়; দেহের ভিন্ন ভিন্ন স্থান হইতে, প্রধানতঃ মস্তিষ্ক, ও জননেন্দ্রিয় বা তৎসন্নিহিত স্থান সকল হইতে, এই কেন্দ্রে আবেগ নীত হইয়া কেন্দ্রকে উত্তেজিত করে। এই কটিদেশীয় স্নায়ুকেন্দ্রের অবস্থা সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যের উপর নির্ভর করে, সুতরাং যে সকল ঔষধ-দ্রব্য দ্বারা স্বাস্থ্যোন্নতি হয় তাহারা পরোক্ষে কামোদ্দীপক।

নিম্নলিখিত ঔষধ-দ্রব্য সকল কামোদ্দীপক; ইহাদের ক্রিয়া-প্রণালী সম্বন্ধে কিছুই সুনিশ্চিত জানা যায় নাই;—

ষ্ট্রিক্‌নাইন্; ক্যান্থারাইডিস্; সুরাবীর্য্য; গাঁজা; কর্পূর; ফস্ফরাস্; ডেমিয়ানা।

খ। কামনাশক ঔষধ সকল (য়্যানাফ্রোডিসিয়্যাক্স্);—কটিদেশীয় স্নায়ুকেন্দ্রের উপর অবসাদ ক্রিয়া প্রকাশ করে এরূপ ঔষধ জানা নাই। যে উগ্রতা বশতঃ প্রতিফলিত রূপে কামোদ্দীপিত হইতেছে, অধিকাংশ কামনাশক ঔষধ সেই উগ্রতা হ্রাস বা নিরাকৃত করিয়া কার্য্য করে; সম্ভবতঃ কতকগুলি কামনাশক ঔষধ-দ্রব্য স্নায়ুকেন্দ্রের উপর কার্য্য করে।

নিম্নলিখিত ঔষধ-দ্রব্য সকল কামনাশক রূপে ব্যবহৃত হয়;—

ব্রোমাইড্ ঘটিত লবণ সকল; আইয়োডাইড্ অব পোটাসিয়াম্; অহিফেন; বেলাডোনা; হাইয়োসায়েমাস্; ডিজিটেলিস্; ষ্ট্র্যামোনিয়াম্; বিরেচক ঔষধ সকল।

গ। জরায়ু-সঙ্কোচক ঔষধ সকল (একবোলিক্স্ বা অক্সি-টক্সিক্স্)।—যে সকল ঔষধ দ্বারা, প্রসবকালে বা প্রসবের অব্যবহিত পরে, জরায়বীয় ক্রিয়া বৃদ্ধি পায়;—

আর্গট্, কুইনাইন্; স্যাভিন্; হাইড্রাষ্টিন্; রিউ; প্রবল বিরেচক ঔষধ সকল। ইহাদের মধ্যে আর্গট্ সর্ব্বপ্রধান। কখন কখন ইহাদের মধ্যে কোন কোন ঔষধ-দ্রব্য সসত্ত্ব জরায়ুর উপর কার্য্য করিয়া গর্ভপাত উৎপাদন করে। অবৈধ গর্ভস্রাবের নিমিত্ত ইহারা ব্যবহৃত হইয়া থাকে।

ঘ। রজোনিঃসারক ঔষধ সকল (এমিনেগগস্),—ইহাদের দ্বারা রজোনিঃসরণ বৃদ্ধি পায়। রজোনিঃসরণ হ্রাস, বিবিধ রোগে লক্ষণরূপে প্রকাশ পায়, সুতরাং বিবিধ ঔষধ দ্বারা এই লক্ষণের প্রতিকার হয়, ও উহারা পরোক্ষ সম্বন্ধে রজোনিঃসারক হয়। এতদ্ভিন্ন কতকগুলি ঔষধ-দ্রব্য ঋতুস্রাব বৃদ্ধি করিয়া কার্য্য করে;—

সমুদয় জরায়ু-সঙ্কোচক ঔষধ; হিঙ্গু; গন্ধবোল; গোয়েকাম্; ক্যান্থারাইডিস্; সোহাগা।

বিরেচক ঔষধ, লৌহ, ম্যাঙ্গেনিজ্, কড্‌লিভার্ তৈল, ও ষ্ট্রিক্‌নাইন্, স্বাস্থ্যোন্নতি সাধন করিয়া পরোক্ষ সম্বন্ধে রজোনিঃসারক হইয়া কার্য্য করে। উষ্ণ পাদ-স্নান বা কটি-স্নান, বিশেষতঃ স্নান-জল সর্ষপ-চূর্ণ মিশ্রিত হইলে, ঋতু-স্রাব প্রকাশের সহায়তা করে।

ঙ। যে সকল ঔষধ-দ্রব্য জরায়বীয় ক্রিয়ার অবসাদ উপস্থিত করে। ইহারা সসত্ত্বা জরায়ুর সঙ্কোচন দমনার্থ ব্যবহৃত হয়;—

ব্রোমাইড্ ঘটিত লবণ সকল; অহিফেন; ক্লোর‍্যাল্; গাঁজা; ক্লোরোফর্ম্; টার্টারেটেড্ অ্যান্টিমনি।

চ। যে সকল ঔষধ-দ্রব্য দুগ্ধনিঃসরণের উপর কার্য্য করে।—

১। দুগ্ধনিঃসারক ঔষধ সকল (গ্যাল্যাক্টোগগস্),—ইহাদের দ্বারা দুগ্ধনিঃসরণ বৃদ্ধি পায়।—

জেবরাণ্ডি ও সুরাবীর্য্য। এতদুভয়ের মধ্যে জেবরাণ্ডির ক্রিয়া সাতিশয় প্রবল; কিন্তু সত্বরই ইহার ক্রিয়া নিঃশেষিত হয়। সুরাবীর্য্যের ক্রিয়া অত্যন্ত ক্ষীণ। দুগ্ধ-নিঃসরণ ক্রিয়া সার্ব্বাঙ্গিক স্বাস্থ্যের উপর এত দূর নির্ভর করে যে, যথেষ্ট দুগ্ধ-স্রাবণ সাধিত হইতে গেলে যত দূর সম্ভব স্বাস্থ্য উন্নত রাখা প্রয়োজন।

২। দুগ্ধনিঃসরণ রোধক ঔষধ সকল (য়্যান্টিগ্যাল্যাক্টোগগস্)।—ইহাদের দ্বারা দুগ্ধ-স্রাবণ হ্রাস হয়।

বেলাডোনা, আভ্যন্তরিক বা বাহ্যপ্রয়োগে, সম্ভবতঃ স্বেদ-গ্রন্থি সকলের ন্যায় স্তন-গ্রন্থির উপর কার্য্য করিয়া এই ক্রিয়া দর্শায়।

নিম্নলিখিত ঔষধ-দ্রব্য সকল শোষিত হইলে দুগ্ধ দ্বারা নির্গত হয়, সুতরাং স্তন্যপায়ী সন্তানে ইহাদের ক্রিয়া প্রকাশ পায় ;—অয়িল্ অব্ য়্যানিস্, অয়িল্ অব্ ডিল্, রসুন, টার্পিন্ তৈল, অয়িল্ অব্ কোপেবা, সম্ভবতঃ সমুদয় বায়ী তৈল, গন্ধক, রেউচিনি, সোণামুখী, জ্যালাপ্, স্ক্যামনি, ক্যাষ্টর্ অয়িল্, অহিফেন, আইয়োডিন্, নীল, য়্যাণ্টিমনি, আর্সেনিক্, বিস্‌মাথ্, লৌহ, সীস, পারদ, দস্তা, আইয়োডাইড্ অব্ পোটাসিয়াম্। সুতরাং এই সকল ঔষধ-দ্রব্য মাতাকে বা স্তন্য-ধাত্রীকে বিশেষ সাবধানে প্রয়োজ্য ; কারণ, যদি স্তন্য-ধাত্রীকে কোপেবা বা টার্পেণ্টাইন্ প্রয়োগ করা যায়, তাহা হইলে দুগ্ধ এত কদর্য্য আস্বাদ হয় যে, শিশু তাহা পান করে না ; পূর্ব্বোক্ত বিরেচক ঔষধ সকল ধাত্রীকে প্রয়োজিত হইলে শিশুর উদরাময় উৎপাদিত হইবার সম্ভাবনা। স্তন্য-ধাত্রীকে অধিক মাত্রায় অহিফেন প্রয়োগ নিষিদ্ধ। অপর, শিশুকে পারদ, আর্সেনিক্ ও আইয়োডাইড্ অব্ পোটাসিয়াম্ প্রয়োগ করিতে হইলে স্তন্য-ধাত্রীকে এতৎ প্রয়োগ করা যায়।

১২শ শ্রেণী। যে সকল ঔষধ-দ্রব্য পরিবর্ত্তন ক্রিয়ার (মেটেবলিজ্‌ম্) উপর কার্য্য করে।

দেহের স্বাভাবিক পরিবর্ত্তন সম্বন্ধে আমাদের জ্ঞান এতদূর অসম্পূর্ণ যে, পূর্ব্ববর্ণিত অপরাপর শ্রেণী সম্বন্ধে যাহা কথিত হইয়াছে তদপেক্ষা পরিবর্ত্তন ক্রিয়ার উপর ঔষধ-দ্রব্যের কার্য্যকারিতা সম্বন্ধে অধিক জানা যায় না। সচরাচর পরিবর্ত্তক (অল্টারেটিভ্‌স্) এবং বলকারক (টনিক্স্) ঔষধ সকল নামে কতকগুলি ঔষধ বর্ণিত হইয়া থাকে।

পরিবর্ত্তক ঔষধ সকল।—এই শব্দের প্রকৃত নির্ব্বাচন দেওয়া যায় না। সচরাচর কোন ঔষধ-দ্রব্যের ক্রিয়া-প্রণালী সম্বন্ধে প্রকৃত জ্ঞানের অভাব হেতু এই সংজ্ঞা প্রয়োজিত হয়। পরিবর্ত্তক ঔষধ অভিধেয় বিবিধ ঔষধ-দ্রব্য দ্বারা দৈহিক পরিবর্ত্তন, বিশেষতঃ দেহ পীড়াগ্রস্ত হইলে, সাধিত হয় ; যথা,—উপদংশগ্রস্ত ব্যক্তিকে পারদ প্রয়োগ করিলে সচরাচর ঔপদংশিক উৎসৃষ্ট রস শোষিত হয় ; কিন্তু কি প্রণালীতে এই ক্রিয়া সমাহিত হয় তাহা জানা যায় নাই।

বলকারক ঔষধ সকল।—পরিবর্ত্তক ঔষধ অপেক্ষা বলকারক ঔষধের ক্রিয়া-প্রণালী আরও অনিশ্চিত ; এ কারণ কেহ কেহ এ শব্দটি ব্যবহারেই আপত্তি করেন। যে সকল ঔষধ সেবনে রোগী পূর্ব্বাপেক্ষা সবল বোধ করে' তাহারা সাধারণতঃ বলকারক নামে অভিহিত হয়। এই ক্রিয়া বিবিধ প্রকারে উৎপন্ন হইতে পারে ; যথা,—পরিপাক-শক্তির বা রক্তের স্বভাবের উন্নতি দ্বারা বলাধান।

ব্রিটিশ্ ফার্মাকোপিয়া গৃহীত ঔষধ-দ্রব্য ও প্রয়োগরূপ সকলের বিবরণ।

Acaciæ Cortex য়্যাকেসিয়ী কর্টেক্স্। য়্যাকেসিয়া বার্ক্। বাবলা ছাল।—য়্যাকেসিয়া য়্যারেবিকা, য়্যারেবিয়া ভেকারেন্স্ আদি বৃক্ষের শুষ্কীকৃত বল্কল। ভারতবর্ষ, অষ্ট্রেলেসিয়ান্ উপনিবেশ, ও পূর্ব্ব উপনিবেশ সকলে জন্মে।

ক্রিয়া। সঙ্কোচক, মৃদু বলকারক, স্থানিক সঙ্কোচক।

আময়িক প্রয়োগ। উদরাময়, আমাশয় আদি রোগে আভ্যন্তরিক প্রয়োগ হয়। মাঢ়ীর শিথিলতা, মাঢ়ী হইতে রক্তস্রাব, মুখ ক্ষত, অলিজিহ্বা, টন্সিল্ ও ফেরিঙ্ক্সের ক্ষত ও বিবৃদ্ধিতে, কুল্য ও গর্গরা রূপে, এবং প্রমেহ, শ্বেতপ্রদর, সরলান্ত্র-নির্গমন আদিতে পিচকারি রূপে প্রয়োজ্য।

ডিকক্টাম্ য়্যাকেসিয়ী কর্টিসিস্। বাবলা ছাল ১½ আং, পরিস্রুত জল ২৪ আং। মাত্রা ℥ss—ii

Acaciæ Gummi য়্যাকেসিয়ী গামাই। গাম্ য়্যাকেসিয়া। গঁদ।—য়্যাকেসিয়া সেনিগ্যাল্ ও অন্যান্য প্রকার য়্যাকেসিয়া বৃক্ষের কাণ্ড ও শাখা সকল হইতে নির্গত গঁদ। মাত্রা,—যথেচ্ছাক্রমে।

ক্রিয়া।—স্নিগ্ধকারক, পোষক।

আময়িক প্রয়োগ।—কাস, গলক্ষত; মূত্রযন্ত্র, শ্বাসযন্ত্র ও অন্নবহানলী প্রভৃতির উগ্রতা থাকিলে; দগ্ধ ক্ষতে মণ্ড বাহ্যপ্রয়োগ; উগ্রতাসাধক বিষ দ্বারা বিষাক্ত হইলে কাস নিবারণার্থ এক খণ্ড গঁদ মুখে রাখিবে।

প্রয়োগরূপ। মিউসিলেগো য়্যাকেসিয়ী গঁদ, ক্ষুদ্র খণ্ডীকৃত, ৪; পরিস্রুত জল, ৬।

মাত্রা ʒi—ʒiv

(তৈল, ধুনা, ও অদ্রবণীয় চূর্ণ মিশ্রের সর্ব্বত্র সমভাবে ভাসমান রাখিবার নিমিত্ত ব্যবহৃত হয়)।

Acalypha. য়্যাকেলাইফা। মুক্তঝুরি। মুক্তবর্ষী।—য়্যাকেলাইফা ইণ্ডিকা নামক সরস ও শুষ্কীকৃত ওষধি। ভারতবর্ষ, ও পূর্ব্ব উপনিবেশে জন্মে।

ক্রিয়া। উত্তেজনকর কফনিঃসারক, বমনকারক, মৃদুবিরেচক।

আময়িক প্রয়োগ। বালকদিগের ক্রুপ্ ও ব্রঙ্কাইটিস্ রোগে বিশেষ

উপকারক। কাটিয়া সরলান্ত্র মধ্যে প্রবিষ্ট করিয়া দিলে কোষ্ঠ পরিষ্কার হয়।

১। একৃষ্ট্রাক্টাম্ য়্যাকেলাইফী লিকুইডাম্। শুষ্কীকৃত ওষধি ২০ আং, য়্যাল্‌কহল্ (শতকরা ৯০) যথা-প্রয়োজন। মাত্রা, ♏v—xxx

২। সাকাস্ :য়্যাকেলাইকী। নিপেষিত রস ৩, য়্যাল্‌কহল্ (শতকরা ৯০) মাত্রা, ʒi—iv

Acetanilidum. য়্যাসিটেনিলাইডাম্। য়্যাসিটেনিলাইড্। য়্যান্টিফেব্রিন্।

—য়্যানাইলাইন্ ও গ্লেসিয়্যাল্ য়্যাসেটিক্ য়্যাসিড্‌কে একত্রে দীর্ঘকাল উত্তপ্ত করিয়া, এবং য়্যাসিটেনিলাইড্‌কে চুয়াইয়া ও দানা বাঁধিয়া বিশুদ্ধীকৃত করিলে ইহা প্রস্তুত হয়। মাত্রা,—gr. iii—x

ক্রিয়া। জ্বরঘ্ন, পচননিবারক, স্নায়বীয় অবসাদক, ঘর্ম্মকারক ও রক্তরোধক। জলে অদ্রবণীয়।

আময়িক প্রয়োগ।—টাইফয়িড্ আদি জ্বরে, ইরিসিপেলাস্, যক্ষ্মা, বাত, ও ইচ্ছাসন্ত রোগে উপকারক। এ ভিন্ন, স্নায়ুশূল ও বিবিধ স্নায়বীয় পীড়ায় ইহা বেদনানিবারক হইয়া কার্য্য করে। কোন কোন স্থলে প্রচুর ঘর্ম্ম, সার্ব্বাঙ্গিক নীলিমতা ও কম্প উৎপাদন করে; এ কারণ স্বল্প মাত্রায় ঔষধ আরম্ভ যুক্তিসঙ্গত।

℞	য়্যান্টিফেব্রিন্	gr. iv
	স্পিঃ ভাইন্; গ্যালিসাই	ʒii
	য়্যাকোঃ	ad. ℥i

মিঃ। জ্বরাতিশয্য দমন করণার্থ চারি বা ছয় ঘণ্টা অন্তর।

Acidum Aceticum. য়্যাসিডাম্ য়্যাসিটিকাম্। য়্যাসিটিক্ য়্যাসিড্। সির্কাম্ল।

—কাষ্ঠ হইতে সংহারক নি-স্যন্দন, ও পরে পরিশোধন দ্বারা প্রাপ্ত বর্ণহীন অম্ল দ্রব।

ক্রিয়া।—স্থানিক সঙ্কোচক, উগ্রতাসাধক, পচননিবারক; জলমিশ্রিত করিয়া লইলে ভিনিগারের ন্যায় কার্য্য করে।

আময়িক প্রয়োগ। জলমিশ্রিত করিয়া সির্কার ন্যায় বিবিধ স্থলে প্রয়োগ; দদ্রুরোগে উগ্র য়্যাসিড্ স্থানিক প্রয়োগ; কর্কটিকা (ক্যান্সার্) রোগে অর্ব্বুদ মধ্যে পিচকারী দ্বারা; কর্ণস্, ওয়ার্টস্, ইত্যাদি।

য়্যাসিডাম্ য়্যাসিটিকাম্ ডাইলুটাম্; জলমিশ্র সির্কাম্ল।—সির্কাম্ল, ১; পরিস্রুত জল, ৭। মাত্রা, ʒss—ʒii জল সহযোগে।

য়্যাসিটাম্ ইপেকাকুয়ানী, য়্যাসিটাম্ সিলী ও লাইকর মর্ফাইনী য়্যাসিটেটিস্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

Acidum Aceticum Glaciale. য়্যাসিডাম্ য়্যাসিটিকাম্ গ্লাসিয়েলি। গাঢ় সির্কাম্ল।—ইহাতে শতকরা প্রায় ৯৯ অংশ বিশুদ্ধ য়্যাসিটিক্ য়্যাসিড্ আছে। য়্যাসিডাম্ য়্যাসিটিকাম্ অপেক্ষা তিন গুণ উগ্র।

ক্রিয়া। দাহক ও ফোস্কাকারক।

আময়িক প্রয়োগ। উপদংশিক ওয়ার্টস্ ও কর্ণস্, ক্যান্থারাইডিস্ অবিধেয় হইলে ফোস্কা করণার্থ।

℞	য়্যাসিডাম্ য়্যাসেটিকাম্	♏ xv
	য়্যাকোঃ	℥i

মিঃ। কুল্যরূপে ব্যবহার্য্য।

Acidum Arseniosum. য়্যাসিডাম্ আর্সেনিয়োসাম্।—আর্সেনিকাম্ দেখ।

Acidum Benzoicum. য়্যাসিডাম্ বেঞ্জোয়িকাম্।—বেঞ্জোয়িন দেখ।

Acidum Boricum. য়্যাসিডাম্ বোরিকাম্। বোরিক্ য়্যাসিড্।—সোহাগার উপর গন্ধক-দ্রাবকের ক্রিয়া দ্বারা প্রাপ্ত।

মাত্রা,—gr. iv—xx.

ক্রিয়া। পচননিবারক, মূত্রকারক।

আময়িক প্রয়োগ। বিবিধ প্রকার ক্ষতাদিতে ধৌত, মলম, চূর্ণ, ও বিভিন্ন প্রকার ড্রেসিঙ্গ্ রূপে; গলনলী ও মুখাভ্যন্তরের ক্ষতে কুলা; দুর্গন্ধযুক্ত ঘর্ম্ম নিবারণার্থ স্থানিক প্রয়োগ। টাইফয়িড্ জ্বর ও বিবিধ সেপ্টিক পীড়ায় এবং প্রস্রাব দুর্গন্ধযুক্ত পচনশীল হইলে আভ্যন্তরিক প্রয়োগ; পূষযুক্ত অক্ষিপ্রদাহে চক্ষু ধৌত রূপে; বিবিধ চর্ম্ম রোগে।

গ্লিসেরাইনাম্ য়্যাসিডাম্ বোরিক্যাম্।—১৬ তে ১

আঙ্গুয়েণ্টাম্ য়্যাসিডাই বোরিসাই।—বোরাসিক য়্যাসিড্, ১; শ্বেত প্যারাফিন্ মলম, ৯।

℞	য়্যাসিড্ঃ বোরিক্ঃ	gr. ii
	য়্যাকোঃ ডেষ্টিঃ	℥i

মিঃ। অফ্থ্যাল্মিয়া রোগে চক্ষু ধৌত।

Acidum Carbolicum. য়্যাসিডাম্ কার্বলিকাম্। কার্বলিক্ য়্যাসিড্।—কোল্-টার্ হইতে ভগ্নাংশিক (ফ্রাক্‌শন্যাল্) নিঃস্যন্দন ও পরে পরিশোধন দ্বারা প্রাপ্ত দ্রাবক। মাত্রা,—gr. i—iii।

ক্রিয়া। পচননিবারক, দুর্গন্ধহারক, সংক্রমাপহ, স্থানিক স্পর্শহারক, উৎসেচন-নাশক, ঘর্ম্মকারক, দাহক, ধামনিক অবসাদক. স্থানিক প্রয়োগে দাহক।

আময়িক প্রয়োগ। রোগীর গৃহ ও রোগীর ব্যবহৃত দ্রব্যাদি ধৌত করণ। বিবমিষা, বমন ও উদরাধ্মান নিবারণ; উদরাময় ও বিসূচিকা রোগ; অন্ত্র-কৃমি নিরাকরণ; যক্ষ্মা; সোরায়েসিস্; হুপিঙ্গ্‌কফ্ প্রভৃতি রোগে আভ্যন্তরিক প্রয়োগ। হুপিঙ্গ্ কফ্, সর্দ্দি, বিবিধ ফুসফুসীয় পীড়ায় শ্বাসরূপে প্রয়োগ। বিবিধ জ্বর, আরক্ত জ্বর, হাম ও বসন্ত রোগে প্রচুর ঘর্ম্মোৎপাদন ও নাড়ীর দ্রুতত্ব হ্রাস করণ; নিশ্বাসে দুর্গন্ধ সহবর্ত্তী গলক্ষতে ইহার দ্রব কুল্য রূপে; দন্তশূল রোগে দন্ত-গহ্বর মধ্যে প্রয়োগ; যোনি ও মূত্রাশয় হইতে দুর্গন্ধযুক্ত ক্লেদ নিঃসরণে পিচকারি দ্বারা; বুক জ্বালা, আধ্মান সংযুক্ত কষ্টজনক অজীর্ণ; বিবিধ প্রকার ক্ষত ও চর্ম্মরোগে; জরায়ুর ক্যান্সারে সাপো-জিটরী রূপে; স্প্রের নিমিত্ত ১০০ অংশ জলে ১ অংশ; লিষ্টার্ অনুমোদিত "পচন-নিবারক চিকিৎসায়" দ্রব, তৈল, গজ্ প্রভৃতি রূপে।

য়্যাসিডাম্ কার্বলিকাম্ লিকুইফ্যাক্টাম্। জলে শতকরা ১০ অংশ দ্রবীকৃত।

গ্লিসেরাইনাম্ য়্যাসিডাই কার্বলিসাই। কার্বলিক্ য়্যাসিড্, ১; গ্লিসেরিন্ ৪। মাত্রা, ♏v—x

সাপোজিটোরিয়াই য়্যাসিডাই কার্বলিসাই। ফেনল্, ১ গ্রেণ্; শ্বেত মোম, ২ গ্রেণ্; অয়িল্ অব্ থিয়োব্রোমা যথা-প্রয়োজন।

ট্রোচিসাই য়্যাসিডাই কার্বলিসাই। প্রত্যেকে ১ গ্রেণ্। (টৌল্যু বেসিস্)

আঙ্গুয়েণ্টাম্ য়্যাসিডাই কার্বলিসাই। কার্বলিক্ য়্যাসিড্, ১; শ্বেত প্যারাফিন্, মলম, ২১; গ্লিসেরিন্ (ওজনে), ৩।

℞	য়্যাসিড্ঃ কার্বলিক্ঃ	gr. $\frac{1}{8}$
	কুইনাইন্ঃ সাল্ফ্ঃ	gr. ii
	ক্যাম্ফর্ঃ	gr. $\frac{1}{8}$
	য়্যাসিড্ঃ আর্সেন্ঃ	gr. $\frac{1}{40}$
	পাল্ভ্ঃ ক্যাপ্সিক্ঃ	gr. $\frac{1}{4}$

ক্রিঃ। ম্যালেরিয়া নাশক।

℞	য়্যাসিড্ঃ কার্বলিক্ঃ	♏xii
	টিং আইয়োডাইঃ	♏xvi
	টিং অর‍্যান্শিয়াই	♏xc
	সিরাপ্ঃ	ʒiii
	য়্যাকোঃ	ad. ℥viii

সিঃ। টাইফয়িড্ জ্বরে এক আউন্স্ মাত্রায় চারি ঘণ্টা অন্তর প্রয়োজ্য।

ইঞ্জেক্শিয়ো আর্গটী হাইপোডার্মিকা এবং লাইকর্ থাইব্রয়িডিয়া প্রস্তুত করিতে কার্বলিক্ য়্যাসিড্ ব্যবহৃত হয়।—

Acidum Chromicum. য়্যাসিডাম্ ক্রমিকাম্; ক্রমিক্ য়্যান্হাইড্রাড্।—বাইক্রমেট্ অব্ পোটাসিয়ামে উগ্র গন্ধক-দ্রাবক সংযোগ দ্বারা প্রাপ্ত।

ক্রিয়া। প্রবল দাহক, পচননিবারক, সংক্রমাপহ।

আময়িক প্রয়োগ। ওয়ার্ট্স্, কণ্ডিলোমেটা, ল্যুপাস্, আদিতে ইহার দ্রব (৪এ১) স্থানিক প্রয়োগ; মাঢ়ী ক্ষত, জিহ্বা ও ফেরিঙ্কসের উপদংশিক পীড়ায় দ্রব (৪০এ১) স্থানিক প্রয়োগ। চরণ-তলের অতি ঘর্ম্মে ইহার দ্রব (১০০তে ৫) ধৌতরূপে প্রয়োগ।

লাইকর্ য়্যাসিডাই ক্রমিসাই। ক্রমিক্ য়্যাসিড্ ১, পরিস্রুত জল, ৩।

Acidum Chrysophanicum. য়্যাসিডাম্ ক্রাইসোফ্যানিকাম্।—ক্রাইসেরোবিন্ দেখ।

Acidum Citricum. য়্যাসিডাম্ সাইট্রিকাম্। সাইট্রিক্ য়্যাসিড্। লেমন্ জুস্ (জম্বীর রস) বা সাইট্রাস্ লোমেটা নামক বৃক্ষের ফলের রস হইতে প্রাপ্ত দানাযুক্ত অম্ল। মাত্রা, gr. x—xxx

১৭ গ্রেণ্ সাইট্রিক্ য়্যাসিড্কে বা অর্দ্ধ আউন্স্ সদ্যঃ জম্বীর রসকে } সমক্ষারায় করণার্থ {
২৪½ গ্রেণ্ বাইকার্বনেট্ অব্ পোটাসিয়াম্,
২০ গ্রেণ্ কার্বনেট্ অব্ পোটাসিয়াম্,
২০½ গ্রেণ্ বাইকার্বনেট্ অব্ সোডিয়াম্
৩৪½ গ্রেণ্ কার্বনেট্ অব্ সোডিয়াম্,
১৪½ গ্রেণ্ কার্বনেট্ অব্ য়্যামোনিয়াম্,
১১½ গ্রেণ্ কার্বনেট্ অব্ ম্যাগ্নিশিয়াম্,
} প্রয়োজন।

ক্রিয়া। শৈত্যকারক, অবসাদক।

আময়িক প্রয়োগ। তৃষ্ণা এবং জ্বর রোগে গাত্রের উত্তাপ নিবারণার্থ; স্কার্ভি ও তরুণ বাত।

℞ য়্যাসিড্ঃ সাইট্রিকঃ . gr. xv
সিরাপ্ঃ লিমন্ ʒi

য়্যাকোঃ ad. ℥ss

মি। ইহা নিম্নলিখিত মিশ্রের সহিত মিশ্রিত করিয়া উচ্ছলৎ অবস্থায় সেবনীয়।—

℞ পট্‌ঃ বাইকার্বঃ gr. xxv
লাইকর্‌ঃ য়্যামোন্‌ঃ য়্যাসেট্‌ঃ ʒiiss
য়্যাকোঃ ad. ℥i

মি। জ্বররোগে পূর্ব্বোক্ত মিশ্রের সহিত বিধেয়।

Acidum Gallicum. য়্যাসিডাম্ গ্যালিকাম্।—(গল্‌স্ দেখ)।

Acidum Hydrobromicum Dilutum. য়্যাসিডাম্ হাইড্রো-ব্রোমিকাম্ ডাইল্যুটাম্।—(ব্রোমাম্ দেখ)।

Acidum Hydrochloricum. য়্যাসিডাম্ হাইড্রোক্লোরিকাম্; হাইড্রোক্লোরিক্ য়্যাসিড্; লবণ-দ্রাবক।—জলে দ্রবীভূত হাইড্রোক্লোরিক্ য়্যাসিড্ বাষ্প।

ক্রিয়া। বিলক্ষণ দ্রব করিয়া প্রয়োগ করিলে শৈত্যকারক, পচননিবারক, বলকারক, আগ্নেয়, পরিবর্ত্তক ও ক্ষার-নাশক। নির্জল দ্রাবক দাহক।

আময়িক প্রয়োগ। টাইফাস্, আরক্ত জ্বর আদি জ্বর রোগে; অজীর্ণ রোগে অম্লাধিক্য রোগে আহারের পূর্ব্বে; ক্লোরোসিস্; মূত্রাশয়ে ফস্ফেট্‌স্ সঞ্চয়; উপদংশ; ডিফ্‌থিরিয়া, গলক্ষত আদিতে কুল্য।

য়্যাসিডাম্ হাইড্রোক্লোরিকাম্ ডাইল্যুটাম্। জলমিশ্র লবণ-দ্রাবক।—লবণদ্রাবক, ৬; পরিস্রুত জল, ১৪। মাত্রা, ♏x—xxx

লাইকর্ মর্ফাইনী হাইড্রোক্লোরেটিস্ ও লাইকর্ ষ্ট্রিক্‌নাইনী হাইড্রোক্লোরেটিস্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

℞ য়্যাসিড্‌ঃ হাইড্রোক্লোর্‌ঃ ডিল্‌ঃ ♏xx
ইন্‌ফ্‌ঃ অর‍্যান্‌শ্‌ঃ কোঃ ʒix
সিরাপ্‌ঃ জিঞ্জিবার্‌ঃ ʒi

মিঃ। অপাক রোগে।

℞ য়্যাসিড্‌ঃ হাইড্রোক্লোর্‌ঃ ডিল্‌ঃ ʒi
ডিকক্ট্‌ঃ সিঙ্কোন্‌ঃ ℥vii

মিঃ। গলক্ষত ও থ্রাস্ রোগে কুল্য।

Acidum Hydrocyanicum Dilutum. য়্যাসিডাম্ হাইড্রোসিয়্যানিকাম্ ডাইল্যুটাম্।—জলে হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্ শতকরা ২ অংশ দ্রবীভূত। ফেরোসায়েনাইড্ অব্ পোটাসিয়াম্ ও গন্ধক-দ্রাবক মিশ্রিত করিয়া চুয়াইলে প্রস্তুত হয়।

মাত্রা, ♏ii—viii।

ক্রিয়া। নির্জ্জল হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্ সাক্ষাৎ সম্বন্ধে অবসাদক; ভয়ঙ্কর বিষ, ১ গ্রেণ্ সেবনে মৃত্যু হয়। ডাইল্যুটেড্ হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিড্ অবসাদক ও আক্ষেপ-নিবারক।

আময়িক প্রয়োগ। শারীরিক উগ্রতা দমন, নাড়ীর দ্রুতত্ব হ্রাস ও স্নায়ু-বিধানের চৈতন্যাধিক্য লাঘব উদ্দেশ্যে; উগ্রতা-সংযুক্ত ও সাক্ষেপ শ্বাসকাস; পাকাশয়ে উগ্রতা, ঝিরঝিরা, বমন, হিক্কা, অজীর্ণ, গ্যাষ্ট্রোডিনিয়া, মৃগী, কোরিয়া, হিষ্টিরিয়া, ধনুষ্টঙ্কার; স্নায়বীয় হৃদ্‌বেপন; স্নায়ুশূল, বাত ও অন্যান্য বেদনাজনক পীড়া। বাহ্য প্রয়োগ,—চর্ম্মের পীড়ায় সাতিশয় কণ্ডুয়ন বর্ত্তমান থাকিলে।

℞	য়্যাসিড্ঃ হাইড্রোসিয়্যানিক্ঃ ডিল্ঃ	♏iv
	পোটাস্ঃ বাইকার্বঃ	gr. x
	সিরাপ্ঃ জিঞ্জিবার্ঃ	ʒss
	য়্যাকোঃ য়্যানিথাই	℥iss

মি। পাকাশয়ের উগ্রতা ও অম্ল নাশার্থ।

℞	য়্যাসিড্ঃ হাইড্রোসিয়্যানিক্ঃ ডিল্ঃ	ʒss
	আঙ্গুঃ জিঙ্কাই	℥i

মিঃ। স্থানিক কণ্ডুয়নে চর্ম্ম অক্ষুণ্ণ থাকিলে প্রয়োজ্য।

Acidum Lacticum. য়্যাসিডাম্ ল্যাক্টিকাম্।—শর্করা-দ্রবে বিশেষ উৎসেচকের ক্রিয়া দ্বারা, ও পরিশেষে পরিশোধন দ্বারা প্রাপ্ত হওয়া যায়।

ক্রিয়া। দ্রবকারক। ইহা দ্বারা অপ্রকৃত ঝিল্লি দ্রবীভূত হয়। আভ্যন্তরিক প্রয়োগে আগ্নেয় ও বলকারক।

আময়িক প্রয়োগ। অজীর্ণ রোগে আহারান্তে প্রয়োগ; ডিফ্থিরিয়া, ক্রুপ্ রোগে স্প্রে রূপে (১, জল ১৬); বিবিধ অপ্রকৃত বর্দ্ধন নিরাকরণ; মধুমূত্র।

সিরাপাস্ ক্যাল্সিয়াই ল্যাক্টোফস্ফেটিস্। মাত্রা, ʒss—i

℞	য়্যাসিড্ঃ ল্যাক্টিক্ঃ	ʒi
	য়্যাকোঃ ডিষ্টঃ	ʒxv

মিঃ। ডিফ্থিরিয়া রোগে স্থানিক প্রয়োগ।

Acidum Nitricum. য়্যাসিডাম্ নাইট্রিকাম্। যবক্ষার-দ্রাবক*।

ক্রিয়া। প্রবল দাহক। ইহার দ্রব বলকারক, শৈত্যকারক, আগ্নেয়, পরিবর্ত্তক, পিত্তনিঃসারক, ক্ষারনাশক। দীর্ঘকাল সেবন করিলে কখন কখন মুখ আইসে।

আময়িক প্রয়োগ। ফ্যাজিডেনিক্ ক্ষত, ওয়ার্ট্স্ ও শ্যাঙ্কারে উগ্র দ্রাবক স্থানিক প্রয়োগ। ইহার দ্রব, পুরাতন যকৃৎপ্রদাহ; অজীর্ণ; উদরাময়; হুপিংকফ্; শ্বাসকাস; উপদংশের দ্বিতীয় অবস্থায়; জ্বররোগে পানীয়রূপে; রোগান্ত-দৌর্ব্বল্য, অগ্নিমান্দ্য; ফস্ফেটিক্ অশ্মরীতে পিচকারী।

য়্যাসিডাম্ নাইট্রিকাম্ ডাইল্যুটাম্।—যবক্ষার দ্রাবক, ৩ আউন্স্, ৭ ড্রাম্; পরিস্রুত জল, সর্ব্বসমেত ১ পাইন্ট্। মাত্রা, ♏x—xxx

[য়্যামোনিয়াই নাইট্রাস্ ও কুপ্রাই নাইট্রাস্ প্রস্তুত করিতে ব্যবহার হয়।]

℞	য়্যাসিড্ঃ নাইট্রিক্ঃ	♏xxx
	য়্যাকোঃ	℥x

মিঃ। রক্তস্রাব সংযুক্ত অর্শ রোগে ধৌত।

℞	য়্যাসিড্ঃ নাইট্রিক্ঃ ডিল্	♏xii
	টিং ওপিয়াই	♏v
	সিরাপ্ঃ	ʒi
	য়্যাকোঃ সিনেমোমঃ	ʒx

মিঃ। যক্ষ্মা রোগের উদরাময়ে চারি ছয় ঘণ্টা অন্তর।

Acidum Nitro-Hydrochloricum Dilutum. য়্যাসিডাম্ নাইট্রো-হাইড্রোক্লোরিকাম্ ডাইল্যুটাম্।—যবক্ষার-দ্রাবক ৩; লবণ-দ্রাবক, ৪; জল, ২৫। মাত্রা, ♏v—xx

ক্রিয়া। বলকারক, আগ্নেয়, পরিবর্ত্তক, ও যকৃতের প্রবল উত্তেজক।

আময়িক প্রয়োগ। যকৃতের ক্রিয়া রোধ হইলে স্নানাদিরূপে, প্রস্রাবে অক্জ্যালিক্ য়্যাসিড্ বর্ত্তমান থাকিলে; তরুণ ও পুরাতন যকৃৎপ্রদাহে, পিত্তনিঃসারণ-বিকারজনিত বিবিধ পীড়া; উপদংশ বা পারদজনিত ক্যাকেক্শিয়া, বিবিধ চর্ম্মরোগ ইত্যাদি।

বিষঘ্ন। পাকাশয় শূন্য করিয়া যথেষ্ট পরিমাণ অণ্ডলাল।

℞	য়্যাসিড্ঃ নাইট্রো-হাইড্রোক্লোর্ঃ ডিল্ঃ	♏x
	য়্যাকোঃ	ad. ℥i

মিঃ। পচিত অন্তের গন্ধ সংযুক্ত উদ্গারে ও প্রস্রাবে অক্জ্যালিক্ য়্যাসিড্ বর্ত্তমান থাকিলে তিন চারি ঘণ্টা অন্তর প্রয়োজ্য।

Acidum Oleicum. য়্যাসিডাম্ ওলেয়িকাম্; ওলেয়িক্ য়্যাসিড্।—ওলেয়িনের সাবানে পরিবর্ত্তন দ্বারা, বা বসার উপর অত্যধিক উত্তপ্ত

জলীয় বাষ্পের ক্রিয়া দ্বারা প্রাপ্ত ও পরিশেষে কঠিন বসা হইতে নিপীড়ন দ্বারা পৃথগ্‌ভূত তরল বসা সংযুক্ত অম্ল।

ক্রিয়াদি। বসা ও স্থায়ি তৈল সকল অপেক্ষা ইহা সত্বর ও সহজে ত্বক মধ্য দিয়া প্রবিষ্ট হয়, এ কারণ চর্ম্ম দ্বারা প্রয়োজ্য ঔষধ-দ্রব্য দ্রবীভূত করিয়া লইবার নিমিত্ত ইহা ব্যবহৃত হয়।

ব্রিটিশ্‌ ফার্মাকোপিয়ায় হাইড্রার্জাইরাই ওলিয়াস্‌ গৃহীত হইয়াছে। ইহাদের বিষয় পরে বর্ণিত হইবে। আঙ্গুয়েণ্টাম্‌ য়্যাকোনিটাইনী, য়্যাট্রোপাইনী, কোকেয়িনী ও ভিরাট্রাইন প্রস্তুত করিতে ওলেয়িক্‌ য়্যাসিড্‌ ব্যবহৃত হয়।

℞	কুইনাইন্‌ (উপক্ষার)	gr. iii
	ওলেয়িক্‌ য়্যাসিড্‌	♏ix

মিঃ। জ্বররোগে পাকাশয়ে কুইনাইন্‌ সহ্য না হইলে চর্ম্মোপরি মর্দ্দন রূপে ব্যবহার্য্য।

Acidum Phosphoricum Concentratum. য়্যাসিডাম্‌ ফস্ফরিক্‌ কন্‌সেণ্ট্রেটাম্‌।—ফস্ফরাস্‌কে নাইট্রিক্‌ য়্যাসিড্‌ ও জল সংযোগে ফুটাইলে প্রস্তুত হয়। মাত্রা, ♏ii—v

ক্রিয়া। বলকারক, শৈত্যকারক। জলমিশ্র য়্যাসিড্‌ আভ্যন্তরিক প্রয়োগ হয় না।

আময়িক প্রয়োগ। প্রস্রাবে ফস্ফেট্‌ থাকিলে; মধুমূত্র রোগে তৃষ্ণা নিবারণার্থ কেরিজ্‌; রিকেট্‌স্‌; পৈত্তিক বমন ও উদরাময়, ইত্যাদি।

[য়্যাসিডাম্‌ হাইড্রোব্রোমিকাম্‌ ডাইলিউটাম্‌, য়্যামোনিয়াই ফস্ফাস্‌, সিরাপাস্‌ ক্যাল্‌-সিয়াই ল্যাক্‌টো ফস্ফেটিস্‌, সিরাপাস্‌ ফেরি ফস্ফেটিস্‌, এবং সিরাপাস্‌ ফেরি ফস্ফেটিস্‌ কাম্‌ কুইনাইনী এট্‌ ষ্ট্রিক্‌নাইনা প্রস্তুত করণার্থ গাঢ় ফস্ফরিক্‌ য়্যাসিড্‌ ব্যবহৃত হয়।]

য়্যাসিডাম্‌ ফস্ফরিকাম্‌ ডাইলিউটাম্‌। ফস্ফরিক্‌ য়্যাসিড্‌ ১; পরিস্রুত জল, ৫⅔। মাত্রা, ♏x—xxx

অসম্মিলন। চূণের জল ও সমুদয় ক্ষার।

য়্যামোনিয়াই ফস্ফাস্‌ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

℞	য়্যাসিড্‌ঃ ফস্ফরিসাই ডিল্‌ঃ	♏xv
	টিং কার্ডেমম্‌ঃ কম্প্‌ঃ	ʒss
	ইন্‌ফ্‌ঃ ক্যালাম্বী	℥i

মিঃ। প্রস্রাবে ফস্ফেট্‌ সঞ্চয় লক্ষিত হইলে।

Acidum Salicylicum. য়্যাসিডাম্‌ স্যালিসিলিকাম্‌।—স্যালি-সিলিক্‌ য়্যাসিড্‌। কার্বলিক্‌ য়্যাসিড্‌ বাষ্প সংযোগে কার্বলিক্‌ য়্যাসিডের সংমিশ্রণ দ্বারা, অথবা স্বভাবজ স্যালিসিলেট্‌স্‌, যথা অয়িল্‌ অব্‌ উইণ্টারগ্রীন্‌ (গল্‌থেরিয়া প্রোকাম্‌বেন্স্‌) ইত্যাদি হইতে প্রাপ্ত। মাত্রা, gr. v—xxx

ক্রিয়া। বাহ্য প্রয়োগে পচননিবারক ও উৎসেচন-রোধক। পূর্ণ মাত্রায় আভ্যন্তরিক প্রয়োগ করিলে দেহের জ্বরীয় উত্তাপ লাঘব হয়, কখন কখন সাতিশয় ক্ষীণকারক, প্রচুর ঘর্ম্ম এবং কর্ণে শব্দ, আংশিক বধিরতা, শিরঃপীড়া আদি সিঙ্কোনিজ্‌মের লক্ষণ প্রকাশ পায়। অত্যন্ত অধিক মাত্রায় সেবিত হইলে পূর্ব্বোক্ত লক্ষণ সকল অত্যন্ত বৃদ্ধি পায়, শ্বাসকৃচ্ছ্র উপস্থিত হয়, হৃৎপিণ্ড ও স্নায়ুবিধান অবসাদগ্রস্ত হয়, এবং কনীনিকা প্রসারিত লক্ষিত হয়। বিষ-মাত্রায় সেবিত হইলে প্রলাপ, অনৈচ্ছিক মল মূত্র ত্যাগ, অচৈতন্য, ও অবশেষে শ্বাসপ্রশ্বাসের অবসাদ বশতঃ মৃত্যু হয়। সুস্থ ব্যক্তিকে পূর্ণ মাত্রায় স্যালিসিলিক্ য়্যাসিড্ প্রয়োগ করিলে সচরাচর বিবমিষা ও বমন উপস্থিত হয়, হৃৎক্রিয়া ক্ষীণ হয়, লিউকোসাইট্ সকলের সঞ্চলন দমিত হয়, শ্বাসপ্রশ্বাসীয় ক্রিয়া দ্রুত ও গভীর হয়, ঘর্ম্ম নির্গত হয়, কিন্তু দেহের স্বাভাবিক উত্তাপের হ্রাস হয় না। ইহা প্রস্রাব দ্বারা দেহ হইতে নির্গত হইয়া যায়। ফলতঃ আভ্যন্তরিক প্রয়োগে ইহা অবসাদক ঘর্ম্মকারক জ্বরঘ্ন ও পর্য্যায়নিবারক।

আময়িক প্রয়োগ। বিবিধ জ্বর রোগে বিশেষতঃ বাত জ্বরে ইহার প্রধানতঃ আভ্যন্তরিক প্রয়োগ হয়। তরুণ বা পুরাতন বাত জ্বরে জ্বরীয় উত্তাপ, বেদনা আদি উপসর্গ সত্বর উপশম হয়। কৃমি নাশার্থ ব্যবহৃত হইয়াছে। বাহ্য প্রয়োগ—কড়া, আঁচিল আদি অপ্রকৃত বর্দ্ধন নিরাকরণ, প্রুরাইটস্, একজিমা, বিবিধ প্রকার ক্ষত ও অন্যান্য বিবিধ প্রকার চর্ম্ম-রোগে দ্রব, মলম, চূর্ণ প্রভৃতি রূপে।

আঙ্গুয়েণ্টাম্ য়্যাসিডাই স্যালিসিলিসাই। স্যালিসিলিক্ য়্যাসিড্ ১০; শ্বেত প্যারাফিন্ অয়িণ্ট্‌মেণ্ট্ ৪৯০।

সোডিয়াই স্যালিসিলাস্। কার্বনেট্ অব্ সোডিয়াম্ বা কষ্টিক্ সোডার উপর স্যালিসিলিক্ য়্যাসিডের ক্রিয়া দ্বারা প্রাপ্ত। gr. x—xxx

[লাইকর্ কোকেয়িনী হাইড্রোক্লোরেটিসে স্যালিস্লিলিক্ য়্যাসিড্ আছে।]

℞ য়্যাসিড্ঃ স্যালিসিলিকঃ	gr. xxx
একষ্ট্ঃ ক্যানাবিন্ঃ ইণ্ডঃ	gr. v
কলোডিয়নঃ ফ্লেক্স্ঃ	℥iv

মিঃ। কড়া আঁচিল আদিতে প্রয়োজ্য।

Acidum Sulphuricum. য়্যাসিডাম্ সাল্‌ফিউরিকাম্। গন্ধক-দ্রাবক।

ক্রিয়া। গাঢ় দ্রাবক ফোস্কাকারক; তন্তুধ্বংসকারক; প্রবল দাহক বিষ। ইহার দ্রব বলকারক, শৈত্যকারক, সঙ্কোচক ও পচননিবারক।

আময়িক প্রয়োগ। সার্ব্বাঙ্গিক দৌর্ব্বল্য; টাইফয়িড্, সীসশূল, পাইরোসিস্ সংযুক্ত পরিপাক শক্তির ক্ষীণতা; রক্তস্রাব; ক্ষীণকর অতিঘর্ম্ম; দেশব্যাপক উদরাময় ও বিসূচিকা; অতিশয় কণ্ডুয়ন সহযোগী চর্ম্ম-রোগ; হিক্কা; পুরাতন ক্যাটার্ সংযুক্ত পীড়া।

অসম্মিলন। ক্ষার, ক্ষার কার্বনেট্ সকল, সীসঘটিত লবণ সকল ও চুণ;

য়্যাসিডাম্ সাল্‌ফিউরিকাম্ য়্যারোম্যাটিকাম্। গন্ধক-দ্রাবক, ৩; র‍্যাল্‌কহল্‌ (শতকরা ৯০) ২৯½; স্পিরিট্ অব্ সিনেমন্, ২; শুঠীর অরিষ্ট ১০ মাত্রা, ♏v—xxx

য়্যাসিডাম্ সাল্‌ফিউরিকাম্ ডাইলিউটাম্। গন্ধক-দ্রাবক, ৭; পরিস্রুত জল, যথাপ্রয়োজন।—(১২ মিনিমে এক মিনিম্)। মাত্রা, ♏v—xxx

℞ য়্যাসিড্ঃ সাল্‌ফিউরিক্ঃ ডিল্ঃ ♏xx
সিরাপ্ঃ অরান্‌শিয়াই ʒi
য়্যাকোয়া ℥i
মিঃ। দৌর্ব্বল্য সহযোগে ঘর্ম্মাধিক্য থাকিলে।

Acidum Sulphurosum. য়্যাসিডাম্ সালফিউরোসাম্। গন্ধক দগ্ধ করিলে ঘন ধূমরূপে উত্থিত হয়, তাহা জলে দ্রবীভূত। মাত্রা, ʒss—i

ক্রিয়া। পচন-নিবারক; সংক্রমাপহ; অক্সিজেন্ বিধায়ক; উদ্ভিদ-প্রাণি-নাশক।

আময়িক প্রয়োগ। উদ্ভিদ বা জান্তব পরাঙ্গপুষ্টপ্রাণিজনিত চর্ম্ম-রোগ; সার্সিনা ভেণ্ট্রিকিউলাই জনিত বমন; গলক্ষত; ইন্‌ফ্লুয়েঞ্জা, ডিফ্‌থিরিয়া ও শ্বাসনলীপ্রদাহে স্প্রে দ্বারা; শয্যাক্ষত, ক্ষত; কোন স্থান ঝল্‌সাইয়া গেলে উত্তেজনকর ধৌতরূপে।

℞ য়্যাসিড্ঃ সাল্‌ফিউরোস্ঃ
গ্লিসেরিন্ aa. ℥iv
মিঃ। ইরিসিপেলাস্ রোগে স্থানিক প্রয়োগ।

Acidum Tannicum. য়্যাসিডাম্ ট্যানিকাম্।—(গল্‌স্ দেখ)।

Acidum Tartaricum. য়্যাসিডাম্ টার্টারিকাম্। য়্যাসিড্ টার্ট্রেট্ অব্ পটাশ্ হইতে প্রাপ্ত বর্ণহীন দানাযুক্ত অম্ল। মাত্রা, gr. x—xxx

ক্রিয়াদি। সাইট্রিক্ য়্যাসিডের ন্যায়; কিন্তু অপেক্ষাকৃত অধিক উগ্রতাসাধক; কয়েক ড্রাম্ সেবনে মৃত্যু হইয়াছে।

অসম্মিলন। পটাশ্, পারদ, লাইম্, ও সীসঘটিত লবণ সকল, ক্ষার কার্বনেট্ সকল এবং উদ্ভিদ সঙ্কোচক ঔষধ সকল।

সোডিয়াই সাইট্রো-টার্ট্রেট্ এফার্ভেসেন্স্ এবং গ্র্যান্যুলার্ উচ্ছলৎ প্রয়োগরূপ সকল প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

℞ সোড্ঃ বাইকার্ব্ঃ gr. xv
পট্ঃ বাইকার্ব্ঃ gr. xv

য়্যাকোঃ ʒi

মিঃ। পরে,—

℞ য়্যাসিডঃ টার্ট্ঃ gr. ৮

প্রথমোক্ত মিশ্রে এই চূর্ণ মিশ্রিত করিয়া উচ্ছলদবস্থায় সেবনীয়। ক্ষার উচ্ছলৎ মিশ্র।

Aconita Radix. য়্যাকোনাইটা রেডিক্স্। য়্যাকোনাইট্ রূট্।

য়্যাকোনাইটাম্ নেপেলাস্ নামক বৃক্ষের মূল। ইহাতে য়্যাকোনিটিনা বা য়্যাকোনিটাইন্ নামক বীর্য্য অবস্থিতি করে।

ক্রিয়া। স্থানিক প্রয়োগ করিলে য়্যাকোনাইট্ বা য়্যাকোনিটাইন্ চৈতন্য-বিধায়ক স্নায়ু সকলের অবশতা উৎপাদন করে, এবং ঝিন্‌ঝিনি অনুভূত হয়। অল্প মাত্রায় আভ্যন্তরিক প্রয়োগ করিলে হৃৎপিণ্ডের সঙ্কোচনের বল ও দ্রুতত্ব হ্রাস হয়, রক্ত-সঞ্চাপ লাঘব হয়; ওষ্ঠ, জিহ্বা ও হস্ত পদে ঝিন্‌ঝিনি উপস্থিত হয়, এবং সার্ব্বাঙ্গিক ক্ষীণতা বোধ হয়। অধিক মাত্রায় সেবন করিলে পূর্ব্বোক্ত লক্ষণ সকল স্পষ্টতর হয়, নাড়ী ক্ষীণ ও মন্দগতি হয়, উন্নত অবস্থান গ্রহণে বা সামান্য শ্রমে মূর্চ্ছার বশবর্ত্তিতা উপস্থিত হয়, এবং শ্বাসপ্রশ্বাসের সংখ্যা হ্রাস হয়। বিষ-মাত্রায় লক্ষণ সকল সাতিশয় বৃদ্ধি পায়; মুখমণ্ডল উদ্বেগব্যঞ্জক, দেহ শীতল ঘর্ম্মে অভিষিক্ত; নাড়ী ও শ্বাসপ্রশ্বাস সাতিশয় মন্দগতি, ক্ষীণ ও অনিয়মিত হয়; সার্ব্বাঙ্গিক স্পর্শ-লোপ হয়, ও কোল্যাপ্স্ উপস্থিত হয়, এবং হৃৎপিণ্ডের ক্রিয়া লোপ বশতঃ মৃত্যু হয়; কখন কখন মৃত্যুর পূর্ব্বে দ্রুতাক্ষেপ প্রকাশ পায়:

য়্যাকোনাইট্ সাক্ষাৎ সম্বন্ধে হৃৎপেশীর ও উহাতে অবস্থিত সঞ্চালন-বিধায়ক স্নায়ু গ্রন্থির (মোটার্ গ্যাংগ্লিয়ন্) অবসাদ উৎপাদন করিয়া হৃৎপিণ্ডের উপর কার্য্য করে। সম্ভবতঃ ইহা দ্বারা হৃৎপিণ্ডের ক্রিয়া-দমনকারী (ইন্‌হিবিটরি) যন্ত্র উত্তেজিত হয়, কিন্তু ইহা দ্বারা রক্তপ্রণালী সকলের গতি-বিধায়ক স্নায়ু বা কেন্দ্র সকল আক্রান্ত হয় না। ইহা সঞ্চলন ও চৈতন্য-বিধায়ক কেন্দ্র হইতে দূরবর্ত্তী অন্ত সকলকে পক্ষাঘাতগ্রস্ত করে, চৈতন্য-বিধায়ক স্নায়ু-অন্ত প্রথমে আক্রান্ত হয়, এবং বিষ-ক্রিয়া প্রবল হইলে স্নায়ুকাণ্ড ও স্নায়ুমূল ইহার ক্রিয়াগত হয়। সম্ভবতঃ পরিচালনের ব্যাঘাত বশতঃ প্রত্যাবৃত্ত ক্রিয়ার লোপ হয়। ইহা দ্বারা শ্বাস-প্রশ্বাসীয় স্নায়ুকেন্দ্র ক্ষীণতাগ্রস্ত ও পরিশেষে পক্ষাঘাতগ্রস্ত হয়।

ইহা ঔষধীয় মাত্রায় প্রদাহ-নাশক, বেদনা-নিবারক, অবসাদক, মূত্রকারক, ঘর্ম্মকারক ও জ্বর-নাশক।

আময়িক প্রয়োগ। তরুণ প্রদাহ ও জ্বরাদি রোগের প্রথমাবস্থায়, রোগী বলিষ্ঠ ও যুবা হইলে, এবং নাড়ী টানযুক্ত, পূর্ণ, লম্ফমান ও সবল হইলে হৃৎপিণ্ডের অবসাদক হইয়া কার্য্য করে; হৃৎপিণ্ডের ক্ষীণতা বর্ত্তমান থাকিলে, পাকাশয় ও অন্ত্রের প্রদাহ থাকিলে বা টাইফয়িড্ অবস্থা বর্ত্তমান থাকিলে য়্যাকোনাইট্ প্রয়োগ নিষিদ্ধ। বিবিধ অস্ত্রচিকিৎসা-সম্বন্ধীয় জ্বরে রোগী সবল থাকিলে, সর্দ্দিরোগে, তরুণ ব্রঙ্কোক্যাটারাল্ নিউমোনিয়া

ক্যাটার্ রোগে, তরুণ ফুস্ফুসাবরণ-প্রদাহ ও অন্ত্রাবরণ-প্রদাহে, মাস্তিষ্কের বা কশেরুকার প্রদাহে, এবং সার্ব্বাঙ্গিক কারণ জনিত (এসেন্সিয়্যাল্) জ্বররোগে, যদি পীড়া ক্ষীণতা-সহবর্ত্তী না হয়, য়্যাকোনাইট রক্তসঞ্চলন লাঘবকরণ, ধামনিক সঞ্চাপ ও দৈহিক উত্তাপ হ্রাস করণ, এবং ঘর্ম্ম উৎপাদন ও মূত্রকরণ ক্রিয়ার নিমিত্ত প্রয়োজিত হয়। আরক্ত জ্বর ও হাম রোগে দৈহিক উত্তাপ অত্যন্ত অধিক হইলে, এবং স্বল্পবিরাম্ সংযুক্ত ম্যালেরিয়াস্ জ্বরে দৈহিক উত্তাপাতিশয্য হইলে ইহা মহোপকারক। লোবার্ নিউমোনিয়া রোগে ঘনত্বাবস্থা (কন্‌সলিডেশন্) প্রাপ্তির পূর্ব্বে সাবধানে প্রয়োগে ইহা বিশেষ ফলপ্রদ, কিন্তু এতদপেক্ষা ভেরেট্রাম্ ভিরিডি শ্রেয়ঃ। হৃদ্‌বিবর্দ্ধন (হাইপার্‌ট্রফি) রোগে হৃৎকপাটীয় পীড়া উপসর্গরূপে বর্ত্তমান না থাকিলে, অথবা কপাটীয় উপসর্গ বর্ত্তমান থাকিলেও যদি হৃদ্‌বিবর্দ্ধন অযথা হয় তাহা হইলে ইহা বিশেষ ফলপ্রদ।

স্থানিক স্পর্শহারক রূপে য়্যাকোনাইট্ বিবিধ প্রকার স্নায়ু-শূল, বিশেষতঃ মুখমণ্ডল মস্তকের স্নায়ু-শূল রোগে আভ্যন্তরিক ও বাহ্য প্রয়োগ, এবং পুরাতন পৈশিক বাত ও বাতজ স্নায়ু-শূল রোগে স্থানিক প্রয়োগ উপকারক।

(ক) য়্যাকোনাইট্ মূল হইতে ;—

১। লিনিমেণ্টাম। মর্দ্দন। মূল চূর্ণ, ২০; কর্পূর, ১; এল্‌কহল্ (শতকরা ৯০) ৩০, বা পার্কোলেট্ করণার্থ যথা-প্রয়োজন।

২। টিংচ্যুরা। অরিষ্ট। মূল চূর্ণ, এল্‌কহল্ (শতকরা, ৭০) [২০ তে ১]। মাত্রা, ♏i—v

(খ) য়্যাকোনিটাইনা হইতে ;—

১। আঙ্গুয়েণ্টাম্। মলম। য়্যাকোনিটাইন্, ১০ ; ওলেয়িক্ য়্যাসিড্, ৮০ ; লার্ড্, ৪১০।

℞ লিনিঃ য়্যাকোনিট্ঃ
—বেলাডোনঃ
—ক্লোরোফর্ম্ঃ āā ℨiv

মিঃ। বেদনা-নিবারক মর্দ্দন।

℞ টিং য়্যাকোনাইট্ঃ ♏i
জল ℥i

মিঃ। চারি ঘণ্টা অন্তর তরুণ প্রমেহ রোগে।

Adhatoda. আধাটোডা। বাকস। আধাটোডা ভেসিকা (জাষ্টি-সিয়া আধাটোডা) নামক বৃক্ষের সরস ও শুষ্কীকৃত পত্র।

ক্রিয়া ও আময়িক প্রয়োগ। বাহ্য প্রয়োগে ক্ষুদ্র জীব নাশক। আভ্যন্তরিক প্রয়োগে কফনিঃসারক, ও শ্বাসনলীর আক্ষেপ-নিবারক, পুরাতন ব্রঙ্কাইটিস্, ব্রঙ্কিয়্যাল্ য়্যাজ্‌মা, যক্ষ্মা, হুপিংকফ আদি রোগে উপযোগিতার সহিত ব্যবহৃত হয়।

এক্‌ষ্ট্রাক্টাম্ য়্যাধাটোডী লিকুইডাম্। তরল সার। শুষ্কীকৃত পত্র চূর্ণ, ২০

আউন্স্; এল্‌কহল্ (শতকরা, ৬০), ১ পাইন্ট্ পূর্ণ করণার্থ যথাপ্রয়োজন ; পার্কোলেশন্ ও উৎপাতন দ্বারা প্রস্তুত। মাত্রা, ♏xx—lx

সাক্কাস্। রস। সদ্য নিপেষিত করিয়া ছাঁকিয়া লওয়া রস। মাত্রা, ʒi—iv

টিংচ্যুরা। অরিষ্ট। শুষ্কীকৃত চূর্ণ ২½ আউন্স্; এল্‌কহল্ (শতকরা ৬০), পার্কোলেশন্ দ্বারা, ১ পাইন্ট্ পূর্ণ করণার্থ যথা-প্রয়োজন। মাত্রা, ʒss—i

য়্যাডেপ্স্ ইণ্ডুরেটাস্।—লার্ড হইতে নিপীড়ন দ্বারা উহার তৈলাংশ নির্গত করিয়া ফেলিলে ইহা প্রস্তুত হয়। ভারতবর্ষ ও উপনিবেশ সকলে, যেখানে গ্রীষ্মাতিশয্য বশতঃ ফার্মাকোপিয়া অনুমোদিত মলম সকলে লার্ড থাকা প্রযুক্ত মলম সাতিশয় পাতলা হয়, সে সকল স্থানে লার্ডের পরিবর্ত্তে ইহা ব্যবহার্য্য।

Adeps Lanæ. য়্যাডেপ্স্ ল্যানী। উল্ ফ্যাট্।—মেষের লোমের বিশুদ্ধীকৃত কোলেষ্টেরিন্-চর্ব্বি।

ক্রিয়া। শিথিলকারক, চর্ম্ম দ্বারা ইহা অতি সত্বর শোষিত হয়।

য়্যাডেপ্স্ ল্যানী হাইড্রোসাস্।—ল্যানোলিন্। উল্ ফ্যাট্, ৭ ; পরিস্রুত জল, ৩।

আঙ্গুয়েণ্টাম্ কোনিয়াই ও আঙ্গুয়েণ্টাম্ হেমেমেলেডিন্ প্রস্তুত করিতে ল্যানোলিন্ ব্যবহৃত হয়।

ক্রিয়া ও আময়িক প্রয়োগ। ল্যানোলিন্ শিথিলকারক ; চর্ম্মোপরি মৃদুভাবে মর্দ্দন করিলে অপরাপর চর্ব্বি অপেক্ষা অধিকতর সত্বর শোষিত হয়, একারণ পারদাদি দেহাভ্যন্তর্গত করিতে এতৎসহ মর্দ্দন উপযোগী।

Adeps. য়্যাডেপ্স্। বিশুদ্ধীকৃত শূকরের বসা।

ক্রিয়া। শিথিলকারক ও আবরক।

আময়িক প্রয়োগ। পুল্‌টিশ্ শুষ্ক হইয়া না আঁটিয়া ধরে, এ অভিপ্রায়ে এতৎসহযোগে ব্যবহৃত হয়। উকুনাদি বিনাশার্থ, ও পাঁচড়া রোগে ; ইরিসিপেলাস্ ও বিবিধ চর্ম্মরোগে স্থানিক প্রয়োগ।

এম্‌প্ল্যাষ্ট্রাম্ ক্যান্থারাইডিস্ ও নিম্নলিখিত মলম সকল প্রস্তুত করিতে ব্যবহৃত হয়,—আইয়োডিন্, মার্কারি, নাইট্রেট্ অব্ মার্কারি, একোনিটাইন্, এট্রোপাইন্, কোকেয়িন্, ও ভেরাট্রাইন্।

য়্যাডেপ্স্ বেঞ্জোয়েটাস্। বেঞ্জোয়েটেড্ লার্ড। প্রীপেয়ার্ড্ লার্ড, ১৬ আউন্স, বেঞ্জোয়িন্ ২৪০ গ্রেণ্।

নিম্নলিখিত মলম সকল প্রস্তুত করিতে বেঞ্জোয়েটেড্ লার্ড ব্যবহৃত হয়,—বেলাডোনা, ক্যান্থারাইডিস্ ক্রাইসেরোবিন্, গল্‌স্, মার্কুরিক্ আইয়োডাইড্, ক্যালোমেল্, আইয়োডোফর্ম্, য়্যাসিডেট্ অব্ লেড্, আইয়োডাইড্ অব্ পোটাসিয়াম্, সেভিন্, সিম্পল্ ষ্ট্যাফিসেগ্রারী, সাল্‌ফার, জিঙ্ক, সাল্‌ফার্ আইয়োডাইড্, ও পোটাশিয়াম্ আইয়োডাইড্।

Æther. ঈথার্। সাল্‌ফিউরিক্ ঈথার্। সুরাবীর্য্য হইতে প্রস্তুত বারী তরল পদার্থ বিশেষ। ইহাতে শতকরা ৯২ অংশ বিশুদ্ধ ঈথার্ আছে। জল ও শোধিত সুরায় দ্রবণীয়। মাত্রা, ℥xx—lx

ক্রিয়া। ব্যাপ্ত উত্তেজক, আক্ষেপনিবারক, কফনিঃসারক মাদক। বাহ্য প্রয়োগে শৈত্যকারক, উগ্রতাসাধক, ফোস্কাকারক। শ্বাসগ্রহণ করিলে চৈতন্য লোপ হয়।

ঈথারের বাষ্প শ্বাসদ্বারা গ্রহণ করিলে গল ও শ্বাসনলীমধ্যে জ্বালা অনুভূত হয়, পরে শ্বাস রোধ হইতেছে এরূপ বোধ হয়, এবং উগ্রতাজনক কাস উপস্থিত হয়; অনন্তর "উত্তেজনাবস্থা আরম্ভ হয়। এই অবস্থায় উচ্চতর স্নায়ু-কেন্দ্র সকলের ক্রিয়ার ন্যূনাধিক ব্যতিক্রম ঘটে, মস্তক মধ্যে লঘুতা অনুভূত হয় ও কর্ণে ভন্ ভন্ শব্দ হয়, এবং রক্ত-সঞ্চালন দ্রুতগতি হয়; পরে এই অবস্থা "মত্ততাবস্থায়" পরিণত হয়, রোগী প্রলাপগ্রস্ত হয়, ও হাঁসিতে কাঁদিতে, গোঙরাইতে, বকিতে, গান করিতে বা মারপিট করিতে থাকে। মুখমণ্ডল আরক্তিম, অক্ষিগোলক রক্তাবেগগ্রস্ত ও সচরাচর প্রবর্দ্ধিত; ও শিরা সকল স্ফীত হয়; স্পর্শ-শক্তির হ্রাস হয়, এবং সচরাচর পেশী সকলের বলকর (টনিক্) সঙ্কোচ বর্ত্তমান থাকে। এখনও যদি শ্বাস প্রয়োগ করিতে থাকা যায়, তাহা হইলে "স্পর্শলোপাবস্থা" উপস্থিত হয়, কশেরুকা-মজ্জার ক্রিয়া আক্রান্ত হয়; সুতরাং স্পর্শানুভবকতার ও প্রত্যাবৃত্ত ক্রিয়ার সম্পূর্ণ লোপ হয়। সাবধানে যথানিয়মে শ্বাসপ্রয়োগ দ্বারা এই অবস্থা দীর্ঘকাল রাখা যাইতে পারে। কিন্তু যদি মাত্রাধিক্য হয়, তাহা হইলে "পক্ষাঘাতাবস্থা" উৎপাদিত হয়; মেডুলার প্রত্যাবৃত্ত ক্রিয়ার কেন্দ্র সকল পক্ষাঘাতগ্রস্ত হয় এবং শ্বাস-ক্রিয়া ও রক্ত-সঞ্চালন ক্রিয়া স্থগিত হয়। তালুর পেশী সকলের পক্ষাঘাত বশতঃ সশব্দ শ্বাসপ্রশ্বাস এই অবস্থা আরম্ভের প্রথম নির্দ্দেশক লক্ষণ; এই সময়ে সাবধান হওয়া আবশ্যক। ঈথার্ প্রয়োজিত হইলে পরবর্ত্তী ফল স্বরূপ শিরঃপীড়া বমন ও মুখে ঈথারের আস্বাদ প্রকাশ পায়। ইহা দ্বারা প্রগাঢ় অচৈতন্যাবস্থা প্রাপ্ত করাইলে পর কয়েক ঘণ্টা না গত হইলে রোগীর মানসিক বৃত্তি সকল স্বাভাবিক অবস্থা পুনঃপ্রাপ্তি হয় না।

ঈথার্ আভ্যন্তরিক প্রয়োগ করিলে শারীরিক স্রাবণ-ক্রিয়া বৃদ্ধি পায়, এবং ইহা দ্বারা মস্তিষ্ক ও হৃৎপিণ্ড উত্তেজিত হয়। ফলতঃ ইহা সুরাবীর্য্যের ন্যায় কার্য্য করে।

ঈথার্ অতি সত্বর ফুস্‌ফুস্ দ্বারা নির্গত হইয়া যায়।

আময়িক প্রয়োগ। দেহে অস্ত্রচালনা কালে, রোগীকে উত্তমরূপে পরীক্ষা কালে এবং মূত্রাশ্মরী বা পিত্তাশ্মরী অবতরণ কালে, বেদনানুভূতি নিবারণের-নিমিত্ত, চৈতন্য-হারক রূপে ঈথারের শ্বাস প্রয়োজিত হয়। এ উদ্দেশ্যে ইহার ক্রিয়া "স্পর্শলোপাবস্থা" পর্য্যন্ত প্রাপ্ত করাইবে। প্রসবকালে বেদনা ও যন্ত্রণাদি উপশমিত করণার্থ সচরাচর ঈথার্ প্রয়োজিত হয়, কিন্তু এস্থলে ইহা কেবল বেদনাকালীন ব্যবহার্য্য এবং এস্থলে সম্পূর্ণ অচৈতন্যাবস্থা উৎপাদন প্রয়োজন হয় না। প্রসবের নিমিত্ত বিবিধ প্রকার অস্ত্রচালনা বা হস্তচালনা করিতে হইলে যথা টার্ণিঙ্গ, ফর্সেপ্স, ক্রেনিয়টমি ইত্যাদি, সম্পূর্ণ স্পর্শহারক মাত্রায় ঈথার প্রয়োজ্য। বিবিধ প্রকার দ্রুতাক্ষেপ রোগে আক্ষেপের আবেশাবস্থায় এবং অন্ত্র-বৃদ্ধি হইলে অন্ত্র স্বস্থান-গত করিবার নিমিত্ত, দুর্দ্দম হিক্কা রোগে, আক্ষেপজনক ও স্নায়বীয়, পীড়ায়, সাক্ষেপ শ্বাসকাস, এন্‌জাইনা পেক্‌টোরিস্ পাকাশয়ের

আক্ষেপ, সাক্ষেপ ও আধ্মানসংযুক্ত শূল বেদনা, স্নায়বীয় হৃদ্বেপন, শ্লিজনালাক্ষেপ, ধনুষ্টঙ্কার আদিতে উপকার করে। হৃৎপিণ্ডের ক্রিয়া-লোপ উপক্রমে ইহা হাই-পোডার্মিক্ রূপে বা গলাধঃকরণ দ্বারা প্রয়োজিত হয়। বিবিধ প্রকার স্নায়ু-শূল রোগে তৎস্নায়ু সন্নিধানে ত্বক্নিম্নে পিচকারী দ্বারা প্রয়োগ, এবং স্নায়বীয় শিরঃপীড়ায় আভ্যন্তরিক প্রয়োগ উপকারক। শৈত্যোৎপাদন, উত্তেজন ও ফোস্কাকরণার্থ বাহ্য প্রয়োগ হয়। স্নায়ু-শূল, পেশী-বাত আদি রোগে, বেদনা নিবারণার্থ।

ঈথার্ পিউরিফিকেটাস্।—সুরাবীর্য্য ও জলবিহীন, ঈথার্। শ্বাসরূপে ও প্রেরূপে ব্যবহৃত হয়।

একষ্ট্রাক্টাম্ ষ্ট্রোফ্যান্থাস্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

স্পিরিটাস্ ঈথারিস্।—ঈথার্, ১ ; এল্কহল্ (শতকরা ৯০) ২।

মাত্রা, ♏xxx—xc

টিংচ্যুরা লোবিলিয়া ঈথিরিয়া প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

স্পিরিটাস্ ঈথারিস্ কম্পোজিটাস্।—হফ্‌ম্যান্স্ য়্যানোডাইন্ ঈথার্, ১ ; শোধিত সুরা, ২। মাত্রা, ♏xx—xl

℞	
স্পিরিটাস্ ঈথারিস্	♏xxx
স্পিরিটঃ য়্যামনঃ য়্যারম্যাটঃ	♏xxx
টিং অর্যান্সঃ	♏v
য়্যাকোঃ ক্যাম্ফ্ঃ	℥i

মিঃ। উত্তেজক।

Agropyrum. এগ্রোপাইরাম্। কাউচ গ্রাস। এগ্রোপাইরাম্ রেপেন্স্ (ট্রিটিকাম্ রেপেন্স্) এর স্বীকৃত রিজোম্।

ক্রিয়াদি। স্নিগ্ধকারক ও মূত্রকারক। সিষ্টাইটিস্ রোগে ও মূত্রমার্গের উগ্রতায় ব্যবহৃত হয়।

ডিককটাম্। ক্বাথ। (২০ এ ১)। মাত্রা, ℥ss—i

একষ্ট্রাক্টাম্ লিকুইডাম্। তরল সার। কাউচ গ্রাস্, ২০ আউন্স্ ; এল্কহল্ (শতকরা ৯০) এবং জল, যথাপ্রয়োজন। ডিজেশন্ ও ইভাপরেশন্ দ্বারা ১ পাইন্ট্ পূর্ণ করিবে। মাত্রা, ℥i—ii

Ajown Oleum. আজোয়ান্ ওলিয়াম্। জোয়ানের তৈল।

ক্যারাম্ কপ্টিকামের ফল হইতে চোয়াইয়া প্রাপ্ত তৈল। মাত্রা, ♏ss—iii

ক্রিয়া। উত্তেজক, আক্ষেপ নিবারক, বায়ুনাশক ও পচন নিবারক।

Æther Aceticus. ঈথার্ য়্যাসেটিকাস্। য়্যাসেটিক্ ঈথার্।

মাত্রা, ♏xx—xl

ক্রিয়া। উত্তেজক, আক্ষেপনিবারক, বায়ুনাশক।

আময়িক প্রয়োগ। উদরাধ্মান প্রভৃতি রোগে, এবং উদর-শূল ও বিবিধ আক্ষেপ সংযুক্ত পীড়ায়।

লাইকর্ এপিস্প্যাস্টিকাস্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

℞ ইথার: য়্যাসেটিক্: ♏xxx

য়্যাকো: Oi

মি:। লেরিঙ্ক্সের উগ্রতা বর্ত্তমান থাকিলে শ্বাসরূপে প্রয়োজ্য।

Albumen Ovi. য়্যাল্ব্যুমেন্ ওভাই। অণ্ডের শ্বেতাংশ বা অণ্ডলাল।

Ovi Vitellus. ওভাই ভাইটেলাস্। ডিম্বের রঙ্গিণাংশ বা অণ্ড-কুসুম।

ক্রিয়া ও আময়িক প্রয়োগ। করোসিভ্ সাব্লিমেট্ ও তুঁতিয়া দ্বারা বিষাক্ত হইলে, অণ্ডলাল। অণ্ডের কুসুম পুষ্টিকারক।

মিশ্চ্যুরা স্পিরিটাস্ ভাইনাই গ্যালিসাই প্রস্তুত করিতে অণ্ডের কুসুম ব্যবহৃত হয়।

Alcohol Absolutum. য়্যালকহল য়্যাবসলিউটাম্। য়্যাব্সলিউট্ য়্যাল্কহল্। ওজনে শতকরা ১ অংশ জল সংযুক্ত এথিল্ হাই-ড্রক্সাইড্।

ক্লোরোফর্ম্, লাইকর্ এথিল্ নাইট্রাইটিস্ এবং লাইকর্ সোডিয়াই এথিলেটিস্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

Aloe, য়্যালো। মুসব্বর। বিবিধ য়্যালোই বৃক্ষের ঘনীভূত রস। ১। য়্যালোই বার্বেডেন্সিস্ য়্যালোই ভাল্গেরিস্ বৃক্ষের পত্রের ঘনীভূত রস। ২। য়্যালোই সকট্রাইনা অনিরূপিত য়্যালোই বৃক্ষের ঘনীভূত রস। উভয়ের মাত্রা, gr. ii—vi।

ক্রিয়া। উত্তেজনকর বিরেচক, বৃহৎ অন্ত্রে বিশেষ ক্রিয়া দর্শায়; অল্প মাত্রায় আগ্নেয় ও বলকারক; রজোনিঃসারক। উদরের কামড়ানি উপস্থিত করে। সরলান্ত্র মধ্যে প্রয়োগে কৃমিনাশক।

আময়িক প্রয়োগ। অলস ব্যক্তির অন্ত্রের ক্রিয়া-ক্ষীণতা; অজীর্ণ; হাইপোকণ্ড্রিয়েসিস্; পাণ্ডুরোগ; রক্তাল্পতা, ইত্যাদি।

গর্ভাবস্থায়, বা অর্শ থাকিলে প্রয়োগ নিষিদ্ধ বা অতি সাবধানে প্রয়োজ্য।

য়্যালোয়িন্, পাইলুলা ক্যাম্বোজিয়া কো:, পিল: কলোসিন্থ: কো:, এবং পিল্: কলোসিন্থ: এট্ হাইয়োসায়েমি: প্রস্তুত করিতে বার্বেডোজ্ য়্যালোজ্ ব্যবহৃত হয়।

য়্যালোয়িন্, এক্ট্রা: কলোসিন্থ: কো:, পিল্: রিয়াই কো:, এবং টিং বেঞ্জোয়িন্ কো: প্রস্তুত করিতে সকট্রাইন্ য়্যালোজ্ ব্যবহৃত হয়।

উভয় প্রকার য়্যালোজের প্রয়োগরূপ।

য়্যালোয়িনাম্। য়্যালোজ হইতে প্রস্তুত দানাযুক্ত সার। মাত্রা gr. ½—ii

বার্বেডোজ্ য়্যালোজের প্রয়োগরূপ।

একষ্ট্রাক্টাম্ য়্যালোজ্ বার্বেডেন্সিস্। জলীয় সার (১এ ১½)। মাত্রা, gr. i—vi

পাইল্যুলা য়্যালোজ্ বার্বডেন্সিস্। বটিকা। বার্বেডোজ্ মুসব্বর, ২; কঠিন সাবান, ১; অয়িল্ অব্ ক্যারায়েয়ে, ½; গোলাবের খণ্ড, ১;—(২এ১)। মাত্রা, gr v—viii

পাইল্যুলা য়্যালোজ্ এট্ ফেরি। বার্বেডোজ্ মুসব্বর, ২; নির্জল হিরাকস ১ দারুচিন্যাদি চূর্ণ, ৩; সিরাপ্ অব্ গ্লুকোস্ ৩ (প্রায় ৬ এঁ১)। মাত্রা, gr. v—viii

ডিকক্টাম্ য়্যালোজ্ কম্পোজিটাম্। মুসব্বরাদি ক্বাথ। বার্বেডোজ য়্যালো-জের সার, ২; মর্হী, ১; জাফ্রান, ১; কার্বনেট্ অব্ পোটাসিয়াম্, ১; যষ্টিমধুর সার, ৮; এলাচাদির অরিষ্ট. ৬০; জল সর্ব্বসমেত, ২০০।—(১০০ এ ১)। মাত্রা, ℥ss—ii

সকট্রাইন্ য়্যালোজের প্রয়োগরূপ।

পাইল্যুলা য়্যালোজ্ সকট্রাইনা। সক্ট্রাইন্ য়্যালোজ্, ২; কঠিন সাবান, ১; নাটমেগের বায়ি তৈল, ½; গোলাবের খণ্ড, ১।—(২এ১)। মাত্রা, gr v—viii

পাইল্যুলা য়্যালোজ্ এট্ য়্যাসাফীটিডা। মুসব্বর ও হিঙ্গু বটিকা মুসব্বর, ১; হিঙ্গু, ১; কঠিন সাবান, ১; গোলাবের খণ্ড, ১।—(৪এ ১)। মাত্রা, gr v—viii

পাইল্যুলা য়্যালোজ্ এট্ মার্হী। মুসব্বর ও গন্ধবোল বটিকা। সকট্রাইন্ য়্যালোজ্, ২; গন্ধবোল, ১; সিরাপ্ অব্ গ্লুকোস্ ১½ বা যথা প্রয়ো-জন।—(প্রায় ৪½ এ২)। মাত্রা, gr. v—viii

টিংচ্যুরা য়্যালোজ্। মুসব্বরের অরিষ্ট। সক্ট্রাইন্ মুসব্বর, ১; যষ্টিমধুর সার, ৩; পরীক্ষিত সুরা, ৪০।—(৪০এ ১)। মাত্রা, ʒi—ii

℞	একষ্ট্রাক্ট্ য়্যালোজ্	grii
	পাল ভ্: ইপিকাক্:	gr. ss
	— জিঞ্জিবারিন্	gr. ii
	সিরাপ্:	q. s.
মিঃ।	কোষ্ঠকাঠিন্য সহযোগে অজীর্ণ রোগে।	

℞	য়্যালোয়িন্	gr. ss
	একষ্ট্রা: নাক্স্: ভম্:	gr. ss
	ফেরি সাল্ফ্:	gr. ss
	মার্হ্:	gr. ss
	সোপ্	gr. ss
মিঃ।	একটি বটিকা। কোষ্ঠকাঠিন্য রোগে রাত্রে আহারের অর্দ্ধ ঘণ্টা পর সেবনীয়।	

Alstonia. এলস্টোনিয়া। সপ্তপর্ণ। ছাতিম। এল্‌ষ্টোনিয়া স্কোলেরিস্ ও এল্‌ষ্টোনিয়া কন্‌ষ্ট্রিক্টা নামক বৃক্ষের শুষ্কীকৃত বল্কল।

ক্রিয়াদি সঙ্কোচক, বলকারক, পর্য্যায়নিবারক, ও কৃমিনাশক, উদরাময় আমাতিসার সর্দ্দি জ্বরাদি রোগে ব্যবহার্য্য। রোগান্ত দৌর্ব্বল্যাবস্থায় ইহা উৎকৃষ্ট বলকারক।

ইন্‌ফিউজাম্। ফাণ্ট। ২০ এ ১, অৰ্দ্ধ ঘণ্টা। মাত্রা, ℥ss—i

টিংচ্যুরা। অরিষ্ট। বল্কল চূর্ণ ২½ আউন্স্, এল্‌কহল্ (শতকরা ৬০) ১ পাইণ্ট্, ম্যাসারেশন্। মাত্রা, ʒss—i

Alumen. য়্যাল্যুমেন্। য়্যালাম্। ফটকিরি। সাল্‌ফেট্ অব্ য়্যাল্যুমিনা ও য়্যামোনিয়া। মাত্রা, gr. x—xv

ক্রিয়া। সঙ্কোচক; বিরেচক ও বমনকারক। স্থানিক সঙ্কোচক। অধিক মাত্রায় পাকাশয়ের উগ্রতা উৎপাদন করে।

আময়িক প্রয়োগ। রক্তস্রাব, পুরাতন উদরাময়, ও আমাশয়; রস-নিঃসরণ, ক্ষত, পাঁকুই; শিথিলতা-সংযুক্ত গলক্ষত, সাতিশয় লাল-নিঃসরণ; পুরাতন চক্ষু-প্রদাহ; গ্লীট. শ্বেতপ্রদর; ডিফ্‌থিরিয়া; ক্ষত-স্থান, জলোকা-দংশিত স্থান ইত্যাদি হইতে রক্তস্রাব বহুমূত্র, হুপিংকফ্, শ্বাসকাস, সীসশূল ইত্যাদি।

গ্লিসেরাইনাম্ য়্যাল্যুমিনিস্। ফট্‌কিরি, ১; গ্লিসেরিন্, ৫।

য়্যাল্যুমেন্ এক্সিকেটাম্। শুষ্কীকৃত ফট্‌কিরি। আভ্যন্তরিক প্রয়োগ হয় না। দাহক ও ফোস্কাকারক; মাংসের ফাঙ্গাস্ বিবর্দ্ধন নষ্টকারক।

℞	য়্যালাম্	gr. iii
	য়্যাসিড্ঃ সালফিউরিক্ঃ ডিল্ঃ	♏︎i
	সিরাপ্ঃ	ʒss
	য়্যাকোয়া	℥ii

মিঃ। হুপিংকফ্ রোগে।

℞	য়্যাল্যুমেন্	gr. ii—vi
	য়্যাকোঃ ডিষ্ট্ঃ	℥i

মিঃ। কেলিরিয়া। পূযযুক্ত চক্ষুপ্রদাহে বিন্দুরূপে প্রয়োজ্য।

Ammoniacum. য়্যামোনায়েকাম্। ডোরেমা এমোনায়েকাম্ বৃক্ষের ঘনীভূত গঁদ ও ধুনাযুক্ত রস। মাত্রা, gr. x—xx

ক্রিয়া। উত্তেজক, আক্ষেপনিবারক, কফনিঃসারক, মূত্রকারক, ঘর্ম্মকারক ও রজোনিঃসারক; বাহ্য প্রয়োগে উগ্রতাসাধক।

আময়িক প্রয়োগ। পুরাতন সর্দ্দি, শ্বাসনলীর বিবিধ পীড়া, শ্বাসকাস ইত্যাদি।

এম্প্ল্যাষ্ট্রাম্ য়্যামোনিয়েসাই কাম্ হাইড্রার্জাইরো। য়্যামোনিয়েকাম্, ৩৫৬; পারদ, ১৬৫; জলপাইর তৈল, ৭; ঊর্দ্ধপাতিত গন্ধক, ১।

মিশ্চুরা য়্যামোনিয়েসাই। য়্যামোনিয়েকাম্ চূর্ণ, ¼ আউন্স্; সিরাপ্ অব্ টোলু, ৪ ড্রাম্; জল, ৭½ আউন্স্। মাত্রা, ℥ss—১।

℞ টিং ক্যাম্ফর: কো: ♏xxx
অক্সিমেল্ সিলী ♏xxx
মিষ্ট: য়্যামোনিয়েসাই ad. ℥i

মি:। এক মাত্রা। কফ:নি:সারক।

য়্যামোনিয়া ঘটিত প্রয়োগরূপ সকল।

Ammoniæ Fortis, Liquor. য়্যামোনিয়ী ফর্টিস্, লাইকার্।

ষ্ট্রঙ্গ্ সোল্যুশন্ অব্ য়্যামোনিয়া। উগ্র য়্যামোনিয়া দ্রব।

শতকরা ৩২॥০ অংশ য়্যামোনিয়াক্যাল্ বাষ্প জলে দ্রবীভূত।

য়্যামোনিয়াই ফস্ফাস্, লিনিমেণ্টাম্ ক্যাম্ফরী কম্পোজিটাম, লাইকার য়্যামোনিয়াই নাইট্রেটিস্ ফর্শিয়র্, স্পিরিটাস্ য়্যামোনিয়ী ফেটিডাস্, টিংচুরা ওপিয়াই য়্যামোনিয়েটা প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

বিষঘ্ন। য়্যাসেটিক য়্যাসিড্ বা সির্কা, স্নিগ্ধকারক পানীয়।

লাইকার্ য়্যামোনিয়ী। সোল্যুশন্ অব্ য়্যামোনিয়া। উগ্র য়্যামোনিয়া দ্রব, ১; পরিস্রুত জল, ২; (শতকরা ১০ অংশ য়্যামোনিয়া)। মাত্রা, ♏x—xxx

ক্রিয়া। উত্তেজনকর, অম্লনাশক, আক্ষেপনিবারক। বাহ্য প্রয়োগে উগ্রতাজনক, প্রত্যুগ্রতা সাধক।

আময়িক প্রয়োগ। স্নায়বীয় শিরঃপীড়া, ফুস্ফুস্প্রদাহ, শ্বাসনলীপ্রদাহ, অজীর্ণ, মদাত্যয়; টাইফয়িড্ আদি জ্বরে দৌর্ব্বল্যাবস্থা; মূর্চ্ছা (আঘ্রাণ দ্বারা); বেদনা ও সন্ধিবন্ধনের দৃঢ়তা (বাহ্যপ্রয়োগ); বোল্‌তা, ভীমরুল আদি দংশনে স্থানিক প্রয়োগ।

লিনিমেণ্টাম্ য়্যামোনিয়ী। মর্দ্দন। (প্রত্যুগ্রতা-সাধক)। য়্যামোনিয়া দ্রব, ১; বাদামের তৈল, ১; জলপাইর তৈল, ২।=(৪ এ ১)।

স্পিরিটাস্ য়্যামোনিয়ী ফীটিডাস্। ফেটিড্ স্পিরিট্ অব্ য়্যামোনিয়া। য়্যামোনিয়ার উগ্র দ্রব, ২; হিঙ্গু, ১॥০; শোধিত সুরা ২০ পূরণার্থ যথাপ্রয়োজন। মাত্রা, ℨss—i

℞ স্পি: য়্যামন: ফীটিড্: ℨss
ভাইন্: ইপেকাক্: ♏x
মিষ্ট: য়্যামোনিয়াক্: ad. ℥i

মি:। এক মাত্রা। বৃদ্ধ ব্যক্তির ক্যাটার্ ও শ্বাসকাস রোগে প্রয়োজ্য।

Ammonii Acetatis, Liquor য়্যামোনিয়াই য়্যাসিটেটিস্, লাইকার্। সোল্যুশন্ অব্ য়্যাসিটেট্ অব্ য়্যামোনিয়া। য়্যাসেটিক্ য়্যাসিডে কার্বনেট্ অব্ য়্যামোনিয়া সংযোগে প্রস্তুত। মাত্রা, ♏xx—lx

ক্রিয়া। ঘর্ম্মকারক, শৈত্যকারক, মূত্রকারক।

আময়িক প্রয়োগ। জ্বর, প্রাদাহিক পীড়া, রজকৃচ্ছ্র, পুরাতন চক্ষুপ্রদাহে বাহ্য প্রয়োগ।

(মিণ্ডারেরবাস্ স্পিরিট্)। মাত্রা, ʒii—vi

℞ লাইকার্ য়্যামন্ঃ য়্যাসেট্ঃ		℥ix
স্পিঃ ঈথার্ঃ নাইট্রিঃ		ʒi
সিরাপ্ঃ সিম্প্ল্ঃ		ʒii
য়্যাকোঃ ক্যাম্ফর্ঃ	ad.	℥i

মিঃ। ঘর্ম্মকারক। জ্বরীয় রোগে।

Ammonii Benzoas. য়্যামোনিয়াই বেঞ্জোয়াস্। বেঞ্জোয়েট্ অব্ য়্যামোনিয়াম্। য়্যামোনিয়া দ্রব, ৩; বেঞ্জোয়িক্ য়্যাসিড্, ২; পরিস্রুত জল, ৪; দ্রব করিয়া উৎপাতন দ্বারা প্রস্তুত। মাত্রা, gr. x—xx

ক্রিয়া। মূত্রকারক; প্রস্রাব অম্ল হয়। কফনিঃসারক; যকৃৎ-উত্তেজক।

আময়িক প্রয়োগ। উদরী, শোথ, গাউট্ (সন্ধি-সন্নিধানে খটিকা-শিলা সঞ্চয় হইলে); প্রস্রাবে লিথিক্ ও ফস্ফেটিক্ সঞ্চয়।

℞ য়্যামন্ঃ বেঞ্জোয়াস্		gr. x
স্পিঃ ঈথার্ঃ নিট্ঃ		ʒi
টিং ডিজিট্যাল্ঃ		♏v
য়্যাকোঃ	ad.	ʒi

মিঃ। মূত্রকারক।

Ammonii Bromidum. য়্যামোনিয়াই ব্রোমাইডাম্। ব্রোমাইড্ অব্ য়্যামোনিয়াম্। য়্যামোনিয়াম্ ও ব্রোমিন্-ঘটিত লবণ। মাত্রা, gr. v—xx

ক্রিয়া। স্নায়বীয় অবসাদক, পরিবর্ত্তক, পোষক, ও শ্লৈষ্মিক ঝিল্লির উগ্রতা-হারক।

আময়িক প্রয়োগ। হিষ্টিরিয়া, মৃগী, স্নায়ু-প্রধান ব্যক্তির অনিদ্রা, স্নায়ুশূল, শিরঃপীড়া

য়্যাঞ্জাইনা পেক্টোরিস্, হৃৎকম্প, গ্রন্থি-বিবর্দ্ধন, হুপিংকফ্, বিবিধ প্রকার আক্ষেপ, প্রলাপ, অনিদ্রা, স্নায়বীয় উগ্রতা ; কণ্ডুয়নে স্থানিক প্রয়োগ।

℞ য়্যামন্ঃ ব্রোমাইড্ঃ		gr. xv
সিরাপ্ঃ অর‍্যান্‌শ্ঃ		ʒi
য়্যাকোঃ	ad.	℥i

মিঃ। স্নায়বীয় অবসাদক।

Ammonii Carbonas. য়্যামোনিয়াই কার্বনাস্। কার্বনেট্ অব্ য়্যামোনিয়াম্। মাত্রা, gr. iii—x

ক্রিয়া। অম্লনাশক, পচননিবারক, উত্তেজক, ঘর্ম্মকারক, কফনিঃসারক। অধিক মাত্রায় বমনকারক।

আময়িক প্রয়োগ। অম্লজনিত অজীর্ণ, রক্তস্রাবাদি বশতঃ সাতিশয় ক্ষীণতা, মূর্চ্ছা, টাইফাস্, টাইফয়িড্, আরক্ত জ্বর, বসন্ত, ইরিসিপেলাস্ আদি রোগে জীবনী-শক্তি ক্ষীণ হইলে ; মদাত্যয় রোগে, সূতিকাজ্বর, সূতিকাস্তম্ভ আদিতে ; শ্বাসনলী-প্রদাহ ও ফুস্‌ফুস্-প্রদাহে উগ্রতা হ্রাস হইবার পর ; প্রুসিক্ য়্যাসিড্, তাম্রকূট প্রভৃতি অবসাদক ঔষধ-দ্রব্য দ্বারা বিষাক্ত হইলে ; বিষালু জন্তু দংশনে ইত্যাদি।

প্রয়োগরূপ।

স্পিরিটাস্ য়্যামোনিয়ী য়্যারোম্যাটিকাস্। সল্ ভোলেটাইল্। কার্বনেট্ অব্ য়্যামোনিয়াম্, ৪ আউন্স্ ; য়্যামোনিয়ার উগ্র দ্রব, ৮ আউন্স্ ; নাট্‌মেগের বায়ু তৈল, ৪।৹ ড্রাম্ ; জম্বীর তৈল, ৬।৹ ড্রাম্ ; শোধিত সুরা, ৬ পাইন্ট্ ; জল, ৩ পাইন্ট্। পরিস্রুত করিয়া প্রস্তুত হয়। মাত্রা, ♏xxx—lx

℞ য়্যামন্ঃ কার্বঃ		gr. xl
টিং সিলী		ʒii
সিরাপ্ঃ টোল্যুঃ		ʒiii
ইন্‌ফ্ঃ সেনেগী		℥vii

মিঃ। এক আউন্স্ মাত্রায় চারি ঘণ্টা অন্তর। উত্তেজনকর কফনিঃসারক।

℞ স্পিঃ য়্যামন্ঃ য়্যারমাট্ঃ		♏xv
,, ঈথারঃ		♏xv
য়্যাকোঃ ক্যাম্ফরঃ	ad.	℥i

মিঃ। উত্তেজক।

Ammonii Chloridum. য়্যামোনিয়াই ক্লোরাইডাম্। ক্লোরাইড্ অব্ য়্যামোনিয়াম্। সল্ য়্যামোনিয়াক্। নিসাদল। মাত্রা, gr. x—xx

ক্রিয়া। কফনিঃসারক, পরিবর্ত্তক, শোষক, মূত্রকারক, ঘর্ম্মকারক, পিত্তনিঃসারক, উত্তেজক, শৈত্যকারক, বলকারক। বাহ্যপ্রয়োগে শৈত্যকারক ও শোষক।

আময়িক প্রয়োগ। বিবিধ জ্বর, শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহে প্রবলাবস্থা সাম্য হইবার পর, বিবিধ পৈত্তিক বিকার, যকৃতের প্রদাহ, বিবিধ কারণ জনিত পাণ্ডু রোগে, শ্বাসনলী প্রদাহ, পোর্ট্যাল্ ড্রপ্সি, পেশী-শূল, সবিরাম জ্বর, স্ক্রফিউলা-জনিত বা উপদংশিক গ্রন্থি-বিবর্দ্ধন, স্তনপ্রদাহ ও পুরাতন প্রোষ্টেট্-গ্রন্থি-প্রদাহ ও বিবর্দ্ধনে দ্রবরূপে স্থানিক প্রয়োগ, ইত্যাদি।

℞	য়্যামন্ঃ ক্লোর্ঃ	gr. x
	একষ্ট্রঃ ট্যারাক্স্যাক্ঃ	gr. v
	টিং জেন্শিয়েন্ঃ কোঃ	♏ xx
	ইন্ফ্ঃ সেনা	℥i

মিঃ। যকৃতের সিরোসিস্ রোগে।

℞	য়্যামন্ঃ ক্লোর্ঃ	gr. xx
	একষ্ট্রঃ গ্লাইসিরাইজ্ঃ	ʒss
	সিরাপ্ঃ টোলুঃ	ʒi
	য়্যাকোঃ সিনেমমঃ ad.	℥i

মিঃ। স্নায়ুশূল ও শ্বাসনলীপ্রদাহে চারি ঘণ্টা অন্তর।

Ammonii Citratis, Liquor. য়্যামোনিয়াই সাইট্রেটিস্ লাইকার। সোল্যুশন্ অব্ সাইট্রেট্ অব্ য়্যামোনিয়াম্। য়্যামোনিয়া, সাইট্রিক্ য়্যাসিড্, পরিস্রুত জল। মাত্রা, ♏ xxx—xc

ক্রিয়া। লাইকার্ য়্যামোনিয়াম্ য়্যাসিটেটিসের ন্যায়।

℞	লাইকার্ য়্যামন্ঃ সাইট্রেটিঃ	ʒss
	পটাশ্ঃ সাইট্রেটিঃ	gr. iii
	য়্যাকোঃ ক্যাম্ফরঃ ad	℥i

মিঃ। বালকদিগের জ্বর রোগে।

Ammonii Phosphas. য়্যামোনিয়াই ফস্ফাস্। ফস্ফেট্ অব্ য়্যামোনিয়াম্। য়্যামোনিয়ার উগ্র দ্রব, জলমিশ্র ফস্ফরিক্ য়্যাসিড্। মাত্রা, gr. v—xx

ক্রিয়া। উত্তেজক, ঘর্ম্মকারক, ইউরিক্ য়্যাসিড্ দ্রবকারক, যকৃতের প্রবল উত্তেজক।

আময়িক প্রয়োগ। গাউট্, বাত, ইউরিক্ য়্যাসিড্ অশ্মরী।

℞	য়্যামন্ঃ ফস্ফ্ঃ		gr. v
	„ কার্ব্ঃ		gr. iv
	পটাশ্ঃ আইয়োডাইড্ঃ		gr. iii
	য়্যাকোঃ	ad.	℥i

মিঃ। বাত রোগে প্রয়োজ্য।

Amygdalæ. য়্যামিগডেলী। বাদাম।

১। য়্যামিগডেলা আমারা। তিক্ত বাদাম।

২। য়্যামিগ্ডেলা ডাল্সিস্। মিষ্ট বাদাম।

ক্রিয়া। তিক্ত বাদামে হাইড্রোসিয়ানিক্ য়্যাসিড্ থাকা প্রযুক্ত অবসাদক। মিষ্ট বাদাম শিথিলকারক ও স্নিগ্ধকারক, পোষক ; তৈল মৃদু বিরেচক।

আময়িক প্রয়োগ। ক্যাটার্-সংযুক্ত পীড়া ; আমাশয়, মূত্রকৃচ্ছ্র, মূত্রাশ্মরী, মূত্রযন্ত্রের অন্যান্য পীড়া, মধুমূত্র রোগে শ্বেতসার সংযুক্ত পথ্যের পরিবর্ত্তে ইহার রোটিকা।

প্রয়োগরূপ।

মিশ্চ্যুরা। মিশ্র। বাদামচূর্ণ, জল। (৮এ ১)। মাত্রা, ℥i—ii

ওলিয়াম। তৈল। তিক্ত ও মিষ্ট বাদাম হইতে নিষ্পেষিত। মাত্রা, ʒi—iv

পাল্ভিস্ য়্যামিগ্ডেলী কম্পোজিটাস। বাদামাদি চূর্ণ। মিষ্ট বাদাম ৮ ; শোধিত শর্করা, ৪ ; আরবি গঁদ ১। মাত্রা, lx—cxx.

℞	ওলিঃ য়্যামিগ্ডেল্ঃ	℥i
	মিউসিল্ঃ য়্যাকেসী	℥ss
	শর্করা	ʒii
	য়্যাকোঃ ডিষ্ট্ঃ	℥vi

মিঃ। ষষ্ঠাংশ মাত্রায়। কফমিশ্র।

Amyl Nitris. য়্যামিল্ নাইট্রি‌স্। য়্যামিলিক্ য়্যাল্কোহলের উপর নাইট্রিক্ বা নাইট্রাস্ য়্যাসিডের ক্রিয়া দ্বারা প্রস্তুত। মাত্রা, ♏ii—v (সাবধানে শ্বাস দ্বারা গ্রহণীয়।)

ক্রিয়া। আক্ষেপ-নিবারক ও বেদনা-নিবারক ; দূরস্থ রক্তপ্রণালী সকলের প্রসারক।

আময়িক প্রয়োগ। শ্বাসকাস ও এঞ্জাইনা পেক্টোরিসের আবেশ ; বিসূচিকার কোল্যাপ্সাবস্থা, মৃগী, ধনুষ্টঙ্কার, স্নায়ুশূল ; কোকেয়িন্ ও ষ্ট্রিক্নাইন্ দ্বারা বিষাক্ত হইলে।

℞ য়্যামিল্ নাইট্রি‌্ন্ ♏v—vi
য়্যাঞ্জাইনা পেক্টোরিস্ রোগে শ্বাসদ্বারা।

Amylum. য়্যামাইলাম্। শ্বেতসার। গোধূম, যব ও তণ্ডুল হইতে প্রাপ্ত।

ক্রিয়া। স্নিগ্ধকারক ও অল্প বিরেচক।

আময়িক প্রয়োগ। সরলান্ত্রের প্রদাহযুক্ত অবস্থা, ও টাইফয়িড্ জ্বরের উদরাময় (পিচকারী দ্বারা); চর্ম্ম রোগে প্রদাহ; শিশুদিগের চর্ম্মের ফাট; ব্যাণ্ডেজ্ দৃঢ়ীকরণ।

গ্লিসেরাইনাম্ য়্যামিলাই। শ্বেতসার, গ্লিসেরিন্। (৮৷৷০এ ১)।

Andrographis. য়্যাণ্ড্রোগ্রাফিস্। কালমেঘ; য়্যাণ্ড্রোগ্রাফিস্ প্যানিকিউলেটা নামক বৃক্ষের শুষ্কীকৃত ওষধি।

ক্রিয়াদি। তিক্ত বলকারক; আগ্নেয়; কৃমিনাশক; জরঘ্ন; বালক বালিকাদের উদরাধ্মান, উদরাময়, আমাশয়, ক্ষুধামান্দ্য আদি রোগে ব্যবহৃত হয়। ফলতঃ ইহা কোয়াসিয়ার অনুরূপ কার্য্য করে।

ইন্‌ফিউজাম্। ফাণ্ট। ২০এ ১। মাত্রা, ℥ss—i

লাইকর্ কন্সেণ্ট্রেটাস্। গাঢ় দ্রব। য়্যাণ্ড্রোগ্রাফিস্ ℥x, য়্যাল্‌কহল্ (শতকরা ২০) ℥xxv. পার্কোলেশন্ দ্বারা প্রস্তুত। মাত্রা, ʒss—i

টিংচ্যুরা; অরিষ্ট। য়্যাণ্ড্রোগ্রাফিস্ ২ আউন্স্; য়্যাল্‌কহল্ (শতকরা ৬০) যথাপ্রয়োজন; পার্কোলেশন্ দ্বারা ১ পাইণ্ট্ প্রস্তুত করিবে। মাত্রা, ʒss—i

---

Anethi Fructus. য়্যানিথাই ফ্রাক্টাস্। ডিল্ ফ্রুট্। পিউসিডেনাম্ গ্রাভিয়োলেন্স্ নামক বৃক্ষের শুষ্কীকৃত ফল।

ক্রিয়া। উত্তেজক ও বায়ুনাশক।

আময়িক প্রয়োগ। বালকদিগের আধ্মান, হিক্কা।

য়্যাকোয়া। ফল কুট্টিত, জল।—(১০এ ১,,)। মাত্রা, ℥ss—i

ওলিয়াম্। তৈল। মাত্রা, ♏i—iv

Anisi Fructus. য়্যানিসাই ফ্রাক্টাস্। য়্যানিস্ ফ্রুট্। মৌরি। পিম্পিনেলা য়্যানিসাম্ বৃক্ষের শুষ্কীকৃত ফল।

ক্রিয়া। উত্তেজক, সুগন্ধি, বায়ুনাশক, ও ঈষৎ কফনিঃসারক।

আময়িক প্রয়োগ। উদরাধ্মান নিবারণ, বিরেচক ঔষধ জনিত উদরের কামড়ানি হ্রাস করণ।

প্রয়োগরূপ।

য়্যাকোয়া য়্যানিসাই। য়্যানিস্ ফ্রুট্ কুট্টিত, জল।—(১০এ ১)। মাত্রা, ℥ss—i

ওলিয়াম্ য়্যানিসাই। তৈল। (য়্যানিসাই ওলিয়াম্ দেখ)।

Anisi Oleum. য়্যানিসাই ওলিয়াম্। য়্যানিস্ ও ষ্টার্ য়্যানিস্ ফল হইতে চুয়াইয়া প্রস্তুত তৈল। মাত্রা, ♏i—iv

ক্রিয়া। উত্তেজক ও বায়ুনাশক।

আময়িক প্রয়োগ। আধ্মান, বিরেচক ঔষধজনিত উদরের কামড়ানি।

প্রয়োগরূপ।

স্পিরিটাস ১০এ ১; মাত্রা, ♏ v—xx

℞	সোডিঃ বাইকার্ব্ঃ	gr. v
	ওলিঃ য়্যানিসি	♏i
	সিরাপ্ঃ অরান্সিয়াই	ʒi
	য়্যাকোয়া য়্যানিথঃ	℥i

মিঃ। বালকদিগের পক্ষে বায়ুনাশক।

Anthemidis Flores. য়্যান্থিমিডিস্ ফ্লোরেস্। ক্যামমাইল্ ফ্লাওয়ার্। য়্যান্থিমিডিস্ নোবিলিস্ নামক বৃক্ষের শুষ্কীকৃত পুষ্পগুচ্ছ।

ক্রিয়া। বলকারক, আগ্নেয়, সুগন্ধ; অধিক মাত্রায় বমনকারক।

আময়িক প্রয়োগ। পরিপাক-শক্তির ক্ষীণতাজনিত অজীর্ণ, দৌর্ব্বল্য। উদরশূল, উদরাধ্মান, শৈশবীয় দ্রুতাক্ষেপ, দন্তোদ্গমকালে উদরাময়।

একষ্ট্রাক্টাম্। সার। ক্যামমাইল্ পুষ্প, ক্যামমাইল্ তৈল, পরিস্রুত জল। মাত্রা, gr. ii—x

ওলিয়াম্। তৈল। পুষ্প হইতে চোয়ান। মাত্রা, ♏ii—iv

য়্যাণ্টিমোনিয়াম্ঘটিত ঔষধ-দ্রব্য সকল।

ক্রিয়া। য়্যাণ্টিমনিঘটিত লবণ সকল চর্ম্মোপরি স্থানিক প্রয়োগ করিলে উগ্রতা উৎপাদন করে, ও চর্ম্মে গুটিকা নির্গত হয়, গুটিকা সকল পূযবটীতে পরিণত হয়।

দীর্ঘকাল বাহ্য প্রয়োগ করিলে ফসেসে এতদনুরূপ গুটিকা প্রকাশ পায়। অল্প মাত্রায় সেবন করিলে ইহারা ঘর্ম্মকারক; অধিক মাত্রায় বিবমিষা, বমন, রক্ত-সঞ্চালনের অবসাদ, দৌর্ব্বল্য উৎপাদিত হয়, এবং শ্লৈষ্মিক ঝিল্লি ও চর্ম্মের স্রাব বৃদ্ধি পায়। আরও অধিক মাত্রায় বমনকারক, নাড়ী সাতিশয় ক্ষীণ হয়, অত্যন্ত সার্ব্বাঙ্গিক অবসাদ ও পৈশিক বিধানের শিথিলতা উপস্থিত হয়। দীর্ঘকাল সেবন করিলে বিবিধ আভ্যন্তরিক যন্ত্র মেদাপকর্ষগ্রস্ত হয়। বিষমাত্রায় পাকাশয় ও অন্ত্রের উগ্রতা উৎপাদন করে, বিসূচিকা রোগের ন্যায় বমন, অতিরিক্ত ভেদ, হস্ত পদে খেঁচুনি, কোল্যাপ্স্, পরে মৃত্যু হয়।

আময়িক প্রয়োগ। বিবিধ তরুণ প্রদাহ, তরুণ শ্বাসনলীপ্রদাহের প্রথমাবস্থা, তরুণ লেরিঞ্জাইটিস্, জ্বর, ইত্যাদি; প্রত্যুগ্রতা-সাধনার্থ বাহ্য প্রয়োগ।

১। Antimonii Oxidum. য়্যাণ্টিমোনিয়াই অক্সাইডাম্।

মাত্রা, gr. i—v

ক্রিয়াদি। ঘর্ম্মকারক, টার্ট্রেট্ অপেক্ষা ইহার ক্রিয়া মৃদু, অধিক মাত্রায় বমনকারক।

পাল্ভিস্ য়্যাণ্টিমোনিয়েলিস্। জেম্সের চূর্ণ।—অক্সাইড্ অব্ য়্যাণ্টিমনি, ফস্ফেট্ অব্ ক্যাল্সিয়াম্।—(৩এ ১)। মাত্রা, gr. iii—v

---

২। Antimonium Nigrum Purificatum. য়্যাণ্টিমোনিয়াম্ নাইগ্রাম্ পিউরিফিকেটাম্। পিউরিফাইড্ ব্ল্যাক্ য়্যাণ্টিমনি।

য়্যাণ্টিমোনিয়াই সাল্ফিউরেটাম্ ও লাইকার য়্যাণ্টিমোনিয়াই ক্লোরিডাই প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

৩। Antimonium Sulphuratum. য়্যাণ্টিমোনিয়াম্ সাল্ফিউরেটাম্। মাত্রা, gr. i—v

ক্রিয়াদি। পরিবর্ত্তক, ঘর্ম্মকারক ও বমনকারক। ইহার ক্রিয়া অনিশ্চিত। গৌণ উপদংশ, চর্ম্মরোগ, পুরাতন বাতাদিতে ব্যবহৃত হয়।

৪। Antimonii Tartaratum. য়্যাণ্টিমোনিয়াই টার্টারেটাম্। টার্টারেটেড্ য়্যাণ্টিমনি। টার্টার্ এমেটিক্।

অক্সাইড অব্ য়্যাণ্টিমনি, য়্যাসিড্ টার্ট্রেট্ অব্ পোটাসিয়াম্, জল। মাত্রা, gr. $\frac{1}{16}$—$\frac{1}{8}$ ঘর্ম্মকারক, gr. $\frac{1}{8}$—i অবসাদক, gr. i—ii বমনকারক।

ক্রিয়া। ধামনিক অবসাদক, ঘর্ম্মকারক, বিবমিষাজনক, কফনিঃসারক, ক্ষীণকারক, জ্বরঘ্ন, বমনকারক। বাহ্য প্রয়োগে প্রদাহোৎপাদক, প্রত্যগ্রতা-সাধক।

আময়িক প্রয়োগ। প্রাদাহিক জ্বর, অনুপর্য্যায় জ্বর, জ্বররোগে প্রলাপ ও অনিদ্রায় অহিফেন সহযোগে; বিবিধ আভ্যন্তরিক যন্ত্রের প্রদাহ, যথা,—ফুস্‌ফুস্‌প্রদাহ, শ্বাসনলীপ্রদাহ, ফুস্‌ফুসাবরণপ্রদাহ, মেনিঞ্জাইটিস্‌, যকৃৎপ্রদাহ। ইরিসিপেলাস্‌, উন্মাদরোগ, মদাত্যয়, তরুণ অণ্ডপ্রদাহ ইত্যাদি। জরায়ুমুখের দৃঢ়তা এবং যোনিপথের শুষ্কতা ও উষ্ণতা।

বিষঘ্ন। ট্যানিক্ বা গ্যালিক্ য়্যাসিড্‌, খদির, ঔদ্ভিদ সঙ্কোচক, চা বা কফী; অত্যন্ত কোল্যাপ্স্‌ বর্ত্তমান থাকিলে উত্তেজক ঔষধ।

ভাইনাম্ য়্যাণ্টিমোনিয়েলী। আসব। টার্টারেটেড য়্যাণ্টিমনি, শেরি আসব। (২১৯এ ১)। মাত্রা, ♏ i—lx

℞ ভাইনঃ য়্যাণ্টিমনঃ   ♏ xv
——ইপেকাকঃ   ♏ x
স্পিঃ ঈথারঃ নাইট্রঃ   ʒss
লাইকরঃ য়্যামনঃ য়্যাসেট্ঃ   ʒiii
য়্যাকোঃ   ad. ℥i

মিঃ। তরুণ ব্রঙ্কাইটিস রোগে তিন ঘণ্টা অন্তর।

℞ য়্যাণ্টিমনঃ টার্টারেট   gr. $\frac{1}{12}$
ম্যাগ্নিসঃ সালফঃ   ʒi
সিরাপ্ঃ জিঞ্জিবারঃ   ʒss
য়্যাকোয়া   ℥i

মিঃ। ৪।৫ ঘণ্টা অন্তর প্রমেহ রোগে।

℞ য়্যাণ্টিমনঃ টার্টারেটা   gr. $\frac{1}{16}$
পাল্ভঃ ইপেকাক্ঃ   gr. i
——ওপিয়াই   gr. $\frac{1}{3}$
——গ্লিসারাইজা   gr v

মিঃ। কফনিঃসারক।

℞ লাইকর্ ওপিয়াই সেডেটিভ্ঃ   ♏ x
য়্যাণ্টিমনিঃ টার্টারেটা   gr. $\frac{1}{6}$
য়্যাকোয়া ক্যাম্ফর্   ℥i

মিঃ। টাইফাস্ রোগে অনিদ্রা ও প্রলাপ হইলে।

Antipyrin. য়্যাণ্টিপাইরিন্। ফেনাজোনাম্। ফেনাজোন্। মাত্রা, gr. iii—xx

ক্রিয়া। জ্বরঘ্ন, পচননিবারক; স্নায়ুশূল ও গাউট্ রোগে বেদনানিবারক; ইহা সেবন করিলে দেহের জ্বরীয় উত্তাপ সত্বর হ্রাস হইয়া পাঁচ ছয় ঘণ্টা কাল স্থায়ী হয়; উত্তাপ ক্রমশঃ হ্রাস হইতে থাকে, ও ২ হইতে ৪ তাপাংশ পর্য্যন্ত কমিয়া আইসে; সঙ্গে সঙ্গে নাড়ীর দ্রুতত্ব হ্রাস হয়, এবং কখন কখন প্রচুর ঘর্ম্ম সহযোগে সাতিশয় অবসাদ উপস্থিত হয়। হাইপোডার্মিক্ রূপে প্রয়োগ করিলে অতি সত্বর ও দ্বিগুণ প্রবলতা সহকারে ক্রিয়া প্রকাশ পায়।

আময়িক প্রয়োগ। বিবিধ জ্বর রোগে দেহের উত্তাপাধিক্য হইলে, সর্দ্দিগর্ম্মি, তরুণ বাত, গাউট্, ইরিসিপেলাস্, ফুস্‌ফুস্‌প্রদাহ, বিবিধ প্রকার স্নায়ুশূল; লোকোমোটর্ য়্যাটাক্সি, লেরিঞ্জিস্‌মাস্ ষ্ট্রিডিউলাস্, হুপিংকফ্, শ্বাসকাস, কষ্টরজঃ ইত্যাদি।

হৃৎপিণ্ডের ক্ষীণতা ও সাতিশয় সার্ব্বাঙ্গিক দৌর্ব্বল্য থাকিলে নিষিদ্ধ।

℞ য়্যাণ্টিপাইরিন্		gr. xv
স্পিঃ ক্লোরোফর্ম্ঃ		♏ xx
য়্যাকোঃ মেন্থ্ঃ পিপ্ঃ	ad.	℥i

মিঃ। জ্বরাতিশয্য-নাশক।

Apomorphinæ Hydrochloridum. য়্যাপোমর্ফাইনী হাইড্রোক্লোরাইডাম্। হাইড্রোক্লোরেট্ অব্ য়্যাপোমর্ফাইন্। আবদ্ধ নলমধ্যে মর্ফাইন্ বা কোডেয়িন্‌কে লবণ-দ্রাবক সহযোগে উত্তপ্ত করিলে এই উপক্ষার-বিশেষ-ঘটিত লবণ পাওয়া যায়। মাত্রা, gr. $\frac{1}{12}$—$\frac{1}{8}$

ক্রিয়া। প্রবল বমনকারক; সত্বর, সহজে, বিবমিষা বা ক্ষীণতা উৎপাদন না করিয়া কার্য্য করে। এ ভিন্ন, কফনিঃসারক, অবসাদক।

আময়িক প্রয়োগ। মাদক বিষ-দ্রব্য সেবন বা যে কোন কারণে সত্বর পাকাশয় শূন্য করণ প্রয়োজন হয়, ইহা উপযোগী। ব্রঙ্কিয়াল্ ক্যাটার্, শ্বাসনলী-প্রদাহ, ক্রুপ্, ক্যাপিলারি ব্রঙ্কাইটিস্ ইত্যাদি পীড়ায়।

ইঞ্জেক্‌শিয়ো য়্যাপোমর্ফাইনী হাইপোডার্মিকা। হাইড্রোক্লোরেট্ অব্ য়্যাপোমর্ফাইন্, ১ গ্রেণ্; ডাইলিউটেড্ হাইড্রোক্লোরিক্ য়্যাসিড্, ১ মিনিম্; জল, সর্ব্বসমেত, ১১০ মিনিম্। মাত্রা, হাইপোডার্মিক্ রূপে প্রয়োগের নিমিত্ত ♏ v—x

℞ য়্যাপোমর্ফঃ হাইড্রোক্লোরেট্ঃ	gr. iiss
য়্যাসিড্ঃ হাইড্রোক্লোর্ঃ ডিল্ঃ	ʒi
স্পিঃ রেক্টিঃ	ʒiiiss
য়্যাকোঃ ডিষ্টিঃ	ʒiiiss
সিরাপ্ঃ	℥ix

মিঃ। মাত্রা, ʒss—i; কফনিঃসারক।

Aqua Destillata. য়্যাকোয়া ডিষ্টিলেটা; ডিষ্টিল্ড্ ওয়াটার্। জল। স্বভাবজ জল যত দূর বিশুদ্ধ অবস্থায় পাওয়া যায় (যথা, বৃষ্টির জল হইতে চুয়াইয়া প্রস্তুত পরিস্রুত দ্রবীকৃত তুষার)।

ক্রিয়া। এ স্থলে কেবল জলের ক্রিয়াদি বর্ণনীয়, জলের উত্তাপের তারতম্য অনুসারে বিবিধ শারীর বিধানে যে সকল ক্রিয়া প্রকাশ পায় তদ্বর্ণন অপ্রয়োজন। যথাযথরূপে শারীর ক্রিয়া সংশোধিত হইতে কতক পরিমাণ জলের আবশ্যক। ইহা প্রবল মূত্রকারক; ইহা দ্বারা প্রস্রাবের জলীয়াংশ ও কঠিন পদার্থ সকল বৃদ্ধি পায়। ইহা মূত্রগ্রন্থি, চর্ম্ম, ফুস্ফুস্ ও অন্ত্র দিয়া দেহ হইতে নির্গত হইয়া যায়; নির্গমন কালে দেহাভ্যন্তরীয় ত্যাজ্য পদার্থ সকল নিরাকৃত হয়।

আময়িক প্রয়োগ। তরুণ মূত্রগ্রন্থি-পীড়া ও পুরাতন ব্রাইটাময়ে প্রস্রাবের পরিমাণ বৃদ্ধি করণার্থ ব্যবহৃত হয়। প্রস্রাবে জ্বালা বর্ত্তমান থাকিলে উপযোগী। জ্বর-রোগে জল পান করিলে পিপাসার উপশম হয়. এবং ত্যাজ্য পদার্থ দেহ হইতে নিরাকৃত হওনে ইহা সহায়তা করে। অশ্মরী-নির্ম্মাণ-প্রবণতা থাকিলে জল পান উপকারক। গাত্র পরিষ্কার করণের নিমিত্ত, ও চর্ম্ম হইতে শোষিত হওনের নিমিত্ত স্নানাদিরূপে ব্যবহৃত হয়। ক্ষতাদিতে, ও কোন স্থান থেঁৎলাইয়া গেলে, প্রদাহ, ইরিসিপেলাস্ আদিতে জলের পটি, ধারা, ধৌত প্রভৃতি উপকারক।

Arachis Oleum. য়্যারেকিস্ ওলিয়াম্। মাটকলাইয়ের তৈল; চিনাবাদামের তৈল; য়্যারেকিস্ হাইপোজিয়ার। বীজ হইতে বিনা উত্তাপে নিষ্পেশন দ্বারা প্রাপ্ত তৈল।

ক্রিয়াদি। ওলিভ্ অয়িল্ ও বাদামের তৈলের পরিবর্ত্তে ইহা ব্যবহৃত হয়। আভ্যন্তরিক প্রয়োগে মৃদু বিরেচক।

Araroba. য়্যারারোবা; গোয়াপাউডার্। য়্যাণ্ডিরা য়্যারারোবার কাণ্ডের গহ্বর মধ্যে প্রাপ্ত হওয়া যায়; ক্রাইসেরোবিন্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

(ক্রাইসেরোবিন্ দেখ)।

Argentum. আর্জেণ্টাম্। সিল্ভার্। রৌপ্য। এতদ্ঘটিত ঔষধ সকল।

১। আর্জেণ্টাই অক্সাইডাম্। মাত্রা, gr. ss—ii

ক্রিয়া। নাইট্রেটের স্থায় ; ফোস্কাকারক নহে এবং চর্ম্মে দাগ হয় না। অবসাদক ও বলকারক ; রক্তরোধক, সঙ্কোচক।

আময়িক প্রয়োগ। অজীর্ণ, গ্যাষ্ট্রোডিনিয়া, পাইরোসিস্ আদি পাকাশয়ের বেদনাযুক্ত পীড়ায় জিহ্বা আরক্তিম না থাকিলে ; জরায়ু রক্তস্রাব, রক্তোৎকাশ ইত্যাদি ; পুরাতন উদরাময়।

২। আর্জেণ্টাই নাইট্রাস্। মাত্রা, gr. $\frac{1}{8}$—$\frac{1}{3}$

ক্রিয়া। বলকারক, সঙ্কোচক, পরিবর্ত্তক ও আক্ষেপ নিবারক ; বাহ্যপ্রয়োগে উত্তেজক, ফোস্কাকারক ও দাহক।

আময়িক প্রয়োগ। কোরিয়া, বিসূচিকা, য়্যাঞ্জাইনা পেক্টোরিস্, অপ্রবল রক্তস্রাব গ্যাষ্ট্রোডিনিয়া, টাইফয়িড্ জ্বরের অন্ত্রের প্রদাহ ও ক্ষত, পুরাতন রক্তাতিসারে পিচকারী ; বমন ও বেদনা সংযুক্ত পাকাশয়ের পীড়া ; মৃগী ; বিষাক্ত ক্ষত, ক্ষত, চর্ম্মের প্রদাহ, অপ্রকৃত বর্দ্ধন ইত্যাদি ; গলনলীর শিথিলতা, ডিফ্থিরিয়া, মুখের ক্রুপাস্ পীড়া ; ইরিসিপেলাস্ ; চুচুকক্ষত ; কর্ণিয়ায় ক্ষত, প্রমেহ, ইত্যাদি।

বিষঘ্ন। স্নিগ্ধকারক পানীয় সহযোগে সামান্য লবণ।

আর্জেণ্টাই নাইট্রাস্ মিটিগেটাস্। মিটিগেটেড্ কষ্টিক্। নাইট্রেট্ অব্ সিল্ভার্, নাইট্রেট্ অব্ পোটাসিয়াম্। (৩এ ১)।

আর্জেণ্টাই নাইট্রাস্ ইণ্ড্যুরেটাস্। নাইট্রেট্ অব্ সিল্ভার্, ৯৫ ; নাইট্রেট্ অব্ পোটাসিয়াম্, ৫ ; গলাইয়া লইবে।

℞ আর্জেণ্টাই নাইট্রাস্ gr. $\frac{1}{8}$—$\frac{1}{3}$
য়্যাকোয়া ডিষ্টিল্ঃ ℥i
সিরাপ্ঃ সিম্পল্ঃ ʒv

মিঃ। সমস্তদিনের মধ্যে, এক চামচ করিয়া এক একবার ; বালকদিগের পুরাতন উদরাময়ে প্রয়োগ।

℞ আর্জেণ্টাই নাইট্রাস্ gr. $\frac{1}{4}$—i
য়্যাকোয়া ডিষ্টিল্ঃ ʒi

মি। প্রমেহ রোগে পিচকারী দ্বারা।

Aristolochia. য়্যারিষ্টোলোকিয়া ; ইশারমূল। এরিষ্টোলোকিয়া নামক বৃক্ষের শুষ্কীকৃত কাণ্ড ও মূল।

ক্রিয়াদি। তিক্ত বলকারক। সবিরাম জ্বরে ও রোগান্ত-দৌর্ব্বল্যে ব্যবহৃত হয়।

লাইকর্ কন্সেণ্ট্রেটাস্। গাঢ় দ্রব। এরিষ্টোলোকিয়া ১০ আউন্স্, এল্কহল্ (শতকরা ২০) ২৫ আউন্স্। পার্কোলেশন্ দ্বারা ১ পাইণ্ট্ করিয়া লইবে। মাত্রা, ʒss—i

টিংচ্যুরা। অরিষ্ট। এরিষ্টোলোকিয়া ৪ আউন্স্, এল্কহল্ (শতকরা ৭০)

যথা-প্রয়োজন। পার্কোলেশন্ দ্বারা এক পাইন্ট্ করিয়া লইবে। মাত্রা, 3ss—i

---

Armoraciæ Radix. আর্মোরেসিয়ী রেডিক্স্। হর্স্ রেডিশ্ রূট্।

কক্লেরিয়া আর্মোরেসিয়া নামক বৃক্ষের সরস মূল।

ক্রিয়া। উত্তেজক, ঘর্ম্মকারক, মূত্রকারক। বাহ্যপ্রয়োগে উগ্রতাসাধক, দাহক, চর্ম্মপ্রদাহক।

আময়িক প্রয়োগ। পরিপাক-ক্ষীণতা; পক্ষাঘাত, উদরী, বাত ও স্কার্ভি-জনিত পীড়া; স্বরভঙ্গ, অপ্রাদাহিক বক্ষঃপীড়া।

স্পিরিটাস্ আর্মোরেসিয়ী কম্পোজিটাস্। সরস মূল, শুষ্ক কমলাত্বক্, জায়ফল, শোধিত সুরা, জল।—(৮এ ১)। মাত্রা, 3 —ii

---

Arnicæ Rhizoma, আর্ণিসী রিজোমা। আর্ণিকা মণ্টেনা নামক বৃক্ষের শুষ্কীকৃত ক্ষুদ্র ও সংশ্লিষ্ট মূল।

ক্রিয়া। মস্তিষ্ক-কশেরুকা-উত্তেজক, পাকাশয় ও অন্ত্রের উগ্রতাসাধক, ঘর্ম্মকারক মূত্রকারক ও রজোনিঃসারক (?)। অধিক মাত্রায় প্রাদাহিক বিষ-ক্রিয়া করে; ভেদ, বমন, সাতিশয় শিরঃপীড়া ও নাড়ীর ক্ষীণতা উপস্থিত হয়।

আময়িক প্রয়োগ। এমরোরিস্, পক্ষাঘাত, ও অন্যান্য স্নায়বীয় পীড়া, হাইড্রোকেফেলাস্ ও টাইফাস্ রোগের শেষাবস্থা, কোন স্থান মচকাইয়া বা থেঁৎলাইয়া গেলে।

বিষঘ্ন। অহিফেন, মর্ফিয়া।

টিংচ্যুরা। অরিষ্ট। রিজোম্ এল্কহল (শতকরা ৮০) (২০এ ১)। মাত্রা, 3ss—i

---

Arnica Floris, আর্ণিকা ফ্লোরিস্। আর্ণিকা মণ্টেনা নামক বৃক্ষের পুষ্প মঞ্জরী।

ক্রিয়াদি। আর্ণিসী রিজোমার ন্যায়।

টিংচ্যুরা আর্ণিসী ফ্লোরাম্। অরিষ্ট। পুষ্প ২ আউন্স্, এল্কহল্ (শতকরা ৪৫) যথাপ্রয়োজন। পার্কোলেশন্ দ্বারা ১ পাইন্ট্ করিয়া লইবে। মাত্রা, 3ss—i

---

আর্সেনিয়াম্ ঘটিত ঔষধ।

Acidum Arseniosum, য়্যাসিডাম্ আর্সেনিয়োসাম্। শঙ্খ-বিষ। মাত্রা gr. $\frac{1}{60}$—$\frac{1}{12}$

ক্রিয়া। পরিবর্ত্তক, জ্বরঘ্ন, পর্য্যায়-নিবারক, স্নায়বীয় বলকারক, আগ্নেয়; বাহ্য-প্রয়োগে দাহক। প্রবল প্রাদাহিক বিষ।

আময়িক প্রয়োগ। দুর্দ্দম পুরাতন চর্ম্মরোগ, সবিরাম জ্বর ও অন্যান্য সবিচ্ছেদ পীড়া, স্নায়ুশূল, রজোঽল্পতা, রজকৃচ্ছ্র, রজোঽধিক ইত্যাদি। পার্নিশাস্ এনীমিয়া, মৃগী, কোরিয়া।

নিষেধ ও বিধি। আহারের পর প্রয়োজ্য, নাড়ী দ্রুতগামী ও চর্ম্ম উষ্ণ থাকিলে নিষিদ্ধ। পাকাশয়প্রদেশে বেদনা, বিবমিষা ও অক্ষিপল্লবের উগ্রতা উপস্থিত হইলে ঔষধ প্রয়োগ স্থগিত করিবে।

বিষঘ্ন। সদ্যঃ প্রস্তুত ময়িষ্ট্ পারক্সাইড্ অব্ আয়রন্, বা অধিক পরিমাণে ক্যাল্সিণ্ড্ ম্যাগনিসিয়া, ডায়েলাইজ্ড্ আয়রন্; ষ্টমাক্ পাম্প্, বমনকারক ঔষধ; মিউসিলেজ্ সংযুক্ত পানীয়, অলিভ্ অয়িল্, বা ক্যাঁরন্ অয়িল্ সাতিশয় দৌর্ব্বল্য উপস্থিত হইলে যথেষ্ট পরিমাণে উত্তেজক ঔষধ; উষ্ণজলপূর্ণ বোতল ও কম্বল দ্বারা উত্তাপ প্রয়োগ।

লাইকার্ আর্সেনিকেলিস্। ফাউলার্স সোল্যুশন্। আর্সেনিয়াস্ য়্যাসিড্, কার্বনেট্ অব্ পোটাসিয়াম্, কম্পাউণ্ড্ টিংচার্ অব্ ল্যাভেণ্ডার্।—(১১০ মিনিমে ১ গ্রেণ)। মাত্রা, ♏ii—viii

লাইকার্ আর্সেনিকেলিস্ হাইড্রোক্লোরিকাস্। আর্সেনিয়াস্ য়্যাসিড্, লবণ-দ্রাবক, পরিস্রুত জল।—(১১০ মিনিমে ১ গ্রেণ)। মাত্রা, ♏ii—viii

℞	
লাইকার্ আর্সেনিক্ঃ	ʒii
য়্যামন্ঃ কার্বঃ	℥ss
পটাস্ঃ য়্যাসেট্ঃ	℥i
সিরাপ্ঃ	℥ss
য়্যাকোঃ	℥xii

মিঃ। সোরাইয়েসিস্ রোগে অর্দ্ধ আউন্স্ মাত্রায় জলের সহিত আহারের পর দিবসে দুই বার।

Arsenii Iodidum. আর্সেনিয়াই আইয়োডাইডাম্। আইয়োডাইড্ অব্ আর্সেনিক্। মাত্রা. gr. $\frac{1}{20}$—$\frac{1}{5}$

ক্রিয়া। পরিবর্ত্তক, বলকারক। অধিক মাত্রায় বিষক্রিয়া করে।

আময়িক প্রয়োগ। উপদংশিক ও অন্যান্য বিবিধ চর্ম্ম রোগে; যথা,—লেপ্রা, সোরাইয়েসিস্, ইম্পেটাইগো, ল্যুপাস্ ইত্যাদি।

লাইকার আর্সেনিয়াই এট্ হাইড্রার্জিরাই আইয়োডিডাই। ডন-

ভাপ্স্ সোল্যুশন্। আইয়োডাইড্ অব্ আর্সেনিয়াম্, রেড্ আইয়োডাইড্ অব্ মার্কারি, পরিস্রুত জল। (১১০ মিনিমে ১ গ্রেণ্)।
মাত্রা, ♏︎ ৷—xx

℞	ডনভাঙ্গ্ সোল্যুশন্	♏︎xv
	ডিকক্ঃ সার্সা কোঃ	℥i

মিঃ। ঔপদংশিক চর্ম্মরোগে দিবসে তিন বার।

Asafetida, য়্যাসাফীটিডা। হিঙ্গু। নার্থেক্স্ য়্যাসাফীটিডা নামক বৃক্ষের ঘনীভূত রস। মাত্রা, gr. v—xx

ক্রিয়া। ঈষৎ উত্তেজক, প্রবল আক্ষেপনিবারক, মৃদু বিরেচক, রজোনিঃসারক, বায়ুনাশক, কামোদ্দীপক ও কৃমিনাশক।

আময়িক প্রয়োগ। উদরাধ্মান, হিষ্টিরিয়া ও অন্যান্য স্নায়বীয় পীড়া; বৃদ্ধ ব্যক্তির কাস, পুরাতন শ্বাসনলীপ্রদাহ, হুপিংকফ্, শ্বাসকাস, দ্রুতাক্ষেপ ইত্যাদি।

পাইল্যুলা য়্যালোজ্ এট্ য়্যাসাফীটিডী। (য়্যালোজ্ দেখ)।

পাইল্যুলা গ্যাল্‌বেনাই কম্পোজিটা। হিঙ্গু, ২; গ্যাল্‌বেনাম্, ২; গন্ধবোল ২; সিরাপ্ অব্ গ্লুকোন্ ১।—(৩॥০এ ১)। মাত্রা, gr. v—viii

স্পিরিটাস্ য়্যামোনী ফীটিডাস্। (য়্যামোনিয়া দেখ)।

টিংচ্যুরা। অরিষ্ট। এল্‌কহল্ (শতকরা ৭০) (৫এ ১)। মাত্রা, ℨ½—১

℞	য়্যাসাফীটিডা	
	পাল্‌ভঃ ওপিয়াই	
	পিপর্ নাইগ্রাঃ	āā gr. i½

মিঃ। বিসূচিকারোগে

℞	টিং য়্যাসাফীটিডা	ℨss
	—ওপিয়াই	♏︎v
	পাল্‌ভঃ ইপেকাক্ঃ	gr. v
	য়্যাকোয়া	℥i

মিঃ। হুপিংকফ্ রোগে।

℞	য়্যাসাফীটিডা	gr. iii
	পাল্‌ভঃ রিয়াই	gr. i
	ওলিঃ ক্যাজুপটি	♏︎

মিঃ। উদরাধ্মান রোগে।

Atropina. য়্যাট্রোপাইনা। (বেলাডোনা দেখ)।

Aurantii cortex Recens. অর‍্যান্‌শিয়াই কর্টেক্স্‌ রিসেন্স্‌।

বিটার্‌ অরেঞ্জ্‌ পীল্‌। সরস তিক্ত কমলা ত্বক্‌। সাইট্রাস্‌ অর‍্যান্‌-সিয়াম্‌ ও বিগারেডিয়ার সরস বাহ্য ত্বক্‌।

ক্রিয়া। তিক্ত বলকারক, আগ্নেয়, সুগন্ধি।

সিরাপাস্‌ এরোম্যাটিকাস্‌। টিংচার্‌ অব্‌ অরেঞ্জ্‌ ৫, সিনেমন্‌ ওয়াটার্‌ ৫, সিরাপ্‌ ১০। মাত্রা, ℨ৪৪—i

সিরাপাস্‌ অর‍্যান্‌সিয়াই। টিংচার্‌ অব্‌ অরেঞ্জ্‌ ১, সিরাপ্‌ ৭। মাত্রা, ℨ৪৪—i

টিংচ্যুরা। অরিষ্ট। ৪ এ ১ মাত্রা, ℨ৪৪—i

(কন্‌ফেক্‌শিয়ো সাল্‌ফিউরিস্‌, সিরাপাস্‌ অর‍্যান্‌শিয়াই, সিরাপাস্‌ য়্যারোম্যাটিকাম্‌, সিরাপাস্‌ ক্যাস্কেরী য়্যারোম্যাটিকাম্‌, টিংচার্‌ কুইনাইনা এবং ট্রোচিস্কাস্‌ সাল্‌ফিউরিস্‌ প্রস্তুত করিতে ব্যবহার হয়)।

ভাইনাম্‌। আসব। মাত্রা, ℨ৪৪—i

(ভাইনাম্‌ কুইনাইনী ও ভাইনাম্‌ ফেরি সাইট্রেটিস্‌ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়)।

Aurantii Cortex siccatus. অর‍্যান্‌শিয়াই কর্টেক্স্‌ সিক্কেটাস্‌।

ড্রায়েড্‌ বিটার্‌ অরেঞ্জ্‌ পীল্‌। শুষ্কীকৃত তিক্ত কমলাত্বক্‌।

সাইট্রাস্‌ ভাল্‌গেরিস্‌ বৃক্ষের ফলের ত্বকের শুষ্কীকৃত বাহ্যাংশ।

ক্রিয়াদি। মৃদু বলকারক, বায়ুনাশক, আগ্নেয়। অন্যান্য ঔষধ সহযোগে প্রযোজিত হয়। জ্বর ও স্কার্ভি রোগে উপকারক।

ইন্‌ফিউজাম্‌ অর‍্যান্‌শিয়াই। কমলাত্বক্‌, স্ফুটিত জল।—(২০এ ১)। মাত্রা, ℥৪৪—i

ইন্‌ফিউজাম্‌ অর‍্যান্‌শিয়াই কম্পোজিটাম্‌। শুষ্কীকৃত কমলাত্বক, ॥০ আউন্স্‌, সরস জম্বীরত্বক্‌, ।০ আউন্স; লবঙ্গ, ৫৫ গ্রেণ্‌; স্ফুটিত জল, ২০ আউন্স্‌; —(৪০এ ১) মাত্রা, ℥ ৪৪—i

Aurantii Floris, Aqua. অর‍্যান্‌সিয়াই ফ্লোরিস্‌, য়্যাকোয়া।

অরেঞ্জ ফ্লাওয়ার্‌ ওয়াটার্‌। কমলা পুষ্পের জল। সাইট্রাস্‌ অর‍্যান্‌সিয়াম্‌ ভার্‌ বিগারেডিস্‌ বৃক্ষের পুষ্প হইতে চুয়ান জল।

ক্রিয়াদি। পূর্ব্বোক্তের ন্যায়। ঔষধ সুগন্ধি করণার্থ অনুপানরূপে ব্যবহৃত হয়।

সিরাপাস্‌ অর‍্যান্‌সিয়াই ফ্লোরিস্‌। অরেঞ্জ্‌ ফ্লাওয়ার্‌ ওয়াটার্‌, বিশুদ্ধীকৃত শর্করা, পরিস্রুত জল। মাত্রা, ℨ৪৪—i

Aurantii cortex Indicus. অর‍্যান্‌শিয়াই কর্টেক্স ইণ্ডিকাস্‌। ভারতবর্ষীয় কমলা-ত্বক। ভারতবর্ষ ও সিংহল দ্বীপে উৎপন্ন সাইট্রাস্‌ অর‍্যান্‌শিয়াম্‌ নামক কমলা-লেবুর সরস ও শুষ্কীকৃত উপর-ত্বক।

ইহা এদেশে পূর্ব্ববর্ণিত কমলা-ত্বকের পরিবর্ত্তে ব্যবহার করা যায়।

Azadirachta Indica. য়্যাজাডিরাক্টা ইণ্ডিকা। নিম বল্কল। মেলিয়া য়্যাজাডিরাক্টা নামক বৃক্ষের কন্দের শুষ্কীকৃত বল্কল। বল্কল ভিন্ন বৃক্ষের পত্র, তৈল আদি ব্যবহৃত হয়।

ক্রিয়াদি। বাহ্য প্রয়োগে উত্তেজক ও পচন-নিবারক; দুষ্ট দুর্গন্ধযুক্ত ক্ষত, একজিমা আদি বিবিধ চর্ম্মরোগে নীম বৃক্ষের বিবিধ অংশ, দ্রব, পুল্‌টিশ্‌ আদিরূপে প্রয়োজিত হয়। আভ্যন্তরিক প্রয়োগে, তিক্ত বলকারক, সঙ্কোচক, পর্য্যায়নিবারক, কৃমিনাশক ও পরিবর্ত্তক।

ইন্‌ফিউজাম্‌। ফাণ্ট্‌। বল্কল ৮৮ গ্রেণ্‌, জল ২০ আউন্স্‌। মাত্রা, ℥i—ii

টিংচ্যুরা। অরিষ্ট। বল্কল ১, এল্‌কহল্‌ (শতকরা ৬৫) ১০। ম্যাসারেশন্‌ প্রণালী। মাত্রা, ʒss—i

---

Balsamum Peruvianum. বাল্‌সেমাম্‌ পেরুভিয়েনাম্‌। বাল্‌সাম্‌ অব্‌ পেরু। মাইরক্সিলন্‌ প্যারিরি নামক বৃক্ষের রস। মাত্রা, ♏x - xv

ক্রিয়া। কফনিঃসারক, উত্তেজক; শ্লৈষ্মিক্‌ ঝিল্লির উপর বিশেষ ক্রিয়া দর্শায়।

আময়িক প্রয়োগ। পুরাতন ক্যাটার, শ্বাসকাস, অন্যান্য বক্ষঃপীড়া; বাত; রক্তোৎক্ষতা ইত্যাদি; শ্বেতপ্রদর, গ্লীট্‌। বাহ্যপ্রয়োগ; অসুস্থ ক্ষত, পাঁকুই, চুচুক ক্ষত।

℞	বাল্‌সাম্‌ঃ পেরুঃ		♏xv
	মেলঃ		♏xxx
	য়্যাকোঃ	ad.	℥i

মিঃ। এক মাত্রা।

Balsamum Tolutanum. বাল্‌সেমাম্‌ টোল্যুটেনাম্‌। বাল্‌সাম অব্‌ টোল্যু। মাইরক্সিলন্‌ টোল্যুফেরা নামক বৃক্ষের রস। মাত্রা, gr. x—xx

ক্রিয়াদি। পূর্ব্বোক্তের ন্যায়।

সিরাপাস্। পাক। বাল্সাম্ অব্ টোল্যু, শর্করা, জল।—(২৮½এ ১)।
মাত্রা, ʒss—i

টিংচ্যুরা। অরিষ্ট। বাল্সাম্ অব্ টোল্যু, এল্কহল্ (শতকরা ৯০)।—(১০এ ১)। মাত্রা, ʒss—i

℞ টিং টোল্যুঃ ♏x
টিং ক্যাম্ফর্ঃ কোঃ ♏xxx
মিউসিল্ঃ ♏xxx
য়্যাকোঃ য়্যানিসাই ad. ℥i

মিঃ। এক মাত্রা। কাস রোগে।

Balæ Fructus. বেলী ফ্রাক্টাস্। বেল্ ফ্রুট্। বেল। বিল্ব।

ঈগল্ মার্মেলস্ নামক বৃক্ষের অর্দ্ধপক্ক ফল।

ক্রিয়া। সঙ্কোচক, মৃদুবিরেচক, পোষক।

আময়িক প্রয়োগ। উদরাময়, আমাশয়, অপাক, কোষ্ঠকাঠিন্য।

একৃষ্ট্রাক্টাম্ লিকুইডাম্। তরল সার। বেল, পরিস্রুত জল, এল্কহল্ (শতকরা ৯০)। মাত্রা, ʒi—ii

[এ ভিন্ন, বিল্ব-মূলের ক্বাথ হাইপোকণ্ড্রিয়েসিসে, বিমর্ষোন্মাদ ও হৃদ্বেপনে; এবং বিল্ব-পত্রের ক্বাথ শ্বাসকাসে ব্যবহৃত হয়। বিল্ব-ফলের মোরব্বা, সরবৎ আদি প্রস্তুত করিয়া প্রয়োজিত হয়।

Belladonna. বেলাডোনা। য়্যাট্রোপা বেলাডোনা নামক বৃক্ষের সরস পত্র ও শাখা, এবং মূল।

ক্রিয়া। প্রবল মাদক, মূত্রকারক, নিদ্রাকারক, মৃদু বিরেচক, বেদনানিবারক; দুগ্ধ, ঘর্ম্ম, লালা আদি বিবিধ নিঃসরণ রোধক; হৃৎপিণ্ডের উত্তেজক; কনীনিকা-প্রসারক। য়্যাট্রোপাইন্ নামক উপক্ষার বীর্য্যের উপর ইহার ক্রিয়া নির্ভর করে।

আময়িক প্রয়োগ। বিবিধ প্রকার স্নায়ু-শূল রোগে স্থানিক প্রয়োগ, গলাধঃকরণ দ্বারা, সরলান্ত্রে পিচকারী দ্বারা, বা হাইপোডার্মিক্ রূপে প্রয়োজিত হয়, সচরাচর মর্ফাইন্ সহযোগে প্রয়োগ করা যায়। পেশী-বাত ও পেশী-শূল রোগে, কঞ্জাঙ্ক্টাইভার ও আইরাইটিস্ রোগে বেদনা-নিবারণ ও কনীনিকা-প্রসারণার্থ। সীস-শূল, আক্ষেপ-সংযুক্ত রক্তঃকৃচ্ছ্র; অন্ত্র, মূত্রাশয় ও মূত্রনালের আক্ষেপ রোগে আক্ষেপ নিবারণার্থ; প্রসব-বেদনায় জরায়ু-গ্রীবার শিথিলতা সম্পাদন; শ্বাসকাস, ল্যারিঞ্জিস্মাস্ ষ্ট্রিডিউলাস্ ও হুপিংকফ্ রোগে আক্ষেপ নিবারণ; স্বভাবগত কোষ্ঠকাঠিন্যে, বিরেচক ঔষধ সহযোগে, আন্ত্রিক পেশীর আবরণের আক্ষেপের শৈথিল্য সম্পাদন ও কৃমিগতি উত্তেজিত করণ

উদ্দেশ্যে; শিশুদিগের শয্যামূত্র রোগে; হৃৎক্রিয়ার লোপ-জনিত কোল্যাপ্সে উত্তেজনার্থ; তরুণ প্রাদাহিক পীড়ায় রক্তপ্রণালী সকল কুঞ্চিত করণ অভিপ্রায়ে; অতিঘর্ম্ম, লাল-নিঃসরণাধিক্য, ক্ষীণকর উদরাময় আদি অতিরিক্ত স্রাবণ-ক্রিয়া রোধার্থ; দুগ্ধনিঃসরণাধিক্য রোধার্থ স্থানিক ও আভ্যন্তরিক প্রয়োগ; অহিফেন দ্বারা বিষাক্ত হইলে শ্বাসক্রিয়া উত্তেজিত করণার্থ। স্থানিক প্রয়োগ,—স্নায়ু-শূল, পেশী-শূল, পেশী-বাত, হৃদ্‌বেপন, বিবিধ প্রকার চক্ষুরোগ, প্রদাহ, ঠুন্‌কো ইত্যাদি।

বিষঘ্ন। বমনকারক ঔষধ; ক্লোর‍্যাল্‌ হাইড্রেট্‌, পাইলোকার্পিন্‌, ফাইসষ্টিগ্‌মিন্‌।

(পত্র ও শাখা হইতে)

এক্‌ষ্ট্রাক্টাম্‌ বেলাডোনী ভিরিডি। সার। মাত্রা, gr. $\frac{1}{4}$—i

সাক্কাস্‌ বেলাডোনী। রস। সরস পত্র ও তরুণ শাখার নিষ্পেষিত রস ৩; শোধিত সুরা, ১। মাত্রা, ♏ v—xv

(মূল হইতে)

এম্‌প্ল্যাষ্ট্রাম্‌ বেলাডোনী। পলস্ত্রা। বেলাডোনার তরল সার, ৪; রেজিন্‌ পলস্ত্রা, ৫।

এক্‌ষ্ট্রাক্টাম্‌ বেলাডোনী য়্যাল্‌কোহলিকাম্‌। সুরাবসিত সার। মাত্রা, gr. $\frac{1}{4}$—i

এক্‌ষ্ট্রাক্টাম্‌ বেলাডোনী লিকুইডাম্‌। তরল সার। বেলাডোনা মূল, য়্যাল্‌কহল্‌ (শতকরা ৯০)।

টিংচ্যুরা। অরিষ্ট। বেলাডনার তরল সার, এল্‌কহল্‌ (শতকরা ৬০) ইহার ১১০ মিনিমে $\frac{1}{20}$ গ্রেণ্‌ উপক্ষার আছে। মাত্রা, ♏ v—xv

লিনিমেণ্টাম্‌ বেলাডোনী। মৰ্দ্দন। বেলাডোনা-মূল, কর্পূর, শোধিত সুরা।

আঙ্গুয়েণ্টাম্‌ বেলাডোনী। মলম। লিকুইড্‌ এক্‌ষ্ট্রাক্ট্‌ অব্‌ বেলাডনা ২; বেঞ্জোয়েটেড্‌ লার্ড্‌ ২$\frac{1}{2}$।

(বেলাডোনা হইতে)

য়্যাট্রোপাইনা। য়্যাট্রোপাইন্‌। বেলাডোনা হইতে প্রাপ্ত উপক্ষার। বেদনা-নিবারণার্থ বাহ্য প্রয়োগ; অতিঘর্ম্ম ও লালনিঃসরণ রোধ করে। য়্যাকোনাইট্‌, জেল্‌সিমিয়াম্‌, হাইড্রোসিয়্যানিক্‌ য়্যাসিড্‌, মর্ফাইন্‌, নাইট্রোগ্লিসেরিন্‌ ফাইসষ্টিগ্‌মিন্‌ ও পাইলোকার্পিন্‌ দ্বারা বিষাক্ত হইলে ইহা বিষঘ্ন।

আঙ্গুয়েণ্টাম্‌ য়্যাট্রোপাইনী। য়্যাট্রোপিন্‌, ১; ওলেয়িক্‌ য়্যাসিড্‌ ৪, লার্ড্‌, ৪৫।

য়্যাট্রোপাইনী সাল্‌ফাস্‌। সাল্‌ফেট্‌ অব্‌ য়্যাট্রোপাইন্‌। জলমিশ্র গন্ধক-দ্রাবকে য়্যাট্রোপাইন্‌ দ্রবীভূত করিয়া উৎপাতিত করিলে ইহা প্রস্তুত হয়। মাত্রা, gr. $\frac{1}{120}$—$\frac{1}{60}$

কনীনিকা প্রসারণার্থ স্থানিক প্রয়োগ ; ঘর্ম্মাদি নিঃসরণাধিক্য রোধার্থ আভ্যন্তরিক বা হাইপোডার্মিক্ রূপে প্রয়োগ হয়।

ল্যামেলী য়্যাট্রোপাইনী। ডিস্ক্‌স্ অব্ য়্যাট্রোপাইন্। সাল্‌ফেট্ অব্ য়্যাট্রোপাইন্, $\frac{1}{5000}$ গ্রেণ্ ; জেলেটিন্ ও গ্লিসেরিন্, $\frac{1}{50}$ গ্রেণ্।

লাইকার্ য়্যাট্রোপাইনী সাল্‌ফেটিস্। সাল্‌ফেট্ অব্ য়্যাট্রোপাইন্, ১$\frac{1}{2}$ গ্রেণ্ ; স্যালিসিলিক্ য়্যাসিড্ ২ গ্রেণ্ ; জল, ৪ আউন্স। ম৪৪—।

℞	বেলাডোনা লীফ্		gr. xcvi
	হাইয়োসায়েমাস্ লীফ্		
	ষ্ট্র্যামোনিয়াই লীফ্	ana	gr. xlviii
	এক্‌ষ্ট্রাক্ট্ঃ ওপিয়াই		gr. iv
	টোব্যাকো লীফ্		gr. lxxx
	য়্যাকোঃ		Oi

এতদ্দারা ফাণ্ট প্রস্তুত করিয়া তাহাতে

℞	পোটাস্ নাইট্রাস্	ʒii
	আর্সেনাইটিস্	ʒiv

দিয়া ব্লটিং কাগজ ভিজাইয়া তাহা শুষ্ক করিবে ; পরে পাকাইয়া শ্বাসকাসে তাহার ধূমপান করিবে।

℞	এক্‌ষ্ট্রাক্ট্ঃ বেলাডোনী	gr. $\frac{1}{4}$
	পাল্‌ভ্ঃ ক্যাম্ফর্ঃ	gr. ii
	কুইনাইন্ঃ সাল্‌ফ্ঃ	gr. ii

মিঃ। রজঃকৃচ্ছ্র রোগে

℞	য়্যাট্রোপাইঃ সাল্‌ফ্ঃ	gr ii
	য়্যাকোঃ ডেষ্টিঃ	℥i

মিঃ। চক্ষুতে ফোঁটা রূপে।

Benzoinum. বেঞ্জোয়িনাম্। বেঞ্জোয়িন্। ষ্টাইরাক্স্ বেঞ্জোয়িন্ নামক বৃক্ষের ধূনাযুক্ত নির্য্যাস। মাত্রা, gr. x—xxx।

ক্রিয়া। উত্তেজক, কফনিঃসারক, স্থানিক সঙ্কোচক। ইহার ধূম দুর্গন্ধহারক ও পচননিবারক। বেঞ্জোয়িক্ য়্যাসিড্ মূত্রকারক ও উত্তেজক।

আময়িক প্রয়োগ। শয্যামূত্র রোগে ও অশ্মরী রোগে বেঞ্জোয়িক্ য়্যাসিড্ পুরাতন কাস, মূত্রাশয়ের পুরাতন প্রদাহ, ক্ষত, গাউট্, বাত ইত্যাদি।

টিংচ্যুরা বেঞ্জোয়িনী কম্পোজিটা। ফ্রায়ার্স বাল্‌সাম্। বেঞ্জোয়িন্, ৮ প্রিপেয়ার্ড ষ্টোরাক্স্, ৬ ; বাল্‌সাম্ অব্ টোলু, ২ ; সক্‌ট্রাইন্ য়্যালোজ্, ১$\frac{1}{2}$ এল্‌কহল্ (শতকরা ৯০), ৮০। মাত্রা, ʒ৪১—১

(পুরাতন কাস রোগে আভ্যন্তরিক প্রয়োগ ; স্বরভঙ্গ, সর্দ্দি আদিতে শ্বাস ; ক্ষতাদিতে স্থানিক প্রয়োগ)।

য়্যাসিডাম্ বেঞ্জোয়িকাম্। বেঞ্জোয়িক্ য়্যাসিড্। বেঞ্জোয়িন্ হইতে উর্দ্ধপাতন দ্বারা প্রস্তুত অম্ল। মাত্রা, gr. v—xv

ট্রোচিসাই য়্যাসিডাই বেঞ্জোয়িসাই। প্রত্যেক চাক্তিতে ½ গ্রেণ্ বেঞ্জোয়িক্ য়্যাসিড্। মাত্রা, ১—৫

℞	টিং বেঞ্জোয়িন্ঃ কোঃ		♏lx
	উষ্ণ জল (১৪০ তাপাংশ)		Oi

মিঃ। ফেরিঙ্ক্স্ ও লেরিঙ্ক্সের তরুণ প্রদাহে শ্বাস রূপে।

℞	টিং বেঞ্জোয়িন্ঃ কোঃ		♏xx
	অক্সিঃ সিলী		♏xxx
	ভাইন্ঃ ইপেকাক্ঃ		♏v
	টিং টোল্যুঃ		♏v
	য়্যাকোঃ	ad.	℥i

মিঃ। কফনিঃসারক।

℞	য়্যাসিড্ঃ বেঞ্জোয়িক্ঃ		gr. v
	লাইকার্ য়্যামন্ঃ		♏v
	য়্যাকোঃ	ad.	℥i

মিঃ। বাত, মূত্রাশয়-প্রদাহ রোগে।

Benzol. বেঞ্জল্। ক্ষীণ কোল্-টার্ তৈল হইতে প্রস্তুত হয়। ইহা ইণ্ডিয়া রবার্ গলাইবার নিমিত্ত ব্যবহৃত হয়।

Berberis. বার্বেরিস্। দারুহরিদ্রা। বার্বেরিস্ এরিষ্টেটা বৃক্ষের শুষ্কীকৃত কাণ্ড।

ক্রিয়াদি। মৃদু সঙ্কোচক, তিক্ত বলকারক, আগ্নেয়, ঘর্ম্মকারক, জ্বরনাশক, পর্য্যায়নিবারক, সবিরাম জ্বর, স্ক্রফিউলা, পুরাতন আন্ত্রিক ক্যাটার রোগে ব্যবহৃত হয়।

লাইকর্ বার্বারিডিস্ কন্সেণ্ট্রেটাস্। গাঢ় দ্রব।—বার্বারিস্ ১০ আউন্স্, এল্কহল্ (শতকরা ২০) যথাপ্রয়োজন। পার্কোলেশন্ দ্বারা ১ পাইণ্ট্। মাত্রা, ʒss—i

টিংচ্যুরা। অরিষ্ট। বার্বারিস্ ২ আউন্স, এল্কহল (শতকরা ৬০) যথাপ্রয়োজন। পার্কোলেশন্ দ্বারা ১ পাইণ্ট্। মাত্রা, ʒss—i

---

Betel. বিটেল্। পান। পাইপার্ বিটল্ নামক লতার পত্র।

ক্রিয়াদি। সরস পত্র বা পত্রের রস বাহ্য প্রয়োগে স্থানিক মৃদু উত্তেজক, চর্ব্বণ করিলে লাল নিঃসরণ ক্রিয়া প্রকাশ করে। সেবন করিলে আগ্নেয়, বায়ুনাশক পচন-নিবারক ও কফনিঃসারক। লেরিঞ্জাইটিস্ রোগে ও গলক্ষতে চূণের সহিত পানের রস গরম করিয়া গলায় প্রয়োগ করা যায়। গ্রন্থি-বিবর্দ্ধনে এইরূপে স্থানিক প্রয়োগ উপকারক অজীর্ণ, ও বালকদিগের ক্যাটার্ রোগে ইহার রস আভ্যন্তরিক প্রয়োগে উপকার করে।

১। বিস্‌মাথাই কার্বনাস্। ক্রিয়াদি সাব্‌নাইট্রেটের ন্যায়। মাত্রা, gr. v—xx

ট্রোচিস্কাস্ বিস্‌মাথাই কম্পোজিটাস্।—বিস্‌মাথ্ অক্সিকার্বনেট্ ২ গ্রেণ্, হেভি ম্যাগ্‌নিসিয়াম্ কার্বনেট্ ২ গ্রেণ্, প্রিসিপিটেটেড্ ক্যাল্‌সিয়াম্ কার্বনেট্ ৪ গ্রেণ্। রোজ্ বেসিস্ দ্বারা প্রস্তুত চাক্তি।

২। বিস্‌মাথাই অক্সাইডাম্। ক্রিয়াদি সাব্‌নাইট্রেটের ন্যায়। মাত্রা, gr. v—xx

৩। বিস্‌মাথাই স্যালিসিলাস্। স্যালিসিলেট্ অব্ বিস্‌মাথ্। বিস্‌মাথ নাইট্রেট্ ও সোডিয়াম্ স্যালিসিলেট্ উভয়ের প্রতিক্রিয়া দ্বারা প্রস্তুত। ইহা পাকাশয় ও অন্ত্রের পচননিবারক ও অবসাদক। মাত্রা, gr v—xx

৪। বিস্‌মাথাই সাব্‌নাইট্রাস্। সাব্‌নাইট্রেট্ অব্ বিস্‌মাথ্। মাত্রা, gr. v—xx

ক্রিয়া। মৃদু সঙ্কোচক, পরিবর্ত্তক, স্নায়বীয় বলকারক, শ্লৈষ্মিক ঝিল্লির অবসাদক, ও আক্ষেপ-নিবারক। বাহ্য প্রয়োগে পচন-নিবারক, অবসাদক ও মৃদু সঙ্কোচক।

আময়িক প্রয়োগ। পাইরোসিস্, কোন কোন প্রকার বমন, উগ্রতাসংযুক্ত অজীর্ণ, পাকাশয়-প্রদাহ, পাকাশয়-শূল, বক্ষ-শূল অতিসার, শিশুদিগের গ্রীষ্মাতিসার। বাহ্য-প্রয়োগ,—বিবিধ চর্ম্মরোগ, প্রমেহ, গ্লীট্, শ্বেতপ্রদর, যোনি-প্রদাহ ইত্যাদি।

লাইকর্ বিস্‌মাথ্ এট্ এমোনিয়া সাইট্রাস্। লাইকর বিস্‌মথাই। ইহার ইহার প্রতি ড্রামে ৩ গ্রেণ্ বিস্‌মাথ্ অক্সাইড্ আছে। মাত্রা, ʒss—i

℞		
	বিস্‌মাথ্ঃ কার্ব্ঃ	ʒii
	ম্যাগ্ঃ কার্ব্ঃ লেভিঃ	ʒi
	পালভঃ ট্রাগাকান্থ্ঃ কোঃ	ʒii
	য়্যাকোঃ অর‍্যান্‌শ্ঃ ফ্লোর্ঃ	
	গ্লিসেরিন্ঃ	a'a' ʒii
	য়্যাকোঃ	ad. ℥vi

মিঃ। পাইরোসিস্ রোগে তিন চারি চা-চামচ মাত্রায় আহারান্তে দিবসে তিন বার।

℞		
	লাইকার্ বিস্‌মাথঃ	ʒi
	য়্যাসিড্ঃ হাইড্রোসিয়ান্ঃ ডিল্ঃ	♏iii
	য়্যাকোঃ মেন্থ্ঃ পিপ্ঃ	℥i

মিঃ। অবসাদক। বমন, পাকাশয়ের উগ্রতা আদিতে।

℞ বিস্মাথ্ঃ সাব্নিট্ঃ ʒvi
মর্ক্ঃ হাইড্রোক্লোর্ঃ gr. ii
পাল্ভ্ঃ ম্যাকেসীঃ ʒii
মিঃ। সদ্যঃ সর্দ্দিতে নস্তরূপে ব্যবহার্য্য।

℞ বিস্মাথ্ঃ সাব্নিট্ঃ
পাল্ভ্ঃ ম্যাকেসীঃ
সোড্ঃ বাইকার্বঃ aa. gr. iv
মিঃ। উগ্রতাযুক্ত অজীর্ণ রোগে।

Borax. বোর্য়াক্স্। সোডী বাইবোরাস্। সোহাগা।

মাত্রা, gr. x – xl

ক্রিয়া। পচননিবারক, মৃদু সঙ্কোচক, শৈত্যকারক, মূত্রকারক, অশ্মরীদ্রাবক, রজো-নিঃসারক; অন্ত্রের উপর অম্লনাশক ক্রিয়া দর্শায়।

আময়িক প্রয়োগ। জরায়ু-সঙ্কোচনের ক্ষীণতা প্রযুক্ত প্রসব-বিলম্ব হইলে, প্রসবের পর ফুল নির্গত হওনে বিলম্ব হইলে, প্রস্রাবে ইউরিক্ য়্যাসিডের আধিক্য হইলে আভ্যন্তরিক প্রয়োগ; মুখ, গলনলী ও জিহ্বার য়্যাফ্থাস্ ক্ষত, পারদজনিত লাল-নিঃসরণাধিক্য রোগে কুল্য; প্রমেহ, শ্বেতপ্রদর আদি রোগে পিচকারী; যোনিকণ্ডূয়ন, অণ্ডকণ্ডূয়ন, একজিমা, আদি রোগে বাহ্য প্রয়োগ: ইরিসিপেলাস্ রোগে গ্লিসেরিন্ সহযোগে, চুচুক-বিদারণ আদিতে দ্রবরূপে স্থানিক প্রয়োগ।

গ্লিসেরাইনাম্ বোরেসিস্। সোহাগা চূর্ণ, ১; গ্লিসেরিন্ ৬, মাত্রা, ʒss—iss

মেল্ বোরেসিস্। সোহাগা সূক্ষ্ম চূর্ণ, ২; গ্লিসেরিন্ (ওজন), ১; শোধিত মধু, ১৬। (মুখাভ্যন্তরীয় য়্যাফ্থীতে উপযোগী)।

℞ বোরেসিস্ ʒss
য়্যাকোয়া স্যাম্বিউসাই ℥iss
স্পিঃ রোজ্মেরিঃ ℥ss
মিঃ রোজিয়োলার কণ্ডূয়ন দমনার্থ দ্রব বাহ্যপ্রয়োগ।

Bromum, ব্রোমাম্। ব্রোমিন্। অধাতব পদার্থ, সমুদ্র জল ও কোন কোন লাবণিক উৎস হইতে পাওয়া যায়।

ক্রিয়াদি। অনেকাংশে আইয়োডিনের ন্যায়। আভ্যন্তরিক প্রয়োগ হয় না। জরায়ুর ক্যান্সার্ রোগে বাহ্য প্রয়োগে উপকারক। ইহা প্রবল দাহক।

১। য়্যামোনিয়াই ব্রোমাইডাম্। ব্রোমাইড্ অব্ য়্যামোনিয়াম্।
মাত্রা, gr. ii—xx (য়্যামোনিয়াম্ দেখ)।

২। পোটাসিয়াই ব্রোমাইডাম্। ব্রোমাইড্ অব্ পোটাসিয়াম্। মাত্রা, gr. v—xxx

ক্রিয়া। অবসাদক, পরিবর্ত্তক, নিদ্রাকারক, আক্ষেপনিবারক, কামনাশিক, স্পর্শহারক, শোষক।

আময়িক প্রয়োগ। পুরাতন গ্রন্থিবিবর্দ্ধন, গলগণ্ড, পুরাতন যকৃৎ বিবর্দ্ধন, প্লীহা-বিবর্দ্ধন, স্ক্রুফিউলা; উন্মাদ, কামোন্মাদ; ঔপদংশিক চর্ম্মরোগ, অনিদ্রা, কোরিয়া, হিষ্টিরিয়া, ল্যারিঞ্জিস্মাস্ ষ্ট্রিডিউলাস্, সাক্ষেপ শ্বাসকাস, হুপিংকফ্; গলনলী ও লেরিঙ্ক্সের পীড়া; মৃগী, সাতিশয় মানসিক পরিশ্রম-জনিত মস্তিষ্কের পীড়া ইত্যাদি।

৩। সোডিয়াই ব্রোমাইডাম্। ব্রোমাইড্ অব্ সোডিয়াম্। মাত্রা, gr. x—xxx

ক্রিয়াদি। ব্রোমাইড্ অব্ পোটাসিয়ামের ন্যায়, কিন্তু ইহার অবসাদন ক্রিয়া তদপেক্ষা কম।

৪। য়্যাসিডাম্ হাইড্রোব্রোমিকাম্ ডাইলিউটাম্। ডাইলিউটেড হাইড্রোব্রোমিক্ য়্যাসিড্। শতকরা দশ অংশ বিশুদ্ধ বাষ্পীয় হাইড্রোব্রোমিক্ য়্যাসিড্ জলে দ্রবীভূত। মাত্রা, ♏x—lx

ক্রিয়াদি। ব্রোমাইড্ সকলের ন্যায়। অধিক মাত্রায় য়্যাক্নি উৎপাদিত হইয়া থাকে। ডাং ফথার্জিল্ বলেন যে, কুইনাইন্ বা লৌহ সেবন করিলে যে শিরঃপীড়া উপস্থিত হয়, এতদ্দ্বারা তাহা দমিত হয়। স্নায়বীয় দৌর্ব্বল্যে ইহা কুইনাইন্ সহযোগে প্রয়োজিত হয়।

℞ পোটাস্ঃ ব্রোমাইড্ঃ		gr. iii
য়্যাকোয়া ক্যাম্ফর্ঃ		℥i

মিঃ। প্লীহা-বিবর্দ্ধনে দিবসে তিন বার।

℞ পোটাস্ঃ ব্রোমাইড্ঃ		gr. xxv
টিং হাইয়োসায়েমাই		ʒss
স্পিঃ ক্লোরোফর্ম্ঃ		♏x
য়্যাকোয়া	ad,	℥iss

মিঃ। নিদ্রাকারক।

Buchu Folia. বুকু ফোলিয়া, বুকু লীভ্স্। বারজ্মা সিরাটিফোলিয়া, বেটিউলিনা, ক্রেনিউলেটা নামক বৃক্ষের শুষ্কীকৃত পত্র। মাত্রা, gr. xx—xl

ক্রিয়া। বলকারক, আগ্নেয়, মূত্রকারক, ও ঘর্ম্মকারক।

আময়িক প্রয়োগ। মূত্রযন্ত্রের বিবিধ পীড়ায়, মূত্রাশয় ও মূত্রপথের উগ্রতা, প্রোষ্টেট্ গ্রন্থির পীড়া; অজীর্ণ, পুরাতন বাত, উদরী, বিবিধ চর্ম্মরোগ; মূত্রাবরোধ বা মূত্র-ধারণে অক্ষমতা।

ইন্‌ফিউজাম্। ফাণ্ট্। বুকু, স্ফুটিত পরিস্রুত জল। (২০এ ১)। মাত্রা, ℥i—ii

টিংচ্যুরা। অরিষ্ট। বুকু, এল্‌কহল্, (শতকরা ৬০)। (৫এ ১): মাত্রা, ʒ ss—i

℞	ইন্‌ফ্ঃবুকু	℥vii
	টিং বুকু	
	টিং কিউবেবৃঃ	ana ʒiv

মিঃ। মূত্রগ্রন্থি, মুত্রাশয় ও প্রোষ্টেট্ গ্রন্থির পুরাতন পীড়ায় ℥i মাত্রায় দিবসে ৩ বার।

Buteæ Gummi, বিউটেয়ী গামাই। বিউটিয়া গাম। বেঙ্গল কাইনো। পলাশ গঁদ। বিউটিয়া ফ্রণ্ডোসা নামক বৃক্ষের কাণ্ডে অস্ত্রাঘাত দ্বারা প্রাপ্ত ঘনীভূত রস।

ক্রিয়াদি। যে সকল প্রয়োগরূপ প্রস্তুত করিতে, এবং যে সকল রোগে কাইনো ব্যবহৃত হয় সেই সকল স্থলে কাইনোর পরিবর্ত্তে পলাশ গঁদ ব্যবহার করা যায়;

Buteæ Semina. বিউটেয়ী সেমিনা। বিউটিয়া সীডস্। পলাশ বীজ। বিউটিয়া ফ্রণ্ডোসার বীজ।

ক্রিয়াদি। বাহ্য প্রয়োগে উগ্রতাসাধক, লেবুর রসের সহিত বাটিয়া দদ্রু রোগে প্রলেপরূপে ব্যবহৃত হয়। আভ্যন্তরিক প্রয়োগে কৃমিনাশক; রাউণ্ড্ ওয়ার্ম্ নামক মহীলতার ন্যায় কৃমিরোগে স্যাণ্টোনাইনের পরিবর্ত্তে ব্যবহার্য্য।

পাল্‌ভিস্। চূর্ণ। উপর ত্বক বিহীন বীজ শুষ্কীকৃত ও চূর্ণীকৃত। মাত্রা; gr. x—xx

Butyl-Chloral Hydras বিউটিল্-ক্লোর্যাল্ হাইড্রাস্। ক্রোটন্ ক্লোর্যাল হাইড্রেট্। য়্যাল্‌ডিহিড্‌কে ১৪ তাপাংশ শীতল করিয়া তন্মধ্যে শুষ্ক ক্লোরিন্ বাষ্প প্রয়োগ করিলে বিউটিল্-ক্লোর্যাল্ প্রস্তুত হয়; উহাকে চুয়াইয়া জল সংযোগ করিলে ইহা প্রাপ্ত হওয়া যায়। মাত্রা, gr. v—xx

ক্রিয়া। বেদনা-নিবারক, আক্ষেপ-নিবারক, পঞ্চম স্নায়ুর অবসাদক; অধিক মাত্রায় নিদ্রাকারক। ইহার ক্রিয়া ক্লোর্যাল্ হাইড্রেটের অনুরূপ। কথিত আছে যে, ক্লোর্যাল্ হাইড্রেট্ অপেক্ষা হৃৎপিণ্ডের উপর ইহার অবসাদ ক্রিয়া কম; কিন্তু এ বিষয় এ পর্য্যন্ত স্থিরীকৃত হয় নাই।

আময়িক প্রয়োগ। মস্তক ও মুখমণ্ডলের স্নায়ু-শূল রোগে, বিশেষতঃ পঞ্চম স্নায়ুর শূলে ইহা মহোপকারক। সাক্ষেপ শ্বাসকাস, ধনুষ্টঙ্কার, এবং যক্ষ্মা বা পুরাতন লেরিঞ্জাইটিসের উগ্রতা, কাস আদিতে উপকার করে।

বিষঘ্ন। কৃত্রিম শ্বাস-ক্রিয়া; পাইক্রটক্সিন্ gr. $\frac{1}{20}$

℞	বিউটিল্-ক্লোর‍্যাল্ হাইড্রেট্		gr. iv
	গ্লিসেরিন্ঃ		♏xv
	য়্যাকোঃ ক্লোরোফর্মঃ		℥ss
	য়্যাকোঃ	ad.	℥i

মিঃ। স্নায়ুশূল রোগে।

Cadinum Oleum. ক্যাডিনাম্ ওলিয়াম্। অয়িল অব্ কেড্। হিউলি ডি কেড্। জ্যুনিপেরাস্ অক্সিসেড্রাস্ ও অন্যান্য প্রকার জ্যুনিপেরাস্ বৃক্ষের কাষ্ঠ দগ্ধ করিয়া প্রস্তুত তৈলবৎ পদার্থ।

ক্রিয়া। উত্তেজক, পচননিবারক। টারের অনুরূপ।

আময়িক প্রয়োগ। সোরায়েসিস্, পুরাতন একজিমা আদি চর্ম্মরোগ।

℞	ওলিঃ ক্যাডিঃ	ʒii
	য়্যাডেপ্স্	℥i

মিঃ। সোরায়েসিস্ রোগে মলম।

Caffeina. কেফীনা। থেয়িনা। গোয়ারানাইনা। ক্যামেলিয়া থিয়ার শুষ্কীকৃত পত্র হইতে বা ক্যাফিয়া য়্যারাবিকার শুষ্কীকৃত বীজ হইতে প্রাপ্ত উপক্ষার। মাত্রা, gr. i—v

ক্রিয়া। হৃৎপিণ্ডের বলকারক, মূত্রকারক। ডিজিটেলিসের ন্যায় সংগ্রাহক হইয়া কার্য্য করে না। ইহা দ্বারা অনিদ্রা উপস্থিত হয়। ইহা মাস্তিষ্ক্য উত্তেজক। বিষমাত্রায় অবসাদনের লক্ষণ প্রকাশ পায়।

আময়িক প্রয়োগ। হৃৎপিণ্ডের ক্ষীণতা; হৃৎপিণ্ডের বিবিধ পীড়া, অথবা হৃৎকপাটীর রোগ; শোথ, উদরী আদি রোগে মূত্রকরণার্থ; মাইগ্রেন্ আদি শিরঃপীড়া; ইত্যাদি।

কেফিনী সাইট্রাস্। কেফীনের জম্বীরাম্ল ঘটিত লবণ। মাত্রা, gr. ii—x

কেফিনী সাইট্রাস্ এফার্ভেসেন্স্। উচ্ছলৎ সাইট্রেট্ অব্ কেফিন্।

মাত্রা, gr. lx—cxx

℞	কেফীনঃ সাইট্রাস্		gr. i
	পোটাস্‌ঃ ব্রোমাইড্‌ঃ		gr. v
	সিরাপ্‌ঃ		ʒ iss
	য়্যাকোঃ	ad.	℥i

মিঃ। শিরঃপীড়া রোগে।

Cajuputi Oleum. ক্যাজুপাটাই ওলিয়াম্। অয়িল্ অব্ ক্যাজুপাট্। ম্যানালিউকা মাইনর্ বৃক্ষের পত্র হইতে চুয়ান। মাত্রা, ♏i—iv

ক্রিয়া। স্থানিক ও ব্যাপ্ত উত্তেজক, বায়ুনাশক, আক্ষেপনিবারক ও ঘর্ম্মকারক।

আময়িক প্রয়োগ। হিষ্টিরিয়া, বিসূচিকা, আধ্মানযুক্ত অন্ত্রশূল, পাকাশয়ের আক্ষেপ, পুরাতন বাত, দৌর্ব্বল্যকর জ্বর, উদরীতে ইত্যাদি। দন্তশূল, গাউট্ ও বাতজনিত বেদনায় বাহ্য প্রয়োগ।

(লিনিমেণ্ট্: ক্রোটন্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়)।

স্পিরিটাস্ ক্যাজুপাটাই। ক্যাজুপাট্ তৈল ১; এল্কহল্ (শতকরা ৯০) যথাপ্রয়োজন,—(১০ এ ১)। মাত্রা, ♏v—xx

℞	ওলিঃ কাজুপাটিঃ	♏v
	ম্যাগ্ঃ কার্বঃ লেভিন্	gr. ii
	য়্যাকোয়া	℥i

মিঃ। শূলবেদনা, আক্ষেপ ইত্যাদিতে।

ক্যাল্সিয়াম্ ঘটিত প্রয়োগরূপ সকল।

এতদ্ঘটিত চারিটি কার্বনেট্ ব্যবহৃত হয় ;—

১। **Creta Priparata.** ক্রীটা প্রীপারেটা। প্রীপেয়ার্ড্ চক্।

মাত্রা, gr x—lx

ক্রিয়া। সঙ্কোচক ও অম্লনাশক।

আময়িক প্রয়োগ। অম্ল সংযুক্ত উদরাময় ; অক্জ্যালিক্ য়্যাসিড্ দ্বারা বিষাক্ত হইলে ; রেকাইটিস্ ও স্ক্রফিউলা জনিত পীড়া ; কোন স্থান ঝল্সাইয়া বা পুড়িয়া গেলে স্থানিক প্রয়োগ।

হাইড্রার্জারাই কাম্ ক্রীটা। (হাইড্রার্জাইরাম্ দেখ)।

মিশ্চ্যুরা ক্রীটী। প্রীপেয়ার্ড্ চক্, ¼ আউন্স্ ; ট্রাগাকান্থ্ চূর্ণ, ১৫ গ্রেণ্ ; শোধিত শর্করা ; ½ আউন্স্ ; সিনেমন্ ওয়াটার্, ৮ আউন্স্ পূর্ণ করণার্থ যথাপ্রয়োজন। মাত্রা, ℥i—ii

পালভিস্ ক্রীটী য়্যারোম্যাটিকাস্। প্রীপেয়ার্ড্ চক্, ১১ ; সিনেমন্, ৪ ক্লোভ্স্, ১½ ; কার্ডেমম্ সীড্স্, ১ ; বিশুদ্ধীকৃত শর্করা, ২৫।

মাত্রা, x—lx

পাল্‌ভিস্ ক্রীটী য়্যারোম্যাটিকাস্ কাম্ ওপিয়ো। য়্যারোম্যাটিক্ চক পাউডার্ ৩৯ ; ওপিয়াম্ চূর্ণ, ১। মাত্রা, gr. x—xl

২। **Calcii Carbonas Præcipitata.** ক্যালসিয়াই কার্বনাস্ প্রীসিপিটেটা। প্রীসিপিটেটেড্ কার্বনেট্ অব্ ক্যাল্‌সিয়াম্। ক্লোরাইড্ অব্ ক্যাল্‌সিয়াম্ ও কার্বনেট্ অব্ সোডিয়াম্ উভয়ের দ্রব একত্র ফুটাইয়া প্রস্তুত হয়। মাত্রা. gr. x—lx

ক্রিয়াদি। সঙ্কোচক, অম্লনাশক। উদরাময়ে ব্যবহার্য্য।

(ট্রোচিস্কাস্, বিস্‌মাথাই কম্পোজিটা প্রস্তুত করিতে ব্যবহৃত হয়)।

স্পিরিটাস্ ক্যাল্‌সিয়াই ল্যাক্টোফস্ফেটিস্ এবং ট্রোচিস্কাস্ বিস্‌মাথাই কম্পোজিটা প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

৩। **Calx.** ক্যাল্‌ক্‌স্। চূণ।

ক্রিয়া। দাহক ; অম্লনাশক।

আময়িক প্রয়োগ। বিশুদ্ধাবস্থায় আভ্যন্তরিক প্রয়োগ হয় না। ইহার প্রয়োগরূপ সকল অম্লসংযুক্ত উদরাময়, অজীর্ণ ; কোন স্থান ঝল্‌সাইয়া গেলে বা দগ্ধ হইলে ব্যবহৃত হয়।

ক্যাল্‌সিয়াই হাইড্রাস্। স্লেকড্ লাইম্। সদ্যোদগ্ধ চূণ, ৩২ ; পরিস্রুত জল, ২০।

ক্রিয়া। দাহক ; চূণের জল বাহ্য প্রয়োগে সঙ্কোচক। আভ্যন্তরিক প্রয়োগে অম্লনাশক, বমনকারক, ও মৃদু বিরেচক।

আময়িক প্রয়োগ। ওয়ার্ট আদি ক্ষুদ্র বিবর্দ্ধনে দাহকরূপে ; কোন স্থান বেদনাযুক্ত ও স্ফীত হইলে, অথবা ঝল্‌সাইয়া ও পুড়িয়া গেলে ; রসনিঃসরণ সংযুক্ত একজিমা রোগে, পচাক্ষত, শ্বেতপ্রদর, দদ্রু আদিতে বাহ্য প্রয়োগ। অম্লসংযুক্ত উদরাময়, বুকজ্বালা, অজীর্ণ, অশ্মরী, বালকদিগের রিকেট্‌স্, পুরাতন বমন, গর্ভাবস্থার বমন ইত্যাদিতে আভ্যন্তরিক প্রয়োগ।

লিনিমেণ্টাম্ ক্যাল্‌সিস্। চূণের জল, ১ ; অলিভ্ অয়িল্, ১।

লাইকার্ ক্যাল্‌সিস্। য়্যাকোয়া ক্যাল্‌সিস্। লাইম্ ওয়াটার। চূণের জল। ধৌত আর্দ্র চূণকে পরিস্রুত জল সহযোগে আলোড়ন করিয়া জলীয়াংশ পৃথগ্‌ভূত করিয়া লইবে। মাত্রা, ℥i—iv

লাইকার্ ক্যাল্‌সিস্ স্যাকারেটাস্। আর্দ্র চূণকে শর্করাক্ত জলের সহিত আলোড়ন করিয়া জলীয়াংশ পৃথগ্‌ভূত করিয়া লইবে। ৬২তে ১। মাত্রা, ♏xx—lx

৫। **Calcii Phosphas.** ক্যাল্‌সিয়াই ফস্ফাস্। ফস্ফেট্ অব্ ক্যালসিয়াম্। ফস্ফেট্ অব লাইম্। অস্থিভস্ম হইতে পরিশোধন দ্বারা প্রস্তুত। মাত্রা, gr. v—xv.

ক্রিয়াদি। পরিবর্ত্তক ও বলকারক অস্থি-নির্ম্মাণাশয়ে স্ক্রফিউলা ও রিকেট্স্ রোগে, এবং শিশুদিগের রক্তাল্পতাবস্থা ও ক্ষীণতায় ব্যবহৃত হয়।

৬। **Calx Sulphurata.** ক্যালক্স্ সালফিউরেটা। সাল্ফিউরেটেড্ লাইম্। সাল্ফেট্ অব্ ক্যাল্সিয়াম্ ও সাল্ফাইড্ অব্ ক্যাল্সিয়ামের মিশ্র; সাল্ফেট্ অব্ ক্যাল্সিয়াম্ ও কাষ্ঠাঙ্গার একত্রে উত্তপ্ত করিয়া প্রস্তুত হয়।, মাত্রা, gr. ¼—i.

ক্রিয়াদি। চর্ম্মরোগ, বয়িল্স্, স্ফোটকাদি রোগে প্রয়োজিত হয়।

৭। **Calcii Chloridum.** ক্যাল্সিয়াই ক্লোরাইডাম্। হাইড্রোক্লোরিক্ য়্যাসিড্কে কার্বনেট্ অব্ ক্যাল্সিয়াম্ সহযোগে সমক্ষারাম্ল করিয়া উৎপাতিত করিলে প্রাপ্ত হওয়া যায়। মাত্রা gr. v—xv.

ক্রিয়াদি। রক্তরোধক, সঙ্কোচক, পরিবর্ত্তক। বমননিবারণার্থ ও গ্রন্থি (গ্ল্যাণ্ড্) সকলের পাড়ায় ব্যবহার্য্য। আভ্যন্তরিক রক্তস্রাবে উপকারক।

৮। **Calx Chlorinata.** ক্যাল্ক্স্ ক্লোরিনেটা। ক্লোরিনেটেড্ লাইম্। আর্দ্র চূণের উপর ক্লোরিন্ বাষ্পের ক্রিয়া দ্বারা প্রাপ্ত।

লাইকর্ ক্যাল্সিস্ ক্লোরিনেটী। ক্লোরিনেটেড্ লাইম্, ১; পরিস্রুত জল, ৯।

ভেপর্ ক্লোরাই। ক্লোরিনেটেড্ লাইম্, শীতল জল।

ক্রিয়া। প্রবল সংক্রমাপহ।

আময়িক প্রয়োগ। প্রায় আভ্যন্তরিক প্রয়োগ হয় না। পচা, দুর্গন্ধযুক্ত ক্ষত, দগ্ধ-ক্ষত, চিলব্লেন্, বিবিধ চর্ম্মরোগ, পাচড়া আদিতে দ্রবরূপে বাহ্যপ্রয়োগ উপকারক।

৯। **Calcii Hypophosphis.** ক্যালসিয়াই হাইপোফস্ফিস্। আর্দ্র চূণ, জল ও ফস্ফরাস্ উত্তপ্ত করিয়া বিশুদ্ধীকৃত করণান্তর দানা বাঁধিয়া লইলে প্রস্তুত হয়। মাত্রা, gr. iii—x.

ক্রিয়াদি। স্নায়বীয় ও সার্ব্বাঙ্গিক দৌর্ব্বল্যে বিশেষ উপকার করে। ইহা উত্তেজক, বলকারক ও পরিবর্ত্তক। স্ক্রফিউলা, যক্ষ্মা আদি রোগে ব্যবহৃত হয়।

℞	য়্যাকোয়া ক্যাল্সিস্	℥vii
	স্পিঃ য়্যামনঃ য়্যারমঃ	℥ss
	টিং হাইয়োসাইঃ	℥ss
	ম্যাগ্নেস্ঃ কার্ব্ঃ	℈i

মিঃ। বুকজ্বালা সংযুক্ত অজীর্ণ রোগে দিবসে দুই বার।

℞ মিষ্ট: ক্রীটী ℥ii
পাল্‌ভ: ক্রীটী ℈ss
টিং ওপিয়াই ♏ii
মিঃ। উদরাময়ে।
℞ ক্যাল্‌সিস্‌ ফস্ফ্‌: gr. v
মিষ্ট্‌: ক্রীটী ℥i
মিঃ। দিবসে তিন বার। বালকদিগের নিমিত্ত চতুর্থাংশ।
উদরাময় রোগে অম্ল ও দেহের শীর্ণতা থাকিলে।
℞ লিনিমেণ্ট্‌: ক্যাল্‌সি: ℥viii
লাইকার্‌ য়্যামোন্‌: ℥i
মিঃ। ফে্‌ কল্‌ন্‌ রোগে উৎকৃষ্ট মর্দ্দন।

Calotropis. ক্যালট্রপিস্‌। আকন্দ মূলের ছাল। ক্যাল্‌ট্রপিস্‌ প্রোসেরা ও ক্যাল্‌ট্রপিস্‌ জাইগ্যান্‌শিয়া নামক বৃক্ষের শুষ্কীকৃত ছাল। মাত্রা, gr. iii—x বলকারক; gr. xxx—lx বমনকারক।

ক্রিয়াদি। বলকারক, পরিবর্ত্তক কফনিঃসারক; অধিক মাত্রায় বিবমিষা-জনক, ঘর্ম্মকারক, বমনকারক, পাকাশয় ও অন্ত্রের উগ্রতা-সাধক। বাত, গৌণ উপদংশ ও কুষ্ঠ রোগের প্রথমাবস্থায় উপকারক। আমাতিসার ও রক্তাতিসার রোগে ইপেকাকুয়ানার পরিবর্ত্তে ব্যবহৃত হয়।

টিংচ্যুরা। অরিষ্ট। ক্যালেট্রপিস্‌ ২ আউন্স্‌, এল্‌কহল্‌ (শতকরা ৬০) যথা-প্রয়োজন। পার্কোলেশন্‌ দ্বারা ১ পাইন্ট্‌। মাত্রা, ℨss—i

Calumbæ Radix. ক্যালাম্বী রেডিক্স্‌। কলম্বা। জেটিয়োরাইজা ক্যালাম্বা বৃক্ষের শুষ্কীকৃত ও অনুপ্রস্থে খণ্ডীকৃত মূল। মাত্রা, gr. v—xx

ক্রিয়া। তিক্ত বলকারক ও আগ্নেয়। সরলান্ত্র মধ্যে প্রয়োগ করিলে সূত্রখণ্ডবৎ কৃমিনাশক। বাহ্য প্রয়োগে মৃদু পচননিবারক ও সংক্রমাপহ।

আময়িক প্রয়োগ। অজীর্ণ, রোগান্ত-দৌর্ব্বল্য, উদরাময়, গর্ভাবস্থায় বমন ও বিবমিষা, স্ক্রফিউলা, গাউট্‌, সূত্রখণ্ডবৎ কৃমি রোগ, ইত্যাদি।

ইন্‌ফিউজাম্‌ ক্যালাম্বী। ফাণ্ট্‌। ক্যালাম্বা মূল ১, শীতল পরিস্রুত জল ২০ মাত্রা, ℥ss—i

লাইকর্‌ ক্যালাম্বী কন্‌সেণ্ট্রেটাস্‌। গাঢ় দ্রব। ২ এ ১। মাত্রা, ℨss—i

টিংচ্যুরা ক্যালাম্বী। অরিষ্ট। ক্যালাম্বা মূল ১, এল্‌কহল্‌ (শতকরা ৬০) ১০ ম্যাসারেশন দ্বারা। মাত্রা, ℨss—i

℞ পাল্ভ্ঃ ক্যালম্বীঃ
—— রিয়াইঃ
—— সিনামম্ঃ
সোডিঃ কার্ব্ aa gr. v

মিঃ। আহারের পূর্ব্বে বা শয়নকালে। উগ্রতাযুক্ত অজীর্ণ রোগে।

Cambogia. ক্যাম্বোজিয়া। গ্যাম্বোজ্। গার্সিনিয়া হেন্‌বিউরিয়াই নামক বৃক্ষের ঘনীভূত গঁদ ও ধুনা। মাত্রা, gr ss—ii

ক্রিয়া। কৃমিনাশক ও অতিবিরেচক। জলবৎ ভেদ, বিবমিষা, বমন ও উদরে কামড়ানি উপস্থিত হয়। অধিক মাত্রায় প্রবলবিষ।

আময়িক প্রয়োগ। উদরী, দুর্দ্দম কোষ্ঠবদ্ধ, ফিতার ন্যায়কৃমি রোগ।

পাইল্যুলা ক্যাম্বোজিয়া কম্পোজিটা। গ্যাম্বোজ্ ১, বার্ব্বেডোজ্ মুসব্বর ১, দারুচিন্যাদি চূর্ণ ১, কঠিন সাবান, সিরাপ্ অব্ গ্লুকোস্, ১ বা যথাপ্রয়োজন। মাত্রা, gr. iv—viii

℞	ক্যাম্বোজিয়া		gr. iv
	ইলিটেরিয়া		gr. ss
	স্পিঃ ঈথারঃ নাইট্রিঃ		ʒii
	য্যাকোয়া	ad.	℥iv

মিঃ। বড় চামচের এক চামচ দুই ঘণ্টা অন্তর। উদরী রোগে।

Cambogia Indica. ক্যাম্বোজিয়া ইণ্ডিকা। ইণ্ডিয়ান্ গ্যাম্বোজ্। সার্সিনিয়া মোবেলা নামক বৃক্ষ হইতে প্রাপ্ত গাম্-রেজিন্। মাত্রা, gr. ss—ii

ক্রিয়াদি। পূর্ব্বোক্ত গ্যাম্বোজের অনুরূপ।

Camphora. ক্যাম্ফোরা। ক্যাম্ফর্। কর্পূর। ক্যাম্ফোরা অফিসিনোরাম্ নামক বৃক্ষের কাষ্ঠ হইতে প্রাপ্ত ঘনীভূত বায়ি তৈল। মাত্রা, gr. ii—xx

ক্রিয়া। প্রথমে উত্তেজক পরে অবসাদক; আক্ষেপনিবারক, ঘর্ম্মকারক ও কামনাশক। অল্প মাত্রায় সুস্থাবস্থায় মানসিক উত্তেজনা, গাত্রের উত্তাপ বৃদ্ধি, ও ঘর্ম্ম উপস্থিত করে; পুনঃ পুনঃ প্রয়োগে ঘর্ম্মকারক; অধিক মাত্রায় মাদক বিষ। ইহার মর্দ্দন উত্তেজক ও বেদনা-নিবারক।

আময়িক প্রয়োগ। স্নায়বীয় উগ্রতা, অস্থিরতা; মূত্রযন্ত্রের বিবিধ বেদনাজনক পীড়া,—মূত্রকৃচ্ছ্র, মূত্রাশয়ের স্ফীতি লিঙ্গোচ্ছ্বাস ইত্যাদি; জ্বরীয় ও বাতজ পীড়া; হিষ্টিরিয়া, স্নায়বীয় পীড়া; গ্রীষ্মোদরাময় ও বিসূচিকা; ম্যালিগ্ন্যান্ট্ জ্বর; পচাক্ষত; সর্দ্দি; মস্তকে শীতলতায় আঘ্রাণ দ্বারা; বক্ষ-পীড়ায় শ্বাস; টিক্‌ডলরু ও পুরাতন বাতে মলম।

বিষ-ক্রিয়া। দ্রুতাক্ষেপ, মুখমণ্ডলের মালিন্য, মূর্চ্ছা, প্রস্রাব-রোধ।

বিষঘ্ন। ষ্টমাক্ পাম্প্, বমনকারক ঔষধ, কফী, উত্তেজক ঔষধ, হস্তপদে উত্তাপ প্রয়োগ।

য়্যাকোয়া। জল। কর্পূর ৭০ গ্রেণ্, এল্‌কহল্ (শতকরা ৯০) যথাপ্রয়োজন, পরিস্রুত জল ১ গ্যালন্। (১ আউন্সে ½ গ্রেণ্)। মাত্রা, ℥i—ii

লিনিমেণ্টাম্। মর্দ্দন। কর্পূর ১, অলিভ্ অয়িল্ ৪।

লিনিমেণ্টাম্ ক্যাম্ফোরী এমোনিয়েটাম্। এমোনিয়েটেড্ কর্পূরাদি মর্দ্দন। কর্পূর ৫, ল্যাভেণ্ডার্ তৈল ¼, য়্যামোনিয়ার উগ্র দ্রব ১০, এল্‌কহল্ (শতকরা ৯০) ৩০।

স্পিরিটাস্। কর্পূর ১, এল্‌কহল্ (শতকরা ৯০) ৯। (১০এ ১)। মাত্রা, ♏x—xv

টিংচ্যুরা ক্যাম্ফোরী কম্পোজিটা। প্যারেগরিক্। অহিফেন অরিষ্ট ৫৮৫ মিনিম্ বেঞ্জোয়িক্ য়্যাসিড্ ৪০ গ্রেণ্, কর্পূর ৬০ গ্রেণ্, অয়িল্ অব্ য়্যানিস ৩০ মিনিম্, এল্‌কহল্ (শতকরা ৬০) ২০ আউন্স্। (২৪০এ ১ অহিফেন)। মাত্রা, ♏xxx—ℨi

(ইহা সাক্ষেপ কাস, শ্বাসনলীপ্রদাহ ও যক্ষ্মায় ব্যবহৃত হয়।)

℞	ক্যাম্ফর্		gr. xv
	পাল্‌ভ: ওপিয়াই		gr. iii

মিঃ। ছয় বটিকা প্রস্তুত করিবে। লিঙ্গোচ্ছ্বাস নিবারণার্থ ২।৩ বটিকা প্রতি রাত্রে শয়নকালে।

℞	ক্যাম্ফর্		gr. v
	এক্‌ষ্ট্: হাইয়োসাইঃ		gr. v

মিঃ। দুই বটিকা সূতিকোন্মাদ রোগে।

℞	ক্যাম্ফর্		gr. v
	এক্‌ষ্ট্: ল্যাক্‌টিউসী	ana.	℈iiss

মিঃ। বিশ বটিকায় বিভক্ত করিবে। প্রত্যহ ৪।৬ বটিকা। কামনাশক।

℞	লিনিমেণ্ট্: ক্যাম্ফর্	ʒxii
	ওলিঃ রোজমেরিঃ	ʒss
	টিং ওপিয়াই	ʒii

মিঃ। আধ্মান সংযুক্ত শূল আদিতে উদরোপরি মর্দ্দন করিবে।

Cannabis Indica. ক্যানেবিস্ ইণ্ডিকা। ইণ্ডিয়ান্ হেম্প্।
গাঁজা। ক্যানেবিস্ সেটাইভা নামক স্ত্রীবৃক্ষের মঞ্জরিত শাখাগ্র।

ক্রিয়া। উত্তেজক, অবসাদক, মাদক, বেদনানিবারক, নিদ্রাকারক।

আময়িক প্রয়োগ। উন্মাদ; অনিদ্রা; কশেরুকা-মজ্জার উগ্রতা; শিরঃপীড়া, স্নায়ুশূল; বাতজ পীড়া; উদরাময়, বিসূচিকা; ধনুষ্টঙ্কার, জলাতঙ্ক, প্রমেহ, রজঃকৃচ্ছ্র ইত্যাদি।

বিষঘ্ন। উষ্ণ ব্র্যাণ্ডি ও জল, সির্কা, জম্বীর রস; আক্ষেপ দমনার্থ ঘাড়ে ব্লিষ্টার্।

একষ্ট্রাক্টাম্। সার। গাঁজা, এল্‌কহল্ (শতকরা ৯০) ৪। মাত্রা, gr. ¼—i

টিংচ্যুরা। অরিষ্ট। গাঁজার সার ১, এলকহল্ (শতকরা ৯০) ২০। মাত্রা। ♏v—xv

℞	টিং ক্যানেবিস্ ইণ্ডিঃ	ʒss
	মিউসিলঃ য়্যাকেসিঃ	ʒi
	য়্যাকোয়া	℥i

মিঃ। সায়েটিকা ও অন্যান্য স্নায়ুশূলে ৫।৬ ঘণ্টা অন্তর।

Cantharis. ক্যান্থারিস্। ক্যান্থারিডেজ্। শুষ্কীকৃত ক্যান্থারিস্ ভেসিকেটোরিয়া নামক পতঙ্গ।

ক্রিয়া। উগ্র বিষ; মূত্রযন্ত্রের উত্তেজক; মূত্রকারক; বাহ্য প্রয়োগে দাহক, ফোস্কাকারক, প্রত্যুগ্রতাসাধক।

আময়িক প্রয়োগ। পুরাতন স্নায়ুবিধানের পীড়া; কশেরুকা মজ্জার উগ্রতা; অধোহর্দ্ধাঙ্গ; প্রমেহ, বারংবার প্রস্রাব চেষ্টা, শয্যামূত্র, কুষ্ঠ, সোরায়েসিস্, গ্লীট্; প্লুরাইটিস, নিউমোনিয়া আদি প্রদাহে বাহ্য প্রয়োগ ইত্যাদি।

বিষঘ্ন। বমনকারক ঔষধ, স্নিগ্ধকারক পানীয়, অহিফেন।

য়্যাসিটাম্। ক্যান্থারিডিজ্, ২; গ্লেসিয়াল্ য়্যাসেটিক্ য়্যাসিড্ ও পরিস্রুত জল সমভাগে যথাপ্রয়োজন। (১০এ ১)।

কলোডিয়াম্ ভেসিক্যান্স্। ব্লিষ্টারিঙ্গ্ লিকুইড্ ২০; পাইরক্সিলিন্ ½।

এম্‌প্ল্যাষ্ট্রাম্। পলস্তা। ক্যান্থারাইডিন্ ৭; পীতমোম ৪, লার্ড্ ৪, ধুনা ৪, সাবান পলস্তা ১; (৩এ ১)।

এম্‌প্ল্যাষ্ট্রাম্ ক্যালিফেসিয়েন্স। ক্যান্থারাইডিজ্ স্থূল চূর্ণ, পীতমোম ধুনা প্রত্যেক ৪ আউন্স, সাবান পলস্তা ২ পাউণ্ড্, রজন পলস্তা ৩½ পাউণ্ড্, (স্ফুটিত জল ১ পাইণ্ট)।—(২৪এ ১)

লাইকার্ এপিস্প্যাষ্টিকাস্। ব্লিষ্টারিঙ্গ্ লিকুইড্। ক্যান্থারাইডিজ্ ৫; য়্যাসেটিক্ ইথার্ যথাপ্রয়োজন। (২এ ১)।

টিংচ্যুরা। অরিষ্ট। ক্যান্থারাইডিজ ১, এলকহল্ (শতকরা ৯০) ৮০। মাত্রা ♏v—xv

আঙ্গুয়েণ্টাম্। মলম। ক্যান্থারাইডিজ্ ১, বেঞ্জোয়েটেড লার্ড ১০।

℞ টিং ক্যান্থারিডিজ্ ʒii
ম্যাকোয়া অ্যাম্বিউসাই ℥xi
এসেন্স্ঃ রোজ্মেরিঃ ʒvi

মিঃ। এই ধৌত কেশ বর্দ্ধনার্থ ব্যবহৃত হয়।

Caoutchouc. কাউচ্যুক্। ইণ্ডিয়া রাবার্। হেভিয়া ব্রাসিলায়েন্সিস্ ও অন্যান্য শ্রেণীর বৃক্ষের দুগ্ধবৎ রস।

লাইকর্। দ্রব। ইণ্ডিয়া রাবার্ ১, বেঞ্জল্ ১০, কার্বন্ বাইসালফাইড ১০
চার্টা সিনাপিস্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

Capsici Fructus. ক্যাপ্সিসাই ফ্রাক্টাস্। ক্যাপ্সিকাম্ ফ্রুট্। লঙ্কামরিচ। ক্যাপ্সিকাম্ ফ্যাষ্টিজিয়েটাম্ নামক বৃক্ষের পক্ক ফল শুষ্কীকৃত। মাঁত্রা, gr. ss—i

ক্রিয়া। প্রবল উত্তেজক; বাহ্যপ্রয়োগে চর্ম্মপ্রদাহক।

আময়িক প্রয়োগ। পাকাশয়ের ক্ষীণতা, অজীর্ণ, জ্বর, উদরাময়, বিসূচিকা, শরীরের গ্লানি, ম্যালিগ্নান্ট্ গলক্ষত, পুরাতন স্বরভঙ্গ, মদাত্যয়, সাবরাম জ্বরে কুইনাইন সহযোগে; বাত, চিল্ব্লেন্ আদি রোগে বাহ্য প্রয়োগ।

টিংচুরা। অরিষ্ট। লঙ্কামরিচ চূর্ণ ১ এল্কহল্ (শতকরা ৭০) ২০ মাত্রা ♏—xv

আঙ্গুয়েণ্টাম্। মলম। ক্যাপ্সিকাম্ ফ্রুট্ ১২০ গ্রেণ্, স্পামেসেটাই ৬০ গ্রেণ্, অলিভ্ অয়িল্ ১ আউন্স্।

℞ টিং ক্যাপ্সিস্ঃ ʒi
ডিকক্ট্ঃ সিঙ্কোন্ঃ ℥vi

মিঃ। কুল্য। বালকদিগের পুরাতন স্বরভঙ্গ।

℞ টিং ক্যাপ্সিস্ঃ
—নিউসিস্ ভমিসী aa ♏x
য়্যাসিড্ঃ নাইট্রিক্ ডিল্ঃ ♏xx
য়্যাকোয়া ad. ℥i

মিঃ। দিবসে তিন বার। মদ্যপদিগের মদ্যপান-প্রয়াস-নিবারণার্থ।

Carbo Ligni. কার্বোলিগ্নাই। উড্ চার্কোল। কাষ্ঠাঙ্গার।

নির্বাত স্থানে লোহিতোত্তাপে কাষ্ঠ দগ্ধ করিলে প্রস্তুত হয়। মাত্রা, gr. lx—cxx

ক্রিয়া। পচননিবারক, শোষক, দুর্গন্ধহারক, বর্ণহারক।

আময়িক প্রয়োগ। আধ্মানসংযুক্ত উদরাময়, দুর্গন্ধযুক্ত বায়ু উদ্গীরণ; স্ক্রফিউলা; মর্ফিয়া, ষ্ট্রীক্নিয়া, য়্যাকোনাইনিয়ার বিষ-ক্রিয়া নাশার্থ বিশুদ্ধ জান্তব অঙ্গার। দুর্গন্ধ-যুক্ত পচা ক্ষত; পোরাইগো আদি চর্ম্মরোগে বাহ্যপ্রয়োগ।

℞	কার্ব্ঃ লিগনাই	
	সোডিঃ বাইকার্বঃ	ana ℨi
	কন্ফ্ঃ সেনী	℥ii

মিঃ। ইলেক্চ্যুয়ারি। দুর্দ্দম কোষ্ঠকাঠিন্যে ʒi দিবসে তিন চারি বার।

Carbonis Bisulphidum. কার্বনিস্ বাইসালফাইডাম্। কার্বন্ বাইসালফাইড্।

ইহা ঔষধরূপে প্রয়োজিত হয় না। লাইকর্ কাউচুক এবং পাইলুলা ফস্ফরাই প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

Cardamomi Semina, কার্ডমোমাই সেমিনা। কার্ডেমমস্। ছোট এলাচি। ইলিটেরিয়া কার্ডেমোমাম্ নামক বৃক্ষের তুষী মধ্যস্থ বীজ। মাত্রা, gr v—xx

ক্রিয়াদি। উত্তেজক, আগ্নেয় ও বায়ুনাশক। বিরেচক ও তিক্ত বলকারক ঔষধ সহযোগে ব্যবহৃত হয়।

টিংচুরা কার্ডেমোমাই কম্পোজিটা। এলাচি, বিলাতি জিরা, কিস্‌মিস্ দারুচিনি, কোচিনিয়াল, এল্কহল্ (শতকরা ৬০) (৮০ তে ১) মাত্রা, ʒss—i

℞	টিং কার্ডেমমঃ কোঃ	ʒi
	স্পিঃ য়্যামন্ য়্যারোম্যাট্ঃ	ʒi
	সোডিঃ বাইকার্ব্ঃ	ʒi
	ইন্ফ্ঃ জেন্শিয়েনী	℥vi

মিঃ। ℥i মাত্রায় অজীর্ণ সহযোগে হৃদ্বেপন থাকিলে আহারের এক ঘণ্টা পরে।

Carui Fructus. কারুই ফ্রাক্টাস্। ক্যারায়োয়ে ফ্রুট্। বিলাতি জিরা। ক্যারাম্ কারুই নামক বৃক্ষের শুষ্ক ফল।

ক্রিয়াদি। আগ্নেয়, উত্তেজক, বায়ুনাশক। উদরাধ্মানে, আধ্মান-শূলে, ও বিরেচক ঔষধ সহযোগে ব্যবহৃত হয়।

একোয়া। বিলাতি-জিরা, জল।—(১০এ ১)। মাত্রা, ℥ss—ii

ওলিয়াম্। তৈল। মাত্রা, ♏ss—iii

Caryophyllum. ক্যারিয়োফাইলাম্। ক্লোভ্। লবঙ্গ। ইউজিনিয়া ক্যারিয়োফাইলেটা বৃক্ষের শুষ্কীকৃত কুসুম-কলিকা।

মাত্রা, gr. v—x

ক্রিয়াদি। উত্তেজক, আগ্নেয়, বায়ুনাশক। বিবমিষা, বমন, উদরাধ্মান রোগে, ও অন্যান্য ঔষধ সহযোগে, ব্যবহৃত হয়।

ইন্ফিউজাম্। ফাণ্ট্। লবঙ্গ ১, স্ফুটিত পরিস্রুত জল ৪০। মাত্রা, ℥ss—i

ওলিয়াই। তৈল। মাত্রা, ♏ss—iii

℞ ইন্ফ্ঃ ক্যারিয়োফাইলাই ℥ix
টিং কার্ডেমমঃ কোঃ ℥i
স্পিঃ মাইরিষ্টিসী ʒss
—য়্যামনঃ য়্যারমাটিঃ ʒss
সিরাপ্ঃ জিঞ্জিবারঃ ℥i

মিঃ। উত্তেজক।

Cascara Sagrada. ক্যাস্কারা স্যাগ্রাডা। রামনাই পার্শিয়ানি কর্টেক্স্। সেক্রেড্ বার্ক্। রাম্নাস্ পার্শিয়েনাস্ নামক বৃক্ষের শুষ্কীকৃত বল্কল।

ক্রিয়াদি। আগ্নেয়, মৃদু বিরেচক। কোষ্ঠকাঠিন্য, অর্শ, বাত প্রভৃতিতে উপকারক।

এক্স্ট্রাক্টাম্ ক্যাস্কেরী স্যাগ্রেডী। সার। জলীয় সার। মাত্রা, gr. ii—viii

এক্স্ট্রাক্টাম্ ক্যাস্কেরী স্যাগ্রেডী লিকুইডাম্। তরল সার। সুরাবসিত ও জলীয় সার। মাত্রা, ʒss—i

℞ এক্স্ট্ঃ ক্যাস্কেঃ স্যাগ্রেঃ লিকুইঃ ♏xxx
গ্লিসেরিন্ ♏xvx
টিং নিউসিস্ ভমঃ ♏v
—বেলাডোনঃ ♏iv
য়্যাকোঃ ad. ℥i

মিঃ। এক মাত্রা। অর্শ ও কোষ্ঠকাঠিন্যে দিবসে তিন বার।

সিরাপাস্ ক্যাস্কেরী য়্যারোমেটিকাস্। তরল সার ১, টিংচার্ অব্ অরেঞ্জ্ ২, এল্‌কহল্ (শতকরা ৯০) ১, সিনামম্ ওয়াটার্ ৩; সিরাপ্ ৬। মাত্রা, ʒss—i

---

Cascarillæ. ক্যাস্কারিলী। ক্রোটন্ ইলিউটেরিয়া নামক বৃক্ষের বল্কল। মাত্রা, gr. v—xxx

ক্রিয়া। আগ্নেয়, উত্তেজনকর বলকারক।

আময়িক প্রয়োগ। অজীর্ণ, আমাশয়, পুরাতন উদরাময়, আধ্মান-শূল, রোগান্ত-দৌর্ব্বল্য ইত্যাদি।

ইন্‌ফিউজাম্। ফাণ্ট্। ক্যাস্কারিলা ১, স্ফুটিত পরিস্রুত জল ২০। মাত্রা, ℥i—ii

টিংচ্যুরা। অরিষ্ট। ক্যাস্কারিলা ১, এলকহল্ (শতকরা ৭০)। (৫এ১)। মাত্রা, ʒss—i

℞		
	ইন্‌ফ্ঃ ক্যাস্কার্ঃ	℥viii
	টিং —	
—	জিঞ্জিবার্ঃ	ana ʒiv

মিঃ। ℥i দিবসে দুই বার। অজীর্ণ সহযোগে ক্ষুধা লোপ থাকিলে।

Cassiæ Pulpa. ক্যাসিয়ী পাল্পা। ক্যাসিয়া পাল্প্। ক্যাসিয়া ফিষ্টিউলা নামক বৃক্ষের শিম্বী অভ্যন্তরস্থ শস্য। মাত্রা, gr. lx—cxx (মৃদু বিরেচক), ʒi—ii (বিরেচক)

ক্রিয়াদি। মৃদু বিরেচক। অধিক মাত্রায় বিবমিষা আধ্মান ও উদরের কামড়ানি উপস্থিত করে। অল্প মাত্রায় স্বভাবগত কোষ্ঠকাঠিন্যে প্রয়োজ্য।

℞		
	পাল্‌ভঃ ক্যাসিয়ী	℥i
	স্ফুটিত জল	Oii ভিজাইয়া, ছাঁকিয়া
	ম্যাগনিস্ঃ সালফঃ	℥i
	য়্যান্টিম্ঃ টার্টঃ	gr. iii

মিঃ। সীসশূলে ℥iss মাত্রায়।

Catechu, ক্যাটেকিউ। ক্যাটেকিউ প্যালিডাম্। পেল ক্যাটেকিউ। পাণ্ডু খদির। অঙ্কেরিয়া গাম্বীর নামক বৃক্ষের পত্র ও তরুণ শাখাগ্র হইতে প্রস্তুত সার। মাত্রা, gr. v—xv

ক্রিয়া। প্রবল সঙ্কোচক, বলকারক।

আময়িক প্রয়োগ। উদরাময়, পাইরোসিস্ সংযুক্ত অজীর্ণ; রক্তস্রাব, শ্লেষ্মানিঃসরণ, পুরাতন সিষ্টোরিয়া, শ্বেতপ্রদর, গ্লীট, সর্দ্দি ইত্যাদি; শিথিলতা-সংযুক্ত গলক্ষত, মুখের ক্ষত, স্বরভঙ্গ, চুচুক-বিদারণ ইত্যাদি।

পাল্‌ভিস্ ক্যাটেকিউ কম্পোজিটা। খদিরাদি চূর্ণ। পাণ্ডুখদির ৪, কাইনো ২, র‍্যাটানি ২, দারুচিনি ১, নাটমেগ ১।—(২৷৷০এ১)। মাত্রা, gr. xx—xl

টিংচ্যুরা। অরিষ্ট। পাণ্ডুখদির ৪, দারুচিনি ১, এলকহল (শতকরা ৬০) ২০।—(৫এ১)। মাত্রা, ʒss—i

ট্রোচিস্কাস্। চাক্তি। পাণ্ডুখদির ১ গ্রেণ, ফ্রুট বেসিস্ দ্বারা প্রস্তুত।

℞	পালভঃ ক্যাটেকিউ	ʒij
	—য়্যাকেসিঃ	ʒss
	য়্যাকোয়া	℥vi

মিঃ। ℥ss মাত্রায় দুই ঘণ্টা অন্তর। আমাশয়ে।

Catechu Nigrum. ক্যাটেকিউ নাইগ্রাম্। ব্ল্যাক্ ক্যাটেকিউ। একেশিয়া ক্যাটেকিউ নামক বৃক্ষের কাষ্ঠ হইতে প্রস্তুত সার। মাত্রা, gr v—xv

ক্রিয়াদি। পূর্ব্ববর্ণিত পাণ্ডু খদিরের ন্যায়। যে সকল প্রয়োগরূপ প্রস্তুত করিতে পাণ্ডু খদির ব্যবহৃত হয়, সে সকল প্রয়োগরূপ প্রস্তুত করিতে খদিরের পরিবর্ত্তে ইহা ব্যবহার করা যাইতে পারে।

Cera. সিরা। ওয়াক্স। মোম। মধুচক্র হইতে প্রস্তুত।

১। সিরা য়্যাল্‌বা। হোয়াইট ওয়াক্স। শ্বেত মোম। পীত মোম হইতে প্রস্তুত।

পাইল্যুলাই ফস্ফরাই, সাপোজিটোরিয়াই এসিডাই কার্ব্বলিসাই, আঙ্গুয়েণ্টাম্ একুয়ী রোজী ও আঙ্গুয়েণ্টাম্ সেটেসিয়াই প্রস্তুত করিতে ব্যবহৃত হয়)।

২। সিরা ফ্লেভা। ইয়েলো ওয়াক্স। পীত মোম।

(এম্‌প্ল্যাষ্ট্রাম্ ক্যালিফেসিয়েন্স, এম্‌প্ল্যাষ্ট্রাম্ ক্যান্থারাইডিস্, আঙ্গুয়েণ্টাম্ মেন্থল্, এম্‌প্লাষ্ট্রাম্ পাইসিস্, আঙ্গুয়েণ্টাম্ হাইড্রার্জাইরাই কম্পোজিটাম্, আঙ্গুয়েণ্টাম্ পাইসিস্ লিকুইডাম্, আঙ্গুয়েণ্টাম্ রেজিনী; ও আঙ্গুয়েণ্টাম্ ষ্টাফিসেগ্রায়ী প্রস্তুত করিতে ব্যবহৃত হয়)।

ক্রিয়াদি। শিথিলকারক। পলস্ত্রা ও মলম প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

Cerii Oxalas. সিরিয়াই অক্জ্যালাস্। অক্জ্যালেট্ অব্ সিরিয়াম্। সিরিয়াম্ ঘটিত কোন দ্রবণীয় লবণের দ্রবে অক্জ্যালেট্ অব্ য়্যামোনিয়াম্ দ্রব সংযোগ করিলে ইহা অধঃস্থ হয়। মাত্রা, gr. ii—x

ক্রিয়া। প্রথমে অবসাদক, পরে স্নায়বীয় বলকারক।

আময়িক প্রয়োগ। উগ্রতা সংযুক্ত অজীর্ণ, গ্যাষ্ট্রোডিনিয়া, পাইরোসিস্; পুরাতন বমন, গর্ভাবস্থায় বমন; কোরিয়া, মৃগী, আদি দ্রুতাক্ষেপ সংযুক্ত পীড়া; সাক্ষেপ কাস, ইত্যাদি।

℞ সিরিয়াই অক্জ্যালাস্
বিস্মাথ: কার্ব:
পেপ্সিন: ana. ℈i

মি:। বার বটিকা প্রস্তুত করিবে। গর্ভাবস্থায় প্রাতঃ-বিবমিষা ও বমনে।

Cetaceum. সিটেসিয়াম্। স্পার্মেসিটাই। তিমির বসা। তিমি মৎস্যের (ফাইসেটার্ ম্যাক্রোসেফেলাস্) মস্তকস্থিত তৈলাক্ত পদার্থ হইতে প্রস্তুত।

ক্রিয়াদি। স্নিগ্ধকারক ও শিথিলকারক। পুরাতন উদরাময়ে আভ্যন্তরিক প্রয়োগ হয়। মলম ও সিরেট্স্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়। কড্লিভার্ তৈলের পরিবর্ত্তে ক্ষয়কর পীড়ায় প্রয়োজ্য।

আঙ্গুয়েণ্টাম্ সিটেসিয়াই। তিমির বসা ৫, শ্বেতমোম ২, বাদামের তৈল ১৮, বেঞ্জোয়িন্ ½।

℞ সিটেসিয়াম্		gr. xv
স্পি: ক্লোরোফর্ম্:		♏v
পাল্ভ: ট্র্যাগাকান্থ: কো:		gr. xx
য়্যাকো: পাইমেণ্টী	ad.	℥i

মি:। এক মাত্রা। দিবসে তিন বার।

Chirata. চিরেটা। চিরেতা। ওফিলিয়া চিরাটা নামক লতা।

ক্রিয়াদি। আগ্নেয়, বলকারক। জেন্শিয়েনের ন্যায়। যকৃতের ক্রিয়া উন্নত করে, ও কোষ্ঠকাঠিন্য উপস্থিত করে না। অপাক, অন্ত্রের ক্রিয়া-ক্ষীণতা, স্নায়ু দৌর্ব্বল্য, সবিচ্ছেদ জ্বর।

ইন্ফিউজাম্। ফাণ্ট্। চিরাতা ১, স্ফুটিত পরিশ্রুত জল ২০। মাত্রা, ℥ss—i

লাইকর্ চিরাটী কন্সেণ্ট্রেটাস্। চিরেটা এল্কহল্ (শতকরা ২০)। মাত্রা, ʒss—i

টিংচ্যুরা। অরিষ্ট। চিরাতা, এল্কহল্ (শতকরা ৬০)।—(১০এ ১)। মাত্রা, ʒss—i

℞	ইন্ফ্ঃ চিরাটী	℥i
	লাইকার্ য়্যামোনিঃ	♏x
	টিং অর‍্যান্শিয়াই	ʒij

মিঃ। মধ্যাহ্নে, অম্ল উদ্গীরণ সংযুক্ত অজীর্ণে।

Chloral Hydras ক্লোর‍্যাল্ হাইড্রাস্। হাইড্রেট্ অব্ ক্লোর‍্যাল্।

মাত্রা, gr. v—xx

ক্রিয়া। নিদ্রাকারক, বেদনানিবারক, আক্ষেপ নিবারক ও পেশী-শিথিলকারক হৃৎপিণ্ডের অবসাদক। ইহা দ্বারা বিবিমিষা, শিরঃপীড়া, কোষ্ঠকাঠিন্য বা জীবন-ক্রিয়ার ক্ষীণতা উপস্থিত হয় না। বাহ্যপ্রয়োগে পচননিবারক, প্রত্যুগ্রতা-সাধক।

আময়িক প্রয়োগ। অনিদ্রা, স্নায়বীয় চাঞ্চল্য, অস্থিরতা, শয্যামূত্র, মদাত্যয়, উন্মাদ, হাইপোকণ্ড্রিয়াক্যাল্ পীড়া, কোরিয়া, আরক্ত জ্বর, শ্বাসকাস, হুপিংকফ্, ধনুষ্টঙ্কার, কর্কটিকা (ক্যান্সার) ও অন্যান্য বেদনাযুক্ত পীড়া।

বিষ-লক্ষণ। প্রগাঢ় মাদকতা, সাতিশয় পেশীর শৈথিল্য, নাড়ী অত্যন্ত ক্ষীণ ও মন্দগতি, শ্বাসপ্রশ্বাস মৃদুগতি, কনীনিকা আকুঞ্চিত, গাত্র মলিন নীলাভবর্ণ, গাত্রের উত্তাপ হ্রাস। শ্বাসপ্রশ্বাসের পক্ষাঘাত বশতঃ বা হৃৎক্রিয়ার সহসা লোপ বশতঃ মৃত্যু।

বিষঘ্ন। ষ্টমাক্ পাম্প্ বা বমনকারক ঔষধ; দেহের উত্তাপ সংরক্ষণার্থ শরীর কম্বলাবৃত করণ, উষ্ণ জল পূর্ণ বোতল প্রয়োগ। উগ্র উষ্ণ কফী এক পাইণ্ট্ পিচকারী দ্বারা সরলান্ত্রমধ্যে প্রয়োগ; নাইট্রাইট্ অব্ য়্যামিলের শ্বাস; কৃত্রিম শ্বাসক্রিয়া; $\frac{1}{20}$ গ্রেণ নাইট্রেট্ অব্ ষ্ট্রিক্নিয়া হাইপোডার্মিকরূপে;

সিরাপাস্ ক্লোর‍্যাল্। হাইড্রেট্ অব্ ক্লোর‍্যাল্, ৮০ গ্রেণ্; ডিষ্টিল্ড্ ওয়াটার্ ১½ ড্রাম্; সিরাপ্, সর্ব্বসমেত ১ আউন্স্।—(৬ মিনিমে ১ গ্রেণ্)। মাত্রা, ʒss—ii

℞	ক্লোর‍্যাল্ হাইড্রাস্	℈ii
	সিরাপ্ঃ অর‍্যান্শিয়াই	ʒi
	য়্যাকোয়া সিনেমোমাই	℥ii

মিঃ। অর্দ্ধাংশ শয়নকালে। নিদ্রাকারক।

Chloroformum ক্লোরোফর্ম্মাম্। ক্লোরোফর্ম্। ক্লোরিনেটেড্

লাইম্, স্লেকড্ লাইম্, ও ক্ষীণ সুরাবীর্য্যের মিশ্র হইতে উত্তাপ

সংযোগে পরিস্রুত করিয়া প্রাপ্ত; অনন্তর ধৌতকৃত, জল-বিবর্জ্জিত, ও পুনরায় পরিস্রুত করণ দ্বারা প্রস্তুত বর্ণহীন, বাষ্পি দ্রব। মাত্রা, ♏i—v

ক্রিয়া। আভ্যন্তরিক প্রয়োগে উত্তেজক ও অবসাদক, মাদক, পর্য্যায়নিবারক ও আক্ষেপনিবারক; শ্বাস দ্বারা প্রয়োগে স্পর্শহারক ও চৈতন্যহারক; বাহ্য প্রয়োগে উত্তেজক, পরে অবসাদক (ঈথার্ দেখ)।

আময়িক প্রয়োগ। বাত, স্নায়ুশূল, দন্তশূল, বৃশ্চিকাদি দংশন, পুরাতন চর্ম্মরোগে সাতিশয় কণ্ডুয়ন ইত্যাদিতে বাহ্য প্রয়োগ; হিষ্টিরিয়া, শ্বাসকাস, স্নায়বীয় হৃদ্বেপন, বিবমিষা, বমন, উগ্রতাযুক্ত কাস ইত্যাদিতে আভ্যন্তরিক প্রয়োগ; বিবিধ অস্ত্রচিকিৎসায়, হুপিংকফ্, শৈশবীয় বা প্রসবান্ত দ্রুতাক্ষেপ, কোরিয়া আদি আক্ষেপ সংযুক্ত পীড়া, ক্যান্সার, মূত্রাশ্মরী বা পিত্তাশ্মরী আদিতে শ্বাস।

বিষঘ্ন। মুখে জলের ছাঁট, উত্তেজক ঔষধ, কৃত্রিম শ্বাস, তাড়িত।

য়্যাকোয়া। জল। ক্লোরোফর্ম্, পরিস্রুত জল।—(৪০০তে ১)। মাত্রা, ℥ss—ii

লিনিমেণ্টাম্। মর্দ্দন। ক্লোরোফর্ম্, কর্পূরের মর্দ্দন।—(২এ ১)।

স্পিরিটাস্। ক্লোরোফর্ম্, শোধিত সুরা।—(২০এ ১)। মাত্রা, ♏x—lx

টিংচ্যুরা ক্লোরোফর্মাই এট্ মর্ফাইনী কম্পোজিটা। ক্লোরোফর্ম্ ১½ আউন্স্, মর্ফাইন্ হাইড্রোক্লোরাইড্ ৮৭½, ডাইলিউটেড্ হাইড্রোসিয়ানিক্ এসিড্ ১ আউন্স্, টিংচার্ অব্ ক্যাপ্সিকাম্ ½ আউন্স্, টিংচার্ অব্ ইণ্ডিয়ান্ হেম্প্ ২ আউন্স অয়িল্ অব্ পিপার্মিণ্ট্ ১৪ মিনিম্, গ্লিসেরিন্ ৫ আউন্স্, এল্কহল (শতকরা ৯০) যথাপ্রয়োজন। (ইহার দশ মিনিমে ¾ মিনিম্ ক্লোরোফর্ম্, $\frac{1}{16}$ গ্রেণ্ হাইড্রোক্লোরাইড্ অব্ মর্ফাইন্, ½ মিনিম্ ডাইলিউটেড্ হাইড্রোসিয়ানিক্ য়্যাসিড্), মাত্রা, ♏v—xv

℞	স্পিঃ ক্লোরোফর্ম্ঃ	♏xv
	—ইথার্ঃ সাল্ফ্ঃ	♏x
	য়্যামনঃ কার্বঃ	gr. iii
	স্পিঃ ভাইনাই গ্যালিসাই	♏xx
	য়্যাকোয়া ক্যাম্ফ্ঃ	℥i

মিঃ। উত্তেজক।

℞	পাল্ভ্ঃ রেজিনঃ	℥ss
	ক্লোরোফর্ম্ঃ	q. s.

মিঃ। রজন দ্রব করিয়া, এই ঘন দ্রবে তুলা ভিজাইয়া দন্তশূল রোগে দন্তগহ্বর মধ্যে প্রয়োগ করিবে।

Chrysarobinum. ক্রাইসেরোবিনাম্। ক্রাইসেরোবিন্। গোয়া পাউডার্। য়্যাণ্ডিরা য়্যারারোবা নামক বৃক্ষের কাণ্ড ও শাখা

সকলের মজ্জাংশ, শুষ্কীকৃত, চূর্ণীকৃত ও বিশুদ্ধীকৃত। ইহাতে ক্রাইসোফ্যানিক্ য্যাসিড্ আছে।

ক্রিয়া। চর্ম্মে উগ্রতাসাধক, পরাঙ্গপুষ্টাপহ। আভ্যন্তরিক প্রয়োগে পাকাশয় ও অন্ত্রের উগ্রতা সাধন করে। ইহা মূত্রগ্রন্থি দ্বারা নির্গত হয় ও প্রস্রাব পীতবর্ণ হয়।

আময়িক প্রয়োগ। দদ্রু, সোরায়েসিস্ প্রভৃতি পুরাতন চর্ম্মরোগে স্থানিক প্রয়োগ। পুরাতন চর্ম্মরোগে আভ্যন্তরিক প্রয়োগ করা যায়।

আঙ্গুয়েণ্টাম্ ক্রাইসেরোবিনাম্। ক্রাইসেরোবিন্, ১; বেঞ্জোয়েটেড্ লার্ড্, ২৪।

℞ ক্রাইসেরোবিন্		gr. xx
য্যাসিড্ঃ স্যালিসিলিক্ঃ		gr. xx
সাল্ফ্ঃ প্রীসিপিঃ		ʒii
য্যাসিড্ঃ বোরিকঃ	a.l.	℥i

মিঃ। দদ্রুরোগে রোগস্থানে মর্দ্দন।

Cimicifugæ Rhizoma. সিমিসিফিউগী রিজোমা। সিমিসিফিউগা। য্যাক্টিয়ী রেডিক্স্। সিমিসিফিউগা রেসিমোসা নামক বৃক্ষের শুষ্কীকৃত কন্দ ও উপমূল।

ক্রিয়া। হৃৎপিণ্ডের বলকারক, ঘর্ম্মকারক, মূত্রকারক, কফনিঃসারক, আক্ষেপনিবারক, জরায়ু-সঙ্কোচক ও রজোনিঃসারক।

আময়িক প্রয়োগ। মেদযুক্ত হৃৎপিণ্ড, স্নায়ুশূল, বাত, কোরিয়া; শোথ, উদরী; ব্রঙ্কাইটিস্; রজঃকৃচ্ছ্র, স্বাভাবিক ঋতু-বিকার-জনিত শিরঃপীড়া, হেঁতালব্যথা, রজোঽধিক ইত্যাদি।

একষ্ট্রাক্টাম্ সিমিসিফিউগী লিকুইডাম্। সিমিসিফিউগা, এল্কহল্ (শতকরা ৯০)—(১০এ ১)। মাত্রা, ♏v—xxx

টিংচ্যুরা সিমিসিফিউগী। সিমিসিফিউগা, এল্কহল্ (শতকরা ৬০)।—(১০এ ১)। মাত্রা, ʒss—i

℞ টিং সিমিসিফিউঃ		ʒiss
——য্যাকোনিটিঃ		♏x
লাইকার য্যামন্ঃ য্যাসেটিঃ		℥iss
য্যাকোঃ ক্লোরোফর্ম্ঃ	ad.	℥viii

মিঃ। রক্তাবেগ, সংযুক্ত রজঃকৃচ্ছ্রঃ রোগে এক টেবল্-চামচ মাত্রায় প্রতি ঘণ্টায়।

Cinchonæ Rubrae Cortex. সিঙ্কোনী রূব্রী কর্টেক্স্। রেড সিঙ্কোনী বার্ক্। সিঙ্কোনা সাক্‌সিরূব্রা (রক্ত সিঙ্কোনা), নামক সিঙ্কোনা বৃক্ষের কাণ্ড ও শাখা সকলের শুষ্কীকৃত বল্কল। এই সকল প্রকার বল্কল হইতে বার্কের বিশেষ উপক্ষার সকল পাওয়া যায়। (সিঙ্কোনিন্ ও কুইনাইন্ ঘটিত লবণ সকল কোন কোন প্রকার রিমিজিয়া বৃক্ষ হইতে প্রাপ্ত হওয়া যায়)।

বার্কের বীর্য্য সকল।—পাঁচটি উপক্ষার (কুইনাইন্, কুইনিডাইন, সিঙ্কোনাইন্, সিঙ্কোনিডাইন্, ও কঙ্কুয়িনেমাইন্), দুইটি অম্ল, একটি গ্লুকোসাইড্, ট্যানিন্. বর্ণদ্রব্য ও একটি বায়িব তৈল।

ক্রিয়া। পচননিবারক, সংক্রমাপহ, আগ্নেয়, বলকারক, জরঘ্ন, পর্য্যায়নিবারক, কৃমিনাশক, কতকাংশে সঙ্কোচক।

আময়িক প্রয়োগ। দৌর্ব্বল্য, পরিপাক-শক্তির ক্ষীণতা বশতঃ অজীর্ণ; সবিরাম, স্বল্পবিরাম, ম্যালেরিয়া-জনিত, পৈত্তিক অবিরাম, টাইফাস্, প্রসবান্ত ও আরক্ত প্রভৃতি জ্বর; ইন্‌ফ্লুয়েঞ্জা, যক্ষ্মা, ফুস্‌ফুস্ ও ফুস্‌ফুসাবরণ-প্রদাহ; পর্য্যায় বা সবিচ্ছেদ পীড়া; বাত; প্লীহাবিবর্দ্ধন; ইরিসিপেলাস্; আম্বাত; প্রসবান্ত উন্মত্ততা; মদাত্যয়, ল্যারিঞ্জিস্‌মাস্ ষ্ট্রিডিউলাস্, মৃগী, কোরিয়া, স্নায়ু-শূল; পচাক্ষত. গ্যাফ্‌থাস্ ক্ষত; স্কর্ভি, পূযজ জ্বর, ম্যালেরিয়া-জনিত জ্বর; আমাশয়, উদরাময় ইত্যাদি।

একষ্ট্রাক্টাম্ সিঙ্কোনী লিকুইডাম্। ইহা এরূপে প্রস্তুত যে, ইহাতে শতকরা পাঁচ অংশ সমগ্র উপক্ষার আছে। মাত্রা, ♏v—x

ইন্‌ফিউজাম্ সিঙ্কোনী য়্যাসিডাম্। রক্ত বল্কল ১, য়্যারোম্যাটিক্ সাল্‌ফিউরিক্ য়্যাসিড ½, জল ২০। মাত্রা, ℥ss—i

টিংচ্যুরা সিঙ্কোনী।, রক্ত বল্কল, এলকহল (শতকরা ৭০)।—(১১০ মিনিমে ১ গ্রেণ উপক্ষার)। মাত্রা, ʒss—i

টিংচ্যুরা সিঙ্কোনী কম্পোজিটা। টিংচার্ অব সিঙ্কোনা ১ আউন্স, তিক্ত কমলা ত্বক্ ১ আউন্স, সার্পেন্টেরি ½ আউন্স, জাফ্রান্ ৫৫ গ্রেণ, কোচিনিয়্যাল ২৮ গ্রেণ, এলকহল (শতকরা ৭০) ১ পাইণ্ট। (ইহার ১১০ মিনিমে ½ গ্রেণ উপক্ষার আছে)। মাত্রা, ʒss—i

১। কুইনাইন্ সাল্‌ফাস্। সিঙ্কোনা ও রেমিজিয়া বল্কল হইতে প্রস্তুত কুইনাইন্ নামক উপক্ষারের গন্ধক দ্রাবক ঘটিত লবণ। মাত্রা, gr. i—v (আগ্নেয় ও বলকারক), gr. v—xx (জ্বরনাশক ও পর্য্যায়নিবারক)।

ফেরি এট্ কুইনাইনী সাইট্রাস্। (ফিরাম্ দেখ)। মাত্রা, gr. v—x

টিংচ্যুরা কুইনাইনী য়্যামোনিয়েটা। সাল্‌ফেট্ অব্ কুইনাইন্ ১৭ গ্রেণ, য়্যামোনিয়া দ্রব ২ আউন্স, এল্‌কহল্ (শতকরা ৬০) ১৮ আউন্স্। (১১০ মিনিমে ২ গ্রেণ্)। মাত্রা, ʒss—i,

২। কুইনাইনী হাইড্রোক্লোরাইডাম্। কুইনাইনী সাল্‌ফাসের ন্যায় প্রস্তুত;

পৃথক্কৃত উপক্ষারকে প্রদ্রাবক-স্রাবকের পরিবর্ত্তে লবণ-স্রাবক দ্বারা সমক্ষারাক্ত করিয়া লইতে হয়। মাত্রা, gr. i—x

টিংচ্যুরা কুইনাইনী। হাইড্রোক্লোরাইড্ অব্ কুইনাইন্ ১৭৫ গ্রেণ্, টিংচার অব্ অরেঞ্জ্ পীল্ ১ পাইণ্ট্। মাত্রা, ʒss—i

ভাইনাম্ কুইনাইনী। কুইনাইন্ হাইড্রোক্লোরাইড্ ২০ গ্রেণ্, অরেঞ্জ্ ওয়াইন্ ১ পাইণ্ট্। মাত্রা, ℥ss—i

℞	লাইকার্ সোডিঃ ক্লোরেটি	℥i
	ইন্ফঃ সিঙ্কোনা	℥iii
মিঃ।	ক্যান্ক্রাম্ অরিস্ রোগে কুলা।	
℞	পালভঃ সিঙ্কোনিঃ	℥ss
	সার্পেণ্টেরি	ʒi
	সোডি বাইকার্বঃ	℈i
মিঃ।	৪ পুরিয়া প্রস্তুত করিবে। সপর্য্যায় রোগে বিরামকালে ২।৩ ঘণ্টা অন্তর।	
℞	টিং সিঙ্কোনী কোঃ	ʒi
	ডিকক্টঃ সিঙ্কোনীঃ	ʒx
	পালভঃ ক্রিটী য়্যারোম্যাটঃ	℈,
মিঃ।	৪ ঘণ্টা অন্তর। বলকারক।	
℞	কোয়াইনী সালফ্ঃ	gr. x
	য়্যাণ্টিম্ঃ টার্টঃ	gr. iii
মিঃ।	৬ পুরিয়া করিবে। সবিচ্ছেদ জ্বরে বিরাম অবস্থায় ২ ঘণ্টা অন্তর।	
℞	কোয়াইনী সালফঃ	gr. xii
	এক্ষ্ট্রাঃ জেন্শিয়েনী	℈i
	পিলঃ রিয়াই কোঃ	℈ii
	—হাইড্রার্জঃ	gr. vi
মিঃ।	১২ বটিকা প্রস্তুত করিবে। পরিপাক-শক্তির ক্ষীণতা বশতঃ অজীর্ণে দিবসে ৩ বার।	
℞	কোয়াইনী সালফঃ	gr. i
	পালভঃ ডিজিটেলিস্	gr. ss
	—— ওপিয়াই	gr. ¼
	কন্ফঃ কোজী	q. s.
মিঃ।	বটিকা প্রস্তুত করিবে। যক্ষ্মারোগে জ্বর দমনার্থ দিবসে ৪ বার।	

Cinnamomi Cortex. সিনেমোমাই কর্টেক্স্। দারুচিনি।

সিনেমোমাম্ জেলিনিকাম্ নামক বৃক্ষের বল্কল। মাত্রা, gr. x—xx

ক্রিয়া। বলকারক, বায়ুনাশক, আক্ষেপনিবারক, সঙ্কোচক।

আময়িক প্রয়োগ। অজীর্ণ, উদরাধ্মান, উদরাময়, বমন, আভ্যন্তরিক রক্তস্রাব। অন্যান্য ঔষধ সহযোগে।

য়্যাকোয়া সিনেমোমাই। দারুচিনি, জল।—(১০এ ১)। মাত্রা, ℥i—ii

ওলিয়াম্। তৈল। মাত্রা, ♏ss—iii

পাল্‌ভিস্ সিনেমোমাই কম্পোজিটাস্। দারুচিনি ১, এলাচি ১, শুণ্ঠী ১। মাত্রা, gr. x—xl

স্পিরিটাস্ সিনেমোমাই। অয়িল অব সিনেমন্ ১, এলকহল (শতকরা ৯০) যথাপ্রয়োজন। (১০এ ১)। মাত্রা v—xx

টিংচ্যুরা সিনেমোমাই। দারুচিনি, এককহল (শতকরা ৭০)।—(৫এ ১)। মাত্রা, ʒss—i

℞	পালভঃক্রিটি য়্যারোম্যাটঃ	℈i
	য়্যাকোয়া ক্যাম্ফোরি	℥ss
	—— সিনেমোমাই	℥i

মিঃ। সামান্য উদরাময়ে।

Cissampelos. সিসেম্পেলস্। নিমুক। সিসাম্পেল্স্ প্যারেরা নামক বৃক্ষের শুষ্কীকৃত মূল।

ক্রিয়াদি। প্যারেরার ন্যায় বলকারক, মূত্রকারক (প্যারেরা দেখ)।

ডিকক্টাম্। কাথ। মূল ২½ আউন্স, জল যথাপ্রয়োজন। পনর মিনিট সিদ্ধ করিয়া এক পাইন্ট করিবে। মাত্রা, ℥ss—ii

এক্‌ষ্ট্রাক্টাম্ লিকুইডাম্। তরল সার। মাত্রা, ʒss—i

Coca Folia. কোকা ফোলিয়া। এরিথ্রক্সিলন্ কোকা নামক বৃক্ষের শুষ্কীকৃত পত্র; দেখিতে অনেকাংশে চা-পত্রের ন্যায়। ইহাতে কোকেয়িন্ নামক বীর্য্য-বিশেষ আছে।

ক্রিয়া। স্নায়বীয় উত্তেজক, ক্লান্তিনিবারক, স্ফূর্ত্তিসম্পাদক, দৈহিক বল-সংরক্ষক; পেরু ও বোলিভিয়াবাসীরা পত্রচর্ব্বণ করিয়া সমস্ত দিন অনাহারে কার্য্য করিতে সক্ষম হয়। অধিক মাত্রায় মাদকতা উৎপাদন করে।

আময়িক প্রয়োগ। দৌর্ব্বল্য, স্নায়বীয় ক্ষীণতা, মানসিক নিস্তেজস্কতা; অজীর্ণ পাকাশয়ের বিবিধ পীড়া, বিবমিষা, বমন; ইত্যাদি।

এক্‌ষ্ট্রাক্টাম্ কোকা লিকুইডাম্। কোকা চূর্ণ, এল্‌কহল্ (শতকরা ৬০)—(১০এ ১)। মাত্রা, ʒss—ii

Cocaina কোকেয়িনা। কোকেয়িন্। কোকা পত্র হইতে প্রাপ্ত উপক্ষার। আঙ্গুয়েণ্টাম্। মলম। কোকেয়িন্, ওলেয়িন্ ১ ওলেয়িক্ এসিড্ ৪, লার্ড্ ২০।

Cocainae Hydrochloridum কোকেয়িনী হাইড্রোক্লোরাইডাম্

হাইক্লোরেট্ অব্ কোকেয়িন্। কোকা পত্র হইতে প্রাপ্ত কোকেয়িন্ নামক উপক্ষারের লবণ-দ্রাবক সংযুক্ত লবণ। মাত্রা gr. $\frac{1}{5}$—i

ক্রিয়া। আগ্নেয়, উত্তেজক, স্থানিক স্পর্শহারক

আময়িক প্রয়োগ। বিবিধ প্রকার বমন; চক্ষু, নাসিকা, ফেরিঙ্ক্স্, যোনি প্রভৃতি স্থানের শ্লৈষ্মিক ঝিল্লির স্পর্শ-লোপের নিমিত্ত স্থানিক প্রয়োগ। চর্ম্ম-নিম্নস্থ স্থান পর্য্যন্ত স্পর্শলোপ করিতে হইলে হাইপোডার্মিক্রূপে প্রয়োগ। দগ্ধ স্থান, ক্ষত আদির বেদনা নিবারণার্থ স্থানিক প্রয়োগ। চক্ষুতে প্রয়োগের নিমিত্ত শতকরা ২—৪ অংশ. হাইপোডার্মিকরূপে প্রয়োগার্থ শতকরা ৪—১০ অংশ ব্যবহার্য্য।

বিষ-লক্ষণ। শিরঃপীড়া, শিরোঘূর্ণন, মূর্চ্ছা, ইত্যাদি। অত্যন্ত অধিক মাত্রায় অবসাদক, শ্বাসক্রিয়া রোধ হয়।

বিষঘ্ন। নাইট্রাইট্ অব্ য্যামিলের শ্বাস।

ল্যামেলী কোকেয়িনী। জেলেটিন্ ও গ্লিসেরিন্ সহযোগে প্রস্তুত ক্ষুদ্র চাক্তি; প্রত্যেক চাক্তির ওজন $\frac{1}{50}$ গ্রেণ্, প্রতি চাক্তিতে $\frac{1}{200}$ গ্রেণ্ হাইড্রোক্লোরেট্ অব্ কোকেয়িন্ আছে। চক্ষুতে অস্ত্রচিকিৎসায় ব্যবহৃত হয়।

ইঞ্জেকশিয়ো কোকেয়িনী হাইপোডার্মিকা। হাইড্রোক্লোরেট্ অব কোকেয়িন্, ৩৩ গ্রেণ্; স্যালিসিলিক্ য়্যাসিড্, $\frac{1}{2}$ গ্রেণ্; পরিস্রুত জল, সর্ব্বসমেত ৬ ড্রাম্। (১১০ তে ১০)। মাত্রা, ♏i—v

ট্রোচিস্কাস্ ক্রামারিয়ী এট্ কোকেয়িনী। প্রতি চাক্তিতে $\frac{1}{20}$ গ্রেণ্।

℞ লাইকার্ আর্সেনিক: হাইড্:		♏iii
য়্যাসিড্: নাইট্রো-হাইড্রোক্লো: ডিল:		♏vi
এক্স্ট্রাক্ট্: কোকী লিকুই:		ʒss
টিং ক্যাপ্সিক্:		♏x
য়্যাকো:	ad.	℥i

মি:। মদাত্যয় রোগে।

℞ লাইকার্ কোকেয়িন্: হাইড্রোক্লোর্:		♏xx
সিরাপ: অর্যান্শ্: ফ্লোর্:	ad.	℥i

মি:। মাত্রা, এক ড্রাম্।

Coccus. কক্কাস্। কোচিনিয়্যাল্। কক্কাস্ ক্যাক্টাই নামক স্ত্রী-পতঙ্গ, শুষ্ক।

ক্রিয়াদি। বেদনানিবারক, ও আক্ষেপনিবারক; হুপিংকফ্ রোগে, ও অন্যান্য ঔষধের বর্ণ সম্পাদনার্থ, ব্যবহৃত হয়।

টিংচ্যুরা ককৃসাই। কোচিনিয়াল, এল্কহল্, (শতকরা ৪৫) ।—(১০এ ১); মাত্রা, v—xv

---

Colchici Cormus et Semina. কল্চিসাই কর্মাস্ এট্ সেমিনা। কল্চিকাম্ অটাম্নেলি নামক বৃক্ষের সরস কন্দ ও সুপক্ক বীজ। ইহাতে কল্চিসিন্ নামক বীর্য্য আছে। মাত্রা, gr. ii—viii

ক্রিয়া। উগ্রতাসাধক, মূত্রকারক, ঘর্ম্মকারক, অবসাদক ও বিরেচক। ইহা দ্বারা যকৃৎ, মূত্রপিণ্ড ও চর্ম্মের ক্রিয়া বৃদ্ধি হয় এবং হৃৎপিণ্ডের ক্রিয়া হ্রাস হয়।

আময়িক প্রয়োগ। গাউট্, তরুণ বাত, উদরী, শোথ, বিবিধ প্রাদাহিক পীড়া।

এক্ষ্ট্রাক্টাম্। সার। (কন্দ)। মাত্রা, gr. i—ii

ভাইনাম্। কন্দ, শেরি।—(৫ এ ১)। মাত্রা, ♏x—xxx

টিংচ্যুরা কল্চিকাম্ সেমিনাম্। বীজ, এল্কহল্ (শতকরা ৪৫)।—(৫এ ১) মাত্রা, ♏v—xv

℞ এক্ষ্ট্রঃ কল্চিসাই	gr. vi
——রিয়াই	gr. vi
——য়্যালোজ্ সকট্রঃ	gr. vi
——বেলাডোনী	gr. i

মিঃ। ছয় বটিকা প্রস্তুত করিবে। দুই সপ্তাহ কাল এক এক বটিকা রাত্রে; গাউট্ রোগে।

Collodium. কলোডিয়াম্। কলোডিয়ন্। ঈথার্ ও শোধিত সুরায় গান্কটন্ বা পাইরক্সিলিন্ দ্রবীকৃত।

ক্রিয়াদি। ক্ষতাদিতে আবরক। আঘাতাদি-জনিত ইরিসিপেলাসে প্রয়োজিত হয়।

কলোডিয়াম্ ফ্লেক্সাইল্। কলোডিয়াম্ ১২, ক্যানেডা বাল্সাম্ ½, এরণ্ড তৈল ¼। (ক্ষত, দগ্ধ ক্ষত, ছাল উঠিয়া যাওন আদিতে বিশেষ উপকারক)।

Colocynthidis Pulpa. কলোসিন্থিডিস্ পাল্পা। ইন্দ্রবারুণী।

সাইট্রুলাস্ কলসিন্থিস্ নামক বৃক্ষের শুষ্ক খোষাবিহীন ফল।
মাত্রা, gr. ii—viii

ক্রিয়া। অতি বিরেচক, জলবৎ ভেদ উপস্থিত করে, অধিক মাত্রায় উগ্রতা জন্মায়।

আময়িক প্রয়োগ। স্বভাবগত কোষ্ঠকাঠিন্য, শোথ, অন্ত্রাবরোধ, মস্তিষ্কের পীড়া ইত্যাদি।

একষ্ট্রাক্টাম্ কলোসিন্থিডিস্ কম্পোজিটাম্। কলোসিন্থ, ৬, বার্বেডোজ মুসব্বরের সার ১২, স্ক্যামনি ধূন ৪, কঠিন সাবান ৩, এলাচি ১, এল্‌কহল্ (শতকরা ৬০) ১৬০। মাত্রা, gr. ii—viii

পাইল্যুলা কলোসিন্থিডিজ্ কম্পোজিটা। কলোসিন্থ ১, বার্বেডোজ মুসব্বর ২, স্ক্যামান ২, সাল্‌ফেট্ অব্ পটাশ্ ¼, অয়িল্ অব্ ক্লোভস্ ¼, পরিস্রুত জল ¼।—(৬এ ১)। মাত্রা, gr. iv—viii

পাইল্যুলা কলোসিন্থিডিস্ এট্ হাইয়োসায়েমাই। কম্প উও্ কলসিন্থ পিল ৬, একষ্ট্রাক্ট্ অব্ হাইয়োসায়েমাস্ ৩। মাত্রা, gr. iv—viii

℞ পিলঃ কলোসিন্থঃ কোঃ ℈১৪
——হ্যায়োস্: এট্ মাইঃ ℈ii

মিঃ। ষোল বটিকা প্রস্তুত করিবে। মাত্রা দুই বটিকা। স্বভাবগত কোষ্ঠ কাঠিন্যে।

Conium. কোনিয়াম্। হেম্‌লক্। কোনিয়াম্ ম্যাকুলেটাম্ নামক বৃক্ষের সরস পত্র ও তরুণ শাখাগ্র এবং পক্ক ফল (শুষ্কীকৃত)। ইহার প্রধান বীর্য্যের নাম কোনায়িন্। মাত্রা, পত্র চূর্ণ gr. ii—viii

ক্রিয়া। প্রবল মাদক, বেদনানিবারক, অবসাদক, আক্ষেপনিবারক ও শোষক।

আময়িক প্রয়োগ। ক্যান্সারাস্ পীড়া, স্ক্রফিউলা-জনিত ও অন্যান্য অসুস্থ ক্ষত, গলগণ্ড, ফুস্‌ফুসীয় পীড়া, হুপিংকফ, স্নায়ুশূল, পুরাতন বাত, চর্ম্মরোগ; যকৃৎ, প্লীহা আদি বিবর্দ্ধন; কশেরুকা মজ্জার উগ্রতা; উপদংশ; যক্ষ্মা।

বিষঘ্ন। বমনকারক ঔষধ, পরে উত্তেজক বাহ্য ও আভ্যন্তরিক প্রয়োগ।

সাকাস্ কোনিয়াই। রস। হেম্‌লক্ পত্রের নিষ্পেষিত রস ৩, এল্‌কহল (শতকরা ৯০) ১। মাত্রা, ʒi—ii

অঙ্গুয়েন্টাম্। মলম। সাকাস্ কোনিয়াই ২ (উৎপাতন দ্বারা ¼ করিবে), পরে, হাইড্রাস্ উল ফ্যাট্ ৪ আউন্স সংযোগ করিবে।

টিংচ্যুরা। অরিষ্ট। হেম্‌লক্ ফল এলকহল (শতকরা ৭০)।—(৫এ ১) মাত্রা, ʒss—i

℞	টিং কোনিয়াই	♏xv
	ম্যাগ্‌নেস্ঃ সালফঃ	ʒss
	য়্যাকোয়া কারুই	℥ss
	সিরাপঃ টোল্যু	℥i

মিঃ। ছপিং কফরোগে দিবসে তিন বার।

Copaiba। কোপেবা। কোপেফেরা ল্যাঙ্গ্‌সডর্ফিয়াই ও অন্যান্য কোপেফিরা বৃক্ষের কন্দে অস্ত্রাঘাত করিলে যে তৈলযুক্ত ধুনা নির্গত হয়। মাত্রা, ♏xxx—lx

ক্রিয়া। মূত্রকারক। শ্লৈষ্মিক ঝিল্লির উপর, বিশেষতঃ জননেন্দ্রিয় ও মূত্রযন্ত্রের এবং সরলান্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির উপর উত্তেজক ও পচননিবারক।

আময়িক প্রয়োগ। প্রমেহ, গ্লীট্; পুরাতন শ্বাসনলী প্রদাহে অধিক শ্লেষ্মা নিঃসরণ থাকিলে; অর্শ, শোথ, উদরী। দুষ্টক্ষত ও পাঁকুই রোগে বাহ্যপ্রয়োগ।

নিষেধ। জ্বর সত্ত্বে।

ওলিয়াম্। তৈল। মাত্রা, ♏v—xv

℞	কোপেবা		
	লাইকর্ পোটাসী	ana	ʒiii
	মিউসিলঃ য়্যাকেসিঃ		℥i
	য়্যাকোয়া মেন্থ্ঃ পিপ্ঃ	ad.	℥vi

মিঃ। ℥i দিবসে তিন বার। প্রমেহ রোগে।

Coriandrum. কোরিয়াণ্ড্রাম্। ধনিয়া। কোরিয়াণ্ড্রাম্ সেটাই-ভাম্ নামক বৃক্ষের শুষ্কীকৃত পক্ক ফল। মাত্রা, gr. xx—lx

ক্রিয়াদি। উত্তেজক, বায়ুনাশক, আগ্নেয়। অন্যান্য ঔষধকে সুস্বাদকরণ ও তজ্জনিত উদরের কামড়ানি দূরীকরণার্থ ব্যবহৃত হয়।

ওলিয়াম্। তৈল। মাত্রা, ♏ss—ii

Coscinium. কোসিনিয়াম্। দারুহরিদ্রা। গাছ হলদি। কোসিনিয়াম্ ফেনেষ্ট্রেটাম্ নামক বৃক্ষের শুষ্কীকৃত কাণ্ড।

ক্রিয়াদি। তিক্ত বলকারক। রোগান্ত দৌর্ব্বল্যে উপকারক।

ইন্‌ফিউজাম্। ফাণ্ট্। কোসিনিয়াম্ ১, ফুটিত জল ২০; মাত্রা, ℥ss—i

লাইকর্ কন্‌সেণ্ট্রেটাস্। গাঢ় দ্রব। কোসিনিয়াম্ ১০ আউন্স, এল্‌কহল্ (শতকরা ৯০) ৮ আউন্স, জল ১৬ আউন্স। ম্যাসা-রেশন্ ও ইভাপরেশন দ্বারা ১ পাইণ্ট। মাত্রা, ℨss—i

টিংচ্যুরা। অরিষ্ট। কোসিনিয়াম্ ২ আউন্স, এল্‌কহল্ (শতকরা ৬০) ১ পাইণ্ট। ম্যাসারেশন্। মাত্রা, ℨss—i

---

Creosotum, ক্রিয়োজোটাম্। কাষ্ঠ হইতে প্রস্তুত আল্‌কাতরা হইতে প্রাপ্ত। মাত্রা, ♏i—v

ক্রিয়া। সঙ্কোচক, মাদক, উত্তেজক, বমননিবারক, বায়ুনাশক; স্থানিক সঙ্কোচক পচননিবারক ও ফোস্কাকারক।

আময়িক প্রয়োগ। হিষ্টিরিয়াগ্রস্ত ব্যাক্তির ও গর্ভাবস্থায় বিবমিষা ও বমন, পুরাতন প্রমেহ ও গ্লীট্, ম্যালিগন্যাণ্ট্ কলেরা, শৈশবীয় বিসূচিকা, অন্ত্র হইতে রক্তস্রাব মধুমূত্র রোগে পিপাসা ও আহার-লালসা নিবারণার্থ; দুর্দ্দম-লাল নিঃসরণে কুল্য; প্রস্রাবে পচাগন্ধ থাকিলে মূত্রাশয় মধ্যে পিচকারি; দগ্ধক্ষত, পাঁকুই, মুখমণ্ডলের ইরিসিপেলাস্, দন্তশূল, দুষ্ট পচাক্ষত, পুরাতন চর্ম্মরোগ; স্বরভঙ্গ, পুরাতন শ্বাসনলী-প্রদাহ প্রভৃতিতে ধূম।

মিশচ্যুরা। মিশ্র। ক্রিয়োজোট্ ১৬ মিনিম্, স্পিরিট্ অব্ জুনিপার্ ১৬ মিনিম শর্করার পাক ১ আউন্স, পরিস্রুত জল ১৬ আউন্স, পূর্ণ করণার্থ যথাপ্রয়োজন। মাত্রা, ℥ss—i

আঙ্গুয়েণ্টাম্। মলম। ক্রিয়োজোট্ ১, হার্ড্ প্যারাফিন্ ৪, সফট্ প্যারাফিন্ ৬

℞	ক্রিয়োজোটাই	♏vi
	পাল্‌ভ্ঃ ট্রাগাকান্থী	ℨss
	য়্যাকোয়া ক্যাম্ফোরী	℥vi

মিঃ। দুর্দ্দম বমন আদি রোগে ষষ্ঠাংশ মাত্রায়।

℞	ক্রিয়োজোটাই	gr. lxxv
	টিঃ পাইরিথি	ℨiiss

মিঃ। দন্তশূল রোগে এই মিশ্রে তুলা ভিজাইয়া দন্তগহ্বর মধ্যে প্রয়োজ্য।

Crocus. ক্রোকাস্। স্যাফ্রান্। জাফ্রান্। কুঙ্কুম। ক্রোকাস্ সেটাইভাস্ নামক বৃক্ষের গর্ভকেশর। মাত্রা, gr. v—xxx

ক্রিয়াদি। উত্তেজক, আক্ষেপনিবারক ও রজোনিঃসারক। অন্যান্য ঔষধের আস্বাদ ও বর্ণ সম্পাদনার্থ ব্যবহৃত হয়।

(ডিককঃ এলোজ্ কোঃ এবং টিং সিঙ্কোনী কোঃ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।)

টিংচ্যুরা। অরিষ্ট। জাফ্রান্, এল্‌কহল্ (শতকরা ৬০)।——(২০ এ ১)। মাত্রা, ♏v—xv

---

Crotonis Oleum. ক্রোটোনিস্ ওলিয়াম্। জয়পালের তৈল।

ক্রোটন্ টিগলিয়াম্ নামক বৃক্ষের বীজের তৈল। মাত্রা, ♏ss—i

ক্রিয়া। প্রবল বিরেচক; সত্বর জলবৎ ভেদ উপস্থিত করে।

আময়িক প্রয়োগ। দুর্দ্দম কোষ্ঠকাঠিন্য, য়্যাপোপ্লেক্সি। স্কার্লেট্-জ্বরান্ত উদরী; বাত. গাউট্, স্নায়ুশূল, গ্রন্থির ও অন্যান্য প্রকার দুষ্ট স্ফীতি, লেরিঙ্কস্ ও ফুস্‌ফুসীয় পীড়া প্রভৃতিতে বাহ্য প্রয়োগ।

বিষঘ্ন। বমন করণার্থ সাল্‌ফেট্ অব্ কপার্; পরে ভেদ দমনার্থ অহিফেন ও মণ্ডঘটিত পানীয়।

লিনিমেণ্টাম্। মর্দ্দন। জয়পালের তৈল ১, ক্যাজুপাট্ তৈল ৩½, এল্‌কহল্ (শতকরা ৯০) ৩½।—(৮এ ১)৭।

℞	ওলিঃ ক্রোটনিস্	ʒiss
	— ক্যাজুপাট্‌ঃ	ʒi
	— অলিভী	ʒx

মিঃ। পুরাতন প্রদাহযুক্ত অজীর্ণে রাত্রে ও প্রাতে পাঁচ মিনিট্ ধরিয়া পাকাশয় প্রদেশে মর্দ্দন করিবে।

Cubebæ Fructus. কিউবেবী ফ্রাক্টাস্। কিউবেব্‌স্। কাবাবচিনি।

কিউবেবা নামক বৃক্ষের শুষ্কীকৃত অপক্ক ফল। মাত্রা, ʒss—ii

ক্রিয়া। মৃদু উত্তেজক, বায়ুনাশক ও মূত্রকারক। মূত্রযন্ত্রের উপর বিশেষ ক্রিয়া দর্শায়। তৈল কফনিঃসারক।

আময়িক প্রয়োগ। প্রমেহ। ক্রুপ্, শ্বাসনলীপ্রদাহ, ডিফ্‌থিরিটিক্ গল-ক্ষতে তৈল।

ওলিয়াম্। তৈল। চুয়াইয়া প্রস্তুত। মাত্রা ♏v—xx

টিংচ্যুরা। অরিষ্ট। কাবাবচিনি, এল্‌কহল্ (শতকরা ৯০)।—(৫এ ১)। মাত্রা, ʒss—i

℞	কিউবেবী	℥ii
	য়্যালুমিনিস্	℥ss

মিঃ। নয় পুরিয়ায় বিভক্ত করিবে। প্রমেহ রোগে এক এক পুরিয়া দিবসে তিন বার।

Cucurbitæ Semina Præparata. কিয়ুকার্বিটী সেমিনা প্রীপারেটা। বিলাতি কুমড়ার বীজ। কিয়ুকার্বিটা ম্যাক্সিমা (কিয়ুকার্বিটা পেপো)র প্রস্তুতীকৃত সরস পক্ক বীজ। মাত্রা, ℥iii—iv

ক্রিয়াদি। কৃমিনাশক। ফিতার ন্যায় কৃমিরোগে প্রাতে জল বা দুগ্ধ সহযোগে প্রয়োগ করিয়া চারি ঘণ্টা পর মৃদু বিরেচক ব্যবস্থেয়।

Cuprum. কুপ্রাম্। কপার্। তাম্র। অধিক মাত্রায় তাম্রঘটিত ঔষধ প্রাদাহিক বিষক্রিয়া করে। ঔষধীয় মাত্রায় সঙ্কোচক বলকারক ও বমনকারক। বাহ্য প্রয়োগে দাহক ও উত্তেজক।

১। কুপ্রাই সাল্ফাস্। তুঁতিয়া। মাত্রা, gr. ¼—ii (সঙ্কোচক). gr. v—x (বমনকারক)।

ক্রিয়া। সঙ্কোচক, বমনকারক, দাহক, পরিবর্ত্তক। অধিক মাত্রায় পাকাশয় ও ও অন্ত্রের উগ্রতা উৎপাদন করে, এবং হৃদ্‌পিণ্ড ও শ্বাসপ্রশ্বাসীয় স্নায়ু মূলের অবসাদ জন্মায়।

আময়িক প্রয়োগ। মৃগী, কোরিয়া, ক্রুপ্, পুরাতন উদরাময়; মাদক ঔষধ দ্বারা বিষাক্ত হইলে বমন করণার্থ। বাহ্য প্রয়োগ,—ক্ষত, আঁচিল; কোন স্থান হইতে রক্তস্রাব হইলে; ফাঙ্গাস্ বিবর্দ্ধন বিনাশার্থ; শ্লৈষ্মিক ঝিল্লি হইতে সাতিশয় রস নিঃসরণ; সরলান্ত্র-নির্গমন; প্রমেহ, গ্লীট্ আদিতে পিচকারিরূপে।

বিষঘ্ন। অণ্ডের শ্বেতাংশ, অণ্ডলাল।

℞ কুপ্রাই সাল্ফ্ঃ	gr. vi
মর্ফ্ঃ	gr. xii
কন্ফ্ঃ রোজী	℈ii

মিঃ। বার বটিকা করিবে। পুরাতন উদরাময় ও আমাশয় রোগে এক এক বটিকা ছয় ঘণ্টা অন্তর।

Cuspariae Cortex. কাস্পেরিয়ী কর্টেক্স্। আঙ্গেষ্টিউরা বার্ক্। গ্যালিপিয়া কাস্পেরিয়া নামক বৃক্ষের বল্কল। মাত্রা, gr. x—xl

ক্রিয়াদি। উত্তেজক, বলকারক, জ্বরনাশক; অধিক মাত্রায় কতকাংশে বমনকারক ও বিরেচক।

আময়িক প্রয়োগ। পরিপাক-শক্তির ক্ষীণতা-জনিত অজীর্ণ, সবিরাম জ্বর, পৈত্তিক উদরাময়, পাকাশয়, প্রবল পীড়ার পর দৌর্ব্বল্য।

ইন্‌ফিউজ়াস্। ফাণ্ট্। কাস্পেরিয়া ১, পরিস্রুত জল ২০। মাত্রা, ℥i—ii

লাইকর্, কন্সেণ্ট্রেটাস্। কাম্পেরিয়া, এল্কহল্ (শতকরা ২৫)। মাত্রা, ℨss—i

℞ পাল্ভ: কাম্পেরিয়ী gr. v
——রিয়াইঃ gr. v

মিঃ। বিবমিষা-সংযুক্ত উদরাধ্মান।

Cusso. কাসো। হেজেনিয়া য়্যাবিসিনিকা নামক বৃক্ষের শর পুষ্প। মাত্রা, ℨ$\frac{1}{4}$—ss

ক্রিয়াদি। কৃমিনাশক। টীনিয়া কৃমি নাশার্থ বিশেষ উপযোগী।

Datura Folia. ডেট্যুরা ফোলিয়া। ধুতুরা পত্র। ডেট্যুরা ফাষ্টুয়োসা ও ডেট্যুরা মেটেল্ বৃক্ষের পত্র।

Datura Semina. ডেট্যুরা সেমিনা। ধুতুরা বীজ। ডেট্যুরা ফাষ্টুয়োসা বৃক্ষের বীজ।

ক্রিয়াদি। ষ্ট্র্যামোনিয়ামের অনুরূপ।

টিংচ্যুরা। অরিষ্ট। বীজ কুট্টিত ৫ আউন্স্, এল্কহল্ (শতকরা ৭০) সর্ব্বসমেত ১ পাইন্ট্। পার্কোলেশন্। মাত্রা, ♏v—xv

---

Digitalis Folia. ডিজিটেলিস্ ফোলিয়া। ফক্স্গ্লভ্ লীভ্স্। ডিজিটেলিস্ পার্প্যুরিয়া নামক বৃক্ষের শুষ্কীকৃত পত্র। ইহাতে পাঁচটি বীর্য্য আছে, তন্মধ্যে ডিজিটেলিন্ প্রধান। মাত্রা, gr. ss—iss

ক্রিয়া হৃৎপিণ্ডের বলকারক, মূত্রকারক, ও অবসাদক। অল্প মাত্রায় ধমনী সকলে রক্তসঞ্চাপ বৃদ্ধি পায়, সার্ব্বাঙ্গিক সূক্ষ্ম ধমনী সকল কুঞ্চিত হয়, হৃৎপিণ্ড অধিকতর বল সহকারে ও ধীরে ধীরে কুঞ্চিত হয়, ঔষধীয় মাত্রায় নাড়ী-স্পন্দন মন্দ হয়; মাত্রা বৃদ্ধি করিলে, বমন, ভেদ, মূর্চ্ছা আদি বিষম লক্ষণ সকল প্রকাশ পায়। বিষ-মাত্রায় হৃৎ-ক্রিয়া দ্রুত ও অনিয়মিত হয়, এবং পরিশেষে ভেণ্ট্রিকল্দ্বয়ের দৃঢ় আকুঞ্চন সহযোগে হৃৎ-স্পন্দন স্থগিত হয়। ইহার ক্রিয়াগত হইলে রোগীকে শায়িত অবস্থায় থাকা প্রয়োজন; কারণ, উপবিষ্ট বা দণ্ডায়মান অবস্থায় বিষম লক্ষণ সকল প্রকাশ পাইয়া থাকে। সংগ্রাহক হইয়া কার্য্য করে।

আময়িক প্রয়োগ। প্রদাহ; প্রবল রক্তস্রাব; কোন কোন জ্বরে রক্ত-সঞ্চালক যন্ত্রের উত্তেজনা দমনার্থ; জ্বর রোগে সাতিশয় দৌর্ব্বল্য; হৃৎপিণ্ডের পীড়া, বিশেষতঃ দ্বি-কপাটীয় পীড়া ও হৃৎ-প্রসারণ সহবর্ত্তী হৃদ্-বিবর্দ্ধন; শোথ ও উদরী; মদাত্যয়; ইত্যাদি।

ইন্‌ফিউজাম্। ফাণ্ট্। ডিজিটেলিস্, স্ফুটিত পরিস্রুত জল।—(১৪৬-তে)।
মাত্রা, ℥¼—ss

টিংচ্যুরা। অরিষ্ট। ডিজিটেলিস্, এল্‌কহল্ (শতকরা ৬০)।—(৮এ ১)।
মাত্রা, ♏v—xv

℞	ইন্‌ফ্ঃ ডিজিটেলিস্	℥iv
	টিং ডিজিটেলিস্	ʒss
	পটাশ্ঃ য়্যাসেট্ঃ	ʒi
	টিং ওপিয়াইঃ	♏v

মিঃ। উদরী রোগে ℥ss দিবসে দুই তিন বার।

℞	টিং ডিজিটেলিস্	♏x
	অক্সিমেল্ সিলী	ʒss
	য়্যাকোয়া ক্যাম্ফোরী	℥i

মিঃ। হৃৎপিণ্ডের পীড়া সংযুক্ত পুরাতন শ্বাসনলীপ্রদাহ রোগে চারি ঘণ্টা অন্তর।

Elaterium. ইলেটেরিয়াম্। এক্‌বেলিয়াম্ ইলিটেরিয়াম্ নামক বৃক্ষের ফলের রসের গাদ, শুষ্কীকৃত। মাত্রা, gr. $\frac{1}{10}$—ss

ক্রিয়াদি। প্রবল বিরেচক; জলবৎ ভেদ উপস্থিত করে। মূত্রযন্ত্র ও হৃৎপিণ্ডের পীড়া সহযোগী ও শোথ উদরীতে উপকারক। অধিক মাত্রায় উগ্র বিষ।

বিষঘ্ন। শিথিলকারক ও স্নিগ্ধকারক পানীয়; পিচকারী; উষ্ণ স্নান; অল্প মাত্রায় পুনঃ পুনঃ অহিফেন।

ইলিটেরিনাম্। ইলিটেরিয়ামের বীর্য্য। মাত্রা, gr. $\frac{1}{40}$—$\frac{1}{10}$

পাল্‌ভিস্ ইলিটেরিয়াম্ কম্পোজিটাস্। ইলিটেরিন্ ১, ক্ষীরশর্করা ৩৯।
মাত্রা, gr. i—iv

℞	ইলিটেরিয়াই		gr. ss
	হাইড্রার্জঃ সাবক্লোরঃ		
	পাল্‌ভ্ঃ ক্যাপ্সিসাই	ana	gr. ii
	কন্‌ফ্ঃ রোজী কেনাইনী		q. s

মিঃ। য়্যানাসার্কা রোগে প্রাতে এক বটিকা।

Embelia. এম্বেলিয়া। বিড়ঙ্গ। এম্বেলিয়া রাইবেস্ ও এম্বেলিয়া রোবাষ্টার ফল। মাত্রা, চূর্ণের, ʒi—iv

ক্রিয়াদি। কৃমিনাশক, বায়ুনাশক, আগ্নেয়। ফিতার স্থায় কৃমি (টেপ্ ওয়ার্ম্) রোগে ব্যবহার্য্য।

Ergota. আর্গটা। আর্গট্। ক্লাভিসেপ্স্ পার্পিউরিয়া নামক ফাঙ্গাস্ দ্বারা সিকেলী সিরেলির বিকৃত শস্য। মাত্রা, gr. xx—lx

ক্রিয়া। প্রবল জরায়ু-সঙ্কোচক; এই ক্রিয়া অবিরাম, এবং সসত্ত্বা জরায়ুর উপর বিশেষরূপে প্রকাশ পায়। ইহা ক্ষুদ্র ধমনী সকলের পেশীর প্রাচীরের উপর কার্য্য করিয়া উহাদিগকে কুঞ্চিত করে, সুতরাং সার্ব্বাঙ্গিক রক্ত সঞ্চাপ বৃদ্ধি পায়; এ হেতু ইহা রক্ত-রোধক। অল্প মাত্রায় দীর্ঘকাল সেবন করিলে বার্দ্ধক্য-জনিত পচাক্ষতের (সেনাইল্ গ্যাঙ্গ্রিন্) স্থায় এক প্রকার পচাক্ষত উপস্থিত হয়। অধিক মাত্রায় বিবমিষা, বমন, প্রলাপ, ও মৃত্যু পর্য্যন্ত হয়।

আময়িক প্রয়োগ। জরায়ুর ক্রিয়া-ক্ষীণতা বশতঃ প্রসব-বিলম্ব হইলে তৎসম্পাদনার্থ; প্রসবান্ত রক্তস্রাব, জরায়বীয় রক্তস্রাব, বক্ষোৎকাস আদি বিবিধ প্রকার রক্তস্রাব; আণ্ডলালিক প্রস্রাব; রজোঽল্পতা, শ্বেতপ্রদর; বিস্চিকা, উদরাময়; কোন কোন প্রকার উন্মাদ রোগ; অধোঽর্দ্ধাঙ্গ-পক্ষাঘাত; জরায়ু-অভ্যন্তরীয় সাব্‌মিউকাস্ পলিপাস্ নির্গত করণার্থ গর্ভের পেশী মধ্যে হাইপোডার্মিক্ রূপে।

একষ্ট্রাক্টাম্ আর্গটি লিকুইডাম্। তরল সার। জলীয় সার, শোধিত সুরা সংযুক্ত। মাত্রা, ♏x—xx

ইন্‌ফিউজাস্। ফাণ্ট্। আর্গট্ ১, স্ফুটিত পরিস্রুত জল ২০। মাত্রা, ℥i—ii

একষ্ট্রাক্টাম্ আর্গটি। আর্গটিন্। আর্গট্ ২০ আউন্স্, সোডিয়াম্ কার্বনেট্ ১৭৫ গ্রেণ্, এল্‌কহল্ (শতকরা ৬০) যথা-প্রয়োজন, ডাইলিউটেড্ হাইড্রো-ক্লোরিক্ এসিড্ ৭½ ড্রাম্। পার্কোলেশন্। মাত্রা, gr. ii—viii

ইঞ্জেক্‌শিয়ো আর্গটি হাইপোডার্মিকা। একষ্ট্রাক্ট্ অব্ আর্গট্ ১০০ গ্রেণ, ফেনল্ ৩ গ্রেণ্, জল সর্ব্বসমেত ৩৩০ মিনিম্। মাত্রা, হাইপোডার্মিক্ রূপে ♏ii—x

টিংচ্যুরা আর্গটি এমোনিয়াটা। আর্গট্, সোলুশন্ অব্ এমোনিয়া, এল্‌কহল্ (শতকরা ৬০) ৮ (৪এ ১)। মাত্রা, ♏xxx—lx

℞ এক্সট্ঃ আর্গট্ঃ লিকুইঃ		♏xv
ম্যাগ্ঃ সাল্‌ফ্ঃ		ʒi
এ্যাসিড্ঃ গ্যালিক্ঃ		gr. x
——সাল্‌ফ্ঃ ডিল্		♏v
য়্যাকোঃ	ad.	℥i

মিঃ। মাত্রা এক। বিবিধ প্রকার রক্তস্রাবে।

R. পাল্‌ভ্‌ঃ আর্গটী ℥ss
——সিনেমোমাই কোঃ ℈ss
স্যাক্‌ঃ য্যাল্‌বাই ℈ss

মিঃ। দশ পুরিয়ায় বিভক্ত করিবে। প্রবল রক্তস্রাবে এক এক পুরিয়া ২।৩ ঘণ্টা অন্তর।

R. একষ্ট্রঃ আর্গটী লিকুইড্‌ঃ ♏xxx
লাইকার্ ষ্ট্রিক্‌নিঃ ♏iii

মিঃ। ফুল নির্গত না হইলে জল সহযোগে তিন ঘণ্টা অন্তর।

Eucalypti Gummi. ইউকেলিপ্‌টাই গামাই। ইউকেলিপ্‌টাস্ গাম। ইউকেলিপ্টাস্ রস্‌ট্রেটা নামক বৃক্ষের ও অন্যান্য প্রকার ইউকেলিপ্টাস্ বৃক্ষের বল্কল হইতে প্রাপ্ত নির্য্যাস্। মাত্রা, gr. ii—x

ক্রিয়া। সঙ্কোচক। শ্লৈষ্মিক ঝিল্লির উপর প্রবল সঙ্কোচন ক্রিয়া প্রকাশ করে। আময়িক প্রয়োগ। উদরাময়, মাটী ও গলনলীর শিথিলতা ইত্যাদি।

ট্রোচিস্কাস্ ইউকেলিপ্টাই গামাই। ইউকেলিপ্টাস্ গাম্ ১ গ্রেণ্; ফ্রুট্ বেসিস।

R. ইউকেলিপ্ট্ঃ গামঃ gr. v
একষ্ট্ঃ নিউসিস ভম gr. i
কোকোয়া-নাট্ ষ্টিয়ারিন্ q. s.

মিঃ। স'পোজিটোরি প্রস্তুত করিবে। অন্ত্রের ও মলদ্বার-অবরোধক পেশীর শিথিলতায় প্রয়োজ্য।

Eucalypti Oleum. ইউকেলিপ্‌টাই ওলিয়াম্। অয়িল্ অব্ ইউকেলিপটাস্। ইউকেলিপ্টাস্ গ্লোবিউলাস্, ইউকেলিপ্টাস য়্যামিগডেলিনা ও সম্ভবতঃ অন্যান্য প্রকার ইউকেলিপ্টাস্ বৃক্ষের সরস পত্র হইতে চোয়ান তৈল। মাত্রা, ♏ss—iii

ক্রিয়া। প্রবল পচননিবারক ও দুর্গন্ধহারক, উগ্রতাসাধক, পর্য্যায়নিবারক।

আময়িক প্রয়োগ। সর্দ্দি, ডিফথিরিয়া ও হুপিংকফ্ রোগে, এবং ওজিনা, পুরাতন ব্রঙ্কাইটিস্, যক্ষ্মা ও সাক্ষেপ শ্বাসকাসের কাস উপশমিত করণার্থ শ্বাসরূপে; সবিরাম জ্বর, আরক্ত জ্বর, সূতিকা জ্বর, পায়ীমিয়া, মূত্রাশয়ের পুরাতন প্রদাহ প্রভৃতিতে আভ্যন্তরিক প্রয়োগ। ক্ষতাদিতে ও অস্ত্র-চিকিৎসায় মলম ও বিবিধ প্রকার ড্রেসিঙ্গ্ রূপে প্রয়োগ।

আঙ্গুয়েণ্টাম্। মলম। অয়িল্ অব্ ইউকেলিপ্টাস্ ১, শ্বেত প্যারাফিন্ ৫, কঠিন প্যারাফিন্ ৪।

R ওলিঃ ইউকেলিপ্টঃ ♏v
, —অলিভ্ ♏xx
মিঃ। পায়ীমিয়া রোগে হাইপোডার্মিক্ রূপে।

Euonymi Cortex, ইউনিমাই কর্টেক্স্। ইউনিমাস্ বার্ক্। ইউনিমাস্ য়্যাট্রোপার্পিউরিয়াস্ নামক বৃক্ষের মূলের শুষ্কীকৃত বল্কল।

ক্রিয়া। যকৃতের প্রবল উত্তেজক, পিত্তনিঃসারক; বিরেচক, মূত্রকারক, বলকারক, পর্য্যায়নিবারক।

আময়িক প্রয়োগ। যকৃতের বিবিধ পীড়া; এবং যকৃতের বিকার-জনিত কোষ্ঠ-কাঠিন্য; সবিরাম জ্বর সংযুক্ত যকৃৎ বিবর্দ্ধন; ইত্যাদি।

একষ্ট্রাক্টাম্ ইউনিমাই সিক্কাম্। শুষ্ক সার। সাধারণতঃ ইউনিমিন্। ইউ-নিমাস্ বল্কল এল্কহল (শতকরা ৪৫) ক্যাল্সিয়াম্ ফস্ফেট্। পার্কোলেশন্ দ্বারা প্রস্তুত। মাত্রা, gr. i—ii

R ইউনিমিন্ gr. ii
 একষ্টঃ হাইয়োসায়েমঃ q. s.
মিঃ। একটি বটিকা প্রস্তুত করিবে। যকৃতের ক্রিয়ামান্দ্যে শয়নকালে বিধেয়।

Fel Bovinum Purificatum. ফেল বোভিনাম্ পিউরিফি-কেটাম্। পিউরিফায়েড্ অক্স্ বাইল্। বিশুদ্ধীকৃত বৃষ-পিত্ত। সদ্যঃ বৃষ-পিত্ত শোধিত সুরা সংযোগে ও পরে ঊর্দ্ধ-পাতন দ্বারা বিশুদ্ধীকৃত। মাত্রা, gr, v—xv

ক্রিয়া। বলকারক, মৃদু বিরেচক, শোষক, পরিবর্ত্তক।

আময়িক প্রয়োগ। পিত্ত-নিঃসরণের স্বল্পতা-জনিত পীড়া; দুর্দ্দম কোষ্ঠকাঠিন্য; বমন সহযোগী অজীর্ণ; ক্যান্সারাস্ পীড়ায় বেদনা নিবারণার্থ।

R ফেল্ বোভিনাম্ ℨi
 স্পিঃ রেক্টিঃ q. s.
মিঃ। পনর বটিকা প্রস্তুত করিবে। স্বভাবগত কোষ্ঠকাঠিন্যে ১।২ বটিকা দিবসে দুই তিন বার।

Ferrum, ফিরাম্। আয়রন্। লৌহ। অক্সাইড্-বিহীন পেটা লৌহ-প্রেক বা লৌহ-তার নং ৩৫ গজ্।

ক্রিয়া। লৌহঘটিত ঔষধ রক্তজনক, বলকারক, কোন কোন প্রয়োগরূপ স্নায়ু-বিধানে ক্রিয়া দর্শায় ; কোন কোনটি সঙ্কোচক, রজোনিঃসারক ও স্থানিক সঙ্কোচক।

আময়িক প্রয়োগ। রক্তাল্পতা, রজোঽল্পতা, অপ্রবল রক্তস্রাব, স্থানিক রক্তস্রাব, চর্ম্ম রোগ, পরিপাক-শক্তির ক্ষীণতা, স্নায়ুশূল, দৌর্ব্বল্য।

নিষেধ। তরুণ প্রাদাহিক পীড়া।

ভাইনাম্ ফেরি। লৌহাসব। লৌহতার, শেরি।—(২০তে ১)। মাত্রা. ℥i—iv

Ferrum Redactum. ফিরাম্ রিডাক্টাম্। রিডিউসড্ আয়রন্। বিভিন্ন পরিমাণে অক্সাইড্ অব্ আয়রন্ সংযুক্ত ধাতব লৌহ। মাত্রা, gr. i—v

ক্রিয়া। রক্তজনক, রক্তের লোহিত-কণিকা-বর্দ্ধক। সঙ্কোচক ক্রিয়া নাই।

আময়িক প্রয়োগ। কোরিয়া, রজোঽল্পতা, ক্লোরোসিস্, প্লীহা-বিবর্দ্ধন, শারীরিক দৌর্ব্বল্য।

ট্রোচিস্কাস্ ফেরি রিড্যাক্টাই। ১ গ্রেণ্ রিডিউস্ড্ আয়রন্ সিম্পল্ বেসিস মাত্রা, ১—৬ চাক্তি।

Ferri Sulphas. ফেরি সাল্ফাস্। সালফেট্ অব্ আয়রন্। হিরাকস। মাত্রা, gr. i—v

ক্রিয়া। প্রবল সঙ্কোচক, বলকারক, রজোনিঃসারক। পাকাশয়ের উগ্রতা উৎপাদন করিয়া থাকে।

আময়িক প্রয়োগ। রক্তাল্পতা, রজোঽল্পতা, প্লীহা-বিবর্দ্ধন ; সঙ্কোচক দ্রব রূপে স্থানিক প্রয়োগ।

মিশ্চ্যুরা ফেরি কম্পোজিটা। গ্রিফিথ্স্ মিক্শ্চার্। সাল্ফেট্ অব্ আয়রন্ ২৫ গ্রেণ্, কার্বনেট্ অব্ পোটাসিয়াম্ ৩০ গ্রেণ্, মর্হী ৬০ গ্রেণ্, শর্করা ৬০ গ্রেণ, স্পিরিট্ অব নাটমেগ্ ৫০ মিনিম্, গোলাব জল ১০ আউন্স। এই মিশ্রে কার্বনেট অব আয়রন্ প্রস্তুত হয়। মাত্রা, ℥ss—i

পাইল্যুলা ফেরি। ব্লড্স্ পিল্। নির্জ্জল সালফেট্ অব্ আয়রন্ ১৫০ নির্জ্জল কার্বনেট অব সোডিয়াম্ ৯৫, গাম্ য়্যাকেসিয়া ৫০, ট্রাগাকান্থ্ ১৫, শর্করার পাক ১৫০, গ্লিসেরিন্ ১০। পরিস্রুত জল ২০ বা যথাপ্রয়োজন। পাঁচ গ্রেণ ওজনের এক একটি বটিকা প্রস্তুত করিবে। ইহাতে হিরাকস কার্বনেট্ অব্ আয়রন্ রূপ প্রাপ্ত হয়। (৫এ ১ ফেরাস্ কার্বনেট্)। মাত্রা, gr. v—xv

পাইল্যুলা য়্যালোজ্ এট্ ফেরি। (য়্যালোজ দেখ)।

ফেরি সাল্ফাস্ এক্সিকেটা। ২১২ তাপাংশ ফার্ণহীট্ উত্তাপে শুষ্কীকৃত হিরাকস। মাত্রা, gr. ss—iii

লাইকার্ ফেরি পারসালফেটিস্। হিরাকস, গন্ধক দ্রাবক, যবক্ষার-দ্রাবক, পরিস্রুত জল। স্থানিক সঙ্কোচক।

Ferri Carbonas Saccharata, ফেরি কার্বনাস্ স্যাকারেটা। স্যাকারেটেড্ কার্বনেট্ অব্ আয়রন। মাত্রা, gr, x—xxx

ক্রিয়াদি। রক্তজনক; সঙ্কোচক গুণ নাই। রক্তাল্পতা-জনিত রজোঽল্পতা রোগে উপকারক।

মিশ্চ্যুরা ফেরি কম্পোজিটা। (ফেরি সালফাস্ দেখ)।

Ferri Arsenas. ফেরি আর্সেনাস্। আর্সেনিয়েট্ অব্ আয়রন্। আর্সেনিয়েট্ ও বাইকার্বনেট্ অব্ সোডিয়াম্ সহযোগে সাল্ফেট্ অব্ আয়রন্ অধঃপাতিত, ধৌত ও শুষ্ক করিয়া লইলে প্রস্তুত হয়। মাত্রা, gr. $\frac{1}{16}$—$\frac{1}{4}$ (বটিকাকারে)।

ক্রিয়াদি। ইহাতে লৌহ ও আর্সেনিয়াস্ য়্যাসিড্ উভয়ের গুণ বর্ত্তে। ল্যুপাস্, এলিফ্যাণ্টাইসিস্, সোরায়েসিস্, পুরাতন একজিমা, লাইকেন্ ইত্যাদিতে আভ্যন্তরিক প্রয়োগ হয়। ক্যান্সারাস্ ক্ষতে দাহকরূপ বাহ্য প্রয়োগ হয়।

Ferri Phosphas ফেরি ফস্ফাস্। ফস্ফেট্ অব্ আয়রন্। ইহা ফেরি আর্সেনিয়েটের ন্যায় প্রস্তুত হয়, কেবল সোডিয়াম্ আর্সেনিয়েটের পরিবর্ত্তে সোডিয়াম্ ফস্ফেট্ ব্যবহার্য্য। মাত্রা, gr. v—x

ক্রিয়া। বলকারক ও রক্তজনক।

আময়িক প্রয়োগ। রজোঽল্পতা, কোন কোন প্রকার অজীর্ণ, রেকাইটিস্, হিষ্টিরিয়া-জনিত কোষ্ঠবদ্ধ।

সিরাপাস্ ফেরি ফস্ফেটিস্। সদ্যঃ প্রস্তুত ফস্ফেট্ অব্ আয়রন্কে ফস্ফরিক য়্যাসিডে দ্রব করিয়া শর্করা ও জল সংযোগ করিবে। মাত্রা, ʒss—i

সিরাপাস্ ফেরি ফস্ফেটিস্ কাম্ কুইনাইনা এট্ ষ্টিক্নাইনা। প্রতি ড্রামে ১ গ্রেণ্ নির্জ্জল ফেরাস্ ফস্ফেট্, $\frac{3}{4}$ গ্রেণ্ সাল্ফেট্ অব্ কুইনাইন্, এবং $\frac{1}{32}$ গ্রেণ্ ষ্ট্রিক্নাইন্ আছে।

Syrupus Ferri Iodidi. সিরাপাস্ ফেরি আইয়োডিডাই। লৌহতার ½ আউন্স, আইয়োডিন্ ৭২৬ গ্রেণ, বিশুদ্ধীকৃত শর্করা ১৬½ আউন্স, পরিস্রুত জল সর্ব্বসমেত ১ পাইণ্ট। মাত্রা, ℳxxx—lx

ক্রিয়াদি। রক্তজনক, পরিবর্ত্তক, বলকারক। ইহাতে আইয়োডিন্ ও লৌহ উভয়ের গুণ বর্ত্তে। স্ক্রফিউলা-ঘটিত পীড়ায় ও ক্যাক্‌হেক্‌শিয়াগ্রস্ত ব্যক্তির পক্ষে বিশেষ উপযোগী।

Liquor Ferri Perchloridi Fortis. লাইকার্ ফেরি পার্-ক্লোরিডাই ফর্টিস্। ষ্ট্রঙ্গ্ সোলিউশন্ অব্ পার্‌ক্লোরাইড্ অব্ আয়রন্। লৌহতার, লবণ-দ্রাবক, যবক্ষার-দ্রাবক, জল।

ক্রিয়াদি। প্রবল স্থানিক সঙ্কোচক ও রক্তরোধক। সমভাগ গ্লিসেরিন্ সহ মিশ্রিত করিয়া ডিফ্‌থিরিয়া রোগে স্থানিক প্রয়োগ হয়।

লাইকার্ ফেরি পার্‌ক্লোরিডাই। পার্‌ক্লোরাইড্ অব্ আয়রনের উগ্র দ্রব ১, জল ৩। মাত্রা, ℳv—xv

টিংচ্যুরা ফেরি পার্‌ক্লোরিডাই। পার্‌ক্লোরাইড্ অব্ আয়রনের উগ্র দ্রব ১, এল্‌কহল্ (শতকরা ৯০) ১, জল ২। মাত্রা, ℳv—xv

ক্রিয়াদি। পার্‌ক্লোরাইডের দ্রব ও অরিষ্ট সার্ব্বাঙ্গিক বলকারক রূপে, এবং অপ্রবল রক্তস্রাবে ব্যবহৃত হয়। এনিমিয়া, ক্লোরোসিস্ ও এপিলেপ্সি রোগে উপকারক। ইরিসিপেলাস্ রোগে রোগস্থানে প্রলেপ; হ্যাল্‌বিউমিন্যুরিয়া, গ্লীট্, মূত্রাশয়ের শিথিলতায় আভ্যন্তরিক প্রয়োগ। সঙ্কোচক, বলকারক, মূত্রকারক, স্থানিক সঙ্কোচক।

Liquor Ferri Pernitratis. লাইকার্ ফেরি পার্‌নাইট্রেটিস্। সোলিউশন্ অব্ পার্‌নাইট্রেট্ অব্ আয়রন্। সূক্ষ্ম লৌহতার, যবক্ষার দ্রাবক, পরিস্রুত জল। মাত্রা, ℳv—xv

ক্রিয়াদি। বলকারক ও সঙ্কোচক। পুরাতন উদরাময়ে উপকারক। রজোহধিক, শ্বেতপ্রদর, অপ্রবল শ্লেষ্মা-নিঃসরণ রোগে।

Liquor Ferri Acetatis. লাইকার্ ফেরি য়্যাসিটেটিস্। সোলিউশন্ অব্ য়্যাসিটেট্ অব্ আয়রন্। পার্‌সাল্‌ফেট্ অব্

আয়রন্‌কে জলমিশ্র য়্যামোনিয়া-দ্রব সংযোগে অধঃপাতিত করতঃ প্রাপ্ত ফেরিক্ হাইড্রেটকে গ্লেশিয়্যাল্ য়্যাসেটিক্ য়্যাসিডে দ্রব করিয়া লইলে প্রস্তুত হয়। মাত্রা, ♏v—xv

ক্রিয়াদি। রক্তজনক, সঙ্কোচক, মূত্রকারক। ব্রাইটাময়ে উপকারক।

Ferrum Tartaratum ফিরাম্ টার্টারেটাম্। টাটারেটেড্ আয়রন্। সদ্যঃ প্রস্তুত ফেরিক্ হাইড্রেটকে উষ্ণ য়্যাসিড্ টার্টেট্ অব্ পোটাসিয়াম্ দ্রবে দ্রব করিয়া উৎপাতিত ও গাঢ় করিয়া লইলে ইহা প্রস্তুত হয়। মাত্রা, gr. v—x

Ferri et Ammonii Citras, ফেরি এট্ য়্যামোনিয়াই সাইট্রাস্। সাইট্রেট্ অব্ আয়রন্ য়্যাণ্ড য়্যামোনিয়াম্। ফেরিক্ হাইড্রেটকে সাইট্রিক্ য়্যাসিডে দ্রব করিয়া, ঈষদতিরিক্ত পরিমাণ য়্যামোনিয়া সংযোগ করতঃ গাঢ় করিয়া শুকাইয়া লইলে প্রস্তুত হয়। মাত্রা, gr. v—x

ক্রিয়াদি। রক্তের লোহিত কণিকা-বর্দ্ধক; সঙ্কোচক ক্রিয়া নাই। সঙ্কোচক লৌহ-ঘটিত প্রয়োগরূপ পাকাশয়ে অসহ্য হইলে বিধেয়।

ভাইনাম্ ফেরি সাইট্রেটিস্। সাইট্রেট্ অব্ আয়রন্ য়্যাণ্ড্ য়্যামোনিয়া, অরেঞ্জ্ ওয়াইন্।—(১ ড্রামে ১ গ্রেণ্)। মাত্রা, ʒi—iv

Ferri et Quininæ Citras. ফেরি এট্ কুইনাইনী সাইট্রাস্। সাইট্রেট্ অব্ আয়রন্ য়্যাণ্ড্ কুইনাইন্। মাত্রা, gr. v—x

ক্রিয়া। সঙ্কোচক, বলকারক, রক্তজনক ও পর্য্যায়নিবারক।

℞	মিষ্ট্ঃ ফেরিঃ কোঃ	
	ডিকক্টঃ য়্যালোজ্ঃ কোঃ	ana ℥iv
মিঃ।	℥i মাত্রায় দিবসে তিন বার। রজোনিঃসারক।	
℞	ফেরি এট্ কুইনিঃ সাইট্রাস্	gr. xxx
	সিরাপ্ঃ অর্যান্ঃ ক্লোর্	ʒvi
	য়্যাকোয়া সিনেমোমাই	ad. ℥vi
মিঃ।	ষষ্ঠাংশ মাত্রা। বলকারক।	
℞	ফেরি সাল্ফ্ঃ	
	এক্স্ট্ঃ জেন্শিয়েনী ক্লোঃ	ana ʒss
মিঃ।	বার বটিকায় বিভক্ত করিবে। ১২ বটিকা দিবসে তিন বার।	

এনীমিয়া রোগে।

R	টিং ফেরি পার্ক্লোর্:	♏v
	ইন্ফ্ঃ কোয়াসি	
	য়্যাকোয়া সিনেমম্ঃ	ana ʒvi
	টিং ক্যাল স্বী	ʒi

মিঃ। পরিপাক-শক্তির ক্ষীণতা-জনিত অজীর্ণ রোগে প্রাতে ও মধ্যাহ্নে।

R	টিং ফেরি পার্ক্লোর্:	♏xv
	য়্যাকোয়া	℥i

মিঃ। সামান্য ইরিসিপেলাস্ রোগে তিন চারি ঘণ্টা অন্তর।

Ficus, ফাইকাস্। ফিগ্স্। উডুম্বর। ফাইকাস্ ক্যারিকা নামক বৃক্ষের শুষ্ক পক্ক ফল।

ক্রিয়াদি। পোষক, মৃদু বিরেচক ও স্নিগ্ধকারক। কোষ্ঠকাঠিন্যে উপকারক। (কন্ফেক্শিয়ো সেনী প্রস্তুত করিতে ব্যবহৃত হয়)।

Filix mas, ফিলিক্স্ মাস্। মেল্ ফার্ণ। এস্পিডিয়াম্ বা নিফ্রো-ডিয়াম্ ফিলিক্স্ মাস্ নামক বৃক্ষের শুষ্ক কন্দ। মাত্রা, ʒi—iii

ক্রিয়া। কৃমিনাশক। এ ভিন্ন ঈষৎ বলকারক ও সঙ্কোচক।

একষ্ট্রাক্টাম্ ফিলিসিস্ লিকুইডাম্। মেল ফার্ণ, ইথার। মাত্রা, ♏xlv—xc

R	একষ্ট্ঃ ফিলিসিস্ লিকুইঃ	♏xxv
	পাল্ভঃ ট্রাগাকান্থ্ঃ	gr. x
	য়্যাকোঃ	℥i

মিঃ। কৃমিনাশক।

Fœniculi Fructus. ফীনিকিউলাই ফ্রাক্টাস্। ফেনেল্ ফ্রুট্। ফীনিকিউলাম্ ক্যাপিলেসিয়াম্ নামক বৃক্ষের শুষ্কীকৃত ফল।

ক্রিয়াদি। উত্তেজক, বায়ুনাশক। অন্যান্য ঔষধ সহযোগে, ও বালকদিগের উদরাধ্মানে ব্যবহৃত হয়।

য়্যাকোয়া। ফেনেল্ ফল, জল।—(১০এ ১)। মাত্রা, ℥i—ii

Galbanum. গ্যাল্বেনাম্। ফেরুলা গ্যাল্বেনিফ্লুয়া ও সম্ভবতঃ অন্যান্য প্রকার ঔষধির গাঁদ ও ধুনা।

ক্রিয়া। হিঙ্গু ও য়্যামোনিয়াকামের ক্রিয়ার মধ্যবর্ত্তী। উত্তেজক, কফ নিঃসারক ও আক্ষেপ নিবারক।

আময়িক প্রয়োগ। রজোঽল্পতা ও অন্ত্রের ক্রিয়া-ক্ষীণতা রোগে মুসব্বর ও লৌহ ঘটিত ঔষধ সহযোগে; পুরাতন বক্ষঃপীড়ায়; অন্যান্য আক্ষেপ-নিবারক ঔষধ সহযোগে আক্ষেপিক ও হিষ্টিরিয়া জনিত পীড়ায়; পুযোৎপাদনার্থ ও দৃঢ়ীভূত স্থান কোমল করণার্থ বাহ্য প্রয়োগ।

পাইল্যুলা গ্যাল্‌বেনাই কম্পোজিটা। (য়্যাসাফিটিডা দেখ)। মাত্রা, gr. iv—viii

℞	এম্প্‌ঃ গ্যাল্‌বেনাই:	℥ii
	পাল্‌ভ্‌ঃ ওপিয়াই:	℈i
	ওলিয়াম্ ক্যারুই	♏x

মিঃ। শিশুদিগের উদরের কামড়ানিতে পলস্তা করিয়া প্রয়োগ।

Galla. গালা। গল্‌স্। মাজুফল। কোয়ার্কাস্ ইন্‌ফেক্টোরিয়া নামক বৃক্ষে ডিপ্লোলেপিস্ গ্যালি টিংটোরিয়া নামক পতঙ্গ ছিদ্র করিয়া অণ্ড প্রসব করে; সেই ছিদ্র হইতে নিঃসৃত ঘনীভূত রস। মাত্রা, gr. x—xx.

ক্রিয়া। প্রবল সঙ্কোচক।

আময়িক প্রয়োগ। রজোঽধিক, রক্তস্রাব, রক্তোৎকাশ প্রভৃতি রক্তস্রাব, অধিক শ্লেষ্মা আদি নিঃসরণ; মাঢ়ি, নাসিকা আদি হইতে স্থানিক রক্তস্রাব, গ্লীট্, শ্বেতপ্রদর প্রভৃতিতে কুল্লা, ধৌত, পিচকারী আদি রূপে বাহ্য প্রয়োগ।

আঙ্গুয়েণ্টাম। মলম। গল্‌স্ ১, বেঞ্জোয়েটেড্ লার্ড্ ৪। (অর্শে প্রয়োজ্য)।

আঙ্গুয়েণ্টাম্ গ্যালি কাম্ ওপিয়ো। গল্ অয়িণ্ট্‌মেণ্ট্, অহিফেন।—শতকরা ৭½ (অহিফেন)। অর্শ রোগে উপকারক।

১। **Acidum Gallicum.** য়্যাসিডাম্ গ্যালিকাম্। গ্যালিক্ য়্যাসিড্। মাত্রা gr. v—xv

ক্রিয়া। সঙ্কোচক।

আময়িক প্রয়োগ। রক্তোৎকাশ, রক্তবমন, রজোঽধিক আদি বিবিধ আভ্যন্তরিক ও বাহ্য রক্তস্রাব, এল্‌বিউমিন্যুরিয়া, পাইরোসিস্, যক্ষ্মা রোগের নিশাঘর্ম্ম অধিক শ্লেষ্মা নির্গমন, কাইলাস্ মূত্র, মূত্রমেহ, ইত্যাদি।

২। **Acidum Tannicum.** য়্যাসিডাম্ ট্যানিকাম্। ট্যানিক্ য়্যাসিড্। মাত্রা, gr. ii—x

ক্রিয়াদি। সঙ্কোচক, স্থানিক সঙ্কোচক; ইহার এই ক্রিয়া গ্যালিক্ য়্যাসিড্ অপেক্ষা প্রবল।

আময়িক প্রয়োগ। রক্তস্রাব, উদরাময়, আমাশয়, সর্দ্দি, পুরাতন প্রমেহ, দদ্ধক্ষত, ক্যান্সার্ ইত্যাদি।

গ্লিসেরাইনাম্ য়্যাসিডাই ট্যানিসাই। ট্যানিক্ য়্যাসিড্, গ্লিসেরিন্।—(৬ঃ ১, ওজনে)। মাত্রা, ♏x—lx

সাপোজিটোরিয়া য়্যাসিডাই ট্যানিসাই। ট্যানিক্ য়্যাসিড্ ৩ গ্রেণ, অয়িল্ অব্ থিয়োব্রোমা ১২ গ্রেণ।

ট্রোচিসাই য়্যাসিডাই ট্যানিসাই। ট্যানিক্ য়্যাসিড, টিংচার্ অব্ টোলু, বিশুদ্ধ শর্করা, আরবি গঁদ, আরবি গঁদের মণ্ড, পরিস্রুত জল।—(প্রত্যেক ॥০ গ্রেণ্)। মাত্রা, ১—৬ চাক্তি।

℞	য়্যাসিডাইঃ গ্যালিসাইঃ	℈i
	মর্ফিঃ হাইড্রোক্লোরঃ	gr. i
	মিউসিলেঃ য়্যাকেসিঃ	q. s.

মিঃ। ষোল বটিকা প্রস্তুত করিবে। যক্ষ্মারোগের নিশাঘর্ম্মে এক বটিকা শয়ন কালে।

℞	য়্যাসিডাইঃ ট্যানিসাইঃ	gr. xv
	একষ্ট্ ক্রামারি	ʒss
	সিরাপাই	q. s.

মিঃ: বিশ বটিকা করিবে। প্রয়োজনানুসারে দিবসে এক হইতে দশ বটিকা। ক্ষীণকর উদরাময়, পুরাতন উদরাময়, রক্তস্রাব ইত্যাদিতে।

Gaultharia Oleum. গল্থেরিয়া ওলিয়াম্। অয়িল্ অব্ উয়িণ্টারগ্রীণ্। গল্থেরিয়া প্রোকাম্বেন্সের পত্র হইতে বা বেট্যুলা লেণ্টার বল্কল হইতে চুয়াইয়া প্রাপ্ত তৈল। মাত্রা, ♏iii—x

ক্রিয়াদি। তরুণ বাত রোগে ইহার আভ্যন্তরিক ও বাহ্য প্রয়োগ হয়। প্রদাহযুক্ত সন্ধিতে মর্দ্দনরূপে, অথবা এক খণ্ড বস্ত্র প্রায় ৬০ বিন্দু তৈল দ্বারা ভিজাইয়া সন্ধি উপর স্থাপন করিয়া তদুপরি অয়িল্ড্ সিল্ক্ আদি আবরক আচ্ছাদিত করিয়া ব্যবহার করা যায়।

Gelatinum. জেলেটিনাম্। জেলেটিন্। চর্ম্ম, টেণ্ডন্, লিগামেণ্ট

ও অস্থি আদি জান্তব তন্তুর উপর স্ফুটিত জলের ক্রিয়ান্তে বায়ুতে শুষ্কীকৃত পদার্থ।

(স্যামিলী ও সাপোজিটোরিয়া গ্লীসেরাইনাই প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।)

ক্রিয়াদি। রক্তরোধক। বিবিধ প্রকার রক্তস্রাবে স্থানিক বা হাইপোডার্মিকরূপে ব্যবহার করা যায়।

Gelsemii Radix. জেল্‌সিমিয়াই রেডিক্স্‌। জেল্‌সিমিয়াম্‌ রূট্‌। জেল্‌সিমিয়াম্‌ নিটিডাম্‌ নামক বৃক্ষের শুষ্কীকৃত নিরাট কন্দ ও উপমূল। ইহাতে জেল্‌সিমাইন্‌ নামক উপক্ষার বীর্য্য, জেল্‌সিমিনিক্‌ য়্যাসিড্‌ ও বায়ী তৈল আছে। মাত্রা, gr. v—xxx

ক্রিয়াদি। আক্ষেপনিবারক, বেদনাহারক, শ্বাস প্রশ্বাসীয় ও কশেরুকা মজ্জের অবসাদক। ইহা দ্বারা পেশী সকলের পক্ষাঘাত উপস্থিত হয়, কনীনিকা প্রসারিত হয়। ডেণ্টাল্‌ স্নায়ুশূল রোগে ও মাইগ্রেণ্‌ এবং অন্যান্য বিবিধ প্রকার স্নায়ুশূল রোগে ব্যবহৃত হয়।

টিংচ্যুরা জেলসিমিয়াই। জেল্‌সিমিয়াম্‌ ১, পরীক্ষিত সুরা ৮। মাত্রা ℥v—xx

℞ টিংচার্‌ জেল্‌সিমি:		℥vi
সিরাপ্‌:		ʒss
য়্যাকো:	ad.	℥iv

মিঃ। দন্তশূলে, শূল প্রদাহজনিত না হইলে, দুই ঘণ্টা অন্তর।

Gentianæ Radix, জেন্‌শিয়েনী রেডিক্স্‌। জেন্‌শিয়েনা লিউটিয়া নামক বৃক্ষের শুষ্ক মূল। মাত্রা, gr x—xl

ক্রিয়াদি। তিক্ত বলকারক, আগ্নেয়। পরিপাক-শক্তির ক্ষীণতা, গাউট্‌, পুরাতন পীড়া, রোগান্ত-দৌর্ব্বল্য ইত্যাদিতে ব্যবহার্য্য। বাহ্যপ্রয়োগ, পচা ক্ষতোপরি।

একষ্ট্রাক্টাম্‌। সার। জেন্‌শিয়েন্‌, স্ফুটিত পরিস্রুত জল। মাত্রা, gr. ii—viii

ইন্‌ফিউজাম্‌ জেন্‌শিয়েনী কম্পোজিটাম্‌। জেন্‌শিয়েন্‌ ১, কমলা ত্বক্‌ ১, সরস জম্বীর ত্বক্‌ ২, স্ফুটিত পরিস্রুত জল ৮০। মাত্রা ℥ss—i

টিংচ্যুরা জেন্‌শিয়েনী কম্পোজিটা। জেন্‌শিয়েন্‌ ২ আউন্স, তিক্ত কমলা-ত্বক্‌ ¾ আউন্স, এলাচি ¼ আউন্স, এল্‌কহল (শতকরা ৪৫) ১ পাইণ্ট্‌, পূর্ণ করণার্থ যথাপ্রয়োজন।—(১০এ ১)। মাত্রা ʒss—i

R	ইন্‌ফ: জেন্‌শিয়েনী কো:	℥ x
	টিং — —	ʒii
	সিরাপ: অর‍্যান্‌শিয়াই	ʒi

মি: । দিবসে চারি বার। বলকারক।

Glusidum. গ্লুসাইডাম্। গ্লুসাইড্। গ্লুকুসিমাইড্। স্যাকেরিন্। কোল্-টারের টোলুয়েন্ হইতে প্রস্তুত মিষ্ট পদার্থ। মাত্রা, gr, ss—ii

ক্রিয়াদি। পচননিবারক, কিন্তু এ উদ্দেশ্যে ইহা ব্যবহৃত হয় না। ইহা ইক্ষু-শর্করা অপেক্ষা ৩০০ গুণ মিষ্টাস্বাদ; এবং এহেতু মধুমূত্রগ্রস্ত রোগী প্রভৃতি যে সকল স্থলে শর্করা প্রয়োগ নিষিদ্ধ সে সকল স্থলে আহায্য দ্রব্য মিষ্ট করণার্থ ব্যবহৃত হয়। ইহা ক্ষুদ্র চাক্তি (ট্যাবলেটস্) রূপে বা বাইকার্বনেট্ অব্ সোডিয়াম্ সহ মিশ্রিত করিয়া ব্যবহার্য্য।

Glycerinum. গ্লিসেরাইনাম্। গ্লিসেরিন্। বসা ও স্থায়ী তৈলের সহিত ক্ষার বা অত্যধিক উত্তপ্ত জলীয় বাষ্পের পরস্পরের প্রতিক্রিয়া দ্বারা প্রাপ্ত মিষ্ট তরল পদার্থ। মাত্রা, ʒi—ii

ক্রিয়া। পোষক, স্নিগ্ধকারক, ক্ষীণ পচননিবারক।

আময়িক প্রয়োগ। কাস ও যক্ষ্মা রোগে, এবং অম্লরোগে ও উদরাধ্মানে আভ্যন্তরিক প্রয়োগ। কোষ্ঠকাঠিন্যে সরলান্ত্রমধ্যে পিচকারী দ্বারা প্রয়োগ। কর্ণ-বিবরের শুষ্কতা জনিত বধিরতা, পিটিরায়েসিস্, লেপ্রা, হার্পিস্, এক্‌জিমা, সোরায়েসিস্, প্রুরাইগো, লাইকেন্ প্রভৃতি চর্ম্মরোগ; ক্ষত, পাঁকুই, ইত্যাদিতে স্থানিক প্রয়োগ।

সাপোজিটোরিয়া গ্লিসেরাইনাই। জেলেটিন্, গ্লিসেরিন্, পরিস্রুত জল। প্রতি সাপোজিটরিতে শতকরা ৭০ অংশ ওজনে গ্লিসেরিন্ আছে।

(বিবিধ গ্লিসেরিন্ নামক প্রয়োগরূপ ও অন্যান্য প্রয়োগরূপ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।)

R	ক্যাম্ফর:	℈ss
	গ্লিসেরাইনাম্	ʒi
	আঙ্গু: সিরি য়্যাল্‌ব:	ʒvii

মি: । মলম। কণ্ডুয়ন নিবারণার্থ।

Glycyrrhizæ Radix গ্লাইসিরাইজী রেডিক্স্। লিকোরিস্ রূট্। যষ্টিমধু। গ্লাইসিরাইজি গ্লেব্রা নামক বৃক্ষের মূল।

ক্রিয়া। স্নিগ্ধকারক, কফনিঃসারক ও মৃদু বিরেচক।

আময়িক প্রয়োগ। সর্দ্দি, অন্ত্র ও মূত্রমার্গের শ্লৈষ্মিক ঝিল্লির উগ্রতা, কাস।

এক্‌ষ্ট্রাক্টাম্। সার। যষ্টিমধু, শীতল পরিস্রুত জল। মাত্রা, gr. v—lx

এক্‌ষ্ট্রাক্টাম্ লিকুইডাম্। তরল সার। যষ্টিমধু, পরিস্রুত জল, এল্‌কহল্ (শতকরা ৯০)। মাত্রা, ʒss—i

পাল্‌ভিস্ গ্লাইসিরাইজী কম্পোজিটা। সোনামুখী ২, যষ্টিমধু ২, ফেনেল্ ১, বিশুদ্ধ শর্করা ৬, ঊর্দ্ধপাতিত গন্ধক ১। মাত্রা, gr. lx—cxx

℞	এক্‌ষ্ট্ঃ গ্লাইসিরিজী	℥i
	পটঃ কার্ব্ঃ	ʒiii
	ক্রোসাই	ʒss
	য়্যাকোয়া (ফুটিত)	Oii

রাত্রে ভিজাইয়া রাখিয়া ছাঁকিয়া লইবে। ক্যাটার্ রোগে অল্প করিয়া বারংবার।

Gossypium গসিপিয়াম্। কটন্ উল্। তুলা। গসিপিয়াম বার্বেডেন্সির বীজাভ্যন্তরস্থ লোম (বসাযুক্ত পদার্থ নিরাকৃত হইয়াছে)।

পাইরক্সিলিন্ প্রস্তুত করণার্থ ও অস্ত্র-চিকিৎসায় ড্রেসিংএর নিমিত্ত ব্যবহৃত হয়।

Gossypii Radicis Cortex. গসিপিয়াই রেডিসিস্ কর্টেক্স্। কটন্ রূট্ বার্ক্। গসিপিয়াম্ হার্বেসিয়াম্ নামক বৃক্ষের মূলের ছাল।

ক্রিয়াদি। আর্গটের অনুরূপ। জরায়ুর সঙ্কোচক ক্রিয়া বৃদ্ধি করে। ইহা উৎকৃষ্ট রজঃনিঃসারক। রজঃ লোপ ও কষ্টরজঃ রোগে উপযোগী।

ডিককটাম্। ক্বাথ। কুট্টিত বল্কল ৪ আউন্স্, জল ২ পাইন্ট্; ফুটাইয়া ১ পাইন্ট্ করিবে। মাত্রা, ℥i—ii

এক্‌ষ্ট্রাক্টাম্ লিকুইডাম্। তরল সার। বল্কল ২০ আউন্স, গ্লীসেরিন্ ৫ আউন্স্, এল্‌কহল্ (শতকরা ৯০) যথাপ্রয়োজন। পার্কোলেট্ করিয়া ১ পাইন্ট্ করিবে। মাত্রা, ʒss—i

---

Graminis Citrati Oleum. গ্রামিনিস্ সাইট্রেটাই ওলিয়াম্। অয়িল্ অব্ লেমন্ গ্রাস্। গন্ধবেণার তৈল। এণ্ড্রোপোগান্ সাইট্রেটাস্ হইতে চুয়ান তৈল। মাত্রা, ℥ss—iii

ক্রিয়াদি। চর্ম্মোপরি প্রয়োগ করিলে উগ্রতাসাধক হইয়া কার্য্য করে। আভ্যন্তরিক প্রয়োগে উত্তেজক, বায়ুনাশক, আক্ষেপনিবারক ও ঘর্ম্মকারক। পুরাতন বাত রোগে এবং ল্যাম্বেগো আদি স্নায়ুশূল রোগে ইহার মর্দ্দন উপকারক। উদরাধ্মান, উদরশূল আদিতে আভ্যন্তরিক প্রয়োগ করা যায়।

Granati Cortex. গ্র্যানেটাই কর্টেক্স্। পোমগ্র্যানেট্ রূট্ বার্ক্। দাড়িম্ব-মূলের বল্কল। পিউনিকা গ্র্যানেটাম্ নামক বৃক্ষের মূলের শুষ্ক বল্কল।

ক্রিয়াদি। সঙ্কোচক, কৃমিনাশক। কুল্যরূপে, শ্বেতপ্রদর আদি রোগে, কৃমিনাশার্থ, সপর্য্যায় জ্বরে ব্যবহৃত হয়।

ডিকক্টাম্ কর্টিসিস্। ক্বাথ। দাড়িম্ব-মূল, পরিস্রুত জল।—(৫এ ১)। মাত্রা, ℥ss—ii

---

Grindelia, গ্রিণ্ডেলিয়া। গ্রিণ্ডেলিয়া স্কোয়ারসা ও গ্রিণ্ডেলিয়া রোবাষ্টা বৃক্ষের শুষ্কীকৃত পত্র।

ক্রিয়াদি। আক্ষেপনিবারক, কফনিঃসারক, মূত্রকারক। ব্রঙ্কাইটিস্, হুপিংকফ, এজ্মা, হে ফিভার্ এবং সিষ্টাইটিস্ রোগে প্রয়োজিত হয়।

এক্‌ষ্ট্রাক্টাম্ লিকুইডাম্। তরল সার। এল্‌কহল্ (শতকরা ৯০) সহযোগে পার্কোলেশন্ দ্বারা প্রস্তুত। মাত্রা, ♏x—xx

---

Guaiaci Lignum, গোয়েসাই লিগ্‌নাম্। গোয়েকাম্ উড। গোয়েকাম্ অফিসিনেলিস্ নামক বৃক্ষের কাষ্ঠ।

১। গোয়েসাই রেজিনা। গোয়াক্ রেজিন্। গোয়েকাম্ অফিসিনেলিস্ বৃক্ষের কন্দে অস্ত্রাঘাত দ্বারা প্রাপ্ত ধূনা। মাত্রা, gr. v—xv

ক্রিয়া। উত্তেজক, ঘর্ম্মকারক, মূত্রকারক, বিরেচক, রজোনিঃসারক ও পরিবর্ত্তক।

আময়িক প্রয়োগ। উপদংশিক পীড়া, বিবিধ চর্ম্মরোগে, গল পীড়া, গাউট্, পুরাতন বাত, টন্‌সিলাইটিস্, রজঃকৃচ্ছ্র।

মিশ্চ্যুরা। মিশ্র। গোয়েকাম্‌ রেজিন্‌, ½ আউন্স্‌; শোধিত শর্করা ½ আউন্স্‌; ট্রাগাকান্থ্‌ চূর্ণ, ৩৫ গ্রেণ্‌; দারুচিনির জল, ২০ আউন্স্‌। (৪০এ ১), মাত্রা, ℥ss—i

টিংচ্যুরা গোয়েসাই য়্যামোনিয়েটা। গোয়েকাম্‌ রেজিন্‌ ৪ আউন্স্‌; অয়িল্‌ অব্‌ নাট্‌মেগ, ৩০ মিনিম্‌; অয়িল্‌ অব্‌ লেমন্‌, ২০ মিনিম্‌; ষ্ট্রং সোল্যুশন্‌ অব্‌ য়্যামোনিয়া, ১½ আউন্স্‌; এল্‌কহল্‌ (শতকরা ৯০), ২০ আউন্স্‌ অবিষ্ট প্রস্তুত করণার্থ যথাপ্রয়োজন। (৫এ ১) মাত্রা, ʒss—i

ট্রোচিস্কাস্‌। চাক্তি। গোয়েকাম্‌ রেজিন্‌, গ্রেণ্‌ ৩; ফ্রুট্‌ বেসিসে প্রস্তুত।

℞		
	গোয়েসাই	gr. x
	পাল্‌ভঃ ইপেকাক্‌ঃ কোঃ	gr. v
	পটঃ নাইট্রেটঃ	gr. x
	কন্‌ফ্‌ঃ রোজী	q. s.

মিঃ। পুরাতন বাতরোগে এক বটিকা শয়নকালে।

Gummi Indicum, গামাই ইণ্ডিকাম্‌। ইণ্ডিয়ান্‌ গঁদ। ভারতবর্ষীয় গঁদ। ধাওয়া গঁদ।

যে সকল প্রয়োগরূপ প্রস্তুত করিতে গাম্‌ একেসিয়া ব্যবহৃত হয়, ইহা সেই সকল প্রয়োগরূপ প্রস্তুত করিতে গাম্‌ একেসিয়ার পরিবর্ত্তে ব্যবহৃত হইতে পারে।

মিউসিলেগো গামাই ইণ্ডিসি। গঁদ ২, জল ৬।

Gynocardiæ Oleum, গাইনোকার্ডিয়ী ওলিয়াম্‌। গাইনোকার্ডিয়া অয়িল্‌। চালমুগরা তৈল। গাইনোকার্ডিয়া ওডোরেটা বা গাইনোকার্ডিয়া প্রেয়িনিয়াই বৃক্ষের বীজ হইতে নিষ্পেশন দ্বারা প্রাপ্ত তৈল। মাত্রা, ♏v—x, ক্রমশঃ বৃদ্ধি করিয়া ʒss—i

ক্রিয়াদি। চর্ম্মোপরি প্রয়োগ করিলে উত্তেজক ক্রিয়া দর্শায়। আভ্যন্তরিক প্রয়োগে পরিবর্ত্তক ও বলকারক। পুরাতন বাত ও গাউট্‌ রোগে, যক্ষ্মা, এবং কুষ্ঠ, একজিমা, ল্যুপাস্‌ আদি দুর্দ্দম চর্ম্মরোগে ইহার স্থানিক ও আভ্যন্তরিক প্রয়োগ হয়।

আঙ্গুয়েণ্টাম্‌। মলম। তৈল ৫০ গ্রেণ্‌, কঠিন প্যারাফিন্‌ ২০ গ্রেণ্‌, কোমল শ্বেত প্যারাফিন্‌ ২৫০ গ্রেণ্‌।

Hæmatoxyli Lignum, হীমেটক্সিলাই লিগ্‌নাম্‌। লগ্‌উড্‌। হীমেটক্সিলাম্‌ ক্যাম্পিচিয়েনাম্‌ নামক বৃক্ষের অভ্যন্তরস্থ কাষ্ঠ।

ক্রিয়া। মৃদু সঙ্কোচক, আদৌ উগ্রতা উৎপাদন করে না।

আময়িক প্রয়োগ। পুরাতন উদরাময়, আমাশয়, শৈশবীয় বিসূচিকা, অপ্রবল রক্তস্রাব; শ্বেতপ্রদর রোগে পিচকারী।

ডিককৃটাম্। ক্বাথ। লগ্ উড্, ১ আউন্স, দারুচিনি, ৭০ গ্রেণ, পরিস্রুত জল ২৪ আউন্স। দশ মিনিট্ ফুটাইয়া, ছাঁকিয়া ২০ আউন্স করিবে। মাত্রা, ℥i—ii

℞ ডিকক্ট্ঃ হীমেটক্স্ঃ ℥iii
ম্যাকোরা সিনেমোমাই
সিরাপ্ঃ অর‍্যান্শ্ঃ ana. ℥ss
মিঃ। বালকদিগের উদরাময় রোগে ʒii মাত্রায় প্রতি ঘণ্টায়।

Hamamelis. হেমেমেলিস্। উইচ্ হেজেল। হেমেমেলিস্ ভার্জিনিকা নামক বৃক্ষ। ইহার শুষ্কীকৃত বল্কল ও পত্র ফার্মাকোপিয়ায় গৃহীত হইয়াছে।

১। হেমেমেলিডিস্ কর্টেক্স্। হেমেমেলিস্ বার্ক্। হেমেমেলিস্ ভার্জিনিকার শুষ্কীকৃত বল্কল।

২। হেমেমেলিডিস্ ফোলিয়া। হেমেমেলিস্ লীভস্। হেমেমেলিস্ ভার্জিনিকার শুষ্কীকৃত পত্র।

ক্রিয়া। প্রবল সঙ্কোচক ও রক্তরোধক।

আময়িক প্রয়োগ। বিবিধ অপ্রবল রক্তস্রাব, নাসাভ্যন্তর হইতে রক্তস্রাব, মাঢ়ী হইতে রক্তস্রাব, রক্তোৎকাশ, রক্তবমন, রজোহধিক, অর্শ হইতে রক্তস্রাব, রক্তপ্রস্রাব ইত্যাদি; কোন স্থান থেঁৎলাইয়া বা মচ্কাইয়া গেলে, ফেরিঞ্জাইটিস্, নাসা-সর্দ্দি, অর্শ আদিতে দ্রব বা মলম রূপে স্থানিক প্রয়োগ; উদরাময় ও রক্তাতিসার রোগে আভ্যন্তরিক প্রয়োগ।

টিংচ্যুরা হেমেমেলিডিস্। বল্কল ১, এল্‌কহল্ (শতকরা ৪৫) ১০। পার্কোলেশন্। মাত্রা, ♏xxx—lx

একৃষ্ট্রাক্টাম্ হেমেমেলিডিস্ লিকুইডাম্। তরল সার। পত্র হইতে প্রস্তুত। পত্র, এল্‌কহল্ (শতকরা ৪৫)—(১এ ১)। মাত্রা, ♏v—xv

লাইকর্ হেমেমেলিডিস্। দ্রব। পত্র ৫, জল ১০, এল্‌কহল্ (শতকরা ৯০) ১। মাত্রা, ♏v—xv

আঙ্গুয়েণ্টাম্ হেমেমেলিডিস্। মলম। তরল সার ১, হাইড্রাস্ উল্ ১০।

℞ টিংচার্ঃ হেমেমেল্ঃ ♏xx

	য়্যাসিড্ঃ সাল্ফিউরিক্ঃ ডিল্ঃ	♏x
	য়্যাকোঃ সিনেমোম্ঃ ad.	℥i

মিঃ। রক্তোৎকাশে দুই তিন ঘণ্টা অন্তর।

Hemidesmi Radix. হেমিডেস্মাই রেডিক্স্। অনন্তমূল।

হেমিডেস্মাস্ ইণ্ডিকাস্ নামক বৃক্ষের মূল, শুষ্কীকৃত।

ক্রিয়া। মূত্রকারক, পরিবর্ত্তক।

আময়িক প্রয়োগ। উপদংশিক ও মূত্রযন্ত্রের পীড়া, বিবিধ চর্ম্মরোগ।

প্রয়োগরূপ।

সিরাপাস্। পাক। অনন্তমূল, বিশুদ্ধ শর্করা, ফুটিত পরিস্রুত জল।—(৮ ১)।

মাত্রা, ℥ss—i

Hirudo. হিরিউডো। দি লীচ্। জলৌকা।—১, চিত্র জলৌকা। ২, হরিৎ জলৌকা। ৩, অষ্ট্রেলিয়ান্ জলৌকা।

রক্ত মোক্ষণার্থ ব্যবহৃত হয়।

Homatropinæ Hydrobromidum, হোমেট্রোপাইনী হাই-ড্রোব্রোমাইডাম্ হোমেট্রোপাইন্ হাইড্রোব্রোমাইড্।

ট্রোপাইন্ হইতে প্রস্তুত উপক্ষার বিশেষের হাইড্রোব্রোমেট্।

ক্রিয়াদি। য়্যাট্রোপাইনের ন্যায়। য়্যাট্রোপাইনের ন্যায় ইহা দ্বারা কনীনিকা প্রসারিত হয়, কিন্তু ইহার এই ক্রিয়া য়্যাট্রোপাইনের ক্রিয়া অপেক্ষা সত্বর পর্য্যবসিত হয়। চক্ষু রোগের চিকিৎসায় ব্যবহৃত হইয়া থাকে।

ল্যামেলী হোমেট্রোপাইনী প্রতি ক্ষুদ্র চাক্তিতে $\frac{1}{100}$ গ্রেণ্।

℞	হোমেট্রোপ্ঃ হাইড্রোব্রোম্ঃ	gr. iv
	য়্যাকোঃ ডিষ্ট্ঃ	℥i

মিঃ। চক্ষুতে বিন্দুরূপে প্রয়োজ্য।

℞	ডিকক্ট্ঃ হর্ডিঃ কোঃ	℥x
	সিরাপ্ঃ হেমিডিস্ঃ	℥ii

মিঃ। শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহে ℥ss মাত্রায় দিবসে ২ বার।

পারদ-ঘটিত ঔষধ সকল।

১। Hydrargyrum, হাইড্রার্জ্জাইরাম্। মার্কারি। পারদ।

ক্রিয়াদি। বিশুদ্ধ পারদ সেবন করিলে কোন ক্রিয়া প্রকাশ পায় না; কচিৎ দেহাভ্যন্তরে ইহা অংশতঃ অক্সিজেন্ গ্রহণ করিয়া ও শোষিত হইয়া শরীরে পারদের পূর্ণ ক্রিয়া প্রকাশ করে। পারদ ঘটিত ঔষধ সকল পরিবর্ত্তক, শোষক, লালনিঃসারক, পিত্তনিঃসারক, বিরেচক, রজোনিঃসারক, প্রদাহনাশক, কৃমিনাশক, ও ঔপদংশিক বিষ-নাশক। এ ভিন্ন ইহারা ঘর্ম্মকারক ও মূত্রকারক। ইহাদের দ্বারা দেহমধ্যে অপ্রকৃত বর্দ্ধন নির্ম্মাণ ও অপ্রকৃত রস-সঞ্চয় স্থগিত ও শোষিত হয়। পারদ প্রকৃতাবস্থায় কদাচিৎ আভ্যন্তরিক প্রয়োগ হয়। ইহার ধূম প্রবল ক্রিয়া প্রকাশ করে। যে কোন প্রকারে পারদঘটিত ঔষধ ব্যবহৃত হউক, উহারা রক্তে শোষিত হয়, এবং দুগ্ধ, লালা, ঘর্ম্ম, প্রস্রাব, পিত্ত, ক্ষতের পূয প্রভৃতিতে; এবং অস্থি, স্নৈহিক ঝিল্লি, মস্তিষ্ক, ফুস্‌ফুস্, এরিয়োলার্ তন্তু প্রভৃতি শারীর তন্তুতে পারদ পাওয়া যায়। দীর্ঘকাল পারদ সেবন করিলে রক্তের লোহিত কণিকা সকলের পরিমাণ হ্রাস হয়, ও রোগী রক্তাল্পতাবস্থা প্রস্ত হয়।

পারদ ঘটিত ঔষধের মাত্রাধিক্য হইলে বা পারদের ক্রিয়াধিক্য হইলে নিম্নলিখিত লক্ষণ সকল প্রকাশ পায়;—লালনিঃসরণাধিক্য, লালগ্রন্থি ও জিহ্বার স্ফীতি, মাঢ়ীর আরক্তিমতা ও স্ফীতি, মুখাভ্যন্তরীয় শ্লৈষ্মিক ঝিল্লির ক্ষত, দন্তের শিথিলতা, মাঢ়াস্থির কেরিজ্ বা নিক্রোসিস্, সাতিশয় পিত্তমিশ্রিত ভেদ, গাত্রে পারদ-জনিত একজিমা নির্গমন, অস্থি ও অস্থ্যাবরণীয় প্রদাহ; এতদ্ভিন্ন, এক প্রকার বিষম জ্বর উপস্থিত হয় তাহাতে জ্বর মৃদু, সাতিশয় দৌর্ব্বল্য, স্নায়ুশূল, পক্ষাঘাত ও মৃত্যু হইয়া থাকে; এই অবস্থাকে মার্কুরিয়্যাল্ এরিথিজ্‌ম্ বলে। যাহারা পারদের ভাপ্‌রা গ্রহণ করে, সচরাচর তাহাদের এই সকল কুলক্ষণ প্রকাশ পাইয়া থাকে।

নিম্নলিখিত স্থল সমূহে পারদ ঘটিত ঔষধ ব্যবহৃত হয়।—

বিবিধ আভ্যন্তরিক যন্ত্রে;—(যথা, যকৃৎ ও মূত্রগ্রন্থি) রক্তাবেগ (কঞ্জেস্‌শন্)।

বিবিধ তরুণ ও পুরাতন প্রদাহ। শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহ অপেক্ষা স্নৈহিক (সিরাস্) ঝিল্লির প্রদাহে অধিকতর উপকারক; স্ক্রফিউলা-জনিত ও এরিথিমা-জনিত প্রদাহে, এবং সকল প্রকার ক্ষীণতা-সংযুক্ত প্রদাহে পারদ প্রকৃতপক্ষে অপকার করে।

যকৃতের পীড়া-জনিত ও স্নৈহিক ঝিল্লির প্রদাহ-জনিত শোথ ও উদরী রোগে উপকারক।

মূত্রগ্রন্থির পুরাতন পীড়ায় অপকার করে।

উপদংশে ও ঔপদংশিক বিবিধ পীড়ায় মহোপকারক।

বিবিধ অবস্থা-ক্রমে পারদের ক্রিয়ার তারতম্য হয়; যথা,—বয়স; যুবা ব্যক্তি অপেক্ষা শিশু ও বালকেরা পারদ অধিক সহ্য করে।—শরীরের ভাব; কোন কোন ব্যক্তি পারদ আদৌ সহ্য করিতে পারে না, ও স্বল্পেই ইহার ক্রিয়াগত হয়।—পীড়া; তরুণ প্রদাহ বর্ত্তমান থাকিলে পারদের ক্রিয়া প্রতিরুদ্ধ হয়;—মূত্রগ্রন্থির পীড়া, স্ক্রফিউলা ও স্কার্ভি রোগে পারদ সহ্য হয় না।

প্রয়োগরূপ।

✓ হাইড্রার্জ্জাইরাম্ কাম্ ক্রিটা। গ্রে পাউডার্। পারদ ১, প্রস্তুতীকৃত খটিকা ২। মাত্রা, gr. i—v

বালকদিগের ভেদ ও বমনে, এবং পিত্তনিঃসরণের স্বল্পতা প্রযুক্ত বিবিধ পীড়ায়, টন্সিলাইটিস্ ও মাম্প্স্ রোগে ব্যবহৃত হয়।

এম্প্ল্যাষ্ট্রাম্ হাইড্রার্জ্জাইরাই। পারদ ১৬৪, জলপাইয়ের তৈল ৭, উর্দ্ধপাতিত গন্ধক ১, সীস-পলস্ত্রা ৩২৮।—(প্রায় ৩এ ১ পারদ)।

এমপ্ল্যাষ্ট্রাম্ য়্যামোনিয়েসাই কাম্ হাইড্রার্জ্জাইরো। পারদ ৩ আউন্স্, জলপাইয়ের তৈল ৫৬ গ্রেণ ; উর্দ্ধপাতিত গন্ধক ৮ গ্রেণ্, য়্যামোনিয়েকাম্ ১২ আউন্স্।—(প্রায় ৫এ ১ পারদ)।

উপদংশিক নোড্স্, গ্রন্থি-বিবর্দ্ধন, পুরাতন সাইনোভাইটিস্ প্রভৃতিতে ব্যবহার্য্য।

লিনিমেণ্টাম্ হাইড্রার্জ্জাইরাই। পারদ মলম ১ আউন্স্, য়্যামোনিয়া দ্রব ১৬০ মিনিম্, কর্পূরের মর্দ্দন যথাপ্রয়োজন।—(৬এ ১ পারদ)।

উত্তেজনকর মর্দ্দন, দুষ্ট ক্ষতে প্রয়োজিত হয় ; লিণ্টে মাখাইয়া বগলে প্রয়োগ করিয়া রাখিলে লালানিঃসরণাধিক্য উপস্থিত হয়।

পাইল্যুলা হাইড্রার্জ্জাইরাই। ব্লু পিল্। পারদ ১, গোলাবের খণ্ড ১½, যষ্টিমধু চূর্ণ ½।—(৩এ ১ পারদ)। মাত্রা, gr. iv—viii

আঙ্গুয়েণ্টাম্ হাইড্রার্জিরাই। ব্লু অয়িণ্ট্মেণ্ট্। পারদ ১৬, প্রস্তুতীকৃত শূকরের বসা ১।—(প্রায় ২এ ১ পারদ)।

আঙ্গুয়েণ্টাম্ হাইড্রার্জ্জাইরাই কম্পোজিটাম্। স্কট্স্ অয়িণ্ট্মেণ্ট্। পারদ মলম ১০, পীত মোম ৬, জলপাইয়ের তৈল ৬, কর্পূর ৩।—(শতকরা ১১½ পারদ)।

২। **Hydrargyri Iodidum Rubrum,** হাইড্রার্জ্জাইরাই আইয়োডাইডাম্ রুব্রাম্। রেড্ আইয়োডাইড্ অব্ মার্কারি। বিন্ আইয়োডাইড্ অব্ মার্কারি। পারক্লোরাইড্ অব্ মার্কারির ও আইয়োডাইড্ অব্ পোটাসিয়ামের উষ্ণ দ্রব মিশ্রিত করিয়া অধঃপাতন দ্বারা প্রাপ্ত। মাত্রা, gr. $\frac{1}{32}$—$\frac{1}{16}$।

ক্রিয়া। প্রবল দাহক বিষ। যে যে স্থলে করোসিভ্ সাব্লিমেট্ ব্যবহৃত হয় ইহাও সেই সেই স্থলে প্রয়োগ করা যায় ; উপদংশ রোগে বিশেষ ফলপ্রদ ; গলগণ্ড, স্ক্রফিউলা ও উপদংশ রোগে বাহ্যপ্রয়োগ হয়।

লাইকর্ আর্সেনিয়াই এট্ হাইড্রার্জ্জাইরাই হাইয়োডিডাই (আর্সেনিক্ দেখ)। মাত্রা, ℳx—xxx

আঙ্গুয়েণ্টাম্ হাইড্রার্জাইরাই আইয়োডিডাই রুব্রাই। রেড্ আইয়োডাইড্ অব্ মার্কারি ১, বেঞ্জোয়েটেড্ লার্ড ২৪।

গলগণ্ড, ওয়ার্ট, উপদংশিক নোড্স্, ল্যুপাস্ প্রভৃতিতে ব্যবহার্য্য।

৩। Liquor Hydrargyri Nitratis Acidus. লাইকর্ হাইড্রার্জাইরাই নাইট্রেসিস্ য়্যাসিডাস্। য়্যাসিড্ সোল্যুশন্ অব্ নাইট্রেট্ অব্ মার্কারি।

প্রবল দাহক। উপদংশিক ওয়ার্ট, ক্ষত টিউবার্কল্, ল্যুপাস্, ক্যান্সার প্রভৃতিতে ইহার দ্রব (১ আউন্স্ জলে ১।২ মিনিম্) কুল্য, ও প্রমেহ রোগে পিচকারী রূপে প্রয়োজিত হয়।

আঙ্গুয়েণ্টাম্ হাইড্রার্জাইরাই নাইট্রেটিস্। সিট্রিন্ অয়িণ্ট্মেণ্ট্। পারদ ৪, যবক্ষার-দ্রাবক ১২, প্রস্তুতীকৃত বসা ১, অলিভ্ অয়িল ২৮।

পুরাতন চর্ম্মরোগে উত্তেজক ও পরিবর্ত্তক, এক্জিমা ও পোরাইগো রোগে বিশেষ ফলপ্রদ; চক্ষুর প্রদাহযুক্ত রোগে ও টিনিয়া সিলিয়ারিস্ রোগে ইহা দুই ভাগ প্যার্মেসিটাই অয়িণ্ট্মেণ্ট্ সহ মিশ্রিত করিয়া তুলী দ্বারা পল্লবোপরি প্রয়োগ করা যায়।

আঙ্গুয়েণ্টাম্ হাইড্রার্জাইরাই নাইট্রেটিস্ ডাইল্যুটাম্। নাইট্রেট্ অব্ মার্কারি অয়িণ্ট্মেণ্ট্ ১, পীত কোমল প্যারাফিন্ ৪।

৪। Hydrargyri Oleas. হাইড্রার্জাইরাই ওলিয়াস্ মার্কারি ওলিয়েট্। মার্কিউরিক্ ক্লোরাইড্ ও সোডিয়াম্ ওলিয়েটের প্রতি ক্রিয়া দ্বারা প্রাপ্ত।

ক্রিয়াদি। সন্ধি-বন্ধে ও চর্ম্ম-সন্নিহিত অন্যান্য স্থানে দুর্গম বা পুরাতন প্রদাহ বর্ত্তমান থাকিলে স্থানিক্ প্রয়োগ উপকারক। এ সকল স্থলে ও গ্রন্থি বিবর্দ্ধনে মর্ফিয়া সহযোগে প্রয়োগ বিশেষ ফলপ্রদ। উপদংশ রোগে দেহ পারদের ক্রিয়াগত করিবার নিমিত্ত কক্ষপ্রদেশে প্রয়োজিত হয়। উকুন নষ্ট করণার্থ ইহা উৎকৃষ্ট।

আঙ্গুয়েণ্টাম্। মলম। মার্কিউরিক্ ওলিয়েট্ ১, বেঞ্জোয়েটেড্ লার্ড ৩।

৫। Hydrargyri Oxidum Flavum. হাইড্রার্জাইরাই অক্সাইডাম্ ফ্লেভাম্। ইয়োলো অক্সাইড্ অব্ মার্কারি। কষ্টিক্ সোডা সহযোগে পার্ক্লোরাইড্ অব্ মার্কারির দ্রব অধঃপাতিত করিলে প্রস্তুত হয়।

ক্রিয়াদি। ইহার মলম (১৫ গ্রেণ্, বেঞ্জোয়েটেড্ লার্ড ১ আউন্স্) পুরাতন এক্জিমা, পিটিরায়েসিস্ দদ্রু, পুরাতন লাইকেন্, ও উপদংশিক চর্ম্মরোগে ব্যবহৃত হয়।

আঙ্গুয়েণ্টাম্। মলম। ইয়েলো মার্কিউরিক্ অক্সাইড্ ১ সফ্ট্ প্যারাফিন্ ৪৯।

৬। **Hydrargyri Oxidum Rubrum.** হাইড্রার্জ্জাইরাই অক্সাইডাম্ রুব্রাম্। রেড্ অক্সাইড্ অব্ মার্কারি। মার্ক্যুরাস্ নাইট্রেটকে উত্তপ্ত করিলে প্রস্তুত হয়।

ক্রিয়াদি। প্রবল উগ্রতাসাধক। আভ্যন্তরিক প্রয়োগ হয় না। সেবন করিলে বমন ও ভেদ উপস্থিত হয়। দুষ্ট ক্ষতে দাহক ক্রিয়ার নিমিত্ত চূর্ণ বা মলমরূপে ব্যবহৃত হয়।

আঙ্গুয়েণ্টাম্ হাইড্রার্জ্জাইরাই অক্সাইডাই রুব্রাই। রেড্ অক্সাইড্ অব্ মার্কারি ১, পীত প্যারাফিন্ অয়িণ্ট্মেণ্ট্ ৯।

৭। **Hydrargyri Perchloridum.** হাইড্রাইর্জ্জাইরাই পার্ক্লোরাইডাম্। পার্ক্লোরাইড্ অব্ মার্কারি। করোসিভ্ সাব্লিমেট। পার্সাল্ফেট্ অব্ মার্কারি, ক্লোরাইড্ অব্ সোডিয়াম্ ও অল্প ব্ল্যাক্ অক্সাইড্ অব্ ম্যাঙ্গানিজ্ মিশ্রিত করিয়া উর্দ্ধপাতন দ্বারা প্রস্তুত হয়। মাত্রা gr. $\frac{1}{32}$—$\frac{1}{16}$

ক্রিয়া। প্রবল দাহক, উৎকৃষ্ট পচন নিবারক, পরাঙ্গপুষ্ট-কীট-নাশক। আভ্যন্তরিক প্রয়োগে পরিবর্ত্তক, যকৃতের ক্রিয়া উত্তেজক। বিষমাত্রায় দাহক বিষক্রিয়া উৎপাদন করে।

আময়িক প্রয়োগ। বিবিধ প্রকার ক্ষতে, ঔপদংশিক ক্ষতে, কুষ্ঠ ও অন্যান্য পুরাতন চর্ম্মরোগে, গলক্ষতে, এবং অস্ত্রচিকিৎসা-জনিত ক্ষতে, দ্রব, মলম ধৌত, পিচকারী কুল্য আদি রূপে বাহ্য প্রয়োগ। উপদংশ, পুরাতন বাত, বিবিধ যান্ত্রিক পীড়া, অস্থ্যাবরণের পীড়া, বিবিধ পুরাতন চর্ম্মরোগ, উদরাময়, বিসূচিকা প্রভৃতিতে আভ্যন্তরিক প্রয়োগ।

বিষঘ্ন। বমনকারক ঔষধ; অণ্ডের লালা ও কুসুম; দুগ্ধ সহযোগে ময়দা।

লাইকার্ হাইড্রার্জ্জাইরাই পার্ক্লোরিডাই। পার্ক্লোরাইড্ অব্ মার্কারি $\frac{1}{2}$ গ্রেণ্, পরিস্রুত জল ১ আউন্স্। মাত্রা, ♏xxx—ʒi

লোশিয়ো হাইড্রার্জ্জাইরাই ফ্লেভা। ইয়োলো ওয়াশ্। পার্ক্লোরাইড্ অব্ মার্কারি ২০ গ্রেণ্, চূণের জল ১০ আউন্স্।

৯। **Hydrargyri Subchloridum.** হাইড্রার্জ্জাইরাই সাবক্লোরাইডাম্। ক্যালোমেল্। পার্সাল্ফেট্ অব্ মার্কারির সহিত

পারদ মর্দ্দন করিয়া ক্লোরাইড্ অব্ সোডিয়াম্ সংযোগ করতঃ উত্তাপ প্রয়োগ করিলে ইহা উর্দ্ধপাতিত হয়। মাত্রা, gr. ss—v

ক্রিয়া। পরিবর্ত্তক, পিত্তনিঃসারক, বিরেচক, প্রদাহ-নাশক।

আময়িক প্রয়োগ। ঔপদংশিক পীড়া, পুরাতন চর্ম্মরোগ ও প্রৌঢ় ব্যক্তির স্ক্রফিউলা রোগ, পুরাতন যকৃৎপ্রদাহ ও পাণ্ডুরোগ, পৈত্তিক শিরঃপীড়া, হিপাটিক ড্রপসি, মেলিনা, মস্তিষ্কে প্রদাহ ও মৃগী। রসঝিল্লির প্রদাহ, যথা,—আইরাইটিস্, ফুস্ফুসাবরণ ও অন্ত্রাবরণ প্রদাহ। বিবিধ চর্ম্মরোগে বিবিধ প্রকারের মলম প্রয়োগ।

লোশিয়ো হাইড্রার্জাইরাই নাইগ্রা। ব্ল্যাক্ ওয়াশ্। মার্কিউরাস্ ক্লোরাইড্, ৩০ গ্রেণ্; গ্লিসেরিন্ ½ আউন্স্; মিউসিলেজ্ অব্ ট্রাগাকান্থ, ১½ আউন্স্; চূণের জল, ১০ আউন্স্ পূর্ণ করণার্থ যথাপ্রয়োজন। সংমর্দ্দন ও সংমিশ্রণ।

পাইল্যুলা হাইড্রার্জাইরাই, সাব্ক্লোরিডাই কম্পোজিটা। প্লামার্স্ পিল্। ক্যালোমেল্ ১ আউন্স, সাল্‌ফিউরেটেড্ য়্যান্টিমনি ১ আউন্স, গোয়েকাম্ রেজিন্ ২ আউন্স্; ক্যাষ্টর্ অয়িল্ ১৮০ গ্রেণ, এল্‌কহল্ (শতকরা ৯০) ১ ড্রাম্ বা যথাপ্রয়োজন। মাত্রা, gr. iv—viii

আঙ্গুয়েন্টাম্ হাইড্রার্জাইরাই সাব্ক্লোরিডাই। ক্যালোমেল্ ১, বেঞ্জোয়েটেড্ লার্ড্ ৯।

১০। **Hydrargyrum Ammoniatum.** হাইড্রার্জাইরাম্ য়্যামোনিয়েটাম্। য়্যামোনিয়েটেড্ মার্কারি। করোসিভ্ সাব্লিমেটের দ্রবকে য়্যামোনিয়া সহযোগে অধঃপাতিত করিলে ইহা প্রস্তুত হয়। ইহাকে হোয়াইট্ প্রেসিপিটেট্ বলে।

ক্রিয়াদি। আভ্যন্তরিক প্রয়োগ হয় না। পোরিগো, ইম্পেটিগো, হার্পিজ্ ও কখন কখন স্কেবিজ্ (পাঁচড়া) আদি পুরাতন চর্ম্মরোগে ও পেডিকিউলাইডে ইহার মলম উত্তেজক।

আঙ্গুয়েন্টাম্ হাইড্রার্জাইরাই য়্যামোনিয়েটা। অয়িণ্ট্‌মেণ্ট্ অব্ হোয়াইট্ প্রেসিপিটেট্। য়্যামোনিয়েটেড্ মার্কারি ১, শ্বেত প্যারাফিন্ অয়িণ্ট্‌মেণ্ট্ ৯।

℞	হাইড্রার্জ্ঃ আইয়োডিডাই	gr. vi
	কন্ফ্ঃ রোজী	q. s.

মিঃ। ছয় বটিকায় বিভক্ত করিবে। উপদংশের প্রথমাবস্থায় এক বটিকা দিবসে তিন বার

℞	হাইড্রার্জ্ঃ কাম্ ক্রিটা	℈ss
	পাল্‌ভ্ঃ ক্রিটা য়্যারম্ঃ	ʒi
	সোডিঃ কার্ব্ঃ এক্সিঃ	ʒi

মিঃ। শৈশবাবস্থায় অতিসার ও উদরাময় রোগে দুই হইতে চারি গ্রেণ মাত্রায়।

℞	হাইড্রার্জঃ সাবক্লোর্	gr. x
	একষ্টঃ গ্লিসেরিজী	q. s.

মিঃ। কুড়ি বটিকা প্রস্তুত করিবে। উপদংশ রোগে এক এক বটিকা দিবসে দুই বার।

℞	আঙ্গুঃ হাইড্রার্জ্ঃ	℥ii
	য়্যামন্ঃ ক্লোরিডাই	ʒi

মিঃ। মলন। গ্রন্থি-বিবর্দ্ধনে।

℞	হাইড্রার্জ্ঃ আইয়োডিডাই রুব্রাই	ʒi
	সোডিয়াই ক্লোর্ঃ	℥i
	য়্যাকোঃ প্লুবিয়েলঃ (বৃষ্টিরজল)	Oxxx

মিঃ। দুর্দ্দম ঔপদংশিক চর্ম্মরোগে স্নান জল।

Hydrattis Rhizoma হাইড্রাষ্টিস্ রিজোমা। হাইড্রাষ্টিস্ রিজোম্। গোল্ডেন্ সীল্। হাইড্রাষ্টিস্ ক্যানেডেন্সিস্ নামক বৃক্ষের শুষ্কীকৃত নিরাট কন্দ ও উপমূল। ইহাতে হাইড্রাষ্টিন্ ও বার্বেরিন্ নামক দুইটি প্রধান বীর্য্য অবস্থিতি করে।

ক্রিয়া। বলকারক, সঙ্কোচক, আগ্নেয়, পিত্ত-নিঃসারক, মৃদু পর্য্যায়-নিবারক, রক্তরোধক।

আময়িক প্রয়োগ। পুরাতন প্রদাহ, অসুস্থ ক্ষত, ঘর্ম্মাধিক্য, য়্যাক্‌নি, সেবোরিয়া শ্লৈষ্মিক ঝিল্লির ক্যাটার্, ফেরিঙ্গাইটিস্ প্রভৃতিতে স্থানিক প্রয়োগ। শ্লৈষ্মিক ঝিল্লির পুরাতন প্রদাহ, জরায়ুবীয় পীড়া ও জরায়ুবীয় রক্তস্রাব, মদ্যপায়ীদিগের পুরাতন গ্যাষ্ট্রাইটিস্, ও সপর্য্যায় পীড়ায় আভ্যন্তরিক প্রয়োগ। পুরাতন নাসা-গহ্বরীয় ক্যাটার, অটোরিয়া, শ্বেতপ্রদর, প্রমেহ, য়্যাক্‌থাস্ ষ্টমাটাইটিস্ ইত্যাদিতে ধৌত বা পিচকারীরূপে প্রয়োগ।

একষ্ট্রাক্টাম্ হাইড্রাষ্টিস্ লিকুইডাম্। হাইড্রাষ্টিস্ রিজোম্ চূর্ণীকৃত, এল্‌কহল্ (শতকরা ৪৫) ।—(১এ ১)। মাত্রা ♏v—xv

টিংচ্যুরা হাইড্রাষ্টিস্। হাইড্রাষ্টিস্ রিজোম্ চূর্ণীকৃত ১, এল্‌কহল্ (শতকরা ৬০) ৯। মাত্রা, ♏ xx—lx

℞	একষ্টঃ হাইড্রাষ্টিস্ লিকুইঃ	ʒss
	য়্যাকোঃ	℥xx

মিঃ। প্রমেহ ও অর্শ রোগে পিচকারী।

Hydrogenii Peroxidi Liquor. হাইড্রোজেনিয়াই পার্-ক্সাইডাই লাইকর্। সোল্যুশন্ অব হাইড্রোজেন্ পার্ক্সাইড্; বেরিয়াম্ পার্ক্সাইড্, ধাতব এসিড্ এবং জলের পরস্পরের প্রতিক্রিয়া দ্বারা প্রাপ্ত। মাত্রা, ʒss—ii

ক্রিয়াদি। উৎকৃষ্ট পচন নিবারক সংক্রমাপহ, পরিবর্ত্তক। এণ্টেরিক্ ফিভার, ডায়েবিটিস্, পার্দ্দিসিস্, গ্রন্থি-বিবর্দ্ধন আদিতে অনুমোদিত হইয়াছে, দুর্গন্ধযুক্ত ক্ষতে ডিফ্‌থিরিয়া এবং বিবিধ অস্ত্র চিকিৎসায় স্থানিক প্রয়োগ হয়।

Hygrophila. হাইগ্রোফাইলা। কোকিলাক্ষ। কুলেখাড়া। হাইগ্রোফাইলা স্পাইনোসার শুষ্কীকৃত সমূল ওষধি।

ক্রিয়াদি। মূত্রকারক, ঘর্ম্মকারক, স্নিগ্ধকারক। প্রমেহ, সিষ্টাইটিস্ আদি রোগে, এবং বিবিধ কারণ জনিত শোথে ব্যবহৃত।

ডিকক্টাম্। ক্বাথ। (১০ এ ১)। মাত্রা, ℥ss—ii

Hyoscyami Folia হাইয়োসায়েমাই ফোলিয়া। হেন্‌বেন্, লীভ্‌স। হাইয়োসায়েমাস্ নাইজার নামক বৃক্ষের সরস পত্র, পুষ্প ও তৎসংলগ্ন শাখা সকল (শুষ্কীকৃত)। ইহাতে হাইয়োসায়েমিন্ নামক উপক্ষার বীর্য্য ও হাইয়োসিন্ আছে।

ক্রিয়া। অবসাদক, বেদনানিবারক। অধিক মাত্রায় প্রলাপ, অচৈতন্য ও মৃত্যু হয়। বেলাডোনা ও ধুস্তুরের ন্যায়, কিন্তু অপেক্ষাকৃত মৃদু।

আময়িক প্রয়োগ। স্নায়ুবিধানের উগ্রতায় অহিফেন কোন কারণ বশতঃ নিষিদ্ধ হইলে অবসাদনার্থ; মূত্রাশয়ের উগ্রতা নিবারণ; বেদনা হ্রাসকরণ, বিরেচক ঔষধের উদরের কামড়ানি নিবারণ উদ্দেশ্যে। বেদনাযুক্ত ক্ষত, অর্ব্বুদ ইত্যাদিতে পুল্‌টিশ্ বা সেকরূপ।

বিষঘ্ন। ষ্টমাক্ পাম্প্। বমনকারক ঔষধ। উত্তেজক জম্বীর রস।

এক্‌ষ্ট্রাক্টাম্ ভিরিডি। সার। (পত্র ও তরুণ শাখার রস)।—(২০ এ ১)। মাত্রা, gr. ii—viii

টিংচ্যুরা। অরিষ্ট। পত্র ও পুষ্পমঞ্জরি, এল্‌কহল্ (শতকরা ৪৫)। —(১০ এ ১)। মাত্রা, ʒss—i

সাক্কাস্। রস। সরস পত্র ও তরুণ শাখার রস ৩, এল্‌কহল্ (শতকরা ৯০) মাত্রা, ʒss—i

পাইল্যুলা কলসিন্থিডিস্ এট্ হাইয়োসায়েমাই। কলসিন্থ দেখ।

℞	সাক্‌ঃ হাইয়োসায়েমঃ	ʒss
	য়্যাকোয়া ক্যাম্ফ্‌ঃ	ʒi
	সিরাপ্‌ঃ রিয়াডস্‌	ʒii

মিঃ। অনিদ্রায় শয়নকালে।

℞	টিং হাইয়োসায়েমঃ	ʒii
	স্পিঃ ক্লোরোফর্ম্‌ঃ	♏xx
	য়্যাকোঃ ক্যাম্ফ্‌ঃ	℥ii

মিঃ। মদাত্যয় রোগে তিন ঘণ্টা অন্তর।

Hyoscinæ Hydrobromidum. হাইয়োসাইনী হাইড্রোব্রোমাইডাম্‌, হাইয়োসাইন্‌ হাইড্রোব্রোমাইড্‌। হাইয়োসায়েমাস্‌ পত্র, বিভিন্ন প্রকার স্কোপল ও সম্ভবতঃ অন্যান্য সোলেনেসী জাতীয় বৃক্ষ হইতে প্রাপ্ত উপক্ষারের হাইড্রোব্রোমাইড। মাত্রা; $\frac{1}{200}$—$\frac{1}{100}$।

ক্রিয়াদি। নিদ্রাকারক, অবসাদক। প্রবল উন্মাদ, সূতিকোন্মাদ, অনিদ্রা, মদাত্যয় আদি রোগে বিশেষ উপযোগী।

Hyoscyaminæ Sulphas. হাইয়োসায়েমিনী সাল্‌ফাস্‌। হাইসায়েমাইন্‌ সালফেট্‌। হাইয়োসায়েমাস্‌ পত্র ও সম্ভবতঃ অন্যান্য সোলেনেসী জাতীয় বৃক্ষ হইতে প্রাপ্ত উপক্ষারের সাল্‌ফেট্‌। মাত্রা; gr. $\frac{1}{200}$—$\frac{1}{100}$।

ক্রিয়াদি। নিদ্রাকারক, অবসাদক। মানসিক উত্তেজনা ও অনিদ্রায় অল্প মাত্রায় উপকারক। মদাতঙ্ক ও তরুণ উন্মাদ রোগে অপেক্ষাকৃত অধিক মাত্রায় প্রয়োজ্য।

Iodoformum. আইয়োডোফর্মাম্‌। আইয়োডোফর্ম্‌। য়্যাল্‌কোহল্‌ ও কার্বনেট্‌ অব্‌ পোটাসিয়াম্‌ দ্রবের মিশ্রের উপর আইয়োডিনের ক্রিয়া দ্বারা প্রাপ্ত। মাত্রা, gr. i—iii

ক্রিয়া। পচননিবারক, সংক্রমাপহ, ও স্থানিক স্পর্শহারক। বিস্তৃত ক্ষতস্থানোপরি প্রয়োগ করিলে কখন কখন বিষম লক্ষণ সকল উপস্থিত হয়, যথা,—নাড়ীর দ্রুতত্ব, পাকাশয় ও অন্ত্রের উগ্রতা, জ্বর, কোল্যাপ্স্‌, বিমর্ষোন্মাদ, বিভ্রম, কনীনিকা প্রসারণ, ব্যাপ্ত এরিথেমা, ও একজিমা।

আময়িক প্রয়োগ। উপদংশিক ক্ষত, অন্যান্য বিবিধ প্রকার ক্ষত, আদিতে চূর্ণ

মলম আদি রূপে; ওজিনা, মুখাভ্যন্তরিক ক্ষত, গলক্ষত, সেফ্লিক্‌সের ক্ষত আদিতে বিস্‌মাথ্‌ সাবনাইট্রেট্‌ সহযোগে ফুৎকার দ্বারা প্রয়োগ। ক্যান্‌সার, স্যায়েটিকা, স্নায়ুশূল, কণ্ডুয়ন আদিতে যন্ত্রণানিবারণার্থ।

বিষঘ্ন। উত্তেজক ও বমনকারক ঔষধ, উষ্ণ জলে গাত্র মুছাইয়া দেওন।

সাপোজিটোরিয়া আইয়োডোফর্মাই। প্রত্যেকে আইয়োডোফর্ম্‌ ৩ গ্রেণ, অয়িল্‌ অব্‌ থিয়োব্রোমা ১২ গ্রেণ্‌।

আঙ্গুয়েণ্টাম্‌ আইয়োডোফর্মাই। আইয়োডোফর্ম ১, প্যারাফিন্‌ অয়িণ্টমেণ্ট পীত ৯।

℞	আইয়োডোফর্ম্‌ঃ	gr. i
	য়্যাসিড্‌ঃ বোরিক্‌ঃ	gr. 1
	মর্ফ্‌ঃ য়্যাসেট্‌ঃ	gr. $\frac{1}{8}$

মিঃ। ইন্‌সাফ্লেশন্‌ রূপে ব্যবহার্য্য।

Iodum. আইয়োডাম্‌। আইয়োডিন্‌। সামুদ্রিক উদ্ভিজ্জের ভস্ম হইতে প্রাপ্ত অধাতব পদার্থ। মাত্রা, gr. $\frac{1}{6}$—$\frac{1}{4}$; ক্রমশঃ বৃদ্ধি করা যায়।

ক্রিয়াদি। পচননিবারক, পরিবর্ত্তক দুর্গন্ধহারক, সংক্রমাপহ; উগ্রতা অনুসারে উগ্রতা সাধক বা জলবটী-উৎপাদক। সমগ্র লিম্ফ্যাটিক্‌ বিধানে ইহা বিশেষ উত্তেজন-ক্রিয়া প্রকাশ করে; শোষণ ক্রিয়া উৎপাদন করে, ও মূত্রগ্রন্থি দ্বারা বহিষ্করণ ক্রিয়া বৃদ্ধি করে। ইহা পরাঙ্গপুষ্ট,জীব-নাশক, এহেতু তজ্জনিত বিবিধ চর্ম্ম রোগে ব্যবহৃত হয়। পুরাতন বাত, পুরাতন প্রদাহ, ও উদরী (প্লুরামধ্যে রস-সঞ্চয়, জলদোষ, ইত্যাদি) রোগে বিশেষ উপযোগী। উপদংশ রোগে ও সীসধাতু দ্বারা বিষাক্ত হইলে ইহা বিষনাশক। বমন রোগে বিন্দু মাত্রায় ইহার অরিষ্ট প্রয়োগ করিলে তন্নিবারিত হয়। গলগণ্ড, গ্রীবা ও উদরের স্ক্রফিউলাস্‌ গ্রন্থি আদি গ্রন্থি-বিবর্দ্ধন ও অপ্রকৃত প্রবর্দ্ধনে, দুর্দ্দম শ্লেষ্মানিঃসরণ প্রভৃতিতে উপকারক। আইয়োডিন্‌ সেবন করিলে স্তন, অণ্ডকোষ আদি সুস্থ গ্রন্থি ক্রমশঃ শীর্ণ হইয়া যায়, সুতরাং সে বিষয়ে বিশেষ সাবধান আবশ্যক। পুরাতন চর্ম্ম রোগে, বিবর্দ্ধিত ও দৃঢ়ীভূত স্থানে, এবং পীড়িত সন্ধিতে শোষণক্রিয়ার উদ্দেশে বাহ্য প্রয়োগ হয়। কোন কোন প্রকার পুরাতন শ্বাসনলী প্রদাহ ও যক্ষ্মারোগে উষ্ণ জলে ইহার অরিষ্ট ফেলিয়া তাহার শ্বাস ব্যবহার করা যায়।

বিষঘ্ন। বমনকারক ঔষধ, স্নিগ্ধকারক পানীয়, শ্বেতসার, ময়দা।

লাইকর্‌ আয়োডাই ফর্টিস্‌। আইয়োডিনের উগ্র দ্রব। আইয়োডিন্‌ ৫, পরিস্রুত জল ৫, এল্‌কহল্‌ (শতকরা ৯০) ৩৬।

টিংচারা আইয়োডাই। আইয়োডিন্‌ $\frac{1}{2}$, আইয়োডাইড্‌ অব্‌ পোটাসিয়াম্‌ $\frac{1}{2}$ পরিস্রুত জল $\frac{1}{2}$ এল্‌কহল্‌ (শতকরা ৯০) সর্ব্বসমেত ২০। মাত্রা; ♏ii—

আঙ্গুয়েণ্টাম্। মলম। আইয়োডিন্ ২, আইয়োডাইড্ অব্ পোটাসিয়াম্ ২, গ্লিসেরিন্ ৬, বসা ৪০।

℞ টিং আইয়োডাইঃ ২ অংশ
 য়্যাকোয়াঃ ডিষ্টঃ ৩ অংশ

মিঃ। জলদোষ (একশিরা, হাইড্রোসিল্) রোগে অভ্যন্তরস্থ জল বাহির করিয়া পিচকারি দ্বারা প্রয়োগ।

℞ পটাশ্ঃ আইয়োডাইডঃ gr. lx
 স্পিঃ এমনঃ এরনঃ ℥i
 ডিককঃ সার্জাঃ কোঃ ℥viii

মিঃ। ℥i মাত্রায় দিবসে তিন বার। পরিবর্ত্তক।

Ipecacuana Radix. ইপেকাকুয়ানা রেডিক্স্। সেফেলাস্ ইপেকাকুয়ানা নামক বৃক্ষের শুষ্কীকৃত মূল। মাত্রা, gr. xv—xxx. (বমনকারক), gr. ss—ii (কফনিঃসারক), gr. ii—iv (ঘর্ম্মকারক)। ইহাতে এমেটিনা নামক উপক্ষার বিশেষ আছে।

ক্রিয়া। অল্পমাত্রায় কফনিঃসারক ও ঘর্ম্মকারক, আগ্নেয়, পিত্তনিঃসারক এবং মৃদু বিরেচক। শ্বাসনলীর ঝিল্লির উপর ইহার বিশেষ ক্রিয়া লক্ষিত হয়; ঝিল্লি শুষ্ক হইলে শ্লেষ্মা নিঃসরণ করায়, এবং শ্লেষ্মা নিঃসরণ অধিক হইলে তাহার শমতা করে। সর্ব্বাঙ্গ শিথিল ও ঘর্ম্মোৎপাদন করে। পূর্ণ মাত্রায় সহজে ও নিরাপদে বমন উৎপন্ন করে। টার্টার্ এমেটিকের ন্যায় বিবমিষা জন্মায় না, এবং তুঁতিয়া বা সর্ষপের ন্যায় সত্বর ও উগ্রতাজনক বমনকারক নহে; বালকদিগের পক্ষে বমনকরণার্থ ইহা সর্ব্বোৎকৃষ্ট। যকৃতের প্রবল উত্তেজক।

আময়িক প্রয়োগ। সর্দ্দি, জ্বরীয় পীড়া, পর্য্যায় জ্বরের পর্য্যায় নিবারণার্থ, বমন করণার্থ অল্প মাত্রায় কাশ, শ্বাসকাশ, হুপিংকফ, উদরাময়, আমাশয়, রক্তাতিসার। পুরাতন ব্রঙ্কাইটিস্ ও য়্যাজ্‌মা রোগে স্প্রেরূপে। বৃশ্চিকাদি দংশিত স্থানে স্থানিক প্রয়োগ।

য়্যাসিটাম্ ইপেকাকুয়ানী। ইপেকাকুয়ানার তরল সার ১, এল্‌কহল্ (শতকরা ৯০) ২, ডাইলুট্ য়্যাসেটিক্ য়্যাসিড্। মাত্রা, ♏v—xl

একষ্ট্রাক্টাম্ ইপেকাকুয়ানী লিকুইডাম্। মূল চূর্ণ, ক্যাল্‌সিয়াম্ হাইড্রক্সাইড্, এল্‌কহল্ (শতকরা ৯০)। মাত্রা, ♏ss—i। (কফনিঃসারক); ♏xv—xx বমনকারক।

পাইল্যুলা ইপেকাকুয়ানী কাম্ সিলা। কম্পাউণ্ড্ পাউডার্ অব্ ইপেকাকুয়ানা ২, স্কুইল্ ১, এমোনিয়াকাম্ ১, সিরাপ্ অব্ গ্লুকোস্ যথাপ্রয়োজন। মাত্রা, gr. v—viii

পাল্‌ভিস্ ইপেকাকুয়ানী কম্পোজিটা। ডোভার্স পাউডার।

ইপেকাকুয়ানা ১, অহিফেন ১, সাল্‌ফেট্‌ অব্‌ পটাশ্‌ ৮।—(১০এ ১); মাত্রা, gr. v—xv।

ট্রোচিস্কাস্‌। চাক্তি।—প্রতি চাক্তিতে ।০ গ্রেণ্‌ ফ্রুট্‌ বেসিস্‌।

ট্রোচিস্কাস্‌ ইপেকাকুয়ানি এট্‌ মর্ফাইনী।—(প্রতি চাক্তিতে $\frac{1}{12}$ গ্রেণ্‌ ইপেকাকুয়ানা, $\frac{1}{36}$ গ্রেণ্‌ হাইড্রোক্লোরেট্‌ অব্‌ মর্ফিয়া)। টোল্যু বেসিস্‌। মাত্রা ১—৬ চাক্তি।

ভাইনাম্‌। আসব। লিকুয়িড্‌ একষ্ট্রাক্ট অব্‌ ইপেকাকুয়ানা ১, শেরি ১১। মাত্রা, ♏x—xxx (কফনিঃসারক); ʒiv—vi (বমনকারক)।

℞	পাল্‌ভ্‌ঃ ইপেকাক্‌ঃ	gr. vi
	———মাই্‌ঃ	gr. xii
	—পট্‌ঃ নাইট্রাট্‌ঃ	ʒss

মিঃ। চারি পুরিয়ায় বিভক্ত করিবে। এক পুরিয়া চারি ঘণ্টা অন্তর। উত্তেজনকর কফনিঃসারক।

℞	ভাইনাম্‌ঃ ইপিকাক্‌ঃ	ʒii
	এণ্টিম্‌ঃ টার্ট্‌ঃ	gr. i
	অক্সিম্‌ঃ সিলিঃ	ʒii
	ডিক্কক্‌ঃ সেনেগী	ʒiiiss

মিঃ। ♏x—xx মাত্রায়, শিশুদিগকে বমন করাইবার নিমিত্ত সিকি ঘণ্টা অন্তর, কফনিঃসারণ উদ্দেশ্যে দুই ঘণ্টা অন্তর। ক্রুপ্‌ ইত্যাদি রোগে।

℞	পাল্‌ভ্‌ঃ ইপিকাক্‌ঃ কোঃ	
	হাইড্রাজঃ কাম্‌ ক্রিটাঃ	ana. gr. i

মিঃ। এক পুরিয়া শয়নকালে। দন্তোত্থানকালীন উদরাময়ে।

Ispaghula ইস্‌পাঘুলা। স্পজেল্‌ সীড্‌স্‌। ইশপগুল্‌।

প্লাণ্টেগো ওভেটা নামক বৃক্ষের শুষ্কীকৃত বীজ। মাত্রা gr. l—cl.

ক্রিয়াদি। স্নিগ্ধকারক, মৃদুবিরেচক, বলকারক। পুল্‌টিশ্‌ রূপে স্থানিক প্রয়োগ হয়। উদরাময়, আমাতিসার, কাশ, প্রমেহ আদি রোগে আভ্যন্তরিক প্রয়োগ উপকারক।

ডিককৃটাম্‌। ক্বাথ। ১২০ গ্রেণ্‌ কুট্টিত বীজকে যথাপ্রয়োজন পরিস্রুত জলে ১০ মিনিট্‌ ফুটাইয়া ছাঁকিয়া একপাইণ্ট্‌ করিবে। মাত্রা, ℥ss—ii

Jaborandi Folia জেবরাণ্ডি ফোলিয়া। পাইলোকার্পাস্‌ পেনাটিফোলিয়াস্‌ নামক বৃক্ষের শুষ্কীকৃত উপপত্র (লীফ্‌লেট্‌)। ইহাতে পাইলোকার্পিন্‌ এবং জেবোরিন্‌ নামক বীর্য্যদ্বয় আছে।

ক্রিয়াদি। জেবরাণ্ডি প্রবল লালনিঃসারক ও ঘর্ম্মকারক; অধিক মাত্রায় বমন উৎপাদন করে। ইহা দ্বারা ধামনিক সঞ্চাপ হ্রাস হয়, ও হৃদ্‌ক্রিয়ার দ্রুতত্ব বৃদ্ধি পায়। সেবন করিলে মুখমণ্ডল, কর্ণ, গ্রীবা আরক্তিম হয়, এবং সত্বর অত্যধিক লালনিঃসরণ ও সাতিশয় ঘর্ম্ম হয়, ও পরে আলস্য ও তন্দ্রা উপস্থিত হয়। কনীনিকা কুঞ্চিত হয়, এবং দৃষ্টি-সংযোজন শক্তির বৈলক্ষণ্য ঘটে। রক্তবহা নাড়ী সকলের সঞ্চালন বিধায়ক স্নায়ু সকলের পক্ষাঘাত জন্মায়। ইহা ঘর্ম্ম ও মূত্রগ্রন্থি দ্বারা সত্বর দেহ হইতে বহিষ্কৃত হয়। কখন কখন পাইলোকার্পিন্ দ্বারা কতকগুলি কুলক্ষণ উৎপাদিত হয়, যথা, বমন, দৃষ্টি-মান্দ্য, তালু-গ্রন্থি ও লাল-গ্রন্থির স্ফীতি, সহসা কোল্যাপ্স্, মূত্রকৃচ্ছ্র, প্রস্রাবের পরিমাণ হ্রাস ও আণ্ডলালিক প্রস্রাব। পাইলো-কার্পিন্ দ্বারা য়্যাট্রোপাইনের বিষ-ক্রিয়া সাধিত হয়; এবং যদি এতদ্-প্রয়োগে সহসা কোল্যাপ্স বা পতনাবস্থা উপস্থিত হয় তাহা হইলে হাইপোডার্মিক্ রূপে য়্যাট্রোপাইন্ প্রয়োজ্য। জেবোরিন্, ফুস্‌ফুস্, কনীনিকা, হৃৎপিণ্ড, ও লালগ্রন্থি সকল উপরে য়্যাট্রোপাইনের স্থায় ক্রিয়া দর্শায়। জেবরাণ্ডি ও ইহার প্রয়োগরূপ সকল বিবিধ চক্ষু পীড়ায় ব্যবহৃত হয়। সর্দ্দিরোগের প্রথম অবস্থায় ও তরুণ শ্বাসনলী প্রদাহে ইহারা বিশেষ ফলপ্রদ। বিবিধ উদরি রোগে, বিশেষতঃ ব্রাইটাময়-জনিত উদরিতে ইহারা বিশেষ উপযোগী।

ইউরিমিয়া-জনিত দ্রুতাক্ষেপ জেবরাণ্ডি ও পাইলোকার্পিন্ বিশেষ ফলপ্রদ।

প্রৌঢ় ব্যক্তি অপেক্ষা এই ঔষধ-দ্রব্য বালকদিগের উপর স্বল্পতর ক্রিয়া দর্শায়; বালকদিগের সচরাচর লালনিঃসরণাধিক্য ও কচিৎ ঘর্ম্মাতিশয্য বর্ত্তমান থাকে। হৃদপিণ্ডের মেদাপকর্ষ, হৃদ্‌কপাটায় পীড়া এবং এম্ফিসেমা রোগে ইহা বিশেষ সাবধানতা সহ প্রয়োজ্য।

একৃষ্ট্রাক্টাম্ জেবরাণ্ডি লিকুয়িডাম্। তরল সার। জেবরাণ্ডি পত্র, এল্‌কহল (শতকরা ৪৫)। মাত্রা, gr ১—xv

টিংচ্যুরা জেবরাণ্ডি। পত্র চূর্ণ এল্‌কহল্ (শতকরা ৪৫)।—(৫ এ ১)। মাত্রা, ♏ xxx—lx

পাইলোকার্পিনী নাইট্রাস্। নাইট্রেট্ অব্ পাইলোকার্পিন্। একৃষ্ট্রাক্ট্ অব্ জেবরাণ্ডিকে ক্লোরোফর্ম্ ও ক্ষার সহযোগে আলোড়ন করিয়া উর্দ্ধপাতন, পরে নাইট্রিক্ য়্যাসিড্ দ্বারা সমক্ষারাম্ল করিয়া পরিশেষে পুনর্দানা বাঁধিয়া বিশুদ্ধীকৃত করিলে ইহা প্রাপ্ত হওয়া যায়। মাত্রা, gr $\frac{1}{20}$—$\frac{1}{2}$

℞	পাইলোকার্প্ঃ নাইট্ঃ	gr. i
	য়্যাকোঃ ডিষ্ট্ঃ	ʒi

মিঃ। ব্রাইটাময়ের ইউরিমিক্ অবস্থায় ছয় মিনিম্ মাত্রায় হাইপোডার্মিক্ রূপে প্রয়োজ্য।

Jalapa, জ্যালাপা। জ্যালাপ্। আইপোসিয়া পার্গা নামক বৃক্ষের স্ফীত কন্দ। মাত্রা gr v—xx

ক্রিয়া। প্রবল বিরেচক; জলবৎ ভেদ উপস্থিত করে। অন্ত্রের উগ্রতা এবং বিবমিষা ও কামড়ানি জন্মায়।

আময়িক প্রয়োগ। সুগন্ধি ঔষধ সহযোগে কোষ্ঠকাঠিন্য রোগে; ক্যালমেল্ সহযোগে উদরি, সন্ন্যাস, ইউরিমিয়া ব্রাইটাময় আদিতে।

নিষেধ। গর্ভাবস্থা ও অন্ত্রের সাতিশয় উগ্রতা থাকিলে।

একষ্ট্রাক্টাম্। সার। জ্যালাপ্ এল্‌কহল্ (শতকরা ৯০), পরিশ্রুত জল। মাত্রা, gr. ii—viii

পাল্‌ভিস্ জ্যালাপী কম্পোজিটাস্। জ্যালাপ্ ৫, য়্যাসিড্ টার্ট্রেট্ অব্ পটাশ্ ৯, শুণ্ঠী ১।—(৩ এ ১)। মাত্রা, gr. xx—lx

রেজিনা জ্যালাপী। জ্যালাপ্ হইতে এল্‌কহল্ (শতকরা ৯০) দ্বারা প্রাপ্ত ধূনা। মাত্রা gr. ii—v

টিংচ্যুরা। অরিষ্ট। জ্যালাপ্, এল্‌কহল্ (শতকরা ৭০)।—(১১০ মিনিমে ১½ গ্রেণ্ রেজিন্)। মাত্রা, ʒss—i

টিংচ্যুরা জ্যালাপী কম্পোজিটা। জ্যালাপ্ ৮, স্ক্যামনি ২, টার্পেথ্ ১, এল্‌কহল্ (শতকরা ৬০) যথাপ্রয়োজন। পার্কোলেট্ ১ পাইন্ট্। মাত্রা, ʒss—i

℞ পাল্‌ভঃ জ্যালাপী gr xii
ক্যালমেল্ gr. iii
পোটাস্ঃ সাল্‌ফঃ gr. vii
মিঃ। যকৃতের ক্রিয়া-বৈলক্ষণ্যে রাত্রিকালে।

Juniperi Oleum জুনিপারাই ওলিয়াম। অয়িল্ অব্ জুনিপার্। জুনিপারাস্ কম্মিউনিস নামক বৃক্ষের অপক্ক ফল হইতে চোয়ান তৈল। মাত্রা, ♏ ss—iii

ক্রিয়া। উত্তেজক, বায়ুনাশক, মূত্রকারক।

আময়িক প্রয়োগ। উদরীসংযুক্ত পীড়া।

স্পিরিটাস্ জুনিপারাই। অয়িল্ অব্ জুনিপার্ ১, এল্‌কহল্ (শতকরা ৯০) যথাপ্রয়োজন—(২০ এ ১)। মাত্রা, ♏xx—lx

℞ স্পিঃ জুনিপারঃ
টিং কার্ডঃ কোঃ ana ʒss

পট্ঃ কার্ব্বঃ ℨi
ইন্ফঃ জেনশ্ঃ কোঃ ℨvi
মিঃ। মাত্রা ℨi। মূত্রকারক।

Kaladana, কালাডানা। কার্ব্বাইটিস্ নিল্। কালাদানা। আইপোমিয়া হেডেরেসিয়ার্ শুষ্কীকৃত বীজ। মাত্রা, চূর্ণ, gr, xxx—l

ক্রিয়া। বিরেচক।

কালাডানী রেজিনা। কালাদানা হইতে প্রাপ্ত ধূনা। মাত্রা gr. ii—viii

পাল্ভিস্ কালাডানী কম্পোজিটা। কালাদানা ৫, এসিড্ পটাশ্ টার্ট্ঃ ৯, শুণ্ঠি ১। মাত্রা, xx—lx

টিংচ্যুরা। অরিষ্ট। কালাদানা ১, এল্কহল (শতকরা ৭০) ৫। পার্কোলেশন। মাত্রা ʒss—i

---

Kaolinum. কেয়োলাইনাম্। কেয়োলিন্। স্বভাবজ এল্যুমিনাম্ সিলিকেট্ চূর্ণীকৃত।

পাইল্যুলা ফস্ফরাই প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

Kavæ Rhizoma. কাভী রিজোমা। কাভা রিজোম্। পাইপার্ মেথিষ্টিকামের মূল বিহীন নিরাট কন্দ।

ক্রিয়াদি। মৃদু উত্তেজক, বলকারক, মূত্রকারক। সিষ্টাইটিস্, প্রমেহ আদি মূত্র-যন্ত্রের পীড়ায় ব্যবহৃত হয়।

একৃষ্ট্রাক্টাম্ কাভী লিকুরিডাম্। তরল সার। কাভা রিজোম্, এল্কহল (শতকরা ৯০ এবং ৪৫)। মাত্রা ♏ xxx—lx

---

Kino. কাইনো। টেরোকার্পাস্ মার্সুপিয়াম্ নামক বৃক্ষের কন্দে অস্ত্রাঘাত করিয়া প্রাপ্ত ঘনীভূত রস। মাত্রা, gr. v—xx

ক্রিয়া। প্রবল সঙ্কোচক।

আময়িক প্রয়োগ। উদরাময়, আমাশয়, আভ্যন্তরিক রক্তস্রাব, প্রমেহ ও শ্বেত-প্রদর রোগের পূয নিঃসরণ দমনার্থ, পাইরোসিস্। বাহ্য প্রয়োগ;—প্রমেহ, শ্বেত-প্রদর, স্থানিক রক্তস্রাব; অলিজিহ্বার শিথিলতায় কুল্যরূপে।

পাল্ভিস্ ক্যাটেকিউ কম্পোজিটাস্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

পাল্‌ভিস্ কাইনো কম্পোজিটাস্। কাইনো ১৫, অহিফেন ১, দারুচিনি ৪। মাত্রা, gr. v—xx

টিংচ্যুরা। অরিষ্ট। কাইনো ২, গ্লিসেরিন্ ৩, জল ৫, এল্‌কহল্ (শতকরা ৯০)—(১০এ এ১)। মাত্রা, ʒss—i

℞	পাল্‌ভ্ঃ কাইনো কোঃ	gr. x
	ইন্‌ফঃ ক্যাস্ক্ঃ	℥vi
	য়্যাকোয়া সিনেমোম্ঃ	℥ii
	সিরাপ্ঃ প্যাপেভার্ঃ	ʒi

মিঃ। পুরাতন আমাশয়ে দিবসে দুই বার।

Kino Eucalypti, কাইনো ইউকেলিপ্টাই। ইউকেলিপ্‌টাস্ কাইনো। বটানি বে কাইনো। বিবিধ প্রকার ইউকেলিপ্টাস্ বৃক্ষের কাণ্ড হইতে প্রাপ্ত নির্য্যাস্। মাত্রা, gr. v—xx

ক্রিয়াদি। সঙ্কোচক। উদরাময় ও আমাতিসার রোগে, এবং রক্তস্রাবে, গলা ও মাঢ়ী আদির শিথিলতায় ব্যবহার্য্য।

যে সকল প্রয়োগরূপ প্রস্তুত করিতে কাইনো ব্যবহৃত হয় সেই সকল প্রয়োগরূপ প্রস্তুত করিতে তৎপরিবর্ত্তে ইহা ব্যবহার করা যাইতে পারে।

Krameriæ Radix. ক্রামেরিয়ী রেডিক্স্। র‍্যাটানি রূট্। ক্রামেরিয়া ট্রায়াণ্ড্রা নামক বৃক্ষের শুষ্ক মূল। মাত্রা, gr. xx—lx

ক্রিয়া। প্রবল সঙ্কোচক, বলকারক।

আময়িক প্রয়োগ। পুরাতন উদরাময়; অপ্রবল রক্তস্রাব; শ্লেষ্মা-নিঃসরণ, যথা, রজোঽধিক, শ্বেতপ্রদর; শিথিলতা-সংযুক্ত গলক্ষতে কুল্যরূপে; সরলান্ত্র ও জরায়ু নির্গমনে পিচকারি; ভগন্দর; দন্তচূর্ণরূপে।

এক্‌ষ্ট্রাক্টাম্। সার। র‍্যাটানি ১৬, শীতল পরিস্রুত জল ৩০। মাত্রা, gr. v—xv

ইন্‌ফিউজাম্। ফান্ট্। র‍্যাটানি ১, স্ফুটিত পরিস্রুত জল ২০। মাত্রা, ℥ss—i

টিংচার্। অরিষ্ট। র‍্যাটানি, এল্‌কহল্ (শতকরা ৬০)—(৫ এ ১)। মাত্রা ʒss—i

লাইকর্, কন্‌সেণ্ট্রেটাস্। গাঢ় দ্রব। ক্রামারি, এল্‌কহল্ (শতকরা ২০)—২এ ১। মাত্রা, ʒss—i

ট্রোচিস্কাস্। চাক্তি। সার ১ গ্রেণ, ফ্রুট্ বেসিস্।

ট্রোচিস্কাস্ ক্রামারিয়ী এট্ কোকেয়িনী। সার ১ গ্রেণ, কোকেয়িন্ হাইড্রোক্লোরাইড্ $\frac{1}{20}$ গ্রেণ, ফ্রুট্ বেসিস্।

R	ইন্‌ফঃ ক্রামারিঃ	℥viss
	য়্যাসিড্ঃ সাল্‌ফ্ঃ ডিলঃ	℥ss
	সিরাপঃ মোরাই	℥i

মিঃ। কুল্য। তালু ও অলিজিহ্বার শিথিলতায়।

Laurocerasi Folia. লরোসিরেসাই ফোলিয়া। চেরি লরেল্ লীভস্।

প্রুনাস্ লরোসিরেসাস্ নামক বৃক্ষের সরস পত্র।

ক্রিয়াদি। অবসাদক ; হাইড্রোসিয়্যানিক্ য়্যাসিডের অনুরূপ।

য়্যাকোয়া লরোসিরেসাই। পরিস্রুত করিয়া প্রস্তুত। ইহার বিশ মিনিমে এক মিনিম্ হাইড্রোসিয়্যানিক্ এসিড্ আছে। মাত্রা, ʒss—ii

R	য়্যাকোয়া লরোসিরেসাই	℥iv
	ঈথারঃ	℥i
	একষ্ট্ঃ বেলাডোনঃ	ʒii

মিঃ। স্নায়ুশূল রোগে দ্রব বাহ্য প্রয়োগ।

Lavandulæ Oleum. ল্যাভাণ্ডিউলী, ওলিয়াম্। অয়িল্ অব্ ল্যাভাণ্ডার্।

ল্যাভাণ্ডিউলা ভিরা নামক বৃক্ষের পুষ্প হইতে চোয়ান তৈল। মাত্রা, ♏i—iv

ক্রিয়া। সুগন্ধ উত্তেজক ও বায়ুনাশক।

আময়িক প্রয়োগ। হিষ্টিরিয়া, হাইপোকণ্ড্রিয়েসিস্, এবং অন্যান্য স্নায়বীয় পীড়া ; উদরাধ্মান ও শূল-বেদনা ; এবং অন্যান্য ঔষধ সহযোগে।

স্পিরিটাস্ ল্যাভাণ্ডিউলী। অয়িল্ অব্ ল্যাভাণ্ডার্ ১, এল্‌কহল (শতকরা ৯০) যথাপ্রয়োজন।—(১০এ ১)। মাত্রা, ♏v—xx

টিংচ্যুরা ল্যাভাণ্ডিউলী কম্পোজিটা। অয়িল্ অব্ ল্যাভাণ্ডার্ ♏৯০, অয়িল্ অব্ রোজ্‌মেরি ♏১০, দারুচিনি gr. ১৫০, জায়ফল, gr. ১৫০, রক্তচন্দন কাষ্ঠ gr. ৩০০, এল্‌কহল (শতকরা ৯০) ℥৪০। মাত্রা ℥ss—i

---

Limon, লিমন্। জম্বীর। সাইট্রাস্ লিমোনাম্ নামক বৃক্ষের পক্ক ফল।

১। লিমোনিস্ কর্টেক্স। লেমন্ পীল্। সরসফলের বাহ্য ত্বক।

(যে স্থলে সরস ত্বক পাওয়া না যায় সে স্থলে কম্পাউণ্ড্ ইন্‌ফিউজন্ অব অরেঞ্জ পীল, কম্পাউণ্ড ইন্‌ফিউজন্ অব জেন্‌শিয়েন্, সিরাপ অব লেমন্ এবং টিংচার্ অব লেমন প্রস্তুত করিতে শুষ্কীকৃত লেমন্ পীল ব্যবহৃত হইতে পারে।)

ক্রিয়াদি। উত্তেজক, আগ্নেয় ও সুগন্ধ। অন্যান্য ঔষধের সুগন্ধ সম্পাদনার্থ, এবং বায়ুনাশ ও উত্তেজনার্থ ব্যবহৃত হয। বাহ্য প্রয়োগে উত্তেজক ও ফোস্কাকারক। অজীর্ণ রোগে উপকারক।

ওলিয়াম্ লিমোনিস্। সরস ত্বক্ হইতে চোয়ান তৈল। মাত্রা, ♏i—iv উত্তেজক ও বায়ুনাশক; বাহ্যপ্রয়োগ উত্তেজক ও ফোস্কাকারক।

সিরাপাস্। পাক। সরস জম্বীর ত্বক্ ১, এলকহল (শতকরা ৯০) যথা প্রয়োজন, জম্বীর রস ২৫, শোধিত শর্করা ৩৮। মাত্রা, ʒss—i

টিংচ্যুরা। অরিষ্ট। সরস জম্বীর ত্বক্, এলকহল (শতকরা ৯০)।—(৪এ ১)। মাত্রা, ʒss—i

২। সাক্কাস্ লিমোনিস্। লেমন্ জুস্। জম্বীর রস। পক্ক ফল হইতে নিষ্পীড়িত রস।

ক্রিয়াদি। শৈত্যকারক। স্কার্ভি, জরীয় ও প্রাদাহিক পীড়ায় দ্রব করিয়া পানীয় রূপে ব্যবহার্য্য। প্রবল বাতরোগে ॥০—১ পাইন্ট্ প্রত্যহ। মুক কণ্ডুয়ন, ও জরায়বীয় রক্তস্রাবে বাহ্যপ্রয়োগ।

Linum. লাইনাম্। লিন্‌সীড্। লাইনাম্ ইউসিটেটিসাম নামক বৃক্ষের পক্ক বীজ, শুষ্কীকৃত।

ক্রিয়া। স্নিগ্ধকারক ও শিথিলকারক।

আময়িক প্রয়োগ। সর্দ্দি, আমাশয়, মূত্রপিণ্ডের প্রদাহ, মূত্রমার্গের শ্লৈষ্মিক ঝিল্লির প্রাদাহিক পীড়া; কাস নিবারণার্থ। প্রাদাহিতে পুলটিস্ রূপে ব্যবহার্য্য।

লাইনাই কন্‌টিউসাম্। ক্রাস্‌ড্ লিন্‌সীড্। কুট্টিত তিসি। তিসি কুটিয়া স্থূল চূর্ণ করিয়া লইবে।

ওলিয়াম্। তৈল। (দগ্ধ ও ঝলসান স্থানে চূণের জলের সহিত প্রয়োজ্য):

℞	ইন্‌ফঃ লাইনাই	℥ivss
	টিং কার্ডঃ কোঃ	ʒiii
	য়্যাকোয়া ক্লোরঃ অর্যানশঃ	ʒix

মিঃ। ℥i দিবসে তিন বার। কাস রোগে স্নিগ্ধকারক।

লিথিয়াম্-ঘটিত ঔষধ সকল।

১। **Lithii Carbonas.** লিথিয়াই কার্বনাস্। কার্বনেট্ অব্ লিথিয়াম্। মাত্রা, gr. iii—vi

ক্রিয়া। পোটাসিয়াম্-ঘটিত এতদস্বরূপ লবণ সকলের ন্যায়। মূত্রকারক, প্রস্রাবে ক্ষারত্ব সম্পাদন করে; অম্লনাশক। লিথিয়াম্, ইউরিক্ য়্যাসিড্ সহযোগে লবণ প্রস্তুত করে, এবং ইউরেট্ অব্ লিথিয়াম্ দ্রবণীয়।

আময়িক প্রয়োগ। গাউট্, প্রস্রাবের অম্লতা, প্রস্রাবে ইউরিক্ য়্যাসিডের আধিক্য, ইউরিক্ য়্যাসিড্ অশ্মরী।

২। **Lithii Citras.** লিথিয়াই সাইট্রাস্। সাইট্রেট্ অব্ লিথিয়াম। মাত্রা, gr. v—x

ক্রিয়াদি। কার্বনেট্ অব্ লিথিয়ামের ন্যায়।

লিথিয়াই সাইট্রাস্ এফার্ভেসেন্স। মাত্রা, gr. lx—cxx

℞ লিথিয়াই কার্বনাস্ gr. x
য়্যাকোঃ ℥i।

মিঃ। গাউট্ জনিত প্রদাহগ্রস্ত স্থানে লিণ্ট্ ভিজাইয়া প্রয়োগ করিবে।

Lobelia. লোবিলিয়া। শুষ্ক লোবিলিয়া ইন্ফ্লেটা নামক পুষ্পিত ওষধি (শুষ্কীকৃত)।

ক্রিয়া। অল্প মাত্রায় আক্ষেপনিবারক, ঘর্ম্মকারক ও কফনিঃসারক। অধিক মাত্রায় বিরেচক ও বমনকারক। ইহার বমনকারক ক্রিয়া এত প্রবল ও শ্বাসক্রিয়ার উপর এরূপ কার্য্য করে যে, এতদর্থে ইহার প্রয়োগ নিতান্ত বিষম ফলোৎপাদক, মৃত্যু সম্ভব। অধিক মাত্রায় অবসাদক।

আময়িক প্রয়োগ। সাক্ষেপ শ্বাসকাস, সর্দ্দি, প্রবল ক্রুপ্, পুরাতন শ্বাসনলীপ্রদাহ, অন্যান্য মূত্রকারক ঔষধ সহযোগে।

বিষঘ্ন। উত্তেজক ঔষধ (বাহ্য ও আভ্যন্তরিক প্রয়োগ), ট্যানিক্ য়্যাসিড্, গ্যালিক য়্যাসিড্, চা।

টিংচ্যুরা লোবিলিয়া ঈথিরিয়া। লোবিলিয়া, স্পিরিট্ অব্ ঈথার্।—(৫ এ ১)। মাত্রা, ♏v—xv আক্ষেপ নিবারণার্থ।

℞ টিং লোবিলিঃ ঈথার্ ʒi

য়্যাকোয়া এনিথি	℥ii
য়্যাকোয়া	℥iv

মিঃ। ষষ্ঠাংশ মাত্রায় শ্বাসকাসে।

Lupulus. লাপ্যুলাস্। হপ্। হিউমিউলাস্ লাপ্যুলাস্ নামক লতার শুষ্কীকৃত পুষ্পগুচ্ছ। ইহাতে লাপ্যুলিন্ নামক বীর্য্য আছে। লাপ্যুলিন্ লাপ্যুলাস্ হইতে প্রাপ্ত গ্রন্থি বা রেণু। লাপ্যুলিনের মাত্রা, gr. ii—v

ক্রিয়া। বলকারক, আগ্নেয়, মাদক, নিদ্রাকারক, অবসাদক, কামনাশক।

আময়িক প্রয়োগ। অনিদ্রা, অন্যান্য স্নায়বীয় পীড়া, মূত্রযন্ত্র ও জননেন্দ্রিয়ের উগ্রতা। বেদনাযুক্ত অর্ব্বুদ বা স্ফীতিতে পুল্‌টিশ্ বা সেক্ রূপে।

ইন্‌ফিউজাম্। ফাণ্ট্। হপ্, স্ফুটিত পরিস্রুত জল।—(২০ এ ১)। মাত্রা, ℥—ii

টিংচ্যুরা। অরিষ্ট। হপ্, এল্‌কহল্ (শতকরা ৬০)।—(৫এ ১)। মাত্রা, ℨss—i

℞	লাপ্যুলিন্ঃ	gr. viii
	মিউসিল্ঃ	q. s.

মিঃ। দুই বটিকা প্রস্তুত করিবে। উন্মত্ততার অনিদ্রা প্রভৃতিতে শয়নকালে।

ম্যাগ্‌নিসিয়াম্ ধাতু-ঘটিত ঔষধ সকল।

১। **Magnesii Sulphus.** ম্যাগ্‌নিসিয়াই সাল্‌ফাস্। সাল্‌ফেট্ অব্ ম্যাগ্‌নিসিয়াম্। এপ্‌সম্ সল্ট্। ডলমাইট্ বা ম্যাগ্‌নেসাইট্ হইতে গন্ধক-দ্রাবকের ক্রিয়া দ্বারা প্রাপ্ত লবণ। মাত্রা, পুনঃ পুনঃ প্রয়োগের নিমিত্ত gr. xxx—cxx ; এক মাত্রা, ¼—½

ক্রিয়া। মৃদু বিরেচক ; উদরে বেদনা বা বিবমিষা উৎপাদন করে না। অল্প মাত্রায় মূত্রকারক।

আময়িক প্রয়োগ। উদরে শূল বেদনা, দুর্দ্দম কোষ্ঠ-কাঠিন্য, নানা প্রকার প্রাদাহিক পীড়া।

সোণামুখী আদি মিশ্র প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

ম্যাগ্নিসিয়াই সাল্ফাস্ এফার্ভেসেন্স্। এফার্ভেসেণ্ট্ এপ্সম্সণ্ট্।
মাত্রা, পুনঃ পুনঃ প্রয়োগের নিমিত্ত gr. ৬০—২৪০ ; এক মাত্রার নিমিত্ত ℥ ¼—i

---

২। **Magnesii Carbonas Ponderosa.** ম্যাগ্নিসিয়াই কার্বনাস্ পণ্ডারোসা। হেভি কার্বনেট্ অব্ ম্যাগনিসিয়াম্। সাল্ফেট্ অব্ ম্যাগ্নিসিয়ামের স্ফুটিত উগ্র জলীয় দ্রবকে বাই-কার্বনেট্ অব্ সোডিয়াম্ দ্রব সহ মিশ্রিত করিয়া উৎপাতিত করিয়া লইলে প্রস্তুত হয়। মাত্রা, gr. x—xx (অম্লনাশক); gr. xxx—lx (বিরেচক)।

ট্রোচিসাই বিস্মাথাই প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

ক্রিয়া। অম্লনাশক, পরিবর্ত্তক, মৃদু বিরেচক, লিথিক্ য়্যাসিড্ নাশক।

আময়িক প্রয়োগ। অজীর্ণ, বুকজ্বালা, বিবমিষা সহবর্ত্তী শিরঃপীড়া, গাউট্, অম্লরোগ সহবর্ত্তী বিবিধ পীড়া, কোষ্ঠ-কাঠিন্য, ইত্যাদি।

লাইকার্ ম্যাগ্নিসিয়াই কার্বনেটিস্। ফ্লুয়িড্ ম্যাগ্নিসিয়া। সদ্যঃ প্রস্তুত কার্বনেট্ অব্ ম্যাগ্নিসিয়াম্ ও পরিস্রুত জলের মিশ্র মধ্যে তিন বায়ু-সঙ্কাপের চাপে কার্বনিক্ য়্যাসিড্ বাষ্প প্রবিষ্ট করিয়া প্রস্তুত হয়। মাত্রা, ℥ i—ii

---

৩। **Magnesii Carbonas Levis,** ম্যাগ্নিসিয়াই কার্বনাস্ লেভিস্। লাইট্ কার্বনেট্ অব্ ম্যাগ্নিসিয়াম্। হেভি কার্বনেটের ন্যায় প্রস্তুত হয় ; প্রভেদ এই যে, সাল্ফেট্ অব্ ম্যাগ্নিসিয়ামের ক্ষীণ দ্রব হইতে শীতলাবস্থায় কার্বনেট্ অব্ সোডি-য়াম্ দ্বারা অধঃপাতিত করিয়া, ঐ অধঃপাতিত পদার্থকে স্ফুটিত জলে ধৌত করিয়া শুষ্ক করিয়া লইতে হয়। মাত্রা, gr. x—xx (অম্ল-নাশক); gr. xxx—lx (বিরেচক)।

ক্রিয়াদি। হেভি কার্বনেটের ন্যায়।

ভেপর্ ওলিয়াই পাইনাই সিল্ভেষ্ট্রিস্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

৪। **Magnesia Ponderosa.*** ম্যাগ্নিসিয়া পণ্ডারোসা।

হেভি ম্যাগ্‌নিসিয়া। হেভি ক্যাল্‌সিণ্ড্‌ ম্যাগ্‌নিসিয়া। কার্বনেট্‌ অব্‌ ম্যাগ্‌নিসিয়াম্‌কে উত্তপ্ত করিলে প্রস্তুত হয়। মাত্রা, gr. x—xx (অম্লনাশক ও পরিবর্ত্তক); gr. xx—lx (বিরেচক)।

ক্রিয়াদি। হেভি কার্বনেটের ন্যায়।

৫। Magnesia Levis, ম্যাগনেসিয়া লেভিস্‌। লাইট্‌ ম্যাগ্‌নিসিয়া। লাইট্‌ ক্যাল্‌সিণ্ড্‌ ম্যাগ্‌নিসিয়া। লাইট্‌ কার্বনেট্‌ অব্‌ ম্যাগ্‌নিসিয়াম্‌কে উত্তপ্ত করিয়া কার্বনিক্‌ য়্যাসিড্‌ গ্যাস্‌ নিরাকৃত করিয়া দিলে প্রস্তুত হয়। মাত্রা, gr. x—xx (অম্লনাশক); gr, xx—lx (বিরেচক)।

ক্রিয়াদি। পূর্ব্বোক্তের ন্যায়।

পাল্‌ভিস্‌ রিয়াই কম্পোজিটাস্‌ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

℞	ম্যাগ্‌নিস্‌ঃ সাল্‌ফ্‌ঃ	ʒii
	—কার্ব্‌ঃ	℈i
	সিরাপঃ জিঞ্জিবার্‌ঃ	ʒi
	য়্যাকোয়া এনিথাই	℥ii
মিঃ।	বিরেচক।	
℞	ম্যাগ্‌নিস্‌ঃ কার্বঃ	℈i
	টিং কার্ডঃ কোঃ	ʒii
	সিরাপ্‌ঃ	ʒii
	য়্যাকোয়া এনিথাই	℥ss

মিঃ। মাত্রা, ʒi। শিশুদিগের উদরে শূল বেদনায়।

Mel Depuratum. মেল ডেপ্যুরেটাম্‌। ক্ল্যারিফায়েড্‌ হনি। শোধিত মধু। মধুকে জলস্বেদন যন্ত্রোত্তাপে গলাইয়া উষ্ণ জলে সিক্ত ফ্ল্যানেল্‌ দিয়া ছাঁকিয়া লইবে।

ক্রিয়া। স্নিগ্ধকারক, পোষক ও মৃদু বিরেচক।

আময়িক প্রয়োগ। কাস রোগ; কুল্যার্থ; ফোটকোপরি সমানাংশ মধু ও ময়দার পুলটিশ্‌।

অক্‌সিমেল। শোধিত মধু ৮, সির্কাম্ল ১, পরিস্রুত জল ১। মাত্রা, ʒi—ii।

কুল্য এবং কফনিঃসারক ঔষধ সহযোগে, ও জ্বরীয় রোগে স্নিগ্ধকারক পানীয় প্রস্তুত করণার্থ ব্যবহৃত হয়।

মেল বোরাসিস্ ও অকসিমেল্ সিলী প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

Menthea Piperitæ Oleum. মেন্থী পিপারিটী, ওলিয়াম্। অয়িল্ অব পিপার্মিন্ট। সরস পুষ্পিত পিপার্মিণ্ট (মেন্থা পিপারিটা) হইতে চোয়ান তৈল, ♏ss—iii

ক্রিয়া। সুগন্ধ, উত্তেজক, বায়ুনাশক ও পচননিবারক।

আময়িক প্রয়োগ। বিবমিষা থাকিলে তন্নিবারণার্থ; পাকাশয়ে সাক্ষেপ বেদনা; বালকদিগের আধ্মান-সংযুক্ত শূল-বেদনা; অন্যান্য ঔষধের কদর্য্য আস্বাদ নিবারণার্থ; বিরেচক-ঔষধ-জনিত উদরের কামড়ানি নিবারণার্থ; মুখমণ্ডলের স্নায়ু-শূলে বাহ্য প্রয়োগ।

য়্যাকোয়া। পিপার্মিণ্ট্ তৈল, জল।—(১০০০এ ১)। মাত্রা, ℥i—ii

স্পিরিটাস্। পিপার্মিণ্ট্ তৈল ১, এল্‌কহল্ (শতকরা ৯০) যথাপ্রয়োজন।—(১০এ ১)। মাত্রা, ♏v—xx

℞ ওলিঃ মেন্থ্ঃ পিপ্ঃ ♏iii
ওলিঃ সিনেমমঃ ♏i
য়্যাকোয়া মেন্থ্ঃ পিপঃ ℥viii

মিঃ। দ্রুতাক্ষেপ সংযুক্ত হিক্কায় ℥ss মাত্রায় দুই ঘণ্টা অন্তর।

Menthæ Viridis, Oleum. মেন্থী ভিরিডিস্, ওলিয়াম্। অয়িল্ অব্ স্পিয়ার্মিণ্ট্। সরস পুষ্পিত, স্পিয়ার্মিণ্ট্ (মেন্থা ভিরিডিস্) হইতে চোয়ান তৈল। মাত্রা, ♏ss—iii

ক্রিয়াদি। পিপার্মিণ্ট তৈলের ন্যায়।

য়্যাকোয়া। স্পিয়ার্মিণ্ট তৈল, জল।—(১০০০এ ১)। মাত্রা, ℥i—ii

Menthol. মেন্থল। মেন্থা পিপারিটা, মেন্থা আর্ভেন্সিস্ ভার্ পাইপারেসেন্স্ ও গ্রেব্রেটা নামক সরস গুল্ম সকল হইতে চোয়ান তৈলকে শীতল করিয়া প্রাপ্ত ষ্টিয়েরপ্টিন্। মাত্রা, gr. ss—ii

ক্রিয়া। কফনিঃসারক, বায়ুনাশক, প্রবল পচননিবারক ও স্থানিক স্পর্শহারক।

আময়িক প্রয়োগ। স্নায়ুশূল, সায়েটিকা ও প্লুরোডিনিয়া রোগে বেদনাগ্রস্ত স্নায়ুর গতি অনুসরণে চর্ম্মোপরি মাখাইয়া দিলে বেদনা নিবারিত হয়। দন্তশূলে দন্ত-ক্ষত-

গহ্বর-মধ্যে, ও বিবিধ চর্ম্মরোগে পরাঙ্গপুষ্ট-কীট নাশার্থ। লেরিংক্স্ ও ট্রেকিয়ার টিউবার্ক্‌ল রোগে পিচকারি দ্বারা স্থানিক প্রয়োগ। যক্ষ্মারোগে শ্বাসরূপে, ও আভ্যন্তরিক প্রয়োগ।

এম্‌প্ল্যাষ্ট্রাম্ মেন্থল্। পলস্ত্রা। মেন্থল ১২, পীত মোম ১, ধুনা ৭২। মোম ও ধুনা দ্রব করিবে; মিশ্র শীতল হইবার কালে মেন্থল সংযোগ করিয়া আলোড়ন দ্বারা দ্রবীভূত করিয়া লইবে।

℞ মেন্থল্		ʒiii
ক্লোরোফর্ম্ঃ		ʒiv
ওলিঃ অলিভঃ	ad,	℥ii

মিঃ। শিরঃপীড়া, লাম্বেগো, স্নায়ুশূল, মস্তকের দদ্রু প্রভৃতি রোগে স্থানিক প্রয়োগ উপযোগী।

Mezerei Cortex, মেজিরিয়াই কর্টেক্স্। মেজিরিয়ন্ বার্ক্।

ডাফ্‌নি মেজিরিয়ন্ নামক বৃক্ষের বল্কল।

ক্রিয়া। বাহ্য প্রয়োগে প্রবল উগ্রতাসাধক; আভ্যন্তরিক প্রয়োগে ঘর্ম্মকারক, মূত্রকারক ও পরিবর্ত্তক।

আময়িক প্রয়োগ। বিবিধ চর্ম্মরোগ, উপদংশিক, বাতজ ও স্ক্রফিউলস্ পীড়ায় পূর্ব্বে ব্যবহৃত হইত। প্রত্যুগ্রতা সাধনার্থ স্থানিক প্রয়োগ হয়।

লাইকর্ সার্সী কম্পোজিটাস্ কন্‌সেণ্ট্রেটাস্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

Morrhuae, Oleum. ওলিয়াম্ মর্হুয়ী। কড্‌লিভার্ অয়িল্।

গ্যাডাস্ মর্হুয়া নামক মৎস্যের যকৃৎ হইতে প্রস্তুত তৈল।

মাত্রা, ʒi—iv

ক্রিয়া। স্নিগ্ধকারক ও পোষক। আহারের এক ঘণ্টা পরে সেব্য।

আময়িক প্রয়োগ। স্ক্রফিউলাস্ পীড়া, গ্রন্থি-স্ফীতি, সন্ধিবন্ধের পীড়া, টেবিজ্ মেসেণ্টেরিকা, রিকেট্‌স্, পুরাতন বাত; দীর্ঘকাল স্থায়ী পরিপাক-ক্ষীণতা; পুষ্টির হীনতা; যক্ষ্মা।

℞ ওলিঃ মর্হুয়ী	℥iss.
ক্রিয়েজোটাই	♏iv
পাল্‌ভঃ ট্রাগাকান্থঃ কোঃ	ʒii
অ্যাকোয়া এনিথাই	℥ivss

মিঃ। যক্ষ্মা প্রভৃতি রোগে ℥i মাত্রায় দিবসে তিন বার।

℞	ওলিঃ মর্হ্যুয়ী	℥vi
	ফেরি আইয়োডিডাই	gr. xii

মিঃ। মাত্রা, ℥ss—i। স্ক্রফিউলা ও কন্‌জাম্প্‌শন রোগে।

Moschus. মস্‌কাস্‌। মাস্ক্‌। মৃগনাভি। মস্কাস্‌ মস্কিফেরাস্‌ নামক মৃগবিশেষের লিঙ্গাবরণ-সন্নিকটে কোষমধ্যে জাত শুষ্ক সুগন্ধ পদার্থ। মাত্রা, gr. v—x

ক্রিয়া। উত্তেজক, আক্ষেপনিবারক।

আময়িক প্রয়োগ। টাইফাস্‌ ও টাইফয়িড্‌ জ্বরের অবসন্নাবস্থা; হিষ্টিরিয়া, মৃগী আদি আক্ষেপজনক পীড়া।

℞	মস্কাই	gr. xxiv
	পাল্‌ভ্‌ঃ ভেলিরিয়ানঃ	℈iss
	ক্যাম্ফোরী	gr xv
	কন্‌ফ্‌ঃ রোজী	q. s.

মিঃ। তিন বটিকায় বিভক্ত করিবে। এক এক বটিকা চারি ঘণ্টা অন্তর। আক্ষেপ-নিবারক।

Mylabris. মাইলেব্রিস্‌, টেলিনি ফ্লাই। তেলিনি মাছি। মাইলেব্রিস্‌ ফালেরেটা পোকা শুষ্কীকৃত।

ক্রিয়াদি। ক্যান্থারাইডিজের অনুরূপ।

এসিটাম্‌। মাইলেব্রিস্‌ ১, গ্লেসিয়াল্‌ এসেটিক্‌ এসিড্‌ ৫, জল ৫।

এম্‌প্ল্যাষ্ট্রাম্‌ ক্যালিফেসিয়েন্স্‌ মাইলেব্রিডিস্‌। এম্‌প্লাষ্ট্রাম্‌ ক্যালিফেশিয়েন্সের ন্যায়, ক্যান্থারিসের পরিবর্ত্তে মাইলেব্রিস্‌ ব্যবহার্য্য।

এম্‌প্লাষ্ট্রাম্‌ মাইলেব্রিডিস্‌। এম্‌প্লাষ্ট্রাম্‌ ক্যান্থারাইডিসের অনুরূপ; ক্যান্থারিসের পরিবর্ত্তে মাইলেব্রিস্‌ ব্যবহৃত হয়।

লাইকর্‌ এপিস্পাষ্টিকাস্‌ মাইলেব্রিডিস্‌। ২এ১। ক্যান্থেরিস্‌ দেখ। ক্যান্থেরিসের পরিবর্ত্তে মাইলেব্রিস্‌।

আঙ্গুয়েণ্টাম্‌ মাইলেব্রিডিস্‌। ক্যান্থারাইডিস্‌ অয়িণ্টমেণ্ট্‌ দেখ। ক্যান্থারিসের পরিবর্ত্তে মাইলেব্রিস্‌।

Myrobalanum. মাইরোব্যালেনাম্‌। মাইরোব্যালান্‌। হরিতকী। টার্মিনেলিয়া চেবুলা বৃক্ষের শুষ্কীকৃত অপক্ক ফল। মাত্রা, চূর্ণের ʒss—i

ক্রিয়াদি। সঙ্কোচক, আগ্নেয়, বায়ুনাশক, বলকারক, মৃদুবিরেচক, পরিবর্ত্তক। মাটীর শিথিলতা, দন্তশূল আদিতে মুখমধ্যে রাখিলে উপকার হয়। ইহার সঙ্কোচন ক্রিয়ার নিমিত্ত দ্রব ও পিচকারি রূপে ব্যবহৃত হয়। কোষ্ঠকাঠিন্য, উদরাময় আমাশয় আদি রোগে উপকারক।

আঙ্গুয়েণ্টাম্। মলম। ১ এবং বেঞ্জোয়েটেড্ লার্ড ৪।

আঙ্গুয়েণ্টাম্ মাইরোব্যালেনাই কাম্ ওপিয়ো। মলম ৯২৫, অহিফেন সূক্ষ্ম চূর্ণ ৭৫।

Myristica. মাইরিষ্টিকা। নাট্মেগ্। জায়ফল। মাইরিষ্টিকা ফ্রেগ্রান্স্ নামক বৃক্ষের বীজাভ্যন্তরীয় শুষ্কীকৃত শস্য। মাত্রা, gr. v—xv

ক্রিয়া। আগ্নেয়, উত্তেজক ও বায়ুনাশক, সুগন্ধ দ্রব্য।

আময়িক প্রয়োগ। রেউচিনি ও অন্যান্য ঔষধের গন্ধাস্বাদ আবরণার্থ।

পাল্ভিস্ ক্যাটেকিউ কম্পোজিটা, পাল্ভিস্ ক্রীটা এরোমাটিকাস্, স্পিরিটাস্ আমোরেসিয়া কম্পোজিটাস্ এবং টিংচ্যুরা লাভেণ্ডুলী কম্পোজিটাস্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

ওলিয়াম্। তৈল। জায়ফল হইতে চোয়ান তেল। মাত্রা, ♏ ss—iii

পাইলুলা এলোজ সকট্রাইনা, স্পিরিটাস্ এমোনী য়্যারোমাটিকাস্, টিংচ্যুরা গোয়েসাই এমোনিয়াটা এবং টিংচ্যুরা ভেলিরয়ানা এমোনিয়াটা প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

স্পিরিটাস্। জায়ফলের বায়ু তৈল ১, এল্কহল্ (শতকরা ৯০) যথাপ্রয়োজন (১০ এ ১)। মাত্রা, ♏ v—xx.

Myrrha মর্হা। মার্ গন্ধবোল। বাল্সামোডেণ্ড্রন্ মর্হা নামক বৃক্ষের কন্দ হইতে প্রাপ্ত গঁদ ও ধুনাযুক্ত নির্য্যাস। মাত্রা gr. x—xxx

ক্রিয়া। উত্তেজনকর বলকারক, আক্ষেপনিবারক।

আময়িক প্রয়োগ। শ্বাসকাস পুরাতন সর্দ্দি, পরিপাক-শক্তির ক্ষীণতা জনিত অজীর্ণ, ক্লোরোসিস্, রজোহল্পতা, পুরাতন শ্বাসনলী প্রদাহ। মুখমধ্যস্থ য়্যাফ্থাস্ ক্ষত, নাড়ীর পীড়া, ক্ষত আদিতে বাহ্য প্রয়োগ।

ডিক্টাম্ য়্যালোজ্ কম্পোজিটা, মিক্শ্চ্যুরা ফেরি কম্পোজিটা, পিল্ গ্যাল্বেনাই কম্পোজিটা এবং পিল্ রিয়ই কম্পোজিটা প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

টিংচ্যুরা। অরিষ্ট। মার্; এল্কহল্ (শতকরা ৯০) (৫এ১)। মাত্রা, ʒss—i

℞ মার্হী gr. vi

পাল্ভঃ ইপেকাক্ঃ gr. iii
পট্ঃ নাইট্রাট্ঃ ʒss
মিঃ। চারি পুরিয়ায় বিভক্ত করিবে। এক পুরিয়া চারি ঘণ্টা অন্তর। কফনিঃসারক।

Naphthol ন্যাফ্থাল্। বেটা ন্যাফ্থাল্।* মাত্রা, gr. iii—x

ক্রিয়াদি। প্রবল পচননিবারক ও সংক্রমাপহ। সোরায়েসিস্, স্কেবিজ, দক্র, পুরাতন একজিমা আদি চর্ম্মরোগে বাহ্য প্রয়োগ এবং অজীর্ণ, উদরাধ্মান, উদরাময়, আমাতিসার, রোগে আভ্যন্তর প্রয়োগ হয়।

Nitro-glycerine. নাইট্রো-গ্লিসেরিন্। ট্রাইনাইট্রিন্। গন্ধক-দ্রাবক ও যবক্ষার-দ্রাবকের মিশ্র বরফ দ্বারা শীতল রাখিয়া তাহাতে বিন্দু বিন্দু করিয়া গ্লিসেরিন্ সংযোগ করিবে। ইহা ব্রিটিশ্ ফার্মাকোপিয়ায় গৃহীত হয় নাই; কিন্তু ইহার নিম্নলিখিত প্রয়োগরূপ দুইটি ফার্মাকোপিয়া অনুমোদিত।

ক্রিয়াদি। নাইট্রাইট্ অব্ য্যামিলের ন্যায়, কিন্তু তদপেক্ষা ইহার ক্রিয়া স্থায়ী। এ্যাঞ্জাইনা পেক্টোরিস্, স্নায়ুশূল আদি রোগে উপকারক।

লাইকার্ ট্রিনিট্রাইনি। নাইট্রো-গ্লিসেরিন্ ১ গ্রেণ্, এল্কহল্ (শতকরা ৯০) ১০০ মিনিম। মাত্রা, ♏ss—ii

ট্যাবেলী ট্রিনিট্রাইনী। নাইট্রো-গ্লিসেরিন্ $\frac{1}{100}$ গ্রেণ্; চকোলেট্ ২½ গ্রেণ্। মাত্রা, ১—২ চাক্তি।

Nux Vomica নাক্স ভমিকা। কুঁচিলা। ষ্ট্রিক্নাস্ নাক্সভমিকা নামক বৃক্ষের বীজ। ইহার বীর্য্য সকলের মধ্যে ষ্ট্রিক্নাইন্ ও ব্রুসিন্ প্রধান। মাত্রা, gr-i—iii

ক্রিয়া। ইহার ক্রিয়া ইহার বীর্য্য ষ্ট্রিক্নাইনের উপর প্রধানতঃ নির্ভর করে। ষ্ট্রিক্নাইন্ পচননিবারক; ব্রুসিন্ স্থানিক স্পর্শহারক। নাক্স-ভমিকা অল্প মাত্রায় স্নায়বীয় বলকারক, এবং অন্ত্রের পেশীয় বৃত্তি উত্তেজিত করিয়া মৃদুবিরেচক; এ ভিন্ন, আগ্নেয় ও কামোদ্দীপক, অধিক মাত্রায় কশেরুকা-মজ্জার সঙ্কলন-বিধায়ক স্নায়ুদ্বারা সর্ব্বাঙ্গে ক্রিয়া দর্শায়, পেশী সকলের অনৈচ্ছিক সঙ্কোচ উপস্থিত করে। ইহা প্রবল বিষ। বিষ-মাত্রায় সবিরাম ধনুষ্টঙ্কারের ন্যায় লক্ষণ প্রকাশ পায়।

আময়িক প্রয়োগ। পাইরোসিস্ ও অন্যান্য প্রকার অজীর্ণ দুর্দ্দম কোষ্ঠ-কাঠিন্য; পক্ষাঘাত, তরুণ পীড়ায়-দৌর্ব্বল্য; হৃৎপিণ্ডের পীড়ায় ডিজিটেলিস্ অবিধেয় হইলে; প্রবল শ্বাসনলী-প্রদাহে শ্বাসপ্রশ্বাস ক্ষীণ ও অগভীর হইলে; হিষ্টিরিয়া, কোরিয়া ও আক্ষেপজনক পীড়া; স্নায়বীয় ক্ষীণতা-জনিত ধ্বজভঙ্গ।

বিষঘ্ন। সালফেট্ অব্ জিঙ্ক, মাষ্টার্ড, ইপেকাকুয়ানা, বা য়্যাপোমর্ফাইন্ দ্বারা বমনকরণ; জান্তব অঙ্গার; ব্রোমাইড্ অব পোটাসিয়াম্ বা ক্লোর‍্যাল; নাইট্রেট্ অব্ য়্যামিলের শ্বাস; ক্লোরোফর্ম বা ঈথারের শ্বাস; কুরারি হাইপোডার্মিক্ রূপে প্রয়োগ; মর্ফাইন্, য়্যাকোনাইট্, টোব্যাকো, ও ক্লোর‍্যাল্ আদি ষ্ট্রিক্নাইনের বিষঘ্ন।

এক্‌ষ্ট্রাক্টাম্। সার। তরল সার হইতে প্রস্তুত মাত্রা, gr.

এক্‌ষ্ট্রাক্টাম্ নিউসীস্ ভমিসী লিকুয়িডাম্। ১১০ মিনিমে ১½ গ্রেণ ষ্ট্রিক্নাইন্ আছে। মাত্রা, ♏i—iii

টিংচ্যুরা। অরিষ্ট। লিকুয়িড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ নাক্স ভমিকা ২ আউন্স্, পরিস্রুত জল ৩ আউন্স্, এল্‌কহল্ (শতকরা ৯০) ১২ আউন্স্ পূর্ণ করণার্থ যথাপ্রয়োজন মাত্রা, ♏v—xv (১১০ মিনিমে ½ গ্রেণ্ ষ্ট্রিক্নাইন্)।

ষ্ট্রিক্‌নাইনা। ষ্ট্রিক্‌নাইন্। কুঁচিলা হইতে প্রাপ্ত উপক্ষার বিশেষ। মাত্রা, gr. $\frac{1}{60}$—$\frac{1}{15}$

ষ্ট্রিক্নাইনী হাইড্রোক্লোরাইডাম্। মাত্রা, gr $\frac{1}{60}$—$\frac{1}{15}$

লাইকার্ ষ্ট্রিক্নাইনী হাইড্রো ক্লোরাইডাম্। লাইকর্ ষ্ট্রিক্নাইনী। ষ্ট্রিক্নাইন্ ১এল্‌কহল্ (শতকরা ৯০) পরিস্রুত জল। ১১০ মিনিমে ১ গ্রেণ্। মাত্রা, ii—viii

℞	টিং নিউসিস্ ভমিসী	ʒi
	য়্যাসিড্ঃ নাইট্রো-হাইড্রোক্লোরঃ ডিল্ঃ	ʒii
	স্পিঃ ক্লোরোফর্মঃ	ʒi
	ইন্‌ফ্ঃ জেন্‌শিয়েন্ঃ	ad. ℥vi

মিঃ। আধ্মান সংযুক্ত উদর-শূলে আহারান্তে ℥i মাত্রায় দিবসে তিন বার।

℞	ষ্ট্রিক্নাইনী	gr i
	কুইনাইন্ঃ সাল্‌ফ্ঃ	ʒss
	কন্‌ফ্ঃ রোজী গ্যালিসী	ʒi

মিঃ। দ্বাদশ বটিকা করিবে। মাত্রা এক বটিকা। পক্ষাঘাত রোগে পেশীয় বিধানের উত্তেজক।

Oleum, Olivæ. ওলিয়াম্ অলিভী। অলিভ অয়িল্। ওলিয়া ইউরোপিয়া নামক বৃক্ষের পক্ব ফল হইতে নিপীড়ন দ্বারা প্রাপ্ত তৈল। মাত্রা, ℥ss—i

ক্রিয়া। মৃদু বিরেচক, স্নিগ্ধকারক, পোষক, ও শিথিলকারক। মলম, মর্দ্দন ও পলস্ত্রা প্রস্তুত করিতে ব্যবহৃত হয়। পিত্তাশ্মরিতে অধিক মাত্রায় অনুমোদিত হইয়াছে।

এম্‌প্ল্যাষ্ট্রাম্ এমোনিয়েসাই কাম্ হাইড্রার্জ্জিরো, এম্প্ল্যাষ্ট্রাম্ হাইড্রার্জাইরাই, এম্‌প্ল্যাষ্ট্রাম্ পাইসিস্, এম্‌প্ল্যাষ্ট্রাম্ প্লাম্বাই, লিনিমেণ্টাম্ এমোনিয়ী, লিনিমেণ্টাম্ ক্যাল্‌সিস্ ক্যাম্ফোরী, সেপো ডিউরাস্, সেপো মেলিস্, আঙ্গুয়েণ্টাম্ ক্যাপ্‌সিসাই, আঙ্গুয়েণ্টাম্ হাইড্রার্জাইরাই কম্পোজিটাম্, আঙ্গুয়েণ্টাম্ হাইড্রার্জাইরাই নাইট্রেটিস্ ও আঙ্গুয়েণ্টাম্ রেজিনী প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

Oleum Pini. ওলিয়াম্ পাইনাই। অয়িল্ অব্ পাইন্। পাইনাস্ পিঁউথিলিয়েস্ত্রি সরস পত্র হইতে চুয়াইয়া প্রাপ্ত তৈল। মাত্রা, ♏ ss—iii

ক্রিয়াদি। চর্ম্মোপরি প্রয়োগ করিলে উত্তেজক ও উগ্রতাসাধক। পুরাতন বাত ও স্নায়ুশূল রোগে ইহার মর্দ্দন উপকারক। ইহার শ্বাস ব্রঙ্কাইটিস্, থাইসিস্ আদি রোগে শ্বাসমার্গের উত্তেজক ও পচননিবারক হইয়া উপকার করে। ব্রঙ্কাইটিস্ আদি রোগে ইহার আভ্যন্তরিক প্রয়োগ হয়।

Oliyeri Cortex. অলিভেরাই কর্টেক্স্। অলিভার বার্ক্। সিনেমোমাম্ অলিভেরাই বৃক্ষের শুষ্কীকৃত বল্কল।

ক্রিয়া। আগ্নেয়, বায়ুনাশক, উত্তেজক ও বলকারক।

টিংচ্যুরা। অরিষ্ট। বল্কল ১ এল্‌কহল্ (শতকরা ৬০) ১০। মাত্রা, ʒss—i

---

Opium. ওপিয়াম্। অহিফেন। প্যাপেভার্ সম্‌নিফেরাম্ নামক ওষধির অপক্ক ফল বা ঢেঁড়িকে অল্প অল্প চিরিয়া দিলে যে রস নির্গত হয়, তদ্‌ঘনীভূত। অহিফেনে অনেকগুলি উপক্ষার, অম্ল, প্রভৃতি আছে, তন্মধ্যে মর্ফাইন্, কোডেইন্ ও থেবেয়িন্ এবং মেকনিক্ য়্যাসিড্ প্রধান। মাত্রা, gr-ss—ii

ক্রিয়া। বেদনা নিবারক; নিদ্রাকারক; রসনিঃসরণ রোধক, অথচ স্বেদজনক আক্ষেপ নিবারক; রক্ত-সঞ্চালন যন্ত্রের ও স্নায়ুমণ্ডলের উত্তেজক; মাদক। অল্প মাত্রায় প্রথমতঃ মানসিক উত্তেজনা, নাড়ীর দ্রুতত্ব ও গাত্রের উত্তাপ বৃদ্ধি; শ্বাস-প্রশ্বাসের দ্রুতত্ব হ্রাস; পরে তন্দ্রা, গভীর নিদ্রা ও ঘর্ম্ম। নিদ্রাভঙ্গে মস্তকে বেদনা, বিবমিষা, ক্ষুধামান্দ্য, তৃষ্ণা, ও কোষ্ঠকাঠিন্য। অত্যন্ত অধিক মাত্রায় বিষম মাদক বিষ। কনীনিকা কুঞ্চিত হয়। বালক ও শিশুদিগকে বিশেষ সাবধানে প্রয়োজ্য।

আময়িক প্রয়োগ। প্রদাহ, জ্বর (টাইফয়িড্, টাইফাস্, সবিরাম, হে ফিভার্, বসন্ত); স্নায়বীয় পীড়া (উন্মাদ, মদাত্যয়, মৃগী, ধনুষ্টঙ্কার, সায়েটিকা); ফুস্‌ফুস্ ও

বক্ষঃগহ্বর সম্বন্ধীয় পীড়া (ফুস্‌ফুস্ প্রদাহ, যক্ষ্মা, শ্বাসকাস, শ্বাসনলীপ্রদাহ জনিত বা অন্যান্য প্রকার কাস, প্লুরোডিনিয়া, তরুণ ফুস্‌ফুসাবরণপ্রদাহ), উদর-গহ্বরীয় যন্ত্রের বিবিধ পীড়া (অন্ত্রাবরণ প্রদাহ, উদরী, পাকাশয়ে ক্ষত, শূল, আক্ষেপিক পীড়া, স্নায়বীয় ও সমবেদক বমন, বিসূচিকা, যকৃৎ প্রদাহ, দুর্দ্দম কোষ্ঠকাঠিন্য) ; শ্লৈষ্মিক নিঃসরণ (কোরাইজা, ইনফ্লুয়েঞ্জা, পাকাশয়ের ক্যাটার্, উদরাময়, আমাশয়, প্রমেহ শ্বেতপ্রদর), মূত্রযন্ত্রের পীড়া (মূত্রপিণ্ডের প্রদাহ ও উগ্রতা, মূত্রাশয়প্রদাহ, আক্ষেপ, সংযুক্ত মূত্রনলী অবরোধ, তরুণ অণ্ডপ্রদাহ) ; অশ্মরী সম্বন্ধীয় পীড়া (মূত্রনলী অবরোধ, তরুণ অণ্ডপ্রদাহ) ; অশ্মরী সম্বন্ধীয় পীড়া (মূত্রগ্রন্থি, মূত্রাশয়, পিত্তাশয়, বা অন্ত্রমধ্যে উৎপন্ন) ; জরায়বীয় ও অন্যান্য প্রকার রোগ (রজোহল্পতা, রজঃকৃচ্ছ্র, স্নায়ুশূল, গর্ভস্রাবের উপক্রম, রক্তস্রাব, প্ল্যাসেণ্টা প্রিভিয়া, দুর্ব্বল রোগীর প্রসবান্ত-ক্রতাক্ষেপ, প্রসবান্তজ্বর, ফ্লেগ্‌মেশিয়া ডোলেন্স্) ; আভ্যন্তরিক রক্তস্রাব ; চক্ষু, কর্ণ ও গলনলীর পীড়া ; অস্ত্র-চিকিৎসা সম্বন্ধীয় পীড়া (স্থানিক নিৰ্জ্জীবন, কার্বাঙ্কল, পুরাতন ক্ষত, অন্ত্রবৃদ্ধি আবদ্ধ) ; কর্কটিকা ; উপদংশ ; গাউট্ ; বাত, মধুমূত্র।

নিষেধ। রক্তাধিক ব্যক্তির শরীরে প্রবল তরুণ প্রদাহ ; কনীনিকা-আকুঞ্চন সহযোগী জ্বর ও অন্যান্য পীড়া ; রক্তসংগ্রহসংযুক্ত মস্তিষ্কের পীড়া ; ফুস্‌ফুসীয় পীড়ায় শুষ্ক কাস ও স্বল্প কফনিঃসরণ থাকিলে ; ফুস্‌ফুসীয় শ্লৈষ্মিক ঝিল্লির পীড়ায় স্রাবণাধিক্য থাকিলে ; শিরামধ্যে রক্তসংগ্রহ আছে এরূপ আশঙ্কা থাকিলে ; যে সকল রোগে প্রস্রাব রক্তবর্ণ ও উহার পরিমাণ অল্প ; গর্ভাবস্থা, হৃৎপিণ্ডেরপীড়া।

বিষঘ্ন। ষ্টমাক্ পাম্প্ প্রয়োগ ; সাল্‌ফেট্ অব্ জিঙ্ক্ দ্বারা বমন ; পার্‌ম্যাঙ্গানেট্ অব্ পোটাসিয়াম্ আভ্যন্তরিক প্রয়োগ ; রোগীকে পরিভ্রমণ করাইয়া জাগরিত রাখন ; বমন করাইবার পর মুখমণ্ডলে ও বক্ষে জলের ছাট ; গল্‌নাটের ক্বাথ্, পরে ব্র্যাণ্ডি ও কফী। ষ্ট্রিক্‌নাইন্, য়্যাট্রোপিন্, হাইপোডার্মিক্‌রূপে। নিষ্ফল হইলে কৃত্রিম শ্বাসক্রিয়া।

অহিফেনের মাদক ক্রিয়া ইহার উপক্ষার মর্ফিয়ার উপরই অধিকাংশ নির্ভর করে ; অহিফেনের ন্যায় মর্ফিয়া দ্বারা শিরঃপীড়া বা বিবমিষা উৎপন্ন হয় না।

এম্‌প্ল্যাষ্ট্রাম্। পলস্ত্রা। অহিফেন, রজন পলস্ত্রা।—১০এ১)।

একস্ট্রাক্টাম্। সার। অহিফেন পরিস্রুত জল।—(২এ১)। মাত্রা, gr. ss—i

একস্ট্রাক্টাম্ লিকুইডাম্। তরল সার। অহিফেনের সার ½ পরিস্রুত জল ১৬ এল্‌কহল্ (শতকরা ৯০) ৪।—(২০তে ১ গ্রেন)। মাত্রা, m, v—xxx

লিনিমেণ্টাম্। মর্দ্দন। অহিফেনের অরিষ্ট ১, সাবান মর্দ্দন ১।

পাইল্যুলা সেপোনিস্ কম্পোজিটা। পাইল্যুলা ওপিয়াই। অহিফেন ½, হার্ড সাবান ১½, সিরাপ্ অব্ গ্লুকোজ্ ½ (৫এ১ অহিফেন চূর্ণ)। মাত্রা, gr. ii—iv

পাল্‌ভিস কম্পোজিটা। অহিফেনাদি চূর্ণ। অহিফেন চূর্ণ ৩, কৃষ্ণ মরিচ ৪ শুণ্ঠী ১০, বিলাতি জিরা ১২, ট্রাগাকান্থ ১।—(১০এ১)। মাত্রা, gr. ii—x

টিংচ্যুরা। অরিষ্ট। লডেনাম্। অহিফেন, এল্‌কহল্. (শতকরা ৯০) —(১৪৪/৫ মিনিমে ১ গ্রেণ.)। মাত্রা, mv—xxx

টিংচ্যুরা এমোনিয়াটা। স্কচ্ প্যারেগরিক্। অহিফেনের অরিষ্ট ৩ আউন্স্, বেঞ্জোয়িক্ য়্যাসিড্ ১৮০ গ্রেণ, অয়িল্ অব্ এনিস্ ৬০ মিনিম্, য়্যামোনিয়ার উগ্র দ্রব ৪ আউন্স, য়্যাল্‌কহল্ (শতকরা ৯০) ১৬ আউন্স্।—(৯৬ মিনিমে ১ গ্রেণ অহিফেন)। মাত্রা, ʒss—i

অহিফেন ঘটিত অন্যান্য প্রয়োগরূপ।

পাইল্যুলা ইপেকাকুয়ানী কাম্ সিলা।—(প্রায় ২০এ ১)। মাত্রা, gr. iv—viii

পাইল্যুলা প্লাম্বাই কাম্ ওপিয়ো।—(৮এ ১)। মাত্রা, gr. ii—iv

পাল্‌ভিস্ ক্রিটী য়্যারোম্যাটিকাস্ কাম্ ওপিয়ো।—(৪০এ ১)। মাত্রা, gr. x—xl

পাল্‌ভিস্ ইপেকাকুয়ানী কম্পোজিটাস্।—(১০এ ১)। মাত্রা, gr. v—x

পাল্‌ভিস্ কাইনো কম্পোজিটাস্।—(২০এ১)। মাত্রা, gr v—xx

সাপোজিটোরিয়া প্লাম্বাই কম্পোজিটা।—(প্রত্যেক ১ গ্রেণ্)।

টিংচ্যুরা ক্যাম্ফোরী কম্পোজিটা।—(২৪০এ১)। মাত্রা, ʒss—i

আঙ্গুয়েণ্টাম্ গ্যালী কাম্ ওপিয়ো।—(১৪৪/৫ এ ১)।

স্মরণ রাখা কর্ত্তব্য যে,—

একষ্ট্রাক্টাম্ ওপিয়াই হইতে নিম্নলিখিত প্রয়োগরূপ সকল প্রস্তুত হয়,—একষ্ট্রাক্টাম্ ওপিয়াই লিকুইডাম্, ট্রোচিসাই ওপিয়াই এবং ভাইনাম্ ওপিয়াই।

পাল্‌ভিস্ ইপেকাকুয়ানী কম্পোজিটাস্ হইতে পাইল্যুলা ইপেকাকুয়ানী কাম্ সিলা প্রস্তুত হয়।

টিংচ্যুরাওপিয়াই হইতে লিনিমেণ্টাম্ ওপিয়াই ও টিংচ্যুরা ওপিয়াই এমোনিয়েটা প্রস্তুত হয়।

মর্ফাইন্-ঘটিত ঔষধ সকল।

মর্ফাইনী য়্যাসিটাস্। য়্যাসিটেট্ অব্ মর্ফাইন্। হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইন্, য়্যামোনিয়া দ্রব, য়্যাসেটিক্ য়্যাসিড্, পরিস্রুত জল; ক্লোরাইড্ অব্ য়্যামোনিয়াম্ নির্ম্মিত হয়, ও মর্ফাইনের সহিত য়্যাসেটিক্ য়্যাসিড্ সম্মিলিত হয়। দ্রব উৎপাতিত করিয়া লইতে হয়। মাত্রা, gr $\frac{1}{8}$—ss

লাইকার্ মর্ফাইনী য়্যাসিটেটিস্। য়্যাসিটেট্ অব্ মর্ফাইন্ ১৭২ গ্রেণ, ডাই-

লিউটেড, য়্যাসেটিক্ য়্যাসিড, ৩৮ মিনিম্, পরিস্রুত জল যথাপ্রয়োজন।—(১০০ তে ১)। মাত্রা, ♏x—lx

মর্ফাইনী হাইড্রোক্লোরাইডাম্। মর্ফাইন্ হাইড্রোক্লোরাইড্। এল্‌কহল্ (শতকরা ৯০) ১ আউন্স, মাত্রা, gr. ⅛—⅓

লাইকার্ মর্ফাইনী হাইড্রোক্লোরাইডাইস্। হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইন্ ১৭½ গ্রেণ্, ডাইলিউটেড হাইড্রোক্লোরিক্ য়্যাসিড্, ৩৮ মিনিম্, এল্‌কহল্ (শতকরা ৯০) ১ আউন্স্, জল যথাপ্রয়োজন, (১০০ তে ১)। মাত্রা, ♏x—lx

সাপোজিটোরিয়া মর্ফাইনী। হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইন্ ½ গ্রেণ্, অয়িল্ অব্ থিয়োব্রোমা যথাপ্রয়োজন।

টিংচ্যুরা ক্লোরোফর্মাই এট্ মর্ফাইনী কম্পোজিটা। (ক্লোরোফর্ম্ দেখ) মাত্রা, ♏v—xv

ট্রোচিস্কাস্ মর্ফাইনী। হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইন্ $\frac{1}{36}$ গ্রেণ্; টোল্যু বেসিস্ সহযোগে চাক্তি প্রস্তুত হয়। মাত্রা, ১—৬ চাক্তি।

ট্রোচিস্কাস্ মর্ফাইনী এট্ ইপেকাকুয়ানী। প্রতি চাক্তিতে $\frac{1}{36}$ গ্রেণ্ হাইড্রোক্লোরেট্, অব্ মর্ফাইন্ ও $\frac{1}{12}$ গ্রেণ্ ইপেকাকুয়ানা আছে। টোল্যু বেসিস্ সহযোগে প্রস্তুত। মাত্রা, ১—৬ চাক্তি (মধ্যে মধ্যে ১২ চাক্তি)।

মর্ফাইনী টার্ট্রাস্। লাইকর্ মর্ফাইনী টার্ট্রেটিস্। মর্ফাইন্ টার্ট্রেট্ ১৭½ গ্রেণ্, এল্‌কহল্ (শতকরা ৯০) ১ আউন্স্, পরিস্রুত জল ৪ আউন্স্ পূর্ণ করণার্থ যথাপ্রয়োজন। মাত্রা, ♏ —lx

ইঞ্জেক্‌শিয়ো মর্ফাইনী হাইপোডার্মিকা। মর্ফাইন্ টার্ট্রেট্ ৫০ গ্রেণ্, পরিস্রুত জল, ১১০০ মিনিম্ পূর্ণ করণার্থ যথাপ্রয়োজন। মাত্রা, ♏ii—iv

কোডেয়িনা। কোডেয়িন্। অহিফেন হইতে প্রাপ্ত উপক্ষার বিশেষ। মধুমূত্র রোগে এবং কষ্টকর কাশে বিশেষ ফলপ্রদ। মাত্রা, gr. ¼—ii

কোডেয়িনী ফস্ফাস্। কোডেয়িন্ ফস্ফেট্। সিরাপাস্ কোডেয়িনী। কোডেয়িন্ ফস্ফেট্ ৪০ গ্রেণ্, পরিস্রুত জল ½ আউন্স্, সিরাপ্ ১৯½ আউন্স্। মাত্রা, ʒss—ii

ক্রিয়াদি। ইহা দ্বারা কশেরুকা-মজ্জা উত্তেজিত হয়। মধুমেহ (ডায়েবিটিস্) রোগে পুরাতন লেরিঞ্জাইটিস্ রোগে ব্যবহৃত হয়। ঔদরীয় বেদনা নিবারণার্থ বিশেষ উপযোগী।

℞	পাল্‌ভ্: ওপিয়াই	gr. iv
	পট্: নাইট্রাটিঃ	
	শ্যাক্: ল্যাকটিস্	ana ʒiss

সিঃ। ছয় পুরিয়া করিবে। আক্ষেপ-নিবারক।

℞	টিং ওপিয়াই	♏xxv
	স্পিঃ ঈথার্:	♏xxx
	সিরাপ্ টোলু:	ʒiss

	হ্যাকোয়া ক্যাম্ফ্ঃ	℥i
মিঃ।	বেদনা-নিবারক।	
℞	টিং ওপিয়াই হ্যামোনিয়েটা	℥ss
	টিং ল্যাভেণ্ডিঃ কোঃ	ʒss
	সিরাপ্ সিলী	℥ii
	হ্যাকোয়া মেন্থ্ঃ পিপ্ঃ	℥ii
	সিরাপ্ঃ	℥i
মিঃ।	মাত্রা ʒss, দিবসে তিন বার; কফমিশ্র।	
℞	মর্ফী হাইড্রোক্লোর্ঃ	gr i
	হ্যাসিড্ঃ হাইড্রোক্লোর্ঃ ডিলঃ	ʒss
	——হাইড্রোসিয়্যান্ঃ ডিলঃ	♏v
	সিরাপঃ সিলী	℥i
	হ্যাকোয়া	℥i
মিঃ।	যক্ষ্মা রোগে প্রবল কাস হইলে ʒi মাত্রায়।	
℞	লাইকার্ মর্ফী হাইড্রোক্লোর্ঃ	♏xxx
	সিরাপঃ লেমনঃ	ʒi
	হ্যাকোয়া ক্যাম্ফঃ	℥i
মি।	নিদ্রাকারক।	

Pancreatis Liquor. প্যাঙ্ক্রয়েটিস্ লাইকার্। প্যাঙ্ক্রয়েটিক্ সোল্যুশন্। শূকরের টাট্কা প্যাঙ্ক্রয়াসের জীর্ণকারক বীর্য্য সংযুক্ত তরল প্রয়োগরূপ। মাত্রা, ʒi—ii

ক্রিয়াদি। অজীর্ণ, উদরাময়, পাকাশয় প্রসারাদি রোগে যে সকল স্থলে ভুক্ত দ্রব্য পরিপাক পায় না, সেই সকল আহার দ্রব্য কৃত্রিম উপায়ে জীর্ণ করিয়া লইবার নিমিত্ত ব্যবহৃত হয়।

Papaveris Capsulæ. প্যাপেভারিস্ ক্যাপ্সিউলী। পপি ক্যাপ্সিউল্স্। পোস্তের ঢেঁড়ি। প্যাপেভার্ সম্নিফেরাম্ নামক বৃক্ষের পক্ক ঢেঁড়ি, শুষ্কীকৃত।

ক্রিয়াদি। অহিফেনের ন্যায় কিন্তু অপেক্ষাকৃত মৃদু। ঢেঁড়ির ক্বাথ প্রস্তুত করিয়া বেদনা নিবারণার্থ স্থানিক সেক দেওয়া যায়।

Paraffinum Durum, প্যারাফিনাম্ ডিউরাম্। হার্ড প্যারাফিন্। প্যারাফিন্। প্রস্তর বিশেষ (শেল্) হইতে চুয়াইয়া, তরল তৈল শৈত্য ও সঙ্কাপ দ্বারা পৃথগ্‌ভূত করতঃ, কঠিন পদার্থ বিশুদ্ধীকৃত করিয়া লইলে প্রাপ্ত হওয়া যায়।

ব্রিটিশ্ ফার্মাকোপিয়ায় আঙ্গুয়েন্টাম্ প্যারাফিনাই, ক্রিয়োজোটাই, এবং ইউকেলিপ্টাই ও প্রস্তুত কসিতে ব্যবহৃত হয়।

Paraffinum Molle. প্যারাফিনাম্ মোলি। সফ্‌ট্ প্যারাফিন্। পেট্রোলিয়েটাম্। পেট্রোলিয়ামের অপেক্ষাকৃত স্বল্প বায়ী অংশ বিশুদ্ধীকৃত করিয়া সচরাচর প্রাপ্ত হওয়া যায়।

আঙ্গুয়েণ্টাম্। মলম। হার্ড্ প্যারাফিন্ ৩, সফ্‌ট্ প্যারাফিন্ ৭।

বিবিধ মলম প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

Paraffinum Liquidum. প্যারাফিনাম্ লিকুয়িডাম্। লিকুয়িড্ প্যারাফিন্। পেট্রোলিয়াম্ হইতে, চুয়াইয়া অপেক্ষাকৃত বায়ী পদার্থ নির্গত করিয়া দিবার পর, প্রাপ্ত স্বচ্ছ তৈলবৎ পদার্থ।

ক্রিয়াদি। মলম প্রস্তুত করিতে এবং একজিমা, সোরায়েসিস্ আদি রোগে ব্যবহৃত হয়।

Paraldehydum. প্যারালডিহাইডাম্। প্যারালডিহাইড্। বিবিধ অম্ল বা লবণ দ্বারা য়্যাল্‌ডিহিডের বিবিধ রূঢ় পদার্থের পারিমাণিক পরিবর্ত্তন-(পলিমারিজেশন্) জনিত পদার্থ বিশেষ।

মাত্রা, ʒss—ii

ক্রিয়াদি। নিদ্রাকারক। ইহা দ্বারা সুখদ নিদ্রা উৎপাদিত হয়। ইহা দ্বারা হৃৎ-ক্রিয়ার অবসাদ হয় না, বরং হৃৎ-ক্রিয়ার বল বৃদ্ধি পায়। ইহা দ্বারা প্রস্রাব বৃদ্ধি পায়। ম্যানিয়া (উগ্রোন্মাদ), বিমর্ষোন্মাদ ও অনিদ্রা সহবর্ত্তী অন্যান্য বিবিধ স্নায়বীয় পীড়ায় বিশেষ উপযোগী। প্যারাল্‌ডিহাইড্ ফুস্‌ফুস্ দ্বারা দেহ হইতে নির্গত হইয়া যায়। সাক্ষেপ শ্বাসকাসে ব্যবহৃত হইয়াছে।

Pareiræ Radix. প্যারেরী রেডিক্স্। প্যারেরা রূট্। কন্‌ড্রোডেণ্ড্রন্ টোমেণ্টোসাম্ নামক বৃক্ষের শুষ্কীকৃত মূল।

ক্রিয়া। স্নিগ্ধকারক, বলকারক ও মূত্রকারক।

আময়িক প্রয়োগ। মূত্রপিণ্ড, ও মূত্রাশয়ের পুরাতন প্রদাহ, ক্ষত ও অশ্মরীসংযুক্ত পীড়া; মূত্রাশয় হইতে অধিক শ্লেষ্মা নিঃসরণ দমনার্থ; প্রমেহ, শ্বেতপ্রদর।

একৃষ্ট্রাক্টাম্ লিকুইডাম্। তরল সার। মাত্রা, ʒss—ii

℞		
	একষ্ট্রঃ প্যারেরা লিকুয়িঃ	ʒviii
	য়্যাসিড্ঃ নাইট্রিক্ঃ ডিল্ঃ	♏xl
	টিং হাইয়োসাইঃ	ʒii

মিঃ। মাত্রা, ʒi জল সহযোগে; মূত্রাশয়ের পুরাতন প্রদাহে প্রস্রাবে ফস্ফেট্ থাকিলে।

Pepsinum. পেপসিনাম্। পেপ্‌সিন্। গাভী বৎস, মেষ ও শূকরের পাকাশয় হইতে প্রাপ্ত পদার্থ-বিশেষ। মাত্রা, gr, v—x

ক্রিয়া। আগ্নেয়; পরিপাক সহায়তা করে।

আময়িক প্রয়োগ। দৌর্ব্বল্য, রক্তাল্পতা, ক্লোরোসিস্, অজীর্ণ, গর্ভাবস্থার বমন ইত্যাদি। দুষ্ট ক্ষত, প্রমেহ, ডিফ থিরিয়া আদিতে স্থানিক প্রয়োগ।

℞		
	পেপ্‌সিন্	gr. ii
	ফেরি রিড্যাক্টাই	gr i
	জিঙ্কাই ভেলিরিয়ানী	gr. i

মিঃ। বটিকা প্রস্তুত করিবে। য়্যামিনোরিয়া রোগে ১ বটিকা দিবসে দুইবার।

Phenacetinum. ফেনাসেটিনাম্। ফেনাসেটিন্। ফেনল্ হইতে প্রাপ্ত প্যারা-ফেনেটিডিনের উপর গ্লেসিয়্যাল্ য়্যাসেটিক্ য়্যাসিডের ক্রিয়া দ্বারা উৎপন্ন দানাময় পদার্থ। মাত্রা, gr, v—x

ক্রিয়া। জ্বরঘ্ন ও বেদনাহারক। সুস্থ ব্যক্তির দেহের উত্তাপ ইহা দ্বারা হ্রাস হয় না, কিন্তু জ্বরীয় উত্তাপের উপর ইহা বিশেষ ক্রিয়া দর্শায়। জ্বরে সেবন করিলে শরীরের উত্তাপ ক্রমশঃ হ্রাস হয়, ও পরে ইহার ক্রিয়া পর্য্যবসিত হইলে উত্তাপ ক্রমশঃ বৃদ্ধি পায়। ইহা দ্বারা বিবমিষা জন্মে না। ফলতঃ ইহার ক্রিয়া য়্যান্টিপাইরিনের ন্যায়, কিন্তু ইহা অপেক্ষাকৃত কম অবসাদক।

আময়িক প্রয়োগ। জ্বর, ইন্‌ফ্লুয়েঞ্জা, হুপিংকফ্, শিরঃপীড়া, স্নায়ুশূল, ইত্যাদি।

℞ ফেনাসেটিন্ঃ gr. ii
কুইনাইনঃ সাল্‌ফ্ঃ gr. i
মিঃ। এক পুরিয়া। হুপিংকফ রোগে চারি ঘণ্টা অন্তর।

Phenazonum. ফেনাজোনাম্। ফেনাজোন্। (য়্যাণ্টিপাইরিন্ দেখ)।

Phosphorus. ফস্ফরাস্। অস্থি হইতে প্রাপ্ত অধাতব পদার্থ। মাত্রা, gr. $\frac{1}{100}$—$\frac{1}{20}$ (বটিকাকারে)।

ক্রিয়া। অধিক মাত্রায় প্রবল দাহক বিষ। অতি অল্প মাত্রায় স্নায়বীয় বলকারক ও উত্তেজক। বাহ্য প্রয়োগে ফোস্কাকারক। ইহার ধূম আঘ্রাণ করিলে নাসাভ্যন্তর, শ্বাসমার্গ ও চক্ষুর উগ্রতা জন্মে, এবং হনু-অস্থির নিক্রোসিস্ বা নির্জ্জীবন উপস্থিত হয়।

আময়িক প্রয়োগ। স্নায়বীয় দৌর্ব্বল্য, পক্ষাঘাত, মৃগী, কোরিয়া, পারদজনিত কম্প, রক্তাল্পতা, লোকোমোটর, যক্ষ্মা, গাউট্, বাত। বিবিধ চর্ম্মরোগে ও পক্ষাঘাতগ্রস্ত স্থানে বাহ্য প্রয়োগ।

ওলিয়াম্ ফস্ফরেটাম্। ফস্ফরাস্, বাদামের তৈল।—(প্রায় ১০০তে ১)। মাত্রা, ♏ v—x

পাইল্যুলা ফস্ফরাই। ফস্ফরাস্ ১০ গ্রেণ, শ্বেত মোম ১২৫ গ্রেণ, লার্ড ১২৫ গ্রেণ, কেয়োলিন্ ১১৫ গ্রেণ, কার্বন্ বাইসালফাইড্ ৩৩ মিনিম্ বা যথাপ্রয়োজন। (৫০এ ১)—মাত্রা, gr. i—ii

℞ ফস্ফরাই gr. iii
ওলিঃ ক্যারিয়োফিলাই ♏ xii
পালভ্ঃ গ্লাইসিরঃ q. s.
মিঃ। ১২০ বটিকা করিবে। এক এক বটিকা দিবসে দুই বার। ল্যুপাস্, দুর্দ্দম আঁইশযুক্ত চর্ম্মরোগ ও উপদংশিক টিউবার্কল্ রোগে প্রযোজ্য।

Physostigmatis Semina, ফাইসস্টিগমেটীস্ সেমিনা। ক্যালেবার্ বীন্। ফাইসষ্টিগ্মা ভেনিনোসাম্ নামক বৃক্ষের শুষ্ক

ক্রুত বীজ। ইহাতে ফাইসষ্টিগ্মাইন্ ও ক্যালেবারিন্ নামক দুইটি উপক্ষার বীর্য্য আছে। মাত্রা, চূর্ণের gr. i—iv

ক্রিয়া। কনীনিকা-আকুঞ্চক ; লালা, ঘর্ম্ম, অশ্রু প্রভৃতি স্রাবণ-ক্রিয়া বৃদ্ধি পায় ; পাকাশয় ও অন্ত্রের পেশীয় আবরণ উত্তেজিত হয়, পরে শিথিল হয় ; হৃৎস্পন্দন সবল ও মৃদুগতি, রক্তসঞ্চাপ বৃদ্ধি, শ্বাসপ্রশ্বাস প্রথমে দ্রুত পরে অবরুদ্ধ হয়। প্রতিফলিত ক্রিয়ার হ্রাস হয়। ইহা অবসাদক, কশেরুকা-মজ্জার পক্ষাঘাত, ও পেশীয় সূত্রের পক্ষাঘাত উপস্থিত করে।

আময়িক প্রয়োগ। পুরাতন কোষ্ঠ-কাঠিন্য, মূত্রাশয়ের ক্ষীণতা, কফ-নির্গত-করণ ক্ষমতার হ্রাস সহবর্ত্তী পুরাতন ব্রঙ্কাইটিস্ ; ধনুষ্টঙ্কার, কোরিয়া, ষ্ট্রিক্‌নিয়া দ্বারা বিষাক্ত ক্ত্তম ; বিবিধ চক্ষুরোগের চিকিৎসায় কনীনিকা আকুঞ্চনার্থ।

একষ্ট্রাক্টাম্। সার। ক্যালেবার্ বীন্ ১৬, এলকহল্ (শতকরা ৯০) ৮০, সুগার অব্ মিল্ক্ যথাপ্রয়োজন। ম্যাসারেশন্ ও পার্কোলেশন্। মাত্রা, gr. $\frac{1}{4}$—i

ফাইসষ্টিগ্মিনী সাল্ফাস্। এসেরিন্ সাল্ফেট্। ক্যালেবার্ বীন্ হইতে প্রাপ্ত উপক্ষারের সাল্ফেট্। মাত্রা, $\frac{1}{\text{৬০}}$—$\frac{1}{\text{২০}}$ কনীনিকা সঙ্কোচনার্থ ব্যবহৃত হয়।

ল্যামেলী ফাইসষ্টিগমাইন্। ফাইসষ্টিগ্ মাইন্ সালফেট্ $\frac{1}{\text{১০০০}}$ গ্রেণ্ ; জেলেটিন্ ও গ্লিসেরিন্ একত্রে $\frac{1}{\text{৫০}}$ গ্রেণ্। (প্রতি চাক্তি)।

℞	একষ্ট্ঃ ফাইসষ্টিগ্ঃ	gr. $\frac{1}{4}$
	পালভঃ জিঞ্জিবারঃ	gr. i

মিঃ। ধনুষ্টঙ্কার রোগে প্রয়োজনানুসারে প্রতি ঘণ্টায় বিধেয়।

Picrorrhiza. পাইক্রোরাইজা। কটকি। পাইক্রোরাইজা কুরোয়ার্ শুষ্কীকৃত সংশ্লিষ্ট নিরাট কন্দ (রিজোম্)। মাত্রা, gr. x—xx বলকারক ; xl,—lx পর্য্যায়নিবারক।

ক্রিয়া। বলকারক, পর্য্যায়নিবারক, আগ্নেয়, মৃদু বিরেচক।

একষ্ট্রাক্টাম্ লিকুইডাম্। তরল সার। কটকি, এলকহল (শতকরা ৬০) মাত্রা, ♏xx—lx

টিংচ্যুরা। অরিষ্ট। কটকি ২½ আউন্স্ এলকহল (শতকরা ৪৫) সর্ব্বসমেত ১ পাইণ্ট। ম্যাসারেশন্ মাত্রা, ʒss—i

---

Picrotxinum. পাইক্রোটক্সিনাম্। পাইক্রোটক্সিন্। কাক্মারি এনামার্টা পানিক্যুলেটার ফল হইতে প্রাপ্ত সর্দ্দকারাম্ল বীর্য্য। মাত্রা, gr. $\frac{1}{\text{১০০}}$—$\frac{1}{\text{২০}}$

ক্রিয়াদি। ইহা প্রবল বিষ। পরাঙ্গপুষ্ট বীজ নাশার্থ পেডিকিউলাই রোগে মলম রূপে প্রয়োজিত হয়, সাবধানে ব্যবহার্য্য। যক্ষ্মারোগের নিশাঘর্ম্মে, এপিলেপ্সি ও বিবিধ স্নায়বীয় পীড়ায় ইহার আভ্যন্তরিক প্রয়োগ অনুমোদিত হইয়াছে।

ক্লোর‍্যাল্ ও পাইক্রোটক্সিন্ পরস্পরে বিষঘ্ন।

Pimenta. পাইমেণ্টা। পাইমেণ্টো। পাইমেণ্টা অফিসিনেলিস্ নামক বৃক্ষের শুষ্কীকৃত অপক্ব ফল। মাত্রা. চূর্ণের gr, x—xxx

ক্রিয়াদি। বায়ুনাশক, সুগন্ধ উত্তেজক। বিরেচক ও বলকারক ঔষধ সহযোগে ব্যবহৃত হয়।

অ্যাকোয়া। পাইমেণ্টো ৪, জল ১৬০; অর্দ্ধেক চুয়াইয়া লইবে।—(২০ তে ১)। মাত্রা ℥i—ii

ওলিয়াম্। তৈল ফল হইতে চুয়ান। মাত্রা ♏ss—iii

Piper Nigrum পাইপার্ নাইগ্রাম্। ব্ল্যাক্ পিপার্। গোল মরিচ। পাইপার্ নাইগ্রাম্ নামক বৃক্ষের শুষ্কীকৃত অপক্ব ফল। ইহাতে ওলিয়ো রেজিন্ এবং পাইপারিন্ নামক বীর্য্য আছে। মাত্রা. চূর্ণের gr, v—xx

কন্‌ফেক্‌শিয়ো ওপিয়াই ও পালভিস্ ওপিয়াই কম্পোজিটাস্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

ক্রিয়া। উত্তেজক, বায়ুনাশক।

আময়িক প্রয়োগ। আধ্মান, পাকাশয়ের ক্ষীণতা; অর্শ; প্রমেহ; সবিচ্ছেদ জ্বর; দন্তরোগে মলমরূপে।

কন্‌ফেক্‌শিয়ো। খণ্ড। গোলমরিচ ২, বিলাতি জীরা ৩, শোধিত মধু ১৫। মাত্রা, gr. lx—cxx

℞	কন্‌ফঃ পাইপারঃ নাইগ্রাঃ	ℨi
	অ্যাসাফীটিডী	gr. v
	সিরাপঃ জিঞ্জিবারঃ	q. s.

মিঃ। ইলেক্‌চ্যুয়ারি প্রস্তুত করিবে। অর্শরোগে।

Pix Burgundica. পিক্স্ বার্গাণ্ডিকা। বার্গাণ্ডি পিচ্। পাইনাস্ পাইসীয়া (এবীজ্ একসেলসা) নামক বৃক্ষের কন্দ হইতে প্রাপ্ত ধূনাযুক্ত নির্য্যাস (গলাইয়া ছাঁকিয়া লওয়া)।

বিবিধ মলম ও পলস্ত্রা প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

এমপ্ল্যাষ্ট্রাম্ পাইসিস্। বার্গাণ্ডি পিচ ২৬, থাস্ য়্যামেরিকানাম্ ১৩, রজন ৪½, পীত মোম ৪½, অলিভ্ অয়িল্ ২, জল ২।

(পুরাতন বক্ষঃ-পীড়ায় বক্ষোপরি, লাম্বেগোয় কটিদেশে, পুরাতন সন্ধি-পীড়ায় সন্ধির উপরি, বাতের স্থায় বেদনায়। প্রত্যুগ্রতা-সাধক)।

℞ পাইসিস্ লিকুইডী
য়্যালকোহলঃ aa ℥i
মিঃ একজিমা রোগে দ্রবরূপে।

Pix Carbonis Præparata. পিক্স কার্বনিস্ প্রীপারেটা। প্রীপেয়ার্ড কোলটার্। বাজারের কোলটার্ একটি অগভীর পাত্রে রাখিয়া এক ঘণ্টা কাল ১২০ তাপাংশ উত্তাপে রাখিলে ও পুনঃ পুনঃ আলোড়ন করিলে প্রস্তুত হয়।

লাইকর্ পাইসিস্ কার্বনাস্। প্রীপেয়ার্ড কোলটার্, (পুরাতন একজিমা আদি রোগে বাহ্য প্রয়োগ)।

Pix Liquida. পিক্স্ লিকুইডা। টার্। আলকাতরা। বিবিধ প্রকার পাইন্ বৃক্ষের কাষ্ঠকে দগ্ধ করিয়া চোয়াইলে পাওয়া যায়। মাত্রা, ♏xx—lx

ক্রিয়া। উত্তেজক, ঘর্ম্মকারক ও পরিবর্ত্তক। টার্পেণ্টাইনের স্থায়।

আময়িক প্রয়োগ। পুরাতন ক্যাটার‍্যাল্ পীড়া, মূত্রমার্গের বিবিধ পীড়া; পুরাতন শ্বাসনলী প্রদাহ ও যক্ষ্মা রোগে শ্বাসরূপে; কুষ্ঠ, সোরায়েসিস্ আদি চর্ম্মরোগে বাহ্য ও আভ্যন্তরিক প্রয়োগ।

আঙ্গুয়েণ্টাম্। মলম। আল্কাতরা ৫, পীত মোম ২।

প্লাম্বাম্। সীসধাতু।

এতদ্‌ঘটিত ঔষধ সকল আভ্যন্তরিক ও বাহ্য প্রয়োগে সঙ্কোচক, আক্ষেপ-নিবারব ও অবসাদক। অধিক মাত্রায় বিষক্রিয়া করে। প্রদাহযুক্ত স্থানে পলস্ত্রা, মলম ধৌতরূপে বাহ্য প্রয়োগ হয়। রক্তস্রাব ও শ্লেষ্মা-নিঃসরণ রোধার্থ আভ্যন্তরিব প্রয়োগ হয়।

সীসধাতু দ্বারা বিষাক্ত হইলে "পেন্টার্‌স্ কলিক" নামক শূলবেদনা উপস্থিত হয় মাঢ়ীর ধার নীলবর্ণ, মণিবন্ধপাত, উদর ও হস্তপদে শূল বেদনা এবং কোষ্ঠকাঠিন্য উপস্থিত হয়।

১। **Plumbi Acetas.** প্ল্যাম্বাই য়্যাসিটাস্। য়্যাসিটেট্ অব্ লেড্। শুগার্ অব্ লেড্। অক্সাইড্ অব্ লেড্‌কে য়্যাসেটিক্ য়্যাসিডে দ্রব করিয়া দানা বাঁধিয়া লইবে। মাত্রা, gr. i—iv

ক্রিয়া। অল্প মাত্রায় সঙ্কোচক, অবসাদক; অপ্রকৃত শ্লেষ্মা নিঃসরণ হ্রাস করে রক্তস্রাব রোধ ও স্বাভাবিক স্রাবণ হ্রাস করে।

আময়িক প্রয়োগ। রক্তোৎকাশ, রক্তবমন ও অন্যান্য প্রকার রক্তস্রাব; উদরাময়, আমাশয়, শ্বাসনলীপ্রদাহ। ক্ষত হইতে অধিক পূয নিঃসরণ হইলে, এব প্রমেহ রোগে পিচকারিরূপে প্রয়োগ করিলে ইহা সঙ্কোচক, অবসাদক ও শুষ্ককারক।

পাইলুলা প্লাম্বাই কাম্ ওপিয়ো। য়্যাসিটেট্ অব্ লেড্ ৩৬, অহিফেন ৬, সিরাপ্ অব্ গ্লুকোস্ ৪ বা যথাপ্রয়োজন।—(শতকরা প্রায় ১২½ অহিফেন) মাত্রা, gr. ii—iv

সাপোজিটোরিয়া প্লাম্বাই কম্পোজিটা। য়্যাসিটেট্ অব্ লেড্ ৩৬, অহিফেন ১২, অয়িল্ অব্ থিয়োব্রোমা ১৩২।—(প্রত্যেকে ৩ গ্রেণ্ য়্যাসিটেট্ অব লেড্ ও ১ গ্রেণ্ অহিফেন)।

আঙ্গুয়েণ্টাম্ প্লাম্বাই য়্যাসিটেটিস্। য়্যাসিটেট্ অব্ লেড্ ২, শ্বেত প্যারাফিন্ অয়িণ্টমেণ্ট্ ৪৮।

লাইকার্ প্লাম্বাই সাব্‌য়্যাসিটেটিস্ ফর্টিস্। গুলার্ডস্ একষ্ট্রাক্ট্। সাব্‌য়্যাসিটেট্, অব লেড্ ৫, লিথার্জ ৩½, পরিশ্রুত জল ২০; ফুটাইবে।

ক্রিয়া। সঙ্কোচক ও অবসাদক।

আময়িক প্রয়োগ। কোন স্থান মচকাইয়া বা থেঁৎলাইয়া গেলে, তজ্জনিত প্রদাহে ইহাতে বস্ত্রখণ্ড ভিজাইয়া প্রয়োগ করা যায়; প্রমেহ ও শ্বেতপ্রদর রোগে পিচকারী; চক্ষুপ্রদাহে চক্ষু-ধৌতরূপে; এবং কুল্যরূপে।

লাইকর্ প্লাম্বাই সাব্‌য়্যাসিটেটিস্ ডাইলুটাস্। গুলার্ডস্ লোশন।

সাবয়্যাসিটেট্ অব লেডের দ্রব ১, এল্‌কহল্ (শতকরা ৯০) ১, পরিস্রুত জল ৭৮।—(৮০ তে ১)।

গ্লিসেরাইনাম্ প্লাম্বাই সাব্‌য়্যাসিটেটিস্। য়্যাসিটেট্ অব্ লেড্ ৫, অক্সাইড্ অব্ লেড্ ৩½, গ্লিসেরিন্ ২০, জল ১২; ফুটাইয়া লইবে।

আঙ্গুয়েণ্টাম্ গ্লিসেরাইনাই প্লাম্বাই সাব্‌য়্যাসিটেটিস্। গ্লিসেরাইনাই প্লাম্বাই সাব্‌য়্যাসিটেটিস্ ১, প্যারাফিন্ অয়িণ্টমেণ্ট ৫।

২। **Plumbi Carbonas.** প্লাম্বাই কার্বনাস্। কার্বনেট্ অব্ লেড্। হোয়াইট্ লেড্। সীসকে য়্যাসেটিক্ য়্যাসিড্ ও কার্বনিক্ য়্যাসিড্ সংযুক্ত বায়ুতে রাখিলে প্রস্তুত হয়।

ক্রিয়াদি। বাহ্য প্রয়োগে সঙ্কোচক ও অবসাদক। মলমরূপে ব্যবহৃত হয়।

আঙ্গুয়েণ্টাম্ প্লাম্বাই কার্বনেটিস্। কার্বনেট্ অব লেড্ ১, শ্বেত প্যারাফিন্ অয়িণ্টমেণ্ট্ ৯।

৩। **Plumbi Iodidum.** প্লাম্বাই আইয়োডাইডাম্। আইয়োডাইড্ অব্ লেড্। নাইট্রেট্ অব্ লেড্ ও আইয়োডাইড্ অব্ পোটাশিয়াম্ দ্রব মিশ্রিত করিয়া, অধঃস্থ পদার্থ শুষ্ক করিয়া লইলে প্রস্তুত হয়।

ক্রিয়াদি। দুষ্ট ক্ষত ও ষ্ট্রুমাস্ অর্ব্বুদে পরিবর্ত্তক ও দ্রবকারক।

এম্‌প্ল্যাষ্ট্রাম্ প্লাম্বাই আইয়োডাইডাম্। আইয়োডাইড্ অব্ লেড্ ১ রজন ১, সীস-পলস্ত্রা ৮।

আঙ্গুয়েণ্টাম্ প্লাম্বাই আইয়োডিডাই। আইয়োডাইড অব্ লেড্ ১, শ্বেত প্যারাফিন্ অয়িণ্টমেণ্ট ৯।

৪। **Plumbi Oxidum,** প্লাম্বাই অক্সাইডাম্। অক্সাইড্ অব্ লেড্। লিথার্জ্। বায়ুতে সীস দগ্ধ করিলে প্রস্তুত হয়।

ক্রিয়াদি। প্রদাহ দমনার্থ বাহ্যপ্রয়োগ হয়।

এম্‌প্ল্যাষ্ট্রাম্ প্লাম্বাই। সীস-পলস্ত্রা। অক্সাইড্ অব্ লেড্ ১, অলিভ্ অয়িল্ ২, জল ১।

বিষঘ্ন। য়্যাসিটেট্ দ্বারা বিষাক্ত হইলে সালফেট্ অব ম্যাগনিসিয়া বা সোডা, পরে বমনকারক ও বিরেচক ঔষধ। তদনন্তর দুগ্ধ ও অহিফেন।

℞	প্লাম্বাই ষ্যাসেট্‌ঃ	gr. xviii
	পালভঃ ওপিয়াই	gr. ii
	একষ্টঃ হাইয়োস্‌	gr. x

মিঃ। ছয় বটিকা প্রস্তুত করিবে। রক্তোৎকাশ রোগে এক এক বটিকা ছয় ঘণ্টা অন্তর।

℞	লাইকার্‌ প্লাম্বঃ সাবয়্যাসেট্‌ঃ	ʒi
	ওলিঃ অলিভী	℥iii
	ঈথ্যারিন্‌	ʒii
	টিং ওপিয়াই	ʒi

মিঃ। ঠুন্‌কো রোগে, ইহাতে বস্ত্রখণ্ড ভিজাইয়া প্রদাহযুক্ত স্থানে প্রয়োজ্য।

Podophylli Rhizoma. পডফিলাই রিজোমা। পডফিলাম্‌ রিজোম্‌। পডফিলাম্‌ পেল্‌টেটাম্‌ নামক বৃক্ষের শুষ্কীকৃত সংশ্লিষ্ট নিরাট কন্দ। মাত্রা, gr, x—xxx

ক্রিয়া। প্রবল বিরেচক ও পিত্তনিঃসারক।

আময়িক প্রয়োগ। হিষ্টিরিয়া, কোষ্ঠবদ্ধ ইত্যাদি। হেন্‌বেন্‌ সহযোগে প্রয়োজ্য।

রেজিনা পডফিলাই। পডফিলাম্‌ হইতে প্রাপ্ত ধূনা। gr. ¼—।

টিংচ্যুরা। অরিষ্ট। পডফিলাম্‌ রেজিন্‌ ২০ গ্রেণ্‌ : এল্‌কহল্‌ (শতকরা ৯০)। মাত্রা, ♏v—xv

℞	পডফিলঃ	gr. i
	পাইলঃ রিয়াই কোঃ	gr. x
	একষ্টঃ হাইয়োস্‌ঃ	gr. iv

মিঃ। চারি বটিকা করিবে। কোষ্ঠকাঠিন্য রোগে এক বটিকা প্রতি তৃতীয় রাত্রে

Podophylli Indici Rhizoma. পডফিলাই ইণ্ডিসি রিজোমা। পাপরা। পডফিলাম্‌ এমোডাইর্‌ শুষ্কীকৃত নিরাট সংশ্লিষ্ট কন্দ ও মূল।

ক্রিয়াদি। পিত্তনিঃসারক, বিরেচক। যকৃতের ক্রিয়ামান্দ্য, অজীর্ণ, উদরাময়, কোষ্ঠকাঠিন্য আদি রোগে ব্যবহার্য্য।

পডফিলাই ইণ্ডিসি রেজিনা। ইণ্ডিয়ান্‌ পডফিলাম্‌ রিজোম্‌ হইতে প্রাপ্ত ধূনা। মাত্রা gr. ¼—i

টিংচ্যুরা। অরিষ্ট। রেজিন্‌, এল্‌কহল্‌ (শতকরা ৯০)। মাত্রা, ♏v—xv

পোটাসিয়াম্ ঘটিত ঔষধ সকল।

১। **Potassii Bromidum.** পোটাসিয়াই ব্রোমাইডাম্। ব্রোমাইড্ অব্ পোটাসিয়াম্। (ব্রোমাম্ দেখ)। মাত্রা gr, v—xxx

---

২। **Potassii Iodidum.** পোটাসিয়াই আইয়োডাইডাম্। আইয়োডাইড্ অব্ পোটাসিয়াম্। মাত্রা, gr, v—xx

ক্রিয়াদি। আইয়োডিনের ন্যায়। পরিবর্ত্তক, শোষক, মূত্রকারক কফনিঃসারক সেকেণ্ডারি ও টার্শিয়ারি ঔপদংশিক পীড়া, ব্রঙ্কাইটিক্ শ্বাসকাস প্রভৃতি রোগে উপযোগী।

লিনিমেন্টাম্ পোটাসিয়াই আইয়োডিডাই কাম্ সেপোনী। আইয়োডাইড্ অব্ পোটাসিয়াম্ ১২, কার্ড সোপঃ১৬ গ্লিসেরিন্ ৮, অয়িল্ অব্ লেমন্ ১ জল ৮০।

আঙ্গুয়েন্টাম্ পোটাসিয়াই আইয়োডিডাই। আইয়োডাইড অব পোটাসিয়াম ৫০, কার্বনেট্ অব পটাশ ৩, পরিস্রুত জল ৪৭, বেঞ্জোয়েটেড্ লার্ড ৪০০।

৩। **Potassa Caustica.** পোটাশা কষ্টিকা। কষ্টিক্ পটাশ্। হাইড্রেট্ অব্ পটাশ্। লাইকার্ পোটাসীকে উৎপাতিত করিয়া ছাঁচে ঢালিয়া লইলে প্রস্তুত হয়।

ক্রিয়াদি। প্রবল দাহক। কোন শারীর তন্তুর সহিত সংলগ্ন হইলে তাহা নষ্ট হয়। ওয়ার্ট্স্, অর্ব্বুদাদি বিনাশার্থ ও গুল বসাইবার নিমিত্ত ব্যবহৃত হয়।

লাইকার্ পোটাসী। সোল্যুশন্ অব্ পটাশ্। এক আউন্সে ২৭ গ্রেণ কষ্টিক পটাশের দ্রব। মাত্রা, ♏x—xxx

ক্রিয়া। অম্লনাশক, পরিবর্ত্তক, মূত্রকারক ও লিথিক্ অশ্মরী দ্রবকারক।

আময়িক প্রয়োগ। লিথিক্ সঞ্চয়, গাউট্, বাত, বুকজ্বালা, গ্যাষ্ট্রাল্জিয়া, উদরাধ্মান, অজীর্ণ, স্ক্রফিউলা, যক্ষ্মা রোগের প্রথমাবস্থা, গৌণ উপদংশ; শ্লৈষ্মিক ঝিল্লির সংযমনশীল প্রদাহ, যথা,—ফুস্‌ফুসাবরণ প্রদাহ, হৃদাবরণ-প্রদাহ, অন্ত্যাবরণ-প্রদাহ, বিবিধ চর্ম্মরোগ।

অম্ল, অম্লঘটিত লবণ, য়্যামোনিয়া, বেলাডোনা, হেন্‌বেন্ ও ষ্ট্র্যামোনিয়াম্ সহযোগে প্রয়োগ অবিধেয়।

বিষঘ্ন। সির্কাদ্রাবক, জম্বীর রস, সাইট্রিক্ য়্যাসিড, স্নিগ্ধকারক ঔষধ।

৪। **Potassa Sulhpurata.** পোটাসা সালফিউরেটা। সালফিউরেটেড্ পটাশ্। মাত্রা, gr, iii—viii

ক্রিয়া। উত্তেজক, ঘর্ম্মকারক, কফনিঃসারক, মাদক, উগ্রতাসাধক ও পচন নিবারক।

আময়িক প্রয়োগ। অজীর্ণ রোগ, য়্যাল্‌বিউমিনুয়্যুরিয়া, সীস ধাতু দ্বারা বিষাক্ত হওন, পুরাতন চর্ম্মরোগ। পাঁচড়া, কুষ্ঠ, সোরায়েসিস্, ও অন্যান্য চর্ম্মরোগে বাহ্য প্রয়োগ। পাণ্ডু রোগে গাত্র-কণ্ডুয়ন নিবারণার্থ এতৎসংযুক্ত উষ্ণ জলে স্নান।

৫। **Potassii Acetas.** পোটাসিয়াই য়্যাসিটাস্। য়্যাসিটেট্ অব্ পোটাসিয়াম্। মাত্রা, gr, x—lx

ক্রিয়া। অল্প মাত্রায় মূত্রকারক, অধিক মাত্রায় বিরেচক। এতদ্ভিন্ন, পরিবর্ত্তক ও অবসাদক।

আময়িক প্রয়োগ। উদরী; গর্ভাবস্থার বমন; কুষ্ঠ আদি চর্ম্মরোগ; যকৃতের পীড়া; তরুণ বাতরোগ; প্রমেহ; পাকাশয় ও শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহ দমনার্থ।

৬। **Potassii Bicarbonas.** পোটাসিয়াই বাইকার্বনাস্। বাইকার্বনেট্ অব্ পোটাসিয়াম্। মাত্রা gr, v—xxx

ক্রিয়া। অম্লনাশক, অশ্মরিদ্রাবক ও মূত্রকারক, এবং পরিবর্ত্তক। ইহা সেবন করিলে রক্তে ও প্রস্রাবে ক্ষারত্ব জন্মে।

আময়িক প্রয়োগ। অজীর্ণ রোগ; মূত্রযন্ত্রের পীড়ায় ইউরিক্ য়্যাসিড্ সঞ্চয় থাকিলে, তরুণ বাত, গাউট্; জ্বরীয় ও প্রাদাহিক পীড়া।

৭। **Potassii Bichromus.** পোটাসিয়াই বাইক্রমাস্। বাইক্রমেট্ অব্ পোটাসিয়াম্। প্রবল দাহক বিষ। ক্রমিক্ য়্যাসিড্ ও ভেলিরিয়েনেট্ অব সোডা প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

৮। **Potassii Carbonas.** পোটাসিয়াই কার্বনাস্। কার্বনেট্ অব্ পোটাসিয়াম্। মাত্রা, gr. v—xx

ক্রিয়া। অম্লনাশক, অশ্মরীদ্রাবক, ও মূত্রকারক। বাইকার্বনেট্ অপেক্ষা ইহার অশ্মরী দ্রবকরণ-ক্রিয়া অধিক। নাইট্রেট্, য়্যাসিটেট্, ও বাইটার্ট্রেট্ আদি পটাশের অন্যান্য লবণ অপেক্ষা ইহার মূত্রকরণ ক্রিয়া ন্যূন।

৯। **Potassii Chloras.** পোটাসিয়াই ক্লোরাস্। ক্লোরেট্ অব্ পোটাসিয়াম। মাত্রা, gr, v—xv

ক্রিয়া। উত্তেজক, ও মূত্রকারক।

আময়িক প্রয়োগ। ক্যাংক্রাম্ অরিস্, পুরাতন উপদংশ, যক্ষ্মা, স্ক্রফিউলা, টাইফয়িড্, বসন্ত, আরক্ত জ্বর; ডিফ্থিরিয়া, মুখমধ্যস্থ য়্যাফ্থাস্ ক্ষত, মাঢ়ীর শিথিলতা আদিতে কুল্য রূপে; মূত্রাশয়ের ক্যাটার্ রোগে পিচকারী রূপে।

ট্রোচিস্কাস। লোজেঞ্জ্। চাক্তি। ক্লোরেট্ অব্ পটাশ্ ৩ গ্রেণ্। রোজ্ বেসিন্ দ্বারা প্রস্তুত।

১০। **Potassii Citras.** পোটাসিয়াই সাইট্রাস্। সাইট্রেট অব্ পোটাশিয়াম্। কার্বনেট্ অব্ পোটাসিয়ামের সহিত সাইট্রিক্ য়্যাসিড্ দ্রব সমক্ষারাম্ল করিয়া লইয়া উৎপাতিত করিয়া শুষ্ক করিলে প্রস্তুত হয়। মাত্রা, gr, x—xl

ক্রিয়া। স্নিগ্ধকারক, ঘর্ম্মকারক, মূত্রকারক এবং মৃদু বিরেচক।

আময়িক প্রয়োগ। গাউট্, বাত, জ্বররোগ; ইউরিক্ য়্যাসিড্ অশ্মরী; দুর্দ্দম বমন। পাকাশয়ের উগ্রতা।

১১। **Potassii Nitras.** পোটাসিয়াই নাইট্রাস্। নাইট্রেট্ অব্ পোটাসিয়াম্। নাইটার্। শোরা। মাত্রা, gr, v—xx

ক্রিয়া। স্নিগ্ধকারক, ঘর্ম্মকারক, মূত্রকারক, রক্তসঞ্চালন যন্ত্রের অবসাদক।

আময়িক প্রয়োগ। বাত আদি তরুণ প্রাদাহিক পীড়া; উদরী, স্কার্ভি, রক্তোৎকাশ, রজোহধিক, সাক্ষেপ শ্বাসকাস, শ্বাসকষ্ট, বালকদিগের মূত্রধারণে অক্ষমতা; জ্বররোগে পানীয়রূপে; প্রমেহরোগে জ্বালা দমনার্থ; প্রদাহযুক্ত গলক্ষতে কুল্য রূপে; শ্বাসকাস রোগে ইহার চূড়ান্ত দ্রবে কাগজ ভিজাইয়া তাহার চুরুটের ধূমের শ্বাস গ্রহণ।

১২। **Potassii Permanganas.** পোটাসিয়াই পার্ম্যাঙ্গেনাস্। পার্মাঙ্গেনেট্ অব্ পোটাসিয়াম্। মাত্রা, gr, iiii—

ক্রিয়া। রজোঃনিঃসারক। পচন-নিবারক। বাহ্য প্রয়োগে সংক্রমাপহ, দাহক ও দুর্গন্ধহারক।

আময়িক প্রয়োগ। মধুমূত্র; কর্কটিকা, পচাক্ষত; ওজিনা; কক্ষে দুর্গন্ধ হইলে তন্নিবারণার্থ। মর্ফিয়া দ্বারা বিষাক্ত হইলে। ক্রামেরিয়া ও এনিমিয়া রোগে আভ্যন্তরিক প্রয়োগ।

লাইকার্ পোটাসিয়াই পার্মাঙ্গানেটিস। পার্মাঙ্গেনেট্ অব্ পোটাসিয়াম্. পরিস্রুত জল। (•১১• মিনিমে ১ গ্রেণ)। মাত্রা, ʒii—iv

১৩ Potassii Sulphas. পোটাসিয়াই সালফাস্। সালফেট্ অব্ পোটাসিয়াম্। মাত্রা, gr x—xl

ক্রিয়া। মৃদু বিরেচক, পরিবর্ত্তক।

আময়িক প্রয়োগ। পাণ্ডুরোগ ও অজীর্ণরোগে। রেউচিনি সহযোগে প্রয়োজ্য।

১৪। Potassii Tartras. পোটাসিয়াই টার্ট্রাস্। টার্ট্রেট্ অব্ পোটাসিয়াম্। মাত্রা, gr. xxx—ʒiv

ক্রিয়া। মৃদু বিরেচক। জলীয় ভেদ উপস্থিত করে। অল্প মাত্রায় পরিবর্ত্তক ও মূত্রকারক।

১৫। Potassii Tartras Acidus. পোটাসিয়াই টার্ট্রাস্ য়্যাসিডাস্। য়্যাসিড্ পোটাসিয়াম্ টার্ট্রেট্। মাত্রা, gr. xx—lx

ক্রিয়াদি। বিরেচক, মূত্রকারক, স্নিগ্ধকারক। জ্বরীয় ও উদরী সংযুক্ত পীড়ার উপকারক।

℞	লাইকর্ পোটাসী	ʒii
	টিং ক্যালাম্বী	ʒii
	ইন্‌ফ্: ক্যালাম্বী	℥vi

মিঃ। ℥i মাত্রায় দিবসে তিন বার। অম্লনাশক।

℞	পটঃ বাইকার্বঃ	ʒi
	— য়্যাসেট্ঃ	gr. xv
	— নাইট্রেট্ঃ	gr. x
	য়্যাকোয়া	℥ii

মিঃ। চারি ঘণ্টা অন্তর। তরুণ বাত রোগে।

℞ পটঃ ক্লোরেটিস্ ʒi
ম্যাকোয়া ℥vi

মিঃ। ℥i মাত্রায় দিবসে তিন বার। মুখ ও মাঢ়ীর ক্ষত এবং পারদজনিত লালানিঃসরণাধিক্যে।

℞ পটঃ বাইকার্ব্ঃ ʒss
ম্যাকোয়া Oi

মিঃ। তরুণ একজিমা রোগে দ্রবরূপে বাহ্য প্রয়োগ।

℞ পটঃ ম্যাসেট্ঃ ʒiss
ম্যাসেট্ঃ সিলী ℥iv
ডিকক্ঃ স্কোপেরিঃ ℥vi

মিঃ। ℥i মাত্রায় চারি ঘণ্টা অন্তর। মূত্রকারক।

℞ পটঃ ক্লোরেটিস্ gr. xl
গ্লিসেরিনাই ℥ss
মর্ক্ষী হাইড্রোক্লোরঃ gr. iss
সিরাপঃ ad. ℥iv

মিঃ। ʒi মাত্রায় যক্ষ্মাগ্রস্ত ব্যক্তির গলনলীর উগ্রতায় অবলেহ।

Pruni Virginianæ Cortex. প্রুনাই ভার্জিনিয়ানী কর্টেক্স্। ভার্জিনিয়ান্ প্রুণ্ বার্ক্। প্রুণাস্ সেরোটিনার বল্কল।

ক্রিয়াদি। অবসাদক। পুরাতন ব্রঙ্কাইটিস্ ও যক্ষ্মা রোগের কষ্টকর কাশ দমনার্থ উপযোগী।

সিরাপাস্। পাক। বল্কল ৩, বিশুদ্ধ শর্করা ১৫, গ্লিসেরিন্ ১½, পরিস্রুত জল সর্ব্বসমেত ২০। মাত্রা, ʒss—i

টিংচ্যুরা। অরিষ্ট। বল্কল চূর্ণ ৪, এল্কহল্ (শতকরা ৯০) ১২½, পরিস্রুত জল ৭½। ম্যাসারেশন্। মাত্রা, ʒss—i

---

Prunum. প্রুনাম্। প্রুন্। আলুবোখারা। প্রুনাস্ ডোমেষ্টিকা নামক বৃক্ষের শুষ্কীকৃত ফল।

ক্রিয়া। পোষক, শৈত্যকারক ও মৃদু বিরেচক। সোণামুখীর খণ্ড প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

Pterocarpi Lignum. টেরোকার্পাই লিগ্নাম্। রেড্ স্যাণ্ডাল্

উড্। রক্তচন্দন। টেরোকার্পাস্ স্যাণ্টেলাইনাস্ নামক বৃক্ষের আভ্যন্তরীয় কাষ্ঠ।

ঔষধের বর্ণ বিধানার্থ ব্যবহৃত হয়। ইহার তৈল প্রমেহ ও শ্বেতপ্রদর রোগে ℳx—xxx মাত্রায় ব্যবহৃত হয়।

Pyrethri Radix. পাইরিথ্রাই রেডিক্স্। পেলিটরি রূট।

য়্যানাসাইক্লাস্ পাইরিথ্রাম্ নামক বৃক্ষের শুষ্কীকৃত মূল।

ক্রিয়া। প্রবল উগ্রতাসাধক; লালনিঃসারক। চর্ব্বণ করিলে প্রভূত লালনিঃসরণ হয়।

আময়িক প্রয়োগ। দন্তশূল, জিহ্বার পক্ষাঘাত; চিল্ব্লেন্; বাতগ্রস্ত স্থানে মর্দ্দন, গলনলীর শিথিলতা।

টিংচ্যুরা। অরিষ্ট। পেলিটরি রুট্, এল্কহল্ (শতকরা ৭০)।—(৫এ ১)।

Pyroxylinum. পাইরক্সিলিনাম্। গান্ কটন্। তূলা ১, গন্ধক দ্রাবক ৫, যবক্ষার-দ্রাবক ৫। কলোডিয়াম্ ও কলোডিয়াম্ ভেসিক্যান্স প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

Quassiæ Lignum. কোয়াসিয়ী লিগনাম্। কোয়াসিয়া উড্।

পাইক্রিনা এক্সেলসা নামক বৃক্ষের কাষ্ঠ।

ক্রিয়া। তিক্ত বলকারক, জ্বরঘ্ন, আগ্নের ও কৃমিনাশক।

আময়িক প্রয়োগ। অজীর্ণ, দৌর্ব্বল্য, সবিরাম পীড়া। কৃমিরোগে আভ্যন্তরিক প্রয়োগ ও সরলান্ত্র মধ্যে ইহার ফাণ্টের পিচকারী।

ইন্ফিউজাম্। ফাণ্ট্। কোয়াসিয়া, শীতল পরিস্রুত জল।—(১০০তে ১)।
মাত্রা, ℥ss—i

লাইকর্, কন্সেণ্ট্রেটাস্। গাঢ় দ্রব। কোয়াসিয়া চূর্ণ ২, এল্কহল্ (শতকরা ২০) ২২, বা যথাপ্রয়োজন। (১০এ ১)। মাত্রা, ʒss—i

টিংচ্যুরা। অরিষ্ট। কোয়াসিয়া, এল্কহল্ (শতকরা ৪৫)।—(১০এ ১)।
মাত্রা, ʒss—i

℞ ইন্ফ্ঃ কোয়াসিঃ ℥vi
টিং ক্যালাম্বী ʒii

ষ্যাকোয়া সিনেমম্ঃ ℥v
সিরাপ্ ° অরান্ঃ ℥i
নিঃ। দিবসে দুই তিন বার। বলকারক।

Quillaiae cortex. কুয়িলেয়িয়ী কর্টেক্স্। কুয়িলেয়িয়া বার্ক।
কুয়িলেয়িয়া সেপোনেরিয়া বৃক্ষের ছালের আভ্যন্তরাংশ।

ক্রিয়াদি। কফনিঃসারক রূপে প্রয়োগ অনুমোদিত হইয়াছে। ইহা উগ্রতা সাধক এ কারণ গলনলী ও অন্নবহা নলীর ক্ষত থাকিলে অবিধেয়। পিটিরায়েসিস্, পুরাতন ক্ষত হাইপারাইড্রোসিস্ আদি রোগে ইহার ফান্ট্ ধৌতরূপে ব্যবহার করিলে উপকার হয়।

টিংচ্যুরা। অরিষ্ট। কুইলেয়িয়া বল্কল ১ আউন্স্, এলকহল (শতকরা ৬০) যথাপ্রয়োজন; পার্কোলেশন্ দ্বারা ১ পাইন্ট্ করিবে। মাত্রা, ℨss—i

---

Resina. রেজিনা। রেজিন্। ধূনা। টার্পেণ্টাইন্ হইতে বায়ি তৈল পরিস্রুত করিয়া লইলে যাহা অবশিষ্ট থাকে।

ক্রিয়াদি। আভ্যন্তরিক প্রয়োগ হয় না; মলম, পলস্ত্রা আদিতে ইহার উত্তেজন ক্রিয়ার নিমিত্ত ব্যবহৃত হয়। ক্ষতাদিতে প্রয়োজ্য।

এম্প্ল্যাষ্ট্রাম্। পলস্ত্রা। ধূনা ২, লিথার্জ্ পলস্ত্রা ১৬, কঠিন সাবান ১।

আঙ্গুয়েণ্টাম্। মলম। ধূনা ৮, পীত মোম ৮, অলিভ্ অয়িল ৮, লার্ড্ ৬।

Rhei Radix. রিয়াই রেডিক্স্। রুবার্ব্ রূট্। রেউচিনি।
বিবিধ প্রকার রিয়াম্ বৃক্ষের বল্কলবিহীন শুষ্কীকৃত মূল। মাত্রা, gr. iii—x পুনঃ পুনঃ প্রয়োগের নিমিত্ত; gr. xv—xxx এক মাত্রা।

ক্রিয়া। বিরেচক, সঙ্কোচক ও বলকারক। প্রথমে ভেদ উপস্থিত হয়, পরে কোষ্ঠকাঠিন্য জন্মে। উৎকৃষ্ট যকৃতের উত্তেজক।

আময়িক প্রয়োগ। কোষ্ঠকাঠিন্য সহযোগী অজীর্ণ; উদরাময় রোগে বিরেচক বিধেয় হইলে; শৈশবীয় বিসূচিকা রোগের দ্বিতীয়াবস্থা; পুরাতন আমাশয়; বিবিধ স্থলে মৃদু বিরেচক প্রয়োজন হইলে।

এক্‌ষ্ট্রাক্টাম্। সার। রেউচিনি, এলকহল (শতকরা ৬০) পরিস্রুত জল। মাত্রা gr. ii—viii

ইন্‌ফিউজাম্। ফাণ্ট্। রেউচিনি ১ ফুটিত পরিস্রুত জল ২০। মাত্রা, ℥ss—i

লাইকর্ রিয়াই কন্‌সেণ্ট্রেটাস্। গাঢ় দ্রব। রেউচিনি ১০, এল্‌কহল্ (শতকরা ২০) ২৫। পার্কোলেশন্ প্রক্রিয়া। মাত্রা, ℥ss – i

পাইল্যুলা রিয়াই কম্পোজিটা। রেউচিন্যাদি বটিকা। রেউচিনি ৩ আউন্স, সকট্রা মুসব্বর ২½ আউন্স, মর্হ ১½ কঠিন সাবান ১½ পিপার্মিণ্ট্ তৈল ১½ ড্রাম্, সিরাপ অব গ্লুকোস্ ২½ আউন্স্, বা যথাপ্রয়োজন। মাত্রা, gr. iv—viii

পাল্‌ভিস্ রিয়াই কম্পোজিটাস্। রেউচিন্যাদি চূর্ণ। রেউচিনি ২, লঘু বা গুরু ম্যাগ্‌নিসিয়া ৬, শুণ্ঠী ১। (গ্রেগরিজ পাউডার্) মাত্রা, gr. xx—lx

সিরাপাস্। পাক। রেউচিনি ২, ধনিয়া ২, বিশুদ্ধীকৃত শর্করা ২৪, শোধিত সুরা ৮, পরিস্রুত জল ২৪। মাত্রা, ℨi—iv

টিংচ্যুরা রিয়াই কম্পোজিটা। রেউচিন্যাদি অরিষ্ট। রেউচিনি ২, এলাচি ¼, ধনিয়া ¼, জাফ্রান্ ¼, গ্লিসেরিন্ ২, এলকহল (শতকরা ৬০) যথাপ্রয়োজন। (১০এ ১)। মাত্রা, ℨss—i (আগ্নেয়)। ℨii—iv (বিরেচক)

℞	পাল্‌ভঃ রিয়াই	
	—ক্যালাম্বী	aa gr. x
	—সিনেমমঃ	gr. v
মিঃ।	অজীর্ণ রোগে শয়নকালে এক পুরিয়া। আগ্নেয়।	
℞	পালভঃ রিয়াই	gr. vi
	পট্‌ঃ টার্ট্ঃ ষ্ঠ্যাসিড্ঃ	gr xii
	পালভঃ সিনেমমঃ কোঃ	gr. iii
	স্যাকেরাই	℈i
মিঃ।	বালকদিগের মৃদু বিরেচক।	

Rhoeados Petala. রিয়াডস্ পেটালা। রেড্ পপি পেট্যাল্‌স্।

প্যাপেভার্ রিয়াস্ নামক ওষধির সরস পুষ্পদল।

ক্রিয়াদি। মাদক ; কল্পতঃ অহিফেনের ন্যায়, কিন্তু অতি ক্ষীণ। অন্যান্য ঔষধের বর্ণ সম্পাদনার্থ ব্যবহৃত হয়।

সিরাপাস্। পাক। সরস পুষ্পদল ১৩, বিশুদ্ধীকৃত শর্করা ৩৬, পরিস্রুত জল ২০, এল্‌কহল (শতকরা ৯০) ২½।—(৩½এ ১)। মাত্রা ℨi—ii

---

Ricini Oleum. রিসিনি, ওলিয়াম্। ক্যাষ্টর্ অয়িল্। এরণ্ড

তৈল। রিসিনাস্ কম্যিউনিস্ নামক বৃক্ষের বীজকে নিষ্পীড়ন দ্বারা প্রস্তুত তৈল। মাত্রা, ℥ss—i (প্রৌঢ় ব্যক্তির জন্য); ʒi—iii (শিশুদিগের জন্য)।

ক্রিয়া। মৃদু বিরেচক।

আময়িক প্রয়োগ। স্ত্রীলোকদিগের, বালকদিগের ও দুর্ব্বল ব্যক্তিদিগের পক্ষে অতি উত্তম বিরেচক। কোষ্ঠকাঠিন্য, উদরে শূল বেদনা, উদরাময়, অন্ত্রপ্রদাহ ইত্যাদি। স্তনে স্থানিক প্রয়োগে দুগ্ধ-নিঃসারক।

মিশ্চ্যুরা ওলিয়াই রিসিনি। ক্যাষ্টর্ অয়িল্ ৩, অদ্রবীকৃত অরেঞ্জ্ ফ্লাওয়ার্ ওয়াটার্, ১; মিউসিলেজ্ অব্ গাম্ য়্যাকেসিয়া, ১½; সিনেমন্ ওয়াটার্ ২½। —(এক আউন্সে ৩ ড্রাম্ ক্যাষ্টর্ অয়িল্ আছে)। মাত্রা, ℥ss—ii

℞	ওলিঃ রিসিনি		℥ss
	মিউসিল্ঃ		
	সিরাপ্ঃ	aa	ʒii
	য়্যাকোয়া সিনেমন্ঃ	ad.	℥ii

মিঃ। বিরেচক।

℞	ওলিঃ রিসিনি		ʒii
	টিং ওপিয়াই		♏x
	সিরাপ্ঃ জিঞ্জিবার্ঃ		ʒi
	য়্যাকোয়া মেন্থ্ঃ পিপ্ঃ	ad.	℥ss

মিঃ। উগ্রতা-জনিত উদরাময়ে।

Rosæ Gallicæ Petala. রোজী গ্যালিসী পেটালা। রেড্ রোজ্ পেট্যাল্স্। রক্ত গোলাবের পুষ্পদল। অপ্রস্ফুটিত সরস পুষ্পদল শুষ্ক করিয়া লওয়া হয়।

ক্রিয়া। সঙ্কোচক। ঔষধের বর্ণ সম্পাদনার্থ ব্যবহৃত হয়।

কন্‌ফেক্‌শিয়ো রোজী গ্যালিসী। খণ্ড। সরস পুষ্পদল ১, বিশুদ্ধীকৃত শর্করা ৩। (বটিকা প্রস্তুত করিতে, এবং মুখের য়্যাফ্‌থাস্ ক্ষতে অবলেহ রূপে ব্যবহৃত হয়।)

ইন্‌ফিউজাম্ রোজী য়্যাসিডাম্। পুষ্পদল ১, জলমিশ্র গন্ধক-দ্রাবক ½, ফুটিত পরিস্রুত জল ৪০। মাত্রা, ℥ss—i

সিরাপাস্। পাক। শুষ্ক পুষ্পদল ১, বিশুদ্ধীকৃত শর্করা ১৫, ফুটিত পরিস্রুত জল ১০।—(১৭½এ ১)। মাত্রা, ʒss—i

---

Rosæ Oleum. রোজি ওলিয়াম। অটো অব্ রোজ্।

রোজা ডামাস্কোর সরস পুষ্প হইতে চুয়াইয়া প্রস্তুত তৈল।

অন্যান্য ঔষধের সুগন্ধ সম্পাদনের নিমিত্ত ব্যবহৃত হয়

একোয়া রোজী। গোলাপ জল। বাজারের অটো অব্ রোজের চূড়ান্ত জলীয় দ্রব।

আঙ্গুয়েণ্টাম্ একুয়ী রোজী। রোজ্ ওয়াটার অয়িণ্ট্মেণ্ট্। গোলাব জল ৭ আউন্স, শ্বেত মলম ১½ আউন্স, স্পার্মেসেটাই ১½ আউন্স, বাদামের তৈল ৯ আউন্স, অয়িল্ অব রোজ্ ৮ মিনিম্।

Rosmarini Oleum. রোজ্মেরিনাই ওলিয়াম্। অয়িল্ অব্ রোজ্মেরি। রোজ্মেরিনাস্ অফিসিনেলিস্ নামক বৃক্ষের পুষ্পদল হইতে চোয়ান তৈল। মাত্রা, ♏ss—iii

ক্রিয়াদি। প্রবল উত্তেজক। হিষ্টিরিয়া ও স্নায়বীয় শিরঃপীড়ায় ব্যবহৃত হয়। প্রদাহোৎপাদনার্থ ও ইহার সুগন্ধের নিমিত্ত বাহ্য প্রয়োগ হয়।

স্পিরিটাস্। রোজ্মেরি তৈল ১, এল্কহল্ (শতকরা ৯০) যথাপ্রয়োজন।—(১০ এ ১)। মাত্রা, v—xx

---

Saccharum. স্যাকেরাম্। সুগার্। শর্করা।

১। স্যাকেরাম্ পিউরিফিকেটাম্। রিফাইনড্ সুগার্। বিশুদ্ধীকৃত শর্করা। স্যাকেরাম্ অফিসিনেরাম্ নামক বৃক্ষের কন্দের (ইক্ষু) শোধিত রস হইতে প্রস্তুত দানা।

ক্রিয়া। স্নিগ্ধকারক। ক্যাটারাল্ পীড়ায় বিবিধরূপে ব্যবহৃত হয়।

সিরাপাস্। পাক। বিশুদ্ধীকৃত শর্করা ৬ পরিস্রুত জল ৩।—(১½ এ ১)।

২। স্যাকেরাম্ ল্যাক্টিস্। সুগার্ অব্ মিল্ক্। ক্ষীর শর্করা। গো-দুগ্ধের ঘোল হইতে প্রাপ্ত দানাযুক্ত শর্করা। মাত্রা, ʒi—ii

ক্রিয়া। যক্ষ্মা ও অন্যান্য ফুস্ফুসীয় পীড়ায়, এবং প্রভূত রক্তস্রাবের পর পাকাশয়ের সাতিশয় উগ্রতা থাকিলে খাদ্যরূপে ব্যবহার্য্য। গো-দুগ্ধের সহিত মিশ্রিত করিয়া বালকদিগের আহারের পক্ষে বিশেষ উপযোগী।

Salicinum. স্যালিসিনাম্। স্যালিসিন্। স্যালিক্স্ ঝ্যাল্‌বা ও অন্যান্য প্রকার স্যালিক্স্ ও পপুলাস্ বৃক্ষের বল্কল হইতে প্রাপ্ত গ্লুকোসাইড্। মাত্রা, gr. v—xx

ক্রিয়াদি। জ্বরঘ্ন, বলকারক; হৃৎপিণ্ডের অবসাদক; পচননিবারক। জ্বর, তরুণ বাত, ইন্‌ফ্লুয়েঞ্জা প্রভৃতিতে ব্যবহৃত হয়।

Salol. স্যালল্। ফেনিল্ স্যালিসিলেট্। স্যালিসিলিক্ এসিড্ ও ফেনলের পরস্পরের প্রতিক্রিয়া দ্বারা; অথবা ফস্ফরিল্ ক্লোরাইড্ বা কার্বনিস্ ক্লোরাইডের সহিত উহাদের সোডিয়াম্-ঘটিত লবণ সকলের পরস্পরের ক্রিয়া দ্বারা প্রস্তুত। মাত্রা, gr. v—xv

ক্রিয়াদি। জ্বরঘ্ন, পচননিবারক, আন্ত্রিক সংক্রমাপহ। ক্ষতাদিতে বাহ্য প্রয়োগ হয়। সেবন করিলে পাকাশয় মধ্য দিয়া অপরিবর্ত্তিত অবস্থায় অন্ত্রমধ্যে যায় ও তথায় বিযুক্ত হইয়া কার্য্য করে। বাত, টাইফয়িড্, অজীর্ণ, উদরাধ্মান, উদরাময়, ওলাউঠা, প্রমেহ আদিরোগে ব্যবহৃত হয়।

Sambuci Flores. স্যাম্বিউসাই ফ্লোরেস্। এলডার্ ফ্লাউয়ার্স্। স্যাম্বিউকাস্ নাইগ্রা নামক বৃক্ষের সরস পুষ্প।

ক্রিয়াদি। মৃদু উত্তেজক ও বায়ুনাশক। পুল্‌টিশ্, সেক্ বা মলমরূপে বাহ্য প্রয়োগ হয়।

ঝ্যাকোয়া। জল। বৃন্তবিহীন সরস পুষ্প ১, জল ৫। চুয়াইয়া ১ লইবে। ধৌতরূপে ও চক্ষুধৌতরূপে ব্যবহৃত হয়।

Santali Oleum. স্যাণ্টেলাই ওলিয়াম্। অয়িল্ অব্ স্যাণ্ডাল্ উড্। চন্দনের তৈল। স্যাণ্টেলাম্ য়্যাল্‌বাম্ নামক বৃক্ষের কাষ্ঠ হইতে চোয়ান তৈল। মাত্রা, ♏x—xxx

ক্রিয়াদি। উত্তেজক, পচননিবারক, কফনিঃসারক। কোপেবা ও কাবাবচিনির ন্যায় ইহার ক্রিয়া জননেন্দ্রিয় ও মূত্রযন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির উপর বিশেষরূপে প্রকাশ পায়। কাস, প্রমেহ, ও গ্লীট্ রোগে প্রধানতঃ ব্যবহৃত হয়।

℞	ওলিঃ স্যাণ্টেলাই	♏xxx
	মিউসিল্ঃ ঝ্যাকেসিঃ	ʒi
	সিরাপ্ঃ	ʒi

টিং অর‍্যান্‌শ: ʒss
গ্ল্যাকো: ad. ℥i
মিঃ। এক মাত্রা। প্রমেহ রোগে দিবসে তিন বার।

Santonium স্যাণ্টোনাইনাম্। স্যাণ্টোনিন্। আর্টিমিসিয়া স্যাণ্টোনিকা হইতে প্রাপ্ত দানাযুক্ত সমক্ষারাম্ল বীর্য্য। মাত্রা, gr. ii—v
ক্রিয়া। কৃমিনাশক। মহীলতার ন্যায় ও সূত্রখণ্ডবৎ কৃমি রোগে ব্যবহার্য্য।

℞ স্যাণ্টোনিন্ gr. ii
পাল ভ: স্ক্যামনি: কো: gr. viii
মিঃ। য়্যাস্কারাইডিস্ নামক কৃমিরোগে।

সেপো ; সোপ্ ; সাবান।

১। **Sapo Animalis** সেপো য়্যানিমেলিস্। কার্ড্ সোপ্।
বিশুদ্ধীকৃত জান্তব চর্ব্বি ও সোডা দ্বারা প্রস্তুত সাবান।
এম্‌প্ল্যাষ্ট্রাম্ রেজিনি প্রভৃতি বিবিধ প্রয়োগরূপ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

২। **Sapo Durus.** সেপো ডিউরাস্। হার্ড্ সোপ্। কঠিন সাবান। সোডা ও অলিভ্ অয়িল্ দ্বারা প্রস্তুত সাবান। মাত্রা, gr. v –xv
(বিবিধ বটিকা প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।)
ক্রিয়া। মৃদু বিরেচক, অম্লনাশক ও কৃমিনাশক। কোষ্ঠকাঠিন্য ও যকৃতের ক্রিয়াক্ষীণতা-সংযুক্ত অজীর্ণ রোগে রেউচিনি সহযোগে প্রয়োজ্য। পিত্তাশ্মরী নিরাকরণার্থ অধিক মাত্রায় ও পুনঃ পুনঃ ব্যবহৃত হয়।
এম্‌প্ল্যাষ্ট্রাম্ সেপোনিস্। কঠিন সোপ ৬, লেড্ প্ল্যাষ্টার্ ৩৬, রেজিন্ ১।
পাইল্যুলা সেপোনিস্ কম্পোজিটা। অহিফেন ১, হার্ড্ সোপ্ ৩, সিরাপ্ অব্ গ্লুকোস্ ১। (অহিফেন দেখ)। মাত্রা, gr. ii—iv

---

৩। **Sapo Mollis.** সেপো মোলিস্। সফ্ট্ সোপ্। পটাশ্ ও অলিভ্ অয়িল্ দ্বারা প্রস্তুত সাবান।

(লিনিমেণ্টাম্ টেরেবিন্থিনী প্রস্তুত করিতে ব্যবহৃত হয়)।

লিনিমেণ্টাম্ সেপোনিস্। মর্দ্দন। সফ্ট্ সোপ্, ২ আউন্স্; কর্পূর, ১ আউন্স; অয়িল্ অব্ রোজ্মেরি, ৬ ড্রাম্; এল্কহল (শতকরা ৯০), ১৬ আউন্স্; পরিস্রুত জল, ৪ আউন্স্।

Sarsæ Radix. সার্সী রেডিক্স্। জ্যামেকা সার্সা প্যারিলা রূট্।

স্মাইলাক্স্ অফিসিনেলিস্ নামক বৃক্ষের শুষ্ক মূল।

ক্রিয়াদি। পরিবর্ত্তক ও বলকারক। গৌণ উপদংশ রোগে, পুরাতন বাত, ক্যাক্হেক্সিয়া, পুরাতন স্ফোটক হইতে অধিক পূয নিঃসরণ থাকিলে, এবং বিবিধ ক্ষীণকর পীড়ায় উপকারক।

একৃষ্ট্রাক্টাম্ সার্সী লিকুইডাম্। সার্সা ২০, গ্লিসেরিন্ ২, এল্কহল্ (শতকরা ২০) যথাপ্রয়োজন। পার্কোলেশন্ দ্বারা প্রস্তুত। মাত্রা, ʒii—iv

লাইকর্ সার্সী কম্পোজিটাস্ কন্সেণ্ট্রেটাস্। সার্সা ২০, স্যাসাফ্রাস্ ২, গোয়েকাম্ ১, লিকরিস্ ২, মেজিরিয়্যান্ ১, এল্কহল্ (শতকরা ৯০) ৪½ পরিস্রুত জল যথাপ্রয়োজন। মাত্রা, ʒii—ʒviii

℞	একৃষ্ট: সার্সী লিকুইড:	℥ss
	য়্যাসিড্: নাইট্রো-হাইড্রোক্লোর্: ডিল্:	♏xx
	য়্যাকোয়া	℥iv

মিঃ। উপদংশিক ক্যাক্হেক্সিয়া রোগে দিবসে তিন বার।

Sassafras Radix. সাসাফ্রাস্ রেডিক্স্। সাসাফ্রাস্ রূট্।

সাসাফ্রাস্ অফিসিনেলিস্ নামক বৃক্ষের শুষ্কীকৃত মূল।

ক্রিয়াদি। উত্তেজক ও ঘর্ম্মকারক। পুরাতন বাত, চর্ম্মরোগ, স্কার্বিউটিক ও উপদংশিক পীড়ায়, এবং অন্যান্য ঔষধ সহযোগে ব্যবহৃত হয়।

Scammoniæ Radix. স্ক্যামোনিয়ী রেডিক্স্। স্ক্যামনি রূট্।

কন্ভল্ভিউলাস্ স্ক্যামোনিয়া নামক বৃক্ষের শুষ্কীকৃত মূল।

রেজিনা স্ক্যামোনিয়াই প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

স্ক্যামোনিয়া রেজিনা। রেজিন্ অব্ স্ক্যামনি। স্ক্যামনি মূল হইতে সুরা সহযোগে পার্কোলেশন্ আদি দ্বারা প্রাপ্ত ধুনা। মাত্রা, gr. iii—viii

ক্রিয়া। প্রবল বিরেচক; জলবৎ ভেদ ও উদরের কামড়ানি উপস্থিত করে।

আময়িক প্রয়োগ। সচরাচর ক্যালমেল্ সহযোগে প্রয়োগ করা যায়; ইহার ক্রিয়া সংশোধনার্থ এতৎসহযোগে সাল্ফেট্ অব্ পটাশ্ ব্যবহৃত হয়। অন্ত্রের ক্রিয়া-ক্ষীণতায়, ও অন্ত্রমধ্য হইতে গুটিলা বহিষ্করণ, এবং বালকদিগের কৃমিনাশার্থ প্রয়োজ্য।

পাইল্যুলা স্ক্যামোনিয়াই কম্পোজিটা। স্ক্যামনি রেজিন্ ১, রেজিন্ অব্ জ্যালাপ্ ১, কার্ড্ সোপ্ ১, ষ্ট্রঙ্গ্ টিংচার্ অব্ জিঞ্জার্ ৩। মাত্রা, gr. iv—viii

পাল্ভিস স্ক্যামোনিয়াই কম্পোজিটাস্। স্ক্যামনি রেজিন্ ৪, জ্যালাপ্ ৩, জিঞ্জার্ ১। মাত্রা, gr. x—xx

স্ক্যামোনিয়াম্। স্ক্যামনি। সজীব স্ক্যামনি মূলে অস্ত্রাঘাত দ্বারা প্রাপ্ত গাম্-রেজিন্ শুষ্কীকৃত। মাত্রা, gr. v—x

ক্রিয়াদি। রেজিন্ অব্ স্ক্যামনির ন্যায়।

℞	পাল্ভঃ স্ক্যামনি	℈ss
	——ক্রিটিঃ	gr xv
	——সিনেমনঃ	gr v

মিঃ। মাত্রা, gr, ii—v। বালকদিগের কোষ্ঠকাঠিন্যে।

Scilla. সিলা। স্কুইল্। আর্গিনিয়া সিলা নামক বৃক্ষের কন্দ (খণ্ড খণ্ড ও শুষ্কীকৃত)। gr i—iii

ক্রিয়া। অল্প মাত্রায় কফনিঃসারক হৃদপিণ্ডের বলকারক; অধিক মাত্রায় বমনকারক ও বিরেচক। ইহা শ্বাসনলীর শ্লৈষ্মিক ঝিল্লির স্রাবণ ক্রিয়া বৃদ্ধি করে এবং শ্লেষ্মা-নিঃসরণ-সহায়তা করে।

আময়িক প্রয়োগ। শোথ, উদরী, পুরাতন শ্বাসনলীপ্রদাহে অত্যন্ত জ্বর না থাকিলে। সচরাচর ইপেকাকুয়ানা, য়্যামোনিয়াকাম্, পারদ ও অন্যান্য ঔষধ সহযোগে ব্যবহৃত হয়।

য়্যাসিটাম্। শুষ্ক কুট্টিত স্কুইল্ ২½, জলমিশ্র সির্কা ২০। মাত্রা, ♏x—xxx

অক্সিমেল্। স্কুইল্ ৫, এসেটিক্ এসিড্ ৫, পরিস্রুত জল ৯৬, শোধিতমধু যথা-প্রয়োজন। আঃ ভার ১·৩২০। মাত্রা, ʒss—i

পাইল্যুলা কম্পোজিটা। স্কুইল্ চূর্ণ ১¼, শুণ্ঠী ১, য়্যামোনিয়াকাম্ ১, সিরাপ্ অব্ গ্লুকোস্ ১ বা যথাপ্রয়োজন, হার্ড্ সোপ্ ১। মাত্রা, gr, iv—viii

পাইল্যুলা ইপেকাকুয়ানা কাম্ সিলা। (ইপেকাকুয়ানা দেখ)।

সিরাপাস্। পাক। ভিনিগার্ অব্ স্কুইল্ ১০, বিশুদ্ধীকৃত শর্করা ১৯।
মাত্রা, ℨss—i

টিংচ্যুরা। অরিষ্ট। স্কুইল্ কুট্টিত, এল্কহল্ (শতকরা ৬০)।—(৫এ ১)।
মাত্রা, ♏x—xv

℞ অক্সিঃ সিলী
স্পিঃ ঈথার্ঃ নাইট্রিকঃ
টিং ক্যাম্ফঃ aa ℥ss

নিঃ। পুরাতন সর্দ্দি রোগে ℥i মাত্রায় প্রয়োজন মতে।

Scoparii Cacumina. স্কোপেরিয়াই কাক্যুমিনা। ব্রুম্ টপ্স্।

সাইটিসাস্ স্কোপেরিয়াস্ নামক বৃক্ষের সরস ও শুষ্কীকৃত শাখাগ্র।

ক্রিয়া। অল্প মাত্রায় মূত্রকারক ও মৃদু বিরেচক। অধিক মাত্রায় বিরেচক ও বমনকারক।

আময়িক প্রয়োগ। শোথ, উদরী ইত্যাদি।

ইন্ফিউজাম্। ফাণ্ট। মাত্রা, ℥i—ii

সাক্কাস্। রস। নিষ্পীড়িত এবং ৩ অংশে ১ অংশ এল্কহল্ (শতকরা ৯০) সংযুক্ত। মাত্রা, ℨi—ii

℞	পট্ঃ য়্যাসেট্ঃ	gr. xx
	——নাইট্রেট্ঃ	gr. x
	স্পিঃ ঈথার্ নিট্ঃ	♏xxx
	——জুনিপার্ঃ	♏xxx
	ডিকক্ঃ স্কোপেরিঃ	ad. ℥i

মিঃ। মূত্রকারক।

Senegæ Radix. সেনেগী রেডিক্স্। সেনেগা রুট্। পলিগেলা

সেনেগা নামক বৃক্ষের শুষ্কীকৃত মূল। ইহাতে সেপোনিন্ নামক বীর্য্য আছে।

ক্রিয়া। উত্তেজনকর কফনিঃসারক ও মূত্রকারক; অধিক মাত্রায় বমনকারক ও বিরেচক।

আময়িক প্রয়োগ। ফুস্‌ফুস্‌প্রদাহের শেষাবস্থা; পুরাতন শ্বাসনলীপ্রদাহ। আগুনালিক প্রস্রাব; রক্তঃকৃচ্ছ্র।

ইন্‌ফিউজাম্। ফাণ্ট্। সেনেগা, ফুটিত পরিস্রুত জল।—(২০ তে ১)। মাত্রা, ℥i—ii

লাইকর্ সেনেগী কন্‌সেণ্ট্রেটাস্। গাঢ় দ্রব। সেনেগা ১০, এল্‌কহল্; (শতকরা ২০ এক ভাগ ও শতকরা ৪৫ পঁচিশ ভাগ)। পার্কোলেট্। মাত্রা, ʒss—i

টিংচ্যুরা। অরিষ্ট। সেনেগা, এল্‌কহল্ (শতকরা ৬০)।—(৫ এ ১) মাত্রা, ʒss—i

℞	পাল্‌ভ্ঃ সেনেগী	gr. xxx
	সোডিঃ কার্ব্ঃ	gr. vi
	পাল্‌ভ্ঃ সিলী	gr. i
	স্যাকেরাই পিউরা	gr. xii

মিঃ। ৬ পুরিয়া করিবে। বালকদিগের শ্বাসনলীপ্রদাহ ও হুপিংকফ্ রোগের উন্নতাবস্থায় ১ পুরিয়া ৪ ঘণ্টা অন্তর।

Senna. সেনা। সোণামুখী। ক্যাসিয়া, য়্যালেক্‌জেণ্ড্রিনা, ক্যাসিয়া ল্যাঙ্গিয়োলেটা, ক্যাসিয়া অবওভিটা ও ক্যাসিয়া ইলঙ্গেটা আদি বিবিধ ক্যাসিয়া বৃক্ষের শুষ্ক পত্র। ইহার বিবিধ বীর্য্যের মধ্যে ক্যাথার্টিক্ য়্যাসিড্ প্রধান। ব্রিটিশ্ ফার্মাকোপিয়ায় দুই প্রকার সোণামুখী গৃহীত হইয়াছে,—সেনা য়্যালেক্‌জেণ্ড্রিনা ও সেনা ইণ্ডিকা। মাত্রা, চূর্ণের, x—xxx

ক্রিয়া। বিরেচক। বিবমিষা ও উদরের কামড়ানি উপস্থিত করে। ইহা দ্বারা অন্ত্রের, বিশেষতঃ কোলনের পেশীয় আবরণ উত্তেজিত হয়।

আময়িক প্রয়োগ। বালকদিগের ও বৃদ্ধদিগের বিরেচনার্থ বিশেষ উপযোগী। অধিক জ্বর থাকিলে, গর্ভাবস্থায় ও অন্ত্রের উগ্রতা থাকিলে নিষিদ্ধ।

কন্‌ফেকশিয়ো। খণ্ড। সোণামুখী ৭, ধনিয়া ৩, উড়ুম্বর ১২, তিন্তীড়িক ৯, ক্যাসিয়া পাল্‌প্ ৯, প্রুন্‌স্ ৬, যষ্টিমধুর সত্ত্ব ১, বিশুদ্ধীকৃত শর্করা ৩০, পরিস্রুত জল ২৪। মাত্রা, gr. lx—cxx

ইন্‌ফিউজাম্। ফাণ্ট্। সোণামুখী, শুণ্ঠী ১/১৬, ফুটিত পরিস্রুত জল ১০। মাত্রা, ℥ss—i

লাইকর্ কন্‌সেণ্ট্রেটাস্। গাঢ় দ্রব। মাত্রা, ʒss—i

মিক্‌শ্চ্যুরা কম্পোজিটা। সোণামুখীর ফাণ্ট্ ১৩, সাল্‌ফেট্ অব্ ম্যাগ্‌নিসিয়াম্

৫, যষ্টিমধুর তরল সার, স্পিরিট্ অ্যামোন্ঃ অ্যারমাট্ঃ ১, এলাচাদি অরিষ্ট ২, (ব্ল্যাক্ ড্রাফ্ট্)। মাত্রা, ℥i—iss

সিরাপাস্। পাক। সোণামুখী ৪০ আউন্স, ধনিয়ার তৈল ১০ মিনিম্, শোধিত শর্করা ৫০ আউন্স, এল্কহল্ (শতকরা ৯০) ৪০ মিনিম্, ও এল্কহল্ (শতকরা ২০) ৭০ আউন্স্। মাত্রা, ʒss—ii

টিংচ্যুরা সেনী কম্পোজিটা। সোণামুখী আদির অরিষ্ট। সোণামুখী ৮, বীজবিহীন কিস্মিস্ ৪, বিলাতী জিরা ১, ধনিয়া ১, এল্কহল্ (শতকরা ৪৫) ৪০। মাত্রা, ʒss—i

℞	টিং সেনী কোঃ	℥ss
	ইন্ফ্ঃ সেনী	℥i
	কন্ফ্ঃ স্ক্যামনি	ʒi

মিঃ। বিরেচক।

Serpentariæ Rhizoma. সার্পেণ্টেরায়ী রিজোমা; সার্পেণ্টেরি রিজোম্। এরিষ্টোলোকিয়া সার্পেণ্টেরিয়া নামক বৃক্ষের শুষ্কীকৃত নিরাট কন্দ ও উপমূল। মাত্রা, gr. x—xv

ক্রিয়া। উত্তেজক, বলকারক ও ঘর্ম্মকারক; অধিক মাত্রায় মৃদু বিরেচক ও বিবমিষাজনক।

আময়িক প্রয়োগ। টাইফস্ জ্বরে সাতিশয় ক্ষীণাবস্থা, অজীর্ণ ও পুরাতন বাত।

ইন্ফিউজাম্। ফাণ্ট্। সার্পেণ্টেরী ১, ফুটিত পরিস্রুত জল ২০। মাত্রা, ℥i—ii

লাইকর্ কন্সেণ্ট্রেটাস্। গাঢ় দ্রব। সার্পেণ্টেরায়ী রিজোম্ ১০, এল্কহল্ (শতকরা ২০) ২৫। পার্কোলেট্। মাত্রা, ℥ss—i

টিংচ্যুরা। অরিষ্ট। সার্পেণ্টেরী, এল্কহল্ (শতকরা ৭০)।—(৫এ ১) মাত্রা, ʒss—i

℞	ইন্ফ্ঃ সার্পেণ্টেরায়ী	ʒix
	অ্যামন্ঃ কার্ব্ঃ	gr. v
	সিরাপ্ঃ	ʒi

মিঃ। জ্বরাদি রোগে ঘর্ম্মকরণার্থে দিবসে দুই বার।

Sesami Oleum. সিসেমাই ওলিয়াম্। সিসেম্ অয়িল্। সিসেমাম্ ইণ্ডিকামের বীজ হইতে নিষ্পেশন দ্বারা প্রাপ্ত তৈল।

* ক্রিয়া। মর্দ্দন, মলম, ও পলস্ত্রা সকল প্রস্তুত করিতে অলিভ্ অয়িলের পরিবর্ত্তে ব্যবহৃত হয়।

Sevum Præparatum. সিভাম্ প্রিপারেটাম্। প্রিপেয়ার্ড্ স্যুয়েট্। প্রস্তুতীকৃত বসা। মেষের উদরাভ্যন্তরীয় বসা; গলাইয়া ও ছাঁকিয়া পরিশোধিত।

আঙ্গুয়েণ্টাম্ হাইড্রার্জাইরাই প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

Sinapis. সিনাপিস্। মাষ্টার্ড্। সর্ষপ। ব্রেসিকা নাইগ্রা (কৃষ্ণ) ও ব্রেসিকা য়্যাল্বা (শ্বেত) নামক বৃক্ষের বীজ, চূর্ণীকৃত ও মিশ্রিত।

ক্রিয়া। উত্তেজক ও বায়ুনাশক। অধিক মাত্রায় বমনকারক। অখণ্ড সর্ষপ সেবন করিলে মৃদু বিরেচক। বাহ্যপ্রয়োগে প্রদাহোৎপাদক ও ফোস্কাকারক, এবং প্রত্যুগ্রতাসাধক।

আময়িক প্রয়োগ। বিবিধ আভ্যন্তরিক প্রদাহ, স্থানিক বেদনা আদিতে পলস্ত্র, মর্দ্দনরূপে; পক্ষাঘাতে সর্ষপের পাদস্নান; বিষভোজীকে বমনার্থ, ইত্যাদি। ইহার এক চা-চামচ পরিমাণ এক টাম্বলার্ উষ্ণ জলের সহিত সেবন করিলে শীঘ্র বমন হয়।

চার্টা। কৃষ্ণ ও শ্বেত সর্ষপ ওজনে সমভাগ; বেঞ্জল্ সোল্যুশন্ অব্ ইণ্ডিয়া রাবার্, প্রত্যেক যথাপ্রয়োজন কার্টিজ কাগজের উপর উহার আবরণ দিবে।

লিনিমেণ্টাম্। সর্ষপের বায়ি তৈল ১½ ড্রাম্ কর্পূর ১২০ গ্রেণ্ এরণ্ড তৈল ৫ ড্রাম্, এল্‌কহল্ (শতকরা ৯০) ৪ আউন্স্।

ওলিয়াম্ ভোলেটাইল্। বায়ি তৈল। কৃষ্ণ সর্ষপ হইতে জল সহযোগে চোয়ান।

Sodium. সোডিয়াম্। ইহা দ্বারা জল বিযুক্ত হয়, সুতরাং ন্যাফথা মধ্যে রাখা প্রয়োজন। ইহা হইতে লাইকার্ সোডিয়াই ইথিলেটিস্ প্রস্তুত হয়।

১। সোডিয়াই কার্বনাস্। কার্বনেট্ অব্ সোডিয়াম্। সোডা, ইহার ২০ গ্রেণ্ দ্বারা ৯·৮ গ্রেণ্ সাইট্রিক্ য়্যাসিড্ বা ১৮·৫ গ্রেণ্ টার্টারিক্ য়্যাসিড্ সমক্ষারাম্ল হয়। মাত্রা, gr. v—xxx

ক্রিয়াদি। অম্লনাশক, অশ্মরী-দ্রাবক, দ্রবকারক। পাকাশয়ের অম্লরোগ, গাউট্, অজীর্ণ, ইত্যাদিতে প্রয়োজ্য।

সোডিয়াই কার্বনাস্ এক্সিকেটাস্। কার্বনেট্ অব্ সোডিয়াম্‌কে চীনপাত্রে রাখিয়া অগ্নিসন্তাপ দ্বারা শুষ্কীকৃত। ইহার ৫৩ গ্রেণ্, কার্বনেট্ অব্ সোডিয়াম্ ১৪৩ গ্রেণের সমতুল। মাত্রা, gr. iii—x

২। সোডিয়াই বাইকার্বনাস্। বাইকার্বনেট্ অব সোডিয়াম্। কার্বনেট্ অব্ সোডিয়ামে কার্বনিক্ য়্যাসিড্ সংযোগে, অথবা ক্লোরাইড্ অব্ সোডিয়াম্ ও বাইকার্বনেট্ অব্ য়্যামোনিয়ামে প্রতিক্রিয়া দ্বারা প্রাপ্ত। ইহার ২০ গ্রেণ্ দ্বারা সাইট্রিক্ য়্যাসিড্ ১৬·৭ গ্রেণ্ বা টার্টারিক্ য়্যাসিড্ ১৭·৮ গ্রেণ্ সমক্ষারাম্ল হয়। মাত্রা, gr. x—xxx

ক্রিয়া। বাইকার্বনেট্ অব্ পটাশের ন্যায়। কার্বনেট্ অব্ সোডা অপেক্ষা কম দাহক ও উগ্রতাসাধক।

আময়িক প্রয়োগ। অম্লসংযুক্ত অজীর্ণ, ইউরিক্ য়্যাসিড্ অশ্মরী; কোন কোন প্রকার প্রাদাহিক পীড়ায়, গ্রন্থির রোগে, স্ক্রফিউলা ও উপদংশ রোগে দ্রবকারক ও পরিবর্ত্তক; উদরী ও শোথ রোগে মূত্রকারক।

ট্রোচিস্কাস্। চাক্তি। সোডিয়াম্ বাইকার্বনেট্ ৩ গ্রেণ্। রোজ্ বেসিস্ দ্বারা প্রস্তুত।

৩। সোডিয়াই ফস্ফাস্। ফস্ফেট্ অব্ সোডিয়াম্। অস্থি-ভস্ম ও গন্ধক-দ্রাবকের মিশ্র হইতে প্রস্তুত য়্যাসিড্ ফস্ফেট্ অব্ ক্যাল্‌সিয়ামের দ্রবে কার্বনেট্ অব্ সোডিয়াম্ দ্রব সংযোগে প্রাপ্ত। মাত্রা, ℥¼—ss এক মাত্রায়; ʒss—ii পুনঃ পুনঃ প্রয়োগ।

ক্রিয়া। মৃদু বিরেচক, পিত্তনিঃসারক বাতনাশক, স্নায়বীয় বলকারক, অল্প মাত্রায় মূত্রকারক। বালকদিগের ও দুর্ব্বল ব্যক্তিদিগের পক্ষে বিরেচনার্থ উপযোগী। জ্বর প্রাদাহিক পীড়া, গর্ভবতী স্ত্রীলোকদিগের পীড়া; গাউট্, বাত, প্রস্রাবে লিথিক্ য়্যাসিড্ সঞ্চয়; মধুমেহ ইত্যাদি।

সোডিয়াই ফস্ফাস এফার্ভেসেন্স। ফস্ফেট্ অব্ সোডিয়াম্ ১০০, বাইকার্বনেট্ অব্ সোডিয়াম্ ১০০, টার্টারিক্ য়্যাসিড্ ৫৪, সাইট্রিক্ য়্যাসিড্ ৩৬। ফস্ফেট্ অব্ সোডিয়াম্‌কে শুষ্ক করিবে যে পর্য্যন্ত না উহার শতকরা ৬০ অংশ ওজন হ্রাস হয়, পরে চূর্ণ করিয়া অন্যান্য দ্রবের সহিত মিশ্রিত করিবে। অনন্তর উপযুক্ত পাত্রে স্থাপন করিয়া ২০০—২২০ তাপাংশ ফার্ণ্‌হীট্ উত্তাপে উত্তপ্ত করিবে; একীভূত হইতে আরম্ভ হইলে অনবরত আবর্ত্তন করিবে, পরে চালনীতে ছাঁকিয়া লইবে। মাত্রা, ℥¼—½

৪। সোডিয়াই সালফাস্। সালফেট্ অব্ সোডিয়াম্। গ্লবার্স সল্ট্। লবণ হইতে হাইড্রোক্লোরিক্ য়্যাসিড্ প্রস্তুত করিতে যাহা অবশিষ্ট থাকে তাহাকে কার্বনেট্ অব্ সোডিয়াম্ সহ সমক্ষারাম্ল করিলে প্রস্তুত হয়। মাত্রা, ℥¼—ss এক মাত্রায়; ʒi—ii পুনঃ পুনঃ প্রয়োগ।

ক্রিয়াদি। উৎকৃষ্ট স্নিগ্ধকর, মৃদু বিরেচক। যকৃৎ ও অন্ত্রের ক্রিয়া উত্তেজিত করে। বিরেচনার্থ, যকৃতের রক্তসংগ্রহ রোগে, পাণ্ডুরোগে ও কোষ্ঠকাঠিন্যে প্রয়োজিত হয়।

সোডিয়াই সালফাস্ এফার্ভেসেন্স্। প্রায় এফার্ভেসিঙ্গ্ ফস্ফেটের ন্যায় প্রক্রিয়া দ্বারা প্রস্তুত করা যায়। মাত্রা, ℥¼—½ এক মাত্রায়, ʒi—ii পুনঃ পুনঃ প্রয়োগ।

৫। সোডা টার্টারেটা। রোচেল্ সল্ট্। বাইটার্ট্রেট্ অব্ পোটাসিয়াম্‌কে সমভাগ কার্বনেট্ অব্ পোটাসিয়াম্ দ্বারা সমক্ষারাম্ল করিলে প্রস্তুত হয়। মাত্রা, ʒii—iv

ক্রিয়াদি। মৃদু বিরেচক; পাকাশয়ের ক্ষীণতা ও উগ্রতা থাকিলে বিশেষ উপযোগী। অল্প মাত্রায় বিরেচন ক্রিয়া প্রকাশ করে না; মূত্রকারক হয়, ও প্রস্রাবে ক্ষারত্ব সম্পাদন করে। ইহা দ্বারা অন্ত্র যথেষ্ট উত্তেজিত হয়।

পাল্‌ভিস্ সোডী টার্টারেটী এফার্ভেসেন্স্। সিড্‌লিট্‌জ পাউডার্।

টার্টারেটেড্ সোডা ১২০ গ্রেণ্, বাইকার্বনেট্ অব সোডিয়াম্ ৪০ গ্রেণ্; একত্র মিশ্রিত করিয়া নীল কাগজে মুড়িয়া দিবে। টার্টারিক্ য়্যাসিড্ ৩৮ গ্রেণ্; শ্বেত কাগজে মুড়িয়া দিবে। মাত্রা, প্রথমোক্ত পুরিয়া শীতল বা ঈষদুষ্ণ জলে দ্রব করিয়া, শেষোক্ত পুরিয়া সংযোগ করিয়া উচ্ছলৎ অবস্থায় সেবনীয়।

৬। সোডিয়াই সাইট্রো-টার্ট্রাস্ এফার্ভেসেন্স্। বাইকার্বনেট অব্ সোডিয়াম্ ১৭, টার্টারিক্ য়্যাসিড ৯, সাইট্রিক্ য়্যাসিড্ ৬, বিশুদ্ধীকৃত শর্করা ৫। একত্র মিশ্রিত করিবে: পরে উপযুক্ত পাত্রে ২০০—২২০ ফার্ণ্‌হীট্ তাপাংশে উত্তপ্ত করিবে, সংযত হইতে আরম্ভ হইলে চালনীতে ছাঁকিয়া লইবে। মাত্রা, gr. lx—cxx

ক্রিয়া। মৃদু লাবণিক বিরেচক।

৭। সোডিয়াই ক্লোরাইডাম্। সাধারণ লবণ। স্বভাবজ। মাত্রা, gr, x—cxx

ক্রিয়াদি। পচননিবারক; অল্প মাত্রায় উত্তেজক, বলকারক ও কৃমিনাশক; অধিক মাত্রায় বিরেচক ও বমনকারক। এতদ্ভিন্ন, এগিউ রোগের বিরামাবস্থায় ৮—১২ ড্রাম্ মাত্রায় পর্য্যায়-নিবারক। স্নানরূপে (৪ গ্যালনে ১ পাউণ্ড)। বালকদিগের সমগ্র বিধানের বলকারক ও উত্তেজক। কোন স্থান মচ্‌কাইয়া বা থেঁৎলাইয়া গেলে স্থানিক

স্বেদরূপে উপকারক। ওজিনা রোগে ইহার চূড়ান্ত দ্রবের নাসাভ্যন্তরে পিচকারী উপযোগী। সর্দ্দি রোগে ক্ষীণ লবণ দ্রব নাসাভ্যন্তরে পিচকারী দ্বারা প্রয়োগ ও উহার কুল্য বিশেষ ফলপ্রদ। জলৌকা গলাধঃকৃত হইলে, অথবা যোনি বা সরলান্ত্র মধ্যে প্রবিষ্ট হইলে ইহার উগ্র দ্রব স্থানিক প্রয়োগ উপযোগী। ওলাউঠা রোগে বাইকার্বনেট্ অব্ সোডিয়াম্ ও ক্লোরেট্ অব্ পোটাসিয়াম্ সহ প্রয়োগ অনুমোদিত হইয়াছে। এ ভিন্ন উদরাময় রোগে উপকারক। সূত্রখণ্ডবৎ কৃমি রোগে ইহার দ্রব সরলান্ত্র মধ্যে পিচ্কারী দ্বারা প্রয়োগ।

৮। **লাইকার্ সোডিয়াই এথিলেটিস্। সোল্যুশন্ অব্ এথিলেট্ অব্ সোডিয়াম্।** ১ অংশ সোডিয়াম্, ২০ অংশ এথিলিক য়্যালকোহলে দ্রবীকৃত।

ক্রিয়াদি। দাহক। নীভাস্, নাসাভ্যন্তরীয় পলিপাস্, ওজিনা ও ল্যুপাস্ রোগে স্থানিক প্রয়োগ।

৯। **সোডিয়াই সাল্ফিস্। সাল্ফাইট্ অব্ সোডিয়াম্।** কার্বনেট্ অব্ সোডিয়াম্ বা কষ্টিক্ সোডার উপর সাল্ফিউরাস্ য়্যাসিডের ক্রিয়া দ্বারা প্রাপ্ত। মাত্রা, gr, v—xx

ক্রিয়াদি। পচননিবারক। পাকাশয়ে উৎসেচন-ক্রিয়া দমন করে, ও সার্সিনী ভেন্ট্রিকিউলাই নষ্ট করে।

১০। **সোডিয়াই ব্রোমাইডাম্। ব্রোমাইড্ অব্ সোডিয়াম্।** মাত্রা, gr, x—xxx

ক্রিয়াদি। ব্রোমাইড্ অব্ পোটাসিয়ামের ন্যায়, কিন্তু অপেক্ষাকৃত কম অবসাদক। (ব্রোমিন্ দেখ)।

১১। **সোডিয়াই আইয়োডাইডাম্। আইয়োডাইড্ অব্ সোডিয়াম্।** মাত্রা, gr. iii—v

ক্রিয়াদি। আইয়োডাইড্ অব্ পোটাসিয়ামের ন্যায়। (আইয়োডিন্ দেখ)।

১২। **সোডিয়াই হাইপোফস্ফিস্। হাইপোফস্ফাইট্ অব্ সোডিয়াম্।** হাইপোফস্ফাইট্ অব্ ক্যাল্সিয়ামের দ্রবে কার্বনেট্ অব্ সোডিয়াম্ সংযোগ করিয়া কার্বনেট্ অব্ ক্যাল্সিয়াম্ অধঃপাতিত করিলে প্রাপ্ত হওয়া যায়। মাত্রা, gr. iii—x

ক্রিয়াদি। উৎকৃষ্ট স্নায়বীয় বলকারক। যক্ষ্মাদি রোগে উপকারক।

১৩। **সোডিয়াই আর্সেনাস্। আর্সেনিয়েট্ অব্ সোডিয়াম্।** মাত্রা, gr. $\frac{1}{40}$—$\frac{1}{10}$

ক্রিয়াদি। ফাউলার্স সোলিউশনের ন্যায়। চর্ম্মরোগে ও স্নায়বীয় পীড়ায় ব্যবহৃত

হয়। একজিমা রোগে লাইকার্ আর্সেনিকেলিস্ অপেক্ষা সত্বর উপকার দর্শে, অপেক্ষাকৃত কম পাকাশয়-বিকার ও অক্ষিঝিল্লির উগ্রতা উৎপাদিত হয়।

লাইকার্ সোডিয়াই আর্সেনেটিস্। ১৭২ গ্রেণ্ নির্জ্জল আর্সেনিয়েট্ অব্ সোডিয়ামকে ৪ আউন্স্ পরিস্রুত জলে দ্রব করিয়া লইবে। (১০০তে ১)। মাত্রা, ♏ii—viii

১৪। সোডিয়াই সালফোকার্বলাস্। সালফো-কার্বলেট্ অব্ সোডিয়াম্। অধিক পরিমাণে গন্ধক-দ্রাবকে কার্বলিক্ য়্যাসিড্ দ্রব করিয়া, অত্যধিক পরিমাণে কার্বনেট্ অব্ বেরিয়াম্ ও পরে কার্বনেট্ অব্ সোডিয়াম্ সংযোগ করিলে প্রাপ্ত হওয়া যায়। মাত্রা, gr. iii—xv

ক্রিয়াদি। পচননিবারক। উদরাধ্মান ও বিবিধ সেপ্টিক্ পীড়ায় উপকারক।

১৫। লাইকার্ সোডী ক্লোরিনেটী। সলিউশন্ অব্ ক্লোরিনেটেড্ সোডা। ক্লোরিনেটেড্ লাইম্ ১৬, কার্বনেট্ অব্ সোডিয়াম্ ২৪, পরিস্রুত জল ১৬০। মাত্রা, ♏x—xx

ক্রিয়াদি। উত্তেজক, পচননিবারক, দ্রবকারক। স্কার্লেটিনা আদি রোগে, রক্তাতিসার, অজীর্ণ, গ্রন্থিস্ফীতি, পুরাতন শ্লেষ্মা-নিঃসরণ প্রভৃতিতে আভ্যন্তরিক প্রয়োগ। দুর্গন্ধযুক্ত বিবিধ পীড়ায়, বিশেষতঃ স্কার্লেটিনা, ডিফ্থিরিয়া আদিতে ধৌত, দ্রব, কুলরূপে, জল বা গ্লিসেরিন্ সহযোগে চুচুক-ক্ষতে বাহ্য প্রয়োগ হয়। টাইফয়িড্ জ্বরে অনুমোদিত হইয়াছে। ইহা প্রবল সংক্রমাপহ।

১৬। সোডিয়াই নাইট্রিস্। নাইট্রাইট্ অব্ সোডিয়াম্। মাত্রা, gr. ii—v

ক্রিয়াদি। অনেকাংশে নাইট্রো-গ্লিসেরিনের ন্যায়। বক্ষঃশূল রোগে উপযোগী।

১৭। সোডিয়াই বেঞ্জোয়াস্। বেঞ্জোয়েট্ অব্ সোডিয়াম্। বেঞ্জোয়িক্ য়্যাসিড্‌কে কার্বনেট্ অব্ সোডিয়াম্ দ্রব সহ সমক্ষারাম্ল করিয়া উৎপাতিত করিলে প্রস্তুত হয়। মাত্রা, gr. v—xxx

ক্রিয়াদি। পচননিবারক; যকৃতের উত্তেজক। বাত ও গাউট্, যক্ষ্মা, ডিফ্থিরিয়া প্রভৃতিতে উপকারক।

১৮। সোডিয়াই স্যালিসিলাস্। য়্যাসিডাম্ স্যালিসিলিকাম্ দেখ।

℞	সোড্ঃ টার্টারাট্ঃ		ʒii
	——বাইকার্ব্ঃ		gr. xv
	ইনুফ্ঃ সেনী		℥ss
	য়্যাকোঃ মেন্থ্ঃ পিপ্ঃ	ad.	℥i
মিঃ।	বিরেচক।		
℞	সোডিঃ টার্ট্ঃ		ʒii

	——বাইকার্ব্ঃ		℈ii
মিঃ।	পরে		
	য়্যাসিডাই টার্টারেটাই		gr. xxxvl
	জল		℥iv
মিঃ।	উচ্ছলদবস্থায় সেবনীয়। বিরেচক।		
℞	সোডিঃ বাইকার্ব্ঃ		gr. xx
	টিং ক্যালাম্বীঃ		♏ xx
	সিরাপ্ঃ জিঞ্জিবার্		ʒss
	ইন্ফ্ঃ জেন্শ্ঃ কোঃ	ad.	℥i
মিঃ।	অজীর্ণ রোগে দিবসে তিন বার।		
℞	সোডিয়াই ক্লোরাইডাম্		℥i
	জল		Oi
মিঃ।	সূত্রখণ্ডবৎ কৃমি রোগে পিচকারী		

Spiritus Ætheris Nitrosi. স্পিরিটাস্ ঈথারিস্ নাইট্রোসাই। স্পিরিট্ অব্ নাইট্রাস্ ঈথার্। সুইট্ স্পিরিট্স্ অব্ নাইটার্। রেক্টিফায়েড্ স্পিরিট্, যবক্ষার-দ্রাবক, গন্ধক-দ্রাবক ও তাম্রের মিশ্র পরিস্রুত করিয়া স্পিরিটে দ্রব করিয়া লইলে প্রস্তুত হয়। মাত্রা, ♏xx—xl

ক্রিয়াদি। উত্তেজক, ঘর্ম্মকারক মূত্রকারক। জ্বর, শোথ, উদরী, সর্দ্দি আদি রোগে প্রয়োজ্য। শ্বাসকাস, এঞ্জাইনা পেক্টোরিস্ ও ডিস্‌মেনোরিয়া রোগে উপকার আশা করা যায়।

℞	স্পিঃ ঈথার্ঃ নিট্রঃ		ʒss
	টিং বুকু		ʒss
	ইন্ফ্ঃ স্কোপের্ঃ	ad.	℥i
মিঃ।	মূত্রকারক।		

Spiritus Rectificatus, স্পিরিটাস্ রেক্টিফিকেটাস্। রেক্টিফায়েড্ স্পিরিট্। এল্‌কহল্ (শতকরা ৯০) উৎসেচিত শর্করাক্ত দ্রবকে পরিস্রুত করিয়া প্রাপ্ত। ইহাতে ৯০ অংশ ইথিল্ হাইড্রক্সাইড্ ও ১০ অংশ জল আছে।

কর্পূর, বাল্সাম্, ক্যাষ্টর্ অয়িল্ প্রভৃতি ইহাতে দ্রবীভূত হয়।

ক্রিয়াদি। আভ্যন্তরিক প্রয়োগে প্রবল ব্যাপ্ত উত্তেজক ও মাদক। এতভিন্ন, মৃদু জ্বরঘ্ন, ঘর্ম্মকারক ও মূত্রকারক। নিউমোনিয়া, টাইফয়িড্ আদি পীড়া জনিত অত্যধিক দৌর্ব্বল্যে প্রয়োজ্য। ইরিসিপেলাস্, ইরিথিমা, কোন স্থান দগ্ধ হইলে বা ঝলসাইয়া গেলে, এবং কোন স্থান মচকাইয়া বা থেঁৎলাইয়া গেলে ইহার দ্রব বাহ্য প্রয়োগ হয়। বাহ্যপ্রয়োগে শৈত্য উৎপাদন করে।

স্পিরিটাস্ ভাইনাই গ্যালিসাই। ফ্রেঞ্চ্ ব্র্যাণ্ডি।

মিশ্চ্যুরা স্পিরিটাস্ ভাইনাই গ্যালিসাই। ব্র্যাণ্ডি ৪ আউন্স্, দারুচিনির জল ৪ আউন্স্, অণ্ডের কুসুম ২, শর্করা ½ আউন্স্। মাত্রা, ℥ss—i

[স্নায়বীয় ও জ্বরীয় দৌর্ব্বল্যে উপকারক।]

℞	স্পিঃ ভাইনাই রেক্টিঃ	℥i
	য়্যাল্‌বিউমিনিস্ ওভাই	℥i

মিঃ। শয্যা-ক্ষতের প্রথমাবস্থায় তুলীদ্বারা প্রলেপ।

Staphisagriæ Semina. ষ্ট্যাফিসেগ্রায়ী সেমিনা। ষ্ট্যাভেসেকার্ সীড্‌স্। ডেল্‌ফিনিয়াম্ ষ্ট্যাফিসেগ্রিয়া নামক বৃক্ষের পক্ক ফল, শুষ্কীকৃত। ইহাতে তৈল ও ডেল্‌ফাইন্ নামক বীর্য্য আছে।

ক্রিয়াদি। পরাঙ্গপুষ্ট-কীট-নাশক। পাঁচড়া বা স্কেবিজ্, উকুন আদিতে প্রয়োজিত হয়।

আঙ্গুয়েণ্টাম্। মলম। ষ্ট্যাভেসেকর্ ২, বেঞ্জোয়েটেড্ লার্ড্ ৮½, পীত মোম ১।

Strammonium. ষ্ট্র্যামোনিয়াম্। ধুতুরা। ড্যাটুরা ষ্ট্র্যামোনিয়াম্ নামক বৃক্ষের পত্র ও বীজ। ইহাতে য়্যাট্রোপাইনের অনুরূপ ড্যাটুরিন্ নামক বীর্য্য আছে। মাত্রা, gr i (পত্র); gr. ss—i (বীজ)।

ক্রিয়া। প্রবল মাদক ও আক্ষেপনিবারক। হৃৎপিণ্ডের স্থৈর্য্য সম্পাদন করে, শ্বাস-প্রশ্বাসের সংখ্যা হ্রাস করে, বেদনা নিবারণ, আক্ষেপ দমন, ও কনীনিকা প্রসারিত করে। ইহা-দ্বারা কদাচিৎ নিদ্রা উপস্থিত হয়, কোষ্ঠবদ্ধ হয় না। অধিক মাত্রায় প্রলাপ ও মৃত্যু হয়। প্রায় বেলাডোনার ন্যায়।

আময়িক প্রয়োগ। শ্বাস-যন্ত্রের বেদনাযুক্ত পীড়া; সাতিশয় কাস, বক্ষোবেদনা;

শ্বাসকাসের আবেশে ইহার পত্রের চুরুটের ধূম পান; ক্যান্সার্ রোগে বেদনা নিবারণার্থ ইহার সরস পত্রের সেক বা মলম।

বিষঘ্ন। তুঁতিয়া দ্বারা বমন, পরে অহিফেনাদি প্রদাহ-নাশক ঔষধ।

একষ্ট্রাক্টাম্। সার। (পত্র)। মাত্রা, gr. ¼—ss

টিংচ্যুরা। অরিষ্ট। বীজ, এল্‌কহল্ (শতকরা ৮৫)।—(১০এ ১)। মাত্রা, ♏v—xv

℞	একষ্ট্ঃ ষ্ট্র্যামোনিঃ	gr. i
	——গ্লাইসিরিজী	ʒi

মিঃ। ছয় বটিকায় বিভক্ত করিবে। গলনলী ও স্বরযন্ত্রের উগ্রতায় কাস প্রবল হইলে প্রয়োজনমত এক এক বটিকা।

Strophanthi Semina. ষ্ট্রোফ্যান্থাই সেমিনা। ষ্ট্রোফ্যান্থাস্ হিস্পিডাস্ নামক বৃক্ষের লোমবিহীন পক্ক বীজ। ষ্ট্রোফ্যান্থিন্ ইহার প্রধান বীর্য্য।

ক্রিয়া। ডিজিটেলিসের ন্যায় হৃৎপিণ্ডের বলকারক। ডিজিটেলিসের ন্যায় ইহা দ্বারা সূক্ষ্ম রক্তপ্রণালী সকল কুঞ্চিত হয় না। ইহা মূত্রকারক। অল্প মাত্রায় আগ্নেয়, অধিক মাত্রায় বমন ও ভেদ উপস্থিত করে। ইহা সংগ্রাহক হইয়া কার্য্য করে না।

আময়িক প্রযোগ। হৃৎপিণ্ডের ক্ষীণতায়, হৃৎপিণ্ডের বিবিধ পীড়ায়, বিশেষতঃ দ্বি-কপাটীয় পীড়ায়, পুরাতন ব্রাইটাময়ে, ও এক্সফথ্যাল্মিক্ গয়িটার্ রোগে অনুমোদিত হইয়াছে।

একষ্ট্রাক্টাম্। সার। মাত্রা, gr. ¼—i

টিংচ্যুরা। অরিষ্ট। শুষ্কীকৃত বীজ ১, এল্‌কহল্ (শতকরা ৭০) ২০। মাত্রা, ♏v—xv

℞	টিং ষ্ট্রোফ্যান্থাই		♏iii
	স্পিঃ য়্যামন্ঃ য়্যারম্ঃ		♏xx
	য়্যাকোঃ ক্লোরোফর্মঃ	ad.	℥i

মিঃ। হৃৎপিণ্ডের ক্ষীণতাদিতে তিন ঘণ্টা অন্তর।

Styrax Præparatus. ষ্টাইর‍্যাক্স্ প্রিপারেটাস্। প্রিপেয়ার্ড্ ষ্টোর‍্যাক্স্। লিকুইডাম্বার ওরিয়েন্টেলি নামক বৃক্ষের আভ্যন্তরিক বল্কল হইতে প্রস্তুত বাল্‌সাম্। মাত্রা, gr. x—xx

ক্রিয়া। উত্তেজক ও কফনিঃসারক। বাল্‌সাম্ অব্ পেরু ও টোলুর ন্যায়।

আময়িক প্রয়োগ। পুরাতন কাস, অন্যান্য ফুস্‌ফুসীয় পীড়া; প্রমেহ, শ্বেত-প্রদর।

[টিংচ্যুরা বেঞ্জোয়িনী কম্পোজিটা প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।]

Sulphonal. সাল্‌ফোন্যাল্। মাত্রা, x—xxx

ক্রিয়াদি। নিদ্রাকারক। ইহা দ্বারা হৃৎপিণ্ডের অবসাদ উপস্থিত হয় না; কিন্তু বিষমাত্রায় শ্বাসপ্রশ্বাসের পক্ষাঘাত বশতঃ মৃত্যু উপস্থিত হয়। ইহার ক্রিয়া বিলম্বে প্রকাশ পায়। ইহা দ্বারা কোন কোন স্থলে গাত্রে গুটিকা নির্গত হয়। যে সকল স্থলে ক্লোর‍্যাল্ হাইড্রেট্ প্রয়োজিত হয়, ইহাও সেই সকল স্থলে ব্যবহৃত হইয়া থাকে।

℞	সাল্‌ফোন্যাল্		gr. xx
	মিউসিল্ঃ য়্যাকেসী		ʒii
	সিরাপ্ঃ		♏xxx
	য়্যাকোঃ	ad.	℥i

মিঃ। এক মাত্রা। নিদ্রাকারক।

Sulphur. সাল্‌ফার। গন্ধক। খনিজ পদার্থ।

১। সালফার্ প্রিসিপিটেটাম্। প্রিসিপিটেটেড্ সালফার্। অধঃপাতিত গন্ধক। ঊর্দ্ধপাতিত গন্ধককে আর্দ্র চূণ ও জল সহযোগে ফুটাইয়া উহাতে লবণ-দ্রাবক সংযোগ করিলে প্রস্তুত হয়। মাত্রা, gr. xx—lx

ক্রিয়া। ঘর্ম্মকারক, পরিবর্ত্তক, মৃদু বিরেচক, কৃমিনাশক ও পরাঙ্গপুষ্ট-কীট-নাশক।

আময়িক প্রয়োগ। পুরাতন চর্ম্মরোগ; শ্বাসকাস, পুরাতন শ্বাসনলীপ্রদাহ; বিসূচিকা; অর্শ আদি সরলান্ত্রের পীড়া, ফিতার ন্যায় কৃমিরোগ; পুরাতন বাত; সায়েটিকা; স্ক্রফিউলা। পাঁচড়া, খোস আদি চর্ম্মরোগে বাহ্যপ্রয়োগ।

ট্রোচিস্কাস্ সাল্‌ফিউরিস্। প্রিসিপিটেটেড্ সাল্‌ফার্ ৫, য়্যাসিড্ টার্ট্রেট্ অব্ পোটাসিয়াম্ ১, শর্করা ৮, গঁদ ১, টিংচার্ অব্ অরেঞ্জ্ পীল্ ·১, মিউসিলেজ্ অব্ য়্যাকেসিয়া ১। প্রত্যেক চাক্তিতে ৫ গ্রেণ্ গন্ধক। মাত্রা, দিবসে ১—৬।

২। সাল্ফার্ সাব্লিমেটাম্। সাবলাইমড্ সালফার্। ঊর্দ্ধ-পাতিত গন্ধক। খনিজ গন্ধক হইতে ঊর্দ্ধপাতন দ্বারা প্রাপ্ত। মাত্রা, gr. xx—lx

ক্রিয়া। পরিবর্ত্তক, ঘর্ম্মকারক, বিরেচক। অধঃপাতিত গন্ধকের ন্যায়, কিন্তু অপেক্ষাকৃত মৃদু।

কন্‌ফেক্‌শিয়ো। খণ্ড। ঊর্দ্ধপাতিত গন্ধক ৪, য়্যাসিড্ টার্ট্রেট্ অব্ পটাশ্ ১, কমলাত্বকের অরিষ্ট ½ ট্রাগাকান্থ্ ১/২৪, সিরাপ্ ২, গ্লিসেরিন্ ১½। মাত্রা, gr. lx—cxx

আঙ্গুয়েণ্টাম্। মলম। ঊর্দ্ধপাতিত গন্ধক, ১, বেঞ্জোয়েটেড্ লার্ড্ ৯।

৩। সাল্ফিউরিস্ আইয়োডাইডাম্। আইয়োডাইড্ অব্ সালফার্। আইয়োডিন্, ঊর্দ্ধপাতিত গন্ধক একত্র উত্তাপ দ্বারা দ্রব করিলে প্রস্তুত হয়।

আঙ্গুয়েণ্টাম্। মলম। আইয়োডাইড্ অব্ সাল্ফার্ ২, গ্লিসেরিন্ ২, বেঞ্জো-য়েটেড্ লার্ড্ ৪৬।

[য়্যাক্নি পাঙ্ক্টেটা ও অন্যান্য প্রকার চর্ম্মরোগে মহৌষধ।]

℞	সাল্ফিউরিস্	℥i
	পিক্স্ লিকুইডা	ʒvi
	য়্যাডেপ্স্ঃ বেঞ্জোয়েট্ঃ	℥iv

মিঃ। প্রুরিগো রোগে বাহ্যপ্রয়োগ।

℞	সাল্ফ্ঃ প্রিসিপ্ঃ	gr. xv
	ম্যাগ্নিসিয়ী	℈i

মিঃ। এক গ্ল্যাস জল বা দুগ্ধ সহযোগে, অর্শরোগে মৃদুবিরেচক।

Sumbul Radix. সাম্বাল্ রেডিক্স্। ফেরুল্যা সাম্বাল্ নামক বৃক্ষের মূল, শুষ্কীকৃত।

ক্রিয়া। স্নায়বীয় বলকারক ও আক্ষেপনিবারক।

আময়িক প্রয়োগ। টাইফয়িড্ জ্বরের ক্ষীণাবস্থা; ক্ষীণকর উদরাময়, আমাশয়, বিসূচিকা; মদাত্যয়; হিষ্টিরিয়া, শ্বাসকাস, মৃগী।

টিংচ্যুরা। অরিষ্ট। সাম্বাল্, এল্কহল্ (শতকরা ৭০)।—(১০এ ১)। মাত্রা, ʒss—i

℞	টিং সাম্বাল্	ʒiss

স্যাকোয়াঃ ক্যাম্ফঃ ℥i

মিঃ। হিষ্টিরিয়া ও মৃগী রোগে দিবসে ২।৩ বার।

Tamarindus. ট্যামারিণ্ডাস্। ট্যামারিণ্ড্। তেঁতুল। ট্যামারিণ্ডাস্ ইণ্ডিকা নামক বৃক্ষের ফলের শস্য। মাত্রা, ℥¼

ক্রিয়া। শৈত্যকারক ও মৃদুবিরেচক। তেঁতুলের পানা প্রস্তুত করিয়া জ্বরীয় রোগে ব্যবহার করা যায়। কন্‌ফেক্‌শিয়ো সেনী প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

Taraxaci Radix. ট্যারাক্সেসাই রেডিক্স্। ড্যাণ্ডেলিয়ান্ রূট্। ট্যারাক্সেকাম্ অফিসিনেলি নামক বৃক্ষের সরস ও শুষ্কীকৃত মূল।

ক্রিয়া। আগ্নেয়, মৃদু বিরেচক। যকৃতের উপর বিশেষ ক্রিয়া দর্শায়। যকৃতের বিবিধ পীড়ায়, যকৃতের অবরোধ বশতঃ উদরীতে উপকারক।

এক্‌ষ্ট্রাক্টাম্। সার। সরস মূল। মাত্রা, gr. v—xv

এক্‌ষ্ট্রাক্টাম্ লিকুইডাম্। তরল সার। শুষ্ক মূল, এল্‌কহল্ (শতকরা ৬০) মাত্রা, ℨ¼—ii

সাক্কাস্। রস। নিষ্পেষিত রসের ৩ অংশে ১ অংশ এল্‌কহল্ (শতকরা ৯০) মাত্রা, ℨi—ii

℞	সাক্কাস্ ট্যারাক্সঃ		ℨi
	য়্যাসিডঃ নাইট্রো-মিউরিয়াটিঃ ডিল্ঃ		♏x
	টিং লাপ্যুলাই		♏xx
	য়্যাকোয়া	ad.	℥i

মিঃ। যকৃতের পীড়ায় দিবসে তিন বার।

Terebenum. টেরেবিনাম। টেরেবিন্। টার্পেণ্টাইনের উপর সাল্‌ফিউরিক্ এসিডের ক্রিয়া দ্বারা পরে চুয়াইয়া প্রাপ্ত বর্ণহীন দ্রব। মাত্রা, ♏v—xv

ক্রিয়াদি। পচননিবারক, উত্তেজক, কফনিঃসারক, পুরাতন ব্রঙ্কাইটিস্, এম্ফিসেমা, থাইসিস্ আদি রোগে উপকারক।

Terebinthinæ Canadensis. টেরেবিন্থিনী ক্যানেডেন্সিস্।

ক্যানেডা বালসাম্। পাইনাস্ বাল্‌সেমিয়া নামক বৃক্ষের কন্দে অস্ত্রাঘাত করিলে যে টার্পিন্ পাওয়া যায়। মাত্রা, gr. xx—xxx

ক্রিয়াদি। টার্পিন্ তৈলের ন্যায়।

(কলোডিয়ান্ ফ্লেক্সাইল্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়)।

Terebithinæ Oleum.' টেরেবিন্থিনী ওলিয়াম্। অয়িল্ অব্ টার্পেণ্টাইন্। বিবিধ পাইনাস্ বৃক্ষ হইতে নিঃসৃত টার্পেণ্টাইন্ হইতে চোয়ান তৈল। মাত্রা, ♏x—xxx ; ʒii—iv (কৃমিনাশক)

ক্রিয়া। পচননিবারক, সংক্রমাপহ, বায়ুনাশক, রক্তরোধক, কফনিঃসারক, উত্তেজক, মূত্রকারক, ঘর্ম্মকারক, কৃমিনাশক ; অধিক মাত্রায় বিরেচক, কখন কখন বিবমিষা, বমন ও মত্ততা উপস্থিত করে। ইহা মূত্রপিণ্ড, মূত্রযন্ত্র ও জননেন্দ্রিয়ের উপর বিশেষ কার্য্য করে। সঙ্কোচক ও আক্ষেপ নিবারক। বাহ্যপ্রয়োগে প্রত্যুগ্রতা সাধক ও ফোস্কাকারক।

আময়িক প্রয়োগ। বিবিধ প্রকার রক্তস্রাব, উদরাময়, উদরাধ্মান, সায়েটিকা, ফিতার ন্যায় কৃমি, পুরাতন শ্বাসনলীপ্রদাহে শ্বাস, হিষ্টিরিয়া ; বিবিধ আভ্যন্তরিক প্রদাহে বাহ্য প্রয়োগ।

লিনিমেণ্টাম্। মর্দ্দন। টার্পিন্ তৈল ১৩, কর্পূর ১, কোমল সাবান ১২, পরিস্রুত জল ৫।

লিনিমেণ্টাম্ টেরেবিন্থিনী য়্যাসেটিকাম্। টার্পিন্ তৈল ৪, গ্লেশিয়্যাল্ য়্যাসেটিক্ য়্যাসিড্ ১, কর্পূর মর্দ্দন ৪।

℞ ওলিঃ টেরেবিন্থ্ঃ		ʒi
মিউসিল্ঃ		ʒv
মিক্স্ঃ য়্যামিগ্ঃ		
য়্যাকোয়া লরোসিরেসাই	aa	℥ss

মিঃ। রক্তস্রাবে কয়েক বিন্দু মাত্রায় শর্করা সহযোগে।

℞ ওলিঃ টেরেবিন্থ্ঃ	♏xv
য়্যাকোয়া মেন্থ্ঃ পিপঃ	℥i

মিঃ। আভ্যন্তরিক অপ্রবল রক্তস্রাবে ৪ ঘণ্টা অন্তর।

℞ ওলিঃ টেরেবিন্থ্ঃ
—— রিসিনি
য়্যাকোয়া য়্যাকেসি

—— মেন্থ্ঃ পিপ্ঃ ana ℥ss

মিঃ। উদরাধ্মান ও ফিতার ন্যায় কৃমি রোগে।

Theobromatis Oleum. থিয়োব্রোমেটিস্ ওলিয়াম্। কেকেয়ো বাটার্।* থিয়োব্রোমা কেকেয়ো বীজ চূর্ণ হইতে উত্তাপ ও নিপীড়ন দ্বারা প্রাপ্ত ঘনীভূত তৈল।

[গ্লিসেরিন্ সাপোজিটরি ভিন্ন সমুদয় সাপোজিটরি প্রস্তুত করিতে ব্যবহৃত হয়]।

Thus Americanum. থাস্ য়্যামেরিকেনাম্। কমন্ ফ্রাঙ্কিন্‌সেন্স্। পাইনাস্ টীডা ও পাইনাস্ প্যালাস্ট্রিস্ নামক বৃক্ষের ঘনীভূত টার্পেণ্টাইন্।

ক্রিয়া। বাহ্য প্রয়োগে উত্তেজক।

[এমপ্ল্যাষ্ট্রাম্ পাইসিস্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।]

Thymol. থাইমল্। থাইমাস ভাল্‌গেরিস্, মোনার্ডা পাঙ্ক্‌টেটা, ক্যারাম্ আজোয়ান্ নামক বৃক্ষের বায়ি তৈল হইতে প্রাপ্ত ষ্টিয়েরপ্‌টিন্। মাত্রা, gr, ½—ii

ক্রিয়াদি। পচননিবারক, উৎসেচন-রোধক, পরাঙ্গপুষ্টাপহ। ক্ষতাদিতে ধৌত, ড্রেসিঙ্গ, গজ্ প্রভৃতিরূপে, দদ্রু রোগে দ্রবরূপে, ও গলক্ষতে কুল্যরূপে প্রয়োজিত হয়। যক্ষ্মা ও কাইলিউরিয়া রোগে আভ্যন্তরিক প্রয়োগ হইয়াছে। একাইলষ্টমেটা ডিয়োডিনালিস্ রোগে ইহা উৎকৃষ্ট কৃমিনাশক।

থাইমল	gr. vi
স্পিঃ রেক্টিঃ	♏lx
ম্যাগ্ঃ কার্ব্ঃ লেভিঃ	gr. iii
য়্যাকোঃ	℥i

মিঃ। এক পাইণ্ট্ উষ্ণ (১৪০ তাপাংশ ফার্ণ্‌হীট্) জলে ইহার এক চাচামচ সংযোগ করিয়া শ্বাসরূপে গ্রহণীয়। উত্তেজক ও পচননিবারক।

Thyroideum Siccum. থাইরয়িডিয়াম্ সিকাম। ড্রাই থাইরয়িড। মেষের সরস ও সুস্থ থাইরয়িড্ গ্ল্যাণ্ড্ হইতে প্রস্তুত চূর্ণ। মাত্রা, gr, iii—x

ক্রিয়াদি। মাইক্সেডেমা ক্রেটেনিজম্, বিবিধ প্রকার উন্মাদ, পিটিরায়েসিস্, সোরায়েসিস্ আদি চর্ম্মরোগে ইহা উৎকৃষ্ট ঔষধ।

লাইকর্ থাইরয়িডিয়া। থাইরয়িড্ সোল্যুশন্। মেষের সরস ও সুস্থ থাইরয়িড্ গ্ল্যাণ্ড্ হইতে প্রস্তুত দ্রব। মাত্রা, ♏v—xv

---

Tinospora. টাইনস্পোরা। গুলঞ্চ। টাইনস্পোরা কর্ডিফোলিয়ার শুষ্কীকৃত কাণ্ড।

ক্রিয়াদি। বলকারক, পর্য্যায়নিবারক, মূত্রকারক ও পরিবর্ত্তক। মৃদু সবিরাম জ্বর, রোগান্ত দৌর্ব্বল্য পুরাতন বাত, আদিতে ইহা উপযোগিতার সহিত ব্যবহৃত হয়।

ইন্ফিউজাম্। ফাণ্ট। ১০এ১। মাত্রা, ℥ss—i

লাইকার্, কন্সেণ্ট্রেটাস্। গাঢ় দ্রব। ২০এ১। মাত্রা, ʒss—i

টিংচ্যুরা। অরিষ্ট। ৫এ১। মাত্রা, ʒss—i

Toddalia. টোডেলিয়া। কাকাতোদালি। টোডেলিয়া য়্যাকুলিয়েটার মূলের শুষ্কীকৃত বল্কল।

ক্রিয়াদি। বলকারক, আগ্নেয়, উত্তেজক, পর্য্যায়নিবারক, বায়ুনাশক। সার্ব্বাঙ্গিক দৌর্ব্বল্য, রোগান্ত দৌর্ব্বল্য, অজীর্ণ আদি রোগে উপযোগী।

ইন্ফিউজাম্। ফাণ্ট্। ১০এ১। মাত্রা, ℥i—ii

লাইকার্ কন্সেণ্ট্রেটাস্। গাঢ় দ্রব। ২এ১। মাত্রা, ʒss—i

Tragacantha. ট্রাগাকান্থী। য়্যাষ্ট্রাগ্যালাস্ গামিফার্ ও অন্যান্য য়্যাষ্ট্রাগ্যালাস্ বৃক্ষের কন্দ হইতে গঁদযুক্ত নির্য্যাস।

ক্রিয়া। স্নিগ্ধকারক। অদ্রবণীয় গুরু চূর্ণ মিশ্রে সমভাবে ব্যাপ্ত রাখিবার নিমিত্ত ব্যবহৃত হয়।

গ্লিসেরাইনাম্ ট্রাগাকান্থী। ট্রাগাকান্থ্ ১, গ্লিসেরিন্ ৩, জল ১।

মিউসিলেগো। মণ্ড। ট্রাগাকান্থ ৬০ গ্রেণ, পরিস্রুত জল যথাপ্রয়োজন, এল্‌কহল (শতকরা ৯০) ২ ড্রাম্ (৭৪এ১) মাত্রা, ʒi—iv

পাল্‌ভিস্ ট্র্যাগাকান্থী কম্পোজিটাস্। ট্রাগাকান্থ ১, আরবি গঁদ ১, শ্বেতসার ১, বিশুদ্ধীকৃত শর্করা ৩। মাত্রা, gr. xx—lx

Turpethum. টার্পেথাম্। টার্পেথ। বেউড়ি। আইপোমিয়া টার্পেথামের শুষ্কীকৃত মূল ও কাণ্ড। মাত্রা, চূর্ণের gr, v—xx

ক্রিয়াদি। জলবৎ ভেদকারক। ইহা জ্যালাপের ন্যায় কার্য্য করে। সংন্যাস, শোথ আদি রোগে বিশেষ উপকারক।

টিংচ্যুরা জ্যালাপা কম্পোজিটা। জ্যালাপ দেখ।

Tylophoræ Folia. টাইলোফোরী ফোলিয়া। টাইলোফোরা লীভস্। অনন্তমূল। টাইলোফোরা এজমাটিকার শুষ্কীকৃত পত্র। মাত্রা, gr ¼—ii কফনিঃসারক, gr, xv—xxx বমনকারক।

ক্রিয়াদি। ইপেকাকুয়ানার অনুরূপ। কফনিঃসারক, ঘর্ম্মকারক, বমনকারক। সর্দ্দি, কাশ, আমাতিসার আদিতে ব্যবহার্য্য (ইপেকাকুয়ানা দেখ)।

Urginea. আর্জিনিয়া। জঙ্গলি পিয়াজ। আর্জিনিয়া ইণ্ডিকার অপেক্ষাকৃত নব বাল্ব্ বা কন্দ। গাছ পুষ্পিত হইবার অনতিপরেই বাল্ব্ তুলিয়া লইতে হয়।

ক্রিয়াদি। মূত্রকারক, কফনিঃসারক। সর্ব্বমতে সিলার ন্যায়।

য়্যাসেটাম্ আর্জেনিয়ী। অক্সিমেল্। পাইল্যুলা কম্পোজিটা, পাইল্যুলা ইপেকাকুয়ানী কাম্ আর্জিনিয়া। সিরাপাস্। টিংচ্যুরা। আর্জিনিয়ার এই ছয়টি প্রয়োগরূপ। ইহাদের প্রস্তুত প্রণালী ও মাত্রা স্কুয়িলের এই সকল প্রয়োগরূপের অনুরূপ।

Uvæ Ursi Folia. ইউভী আর্সাই ফোলিয়া। বেয়ারবেরি লীভস্। আর্কটস্টেফাইলস্ ইউভা-আর্সাই নামক বৃক্ষের শুষ্ক পত্র। মাত্রা, gr, x—xxx

ক্রিয়া। সঙ্কোচক, বলকারক, মূত্রকারক। মূত্রযন্ত্রদ্বয়ের উপর সাক্ষাৎ পচননিবারক ক্রিয়া দর্শায়।

আময়িক প্রয়োগ। রজোঃধিক, মধুমূত্র, পুরাতন আমাশয়, মূত্রাশয়ের পুরাতন প্রাদাহিক অবস্থা, প্রমেহ।

ইন্‌ফিউজাম্। ফার্ণ্ট্। বেয়ার্‌বেরি লীভ্‌স্ ১, ফুটিত পরিস্রুত জল ২০। মাত্রা, ℥i—ii

℞	পাল্‌ভঃ ইউভী আর্সাই	ʒiii
	— ওপিয়াই	gr. ii
	য়্যাসিডাই ট্যানিসাই	gr. vi

মিঃ। ১২ ভাগ করিবে। অপ্রবল রক্তপ্রস্রাব, মূত্রাশয়ের পুরাতন ক্যাটারে ১ ভাগ দিবসে ৩ বার।

Valerianæ Rhizoma. ভেলিরিয়ানী রিজোমা। ভেলিরিয়েন্ রিজোম্। ভেলিরিয়েনা অফিসিনেলিস্ নামক বৃক্ষের মূল। (শুষ্কীকৃত)। মাত্রা. gr, x—xxx

ইহাতে বারি তৈল ও ভেলিরিয়্যানিক্ য়্যাসিড্ নামক বীর্য্য অবস্থিতি করে।

ক্রিয়া। স্নায়বীয় উত্তেজক ও আক্ষেপনিবারক।

আময়িক প্রয়োগ। হিষ্টিরিয়া, স্নায়বীয় পীড়া, কোরিয়া, মৃগী ইত্যাদি।

টিংচ্যুরা ভেলিরিয়ানী য়্যামোনিয়াটা। ভেলিরিয়ান্ ৪ আউন্স্, অয়িল্ অব্ নাট্‌মেগ্ ৩০ মিনিম্, অয়িল্ অব্ লেমন্ ২০ মিনিম্, সোল্যুশন্ অব্ এমোনিয়া ২ আউন্স, এল্‌কহল (শতকরা ৬০) ১৮ আউন্স্। মাত্রা, ʒss—i

জিঙ্কাই ভেলিরিয়েনাস্। (জিঙ্ক্ দেখ)।

℞	পালভ্ঃ ভেলিরিয়ানী	℈i
	—সিনাম্ঃ কোঃ	gr. x

মিঃ। হিষ্টিরিয়া, স্নায়বীয় শিরঃপীড়া আদিতে ৪ ঘণ্টা অন্তর।

Valerianæ Indicæ Rhizoma. ভেলিরিয়ানী ইণ্ডিসী রিজোমা, ইণ্ডিয়ান্ ভেলিরিয়ান্। জটামাংসী। ভেলিরিয়ানা ওয়ালিচিয়াই বৃক্ষের শুষ্কীকৃত রিজোম্ ও উপমূল।

ক্রিয়াদি। সর্ব্বমতে ভেলিরিয়ান্ রিজোমের অনুরূপ।

টিংচ্যুরা ভেলিরিয়ানী ইণ্ডিসী এমোনিয়েটা। টিংচ্যুরা ভেলিরিয়ানী এমোনিয়েটার ন্যায় (উহা দেখ)। মাত্রা, ʒss—i

---

Veratrina. ভিরাট্রাইনা। সেবাডিলা হইতে প্রাপ্ত উপক্ষার।

ক্রিয়া। প্রবল উগ্রতাসাধক, বমনকারক ও অতিবিরেচক। আভ্যন্তরিক প্রয়োগ হয় না। মাত্রা, gr. $\frac{1}{30}$—$\frac{1}{16}$

আময়িক প্রয়োগ। স্নায়ুশূল, পুরাতন স্ফীতি, সন্ধিস্থলে কাঠিন্য ও দৃঢ়তা ইত্যাদি। ছিন্ন চর্ম্মোপরি অতি সাবধানে প্রয়োজ্য।

আঙ্গুয়েণ্টাম্। মলম। ভিরাট্রাইনা ১, ওলেয়িক্ য়্যাসিড্ ৪, লার্ড্ ৪৫।

℞ ভিরাট্রাইনা gr. ii
লিনিঃ সেপোঃ কোঃ
স্পিঃ ক্যাম্ফ্ঃ ana ℥iss
——য়্যামনঃ য়্যারমঃ ʒi
মিঃ। মর্দ্দন। মুখমণ্ডলের স্নায়ুশূলে কর্ণের পশ্চাতে ও গ্রীবার চতুর্দ্দিকে প্রাতে ও রাত্রে মর্দ্দন করিবে।

Viburnum. ভাইবার্ণাম্। ব্ল্যাক্ হ। ভাইবার্ণাম্ প্রুনিফোলিয়ামের শুষ্কীকৃত বল্কল।

ক্রিয়াদি। সঙ্কোচক, স্নায়বীয় বলকারক, জরায়বীয় অবসাদক। উদরাময়, আমাশয়, গলক্ষত আদিতে সঙ্কোচকরূপে ব্যবহৃত হয়। স্নায়বীয় ও হিষ্টিরিয়া জনিত বিকার, স্বভাবজ গর্ভপাত, কষ্টরজঃ, রজোঽধিক আদি রোগে বিশেষ উপকারক। গর্ভস্রাবের আশঙ্কা থাকিলে ইহার প্রয়োগ উপযোগী।

একষ্ট্রাক্টাম্ ভাইবার্ণাম্ প্রুনিফোলিয়াম্ লিকুইডাম। তরল সার। ব্ল্যাক্ হ ১, এল্‌কহল্ (শতকরা ৭০) ১। মাত্রা, ʒi—ii

---

Vinum Xericum. ভাইনাম্ জেরিকাম্। শেরি। স্পেন্ দেশীয় আসব। ইহাতে শতকরা প্রায় ১৭ অংশ সুরাবীর্য্য আছে। দুইটি আসব ভিন্ন ব্রিটিশ্ ফার্ম্মাকোপিয়া গৃহীত সমুদয় আসব প্রস্তুত করিতে শেরি ব্যবহৃত হয়।

ক্রিয়াদি। য়্যাল্‌কহল্ দেখ।

Zincum. জিঙ্কাম্। জিঙ্ক্। দস্তা।

১। জিন্সাই য়্যাসিটাস্। য়্যাসিটেট্ অব্ জিঙ্ক্। মাত্রা, বলকারক gr. i—ii; বমনকারক gr. x—xx

ক্রিয়া। সচরাচর আভ্যন্তরিক প্রয়োগ হয় না। বাহ্য প্রয়োগে সঙ্কোচক।

আময়িক প্রয়োগ। প্রমেহ ও শ্বেতপ্রদর রোগে পিচকারি, দ্বারা; পূযযুক্ত চক্ষুপ্রদাহে ধৌতরূপে।

২। **জিন্সাই কার্বনাস্। কার্বনেট্ অব্ জিঙ্ক্।** সাল্ফেট্ অব্ জিঙ্ক্ ও কার্বনেট্ অব্ সোডিয়ামের দ্রব একত্র ফুটাইলে প্রস্তুত হয়।

ক্রিয়া। প্রায় আভ্যন্তরিক প্রয়োগ হয় না। অক্সাইড্ অব্ জিঙ্কের ন্যায়।

৩। **জিন্সাই ক্লোরাইডাম্। ক্লোরাইড্ অব্ জিঙ্ক্।** লাইকার্ জিন্সাই ক্লোরিডাইকে উৎপাতিত করিলে প্রস্তুত হয়।

ক্রিয়া। অল্পমাত্রায় পরিবর্ত্তক ও বলকারক। বাহ্য প্রয়োগে প্রবল দাহক; ইহার দাহন ক্রিয়ায় সাতিশয় যন্ত্রণা উপস্থিত হয়। এতদ্ভিন্ন, বাহ্য প্রয়োগে ইহা পচননিবারক, দুর্গন্ধ-হারক, ও সঙ্কোচক।

আময়িক প্রয়োগ। ম্যালিগ্ন্যাণ্ট্ ক্ষত, ক্যানসার্ ও ফ্যাজিডেনিক্ ক্ষত; ল্যুপাস্; দুর্গন্ধযুক্ত ও স্ক্রফিউলাস্ ক্ষত ধৌত করণার্থ এবং প্রমেহরোগে পিচকারীর নিমিত্ত ক্ষীণ দ্রব।

লাইকার্। দ্রব। গ্র্যানুলেটেড্ জিঙ্ককে হাইড্রোক্লোরিক্ য়্যাসিডে ফুটাইয়া দ্রব করিবে; পরে, ক্লোরিন্ দ্রব ও কার্বনেট্ অব্ জিঙ্ক্ সংযোগে লৌহ ও সীস অধঃপাতিত করিয়া লইবে।

বিষঘ্ন। কার্বনেট্ অব্ সোডা, বমনকারক ঔষধ, উষ্ণ স্নিগ্ধকারক পানীয়।

৪। **জিন্সাই অক্সাইডাম্। অক্সাইড্ অব্ জিঙ্ক্।** কার্বনেট্ অব্ জিঙ্ককে উত্তপ্ত করিলে প্রস্তুত হয়। মাত্রা, gr. ii—xl

ক্রিয়া। বলকারক, শোষক, সঙ্কোচক।

আময়িক প্রয়োগ। স্নায়বীয় পীড়া। ক্ষত, মস্তকের দদ্রু আদি বিবিধ চর্ম্মরোগে বাহ্য প্রয়োগ।

আঙ্গুয়েণ্টাম্। মলম। অক্সাইড্ অব্ জিঙ্ক্, বেঞ্জোয়েটেড্ লার্ড্।—(৬।০এ ১)। পদতলে দুর্গন্ধযুক্ত ঘর্ম্ম নিবারণার্থে দিবারাত্রে একবার প্রলেপ দেওয়া যায়।

৫। **জিন্সাই সাল্ফাস্। সাল্ফেট্ অব জিঙ্ক্।** জিঙ্ক্ ক্লোরাইডের ন্যায় প্রস্তুত করিতে হয়, কেবল লবণ-দ্রাবকের পরিবর্ত্তে গন্ধক দ্রাবক ব্যবহার্য্য। মাত্রা, gr. ii—iii (বলকারক); gr. x—xxx (বমনকারক)।

ক্রিয়া। বলকারক, সঙ্কোচক ও আক্ষেপ নিবারক এবং অধিক মাত্রায় বমনকারক। অতি উৎকৃষ্ট স্থানিক সঙ্কোচক।

আময়িক প্রয়োগ। বিবিধ রক্তস্রাব, দৌর্ব্বল্য [illegible]

ডিনিয়া ইত্যাদি। তালু, অলিজিহ্বা আদির শিথিলতায় কুল্য; প্রমেহ আদি রোগে পিচকারি; বিবিধ ক্ষতে ধৌত ইত্যাদি।

আঙ্গুয়েণ্টাম্ জিন্সাই ওলিয়েটিস্। জিঙ্ক্ সাল্‌ফেট্ ২ আউন্স্, কঠিন সাবান ৪ আউন্স্, স্ফুটিত পরিশ্রুত জল ও শ্বেত সফ্‌ট্ প্যারাফিন্ প্রত্যেক যথা প্রয়োজন।

৬। জিন্সাই সাল্‌ফোকার্বলাস্। সাল্‌ফোকার্বলেট্ অব্ জিঙ্ক্। কার্বলিক্ য়্যাসিড্ ও সালফিউরিক্ য়্যাসিডের মিশ্রকে উত্তপ্ত করতঃ তাহাতে অক্সাইড্ অব্ জিঙ্ক্ চূড়ান্ত দ্রব করিয়া উৎপাতিত করিলে প্রাপ্ত হওয়া যায়।

ক্রিয়াদি। সঙ্কোচক, পচননিবারক। কুল্য, স্প্রে, শ্বেতপ্রদর প্রমেহ আদিতে পিচকারীরূপে ব্যবহৃত হয়।

৭। জিন্সাই ভেলিরিয়ানাস্। ভেলিরিয়ানেট্ অব্ জিঙ্ক্। মাত্রা, gr. i—vi

ক্রিয়া। বলকারক ও আক্ষেপনিবারক।

আময়িক প্রয়োগ। কোরিয়া, মৃগী, স্নায়ুশূল, হিষ্টিরিয়া।

℞ জিন্সাই: সাল্‌ফ্: gr. xxx
য়্যাকোয়া ℥i

মিঃ। বমনকারক।

℞ জিন্সাই ক্লোর্: gr. i
য়্যাকোয়া রোজী ℥iv

মিঃ। প্রমেহ রোগে পিচ্‌কারী।

℞ জিন্সাই অক্সাইডায়্
একষ্ট্: হাইয়োসায়েম্: ana gr. iv

মিঃ। দুই বটিকা করিবে। যক্ষ্মা রোগের নিশাঘর্ম্মে এক বটিকা রাত্রে।

℞ জিন্সাই ভেলিরিয়ানী gr. xxiv
কন্‌ফ: রোজী কেনাইনী q. s.

মিঃ। বারটি বটিকা করিবে। স্নায়বীয় বলকারক।

Zingiber. জিঞ্জিবার্। জিঞ্জার্। শুণ্ঠী। জিঞ্জিবার্ অফিসিনেলি নামক বৃক্ষের শুষ্ক সংশ্লিষ্ট নিরাট কন্দ। মাত্রা, gr. x—xx

ক্রিয়া। সুগন্ধ, বায়ুনাশক ও উত্তেজক।

আময়িক প্রয়োগ। অজীর্ণ, উদরাধ্মান, বিরেচক ঔষধের ক্রিয়া সংশোধনার্থ। তালু ও অলিজিহ্বার শিথিলতায় কুল্য।

সিরাপাস্। পাক। শুণ্ঠী ¼ আউন্স, শর্করার পাক ও এল্কহল্ (শতকরা ৯০) প্রত্যেক সমভাগ, ১ পাইন্ট্ পূর্ণকরণার্থ যথাপ্রয়োজন।—(৪০এ ১)।
মাত্রা, 3ss—i

টিংচ্যুরা। অরিষ্ট। শুণ্ঠি, এল্কহল্ (শতকরা ৯০)।—(১৬এ ১)।
মাত্রা, 3ss—i

সমাপ্ত

নির্ঘণ্ট।

বিষয়।	পৃষ্ঠা।
অ।	
অক্জ্যালেট্ অব্ সিরিয়াম	১৩৫
অক্সাইড্ অব্ জিঙ্ক্	২৪৩
,, ,, লেড্	২০৭
অক্সিটক্সিক্স্	৭৬
অক্সিমেল্	১০
অগুকুসুম	৯৪
অগুলাল	৯৪
অতি বিরেচক ঔষধ	৫৯
অনন্তমূল	১৬৭
অভ্যাসভেদে মাত্রা-নির্ণয়	১৬
অয়িন্ট্মেন্ট্	১২
অয়িল্	১০
,, অব ইউকেলিপ্টাস্	১৫২
,, ,, কেড্	১২২
,, ,, ক্যাজুপাট্	১২৩
,, ,, টার্পেণ্টাইন্	২৩৭
,, ,, জুনিপার্	১৮০
,, ,, পাইন্	১৯৫
,, ,, পিপার্মিণ্ট্	১৮৯
,, ,, রোজ্মেরি	২১৮
,, ,, ল্যাভেণ্ডার্	১৮৩
,, ,, স্যাণ্ডাল্ উড্	২১৯
,, ,, স্পিয়ার্মিণ্ট্	১৮৯
অরিষ্ট্	১১
অরেঞ্জ্, ফ্লাওয়ার্ ওয়াটার্	১১২
অর্যান্শিয়াই কর্টেক্স্	১১১
,, ,, ইণ্ডিকাস্	১১৩
,, ফ্লোরিস্, য়্যাকোয়া	১১২
অলিভ্ অয়িল্	১৯৪
অলিভী ওলিয়াম্	১৯৪
অর্লিভেরাই কর্টেক্স্	১৯৫
অণ্টারেটিভস্	৭৭
অলিভার্ বার্ক	১৯৫
অহিফেন	১৯৫
অশ্মরী দ্রাবক ঔষধ সকল	৩৮
আ।	
আই-ওয়াশ্	১৪
আইয়োডাইড্ অব্ আর্সেনিক	১১০
,, ,, পোটাশিয়াম্	২০৯
,, ,, লেড্	২০৭
,, ,, সাল্ফার্	২৩৫
,, ,, সোডিয়াম্	২২৯
আইয়োডাম্	১৭৬
আইয়োডিন্	১৭৬
আইয়োডোফম্	১৭৫
আইয়োডোফর্মাম	১৭৫
আগ্নেয় ঔষধ	৫১
আর্জিনিয়া	২৪০
আঙ্গুয়েণ্টাম্	১২
আঙ্গেষ্টিউরা বার্ক	১৪৮
আদর্শ ব্যবস্থা পত্র	১৮
আন্ত্রিক সঙ্কোচক ঔষধ	৬১
আয়রন্	১৫৩
আর্গট্	১৫১
আর্গটা	১৫১
আধাটোডা	৯০
আর্জেণ্টাই অক্সাইডাম	১০৭
,, নাইট্রাস্	১০৮
আর্জেণ্টাম্	১০০

বিষয়।	পৃষ্ঠা।
আর্নিসী রিজোমা	১০৯
আর্ণিকা ফ্লোরিস্	১০৯
আর্মোরেসিয়ী রেডিক্স্	১০৯
আর্সেনিয়াই আইয়োডাইডাম্	১১০
আসব	১৩
আর্সেনিয়াম্	১১০
আর্সেনিয়েট্ অব্ আয়রন্	১৫৫
,, ,, সোডিয়াম্	২২৯
আল্‌কাতরা	২০৫
আলুবোখারা	২১৩

ই।

ইন্পাঘুলা	১৭৮
ইউকেলিপ্টাই, ওলিয়াম্	১৫২
,, গামাই	১৫২
ইউনিমাই কর্টেক্স্	১৫৩
ইউনিমাস বার্ক্	১৫৩
ইউভী আর্সাই ফোলিয়া	২৪০
ই গ্লেক্শিয়োনেস্ হাইপোডার্মিকা	৮
ইন্টেষ্টিন্যাল য়্যা ষ্ট্রিঞ্জেন্টস্	৬১
ইণ্ডিয়ান্ হেম্প	১২৯
ইণ্ডিয়ান্ রবার্	১৩০
ইন্ডাইরেক্ট্ হীমাটনিক্স্	২৮
ইন্ডিরেক্ট য়্যাক্শন্	২৪
ইন্ফিউজন্	৭
ইন্ফিউজাম্	৭
ইন্হেলেশন্	১৩
ইন্দ্রবারুণী	১৪৩
ইপেকাকুয়ানা রেডিক্স্	১৭৭
ইয়েলো অক্সাইড্ অব্ মার্কারি	১৭০
,, ওয়াক্স	১৩৪
ওয়াশ্	১৭১
ইলেটেরিয়াম্	১৫০

ঈ।

ঈশার মূল	১০৮

বিষয়।	পৃষ্ঠা।
ঈথার্	৯২
,, ঘটিত সার	৭
,, য়্যাসেটিকাস্	৯৩

উ।

উপক্রমণিকা	১
উইচ হ্যাজেল্	১৬৬
উড্ চার্কোল্	১৩০
উডুম্বর	১৫৮
উৎসেচনাপহ	২৬

ঊ।

ঊল্ ফ্যাট্	৯১
ঊর্দ্ধপাতিত গন্ধক	২৩৫

এ।

এফারভেসেণ্ট্ গ্র্যানিউলস্	৫
একবোলিক্স্	৭৬
একষ্ট্রাক্ট্	৫
,, য়্যাকেলাইফী লিকুইডাম্	৭৯
,, ঈথিরিয়্যাল্	৭
,, গ্রীন্	৬
,, ড্রাই	৭
,, ক্রেশ্	৬
,, য়্যাকোয়াস্	৬
,, য়্যাল্‌কহলিক্	৬
,, য়্যাসেটিক্	৭
,, লিকুইড্	৬
এক্‌ষ্ট্রাক্টাম্	৫
এগ্রোপাইরাম্	৯৩
এণ্ডার্মিক্ মেথড্	১৫
এজোয়েন্ ওলিয়াম্	১৩
এনিমেটা	৫।৬১
এপসম্ সল্ট্	১৮৬
এম্প্ল্যাষ্ট্রাম্	৫
এমিনেগগস্	৭৬
এমেটিক্স্	৫৫

বিষয়।	পৃষ্ঠা।
এমোলিয়েণ্টস্	৩৪
এম্পাইরিক্যাল্ থিরাপিউটিক্স্	১
এরণ্ড তৈল	২১৬
এলডার্ ফ্লাওয়ার্স্	২১৯
এলাচি	১৩১
এম্বেলিয়া	১৫০
এসেন্‌শিয়া	৫
এসেন্স্	৫
এস্কারটিক্স্	৩২
এক্স্‌পেক্টোর্যাণ্টস্	৪৬

ও।

বিষয়।	পৃষ্ঠা।
ওপিয়াম্	১১৫
ওভাই ভাইটেলাস্	৯৪
ওয়াইন্	১৩
ওয়াক্স্	১৩৪
ওয়াটার্	৩।১০৭
ওলিয়াম্	১০
„ পাইনাই	১১৫
ওলিয়েট্	৯
ওলিয়েটাম্	৯
ওলিয়ো-রেজিনা	১০
ওলেয়িক্ য়্যাসিড্	৮৫

ঔ

বিষয়।	পৃষ্ঠা।
ঔষধদ্রব্য ও প্রয়োগরূপ সকলের বিবরণ	৭৮
ঔষধদ্রব্য সকলের ক্রিয়া ও আময়িক প্রয়োগ	২৩
„ „ পরস্পরের অসম্মিলন	২০
„ „ শ্রেণীবিভাগ	২৪
„ সংস্কার	১
ঔষধদ্রব্যাদির ক্রিয়াবিষয়ে জ্ঞান	১
ঔষধদ্রব্যের আময়িক প্রয়োগ	১
„ ক্রিয়া	২৩
ঔষধদ্রব্য প্রয়োগরূপ সকলের বিশেষ বিবরণ	৩
„ ভৌতিক অসম্মিলন	২১
ঔষধ-প্রয়োগ-বিবরণ	১৩
ঔষধবণ্টন-প্রণালী	১১
ঔষধের ক্রিয়া সম্বন্ধীয় অসম্মিলন	২২
„ তৌল ও পরিমাণ	২
„ রাসায়নিক অসম্মিলন	২১

ক

বিষয়।	পৃষ্ঠা।
কক্কাস্	১৪৩
কটন্ উল্	১৬৩
কড্‌লিভার্ অয়িল্	১৯০
কঠিন সাবান	২২০
কন্‌ফেক্‌শন্‌স্	৪
নালিকা-প্রসারক ঔষধ	৭৪
„ সঙ্কোচক ঔষধ	৭৪
কপার্	১৪৮
কালাদানা	১৮১
কেয়োলাইনাম্	১৮১
কাভী রিজোমা	১৮১
কাইনো ইউফেলিপ্টাই	১৮২
কটুকী	২০৩
কফনিঃসারক ঔষধ	৪৬
কমন্ ফ্রাঙ্কিন্‌সেন্স্	২৩৮
কর্পূর	১২৭
কল্‌চিকাম্	১৪৩
কলসিস্থিডিস্ পাল্পা	১৪৩
কলোডিয়ম্	১৪৩
কলোডিয়াম্	৪।১৪৩
কষ্টিক্	৩২
„ পটাশ্	২০৯
কাইনো	১৮১
কাগজ	৪
কাউণ্টার্-ইরিট্যাণ্ট্	৩২

বিষয়।	পৃষ্ঠা।
কাউচ গ্রাস্	৯৩
কাবাবচিনি	১৪৭
কাউচুক্	১৩০
কারুই ক্রাক্টাস্	১৩১
কার্বনিস্ বাইসাল্ফাইডাম্	১৩১
কার্ড সোপ্	২২০
কার্ডেমমস্	১৩১
কার্ডেমোমাই সেমিনা	১৩১
কাকমারি	২০৩
কার্বনেট্ অব্ জিঙ্ক্	২৪২
" " লেড	২০৭
" " পোটাসিয়াম্	২১০
" " য়্যামোনিয়াম্	৯৯
" " লিথিয়াম্	১৮৫
" " সোডা	২২৬
কার্বলিক্ য়্যাসিড্	৮১
কার্বো লিগ্নাই	১৩০
কামোদ্দীপক ঔষধ সকল	৭৫
কামনাশক ঔষধ সকল	৭৫
কুলেখাড়া	১৭৪
কার্মিনেটিভ্স্	৫৫
কালমেঘ	১০২
কাষ্ঠাঙ্গার	১৩০
ক্বাথ	৪
কাসো	১৪৯
কাস্পেরিয়ী কর্টেক্স্	১৪৮
কিউবেব্স্	১৪৭
কিউবেবা	১৪৭
কুইনাইনী হাইড্রোক্লোরাইডাম্	১৩৯
" সাল্ফাস্	১৩৯
কিউকার্বিটী সেমিনা প্রীপারেটা	১৪৮
কুঙ্কুম	১৪৬
কুঁচিলা	১৯৩
কুপ্রাই সাল্ফাস্	১৪৮
কুপ্রাম্	১৪৮

বিষয়।	পৃষ্ঠা।
কুল্য	১৪
কৃমিনাশক	২৬
কেকেয়ো বাটার্	২০৮
কেফীনা	১২২
কেফীনী সাইট্রাস্	১২২
কোকা ফোলিয়া	১৪১
কোকেয়িনী হাইড্রোক্লোরাইডাম্	১৪২
কোকেয়িনা	১৪২
কোচিনিয়্যাল্	১৪৩
কোডেইন্	১১৮
কোডেয়িনা	১১৮
কোনিয়াম্	১৪৪
কোপেবা	১৪৫
কুইলেয়িয়ী কর্টেক্স্	২১৫
কোয়াসিয়া উড্	২১৪
কোয়াসিয়ী লিগ্নাম্	২১৪
কোরিয়াণ্ড্রাম্	১৪৫
কোলিরিয়াম্	১৪
কোলেগগ্স্	৬৩
ক্যাজুপাটাই ওলিয়াম্	১২৩
ক্যাটেকিউ প্যালিডাম্	১৩৩
" নাইগ্রাম্	১৩৪
ক্যাডিনাম্ ওলিয়াম্	১২২
ক্যানেবিস্ ইণ্ডিকা	১২৯
ক্যান্থারাইডেস্	১২৯
ক্যান্থারিস্	১২৯
ক্যাপ্সিসাই ফ্রাক্টাস্	১৩০
ক্যামোমাইল্ ফ্লাওয়ার্	১০৩
ক্যাম্ফোরা	১২৭
কোসিনিয়াম্	১৪৫
ক্যাম্বোজিয়া	১২৭
" ইণ্ডিকা	১২৭
ক্যারিয়োফাইলাম্	১৩২
ক্যাম্বায়োয়ে ফ্রুট	১৩১
ক্যাল্ক্স্	১২৪
" ক্লোরিনেটা	১২৫

বিষয়।	পৃষ্ঠা।
ক্যাল্ক্স্ সাল্ফিউরেটা	১২৫
ক্যাল্সিয়াই কার্বনাস্ প্রিসিপিটেটা	১২৪
ক্যাল্সিয়াই ক্লোরাইডাম্	১২৫
„ ফস্ফাস্	১২৪
„ হাইড্রাস্	১২৪
„ হাইপোফস্ফিস্	১২৫
ক্যাল্সিয়াম্ ঘটিত প্রয়োগরূপ	১২৩
ক্যাল্ট্রপিস্	১২৬
ক্যালাম্বা	১২৬
ক্যালাম্বী রেডিক্স্	১২৬
ক্যালেবার্ বীন্	২০২
ক্যালোমেল	১৭১
ক্যাষ্টার্ অয়িল্	২১৬
ক্যাসিয়ী পাল্পা	১৩০
ক্যাস্কারিলী	১৩০
ক্যাস্কেরা স্যাগ্রেডা	১৩২
ক্রমিক্ য়্যাসিড্	৮২
ক্রাইসেরোবিন্	১৩৭
ক্রাইসেরোবিনাম্	১৩৭
ক্রাইসোফ্যানিক্ য়্যাসিড্	৮২
ক্রামেরিয়ী রেডিক্স্	১৮২
ক্রিয়েজোটাম্	১৪৬
ক্রি প্রীপারেটা	১২৩
ক্রোকাস্	১৪৬
ক্রোটন্ ক্লোর্যাল্ হাইড্রেট্	১২১
ক্রোটোনিস্ ওলিয়াম্	১৪৭
ক্লিষ্টার্	৫
ক্লোভ	১৩২
ক্লোরাইড্ অব্ জিঙ্ক্	২৪২
„ „ য়্যামোনিয়াম্	৯৯
ক্লোরেট্ অব্ পোটাসিয়াম্	২১১
ক্লোরোফর্ম্	১৩৬
ক্লোরোফর্মাম্	১৩৬
ক্লোর্যাল্ হাইড্রাস্	১৩৬
ক্ষীর শর্করা	২১৮
ক্ষুদ্র চাক্তি	৮

বিষয়।	পৃষ্ঠা।
গ।	
গন্ধক	২৩৪
„ দ্রাবক	৮৭
গন্ধবোল	১৯২
গর্গরা	১৪
গলস্	১৫৯
গসিপিয়াম্	১৬৩
গসিপিয়াই রেডিসস্ কর্টেক্স্	১৬৩
গঁদ	৭৮
গলথেরিয়া ওলিয়াম্	১৬০
গান্ কটন্	২১৪
গাম্ য়্যাকেসিয়া	৭৮
গামাই ইণ্ডিকাম্	১৬৫
গাইনো কার্ডিয়ী ওলিয়াম্	১৬৫
গাহ্স্থ্য পরিমাণ	৩
গ্যাল্যাক্টোগগস্	৭৬
গাঁজা	১২৯
গুহ্যমধ্যে ঔষধ প্রয়োগ	১৪
গোয়া পাউডার্	১০৭
গোয়ারানাইনা	১২২
গোয়েকাম্ উড্	১৬৪
গোয়েসাই লিগনাম্	১৬৪
গোলমরিচ	২০৪
গোল্ডেন্ সীল্	১৭২
গৌণ ক্রিয়া	২৩
গ্যাম্বোজ্	১২৭
গ্যালবেনাম্	১৫৮
গ্যালা	১৫৯
গ্যালিক্ য়্যাসিড্	১৫৯
গ্রামিনিস্ সাইট্রেটাই ওলিয়াম্	১৬৪
গ্রানেটাই কর্টেক্স্	১৬৪
গ্রিণ্ডেলিয়া	১৬৪
গ্র্যানুলস্ এফার্ভেসেন্ট্	৪
গ্লাইসিরাইজী রেডিক্স	১৬৩
গ্লাইসেরাইনাম্	৭
গ্লিসেরাইনাম্	১৬২

বিষয়।	পৃষ্ঠা।
গ্লিসেরাইনাম্ বোরেসিস্	১১৯
গ্লিসেরিন্	৭।১৬২
গ্লুকুসিমাইড্	১৬২
গ্লুসাইড্	১৬২
গ্লুসাইডাম্	১৬২
গ্লোবার্ সল্ট্	২২৮
ঘ।	
ঘর্ম্মকারক ঔষধ	৩৪
ঘর্ম্ম নিবারক ঔষধ	৩৫
চ।	
চর্ম্ম দ্বারা ঔষধ প্রয়োগ	১৪
চর্ম্ম-প্রদাহ	৩১
চাক্তি	৮।১২
চাটা	৪
চিরেটা	১৩৫
চিরেতা	১৩৫
চিত্র জলৌকা	১৬৭
চূণ	১২৪
চূর্ণ	১০
চেরি লরেল্ লীভস্	১৮৩
চৈতন্যহারক ঔষধ	৬৭
জ।	
জম্বর	১৮৪
,, রস	১৮৪
জরায়ু মধ্যে ঔষধ প্রয়োগ	১৪
,, সঙ্কোচক ঔষধ	৭৬
জলীয় সার	৬
জলৌকা	১৬৭
জয়পালের তৈল	১৪৭
জাফ্রান	১৪৩
জায়ফল	১৯২
জিঙ্ক্	২৪২
জিঙ্কাম্	২৪২
জিঞ্জার্	২৪৫
জিঞ্জিবার্	২৪৫
জিঙ্কাই অক্সাইডাম্	২৪৩
,, ক্লোরাইডাম্	২৪২
,, ভেলিরিয়ানাস্	২৪৪
,, য়্যাসিটাস্	২৪২
,, কার্বনাস্	২৪২
,, সাল্ফাস্	২৪৩
,, সালফোকার্বলাস্	২৪৩
জুনিপারাই ওলিয়াম্	১৮০
জুস্	১১
জেন্শিয়েনী রেডিক্স	১৬১
জেনের‍্যাল থির‍্যাপিউটিক্স্	১
জেলেটিনাম্	১৬০
জেবরাণ্ডি ফোলিয়া	১৭৮
জেলসিমিয়াই রেডিক্স্	১৬১
জ্বরঘ্ন ঔষধ	৪০
জ্যামেকা সার্সাপ্যারিলা রুট্	২২১
জ্যালাপ্	১৮০
জ্যালাপা	১৮০
ট।	
টনিক্স্	৭৭
টার্	২০৫
টাইনস্পোরা	২৩৯
টার্টার্ এমেটিক্	১০৪
টার্টারেটেড্ আয়রন্	১৫৭
টার্ট্রেট্ অব্ পোটাসিয়াম্	২১২
টিংচার্	১১
টিংচ্যুরা	১১
ট্যানিক্ য়্যাসিড্	১৬০
টেরেবিন্	২০৬
টেরেবিন্থিনী ওলিয়াম্	২০৭
,, ক্যানেডেন্সিস্	২০৬
টেরোকার্পাই লিগ্নাম্	২১৩
ট্যাবলেট্স্	১১
টার্পেথ্	২৪০

বিষয়।	পৃষ্ঠা।
ট্যাবেলী	১১
টাইলোফোরা লীভস্	২৪০
ট্যামারিণ্ডাস্	২৩৬
ট্যারাক্সেসাই রেডিক্স্	২৩৬
ট্রাইনাইট্রিন্	১৯৩
ট্রাগাকান্থা	২৩৯
ট্রোচিসাই	১২
,, বিস্মাথাই	১১৮
টৌড্যালিয়া	২৩৯
ড।	
ডাইয়ুরেটিক্স্	৩৬
ডাইরেক্ট্ য়্যাক্শন্	২৪
ডাইলিউটেড্ হাইড্রোব্রোমিক য়্যাসিড্	১২০
ডায়েফোরেটিক্স্	৩৫
ডিকক্শন্স্	৪
ডিজিটেলিস্ ফোলিয়া	১৪৯
ডিমাল্সেণ্টস্	৩৪
ডিয়োডোরেণ্টস্	২৫
ডিঙ্কস্	৮
ডিল্ ফ্রুট	১০২
ডুশ্	১৪
ড্যাণ্ডেলিয়ন্ রুট্	২৩৬
ডেটুয়া ফোলিয়া	১৪৯
,, সেমিনা	১৪৯
ত।	
তরল ঔষধের মাপ	২
তরল সার	৬
তাম্র	১৪৮
তিক্ত কমলা-ত্বক্	১১২
তিক্ত কমলা লেবু	১১২
তিক্ত বাদাম	১০১
তিমির বসা	১৩৫
তুঁতিয়া	১৪৮
তুলা	১৬৩

বিষয়।	পৃষ্ঠা।
তেঁতুল	২৩৬
তৈল	১০
ত্বক্‌নিম্নস্থ ঝিল্লিতে ঔষধ প্রয়োগ	১৩
তেলিনী মাছি	১৯১
থ।	
থাইমল্	২৩৮
থাস্ য়্যামেরিকেনাম্	২৩৮
থিয়োব্রোমেট্রিস্ ওলিয়াম্	২৩৮
থিরাপিউটিক্স্	১
থেয়িনা	১২২
থাইরয়িডাম্ সিক্কাম্	২৩৯
দ।	
দন্তা	২৪২
দারুহরিদ্রা	১১৭
দারুচিনি	১৪০
দাহক	৩২
দুগ্ধ-নিঃসরণ-রোধক ঔষধ	৭৬
দুগ্ধ-নিঃসারক ঔষধ সকল	৭৬
দুর্গন্ধহারক	২৫
দূরবর্ত্তী ক্রিয়া	২৪
দেশস্থ জল বায়ু ভেদে মাত্রা নির্ণয়	১৭
দ্রব	৮
দারুহরিদ্রা	১৪৫
ধ।	
ধনিয়া	১৪৫
ধাতু-ভেদে মাত্রা-নির্ণয়	১৬
ধুতুরা	২৩২
ধুনা	২১৫
ধূম	১৩
ধৌত	৯
ন।	
নস্য	১৪
নাইটার্	২১১
নাইট্রাইট্ অব্ সোডিয়াম্	২৩৩
নাইট্রেট্ অব্ সোডিয়াম্	২১১

বিষয়।	পৃষ্ঠা।
নাইট্রো-গ্লিসেরিন্	১৯৩
নাক্স ভমিকা	১৯৩
নাট্মেগ	১৯২
নার্কটিক্স	৭১
নিদ্রাকারক ঔষধ	৭১
নিমুক	১৪১
নিসাদল	৯৯
ন্যাফ্থল্	১৯৩

প

বিষয়।	পৃষ্ঠা।
পচননিবারক ঔষধ সকল	২৪
পডফিলাই রিজোমা	২০৮
,, ইণ্ডিসী রিজোমা	২০৮
পপি ক্যাপ্সিউল্স্	১৯৯
পরাঙ্গপুষ্টাপহ	২৬
পর্য্যায়নিবারক	২৬
পরম্পরিত ক্রিয়া	২৪
পরিবর্ত্তক ঔষধ	৭৭
পলস্ত্রা	৫
পাইপার্ নাইগ্রাম্	২০৪
পাইমেণ্টো	২০৪
পাইমেণ্টা	২০৪
পাইরক্সিলিন্	২১৪
পাইরিথ্রাই রেডিক্স	২১৪
পাইল্যুলা	১০
পাইলোকার্পিনী নাইট্রাস্	১৭১
পাউডার্	১০
পাক	১১
পান	১১৮
পারদ	১৬৮
পারদঘটিত ঔষধ সকল	১৬৮
পার্ক্লোরাইড অব্ মার্কারি	১৭১
পার্গেটিভস্	৫৮
পার্ম্যাঙ্গ্যানেট্ অব পোটাসিয়াম্	২১১
পালভারিস্	১০
পাল্‌চুল্যান্ট্স্	৩১
পিক্স্ কার্বনিস্ প্রীপারেটা	২০৫
পিউরিফায়েড্ অক্সবাইল্	১৫৩
,, ব্ল্যাক্ য়্যাণ্টিমনি	১০৪
পিক্স্ বার্গাণ্ডিকা	২০৫
,, লিকুইডা	২০৫
পিচকারী	৫।৬১
,, দ্বারা ঔষধ প্রয়োগ	১৪
পিত্তনিঃসরণ-রোধক ঔষধ	৬৪
পিত্তনিঃসারক ঔষধ	৬৩
পিল্	১০
পীত মোম	১৩৪
পূযগুটিকা-উৎপাদক	৩১
পেপ্সিন্	২০১
পেলিটরি রূট্	২১৪
পেপার্	৪
পেসারি	১৪
পোটাসা কষ্টিকা	২০৯
,, সালফিউরেটা	২১০
পোটাসিয়াই আইয়োডাইডাম্	২০৯
,, কার্বনাস্	২১০
,, ক্লোরাস্	২১১
,, টার্ট্রাস্	২১২
,, ,, য়্যাসিডা	২১২
,, নাইট্রাস্	২১১
,, পার্ম্যাঙ্গ্যানাস্	২১১
,, বাইকার্বনাস্	২১০
,, বাইক্রমাস্	২১০
,, ব্রোমাইডাম্	১২০।২০৯
,, য়্যাসিটাস্	২১০
,, সাইট্রাস্	২১১
,, সালফাস্	২১২
প্যাপেভারিন্	১৯৯
প্যারাফিন্	২০০
প্যারাফিনাম্ ডিউরাম্	২০০
,, লিকুইডাম্	২০০
,, মোলি	২০০

বিষয়।	পৃষ্ঠা।
প্যারাল ডিহাইড্	২০০
প্যারাল ডিহাইডাম্	২০০
প্যারাসিটি সাইড্	২৬
প্যাঙ্ক্রয়েটিস্ লাইকার্	১৯৯
পাইক্রটক্সিন্	২০৩
পাইক্রোরাইজা	২০৩
প্যারেরা রুট্	২০১
প্যারেরী রেডিক্স	২০১
প্রত্যুগ্রতাসাধক	৩২
প্রস্তুতীকৃত বসা	২২৬
প্রাইমারি য়্যাক্শন্	২৩০
প্রিপেয়ার্ড্ চক্	১২৩
,, কোলটার্	২০৫
,, ষ্টোর্যাক্স	২৩৩
,, সুয়েট্	২২৬
প্রিসিপিটেটেড কার্বনেট্ অব ক্যাল-সিয়াম্	১২৪
প্রুন্	২১৩
প্রুনাম্	২১৩
প্রেস্কৃপশন্স	১৭
প্লাম্বাই অক্সাইডাম	২০৭
,, আইয়োডাইডাম্	২০৭
,, কার্বনাস	২০৭
,, য়্যাসিটাস্	২০৬
প্লাম্বাম্	২০৬
প্ল্যাষ্টার্	৫
প্রুনাই ভার্জিনিয়ানী কর্টেক্স্	২১৩
ফ	
ফক্স্ গ্লভ্স্ লীভ্স্	১৪৯
ফট্কিরি	৯৬
ফস্ফরাস্	২০২
ফস্ফেট অব্ আয়রন্	১৫৫
,, ,, ক্যালসিয়াম্	১২৪
,, ,, য়্যামোনিয়াম্	১০০
,, ,, সোডিয়াম্	২২৭
ফাইকাস্	১৫৮

বিষয়।	পৃষ্ঠা।
ফাইস ষ্টিগ্ মেটিস্ সেমিনা	২০২
ফাণ্ট	৭
ফার্ম্মাকোপিয়া	১
ফার্মাকোলজি	১
ফার্ম্মেসি	১
ফিগ্	১৫৮
ফিরাম্	১৫৩
,, টার্টারেটাম্	১৫৭
,, রিডাক্টাম্	১৫৪
ফিলিক্স্ মাস্	১৫৮
ফীনিকিউলাই ফ্রাক্টাস্	১৫৮
ফেনাজোন্	১০৫।২০২
ফেনাজোনাম	১০৫।২০২
ফেনাসেটিন্	২০১
ফেনাসেটিনাম্	২০১
ফেনেল্ ফ্রুট্	১৫৮
ফেরি আর্সেনিয়াস্	১৫৫
,, এট্ কুইনাইনী সাইট্রাস্	১৫৭
,, ,, য়্যামোনিয়াই সাইট্রাস্	১৫৭
,, কার্বনাস্ স্যাকারেটা	১৫৫
,, ফস্ফাস্	১৫৫
,, সাল্ফাস্	১৫৪
ফেল্ বোভিনাম্ পিউরিফিকেটাম্	১৫৩
ফোস্কাকারক	৩১
ফোসিল্ অয়িল্	৯৪
ফ্রেশ্ এক্স্ট্রাক্ট্	৬
ব।	
বটিকা	১০
বমনকারক ঔষধ	৫৫
বমননিবারক ঔষধ	৫৭
বয়ঃক্রম অনুসারে মাত্রা-নির্ণয়	১৫
বলকারক ঔষধ	৭৭
বহুদর্শন-সিদ্ধ আর্মারিক প্রয়োগ	১
বাইকার্বনেট্ অব্ পোটাসিয়াম্	২১০
,, ,, ,, সোডিয়াম্	২২৭
বার্বেরিন্	২১৭

বিষয়।	পৃষ্ঠা।
বাইক্রমেট্ অব্ পোটাসিয়াম্	২১০
বার্ক্ একেসিয়া	৭৮
বাদাম	১০১
বাকস্	৯০
বায়ুনাশক	৫৫
বার্গাণ্ডি পিচ্	২০৫
বাল্সাম্ অব্ টোলু	১১৩
,, ,, পেরু	১১৩
বাল্সেমাম্ টোল্যুটেনাম	১১৩
,, পেরুভিয়েনাম্	১১৩
বিউটেয়ী গামাই	১২১
সেমিনা	১২১
বিউটিল্ ক্লোর‍্যাল্ হাইড্রাস্	১২১
বিটেল্	১১৮
বিটার্ অরেঞ্জ্	১১২
,, ,, পীল্	১১২
বিন্আইয়োডাইড্ অব্ মার্কারি	১৬৯
বিরেচক ঔষধ সকল	৫৮
বিলাতী জিরা	১০১
বিল্ব	১১৪
বিশুদ্ধ ঔষধ-দ্রব্য-তত্ত্ব	১
বিশুদ্ধীকৃত বৃষপিত্ত	১৫৩
,, শর্করা	২১৮
বিস্মাথ্ ঘটিত ঔষধ সকল	১১৮
বিস্মাথাই অক্সাইডাম্	১১৮
,, কার্বনাস্	১১৮
,, স্যালিসিলাস্	১১৮
,, সাব্নাইট্রাস্	১১৮
বুকু ফোলিয়া	১২০
,, লীভ্স্	১২০
বৃত্তিভেদে মাত্রানির্ণয়	১৭
বেঞ্জোয়িক্ য়্যাসিড্	৮০
বেঞ্জোয়িন্	১১৬
বেঞ্জোয়িনাম্	১১৬
বেঞ্জোয়েট্ অব্ য়্যামোনিয়াম্	৯৮
,, ,, সোডিয়াম্	২৩০

বিষয়।	পৃষ্ঠা।
বেঞ্জোয়েটেড্ লার্ড্	৯১
বেঞ্জল্	১১৭
বেদনা-নিবারক ঔষধ	৬৭
বেয়ার্বেরি লীভ্স্	২৪০
বেল	১১৪
বেলী ফ্রাক্টাস্	১১৪
বেলাডোনা	১১৪
বোর‍্যাক্স্	১১৯
বোরিক্ য়্যাসিড্	৮০
ব্যবস্থা-পত্র	১৭
ব্যবস্থা-পত্রে সাঙ্কেতিক চিহ্ন	১৭
ব্রিটিশ্ ফার্মাকোপিয়া	২
ব্রুম্ টপ্স্	২২৩
ব্রোমাইড্ অব্ পোটাসিয়াম্	১২০।২০৯
,, ,, য়্যামোনিয়াম	৯৮।১১৯
,, ,, সোডিয়াম্	১২০।২২৯
ব্রোমাম্	১১৯
ব্রোমিন্	১১৯
ব্ল্যাক্ পিপার্	২০৪

ভ।

বিষয়।	পৃষ্ঠা।
ভাইনাম্	১৩
,, জেরিকাম	২৪২
ভার্মিফিউজেস্	২৬
ভাস্কিউলার্ ইরিট্যাণ্ট্স্	৩১
ভিনিগার্	৩
ভিরাট্রাইনা	২৪১
ভেপর্	১৩
ভেলিরিয়ানী রিজোমা	২৪১
ভেলিরিয়ানেট্ অব্ জিঙ্ক্	২৪৪
ভেসিক্যাণ্ট্স্	৩১
ভৈষজ্য-তত্ত্ব	১
ভাইবার্ণাম্	২৪২
ভেলিরিয়ানী ইণ্ডিসি রিজোমা	২৪২

ম।

বিষয়।	পৃষ্ঠা।
মণ্ড	৯

বিষয়।	পৃষ্ঠা।
মধু	৯
মনের ভাব ভেদে মাত্রা নির্ণয়	১৬
মর্দ্দন	৮
মর্ফাইন্ ঘটিত ঔষধ সকল	১৯৭
মর্ফাইনী য়্যাসিটাস্	১৯৭
„ টার্ট্রাস্	১৯৮
„ হাইড্রোক্লোরাস্	১৯৮
মর্হা	১৯২
মর্হ্য়ী ওলিয়াম্	১৯০
মলম	১২
মস্কাস্	১৯১
মাস্ক্	১৯১
মাইড্রিয়েটিক্স্	৭৪
মাইয়োটিক্স্	৭৪
মাইরিষ্টিকা	১৯২
মাত্রা-নির্ণয়	১৫
মাদক ঔষধ	৭১
মাট কলাইয়ের তৈল	১০৭
মার্	১৯২
মার্কারি	১৬৮
মাষ্টার্ড্	২২৬
মিউসিলেগো	৯
মিক্শ্চার্	৯
মিষ্ট বাদাম	১০১
মিক্শ্চ্যুরা	৯
মিশ্র	৯
মুক্তঝুরি	৭৮
মুখ্যক্রিয়া	২৩
মুসব্বর	৯৪
মৃগনাভি	১৯১
মাইলেব্রিস্	১৯১
মাইরোব্যালেনাস্	১৯১
মৃদু বিরেচক	৫৮
মেজিরিয়ন্ বার্ক্	১৯০
মেজিরিয়াই কর্টেক্স্	১৯০
মেটিরিয়া মেডিকা	১

বিষয়।	পৃষ্ঠা।
মেটিরিয়া মেডিকা প্রপার্	১
মেন্থল্	১৮৯
মেন্থী পিপারিটী ওলিয়াম্	১৮৯
„ ভিরিডিস্ ওলিয়াম্	১৮৯
মেল্ ডেপ্যুরেটাম্	১৮৮
মেল্ ফার্ণ্	১৫৮
মোম	১৩৪
মৌরি	১০২
ম্যাগ্নিসিয়া পণ্ডারোসা	১৮৭
„ লেভিস্	১৮৮
ম্যাগ্নিসিয়াই কার্বনাস্ লেভিস্	১৮৭
„ „ পণ্ডারোসা	১৮৭
„ সাল্ফাস্	১৮৬
ম্যাগ্নিসিয়াম্ ধাতুঘটিত ঔষধ সকল	১৮৬

য।

বিষয়।	পৃষ্ঠা।
যবক্ষার দ্রাবক	৮৫
যষ্টিমধু	১৬৩
যে সকল ঔষধ-দ্রব্য অন্ত্রের উপর কার্য্য করে	৫৮
যে সকল ঔষধ-দ্রব্য আণুবীক্ষণিক জীবের উপর কার্য্য করে	২৪
যে সকল ঔষধ-দ্রব্য চক্ষুর উপর কার্য্য করে	৭৪
যে সকল ঔষধ-দ্রব্য চর্ম্মের উপর কার্য্য করে	৩৪
যে সকল ঔষধ-দ্রব্য জননেন্দ্রিয় সম্বন্ধীয় যন্ত্রের উপর কার্য্য করে	৭৫
যে সকল ঔষধ-দ্রব্য পরিপাক যন্ত্রের উপর কার্য্য করে	৪৭
যে সকল ঔষধ-দ্রব্য পরিবর্ত্তন-ক্রিয়ার উপর কার্য্য করে	৭৭
যে সকল ঔষধ-দ্রব্য পাকাশয়ের উপর কার্য্য করে	৫০
যে সকল ঔষধ-দ্রব্য ভাসোমোটার্ স্নায়ু-কেন্দ্রের উপর কার্য্য করে	৩৬

বিষয়।	পৃষ্ঠা।	বিষয়।	পৃষ্ঠা।
যে সকল ঔষধ-দ্রব্য ভেগাস্ স্নায়ু-কেন্দ্রের উপর কার্য্য করে	৩০	য়্যান্টিকোলেগগ্স্	৬৪
যে সকল ঔষধ-দ্রব্য মূত্রবিধানের উপর কার্য্য করে	৩৬	য়্যান্টিগ্যালাক্টোগগ্স্	৭৬
যে সকল ঔষধ-দ্রব্য যকৃতের উপর কার্য্য করে	৬৩	য়্যান্টিজাইমোটিক্স্	২৬
যে সকল ঔষধ-দ্রব্য রক্তের উপর কার্য্য করে	২৭	য়্যান্টিপাইরিন্	১০৫
যে সকল ঔষধ-দ্রব্য শারীরিক সন্তাপের উপর কার্য্য করে	৪০	য়্যান্টিপাইরেটিক্স্	৪০
যে সকল ঔষধ-দ্রব্য শ্বাস-ক্রিয়ার উপর কার্য্য করে	২৩	য়্যান্টিপিরিয়ডিক্স্	২৬
যে সকল ঔষধ-দ্রব্য স্নায়বীয় ও পৈশিক বিধানের উপর কার্য্য করে	৬৬	য়্যান্টিপ্যারাসাইটিক্স্	২৬
যে সকল ঔষধ-দ্রব্য হৃৎপিণ্ডের ক্রিয়া-বর্দ্ধন-কারী কেন্দ্রের উপর কার্য্য করে	৩১	য়্যান্টিফেব্রিন্	৭৯
যে সকল ঔষধ রক্তবহা নাড়ী সকলের উপর কার্য্য করে	৩১	য়্যান্টিমোনিয়াই অক্সাইডাম	১০৪
যে সকল ঔষধ হৃৎপিণ্ডের উপর ক্রিয়া দর্শায়	৩০	য়্যান্টিমোনিয়ামঘটিত ঔষধ সকল	১০৩
যৌক্তিক আময়িক প্রয়োগ	১	য়্যান্টিমোনিয়াম্ টার্টারেটাম্	১০৪
		,, নাইগ্রাম্ পিউরিফিকেটাম্	১০৪
		,, সাল্ফিউরেটাম্	১০৪

স।

বিষয়।	পৃষ্ঠা।	বিষয়।	পৃষ্ঠা।
য়্যাস্কারটিক্স্	৩২	য়্যান্টিস্যাযেলোগগ্স্	৪৮
য়্যাক্‌টিয়ী রেডিক্স্	১৩৮	য়্যান্টিসেপ্টিক্স্	২৪
য়্যাকেসিয়ী কর্টেক্স্	৭৮	য়্যানিস্থেটিক্স্	৭১
য়্যাকেসিয়া গামাই	৭৮	য়্যান্‌হাইড্রোটিক্স্	৩৫
য়্যাকেলাইফা	৭৮	য়্যানাক্রোডিসিয়াক্স	৭৫
য়্যাকোনাইটা রেডিক্স্	৮৯	য়্যানিথাই ফ্রাক্টাস্	১০২
য়্যাকোয়া	৩১।১০৭	য়্যানিসাই ওলিয়াম্	১০৩
য়্যাট্রোপাইনা	১১৫	,, ফ্রাক্টাস্	১০২
য়্যাডেপ্স্	৪	,, ষ্টেলেটাই ফ্রাক্টাস্	১০৩
য়্যাডেপ্স্ প্রীপারেটাস্	৯১	য়্যান্থেমিডিস্ ফ্লোরেস্	১০৭
,, বেঞ্জোয়েটাস্	৯১	য়্যাজাডিরাক্টা ইণ্ডিকা	১১৩
,, ল্যানী	৪।৯১	য়্যান্থেল্ মিণ্টিক্স্	২৬
য়্যান্টিএমেটিক্স্	৫৭	য়্যাপোমর্ফিনী হাইড্রোক্লোরাস্	১০৬
		য়্যাফ্রোডিসিয়াক্স্	৭৫
		য়্যাবসলিউট্ য়্যাল্‌কোহল্	৯৪
		য়্যামাইলাম্	১০২
		য়্যামিগ্‌ডেলী	১০১
		,, আমারা	১০১
		,, ডালসিস্	১০১
		য়্যামিল্ নাইট্রিস্	১০১
		য়্যামোনায়েকাম্	৯৬
		য়্যামোনিয়াই কার্বনাস্	৯৯

বিষয়।	পৃষ্ঠা।
য়্যামোনিয়াই ক্লোরাইডাম্	৯৯
,, নাইট্রাস্	১০১
,, ফস্ফাস্	১০০
,, বেঞ্জোয়াস্	৯৮
,, ব্রোমাইডাম্	৯৮।১১৯
,, য়্যাসিটেটিস্ লাইকার্ ফর্শিয়র্	৯৮
,, সাইট্রেটিস্ লাইকার্	১০০
য়্যামোনিয়াম্ ঘটিত প্রয়োগরূপ সকল	৯৭
য়্যামোনিয়ী ফর্শিয়র্ লাইকার্	৯৭
য়্যামোনিয়েটেড্ মার্কারি	১৭২
য়্যারেকিস্ ওলিয়াম্	১০৭
য়্যারারোবা	১০৭
য়্যারিষ্টোলোকিয়া	১০৮
য়্যালব্যুমেন্ ওভাই	৯৪
য়্যালাম্	৯৬
য়্যাল্যুমেন্	৯৬
য়্যালষ্টোনিয়া	৯৬
য়্যালোজ্	৯৪
য়্যাষ্ট্রিঞ্জেণ্ট্স্	৩৩
য়্যাসাফীটিডা	১১১
য়্যাসেটিক্ য়্যাসিড্	৭৯
য়্যাসিটেট্ অব্ জিঙ্ক্	২৪২
,, ,, লেড্	২০৬
,, ,, পোটাসিয়াম্	২১০
য়্যাসিড্ টার্ট্রেট্ অব্ পোটাসিয়াম্	২১২
য়্যাণ্ড্রোগ্রাফিস্	১০২
য়্যাসিটাম্	৩
য়্যাসিটিক্ একষ্ট্রাক্ট্	৭
য়্যাসিটেনিলাইড	৭৯
য়্যাসিটেট্ অব মর্ফাইন্	১৯৭
য়্যাসিডাম্ আর্সেনিয়োসাম্	৮০।১১০
,, ওলেয়িকাম্	৮৫
,, কার্বলিকাম্	৮১
,, ক্রমিকাম্	৮২
,, ক্রাইসোফ্যানিকাম্	৮২
য়্যাসিডাম্ গ্যালিকাম্	৮৩।১৫৯
,, টার্টারিকাম্	৮৮
,, ট্যানিকাম্	৮৮।১৬০
,, নাইট্রিকাম্	৮৫
,, নাইট্রো-হাইড্রোক্লোরিকাম্ ডাইল্যুটাম্	৮৫
,, ফস্ফরিকাম্ কন্সেন্ট্রেটাম্	৮৬
,, বেঞ্জোয়িকাম্	৮০
,, বোরিকাম্	৮০
,, য়্যাসেটিকাম্	৭৯
,, ল্যাকটিকাম	৮৪
,, সাইট্রিকাম্	৮২
,, স্যালিসিলিকাম্	৮৬
,, সাল্ফিউরোসাম্	৮৮
,, সালফিউরিকাম্	৮৭
,, হাইড্রোক্লোরিকাম্	৮৩
,, হাইড্রোব্রোমিকাম্ ডাইল্যুটাম্	৮৩।১২০
,, হাইড্রোসিয়্যানিকাম্ ডাইল্যুটাম্	৮৪
য়্যাসেটিক্ ঈথার্	৯৩
র।	
রক্ত গোলাবের পুষ্পদল	২১৭
রক্তবহা নাড়ী মধ্যে ঔষধ প্রয়োগ	১৩
রক্তরোধক ঔষধ	৩৩
রক্তের জলীয় অংশের উপর কার্য্য-কারক	২৭
রক্তের লোহিত কণিকার উপর কার্য্য-কারক	২৮
রক্তের শ্বেত কণিকার উপর কার্য্য-কারক	২৯
রজোনিসারক ঔষধ	৭৬
রস	১১
রাম্নাই পার্শিয়েনি কর্টেক্স	১০২
রিডিউস্ড আয়রন্	১৫৪
রিফাইন্ড সুগার	২১৮

বিষয়।	পৃষ্ঠা।
রিমোট্ য়্যাক্‌শন্	২৪
রিয়াই রেডিক্স্	২১৫
রিয়াডস্ পেটালা	২১৬
রিসিনি ওলিয়াম্	২১৬
রুবার্ব, রুট্	২১৫
রুবিফেসিয়েণ্ট্‌স্	৩১
রেউচিনি	২১৫
রেজিন্	২১৫
রেজিনা	২১৫
রেজিনা পডফিলাই	২০৮
রেড্ অক্সাইড্ অব্ মার্কারি	১৭১
„ আইয়োডাইড্ অব্ মার্কারি	১৬৯
„ পপি পেট্যালস্	২১৬
„ রোজ পেট্যাল্‌স্	২১৮
„ স্যাণ্ডাল্ উড্	২১৩
রোগে ঔষধের মাত্রা নির্ণয়	১৭
রোচেল্ সল্ট্	২২৮
রোজম্যারিনাই ওলিয়াম্	২১৮
রোজি ওলিয়াম্	২১৮
রোজী গ্যালিসী পেটালা	২১৭
রোমীয় সংখ্যা-চিহ্ন	৩
রৌপ্য	১০৭
র‍্যাটানি রুট্	১৮২
র‍্যাশন্যাল্ থিরাপিউটিক্স্	১
ল	
লগউড্	১৬৫
লঙ্কামরিচ	১৩০
লবঙ্গ	১৩২
লবণ	২২৮
লবণ-দ্রাবক	৮৩
লরোসিরেসাই ফোলিয়া	১৮৩
লাইকার্	৮
লাইকার্ য়্যামন্ য়্যাসিটেট্	৯৮
„ সাইট্রেট্	১০০
লাইকার্ ফেরি পার্‌ক্লোরিডাই ফর্শিয়র্	১৫৬
„ „ পার্‌নাইট্রেটিস্	১৫৬
লাইকার্ ফেরি য়্যাসিটেটিস্	১৫৬
„ সোডিয়াই এথেলেটিস্	২২৯
„ হাইড্রার্জাইরাই নাইট্রেটিক য়্যাসিডা	১৭০
লাইট্ কার্বনেট্ অব্ ম্যাগ্নিসিয়াম্	১৮৭
„ ম্যাগ্‌নিসিয়া	১৮৮
লাইনাম্	১৮৪
লাপুলাস্	১৮৬
লাবণিক বিরেচক ঔষধ	৬০
লালনিঃসারক ঔষধ	৪৮
লালনিঃসরণ-রোধক ঔষধ	৪৮
লিকোরিস্ রুট	১৬১
লিথণ্টি্‌ক্স্	৩৮
লিথিয়াই কার্বনাস্	১৮৫
„ সাইট্রাস্	১৮৫
লিথিয়ামঘটিত ঔষধ-দ্রব্য সকল	১৮৫
লিন্‌সীড়	১৮৪
লিনিমেণ্ট্, লিনিমেণ্টাম্	৮
লিমন্	১৮৪
লিমনিস্ কর্টেক্স্	১৮৪
„ সাক্কাস্	১৮৪
লীচ্	১৬৭
লেমন জুস	১৮৪
„ পীল্	১৮৪
লোক্যাল্ য়্যাক্‌শন্	২৪
লোজেঞ্জেস্	১২
লোবিলিয়া	১৮৫
লোশন্	৯
লোশিয়ো	৯
ল্যাক্‌টিক্ য়্যাসিড্	৮৪
ল্যাক্সেটিভ্‌স্	৫৮
ল্যাভেণ্ডিউলী ওলিয়াম্	১৮৩
ল্যামেলী	৮
শ	
শঙ্খবিষ	১১০
শর্করা	২১৮
শরীরের ভাবভেদে মাত্রানির্ণয়	১৬

বিষয়।	পৃষ্ঠা।
শুগার অব্ লেড্	২০৬
শুঠী	২৪৫
শুষ্ক দ্রব ও দ্রব দ্রব্যের পরিমাণ সম্বন্ধ	২
শুষ্ক সার	৭
শূকরের বসা, প্রস্তুতীকৃত	৯১
শেরি	২৪২
শোরা	২১১
শ্বাস দ্বারা ঔষধপ্রয়োগ	১৪
শ্বেত মোম	১০৪
শ্বেতসার	১০২
শ্লৈষ্মিক ঝিল্লিতে ঔষধপ্রয়োগ	১৪
ষ	
ষ্টমাকিক্	৫১
ষ্টাইর্যাক্স্ প্রিপারেটাস্	২৩৩
ষ্টিপ্টিক্স্	৩৩
ষ্ট্যাফিসেগ্রায়ী সেমিনা	২৩২
ষ্ট্যাভেসেকার সীডস্	২৩২
ষ্ট্রঙ্গ্ সোলুশন্ অব্ পারক্লোরাইড্ অব্ আয়রন্	১৫৬
,, ,, ,, পারনাইট্রেট্ অব্ আয়রন্	১৫৬
,, ,, ,, য়্যামোনিয়া	৯৭
,, ,, ,, য়্যাসিটেট্ অব্ আয়রন্	১৫৬
,, ,, ,, য়্যাসিটেট্ অব্ য়্যামোনিয়া	৯৮
,, ,, সাইট্রেট অব য়্যামোনিয়াম্	১০০
ষ্ট্র্যামোনিয়াই	২৩২
ষ্ট্রোফ্যান্থাই সেমিনা	২৩৩
স	
সঙ্কোচক ঔষধ	৩৩
সপ্তপর্ণ	৯৬
সফ্ট্ সোপ্	২২০
সর্ষপ	২২৬
সরস সার	৬
সাইট্রিক্ য়্যাসিড্	৮২
সাইট্রেট্ অব্ আয়রন্ য়্যাণ্ড কুইনাইন্	১৫৭
সাইট্রেট্ অব্ আয়রন্ য়্যাণ্ড য়্যামোনিয়াম্	১৫৭
সাইট্রেট্ অব্ পোটাসিয়াম্	২১১
,, ,, বিস্মাথ য়্যাণ্ড য়্যামোনিয়াম্	১১৮
সাইট্রেট্ অব্ লিথিয়াম্	১৮৫
সাকাস্	১১
,, স্ক্যাকেলাইফী	৭৬
সাক্ষাৎ ক্রিয়া	২৪
সাপোজিটোরিয়া	১১
সাপোজিটোরিস্	১১
সাব্নাইট্রেট্ অব্ বিস্মাথ	১১৮
সাবান	২২০
সামান্য বিরেচক ঔষধ	৫৯
সর্শাপারিলী রেডিক্স	২৩৫
সার্পেন্টেরায়া রিজোমা	২২৫
সর্পেন্টেরি রিজোম্	২২৫
সার্ব্বাঙ্গিক স্পর্শহারক ঔষধ	৭২
সার্ব্বাঙ্গীন আময়িক প্রয়োগ	১
সার্সী রেডিক্স্	২২১
সার	৫
সায়েলোগগস্	৪৮
সাল্ফাইট্ অব্ সোডিয়াম	২২৯
সালফার	২৩৪
,, সাবলিমেটাম	২৩৫
সালফিউরিক্ ঈথার	৯২
সাল্ফিউরিক্ য়্যাসিড্	৮৭
সালফিউরিস্ আইয়োডাইডাম্	২৩৫
সালফিউরেটেড্ পটাশ্	২১০
সালফেট্ অব্ আয়রন্	১৫৪
,, ,, জিঙ্ক	২৪৩
,, ,, পোটাসিয়াম্	২১২
,, ,, ম্যাগনিসিয়াম	১৮৩
,, ,, সোডিয়াম	২২৮
সাল্ফো কার্বলেট্ অব্ জিঙ্ক্	২৪৩
,, ,, সোডিয়াম্	২৩০

বিষয়।	পৃষ্ঠা।
সাল্ফোক্সাল্	২৩৪
সাসাফ্রাস্ রুট্	২২১
„ রেডিক্স্	২২১
সিঙ্কোনা বার্ক্	১৩৯
সিঙ্কোনী রুব্রী কর্টেক্স্	১৪০
সিটেসিয়াম্	১৩৫
সিনাপিস্	২২৬
সিনেমোমাই কর্টেক্স্	১৪০
সিম্পল্ পার্গেটিভস্	৫৯
সিমিসিফিউগা	১৩৮
সিমিসিফিউগী রিজোমা	১৩৮
সির্কা	৩
সিসেম্পেলস্	১৪১
সিরা	১৩৪
সিরাপ	১১
সিরাপাস্	১১
„ ফেরি আইয়োডিডাই	১৫৬
সিরার গহ্বর মধ্যে ঔষধ প্রয়োগ	১৪
সিরিয়াই অক্জ্যালাস্	১৩৫
সিল্ভার্	১০৭
সিলা	২২২
সীভাম্ প্রীপারেটাম্	২২৬
সীস ধাতু	২০৬
স্যুইট্ স্পিরিট্ অব্ নাইটার্	২৩১
সুগার্	২১৮
„ অব্ মিল্ক্	২১৮
সুরাদ্রব	১১
সুরাবসিত সার	৬
সেকেণ্ডারি য়্যাক্শন্	২০
সিসেম্ অয়িল্	২২৫
সেক্রেড্ বার্ক্	১৩২
সেনা	২২৪
সেনেগা রুট্	২২৩
সেনেগী রেডিক্স্	২২৩
সেপো	২২০
„ ডিউরাস্	২২০
„ মলিস	২২০

বিষয়।	পৃষ্ঠা।
সেপো য়্যানিমেলিস্	২২০
সোডা টার্টারেটা	২২৮
সোডিয়াই আইয়োডাইডাম্	২২৯
„ আর্সেনিয়াস্	২২৯
„ কার্বনাস্	২২৬
„ „ এক্সিকেটা	২২৭
„ ক্লোরাইডাম্	২২৮
„ নাইট্রিস্	২৩০
„ ফস্ফাস্	২২৭
„ বাইকার্বনাস্	২২৭
„ বেঞ্জোয়াস্	২৩০
„ ব্রোমাইডাম্	১২০।২২৯
„ সাইট্রোটার্ট্রাস্ এফার্ভেসেন্স্	২২৮
„ সাল্ফাস্	২২৮
„ সাল্ফিস্	২২৯
„ সাল্ফোকার্বলাস্	২৩০
„ স্যালিসিলাস্	২৩০
„ হাইপোফস্ফিস্	২২৯
সোডিয়াম্	২২৬
সোডী ক্লোরিনেটী লাইকার্	২৩০
„ বাইবোরাস্	১১৯
সোণামুখী	২২৪
সোপ্	২২০
স্যাপোরিফিক্স্	৭১
সোল্যুশন অব্ ক্লোরিনেটেড্ সোডা	২৩০
সোল্যুশন্	৮
„ অব্ এথিলেট্ অব্ সোডিয়াম্	২২৯
সোহাগা	১১৯
স্কুইল	২২২
স্কোপেরিয়াই কাকুমিনা	২২৩
স্ক্যামনি রুট্	২২১
স্ক্যামোনিয়াম্	২২২
স্ক্যামোনিয়ী রেজিন্	২২২
„ রেডিক্স্	২২১
স্ত্রী-পুরুষ-ভেদে মাত্রা-নির্ণয়	১৬
স্থানিক ক্রিয়া	২৪
„ ক্লিপিলতা সম্পাদক	৩৪

বিষয়।	পৃষ্ঠা।
স্নিগ্ধকারক	৩৪
স্পর্শহারক ঔষধ	৭১
স্পার্মেসিটি ই	১৩৫
স্পিরিট্, স্পিরিটাস্	১১
,, য়্যামনঃ য়্যারোম্যাটিঃ	৯৯
,, ঈথারিস্ নাইট্রোসাই	২৩১
,, ক্যাজুপাটাই	১২৩
,, রেক্টিফিকেটাস্	২৩১
স্বেদজনক	৩৫
স্যাকেরাম্	২১৮
,, পিউরিফিকেটাম্	২১৮
,, ল্যাক্টিস্	২১৮
স্যাকেরিন্	১৬২
স্যাকারেটেড্ কার্বনেট্ অব আয়রন্	১৫৫
স্যাণ্টেলাই ওলিয়াম্	২১৯
স্যাণ্টোনাইন্	২২০
স্যালল	২১৯
স্যাফ্রন্	১৪৬
স্যাম্বিউসাই ফ্লোরেস্	২১৯
স্যাল্ য়্যামোনিয়্যাক্	৯৯
স্যালাইন্ পার্গেটিভ্স্	৬০
স্যালিসিন্	২১৯
স্যালিসিনাম্	২১৯
স্যালিসিলিক্ য়্যাসিড্	৮৬
স্লেক্‌ড্ লাইম্	১২৪
হ।	
হরিতকী	১৯১
হপ্	১৮৬
হরিৎ [illegible]	১৬৭
,, [illegible]	৬
হাইড্রাস্টিস্ রিজোমা	১৭৩
হাইড্রার্জাইরাই অক্সাইডাম্ ফ্লেভাম্	১৭০
,, রুব্রাম্	১৭১
,, ওলিয়াস্	১৭০
,, পারক্লোরাইডাম্	১৭১
,, সাবক্লোরাইডাম্	১৭১
হাইড্রার্জাইরাম্	[illegible]
হাইড্রার্জাইরাম্ আইয়োডাইডাম্ রুব্রাম্	১৬৯
,, য়্যামোনিয়েটাম্	১৭২
হাইড্রেট্ অব্ ক্লোর্যাল্	১৩৬
হাইড্রোক্লোরিক্ য়্যাসিড্	৮৩
হাইড্রোক্লোরেট্ অব্ কোকেয়িন্	১৪২
,, মর্ফাইন্	১৯৪
,, য়্যাপোমর্ফাইন্	১০৬
হাইড্রোব্রোমাইড্ হোমোট্রোপাইন্	১৬৭
হাইপোডার্মিক ইঞ্জেক্‌শন্স্	৮।১৩
হাইসোসায়েমাই ফোলিয়া	১৭৪
হানি	৯
হার্ড্ সোপ্	২২০
হাইড্রোজেনিয়াই পারক্সাইডাই লাইকর্	১৭৪
হাইগ্রোফাইলা	১৭৪
হাইয়োসাইনী হাইড্রোব্রোমাইডাম্	১৭৫
হাইয়োসায়েমিনী সাল্ফাস্	১৭৫
হিউলী ডি কেড্	১২২
হিঙ্গু	১১১
হিপ্নটিক্স্	৭১
হিরাকস	১৫৪
হিরিউডো	১৬৭
হীমষ্ট্যাটিক্স্	৩৩
হীমাটনিক্স্	২৮
হীমের্টক্সিলাই লিগ্নাম্	১৬৫
হেন্‌বেন্ লীভ্স্	১৭৪
হেভি কার্বনেট্ অব্ ম্যাগ্নিসিয়াম্	১৮৭
,, ক্যাল্‌সিণ্ড্ ম্যাগ্নিসিয়া	১৮৮
হেম্‌লক্	১৪৪
হেমিডেস্মাই রেডিক্স্	১৬৭
হেমেমেলিডিস্ কর্টেক্স	১৬৬
,, ফোলিয়া	১৬৬
হেমেমেলিস্	১৬৬
,, বার্ক্	১৬৬
হোমাট্রোপাইনী হাইড্রোব্রোমাস্	১৬৭
হোয়াইট্ ওয়াক্স	১৩৪
,, লেড্	২০৭

বেঙ্গল মেডিক্যাল লাইব্রেরী।

বিজ্ঞাপন।

ডাক্তার করের পুস্তকাবলী।

ডাক্তার ৺ দুর্গাদাস কর কৃত

ভৈষজ্য-রত্নাবলী

বা

মেটিরিয়া-মেডিকা।

ডাক্তার শ্রীরাধাগোবিন্দ কর কৃত

একবিংশ সংস্করণ।

ইহাতে অনেক নূতন জ্ঞাতব্য বিষয় সন্নিবেশিত এবং পুস্তক আদ্যোপান্ত সংশোধিত করা হইয়াছে। মূল্য ৮৲ টাকা; ডাকমাশুলাদি ৷৶০ আনা।

ডাক্তার ৺ দুর্গাদাস কর প্রণীত

ভিষগ্বন্ধু [প্রেস্ক্রপ্‌শন্‌-বুক্‌]।

ডাক্তার শ্রীরাধাগোবিন্দ কর এল, আর, সি পি, কৃত।

ষষ্ঠ সংস্করণ।

চিকিৎসকের নিতান্ত প্রয়োজনীয়। ১৮৯৬ সালের নূতন সংস্করণে অনেক নূতন বিষয় সংযোজিত হইয়াছে; সুতরাং গ্রন্থের কলেবর অনেক বাড়িয়াছে। মূল্য পূর্ব্ববৎ ১৲ টাকা। ডাকমাশুল /০ আনা।

সংক্ষিপ্ত শারীরতত্ত্ব।

(য়্যানাটমি)

শ্রীরাধাগোবিন্দ কর এল্‌, আর্‌, সি, পি, কৃত।

(তৃতীয় সংস্করণ—সংশোধিত ও পরিবর্দ্ধিত।)

মূল্য ৬৲ টাকা; ভ্যালু ফি সমেত ডাকমাশুল ৷০ আনা। ইহা একখানি নূতন পুস্তক। ইংরাজিতে আজি কালি যে সকল নূতন পুস্তক প্রকাশিত হইয়াছে, তৎসমুদয় অবলম্বনে লিখিত। ইহাতে বহুসংখ্যক ছবি দেওয়া হইয়াছে; অনেকগুলি ছবি বিলাত হইতে আনীত হইয়াছে। এরূপ সর্ব্বাঙ্গসুন্দর য়্যানাটমি এপর্য্যন্ত প্রকাশিত হয় নাই। স্কুলের ছাত্র ও অস্ত্র-চিকিৎসক সকলের জন্য বিশেষ উপযোগী হইয়াছে।

ভিষক্-সুহৃৎ।

বা

প্র্যাক্‌টিস্ অব্ মেডিসিন্।

শ্রীরাধাগোবিন্দ কর এল্, আর্, সি, পি, কৃত।

(সপ্তম সংস্করণ—সংশোধিত ও বিলক্ষণ পরিবর্দ্ধিত।)

ভৈষজ্যশাস্ত্রাধ্যায়ী পরীক্ষার্থীদিগের ও চিকিৎসক সকলের সাহায্যার্থ সঙ্কলিত। এই পুস্তকে প্র্যাক্‌টিস্ অব্ মেডিসিন্, মেডিকাল ডায়েগ্‌নোসিস্, ঔষধ-দ্রব্যের সাধারণ আময়িক প্রয়োগ, প্রেস্ক্রপ্‌শনস্, মাত্রাবলী, বিবিধ রোগের পরস্পরের প্রভেদ প্রভৃতি সমুদয় প্রয়োজনীয় বিষয় সন্নিবেশিত হইয়াছে। উত্তমরূপে বুঝাইবার নিমিত্ত এই পুস্তকে অনেকগুলি চিত্র দেওয়া হইয়াছে। মূল্য ৬৲ টাকা; ডাকমাশুল ।৶০ আনা।

ধাত্রী-সহচর।

শ্রীরাধাগোবিন্দ কর এল্, আর্, সি, পি, ও শ্রীসুরথচন্দ্র দত্ত এম্, এ, এম্, বি, দ্বারা সঙ্কলিত।

প্রসবসম্বন্ধীয় বিবিধ অবস্থায় চিকিৎসককে ও ধাত্রীকে কি করিতে হইবে, এ গ্রন্থে তাহা বিশদরূপে বর্ণিত হইয়াছে। মূল্য ১৲ টাকা; ডাকমাশুলাদি ৵০ আনা।

কর-সংহিতা।

বা

সংক্ষিপ্ত প্র্যাক্‌টিস্ অব্ মেডিসিন্।

শ্রীরাধাগোবিন্দ কর এল্, আর্, সি, পি কৃত।

দ্বিতীয় সংস্করণ।

মূল্য ২৲ টাকা।

ইহাতে চিকিৎসক সকলের নিত্য প্রয়োজনীয় সমুদয় বিষয় বিবৃত হইয়াছে। চিকিৎসক মাত্রেরই সঙ্গে এই পুস্তক একখানি থাকা আবশ্যক।

সংক্ষিপ্ত ভৈষজ্যতত্ত্ব

বা

NOTE BOOK OF MATERIA MEDICA,

শ্রীরাধাগোবিন্দ কর এল্ আর্, সি, পি, কৃত।

তৃতীয় সংস্করণ।

মূল্য ১॥০ টাকা।

শ্রীগুরুদাস চট্টোপাধ্যায়।

২০১ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।